


কৃতজ্ঞতা-প্রকাশ

শ্রীধাম-বৃন্দাবনবাসী পণ্ডিতপ্রবর শ্রীযুত বনমালিলাল গোস্বামী বিদ্যাভূষণ, শ্রীধাম-নবদ্বীপস্থ-শ্রীহরিবোল-কুটীরের পণ্ডিতবর শ্রীযুত হরিদাসদাস মহাশয়, বরাহনগর শ্রীভাগবতাচার্য্য-প্রভুর শ্রীপাটস্থ শ্রীগৌরাঙ্গ-গ্রন্থ-মন্দির, শ্রীগোপীবল্লভানন্দ দেব-গোস্বামী—শ্রীপাট-গোপী-বল্লভপুর, পুরীর শ্রীগঙ্গামাতা-মঠ, পুরীর বড় ওড়িয়া-মঠ, ঢাকা-বিশ্ববিদ্যালয়, কলিকাতা-বিশ্ববিদ্যালয়, বারাণসীস্থিত বিভিন্ন বিদ্যালয় ও গ্রন্থাগারসমূহ, মাদ্রাজ-বিশ্ববিদ্যালয়, মাদ্রাজ ওরিয়েণ্টেল্ মেনাস্‌ক্রিপ্ট্‌স্ লাইব্রেরী, এডেয়ার্ লাইব্রেরী, রাজসাহী-বরেন্দ্র-রিসার্চ্-সোসাইটি, কলিকাতা রয়েল্ এসিয়াটিক্ সোসাইটি, কলিকাতা বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্, কলিকাতা সংস্কৃত-কলেজ্, পুনা-ভাণ্ডারকর্ ওরিয়েণ্টেল্ রিসার্চ ইন্‌ষ্টিটিউট্, মুম্বই নির্ণয়সাগর প্রেস্, গোরক্ষপুর গীতা প্রেস্, ওড়িষা প্রভিন্সিয়াল্ মিউজিয়মের হস্তলিখিত পুঁথি-বিভাগ ও অন্যান্য বিভিন্ন প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও পরিচালকবর্গের সৌজন্যে আমরা শ্রীশ্রীগৌরপার্ষদবৃন্দের গ্রন্থরাজির পাঠ মিলাইয়া সজ্জনবৃন্দের সম্মুখে উপস্থিত করিবার সুযোগ-সৌভাগ্য লাভ করিয়াছি। এইজন্য তত্তৎ-সজ্জনবৃন্দের ও প্রতিষ্ঠানসমূহের শ্রদ্ধাস্পদ পরিচালকবর্গের নিকট সর্ব্বান্তঃকরণে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি।

—সম্পাদক

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমদ্ভাগবতম্

(দশমৈকাদশ-স্কন্ধদ্বয়ম্)

শ্রীশ্রীগৌর-গদাধর-পার্ষদপ্রবর-শ্রীল-রঘুনাথ-ভাগবতাচার্য্যপ্রভু-কৃত-

শ্রীশ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী-

নাম-পদ্যানুবাদোপেতম্

বিক্রেয়
নহীঁ হৈ

অকিঞ্চন-

শ্রীমৎ-পুরীদাস-মহাশয়েন

সম্পাদিতম্

ময়মনসিংহ-অলোয়ানিবাসি-

শ্রীশচীনাথ-রায়চতুর্ধুরীণেন

প্রকাশিতম্

শ্রীশ্রীল-মধুসূদনদাস-গোস্বামি-বিরহতিথিঃ

কেশবঃ ২৩, শ্রীচৈতন্যাব্দঃ ৪৫৯ ; অগ্রহায়ণঃ ২৬, ১৩৫২ বঙ্গাব্দঃ

ডিসেম্বরমাসঃ ১২, খৃষ্টাব্দঃ ১৯৪৫

ঢাকা-নগর্য্যাং 'মঞ্জুষা প্রিণ্টিং ওয়ার্ক্স্' ইত্যাখ্য-

মুদ্রাযন্ত্রে শ্রীমদনমোহন-গঙ্গোপাধ্যায়েন মুদ্রিতম্

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিবেদন

রসরাজ-মহাভাব-মিলিত-তনু শ্রীমদ্ভাগবতবিগ্রহ শ্রীগৌরহরির দ্বিতীয়স্বরূপ শ্রীল স্বরূপদামোদর গোস্বামিপ্রভু অমায়ায় কৃপা করিয়া জীবজগতের প্রতি এই চরম হিতোপদেশ প্রদান করিয়াছেন,—

যাহ, ভাগবত পড় বৈষ্ণবের স্থানে। একান্ত আশ্রয় কর' চৈতন্যচরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর' সঙ্গ। তবে জানিবা সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥
—চৈ চ অ ৫।১৩১-১৩২

স্বয়ং শ্রীগৌরহরি, যাঁহার শ্রীমুখে শ্রীমদ্ভাগবত-শ্রবণলীলা প্রকটনপূর্ব্বক সৎকৃত ও প্রেমানন্দাপ্লুত হইয়া যাঁহাকে 'ভাগবতাচার্য্য' পদবী দান করিয়াছিলেন, অদ্বিতীয় শ্রীমদ্ভাগবত-বক্তা শ্রীল-গদাধরপণ্ডিত-ভৃত্য কলিকাতা-বরাহনগর-নিবাসী সেই শ্রীরঘুনাথ পণ্ডিত ভাগবতাচার্য্যের বিরচিত শ্রীমদ্ভাগবত-ভাষা যে সজ্জন-মাত্রেরই প্রাণকোটি-প্রদীপের দ্বারা নীরাজনযোগ্য, তাহা বলা বাহুল্য।

শ্রীগৌরপার্ষদ-কৃত শ্রীমদ্ভাগবত-ভাষা অপেক্ষা সর্ব্বশাস্ত্র-চক্রবর্ত্তিচূড়ামণি শ্রীমদ্ভাগবতের সর্ব্বশ্রেষ্ঠ প্রামাণিক অনুবাদ আর কি হইতে পারে? পণ্ডিতপ্রবর শ্রীল রঘুনাথ ভাগবতাচার্য্য 'শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী'-গ্রন্থে শ্রীমদ্ভাগবতের প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত মর্ম্মানুবাদ করিলেও শ্রীমদ্ভাগবতের দশম ও একাদশ স্কন্ধদ্বয়ের শ্লোকনিষ্ঠ আক্ষরিক পদ্যানুবাদ করিয়াছেন। ন্যূনাধিক সংস্কৃতভাষা-জ্ঞানহীন সজ্জনগণের স্বাধ্যায়-ভজনানন্দ-বর্দ্ধনের জন্য পৃথগ্‌ভাবে শ্রীমদ্ভাগবতের দশম ও একাদশ স্কন্ধদ্বয়ের শ্লোকাবলীর নিম্নে শ্রীভাগবতাচার্য্য-প্রভুর 'শ্রীকৃষ্ণ-প্রেমতরঙ্গিণী'র পদ্যানুবাদ সংখ্যা-নির্দ্দেশ-সহ মুদ্রিত হইল।

বলা বাহুল্য যে, 'শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী'র অনুরূপ শ্রীমদ্ভাগবতের পাঠ যথাসাধ্য রক্ষিত হইয়াছে। পাঠ মিলাইবার সময় 'শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী'র নিম্নলিখিত প্রতিষ্ঠানের নিম্নলিখিত পুঁথিসমূহ ব্যবহৃত হইয়াছে। আমরা সেই সেই প্রতিষ্ঠানের কর্ত্তৃপক্ষের সৌজন্য স্বীকার-পূর্ব্বক তাঁহাদের প্রতি আন্তরিক-কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

শ্রীমদ্ভাগবতাচার্য্য প্রভুর শ্রীপাটস্থ গ্রন্থাগারের পুঁথিদ্বয়—১২১২নং ও ১৭১৩নং; ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুঁথি—১৫৯৭নং (১ম-৯ম স্কন্ধ), ২১৪৭নং (১০ম স্কন্ধ), ২৮২১নং (১০ম স্কন্ধ), ৩৯১৬নং (১০ম স্কন্ধ), ১৮৬৫নং (১১শ-১২শ স্কন্ধ); বঙ্গবাসী-সংস্করণ মুদ্রিত-গ্রন্থ (১৩১৭ সাল); বঙ্গীয়-সাহিত্যপরিষৎ-সংস্করণ মুদ্রিত-গ্রন্থ; বটতলা-সংস্করণ মুদ্রিত গ্রন্থ।

প্রকাশক

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমদ্ভাগবতস্য

(১০ম-১১শ-স্কন্ধদ্বয়স্য)

অধ্যায়-প্রকরণ-শ্লোক-সূচী

দশমস্কন্ধঃ

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
১	শ্রীপরীক্ষিতা স্বয়ংরূপস্য লীলাপ্রশ্নঃ, শ্রীদেবকীসুতাং স্বমৃত্যুমাকর্ণয়তা ভীতেন কংসেন শ্রীদেবক্যাঃ ষড়-গর্ভাণাং হননম্।	৬৯
২	যোগমায়য়া শ্রীরোহিণ্যাং শ্রীদেবক্যাঃ সপ্তমগর্ভস্য সঞ্চালনম্, শ্রীকৃষ্ণস্য শ্রীদেবকীকুক্ষিগতস্য শ্রীব্রহ্মা-দিভিঃ স্তবঃ।	৪২
৩	পিতৃভ্যাং স্ব-স্বরূপেণ সম্ভূতস্য শ্রীহরেঃ সংস্তুতিঃ, ভীতেন শ্রীবসুদেবেন শ্রীযশোদা-সূতিকালয়ে তস্য প্রাপণঞ্চ।	৫৩
৪	চণ্ডিকাবাক্যমাকর্ণ্যানুতপ্তস্য কংসস্য দেবকী-সান্ত্বনম্, পশ্চাদ্ দুর্মন্ত্রিণাং পরামর্শেন বালহিংসন-ব্যবসায়শ্চ।	৪৬
৫	পুত্রস্য জন্মমহোৎসবং সম্পাদ্য শ্রীনন্দরাজস্য করদানায় শ্রীমথুরাগমনম্, তত্র শ্রীবসুদেবেন সহ সংলাপশ্চ।	৩২
৬	শ্রীবসুদেবগিরা ব্রজং প্রত্যাগচ্ছতঃ শ্রীনন্দস্য পথি মৃতাং পূতনামবলোক্য বিস্ময়ঃ, তস্যা দাহশ্চ।	৪৪
৭	শ্রীবালকৃষ্ণস্য শকটোৎক্ষেপঃ, তৃণাবর্ত্তবধঃ, বদনমধ্যে মাত্রে বিশ্বরূপপ্রদর্শনঞ্চ।	৩৭
৮	শ্রীকৃষ্ণস্য নামকরণম্, বালক্রীড়াকুতূহলম্, মৃদ্ভক্ষণাভি-যোগে বিশ্বরূপপ্রদর্শনঞ্চ।	৫২
৯	উৎসিচ্যমানদুগ্ধরক্ষার্থং গতায়াং মাতরি শ্রীকৃষ্ণস্য ভাণ্ডাদিভেদনম্, শ্রীযশোদায়াস্তদ্বন্ধনোদ্যোগঃ, বন্ধন-রজ্জূনাং দ্ব্যঙ্গুলাপূর্ত্তিতো মাতৃবৎসলস্য তদ্বন্ধনপ্রাপ্তিঃ।	২৩
১০	রিঙ্গতা বদ্ধেন শ্রীকৃষ্ণেন উদূখলমাকর্ষতা যমলার্জ্জুন-পাতনম্, তদাবির্ভূতাভ্যাং কুবেরতনয়াভ্যাং তস্য স্তুতিঃ, কুবেরাত্মজয়োঃ শাপকথা চ।	৪৩
১১	শ্রীনন্দেন শ্রীদামোদরস্য বন্ধনমোচনম্, শ্রীগোকুলমহা-বনাৎ শ্রীকৃষ্ণস্য শ্রীবৃন্দাবনাগমঃ, গোবৎসরক্ষণম্, বৎস-বকাসুরবধশ্চ।	৫৮
১২	মহাসর্পবপুর্ধরস্যাঘাসুরস্য বক্ত্রমধ্যে সবৎসপাল-সখীনাং প্রবেশঃ, শ্রীকৃষ্ণেন পশ্চাত্তত্র প্রবিষ্টৈধিত-বিগ্রহেণ তস্য নিধনঞ্চ।	৪২
১৩	শ্রীকৃষ্ণস্য পুলিনভোজনলীলা, শ্রীব্রহ্মণা সপালবৎসানাং হরণম্, অব্দং যাবৎ শ্রীকৃষ্ণস্য তৎসর্ব্বরূপধারণম্, তেন ব্রহ্মবিমোহনম্, তস্য মোহনাশশ্চ।	৬৪
১৪	ভক্তিজ্ঞানমহৈশ্বর্য্য-মাধুর্য্যাব্ধৌ নিমজ্জতা বিধিনা শ্রীকৃষ্ণস্য স্তুতিঃ।	৬০
১৫	শ্রীকৃষ্ণস্য ধেনুপালনম্, জ্যেষ্ঠস্তুতিঃ, সখিভিঃ ক্রীড়নম্, শ্রীবলরামেণ ধেনুকবধঃ, শ্রীকৃষ্ণেন কালিয়বিষাদ্-গোপরক্ষণঞ্চ।	৫২
১৬	শ্রীহরিণা শ্রীযমুনাহ্রদে কালিয়নিগ্রহঃ, তৎপত্নীনাং শ্রীকৃষ্ণ-স্তবঃ, শ্রীকৃষ্ণস্য কালিয়ং প্রতি প্রসাদঃ, কালিয়স্য রমণকদ্বীপগমনঞ্চ।	৬৬
১৭	কালিয়স্য যমুনাশ্রয়কারণ-কথনম্, শ্রীকৃষ্ণেন সুপ্তানাং গোদুহাং দাবাত্রাণম্।	২৩

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
১৮	শ্রীব্রজে বসন্তগুণলক্ষিতস্য গ্রীষ্মস্যাগমনম্, কেলৌ শ্রীকৃষ্ণেন শ্রীদাম্নো বহনম্, শ্রীবলভদ্রেণ প্রলম্ববধঃ।	৩১
১৯	শ্রীমতা অচ্যুতেন মুঞ্জাটব্যাং দাবপরীতানাং গোপ-গোকুলানাং বহ্নিপানেনাবনম্।	১৪
২০	শ্রীব্রজে প্রাবৃট্‌শরচ্ছোভাবিশেষঃ, সবলগোপস্য শ্রীকৃষ্ণস্য প্রাবৃট্‌কালোচিত-ক্রীড়া।	৪২
২১	শরদ্রম্যবৃন্দাবনগতস্য শ্রীহরের্বেণুস্বনমাকর্ণ্য স্মরার্ত্তানাং গোপীনাং গীতম্।	২০
২২	গোপীভিঃ কাত্যায়ন্যা অর্চ্চনম্, শ্রীকৃষ্ণেন তদ্বাসসাং হৃতিঃ, তাসাং সংলাপঃ, তাভ্যো বরদানম্, সখিভিঃ সহ গোচারণম্, বার্ষ্ণজন্মপ্রশংসা চ।	৩৭
২৩	গোপৈরন্নযাচ্ঞাপদেশেন শ্রীকৃষ্ণস্য যজ্ঞপত্নীষ্বনুগ্রহঃ যজ্ঞদীক্ষিতানামনুতাপশ্চ।	৫১
২৪	স্বপিত্রা সংলপ্য মহেন্দ্রমখং ব্যাধূয় শ্রীহরিণা শ্রীগোবর্দ্ধন-মখোৎসবস্য প্রবর্ত্তনম্।	৩৭
২৫	গোকুলরক্ষণার্থং শ্রীকৃষ্ণস্য গোবর্দ্ধনোদ্ধারণম্।	২৮
২৬	শ্রীকৃষ্ণস্যৈশ্বর্য্যানৈশ্বর্য্যশঙ্কিনাং গোপানাং শ্রীনন্দেন গর্গোক্তিগৌরবৈঃ প্রবোধনম্।	২৩
২৭	শ্রীকৃষ্ণপ্রাভবমালক্ষ্য ভয়াদিন্দ্রস্য শ্রীকৃষ্ণস্তুতিঃ, তস্মিন্ শ্রীহরেঃ কৃপা, সুরভীন্দ্রাভ্যাং শ্রীগোবিন্দস্যাভি-ষেকশ্চ।	২৮
২৮	শ্রীকৃষ্ণেন বরুণালয়াৎ শ্রীনন্দানয়নম্, গোপেভ্যঃ শ্রীবৈকুণ্ঠপ্রদর্শনঞ্চ।	১৮
২৯	বেণুনাদাকৃষ্টাভির্গোপীভিঃ সহ শ্রীহরেরুক্তি-প্রত্যুক্তয়ঃ, রাসারম্ভে তস্য অন্তর্দ্ধানকৌতুকম্।	৪৮
৩০	বিরহোন্মত্তাভির্গোপীভিঃ শ্রীকৃষ্ণমার্গণম্, তল্লীলানুকরণম্, একান্তে একয়া শ্রীরাধিকয়া সহ বিলাসান্তে শ্রীকৃষ্ণস্য পুনরন্তর্দ্ধানঞ্চ।	৪২
৩১	নিরাশাভিস্তাভিঃ পুনঃ পুলিনমাগত্য শ্রীকৃষ্ণমনু-গায়ন্তীভিঃ শ্রীকৃষ্ণদর্শনপ্রার্থনম্।	১৮
৩২	গোপীবিরহালাপেন বিক্লিন্নহৃদয়স্য শ্রীহরেস্তত্রাবির্ভাবঃ, গোপীনাং সান্ত্বনম্, আত্মর্ণিত্বখ্যাপনঞ্চ।	২০
৩৩	গোপীমণ্ডলমধ্যগস্য শ্রীহরে রাসলাস্য-বিহার-জলকেলয়ঃ, শ্রীপরীক্ষিচ্ছুকয়োঃ প্রশ্নোত্তরাণি।	৩৯
৩৪	অহিগ্রস্তস্য শ্রীনন্দস্য মোচনম্, সর্পরূপিবিদ্যাধরস্যোদ্ধারঃ, শঙ্খচূড়ং নিহত্য মণিহরণঞ্চ।	৩৩
৩৫	শ্রীকৃষ্ণে বনং প্রযাতে তদ্বিরহিণীনাং গোকুলযোষিতাং যুগ্মশ্লোকানুকীর্ত্তনেন দিনযাপনম্।	২৬
৩৬	শ্রীকৃষ্ণেনারিষ্টাসুরস্য নিধনম্, শ্রীনারোদোক্ত্যা শ্রীবলাচ্যুতৌ শ্রীবসুদেবসুতৌ বিজ্ঞায় কংসেন তয়োরানয়নায় শ্রীমদক্রূরপ্রেরণম্।	৪০
৩৭	শ্রীহরিণা কেশিদৈত্যবধঃ, শ্রীনারদেন ভাবিলীলোক্তিভিঃ শ্রীকৃষ্ণস্তুতিঃ, ব্যোমাসুরবধশ্চ।	৩৩
৩৮	শ্রীগোকুলাগতস্যাক্রূরস্য শ্রীরামকৃষ্ণাভ্যাং বাসনা-পূরণমাতিথ্যঞ্চ।	৪২
৩৯	শ্রীমদচ্যুতে মথুরাপুরীং গচ্ছত্যতিবিহ্বলানাং গোপি-কানাং বিলাপঃ; যমুনামগ্নেনাক্রূরেণ শ্রীবিষ্ণুলোকস্য দর্শনম্।	৫৬
৪০	শ্রীঅক্রূরেণ সগুণাগুণভেদেনেশ্বরেশ্বরস্য শ্রীকৃষ্ণস্য সভক্তিস্তবঃ।	৩০
৪১	পুরীং প্রবিশতা শ্রীকৃষ্ণেন রজকস্য বধঃ, বায়ক-সুদামভ্যাং বরদানঞ্চ।	৫২
৪২	কুব্জোন্নমনম্, ধনুর্ভেদঃ, রক্ষিবধঃ, কংসেনারিষ্টেক্ষণম্, রঙ্গোৎসবাদি।	৩৮
৪৩	গজেন্দ্রং হত্বা মাধুর্য্যৈশ্বর্য্যবর্ষিণোঃ শ্রীরামকৃষ্ণয়োশ্চাণূরেণ সহ ভাষণম্।	৩৯
৪৪	মল্লকংসানাং নিধনম্, কংসযোষিতাং সমাশ্বাসঃ, শ্রীরাম-কৃষ্ণাভ্যাং পিত্রোর্দর্শনঞ্চ।	৫০
৪৫	শ্রীরামকৃষ্ণাভ্যাং স্বপিত্রোঃ সান্ত্বনম্, উগ্রসেনাভিষেকঃ, তাভ্যাং শ্রীনন্দতোষণম্, গুরৌ বাসাৎ পুরপ্রত্যাগমশ্চ।	৫০
৪৬	শ্রীকৃষ্ণেন শ্রীমদুদ্ধবং ঘোষং প্রেষ্য শ্রীযশোদানন্দয়োঃ শোকাপনোদনম্।	৪৯
৪৭	শ্রীকৃষ্ণাদেশেন গোপিকা বোধয়িত্বা তত্ত্বঞ্চানুজ্ঞাপ্য শ্রীমদুদ্ধবস্য শ্রীমথুরাপুর্য্যাং প্রত্যাগমনম্।	৬৮

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
৪৮	শ্রীকুব্জাভীষ্টপূর্ত্তয়ে শ্রীকৃষ্ণস্য তয়া সহ বিহারঃ, শ্রীঅক্রূরালয়ং গত্বা পাণ্ডবসান্ত্বনার্থং হস্তিনায়াং তস্য প্রেরণম্।	৩৬
৪৯	হস্তিনাপুরং গত্বা ধৃতরাষ্ট্রস্য স্বভ্রাতৃপুত্রেষু বৈষম্যমবগম্যাক্রূরস্য প্রত্যাগমঃ।	৩১
৫০	জরাসন্ধং বিজিত্যাপি তদ্ভয়াদিব উদধিতীরে শ্রীকৃষ্ণেন শ্রীদ্বারকানির্ম্মাপণম্, স্বজনানাং তত্রানয়নঞ্চ।	৫৬
৫১	মুচুকুন্দদৃশা কালযবনস্য দাহনম্, মুচুকুন্দস্য শ্রীকৃষ্ণস্তবঃ, শ্রীকৃষ্ণস্য তস্মৈ বরপ্রদানঞ্চ।	৬৩
৫২	জরাসন্ধাক্রমণভয়াদিব শ্রীরামকৃষ্ণয়োর্দ্বারকাগমনম্, প্রবর্ষণগিরের্দাহঃ, প্রহিতদ্বিজবর্ণিতায়া শ্রীরুক্মিণীবাচঃ শ্রীকৃষ্ণেনানুমোদনঞ্চ।	৪৪
৫৩	শ্রীকৃষ্ণস্য বিদর্ভগমনম্, শ্রীভীষ্মকস্য শ্রীকৃষ্ণপূজা, তত্র মিষতাং দ্বিষতাং শ্রীকৃষ্ণেন দেব্যার্চনায় বিনির্গতায়া শ্রীরুক্মিণ্যা হরণঞ্চ।	৫৬
৫৪	শ্রীকৃষ্ণেনারিপক্ষগান্ নৃপান্ বিজিত্য রুক্মিণঞ্চ বিরূপীকৃত্য পুরীং প্রত্যাগম্য শ্রীভৈষ্ম্যাঃ পাণিগ্রহণম্।	৬০
৫৫	শ্রীকৃষ্ণতঃ শ্রীরুক্মিণ্যাং শ্রীপ্রদ্যুম্নস্য জন্ম, শম্বরেণ তস্যাপহরণম্, শম্বরঞ্চ হত্বা প্রিয়াসহিতস্য শ্রীপ্রদ্যুম্নস্য শ্রীদ্বারকাগমনম্।	৩৯
৫৬	মিথ্যাভিযুক্তেন শ্রীকৃষ্ণেন স্যমন্তকমণেরাহরণম্, জাম্ববৎসত্রাজিতয়োর্দুহিত্রোর্লাভশ্চ।	৪৫
৫৭	শতধন্বনো বধাৎ পুনঃপ্রাপ্তদুর্যশস্কস্য শ্রীকৃষ্ণস্যাক্রূরান্মণিলাভঃ।	৪২
৫৮	শ্রীকৃষ্ণেন শ্রীকালিন্দী-মিত্রবিন্দা-সত্যা-ভদ্রা-লক্ষ্মণানাং পাণিপীড়নম্।	৫৮
৫৯	নরকাসুরং হত্বা তদাহৃতষোড়শসহস্রসংখ্যকানাং কন্যানাং শ্রীকৃষ্ণেন পরিণয়ঃ, শ্রীসত্যভামানুরোধাৎ পারিজাতহরণঞ্চ।	৪৪
৬০	শ্রীকৃষ্ণেন পরিহাসজল্পনৈঃ শ্রীরুক্মিণ্যাঃ কোপোৎপাদনম্, তস্যাঃ সান্ত্বনঞ্চ।	৫৭
৬১	শ্রীকৃষ্ণস্য পুত্রপৌত্রাদীনামভিধানানি, শ্রীমদনিরুদ্ধোদ্বাহপর্ব্বণি শ্রীবলদেবেন রুক্মিণো বধঃ।	৪০
৬২	শ্রীঅনিরুদ্ধেন সহ বাণদুহিতুরুষায়াঃ সঙ্গমঃ, বাণকর্ত্তৃকং তস্য রোধনঞ্চ।	৩২
৬৩	বাণযাদবসঙ্গরে শ্রীরুদ্রস্য তৎসৃষ্টজ্বরস্য চ পরাজয়ঃ, তাভ্যাং বাণবাহুভিদঃ শ্রীহরেঃ সংস্তুতিঃ, সনপ্তৃকস্য শ্রীযদুনাথস্য দ্বারকাগমনঞ্চ।	৫৩
৬৪	শ্রীকৃষ্ণেন নৃগস্য শাপান্মোচনম্, ব্রহ্মস্বহারিদোষোক্ত্যা দৃপ্তানাং রাজ্ঞাং শিক্ষণঞ্চ।	৪৩
৬৫	শ্রীবলরামস্য গোকুলাগমনম্, বন্ধুভির্মিলনম্; তত্র স্বীয়গোপীভিঃ সহ রমণম্, মদেন শ্রীকালিন্দ্যা আকর্ষণঞ্চ।	৩৪
৬৬	শ্রীকৃষ্ণেন পৌণ্ড্রকবাসুদেবস্য তন্মিত্রস্য কাশীরাজস্য চ বধঃ, ততঃ কাশীরাজতনয়স্য সুদক্ষিণস্য হননঞ্চ।	৪৩
৬৭	রৈবতকে গিরৌ রৈবং প্রিয়াভির্বিহরতা শ্রীরামেণ স্বং কদর্থয়তো দ্বিবিদস্য সংহারঃ।	২৮
৬৮	কৌরবৈর্বুধি সাম্বে নিরুদ্ধে তদ্বিমোক্ষায় শ্রীহলিনো হস্তিনাপুরাগমনম্ তত্র কৌরবদুরুক্ত্যা কোপিতেন তেন হস্তিনা-বিকর্ষণঞ্চ।	৫৩
৬৯	শ্রীকৃষ্ণগার্হস্থ্যলীলাদর্শনেন শ্রীদেবর্ষের্বিস্ময়ঃ, তস্য শ্রীকৃষ্ণস্তুতিশ্চ।	৪৫
৭০	শ্রীহরেরাহ্নিককৃত্যকথা, সুধর্ম্মায়াং দূতনারদয়োঃ কার্য্যে কর্ত্তব্যবিচারণম্।	৪৩
৭১	শ্রীমদুদ্ধবমন্ত্রতঃ শ্রীকৃষ্ণস্যেন্দ্রপ্রস্থগমনম্, পার্থানাং পরমোৎসবশ্চ।	৪৩
৭২	শ্রীযুধিষ্ঠিরেণ রাজসূয়ে নিবেদিতে তত্র শ্রীহরেঃ সম্মতিজ্ঞাপনম্, শ্রীভীমেন দুর্জ্জয়স্য মাগধস্য ঘাতনঞ্চ।	৪৬
৭৩	শ্রীহরিণা জরাসন্ধনিবদ্ধানাং ভূপানাং মোচনম্, তেষাং শ্রীকৃষ্ণস্তবঃ, তান্ রাজার্হভোগৈঃ স্বান্ দেশান্ প্রস্থাপ্য শ্রীকৃষ্ণাদীনাং পুরীপ্রস্থানঞ্চ।	৩৫
৭৪	রাজসূয়মখবিধৌ অগ্রপূজাপ্রসঙ্গেন চৈদ্যস্য বধঃ, তত্র দুর্য্যোধনস্যাসহিষ্ণুতা, তেন পারস্পরিকবিবাদসূচনঞ্চ।	৫৪
৭৫	পাণ্ডবানাং পারস্পরিক-ক্রতুকৃত্যবিভাগঃ, আবভৃথ্যকুতুকম্, সুযোধনস্যাক্ষান্ত্যা দৃশি ভ্রমাৎ মানভঙ্গশ্চ।	৪০

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
৭৬	শ্রীরুদ্রাদাপ্তবরস্য শাল্বস্য বৃষ্ণিভিঃ সহ সমরঃ, তত্র দ্যুমদ্-গদাপ্রহারেণ প্রদ্যুম্নস্য নিষ্ক্রমশ্চ।	৩১
৭৭	শ্রীহরিণেন্দ্রপ্রস্থতো নিজপুরীং সমুপেত্য সৌভসক্তস্য নানামায়াবিচক্ষণস্য শাল্বস্য নিধনম্, সৌভস্য চূর্ণনঞ্চ।	৩৭
৭৮	শ্রীহরিণা দন্তবক্রবিদূরথয়োর্বিনাশঃ, তীর্থং পরিভ্রমতা শ্রীবলদেবেন সূতস্য নিধনম্।	৪০
৭৯	শ্রীরামেণ বিপ্রতুষ্টয়ে বল্বলস্য বধঃ, তস্য ভারততীর্থ-যাত্রা, শ্রীভীমদুর্য্যোধনয়োর্যুদ্ধং দৃষ্ট্বা তস্য পুরীপ্রত্যাগমশ্চ।	৩৪
৮০	শ্রীদামবিপ্রস্য দ্বারকাগমনম্, তত্র শ্রীকৃষ্ণেন তস্যার্চ্চনম্ গুরুকুলবাসকথানাং পৃচ্ছা চ।	৪৫
৮১	তস্য পৃথুকতণ্ডুলান্ জগ্ধ্বা পরোক্ষত ইন্দ্রদুর্লভাং শ্রিয়ং দত্ত্বাপি শ্রীহরেঃ ঋণিমানিত্বম্।	৪০
৮২	সূর্য্যোপরাগে কুরুক্ষেত্রে শ্রীব্রজদ্বারকা-বন্ধূনাং মিথো-মিলনম্, শ্রীকৃষ্ণস্য ব্রজস্থপ্রেমাব্ধৌ আপ্লবনম্।	৪৭
৮৩	সুহৃদ্ভিঃ শ্রীকৃষ্ণস্যাভিস্তবঃ, স্ত্রীণাং কথোৎসবে দ্রৌপদ্যৈ শ্রীকৃষ্ণভার্য্যাণাং স্বস্বোদ্বাহ-ব্যাপারকথনম্।	৪৩
৮৪	শ্রীমুনিকৃষ্ণমিথঃস্তুতিঃ, শ্রীবসুদেবমখোৎসাহঃ, শ্রীনন্দাদি-প্রস্থাপনম্।	৭
৮৫	কৃতস্তুতয়ে শ্রীবসুদেবায় শ্রীরামকৃষ্ণয়োর্জ্ঞানোপদেশঃ, মাতৃপ্রার্থিতয়োশ্চ তস্যৈ মৃতপুত্রাণাং প্রদানম্।	৫৯
৮৬	শ্রীমদর্জ্জুনেন সুভদ্রায়া হরণম্, মিথিলাং গত্বা শ্রীকৃষ্ণেন বহুলাশ্ব-শ্রুতদেবাভ্যাং সদ্গতিপ্রদানম্।	৫৮
৮৭	শ্রীনারদেন শ্রীনারায়ণর্ষিমুখাৎ শ্রীকৃষ্ণস্বরূপস্য শ্রুতিভি-র্নিরূপিতস্যাসমোর্দ্ধত্বাবগতিঃ।	৫০
৮৮	ভবমুক্তয়ে নির্গুণস্য শ্রীবিষ্ণোরেবাবশ্যসেবনীয়ত্বম্, সগুণ-দেবভক্তানাং বিভূতিলাভঃ, বৃকশম্ভূপাখ্যানম্।	৪০
৮৯	ভৃগুপরীক্ষয়া ত্রিষ্বধীশেষু শ্রীবিষ্ণোঃ শ্রৈষ্ঠ্যম্, সার্জ্জুন-শ্রীকৃষ্ণস্য মহাকালপুরাদ্বিপ্রার্ভকাহৃতিঃ।	৬৪
৯০	জলকেলৌ শ্রীকৃষ্ণমহিষীণাং প্রেমবৈচিত্রী, যাদবানা-মগণ্যত্বম্, লীলানাং নিত্যত্বঞ্চ।	৪০

একাদশ-স্কন্ধঃ

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
১	শ্রীকৃষ্ণস্য স্বকুলক্ষয়চিন্তনম্, জীবানাং বিরাগায় মৌষল-লীলা-ব্যপদেশেন যদূনাং ক্ষপণার্থং বিপ্রশাপাবিষ্করণম্, মুষলচূর্ণানামেরকাত্বম্, তচ্ছিষ্টাংশস্য লুব্ধকবাণশল্যত্বঞ্চ।	২৪
২	শ্রীবসুদেবপৃষ্টেন শ্রীনারদেন শ্রীনিমি-জায়ন্তেয়সংবাদৈ-র্ভাগবতধর্ম্মাণাং কথনম্, তত্র শ্রীকবিহর্য্যোর্বচনম্।	৫৫
৩	শ্রীনিমের্মায়া-তত্তরণ-ব্রহ্ম-কর্ম্মবিষয়ে প্রশ্নচতুষ্টয়ম্, তত্র শ্রীমতামন্তরিক্ষ-প্রবুদ্ধ-পিপ্পলায়নাবির্হোত্রাণমুত্তরম্।	৫৫
৪	শ্রীদ্রুমিলেন শ্রীহরেরবতারাণাং গুণলীলানাঞ্চ বর্ণনম্।	২৩
৫	শ্রীচমসোপদিষ্টা বিষ্ণুবিমুখানাং সুদুর্গতিঃ, শ্রীকরভাজন-কথিতা যুগধর্ম্মাবতারকথাশ্চ।	৫২
৬	শ্রীব্রহ্মাদিভিঃ স্তুত্বা শ্রীহরেঃ স্বধামগমনে নিবেদনম্, অন্তর্ধিৎসোঃ শ্রীহরেঃ শ্রীমদুদ্ধবস্য স্বাভীষ্টপ্রার্থনম্।	৪৮
৭	শ্রীমদুদ্ধবস্যাত্মজ্ঞান-সিদ্ধয়ে শ্রীহরিণাবধূতেতিহাসোক্ত-গুরুস্বষ্টানাং বর্ণনম্।	৬৯
৮	অজগরাদ্যানাং নবানাং গুরূণাং বর্ণনম্ নৈরাশ্যসুখদা পিঙ্গলাকথা চ।	৩৭
৯	কুররাদ্যানাং সপ্তগুরূণাং কীর্ত্তনম্, অষ্টমগুরোর্দেহাচ্চ শিক্ষাগ্রহণম্।	৩১

অধ্যায়ঃ	প্রকরণম্	শ্লোকাঃ
১০	জৈমিন্যাদিমতান্তরং নিরস্য দেহসম্বন্ধাদাত্মনঃ সংসৃতেস্তথা শুদ্ধজ্ঞানস্য কথনম্।	৩০
১১	শ্রীহরিণা বদ্ধমুক্ত-দ্বিবিধজীবানাং বৈলক্ষণ্যস্য, সাধুলক্ষণস্য ভক্ত্যঙ্গানাঞ্চ শিক্ষণম্।	৪৮
১২	সাধুসঙ্গমহিম্নঃ, ব্রজৌকসাং প্রেম্ণঃ সর্ব্বমহোৎকর্ষস্য, কর্ম্মানুষ্ঠান-তত্ত্যাগব্যবস্থানাঞ্চ কীর্ত্তনম্।	২৪
১৩	সত্ত্বস্য বৃদ্ধ্যা বিদ্যোদয়ক্রমস্য, হংসগুহ্যেতিহাসেন শ্রীহরি-ধ্যানাচ্চিত্ততো গুণবিশ্লেষস্যোপদেশঃ।	৩৯
১৪	ভক্তেঃ সর্ব্বশ্রেয়ঃসাধনপরমত্বস্য তথা মুমুক্ষোঃ সসাধন-ধ্যানপ্রণাল্যাশ্চ শংসনম্।	৪৬
১৫	শ্রীবিষ্ণুপদপ্রাপ্তাবন্তরায়তয়া ধারণানুগানাং মুখ্যানামষ্টানা-মণিমাদিকানাং দশানাং গৌণসিদ্ধীনাঞ্চ বর্ণনম্।	১১
১৬	শ্রীহরেরাবির্ভাবযুক্তানাং বিভূতীনাং জ্ঞানবীর্য্য-প্রভাবা-দীনাঞ্চোপবর্ণনম্।	৪২
১৭	শ্রীমদুদ্ধবস্য ভক্তিলক্ষণস্বধর্ম্মপৃচ্ছা, শ্রীভগবতা ব্রহ্মচারি-গৃহস্থয়োর্হংসোক্ত-ধর্ম্মস্যানুকথনঞ্চ।	৫৪
১৮	বনস্থ-ন্যাসিনোর্ধর্ম্মাণাম্, অধিকারবিশেষেণ তদ্গত-বিশেষস্য চ কথনম্।	৪৩
১৯	জ্ঞানিনাং সাধনত্যাগস্য, শুদ্ধভক্তানাং শাশ্বত্যা ভক্তেস্তথা যমাদীনাং লক্ষণানাঞ্চ বর্ণনম্।	৪৪
২০	ভক্তি-জ্ঞান-ক্রিয়াত্মকস্য যোগত্রিকস্য গুণদোষব্যবস্থয়া তত্র তত্রাধিকারিণাং নির্ণয়ঃ।	৩৬
২১	ক্রিয়া-জ্ঞান-ভক্তিষ্বনধিকারিণাং কামিনাং দ্রব্যদেশাদি-গুণ-দোষাণাঞ্চ প্রপঞ্চঃ, শ্রুত্যর্থনির্ণয়শ্চ।	৪১
২২	তত্ত্বসংখ্যানামবিরোধবিধানম্, পুংপ্রকৃত্যোর্বিবেকঃ, জন্ম-মৃত্যুবিধ্যাদি-কথনম্।	২৭
২৩	অবন্তিভিক্ষুগীত-প্রকারেণ দুর্জ্জনকৃততিরস্কারসহনোপায়স্য তথা ধিয়া মনসঃ সংযমস্য চ বৃত্তান্তঃ।	৫৫
২৪	সাংখ্যতত্ত্বোপদেশেন মনোমোহস্য নিবারণোপায়-বিবৃতিঃ	২৯
২৫	স্বনৈর্গুণ্যপ্রতিপত্তয়ে অনেকধা চিত্তপ্রভব-সত্ত্বাদিগুণ-বৃত্তীনাং ব্যাখ্যা।	২৫
২৬	যোষিৎসঙ্গতো ভক্তিযোগনিষ্ঠায়া ব্যাঘাতঃ সাধুসঙ্গেন তন্নিষ্ঠায়াঃ পরাকাষ্ঠেতি প্রতিপাদয়িত্রা ভগবতৈলগীত-স্যোদাহৃতিঃ।	৩৫
২৭	অর্চ্চায়াং নানোপচারৈঃ ক্রিয়াযোগাভিধায়াঃ স্বধর্ম-সহিতায়া ভক্তেঃ কথনম্।	৫৫
২৮	সর্ব্বমতানি ক্রবতা শ্রীভগবতা জগন্মিথ্যাত্ব-বাদিনামদ্বৈত-দর্শিনাং জ্ঞানযোগস্য সমাহরণম্।	৪৪
২৯	মহাতীর্থ-মহাভক্তাশ্রয়াদিব ভূতেষ্বাত্মেক্ষণান্মুক্তের্নিরূপণম্	৪৯
৩০	দেবরূপাণাং যদূনাং প্রভাসে সংহরণম্, স্বর্গে প্রস্থাপনঞ্চ, শ্রীবলদেবনির্য্যাণম্, জরাবাণবিদ্ধস্য শ্রীকৃষ্ণস্য শ্রীদারুকা-য়োপদেশঃ।	৫০
৩১	শ্রীভগবতঃ স্বধামপ্রয়াণম্, শ্রীবসুদেবাদীনামপি প্রীত্যা তদনুগমনঞ্চ।	২৮

শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণীর ১০ম-১১শ স্কন্ধের বিষয়-সূচী

দশম-স্কন্ধ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১ম	শ্রীহরিলীলা-বিষয়ে শ্রীপরীক্ষিতের পরিপ্রশ্ন ; শ্রীদেবকী-বসুদেব-বিবাহ ; কংসকর্ত্তৃক প্রাণভয়ে শ্রীবসুদেব-দেবকীর প্রতি অত্যাচার ও তদীয় সন্তানগণের বিনাশ-সাধন।	১-৯
২য়	শ্রীরোহিণী-উদরে শ্রীসঙ্কর্ষণের আবির্ভাব ; দেবতাগণ-কৃত শ্রীদেবকীর শ্রীগর্ভস্তব।	১০-১৫
৩য়	শ্রীমথুরায় চতুর্ভুজ শ্রীবাসুদেবের আবির্ভাব-লীলা ; শ্রীদেবকী-বসুদেবের স্তব ; শ্রীবসুদেব-কর্ত্তৃক শ্রীহরিকে শ্রীনন্দালয়ে ও যোগমায়াকে কংসকারাগারে স্থাপন।	১৫-২১
৪র্থ	শ্রীযোগমায়া-বিনাশার্থ কংসের ব্যর্থচেষ্টা ; কংসের প্রতি শ্রীযোগমায়ার বাণী ; কংসের ভীতি ও শ্রীবসুদেব-দেবকী-কর্ত্তৃক তাহাকে সান্ত্বনাদান ; অসুরমন্ত্রিগণের পরামর্শে কংস-কর্ত্তৃক বিষ্ণু-বৈষ্ণব-গো-ব্রাহ্মণ-হিংসন।	২১-২৫
৫ম	শ্রীনন্দোৎসব ; শ্রীনন্দের শ্রীমথুরা-যাত্রা ও শ্রীনন্দ-বসুদেব-মিলন।	২৬ ২৮
৬ষ্ঠ	পূতনা-বধ।	২৯-৩৩
৭ম	শ্রীকৃষ্ণের ঔত্থানিক পর্ব্ব ; শকট-ভঞ্জন ; তৃণাবর্ত্ত-বধ।	৩৩-৩৭
৮ম	গর্গাচার্য্যকর্ত্তৃক শ্রীরামকৃষ্ণের নামকরণ ; শ্রীকৃষ্ণের মৃদ্‌ভক্ষণ-লীলা ও নিজমুখগহ্বরে শ্রীযশোমতীকে বিশ্বরূপ-প্রদর্শন।	৩৭-৪৩
৯ম	শ্রীকৃষ্ণের দামোদর-লীলা ও ভক্তজিতত্ব-প্রকাশন।	৪৩-৪৬
১০ম	শ্রীযমলার্জ্জুন-ভঞ্জন-লীলা।	৪৬-৫০
১১শ	শ্রীনন্দাদি ব্রজবাসিগণের শ্রীগোকুল-মহাবন হইতে শ্রীবৃন্দাবনে বসতি-স্থাপন ; শ্রীকৃষ্ণের গোচারণ-লীলা ; বৎসাসুর ও বকাসুর-বধ।	৫১-৫৭
১২শ	অঘাসুর-বধ।	৫৭-৬২
১৩শ	ব্রহ্মা-কর্ত্তৃক গোবৎস-হরণ ; শ্রীকৃষ্ণের ব্রহ্মমোহন-লীলা ; ব্রহ্মার শ্রীকৃষ্ণে শরণাপত্তি।	৬২-৬৯
১৪শ	ব্রহ্মমোহাপনোদন ও ব্রহ্মস্তব ; ব্রহ্মহৃত ব্রজশিশু-গোবৎসগণের সহিত শ্রীকৃষ্ণের পুনর্ম্মিলন।	৬৯-৭৯
১৫শ	ধেনুকাসুর-বধ ; শ্রীযমুনায় কালিয়নাগের উপদ্রব।	৭৯-৮৪
১৬শ	শ্রীকৃষ্ণের কালিয়দমন-লীলা ; নাগপত্নীগণের শ্রী-গোবিন্দস্তব ; শ্রীকৃষ্ণকর্ত্তৃক কালিয়োদ্ধার ও উহাকে রমণকদ্বীপে প্রেরণ।	৮৪-৯২
১৭শ	রমণকদ্বীপ পরিত্যাগপূর্ব্বক কালিয়নাগের যমুনা-প্রবেশ-কারণ-বর্ণন ; কালিয়দমনান্তে পুনরাগত শ্রীকৃষ্ণ-দর্শনে ব্রজবাসিগণের হর্ষোদয় ; শ্রীকৃষ্ণের প্রথম-দাবা-নলপান।	৯২-৯৫
১৮শ	গ্রীষ্মকালে শ্রীকৃষ্ণবলরামের বনবিহার ও শ্রীবলদেব-কর্ত্তৃক প্রলম্বধ।	৯৫-৯৭
১৯শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক ব্রজবাসি-রক্ষার্থ দ্বিতীয়বার দাবানল-পান।	৯৮-৯৯
২০শ	শ্রীব্রজধামের বর্ষা ও শরদ্‌বর্ণন।	৯৯-১০৩
২১শ	শারদরজনীতে শ্রীকৃষ্ণবংশীধ্বনিশ্রবণে ব্রজবাসিগণের ব্যাকুলতা, বিশেষতঃ শ্রীব্রজগোপীগণের শ্রীকৃষ্ণানুরাগ-বর্ণন।	১০৩-১০৬
২২শ	শ্রীগোপিকাগণের কাত্যায়নীব্রত ; শ্রীকৃষ্ণের বস্ত্র-হরণ-লীলা।	১০৬-১১০
২৩শ	যাজ্ঞিক-বিপ্রপত্নীগণের উপাখ্যান।	১১০-১১৫
২৪শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক ইন্দ্রমখ-ভঙ্গ, শ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূটোৎসব-প্রবর্ত্তন।	১১৫-১১৯
২৫শ	শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন-ধারণলীলা।	১১৯-১২২
২৬শ	শ্রীব্রজবাসিগণের নিকট শ্রীনন্দমহারাজের শ্রীকৃষ্ণ-মহিম-বর্ণন।	১২২-১২৪

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
২৭শ	হতদর্প ইন্দ্রকর্ত্তৃক শ্রীকৃষ্ণের স্তব ও সুরভিসহযোগে তদীয়াভিষেকানুষ্ঠান।	১২৫-১২৭
২৮শ	শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বরুণালয় হইতে শ্রীনন্দমোচন ও ব্রহ্মহ্রদে ব্রজবাসিগণকে শ্রীবৈকুণ্ঠ-প্রদর্শন।	১২৮-১২৯
২৯শ	শ্রীরাসলীলার প্রাক্কালে শ্রীকৃষ্ণকর্ত্তৃক ব্রজগোপীগণের প্রেম-পরীক্ষণ; রাসলীলার প্রারম্ভে শ্রীকৃষ্ণের অন্তর্ধান।	১৩০-১৩৬
৩০শ	শ্রীকৃষ্ণবিরহিতা গোপীগণের বনে বনে শ্রীকৃষ্ণানুসন্ধান।	১৩৭-১৪২
৩১শ	গোপীগণের শ্রীকৃষ্ণদর্শনার্থ প্রার্থনা ও বিরহগীতি।	১৪২-১৪৫
৩২শ	গোপীমণ্ডল-মধ্যে শ্রীকৃষ্ণের পুনরাবির্ভাব ও তাঁহাদিগকে সান্ত্বনাদান।	১৪৫-১৪৮
৩৩শ	গোপীমণ্ডলবেষ্টিত শ্রীকৃষ্ণের রাসবিলাস ও জলকেলি-বর্ণন।	১৪৮-১৫২
৩৪শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক সর্পকবল হইতে শ্রীনন্দোদ্ধার ও শঙ্খচূড়বধ।	১৫৩-১৫১
৩৫শ	গোষ্ঠগত শ্রীরাম-কৃষ্ণের বিরহে তদ্‌গুণলীলাকীর্ত্তনে গোপিকাগণের দিবসযাপন।	১৫৫-১৫৮
৩৬শ	অরিষ্টাসুরবধ; শ্রীরাম-কৃষ্ণকে রঙ্গস্থলে আনিবার নিমিত্ত কংসকর্ত্তৃক শ্রীঅক্রূরকে শ্রীনন্দালয়ে প্রেরণ।	১৫৯-১৬২
৩৭শ	কেশী ও ব্যোমাসুরবধ।	১৬৩-১৬৬
৩৮শ	শ্রীঅক্রূরের শ্রীব্রজগমন; শ্রীশ্রীরাম-কৃষ্ণের দর্শনলাভ ও তৎকর্ত্তৃক শ্রীঅক্রূরের সমাদর।	১৬৬-১৭০
৩৯শ	শ্রীঅক্রূর-কর্ত্তৃক নীয়মান শ্রীকৃষ্ণের প্রতি গোপিকাগণের বিরহোক্তি ও আকুলক্রন্দন; শ্রীযমুনায় মজ্জনকালে শ্রীঅক্রূর-কর্ত্তৃক শ্রীবৈকুণ্ঠ-দর্শন।	১৭১-১৭৬
৪০শ	শ্রীঅক্রূরকৃত শ্রীভগবৎস্তব।	১৭৭-১৭৯
৪১শ	শ্রীশ্রীরামকৃষ্ণের শ্রীমথুরাপুরীতে প্রবেশ; রজকবধ; শ্রীহরিকর্ত্তৃক তন্তুবায় ও মালাকারকে বরদান।	১৮০-১৮৫
৪২শ	কুব্জার প্রতি শ্রীকৃষ্ণের কৃপা; ধনুর্ভঙ্গলীলা; কংসের মৃত্যুভয়; শ্রীশ্রীরামকৃষ্ণের কংস-রঙ্গস্থলে প্রবেশ।	১৮৫-১৮৯
৪৩শ	কুবলয়াপীড়-বধ; শ্রীশ্রীরামকৃষ্ণকে রঙ্গস্থলে দর্শনে শ্রীমথুরাবাসিগণের আনন্দ; চাণূর ও শ্রীকৃষ্ণের উক্তি-প্রত্যুক্তি।	১৮৯-১৯৩
৪৪শ	চাণূর-মুষ্টিকাদি-বধ; কংসাসুর-বধ; কংসনারীগণকে সান্ত্বনাদান; শ্রীদেবকী-বসুদেবের বন্ধনমোচন।	১৯৩-১৯৮
৪৫শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক উগ্রসেনের রাজ্যাভিষেক; শ্রীনন্দাদি গোপগণের প্রতি সান্ত্বনাদান; শ্রীসান্দীপনির নিকট শ্রীশ্রীরামকৃষ্ণের বিদ্যাগ্রহণ-লীলা; যমালয় হইতে মৃত গুরুপুত্রানয়ন।	১৯৮-২০৩
৪৬শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক শ্রীউদ্ধবকে শ্রীব্রজে প্রেরণ ও শ্রীনন্দ-যশোদাদির বিরহাপনোদন।	২০৪-২০৯
৪৭শ	শ্রীউদ্ধব-প্রদত্ত তত্ত্বোপদেশে ব্রজগোপীগণের সান্ত্বনালাভ ও শ্রীউদ্ধবের শ্রীমথুরায় প্রত্যাবর্ত্তন।	২০৯-২১৭
৪৮শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক কুব্জাভিলাষ-পূরণ; শ্রীঅক্রূরকে হস্তিনাপুরে প্রেরণ।	২১৮-২২২
৪৯শ	শ্রীপাণ্ডবগণের প্রতি ধৃতরাষ্ট্রের বৈষম্য-দর্শনে তৎপ্রতি শ্রীঅক্রূরের উপদেশ।	২২২-২২৫
৫০শ	জরাসন্ধ-কর্ত্তৃক মথুরাক্রমণ ও শ্রীকৃষ্ণহস্তে সপ্তদশবার পরাজয়লাভ; কালযবনকর্ত্তৃক মথুরাক্রমণ; শ্রীকৃষ্ণের মথুরা-ত্যাগ ও শ্রীদ্বারকায় রাজধানী-স্থাপন।	২২৫-২৩১
৫১শ	মুচুকুন্দের দৃষ্টি-নিক্ষেপে কালযবন-নাশ; মুচুকুন্দের শ্রীকৃষ্ণস্তুতি ও তৎপ্রতি শ্রীকৃষ্ণের কৃপা।	২৩২-২৩৮
৫২শ	জরাসন্ধকর্ত্তৃক আক্রান্ত শ্রীশ্রীরামকৃষ্ণের প্রবর্ষণ-পর্ব্বতাশ্রয়; জরাসন্ধ-কর্ত্তৃক পর্ব্বতের চতুর্দ্দিকে অগ্নি-প্রদান; দহ্যমান পর্ব্বতশৃঙ্গ হইতে উল্লম্ফনযোগে শ্রীশ্রীরাম-কৃষ্ণের পলায়ন ও শ্রীদ্বারকা-গমন; শ্রীদ্বারকাধীশের নিকট শ্রীরুক্মিণীদেবীর পত্র-প্রেরণ।	২৩৯-২৪৩
৫৩শ	শ্রীকৃষ্ণকর্ত্তৃক বিদর্ভগমন ও শ্রীরুক্মিণীহরণ।	২৪৪-২৪৯

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৫৪শ	শিশুপাল-পক্ষীয় নৃপতিগণের শ্রীকৃষ্ণকে বাধাদান; শ্রীকৃষ্ণকর্ত্তৃক বিরুদ্ধ নৃপতিগণের পরাভব; তৎকর্ত্তৃক রুক্মী রাজার স্পর্দ্ধানাশ; শ্রীদ্বারকায় শ্রীরুক্মিণীর বিবাহ।	২৪৯-২৫৫
৫৫শ	শ্রীপ্রদ্যুম্ন-হরণ; শম্বরবধ; শ্রীরতি-প্রদ্যুম্নের দ্বারকা-পুরী-আগমন।	২৫৫-২৫৯
৫৬শ	স্যমন্তকোপাখ্যান; শ্রীজাম্ববতী ও শ্রীসত্যভামার পরিণয়।	২৫৯-২৬৩
৫৭শ	শতধন্ব-কর্ত্তৃক সত্রাজিদ্‌বধ; হস্তিনাপুর হইতে দ্বারকা-প্রত্যাগত শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক শতধন্ব-বধ; শ্রীঅক্রূরের নিকট হইতে স্যমন্তক গ্রহণ ও পুনরায় তৎপ্রত্যর্পণ; স্যমন্তকোপাখ্যানে শিক্ষা।	২৬৩-২৬৭
৫৮শ	শ্রীকৃষ্ণের হস্তিনাপুরে গমন ও শ্রীকালিন্দী-বিবাহ; শ্রীকৃষ্ণকর্ত্তৃক মিত্রবিন্দাহরণ ও তৎপরিণয়; শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক সপ্তবৃষ-মোচন ও শ্রীনাগ্নজিতীর বিবাহ; শ্রীভদ্রা-পরিণয় ও শ্রীলক্ষ্মণা-হরণাদি বৃত্তান্ত।	২৬৮-২৭৩
৫৯তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক নরকাসুর-বধ ও তদপহৃত ষোড়শ-সহস্র কন্যার উদ্ধার-সাধন; পারিজাত-হরণ।	২৭৪-২৭৯
৬০তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক শ্রীরুক্মিণীর প্রীতি-পরীক্ষণ ও মানবতী শ্রীরুক্মিণীদেবীকে সান্ত্বনা-দান।	২৭৯-২৮৬
৬১তম	শ্রীকৃষ্ণের পুত্র-পৌত্রাদি-বিবরণ; শ্রীঅনিরুদ্ধ-বিবাহ ও শ্রীবলদেবহস্তে রুক্মবধ।	২৮৬-২৯০
৬২তম	শ্রীঊষা ও শ্রীঅনিরুদ্ধের গুপ্তপ্রীতি ও বাণ-কর্ত্তৃক শ্রীঅনিরুদ্ধের বন্ধন।	২৯০-২৯৩
৬৩তম	বাণরাজের সহিত যাদবগণের যুদ্ধে শিবের পরাজয়; শৈবজ্বরকর্ত্তৃক শ্রীকৃষ্ণস্তুতি; শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাণের বাহুচ্ছেদ; শ্রীশিবকর্ত্তৃক শ্রীকৃষ্ণের স্তুতি ও বাণের প্রতি শ্রীকৃষ্ণের অনুগ্রহ।	২৯৪-২৯৯
৬৪তম	নৃগোদ্ধার।	২৯৯-৩০৩
৬৫তম	শ্রীবলরামের রাস ও যমুনাকর্ষণ-লীলা।	৩০৪-৩০৬
৬৬তম	পৌণ্ড্রক, কাশীরাজ ও সুদক্ষিণ-বধ।	৩০৭-৩১০
৬৭তম	রৈবতকে শ্রীবলদেব-কর্ত্তৃক দ্বিবিদ-বধ।	৩১১-৩১৩
৬৮তম	সাম্ব-কর্ত্তৃক লক্ষ্মণা-হরণ; সাম্ব-মোচনার্থ শ্রীবলদেবের কৌরব-সভায় গমন; কৌরবগণের ঔদ্ধত্য-দর্শনে শ্রীবলদেবকর্ত্তৃক হস্তিনাপুরী-নাশার্থ হলাকর্ষণ।	৩১৩-৩১৮
৬৯তম	শ্রীদ্বারকায় প্রতি-মহিষীপুরে শ্রীকৃষ্ণের যুগপৎ বিবিধ গার্হস্থ্যলীলা-দর্শনে শ্রীনারদের বিস্ময় ও শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক তাঁহাকে প্রবোধ-দান।	৩১৮-৩২৩
৭০তম	শ্রীকৃষ্ণের আহ্নিক-কৃত্য; জরাসন্ধ-বধার্থ তদবরুদ্ধ রাজগণ-কর্ত্তৃক প্রেরিত দূতের শ্রীকৃষ্ণসমীপে নিবেদন; শ্রীযুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞ-সম্পাদনার্থ দেবর্ষি-কর্ত্তৃক শ্রীহরির নিকটে নিবেদন।	৩২৩-৩২৭
৭১তম	রাজসূয়যজ্ঞ ও জরাসন্ধবধ-সম্বন্ধে শ্রীউদ্ধবের পরামর্শ-দান; পাণ্ডবগণের রাজসূয়যজ্ঞ-সম্পাদনার্থ সপরিকর শ্রীযদুনাথের ইন্দ্রপ্রস্থে গমন।	৩২৮-৩৩২
৭২তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক শ্রীভীমের দ্বারা জরাসন্ধ-ঘাতন; জরাসন্ধ-পুত্রের রাজ্যাভিষেক; অবরুদ্ধ রাজগণের মোচন।	৩৩২-৩৩৭
৭৩তম	বন্ধনমুক্ত শরণাগত রাজগণের প্রতি শ্রীকৃষ্ণের কৃপা ও তাঁহাদের প্রতি উপদেশ; শ্রীভীমার্জ্জুন-সহ শ্রীকৃষ্ণের ইন্দ্রপ্রস্থে প্রত্যাবর্ত্তন।	৩৩৭-৩৪০
৭৪তম	শ্রীযুধিষ্ঠিরের রাজসূয়-যজ্ঞানুষ্ঠান; অগ্রপূজা-প্রসঙ্গে শ্রীকৃষ্ণকর্ত্তৃক শিশুপাল-বধ।	৩৪০-৩৪৫
৭৫তম	শ্রীযুধিষ্ঠির-দ্রৌপদীর অবভৃত-স্নান; দুর্য্যোধনের মানভঙ্গ।	৩৪৫-৩৪৯
৭৬তম	শাল্ব-যাদব-সংগ্রাম।	৩৪৯-৩৫২
৭৭তম	শ্রীপ্রদ্যুম্ন-কর্ত্তৃক দ্যুমদ্-বধ; শ্রীকৃষ্ণকর্ত্তৃক সৌভ-ভঞ্জন ও শাল্ব-নিধন।	৩৫২-৩৫৬
৭৮তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক দন্তবক্রবধ; শ্রীবলদেব-কর্ত্তৃক রোম-হর্ষণ-বধ।	৩৫৬-৩৫৯
৭৯তম	শ্রীবলদেব-কর্ত্তৃক বল্বল-বধ; শ্রীবলদেবের তীর্থ-যাত্রা।	৩৬০-৩৬৩
৮০তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক শ্রীদামাবিপ্রের সমাদর ও গুরুকুল-বাস-প্রসঙ্গোত্থাপন।	৩৬৩-৩৬৭

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৮১তম	শ্রীকৃষ্ণকর্ত্তৃক শ্রীদামাবিপ্রের তণ্ডুলকণা-ভক্ষণ; শ্রীহরিকর্ত্তৃক নিষ্কিঞ্চন শ্রীদামাবিপ্রকে মণিময়-পুরী-দান।	৩৬৮-৩৭১
৮২তম	সূর্য্যোপরাগে কুরুক্ষেত্রে শ্রীকৃষ্ণাদি-যাদব ও শ্রী-নন্দাদি-গোপ-গোপীগণের মিলন।	৩৭২-৩৭৬
৮৩তম	শ্রীকৃষ্ণসংলাপাবসরে তদীয়-মহিষীগণ-কর্ত্তৃক শ্রী-দ্রৌপদীর নিকট নিজ-নিজ বিবাহবৃত্তান্ত-কথন।	৩৭৭-৩৮১
৮৪তম	শ্রীব্যাসাদি মুনিগণের কুরুক্ষেত্রাগমন; মুনিগণের নিকট শ্রীবসুদেবের উপদেশ-প্রার্থনা ও তদীয়োপদেশে যজ্ঞানুষ্ঠান; শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক বন্ধুগণকে নিজ-নিজ স্থানে প্রেরণ।	৩৮২-৩৮৮
৮৫তম	শ্রীশ্রীরামকৃষ্ণ-কর্ত্তৃক শ্রীবসুদেব-প্রতি তত্ত্বোপদেশ-দান ও মাতা শ্রীদেবকীর প্রার্থনায় মৃত অগ্রজানয়ন।	৩৮৯-৩৯৩
৮৬তম	শ্রীসুভদ্রাহরণবৃত্তান্ত; শ্রীকৃষ্ণের মিথিলাগমন ও তথায় শ্রীশ্রুতদেব-বহুলাশ্বের প্রতি কৃপা-বিতরণ।	৩৯৪-৩৯৯
৮৭তম	শ্রীনারদ-নারায়ণ-সংবাদে শ্রুতিস্তব।	৩৯৯-৪১০
৮৮তম	শ্রীহরি ও শ্রীশিবাদি-দেবতার আরাধনায় ফলভেদ-বর্ণন; বৃকাসুর-বধ ও শ্রীরুদ্রমোক্ষণ।	৪১০-৪১৪
৮৯তম	মুনিগণের প্রার্থনায় শ্রীভৃগুকর্ত্তৃক শ্রীবিষ্ণুর শ্রেষ্ঠত্ব-পরীক্ষণ; শ্রীকৃষ্ণকর্ত্তৃক মৃত দ্বিজকুমার-প্রত্যর্পণ।	৪১৪-৪২০
৯০তম	সংক্ষেপে শ্রীকৃষ্ণলীলানুক্রম ও যদুবংশের সন্ততি-গণের অসংখ্যেয়ত্ব-কথন।	৪২০-৪২৪

একাদশ-স্কন্ধ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১ম	যদুকুলের প্রতি ব্রহ্মশাপ ও মুষলোৎপত্তি-বর্ণন।	১-৪
২য়	শ্রীনারদ-কর্ত্তৃক শ্রীনিমি-নবযোগেন্দ্র-সংবাদ-বর্ণনমুখে শ্রীবসুদেবের প্রতি শ্রীভাগবতধর্ম্মোপদেশ।	৪-১০
৩য়	মায়া, তজ্জয়োপায়, শ্রীনারায়ণতত্ত্ব ও কর্ম্মযোগ-সম্বন্ধে প্রশ্নোত্তর।	১০-১৬
৪র্থ	অবতারলীলা-বিষয়ক প্রশ্নোত্তর।	১৬-১৯
৫ম	ভক্তিহীনগণের গতি; যুগাবতারগণের পূজাবিধি-বিষয়ক প্রশ্ন ও তদুত্তর।	২০-২৫
৬ষ্ঠ	স্বধামবিজয়ার্থ ব্রহ্মাদিদেবগণ-কর্ত্তৃক শ্রীহরি-সমীপে প্রার্থনা; শ্রীহরির যদুকুল-ক্ষয়-বাসনা; শ্রীকৃষ্ণসহ তদ্ধামে যাইবার জন্য শ্রীউদ্ধবেরও প্রার্থনা।	২৬-৩১
৭ম	শ্রীভগবদুদ্ধব-সংবাদে আত্মজ্ঞানসিদ্ধি-নিমিত্ত শ্রীহরি-কর্ত্তৃক অবধূতের ইতিহাস ও তাঁহার চব্বিশ গুরুর মধ্যে পৃথিব্যাদি অষ্টগুরুর বিষয়-বর্ণন।	৩১-৩৭
৮ম	বিবেকলাভার্থ অজগরাদি নবগুরুর নিকট অবধূতের শিক্ষালাভ-বর্ণন।	৩৮-৪০
৯ম	কুররাদি সপ্তগুরুর নিকট অবধূতের শিক্ষালাভ ও যদুরাজের সদ্‌গতি-বর্ণন।	৪১-৪৪
১০ম	মতান্তর-নিরসনপূর্ব্বক "দেহাত্মবুদ্ধিবশতঃই জীবের সংসার, কিন্তু স্বরূপতঃ বন্ধন নাই"—এই তত্ত্বোপ-দেশ-দান।	৪৪-৪৭
১১শ	বদ্ধ ও মুক্তের লক্ষণ; ভক্তিযোগ ও ভক্তলক্ষণ-সমূহ-বর্ণন।	৪৭-৫১
১২শ	সাধুসঙ্গের মহিমা; কর্ম্মাদি-ত্যাগপূর্ব্বক ঐকান্তিক-ভজনোপদেশ।	৫১-৫৪
১৩শ	সত্ত্ববৃদ্ধিক্রমে দিব্যজ্ঞানোদয়ক্রম-বর্ণন; হংসগুহ্যো-পদেশ-কথন-প্রসঙ্গে চিত্ত হইতে বিষয়স্পর্শত্যাগ-বর্ণন।	৫৫-৫৯
১৪শ	ভক্তির সর্ব্বশ্রেষ্ঠত্ব ও সাধনসহ ধ্যানযোগ-কথন	৫৯-৬৪
১৫শ	ধারণানুগত সিদ্ধি-বর্ণন।	৬৪-৬৫
১৬শ	শ্রীহরির বিভূতিযোগ-কথন।	৬৫-৬৮

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১৭শ	স্বধর্ম্ম-লক্ষণা ভক্তি-সম্বন্ধে ব্রহ্মচারী ও গৃহস্থের কৃত্য-নির্দ্দেশ।	৬৯-৭৩
১৮শ	বানপ্রস্থ ও যতিধর্ম্ম-কথন ; অধিকারভেদে আশ্রমগত ও আশ্রমাতীত ব্যবহার-বর্ণন।	৭৪-৭৭
১৯শ	জ্ঞানাদি-ত্যাগ-কথন ; যমাদি-লক্ষণ-বর্ণন।	৭৮-৮২
২০শ	ভক্তি, জ্ঞান ও ক্রিয়াযোগ-বর্ণন ; অধিকারিভেদে বিধি-নিষেধ-ব্যবস্থা।	৮২-৮৫
২১শ	ভক্তিযোগাদিতে অনধিকারী কামিগণের পক্ষে দ্রব্য-দেশাদি-গুণ-দোষ-বিচার-বর্ণন।	৮৬-৮৯
২২শ	তত্ত্বসংখ্যার অবিরোধত্ব ; প্রকৃতি-পুরুষ-বিবেক ও জন্মমৃত্যুরীতি-কথন।	৯০-৯২
২৩শ	ত্রিদণ্ডিভিক্ষু-চরিতোপলক্ষে শরণাগতি, সহিষ্ণুতা ও চিত্তসংযমার্থোপদেশ।	৯৩-৯৮
২৪শ	সাংখ্যযোগদ্বারা চিত্তমোহনাশ-কথন।	৯৮-১০০
২৫শ	গুণবৃত্তি-নিরূপণ।	১০১-১০২
২৬শ	দুঃসঙ্গের পরিণাম-প্রসঙ্গে ঐলগীতোপদেশ ও সাধুসঙ্গ-ক্রমে ভজনোৎকর্ষ-বর্ণন।	১০৩-১০৫
২৭শ	সংক্ষেপে অর্চ্চনবিধি ও অর্চ্চনকারীর গতি-বর্ণন।	১০৬-১১০
২৮শ	সংক্ষেপে পুনরায় জ্ঞানযোগ-কথন।	১১১-১১২
২৯শ	পুনরায় সংক্ষেপে ভক্তিযোগ-বর্ণন ও শ্রীভগবদাদেশে শ্রীউদ্ধবের বদরিকাশ্রমে গমনপূর্ব্বক ভজনসিদ্ধিলাভ।	১১২-১১৮
৩০শ	নিজকুলবিনাশন-পূর্ব্বক শ্রীকৃষ্ণের গোলোকবিজয়।	১১৮-১২৩
৩১শ	শ্রীহরির তনুত্যাগলীলা-রহস্য ; তদন্তর্ধানে শ্রীবসুদেবাদি যাদবগণেরও অন্তর্ধানলীলা।	১২৩-১২৬

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীগৌড়ীয়-গৌরব-গ্রন্থ-গুটিকা

শ্রীমদ্ভাগবতম্

দশমঃ স্কন্ধঃ

প্রথমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। কথিতো বংশবিস্তারো ভবতা সোমসূর্য্যয়োঃ। রাজ্ঞাঞ্চোভয়বংশ্যানাং চরিতং পরমাদ্ভুতম্॥

২। যদোশ্চ ধর্ম্মশীলস্য নিতরাং মুনিসত্তম। তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোর্বীর্য্যাণি শংস নঃ॥

শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী

দশম-স্কন্ধ

প্রথম অধ্যায়

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ॥

তং বেদশাস্ত্র-পরিনিষ্ঠিত-শুদ্ধবুদ্ধিং, চর্ম্মাম্বরং শুকমুনীন্দ্রনুতং কবীন্দ্রম্।
কৃষ্ণত্বিষং কনকপিঙ্গ-জটাকলাপং, ব্যাসং নমামি শিরসা তিলকং মুনীনাম্॥

শ্রীমদ্ভাগবতস্য পূর্ণদশমস্কন্ধ-প্রবন্ধং মুদা, কুর্ব্বে সর্ব্বজনস্য চিত্ত-পরমপ্রেমপ্রদং প্রীতয়ে।
নত্বাভীরকিশোরমূর্ত্তিমমিতজ্যোতির্জগন্মঙ্গলং, ব্যাসং ব্যাসসুতঞ্চ সর্ব্বগুরুমালম্বে পরানন্দদম্॥

স চকাস্ত্বরুণাম্বুজলোচনো, জলদপ্রতিমস্তড়িদম্বরঃ। মুরলীতরলীকৃতগোপিকা-ভৃতসঙ্কলিতে মম মানসে॥

শ্রীমদ্ভাগবতাচার্য্যৈঃ প্রেমভক্তিবিবৃদ্ধয়ে।
গীয়তে পরমানন্দং শ্রীগোবিন্দকথামৃতম্॥

৩। অবতীর্য্য যদোর্বংশে ভগবান্ ভূতভাবনঃ।
কৃতবান্ যানি বিশ্বাত্মা তানি নো বদ বিস্তরাৎ॥

[মল্লার-রাগ]

নমো নমো গুরুর চরণে নমস্কার।
যাঁহার কৃপায় খণ্ডে ভব-অন্ধকার॥
নমো নমো গণপতি বিঘ্ন-বিনাশন।
নমো বেদব্যাস সত্যবতীর নন্দন॥
নমো ব্যাসসুত শুক মহাযোগেশ্বর।
মুনীন্দ্র-বন্দিতপদ লীলা-কলেবর॥
শুকমুনি-চরণে মোহর পরণাম।
যাঁহার কৃপায় ভাগবত-উপাদান॥
দেব-দ্বিজ-চরণে করিয়া পরণতি।
কৃষ্ণগুণ-পাঁচালি রচিব যথামতি॥
নমো নমো নারায়ণ-চরণে প্রণাম।
ব্রহ্মাণ্ড-কোটির স্থিতি-প্রলয়-নিধান॥
পুরুষ-পুরাণ হরি অনাদি-নিধন।
লীলা-অবতার করে ভকত-কারণ॥
চরণ-পঙ্কজে তাঁ'র করিয়া প্রণাম।
কথাচ্ছলে 'ভাগবত' করিব ব্যাখ্যান॥
জয় জয় নন্দসুত ব্রজকুলপতি।
জয় জয় যদুনাথ ত্রিভুবন-গতি॥
জয় জয় জগতনিবাস হৃষীকেশ।
জয় জয় ভক্তকুল-নলিনী-দিনেশ॥
জয় জয় ব্রহ্মাদি-বন্দিত-পাদপদ্ম।
জয় জয় দিব্য-অবতার-নবসদ্ম॥
জয় জয় কমলা-লালিত-পদদ্বন্দ্ব।
জয় জয় মুনীন্দ্র-মানস-সুখানন্দ॥
জয় জয় গুণনিধি, জয় দয়াময়।
জয় জয় ভকতবৎসল রসময়॥

জয় জয় যদুকুল-কমল-ভাস্কর।
জয় জয় রিপুদল-কঞ্জ-শশধর॥
জয় জয় মহাভয়-দুরিত-ভঞ্জন।
জয় জয় পরচণ্ড, পাষণ্ড-মর্দ্দন॥
জয় জয় অসুর-কুঞ্জর-মহাসিংহ।
জয় জয় ব্রজবধূ-মুখপদ্ম-ভৃঙ্গ॥
জয় জয় যোগেন্দ্র-মানস-পরহংস।
জয় ভক্ত-ভবপথ-পরিশ্রম-ধ্বংস॥
জয় জয় জগতমঙ্গল-গুণধাম।
জয় জয় শ্রুতিবাণী-অগোচর-নাম॥
জয় জয় জগত-নিবাস লক্ষ্মীকান্ত।
জয় জয় নিজজন-বৎসল মহান্ত॥
জয় জয় মহামৎস্য আদি-অবতার।
জয় কূর্ম্মরূপ ক্ষীর-জলধি-বিহার॥
জয় যজ্ঞ-অবতার বরাহ-মূরতি।
জয় দিব্য নরসিংহ অনন্তশকতি॥
জয় দিব্যপরাক্রম অদ্ভুত বামন।
জয় ভৃগুপতি ক্ষত্রিকুল-বিনাশন॥
জয় জয় রঘুপতি রাম-অবতার।
জয় হলধর রাম বিপক্ষ-বিদার॥
জয় বুদ্ধ-অবতার অসুর-মোহন।
জয় কল্কিরূপ ম্লেচ্ছকুল-বিনাশন॥
জয় পূর্ণব্রহ্ম কৃষ্ণ বিচিত্র-বিহার।
জয় জগন্নাথ নীলাচল-অবতার॥
জয় জয় শ্রীগৌরাঙ্গ চৈতন্যমূরতি।
প্রেম-ভক্তিদাতা প্রভু, ভকতের গতি॥
তবে কহি, শুন লোক, কৃষ্ণের চরিত্র।
অশেষ দুরিত হরে, পরম পবিত্র॥

পরীক্ষিত-মহারাজা ভকত-প্রধান।
শুকের সাক্ষাতে জিজ্ঞাসিল মতিমান্॥
১ "চন্দ্রবংশ, সূর্য্যবংশ কহিলে সকল।
দুই বংশে জনমিল যত নরেশ্বর॥
তা'-সভার অদভুত কহিলে চরিত্র।
২-৩ বিশেষে যদুর যশ কহিলে পবিত্র॥

সেই যদুবংশে হরি কৈলা অবতার।
কি কি রূপে কৈলা কর্ম্ম আনন্দবিহার?
জগতের আত্মা প্রভু—এক ভগবান্।
যাহা হৈতে হয় সব ভূত-উপাদান॥
হেন প্রভু কি কারণে ধরে নরবেশ?
তাঁ'র গুণ-কর্ম্ম তুমি কহিবে বিশেষ॥

৪। নিবৃত্ততর্ষৈরুপগীয়মানা,-দ্ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ, পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ?

৫। পিতামহা মে সমরেঽমরঞ্জয়ৈ,-র্দৈবব্রতাদ্যাতিরথৈস্তিমিঙ্গিলৈঃ।
দুরত্যয়ং কৌরবসৈন্যসাগরং, কৃত্বাতরন্ বৎসপদং স্ম যৎপ্লবাঃ॥

৬। দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টমিদং মদঙ্গং, সন্তানবীজং কুরুপাণ্ডবানাম্।
জুগোপ কুক্ষিং গত আত্তচক্রো, মাতুশ্চ মে যঃ শরণং গতায়াঃ॥

৭। বীর্য্যাণি তস্যাখিলদেহভাজা,-মন্তর্বহিঃ পুরুষকালরূপৈঃ।
প্রযচ্ছতো মৃত্যুমুতামৃতঞ্চ, মায়ামনুষ্যস্য বদস্ব বিদ্বন্॥

৮। রোহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সঙ্কর্ষণস্ত্বয়া। দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা?

৯। কস্মান্মুকুন্দো ভগবান্ পিতুর্গেহাদ্ব্রজং গতঃ? ক বাসং জ্ঞাতিভিঃ সার্দ্ধং কৃতবান্ সাত্বতাং পতিঃ?

১০। ব্রজে বসন্ কিমকরোন্মধুপুর্য্যাঞ্চ কেশবঃ? ভ্রাতরঞ্চাবধীৎ কংসং মাতুরদ্ধাঽতদর্হণম্?

১১। দেহং মানুষমাশ্রিত্য কতি বর্ষাণি বৃষ্ণিভিঃ। যদুপুর্য্যাং সহাবাৎসীৎ পত্ন্যঃ কত্যভবন্ প্রভোঃ?

১২। এতদন্যচ্চ সর্ব্বং মে মুনে কৃষ্ণবিচেষ্টিতম্। বক্তুমর্হসি সর্ব্বজ্ঞ শ্রদ্দধানায় বিস্তৃতম্॥

---

৪ কৃষ্ণকথা-সম সুখ নাহি মুক্তিপদে।
তে-কারণে মুক্তগণে গায় উচ্চনাদে॥
মুক্তিপদ পাইতে যাঁ'র বিশেষ যতন।
তাঁ'রা-সব কৃষ্ণগুণ গায় অনুক্ষণ॥
পরম ঔষধ এই ভব-নিবারণে।
সতত কীর্ত্তন করে' ভবভীত জনে॥
হরিনাম-গুণ-কথা শ্রুতিমনোহর।
বিষয়-লম্পট জনে শুনে নিরন্তর॥
কৃষ্ণ-কথা-শ্রবণে কাহার নাহি মতি?
কেবল না শুনে অচেতন, আত্মঘাতী॥

৫ যুধিষ্ঠির-আদি মোর পিতামহগণ।
কৃষ্ণপদযুগ-নৌকা করি' আরোহণ॥
কুরুসৈন্য-গভীর-সাগর ভয়ঙ্কর।
ভীষ্ম-দ্রোণ-আদি মহামৎস্য ঘোরতর॥
বৎসপদ করিয়া তরিলা তাঁ'রা হেলে।
হেনরূপে কৈলা প্রভু বংশের উদ্ধারে॥

৬ বংশরক্ষা-হেতু মোর এই কলেবর।
অশ্বত্থামা-ব্রহ্ম-অস্ত্রে পুড়িল সকল॥
শরণ লইল মাতা প্রভুর চরণে।
চক্রে অস্ত্র কাটি' প্রভু রাখিলা আপনে॥

৭ কালরূপে সেই প্রভু করয়ে সংহার।
অন্তর্য্যামিরূপে করে' ভকত-উদ্ধার॥
মায়ায় মানুষরূপে করে' অবতার।
তাঁ'র গুণকথা কহ করিয়া বিস্তার॥

৮ হেন জানি, রোহিণীর পুত্র বলরাম।
কিরূপে দৈবকী-গর্ভে হৈল উপাদান?
এক দেহ, দুই গর্ভে কেমতে প্রবেশ?
কহিবে এ-সব তুমি কৌতুক-বিশেষ॥
কেন বা জন্মিলা কৃষ্ণ দৈবকী-উদরে?

৯ কেমন কারণে গিয়া রহিলা গোকুলে?

১০ কি কি কর্ম্ম কৈলা কৃষ্ণ গোকুলে রহিয়া?
কোন্ কর্ম্ম কৈলা তবে মধুপুরে গিয়া?
সাক্ষাতে মাতুল-বধ কৈলা কি কারণে?
প্রভুর নিন্দিত কর্ম্ম কোন্ প্রয়োজনে?

১১ নরলীলা প্রকটিলা কতেক বৎসর?
যদুকুলে কি কি কর্ম্ম কৈলা যদুবর?
কত রাজকন্যা হৈল প্রভুর রমণী?

১২ আর যত যত কর্ম্ম কৈলা চক্রপাণি॥
এ-সব কহিবে, গুরু, করিয়া বিস্তার।
মহাযোগেশ্বর, মোর কর' প্রতিকার॥

১৩। নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি বাধতে। পিবন্তং ত্বন্মুখাম্ভোজ-চ্যুতং হরিকথামৃতম্ ॥

শ্রীসূত উবাচ

১৪। এবং নিশম্য ভৃগুনন্দন সাধুবাদং, বৈয়াসকিঃ স ভগবানথ বিষ্ণুরাতম্।
প্রত্যর্চ্চ্য কৃষ্ণচরিতং কলিকল্মষঘ্নং, ব্যাহর্ত্তুমারভত ভাগবতপ্রধানঃ ॥

শ্রীশুক উবাচ

১৫। সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম। বাসুদেবকথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ ॥
১৬। বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি। বক্তারং প্রচ্ছকং শ্রোতৃংস্তৎপাদসলিলং যথা ॥
১৭। ভূমির্দৃপ্তনৃপব্যাজ-দৈত্যানীকশতাযুতৈঃ। আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণং শরণং যযৌ ॥
১৮। গৌর্ভূত্বাশ্রুমুখী খিন্না ক্রন্দন্তী করুণং বিভোঃ। উপস্থিতান্তিকে তস্মৈ ব্যসনং সমবোচত ॥
১৯। ব্রহ্মা তদুপধার্য্যাথ সহ দেবৈস্তয়া সহ। জগাম সত্রিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ ॥
২০। তত্র গত্বা জগন্নাথং দেবদেবং বৃষাকপিম্। পুরুষং পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ ॥
২১। গিরং সমাধৌ গগনে সমীরিতাং, নিশম্য বেধাস্ত্রিদশানুবাচ হ।
গাং পৌরুষীং মে শৃণুতামরাঃ পুন,-র্বিধীয়তামাশু তথৈব মা চিরম্ ॥

---

১৩ সাত দিন আমি নাহি পরশিয়ে জল।
তভু ত' ক্ষুধায় মোরে না করে' বিকল ॥
তোমার বদন-সরোরুহ-বিগলিত।
পান করোঁ হরিকথা-বচন-অমৃত ॥"

১৪ এই কথা কহে সূত নৈমিষ-অরণ্যে।
শৌনকাদি মুনিগণ শুনে শুদ্ধমনে ॥
সূত বলে',—"শুনহ, শৌনক-মুনিগণ!
শুক যোগেশ্বর শুনি' রাজার বচন ॥
'সাধু সাধু' বলি' তাঁ'রে করিয়া বাখানে।
কহিতে আরম্ভ কৈলা ভকত-প্রধানে ॥

১৫ 'ভাল ভাল, নিশ্চয় কহিলে নরপতি।
গোবিন্দ-কথায় তুমি কৈলে দৃঢ়মতি ॥

১৬ কৃষ্ণকথা-প্রশ্ন-ফল কহিব তোমারে।
জিজ্ঞাসা করিলে মাত্র সর্ব্বপাপ হরে' ॥
যেবা পুছে, যেবা কহে, যে করে শ্রবণ।
বিশেষে পবিত্র হয়—এই তিন জন ॥
ত্রিভুবন তরে', জেনো, তাঁ'র পদজলে।
কৃষ্ণকথা পুছিলেই সর্ব্বপাপ হরে' ॥

১৭-১৮ কংস-জরাসন্ধ-আদি নৃপরূপ ধরি'।
দৈত্যগণে ব্যাপিল সকল মর্ত্ত্যপুরী ॥
তা'-সভার ভরে অতি করিয়া ক্রন্দন।
পৃথিবী লইল গিয়া ব্রহ্মার শরণ ॥
'যাবৎ পাতালে মোর নাহি হয় গতি।
তাবৎ রাখিতে মোরে করিবে শকতি ॥
অসুরের ভূরিভার সহনে না যায়।
এ-সব গোচর, দেব, কৈলুঁ তুয়া পা'য় ॥'

১৯ পৃথিবীর বচন শুনিঞা প্রজাপতি।
ইন্দ্র-আদি দেবগণ করিয়া সংহতি ॥
চলিলা চতুরানন সঙ্গে মহেশ্বর।
ক্ষীর-জলনিধি যথা প্রভু গদাধর ॥

২০ বেদমন্ত্রে স্তুতি কৈল যত দেবগণে।
সমাধি করিয়া ব্রহ্মা রহিলা ধেয়ানে ॥

২১ শুনিলা ঈশ্বরবাণী আকাশমণ্ডলে।
সমাধি ভাঙ্গিয়া ব্রহ্মা বলে' উচ্চস্বরে ॥
'শুন শুন, দেবগণ, ঈশ্বরের বাণী।
আপনে কহিলা কথা প্রভু চক্রপাণি ॥

২২। পুরৈব পুংসাবধৃতো ধরাজ্বরো, ভবদ্ভিরংশৈর্যদুষূপজন্যতাম্।
স যাবদুর্ব্ব্যা ভরমীশ্বরেশ্বরঃ, স্বকালশক্ত্যা ক্ষপয়ংশ্চরেদ্ভুবি॥
২৩। বসুদেবগৃহে সাক্ষাদ্ভগবান্ পুরুষঃ পরঃ। জনিষ্যতে তৎপ্রিয়ার্থং সম্ভবন্তু সুরস্ত্রিয়ঃ॥
২৪। বাসুদেবকলানন্তঃ সহস্রবদনঃ স্বরাট্। অগ্রতো ভবিতা দেবো হরেঃ প্রিয়চিকীর্ষয়া॥
২৫। বিষ্ণোর্মায়া ভগবতী যয়া সংমোহিতং জগৎ। আদিষ্টা প্রভুণাংশেন কার্য্যার্থে সম্ভবিষ্যতি॥

শ্রীশুক উবাচ

২৬। ইত্যাদিশ্যামরগণান্ প্রজাপতিপতির্বিভুঃ। আশ্বাস্য চ মহীং গীর্ভিঃ স্বধাম পরমং যযৌ॥
২৭। শূরসেনো যদুপতির্মথুরামাবসন্ পুরীম্। মাথুরান্ শূরসেনাংশ্চ বিষয়ান্ বুভুজে পুরা॥
২৮। রাজধানী ততঃ সাভূৎ সর্ব্বযাদবভূভুজাম্। মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতো হরিঃ॥
২৯। তস্যাং তু কহিচিচ্ছৌরির্বসুদেবঃ কৃতোদ্বহঃ। দেবক্যা সূর্য্যয়া সার্দ্ধং প্রয়াণে রথমারুহৎ॥
৩০। উগ্রসেনসুতঃ কংসঃ স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া। রশ্মীন্ হয়ানাং জগ্রাহ রৌক্মৈ রথশতৈর্বৃতঃ॥
৩১। চতুঃশতং পারিবর্হং গজানাং হেমমালিনাম্। অশ্বানামযুতং সার্দ্ধং রথানাঞ্চ ত্রিষট্‌শতম্॥
৩২। দাসীনাং সুকুমারীণাং দ্বে শতে সমলঙ্কৃতে। দুহিত্রে দেবকঃ প্রাদাদ্‌যানে দুহিতৃবৎসলঃ॥
৩৩। শঙ্খতূর্য্যমৃদঙ্গাশ্চ নেদুর্দুন্দুভয়ঃ সমম্। প্রয়াণপ্রক্রমে তাবদ্বরবধ্বোঃ সুমঙ্গলম্॥

---

২২ পৃথিবীর দুঃখ প্রভু জানেন আপনে।
পূরবেই কৈলা প্রভু তা'র সমাধানে॥
তুমি-সব জন্ম গিয়া লভ যদুবংশে।
সভাই জনম' গিয়া নিজ-নিজ-অংশে॥
২৩ বসুদেব-ঘরে হরি দৈবকী-উদরে।
অবতার করিব আপনে ক্ষিতিতলে॥
দিব্যমূর্ত্তি যত আছে দেবতা, সুন্দরী।
জনম লভুক গিয়া নররূপ ধরি'॥
২৪ অনন্ত ধরণীধর সহস্রবদন।
প্রথমে আসিয়া তিঁহো লভিব জনম॥
২৫ বিষ্ণুমায়া ভগবতী জগৎমোহিনী।
আপনেহি আজ্ঞা তাঁ'রে দিলা চক্রপাণি॥
কার্য্য সাধিবারে তিঁহো জন্মিব আপনে।
এ বোল বুঝিয়া, দেব, চল নিজ-স্থানে॥'
২৬ পৃথিবী পাঠাঞা দিলা করিয়া আশ্বাস।
তবে ব্রহ্মা চলিলা আপনে নিজবাস॥
২৭ শূরসেন-নামে রাজা পূরবে আছিল।
সে রাজা মথুরা-নামে পুরী নিরমিল॥
রাজ্যভোগ কৈল রাজা মধুপুরে বসে।
২৮ রাজধানী-নাম তা'র সেই হৈতে ঘুষে॥
যে মথুরাপুরে কৃষ্ণ-নিত্য-সন্নিধান।
২৯ তাহাতে আছিল এক বসুদেব-নাম॥
৩০ উগ্রসেন-নামে এক আছিল নৃপতি।
তা'র ভাই আছিল দেবক-মহামতি॥
দেবক দৈবকী-নামে কন্যার বিবাহে।
ডাক দিয়া বসুদেবে আনিল উৎসাহে॥
বসুদেবে আনিয়া পূজিল মতিমান্।
বিধি-অনুসারে তাঁ'রে কৈল কন্যাদান॥
বহুবিধ ধন দিল যৌতুক-নিমিত্তে।
কন্যা-বর তুলি' তবে দিল দিব্য-রথে॥
৩১ চারিশত মত্ত গজ কাঞ্চনে ভূষিত।
সাজিয়া রথের পাছে কৈল নিয়োজিত॥
আঠারশত রথ দিল কাঞ্চনে নির্ম্মাণ।
পঞ্চদশ-শত ঘোড়া দিল আগুয়ান॥
৩২ দুইশত দাসী দিল ভূষণে ভূষিয়া।
কন্যা সমর্পণ কৈল বিনয় করিয়া॥
৩৩ শঙ্খ-তূর্য্য-দুন্দুভি-মৃদঙ্গ-কোলাহল।
দেববাদ্য, নরবাদ্য বাজে সুমঙ্গল॥

৩৪। পথি প্রগ্রহিণং কংসমাভাষ্যাহাশরীরবাক্। অস্যাস্ত্বামষ্টমো গর্ভো হন্তা যাং বহসেঽবুধ।
৩৫। ইত্যুক্তঃ স খলঃ পাপো ভোজানাং কুলপাংসনঃ। ভগিনীং হন্তুমারব্ধঃ খড়্গপাণিঃ কচেঽগ্রহীৎ॥
৩৬। তং জুগুপ্সিতকর্ম্মাণং নৃশংসং নিরপত্রপম্। বসুদেবো মহাভাগ উবাচ পরিসান্ত্বয়ন্॥

শ্রীবসুদেব উবাচ

৩৭। শ্লাঘনীয়গুণঃ শূরৈর্ভবান্ ভোজযশস্করঃ। স কথং ভগিনীং হন্যাৎ স্ত্রিয়মুদ্বাহপর্ব্বণি?
৩৮। মৃত্যুর্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে। অদ্য বাব্দশতান্তে বা মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবঃ॥
৩৯। দেহে পঞ্চত্বমাপন্নে দেহী কর্ম্মানুগোঽবশঃ। দেহান্তরমনুপ্রাপ্য প্রাক্তনং ত্যজতে বপুঃ॥
৪০। ব্রজংস্তিষ্ঠন্ পদৈকেন যথৈবৈকেন গচ্ছতি। যথা তৃণজলূকৈবং দেহী কর্ম্মগতিং গতঃ॥
৪১। স্বপ্নে যথা পশ্যতি দেহমীদৃশং, মনোরথেনাভিনিবিষ্টচেতনঃ।
দৃষ্টশ্রুতাভ্যাং মনসানুচিন্তয়ন্, প্রপদ্যতে তৎ কিমপি হ্যপস্মৃতিঃ॥
৪২। যতো যতো ধাবতি দৈবচোদিতং, মনো বিকারাত্মকমাপ পঞ্চসু।
গুণেষু মায়ারচিতেষু দেহ্যসৌ, প্রপদ্যমানঃ সহ তেন জায়তে॥

উগ্রসেন-সুত, যুবরাজ কংস-নামে।
রথের সারথি হৈয়া চলিল আপনে॥
৩৪ ধরিল ঘোড়ার রাশ ভগিনী-সদয়ে।
অন্তরীক্ষ-বাণী হৈল হেনঞি সময়ে॥
'যাহারে বহিস্ ওরে অবোধ রাজন্!
ইঁহারই অষ্টম গর্ভে তোমার মরণ॥
না জানিয়া, কুমতি! বহিস্ হেন জনা।
বুঝিয়া করহ কার্য্য, যে হয় মন্ত্রণা॥'
৩৫ এ-বোল শুনিঞা কংস কুলের অঙ্গার।
খলমতি, মহাপাপী, ক্রূর, দুরাচার॥
তীক্ষ্ণ খড়্গ হাতে ধরি' উঠিল সত্বরে।
লাফ দিয়া ধরে গিয়া ভগিনীর চুলে॥
৩৬ তবে বসুদেব দেখি' কংসের বেভার।
নির্লজ্জ, পাপিষ্ঠ, পাপমতি, দুরাচার॥
প্রহসিত-মুখপদ্ম, অন্তরে দুঃখিত।
বসুদেব বলে' তবে সময়-উচিত॥
৩৭ "তোমা' হৈতে যশের বিস্তার ভোজবংশে।
বীরগণ নিরবধি তোমারে প্রশংসে॥
তুমি, কংস, মহাবীর জগতে বিখ্যাত।
তুমি কেন হেন কর্ম্ম করিবে সাক্ষাৎ?
নারীবধ হয়, তাহে ভগিনী তোমার।
বিবাহ-উৎসব তাহে, নহে ধর্ম্মাচার॥
৩৮ যদি বোল, আপনার মরণ খণ্ডাই।
কোন-মতে কারো বোলে মৃত্যু না এড়াই॥
শরীরের সহ মৃত্যু জনমে সভার।
আজি কিংবা কালি শত বৎসরের পর॥
অবশ্য মরণ হ'ব, কভু নহে আন।
এ-বোল বুঝিয়া ক্রোধ ছাড় মতিমান্॥
৩৯ এ দেহ ছাড়িলে আর না হ'ব শরীর।
হেন-বা বলিবে যদি, শুন, মহাবীর॥
আর দেহে যাঞা জীব পূর্ব্বদেহ ছাড়ে।
অদৃষ্ট-অধীন জীব, অদৃষ্টে সঞ্চরে॥
৪০ এক পদ আরোপিয়া আর পদ তুলি।
জোঁক যেন তৃণ ছাড়ে আর তৃণ ধরি'॥
৪১ জাগিতে রাজাদি রূপ হয় দরশনে।
ইন্দ্রপদ, সুখভোগ শুনয়ে শ্রবণে॥
শয়ন করয়ে সেই করিয়া ধেয়ান।
স্বপনেই সেই রূপ হয় বিদ্যমান॥
আপনেঞি হয় ইন্দ্র, আপনেঞি রাজা।
আপনার পূর্ব্বদেহ পাসরয়ে প্রজা॥
৪২ যে দেহ চিন্তিয়া মন করয়ে আশ্রয়।
সেই দেহে জীবের জনম গিয়া হয়॥
উত্তম অধম দেহ—অদৃষ্ট-প্রধান।
অদৃষ্টে যে করে', তাহা কভু নহে আন॥

৪৩। জ্যোতির্যথৈবোদকপার্থিবেষ্বদঃ, সমীরবেগানুগতং বিভাব্যতে।
এবং স্বমায়ারচিতেষ্বসৌ পুমান্, গুণেষু রাগানুগতো বিমুহ্যতি॥

৪৪। তস্মান্ন কস্যচিদ্দ্রোহমাচরেৎ স তথাবিধঃ। আত্মনঃ ক্ষেমমন্বিচ্ছন্ দ্রোগ্ধুর্বৈ পরতো ভয়ম্॥
৪৫। এষা তবানুজা বালা কৃপণা পুত্রিকোপমা। হন্তুং নার্হসি কল্যাণীমিমাং ত্বং দীনবৎসলঃ॥

শ্রীশুক উবাচ

৪৬। এবং স সামভির্ভেদৈর্বোধ্যমানোঽপি দারুণঃ। ন ন্যবর্ত্তত কৌরব্য পুরুষাদাননুব্রতঃ॥
৪৭। নির্ব্বন্ধং তস্য তং জ্ঞাত্বা বিচিন্ত্যানকদুন্দুভিঃ। প্রাপ্তং কালং প্রতিব্যোঢ়ুমিদং তত্রান্বপদ্যত॥
৪৮। মৃত্যুর্বুদ্ধিমতাপোহো যাবদ্বুদ্ধিবলোদয়ম্। যত্নসৌ ন নিবর্ত্তেত নাপরাধোঽস্তি দেহিনঃ॥
৪৯। প্রদায় মৃত্যবে পুত্রান্ মোচয়ে কৃপণামিমাম্। সুতা মে যদি জায়েরন্ মৃত্যুর্বা ন ম্রিয়েত চেৎ॥
৫০। বিপর্য্যয়ো বা কিং ন স্যাদ্গতির্ধাতুর্দুরত্যয়া। উপস্থিতো নিবর্ত্তেত নিবৃত্তঃ পুনরাপতেৎ॥
৫১। অগ্নের্যথা দারুবিয়োগযোগয়ো,-রদৃষ্টতোঽন্যন্ন নিমিত্তমস্তি।
এবং হি জন্তোরপি দুর্বিভাব্যঃ, শরীরসংযোগবিয়োগহেতুঃ॥

---

৪৩ এক চন্দ্র, এক সূর্য্য প্রকাশ-স্বরূপ।
জলভেদে সেই যেন দেখি নানারূপ॥
বায়ুবেগে তা'রা যেন চলন-কম্পন।
বিচারিলে দেখি যেন সে সব ভরম॥
এইরূপ নিত্য জীব—অজর অমর।
ঈশ্বরের অংশ জীব—ঈশ্বর-কিঙ্কর॥
মায়ার রচিত দেহে করি' অনুরাগ।
দেহধর্ম্মে আপনা পাসরে মহাভাগ॥
৪৪ যে পুন পণ্ডিত হয়, করিবে বিচার।
বুঝিয়া না করে' কভু পর-অপকার॥
পরহিংসা করে' যেবা কুশল-কারণে।
সেই হিংসকের ভয় হয় আন হনে॥
৪৫ এ তোমার ভগিনী, কনিষ্ঠ অচেতনা।
ইহাকে না মার' তুমি, শিশু বুদ্ধিহীনা॥'
৪৬ সাম-ভেদে বসুদেব কৈলা এত স্তুতি।
তভু ত' সদয় নৈল কংস পাপমতি॥
৪৭ তবে বসুদেব তা'র বুঝিয়া হৃদয়।
মনে মনে যুকতি চিন্তয়ে মহাশয়॥
'অশুভ খণ্ডিতে করি কালের হরণ।
উপায় দেখিয়ে সবে এই সে কারণ॥
৪৮ যখনে আসিয়া মৃত্যু হয় উপসন্ন।
বুদ্ধিবলে নিবারিব করিয়া যতন॥
তমু যদি মৃত্যুপথ খণ্ডিতে না পারি।
তবে আর আপনার দোষ নাহি ধরি॥
৪৯-৫০ যত পুত্র দৈবকীর হয় উতপন্ন।
সকল করিব লঞা কংসে সমর্পণ॥
এ বোল বলিয়া করি দৈবকীর রক্ষা।
সম্প্রতি এখনে হয় মরণ-প্রতীক্ষা॥
পুত্র জনমিব যদি ইহার উদরে।
যদি পাপ কংস কোন-মতে নষ্ট করে॥
পুত্র জনমিয়া বা কংসের প্রাণ হরে।
বিধাতার গতি কেবা বুঝিবারে পারে?
সম্প্রতি এখনে হয় মৃত্যু-নিবারণ।
কোন-মতে হইবে বা কংসের মরণ॥
৫১ আগুনি লাগিয়া যেন পোড়ে কাষ্ঠচয়।
দৈবযোগে তা'র মাঝে কোন কাষ্ঠ রয়॥
নিকটে ছাড়িয়া ঘর, দূরে গিয়া পোড়ে।
অদৃষ্ট যাহার যেন, তেন ফল ধরে॥
এইরূপ শরীরের সংযোগ-বিচ্ছেদ।
অদৃষ্টকারণ বিনা কিছু নাহি ভেদ॥'

৫২। এবং বিমৃশ্য তং পাপং যাবদাত্মনিদর্শনম্। পূজয়ামাস বৈ শৌরির্বহুমানপুরঃসরম্॥
৫৩। প্রসন্নবদনাম্ভোজো নৃশংসং নিরপত্রপম্। মনসা দূয়মানেন বিহসন্নিদমব্রবীৎ॥

শ্রীবসুদেব উবাচ

৫৪। ন হ্যস্যাস্তে ভয়ং সৌম্য যদ্যৈ সাহাশরীরবাক্। পুত্রান্ সমর্পয়িষ্যেঽস্যা যতস্তে ভয়মুত্থিতম্॥

শ্রীশুক উবাচ

৫৫। স্বসুর্বধান্নিবৃতে কংসস্তদ্বাক্যসারবিৎ। বসুদেবোঽপি তং প্রীতঃ প্রশস্য প্রাবিশদ্গৃহম্॥
৫৬। অথ কাল উপাবৃত্তে দেবকী সর্ব্বদেবতা। পুত্রান্ প্রসুষুবে চাষ্টৌ কন্যাঞ্চৈবানুবৎসরম্॥
৫৭। কীর্ত্তিমন্তং প্রথমজং কংসায়ানকদুন্দুভিঃ। অর্পয়ামাস কৃচ্ছ্রেণ সোঽনৃতাদতিবিহ্বলঃ॥
৫৮। কিং দুঃসহং নু সাধূনাং বিদুষাং কিমপেক্ষিতম্।
কিমকার্য্যং কদর্য্যাণাং দুস্ত্যজং কিং ধৃতাত্মনাম্?
৫৯। দৃষ্ট্বা সমত্বং তচ্ছৌরেঃ সত্যে চৈব ব্যবস্থিতিম্। কংসস্তুষ্টমনা রাজন্ প্রহসন্নিদমব্রবীৎ॥
৬০। প্রতিযাতু কুমারোঽয়ং ন হ্যস্মাদস্তি মে ভয়ম্। অষ্টমাদ্যুবয়োর্গর্ভান্মৃত্যুর্মে বিহিতঃ কিল॥
৬১। তথেতি সুতমাদায় যযাবানকদুন্দুভিঃ। নাভ্যনন্দত তদ্বাক্যমসতোঽবিজিতাত্মনঃ॥
৬২। নন্দাদ্যা যে ব্রজে গোপা যাশ্চামীষাঞ্চ যোষিতঃ। বৃষ্ণয়ো বসুদেবাদ্যা দেবক্যাদ্যা যদুস্ত্রিয়ঃ॥
৬৩। সর্ব্বে বৈ দেবতাপ্রায়া উভয়োরপি ভারত। জ্ঞাতয়ো বন্ধুসুহৃদো যে চ কংসমনুব্রতাঃ॥
৬৪। এতৎ কংসায় ভগবান্ শশংসাভ্যেত্য নারদঃ। ভূমের্ভারায়মাণানাং দৈত্যানাঞ্চ বধোদ্যমম্॥

৫২-৫৩ এইরূপে বিমরিষ করিয়া হৃদয়।
বলিতে লাগিলা বসুদেব-মহাশয়॥
অট্ট-অট্ট হাস করি' প্রসন্নবদন।
অন্তরে দুঃখিত হৈয়া কি বলে বচন?

৫৪ 'শুন, কংস যুবরাজ, তুমি মহাশয়।
দেবকী করিয়া তুমি না করিহ ভয়॥
যত পুত্র জনমিব ইহার উদরে।
আমি আনি' সমর্পিব তোমার গোচরে॥
অন্তরীক্ষ-বাণী হৈল যাহার কারণে।
তাহা আনি' দিব আমি তোমা' বিদ্যমানে॥'

৫৫ এ-বোল শুনিয়া কংস চিন্তিল হৃদয়।
'ভাল ত কহিল বসুদেব-মহাশয়॥'
দৈবকীর কেশবন্ধ দিল ত' ছাড়িয়া।
বসুদেব ঘরে গেলা, কংসে প্রশংসিয়া॥

৫৬-৫৭ কথো-কাল বই তবে দৈবকী-উদরে।
অষ্ট পুত্র জনমিল বৎসরে বৎসরে॥
শেষে এক কন্যা আর হৈল উপাদান।
প্রথম পুত্রের হৈল কীর্ত্তিমন্ত নাম॥
ভয়যুত বসুদেব অসত্য-বচনে।
পুত্র সমর্পিল লৈয়া কংস-বিদ্যমানে॥

৫৮ সাধুজনে নাহি কিছু দুঃসহ সংসারে।
পণ্ডিত জনের কিবা অপেক্ষা কাহারে?
দুষ্টজনে কোন্ কোন্ না করে বিকর্ম্ম?
ভকত-জনের কিবা নাহি ত্যাগ-ধর্ম্ম?

৫৯ তাঁ'র সত্যধর্ম্ম দেখি' কংস যুবরাজ।
বলিল বিনয় কিছু মনে পাঞা লাজ॥

৬০ 'ইহা হনে আমার খানিক নাহি ভয়।
ঘরে লঞা যাহ তুমি আপন-তনয়॥
অষ্টম গর্ভেতে পুত্র হইব তোমার।
তাহা হৈতে মৃত্যুভয় আছএ আমার॥'

৬১ পুত্র লঞা বসুদেব চলিলা তখনে।
প্রতীত নহিল তাঁ'র দুষ্টের বচনে॥

৬২-৬৪ হেনকালে আসিয়া নারদ তপোধন।
কহিল কংসেরে তবে মন্ত্রণা-বচন॥
'নন্দ-আদি গোপ, তা'র গোকুলে বসতি।
সপুত্র-বান্ধব তা'র যতেক যুবতী॥

৬৫। ঋষের্বিনির্গমে কংসো যদূন্ মত্বা সুরানিতি। দেবক্যা গর্ভসম্ভূতং বিষ্ণুঞ্চ স্ববধং প্রতি॥
৬৮। আত্মানমিহ সঞ্জাতং জানন্ প্রাগ্‌বিষ্ণুনা হতম্। মহাসুরং কালনেমিং যদুভিঃ স ব্যরুধ্যত॥
৬৬। দেবকীং বসুদেবঞ্চ নিগৃহ্য নিগড়ৈর্গৃহে। জাতং জাতমহন্ পুত্রং তয়োরজনশঙ্কয়া॥
৬৭। মাতরং পিতরং ভ্রাতৃন্ সর্ব্বাংশ্চ সুহৃদস্তথা। ঘ্নন্তি হ্যসুতৃপো লুব্ধা রাজানঃ প্রায়শো ভুবি॥
৬৯। উগ্রসেনঞ্চ পিতরং যদুভোজান্ধকাধিপম্। স্বয়ং নিগৃহ্য বুভুজে শূরসেনান্ মহাবলঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে শ্রীব্রহ্মসূত্রভাষ্যে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
শ্রীকৃষ্ণাবতারোপক্রমে প্রথমোঽধ্যায়ঃ॥ ১॥

যদুবংশে তোমার যতেক বন্ধু আছে।
বসুদেব-আদি যত মথুরাতে বৈসে॥
যতেক দৈবকী-আদি যদুকুল-নারী।
এ-সব দেবতা-প্রায় বুঝ অবধারি'॥

জ্ঞাতি, বন্ধু, বান্ধব, তোমার যত ভৃত্য।
এ-সব দেবতা—আমি কহিল নিশ্চিত॥
পৃথ্বীর হরিতে ভার দেবের মন্ত্রণা।
বুঝিয়া উপায় তুমি করহ খণ্ডনা॥'

৬৫ এতেক বলিয়া মুনি কৈলা অন্তর্দ্ধান।
কোন্ যুক্তি করে' তবে কংস বলবান্?
'দৈবকীর গর্ভে হৈব বিষ্ণু-অবতার।
সেই সে করিব মোরে অবশ্য সংহার॥'

৬৮ 'পূরবে আছিলুঁ মুঞি নামে কালনেমি।
সংগ্রামে মারিল মোকে সেই চক্রপাণি॥
এখনে কপট-বেশে দৈবকী-উদরে।
জনম লভিব, মোকে মারিবার তরে॥'

৬৬ এতেক জানিঞা কংস কোন্ কর্ম্ম করে'?
বসুদেব-দৈবকীরে বান্ধিল নিগড়ে॥
যত পুত্র জনমিল বৎসরে বৎসরে।
বিষ্ণু-শঙ্কা করিয়া মারিল বারে-বারে॥
৬৭ খল রাজা হৈলে কোন্ না করে' দুর্নীত?
বন্ধু-বধ করে'—তা'র এ কোন্ বিচিত্র?
পিতা, মাতা, বন্ধু, পুত্র, মিত্র, সহোদরে।
রাজ্যলোভে লোভী রাজা এ-সব সংহারে॥
৬৯ উগ্রসেন পিতা লৈয়া নিগড়ে বান্ধিল।
আপনি নৃপতি হৈয়া রাজ্য ভোগ কৈল॥"
'মহাভাগবত' লোক সুখে যেন বুঝে।
কথাচ্ছলে কহি আমি বুঝিবার কাজে॥
বুধজনে সবে মোর এই পরিহার।
'দোষ ক্ষমা করি' গুণ করিবে বিচার॥'
যেন-তেন-মতে কৃষ্ণকথা-অবসরে।
দিবস গোঙাই মাত্র—এই মন ধরে॥
চিত্ত দিয়া শুন, ভাই, কৃষ্ণগুণবাণী।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং প্রথমোঽধ্যায়ঃ॥ ১॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। প্রলম্ব-বক-চাণূর-তৃণাবর্ত্ত-মহাশনৈঃ। মুষ্টিকারিষ্ট-দ্বিবিদ-পূতনা-কেশি-ধেনুকৈঃ॥
২। অন্যৈশ্চাসুরভূপালৈর্বাণভৌমাদিভির্যুতঃ। যদূনাং কদনং চক্রে বলী মাগধসংশ্রয়ঃ॥
৩। তে পীড়িতা নিবিবিশুঃ কুরুপঞ্চালকেকয়ান্। শাল্বান্ বিদর্ভান্ নিষধান্ বিদেহান্ কোশলানপি॥
৪। একে তমনুরুন্ধানা জ্ঞাতয়ঃ পর্য্যুপাসতে। হতেষু ষট্সু বালেষু দেবক্যা ঔগ্রসেনিনা॥
৫। সপ্তমো বৈষ্ণবং ধাম যমনন্তং প্রচক্ষতে। গর্ভো বভূব দেবক্যা হর্ষশোকবিবর্দ্ধনঃ॥
৬। ভগবানপি বিশ্বাত্মা বিদিত্বা কংসজং ভয়ম্। যদূনাং নিজনাথানাং যোগমায়াং সমাদিশৎ॥
৭। গচ্ছ দেবি ব্রজং ভদ্রে গোপগোভিরলঙ্কৃতম্। রোহিণী বসুদেবস্য ভার্য্যাস্তে নন্দগোকুলে।
অন্যাশ্চ কংসসংবিগ্না বিবরেষু বসন্তি হি॥
৮। দেবক্যা জঠরে গর্ভং শেষাখ্যং ধাম মামকম্। তৎ সন্নিকৃষ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয়॥
৯। অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং শুভে। প্রাপ্স্যামি ত্বং যশোদায়াং নন্দপত্ন্যাং ভবিষ্যসি॥
১০। অর্চ্চিষ্যন্তি মনুষ্যাস্ত্বাং সর্ব্বকামবরেশ্বরীম্। ধূপোপহারবলিভিঃ সর্ব্বকামবরপ্রদাম্॥

[নট-রাগ]

১ "প্রলম্ব, চাণূর, বক, তৃণাবর্ত্ত-নাম।
অঘাসুর, মুষ্টিক, অরিষ্ট বলবান্॥
দ্বিবিদ, ধেনুক আর পূতনা-রাক্ষসী।
যতেক অসুর আর মহাবল কেশী॥

২ বাণ-আদি করি' আর যত নরেশ্বর।
এ-সব সংহতি করি' কংস মহাবল॥
জরাসন্ধ সহায় করিয়া দুষ্টবুদ্ধি।
যদুকুলে কদন করয়ে নিরবধি॥

৩ তা'র ভয়ে যদুবংশ গিয়া নানাদেশে।
পলাঞা রহিল গিয়া অকিঞ্চন-বেশে॥

৪-৫ তা'র সেবা করিয়া রহিলা কথোজন।
হেনরূপে কৈল যদুবংশ-বিড়ম্বন॥
ছয় পুত্র হৈল যদি দৈবকীর নাশ।
সপ্তমে অনন্ত আসি' গর্ভে কৈলা বাস॥
কেবল বৈষ্ণবধাম সহস্রবদন।
দৈবকীর গর্ভে আসি' হৈলা উপসন্ন॥
কংসভয়ে দৈবকী রহিল বিমরিষ।
'জন্মিব ঈশ্বর পুত্র'—এ বড় হরিষ॥

৬ জগতের আত্মা প্রভু পূর্ণ ভগবান্।
হেন বস্তু নাহি, যা'থে নাহি অবধান॥
যদুকুলে কংসভয় জানেন আপনে।
যোগমায়া পাঠাইঞা দিল নারায়ণে॥

৭ 'চল মহামায়া তুমি, নন্দের গোকুলে।
গোপ-গোপী-গোধন-মণ্ডিত নিরন্তরে॥
বসুদেব-ভার্য্যা তথা আছয়ে রোহিণী।
কংসভয়ে অলক্ষিতে থাকে একাকিনী॥

৮ দৈবকীর গর্ভ লঞা রোহিণী-উদরে।
থোহ নিয়া, কেহ যেন না লখিতে পারে॥

৯ তবে আমি পূর্ণরূপে দৈবকী-উদরে।
জনম লভিব গিয়া বসুদেব-ঘরে॥
নন্দের ঘরণী আছে যশোদা-সুন্দরী।
তথা জন্ম লভ' গিয়া দিব্যরূপ ধরি'॥

১০ নানা-যজ্ঞ, বলিদান দিয়া উপহার।
নরলোকে মহাপূজা করিবে তোমার॥
সর্ব্বলোকে দিবে তুমি সর্ব্ব-কাম্যবর।
সর্ব্বলোক তোমারে পূজিব নিরন্তর

১১। নামধেয়ানি কুর্ব্বন্তি স্থানানি চ নরা ভুবি। দুর্গেতি ভদ্রকালীতি বিজয়া বৈষ্ণবীতি চ॥
১২। কুমুদা চণ্ডিকা কৃষ্ণা মাধবী কন্যকেতি চ। মায়া নারায়ণীশানী শারদেত্যম্বিকেতি চ॥
১৩। গর্ভসঙ্কর্ষণাত্তং বৈ প্রাহুঃ সঙ্কর্ষণং ভুবি। রামেতি লোকরমণাদ্বলং বলবদুচ্ছ্রয়াৎ॥
১৪। সন্দিষ্টৈবং ভগবতা তথেত্যোমিতি তদ্বচঃ। প্রতিগৃহ্য পরিক্রম্য গাং গতা তত্তথাকারোৎ॥
১৫। গর্ভে প্রণীতে দেবক্যা রোহিণীং যোগনিদ্রয়া। অহো বিস্রংসিতো গর্ভ ইতি পৌরা বিচুক্রুশুঃ॥
১৬। ভগবানপি বিশ্বাত্মা ভক্তানামভয়ঙ্করঃ। আবিবেশাংশভাগেন মন আনকদুন্দুভেঃ॥
১৭। স বিভ্রৎ পৌরুষং ধাম ভ্রাজমানো যথা রবিঃ। দুরাসদোঽতিদুর্দ্ধর্ষো ভূতানাং সংবভূব হ॥

১৮। ততো জগন্মঙ্গলমচ্যুতাংশং, সমাহিতং শূরসুতেন দেবী।
দধার সর্ব্বাত্মকমাত্মভূতং, কাষ্ঠা যথানন্দকরং মনস্তঃ॥

১৯। সা দেবকী সর্ব্বজগন্নিবাস,-নিবাসভূতা নিতরাং ন রেজে।
ভোজেন্দ্রগেহেঽগ্নিশিখেব রুদ্ধা, সরস্বতী জ্ঞানখলে যথা সতী॥

২০। তাং বীক্ষ্য কংসঃ প্রভয়াজিতান্তরাং, বিরোচয়ন্তীং ভবনং শুচিস্মিতাম্।
আহৈষ মে প্রাণহরো হরির্গুহাং, ধ্রুবং শ্রিতো যন্ন পুরেয়মীদৃশী॥

১১-১২ কুমুদা, চণ্ডিকা, দুর্গা, বিজয়া, বৈষ্ণবী।
নারায়ণী, ভদ্রকালী, শারদা, মাধবী॥
এ-সব বিশেষ নাম ধরিব তোমার।
জগতে রহিব দিব্য-পূজা সর্ব্বকাল॥

১৩ গর্ভ আকর্ষণ করি' আনিব আপনে।
'সঙ্কর্ষণ' নাম তাঁ'র হৈব তে-কারণে॥
মনোরম দেখি' নাম হৈব 'বলরাম'।
'বলভদ্র' নাম হৈব দেখি' বলবান্॥'

১৪ এইরূপ আজ্ঞা যদি দিলা নারায়ণে।
শিরে আজ্ঞা ধরি' দেবী চলিলা তখনে॥
দৈবকীর গর্ভ আনি' রোহিণী-উদরে।
মহামায়া থুইল লঞা মহাযোগবলে॥

১৫ 'দৈবকীর গর্ভপাত হৈল'—হেন বাণী।
সর্ব্বলোকে এই কথা হৈল জানাজানি॥

১৬ জগতের আত্মা প্রভু পূর্ণ ভগবান্।
সতত ভকত-জন করে' পরিত্রাণ॥
সর্ব্ব-শক্তি লৈয়া তবে প্রভু হৃষীকেশ।
আনকদুন্দুভি-মনে কৈল পরবেশ॥

১৭ বসুদেব পরম বৈষ্ণব-ধাম ধরি।
সূর্য্য-সম তেজ, কেহো সহিতে না পারি॥

১৮ হেন কালে তবে বসুদেব মহাভাগ।
চাহিলা দৈবকীমুখ করি' অনুরাগ॥
সর্ব্বশক্তি-যুত ধাম জগত-মঙ্গল।
অখণ্ড, অচ্যুত, পরিপূর্ণ মহেশ্বর॥
বসুদেব আরোপিলা দৈবকীর মনে।
ধরিল দৈবকী ধাম চিত্ত-সমাধানে॥
পূর্ব্বদিক্ ধরে যেন পূর্ণ-শশধর।
ধরিল দৈবকী ধাম মনের ভিতর॥

১৯ জগৎ-নিবাস, তাঁ'র নিবাস-স্বরূপ।
প্রকাশ নহিল তভু দৈবকীর রূপ॥
কংসের মন্দিরে দেবী আছিলা বন্ধনে।
প্রকাশ নহিল তেজ তাহার কারণে॥
প্রদীপের শিখা যেন রুধিলে না জ্বলে।
মূর্খ-মুখে শুদ্ধবাণী যেন না সঞ্চরে॥

২০ কংস আসি' দৈবকী দেখিল আচম্বিত।
চিন্তিতে লাগিল কংস মনে পাঞা ভীত॥
'এমন দৈবকী-রূপ কভু নাহি দেখি।
বিষ্ণু আসি' অবতার কৈলা হেন লখি॥
দৈবকীর অঙ্গতেজ সহনে না যায়।

২১। কিমত্র তস্মিন্ করণীয়মাশু মে, যদর্থতন্ত্রো ন বিহন্তি বিক্রমম্।
স্ত্রিয়াঃ স্বসুর্গুরুমত্যা বধোঽয়ং, যশঃ শ্রিয়ং হন্ত্যনুকালমায়ুঃ॥
২২। স এষ জীবন্ খলু সম্পরেতো, বর্ত্তেত যোঽত্যন্তনৃশংসিতেন।
দেহে মৃতে তং মনুজাঃ শপন্তি, গন্তা তমোঽন্ধং তনুমানিনো ধ্রুবম্॥
২৩। ইতি ঘোরতমাদ্ভাবাৎ সন্নিবৃত্তঃ স্বয়ং প্রভুঃ। আস্তে প্রতীক্ষংস্তজ্জন্ম হরের্বৈরানুবন্ধকৃৎ॥
২৪। আসীনঃ সংবিশংস্তিষ্ঠন্ ভুঞ্জানঃ পর্য্যটন্ মহীম্। চিন্তয়ানো হৃষীকেশমপশ্যৎ তন্ময়ং জগৎ॥
২৫। ব্রহ্মা ভবশ্চ তত্রৈত্য মুনিভির্নারদাদিভিঃ। দেবৈঃ সানুচরৈঃ সাকং গীর্ভির্বৃষণমৈড়য়ন্॥
২৬। সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যং, সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে।
সত্যস্য সত্যমৃতসত্যনেত্রং, সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ॥
২৭। একায়নোঽসৌ দ্বিফলস্ত্রিমূল,-শ্চতুরসঃ পঞ্চবিধঃ ষড়াত্মা।
সপ্তত্বগষ্টবিটপো নবাক্ষো, দশচ্ছদী দ্বিখগো হ্যাদিবৃক্ষঃ॥
২৮। ত্বমেক এবাস্য সতঃ প্রসূতি,-স্ত্বং সন্নিধানং ত্বমনুগ্রহশ্চ।
ত্বন্মায়য়া সংবৃতচেতসস্ত্বাং, পশ্যন্তি নানা ন বিপশ্চিতো যে॥

২১-২২ এখনে করিব আমি কেমন উপায় ?
প্রয়োজন-কারণে বিক্রম নাহি ছাড়ি।
যাহা হৈতে অপযশ রহে লোক ভরি'॥
একে ত' স্ত্রী-জাতি, তা'তে আর গর্ভবতী।
তাহাতে ভগিনী-বধ,—হয় কোন্ গতি ?
বল, বীর্য্য, পরমায়ু হরয়ে সকল।
জীয়ন্তেই মরা, তা'র জীবন বিফল॥'

২৩ এইরূপ সংশয় চিন্তিয়া মনে মনে।
চিত্ত নিবারিয়া কংস রহিলা আপনে॥
'এখনে জন্মিব হরি, কি হয় প্রকার ?'
নিরবধি চিন্তয়ে মরণ-প্রতিকার॥

২৪ ভোজন, শয়ন, পান, করিতে গমন।
কৃষ্ণময় জগৎ দেখিল অনুক্ষণ॥
গোবিন্দ-ধেয়ান করি' রহে নিরন্তর।
চিন্তিতে চৌদিগে সব দেখে গদাধর॥

২৫ তবে নারদাদি, সনকাদি মুনিগণ।
ইন্দ্র-আদি দেবগণ সবল-বাহন॥
আপনে আসিয়া ব্রহ্মা, হর-মহেশ্বর।
স্তুতি করে নারায়ণে গর্ভের ভিতর॥

২৬ 'সত্যব্রত প্রভু তুমি, সত্য সর্ব্বকাল।
সত্যে তোমা' পায় জীব, সত্যের আধার॥
সত্যে আরোপিত, সত্য আছয়ে তোমাতে।
তুমি সে সত্যের সত্য—জানিল সাক্ষাতে॥
সত্যময় প্রভু তুমি, ঋত সত্যব্রহ্ম।
আমি-সব হই দুই চরণে প্রপন্ন॥

২৭ সংসার-বৃক্ষের এক প্রকৃতি আশ্রয়।
পাপ-পুণ্য দুইগুটি সবে ফল হয়॥
সত্ত্ব-রজ-তমগুণ তিনগুটি—মূল।
ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ—চারি রস-তুল॥
পঞ্চভূত-বিরচিত পঞ্চ পরকার।
শোক, মোহ, জরা, ব্যাধি, ক্ষুধা, তৃষ্ণা— সার॥
রস, রক্ত, মাংস-আদি সাত ধাতু—ছাল।
অষ্ট প্রকৃতি তা'র—অষ্টগুটি ডাল॥
নবগুটি গর্ত্তে হয় সঞ্চার-বেভার।
এইরূপে কহি আদি-বৃক্ষের বিস্তার॥
দশগুটি ইন্দ্রিয়—বৃক্ষের দশ পাতে।
সবে দুইগুটি হংস-পক্ষী আছে তা'থে॥
আব্রহ্ম-পর্য্যন্ত-ভব আদি-বৃক্ষ বলি।
সকল পুরাণ-বেদে এই অবধারি॥

২৮ হেন ভববৃক্ষ তোমা' হৈতে উতপতি।
তোমাতে প্রলয় হয়, তুমি তা'র স্থিতি॥

২৯। বিভর্ষি রূপাণ্যববোধ আত্মা, ক্ষেমায় লোকস্য চরাচরস্য।
সত্ত্বোপপন্নানি সুখাবহানি, সতামভদ্রাণি মুহুঃ খলানাম্॥
৩০। ত্বয্যম্বুজাক্ষাখিলসত্ত্বধাম্নি, সমাধিনাবেশিতচেতসৈকে।
ত্বৎপাদপোতেন মহৎকৃতেন, কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিম্॥
৩১। স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্, ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে, নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্॥
৩২। যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন,-স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ, পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥
৩৩। তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্,-ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া, বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥

তুমি সে পালন তা'র কর' সর্ব্বকাল।
তোমা' বিনে সত্য কিছু না হয় সংসার॥
তুমি সৃজ, তুমি পাল, তোমাতে প্রলয়।
মায়া-বিমোহিত লোক নানারূপ কয়॥
তুমি ব্রহ্মা, তুমি বিষ্ণু, তুমি মহেশ্বর।
এক প্রভু, ধর তুমি নানা-কলেবর॥
বুধজনে তুমি হেন সত্য—সবে জানে।
অসত্য মানয়ে সত্য বিমোহিত-জনে॥

২৯ জ্ঞানময় আত্মা তুমি দিব্য রূপ ধর'।
দিব্য অবতার করি' ভকত উদ্ধার'॥
জগৎ-মঙ্গল রূপ ধর' সত্যময়।
সাধুজন-পরিত্রাণ যাহা হনে হয়॥
খল-নিবারণ-হেতু কর' অবতার।
যোগিগণ যে রূপ চিন্তিয়া হয় পার॥

৩০ যত যত ভাগবত আছিল প্রধান।
চিন্তিল তোমার শুদ্ধ-সত্ত্বময় ধাম॥
সমাধি করিয়া চিত্ত করি' নিরোধন।
তোমার চরণনৌকা করিয়া চিন্তন॥
গুরুজন-উপদেশে বৎসপদ করি'।
লীলায় চলিলা তাঁ'রা ভবসিন্ধু তরি'॥

৩১ আপনে তরিয়া ভবসিন্ধু ভয়ঙ্কর।
লোক-পরিত্রাণ-হেতু চিন্তিল বিস্তর॥
এ-লোকবৎসল তাঁ'রা সহজে দয়াল।
তোমার চরণে ভক্তি করিয়া বিস্তার॥
চরণপঙ্কজ-পোত জগতে স্থাপিয়া।
মহাজন সব গেল সংসার তরিয়া॥

৩২ হের, হে করুণাসিন্ধু কমললোচন!
ভক্তিহীন জন, তা'র বিফল জীবন॥
তোমার চরণে ভক্তি না কৈল যে-জনে।
যোগ সাধি' আপনাকে মুক্ত-হেন মানে॥
করিয়া পরমপদ দুঃখে আরোহণ।
তাহা হৈতে হয় তা'র পুনঃ নিপাতন॥
তোমার পদারবিন্দে যে হয় বঞ্চিত।
শুদ্ধবুদ্ধি নহে, তা'র ভক্তিহীন চিত॥
মুক্তিপদ পাঞা সে-যে পড়ে আর বার।
ভক্তি বিনে কেহো নহে ভবসিন্ধু-পার॥

৩৩ হে মাধব, হে যাদব, জগৎনিবাস!
ভকত-জনের কভু না হয় বিনাশ॥
প্রেম-অনুবন্ধ করি' তোমার চরণে।
যথা-তথা রহুক, যেন-তেন মনে॥
বিঘ্ন-শিরে চরণ ধরিয়া দৃঢ় করি'।
স্বচ্ছন্দে ভ্রমুক গিয়া ভয় পরিহরি'॥
তুমি রক্ষা কর যদি, নহে তা'র নাশ।
হেন তুমি ভকতবৎসল শ্রীনিবাস॥
যদ্যপি কেবল আত্মা তুমি জ্ঞানময়।
তথাপি ভকতজন-পালন সদয়॥

৩৪। সত্ত্বং বিশুদ্ধং শ্রয়তে ভবান্ স্থিতৌ, শরীরিণাং শ্রেয়উপায়নং বপুঃ।
বেদক্রিয়াযোগতপঃসমাধিভি,-স্তবার্হণং যেন জনঃ সমীহতে॥

৩৫। সত্ত্বং ন চেদ্ধাতরিদং নিজং ভবেৎ, বিজ্ঞানমজ্ঞানভিদাপমার্জ্জনম্।
গুণপ্রকাশৈরনুমীয়তে ভবান্, প্রকাশতে যস্য চ যেন বা গুণঃ॥

৩৬। ন নামরূপে গুণজন্মকর্ম্মভি,-র্নিরূপিতব্যে তব তস্য সাক্ষিণঃ।
মনোবচোভ্যামনুমেয়বর্ত্মনা, দেব ক্রিয়ায়াং প্রতিযন্ত্যথাপি হি॥

৩৭। শৃণ্বন্ গৃণন্ সংস্মরয়ংশ্চ চিন্তয়ন্, নামানি রূপাণি চ মঙ্গলানি তে।
ক্রিয়াসু যস্ত্বচ্চরণারবিন্দয়ো,-রাবিষ্টচেতা ন ভবায় কল্পতে॥

৩৮। দিষ্ট্যা হরেঽস্যা ভবতঃ পদো ভুবো, ভারোঽপনীতস্তবজন্মনেশিতুঃ।
দিষ্ট্যাঙ্কিতা ত্বৎপদকৈঃ সুশোভনৈ,-র্দ্রক্ষ্যাম গাং দ্যাঞ্চ তবানুকম্পিতাম্॥

৩৯। ন তেঽভবস্যেশ ভবস্য কারণং, বিনা বিনোদং বত তর্কয়ামহে।
ভবো নিরোধঃ স্থিতিরপ্যবিদ্যয়া, কৃতা যতস্ত্বয্যভয়াশ্রয়াত্মনি॥

---

৩৪ বিশুদ্ধ পরমধাম, দিব্যমূর্ত্তি ধর'।
জীবপরিত্রাণ লাগি' নানা-লীলা কর'॥
দেবযজ্ঞ, কর্ম্মযজ্ঞ, তপযজ্ঞ করি'।
সে রূপ ভাবিয়া লোক যাইব ভব তরি'॥
এই-সে কারণে মূর্ত্তি কর' আবির্ভাব।
প্রকট পরমানন্দ, অচিন্ত্য-প্রভাব॥

৩৫ যদি না করিতে হেন মূর্ত্তি পরকাশ।
কে তোমা' জানিত তবে সর্ব্বভূতে বাস?
কাহারো নহিত তবে ঈশ্বর-গেয়ান।
আছেন ঈশ্বর—সবে এই অনুমান॥
কাহারো নহিত তবে অজ্ঞান-বিচ্ছেদ।
কা'রো না ঘুচিত তবে ভবদুঃখ-খেদ॥
এখনে তোমার দিব্য অবতার ভজি'।
সুখে লোক তরিব সংসার-দুঃখ তেজি'॥

৩৬ গুণ-কর্ম্ম-জন্ম তুমি ধর' নানামতে।
তভু নাম-রূপ না পারিয়ে নিরূপিতে॥
অনন্ত তোমার নাম, গুণ, অবতার।
নিরূপিতে পারে, হেন শকতি কাহার?
মনোবচনের, প্রভু, তুমি অগোচর।
সর্ব্বলোক-সাক্ষী, তুমি মহামহেশ্বর॥
কদাচিৎ করে' কেহ পথ অনুমান।
হেন মহাপ্রভু তুমি পূর্ণ ভগবান্॥
সবে চরণারবিন্দ পরিচর্য্যা করি'।
এই-সে উপায়ে ভব তরিবারে পারি॥

৩৭ শুনিব, স্মরিব, নাম করিব কীর্ত্তন।
জগত-মঙ্গল নাম করিব চিন্তন॥
পরিচর্য্যা-কর্ম্ম করে' ভক্তিযুত হৈয়া।
সেহি-সে এ-ঘোর যায় সংসার তরিয়া॥

৩৮ আপনে ঈশ্বর হৈয়া লভিলে জনম।
এতেকে হইল ভার পৃথ্বীর খণ্ডন॥
এই ভাগ্য—তোমার দেখিব পাদপদ্ম।
মহাভাগবত-মত্ত-মধুব্রত-সদ্ম॥
চরণ-পঙ্কজ-সুশোভিত ক্ষিতিতলে।
দেখিব পদারবিন্দ গগনমণ্ডলে॥

৩৯ আপনে ঈশ্বর তুমি, অজ, নিরঞ্জন।
না দেখি বিনোদ বিনে জনম-কারণ॥
যাঁহার মায়ায় করে' সৃষ্টি-পরলয়।
অনন্ত ব্রহ্মাণ্ড-কোটী যাঁহার হৃদয়॥
হেন প্রভু হৈয়া তুমি কর' অবতার।
সবে দেখি প্রয়োজন—করিবে বিহার॥

৪০। **মৎস্যাশ্ব-কচ্ছপ-নৃসিংহ-বরাহ-হংস,-রাজন্য-বিপ্র-বিবুধেষু কৃতাবতারঃ।**
ত্বং পাসি নস্ত্রিভুবনঞ্চ যথাধুনেশ, ভারং ভুবো হর যদূত্তম বন্দনং তে॥

৪১। **দিষ্ট্যাম্ব তে কুক্ষিগতঃ পরঃ পুমা,-নংশেন সাক্ষাদ্ভগবান্ ভবায় নঃ।**
মা ভূদ্ভয়ং ভোজপতের্মুমূর্ষো,-র্গোপ্তা যদূনাং ভবিতা তবাত্মজঃ॥

শ্রীশুক উবাচ

৪২। **ইত্যভিষ্টূয় পুরুষং যদ্রূপমনিদং যথা।**
ব্রহ্মেশানৌ পুরোধায় দেবাঃ প্রতিযযুর্দিবম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে গর্ভগতবিষ্ণোর্ব্রহ্মাদিকৃতস্তুতির্নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২॥

---

৪০ মৎস্য-কূর্ম্ম আদি নানা অবতার করি'।
জগৎ-রক্ষণ যেন কর' ভার হরি'॥
সেইরূপে এখনে পৃথ্বীর হর' ভার।
সুরগণ পালন করিহ সর্ব্বকাল॥
সতত তোমার রহু চরণে বন্দন।'
৪১ তবে দৈবকীর তরে কৈল সম্ভাষণ॥
'পরম-পুরুষ যে সাক্ষাৎ ভগবান্।
তোমার উদরে তাঁ'র হৈল উপাদান॥
তুমি না করিহ আর কংস করি' ভয়।
সাক্ষাৎ বৈকুণ্ঠনাথ তোমার তনয়॥'
৪২ এইরূপ স্তুতি করি' যত দেবগণ।
অজ-ভব-আদি করি' কৈল অন্তর্দ্ধান॥"
দেবস্তুতি, কৃষ্ণকথা, বুদ্ধি-অনুমানে।
কহিল সকল, লোক বুঝিব কারণে॥
ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২॥

তৃতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **অথ সর্ব্বগুণোপেতঃ কালঃ পরমশোভনঃ। যর্হ্যেবাজনজন্মর্ক্ষং শান্তর্ক্ষগ্রহতারকম্॥**
২। **দিশঃ প্রসেদুর্গগনং নির্ম্মলোড়ুগণোদয়ম্। মহী মঙ্গলভূয়িষ্ঠ-পুরগ্রামব্রজাকরা॥**
৩। **নদ্যঃ প্রসন্নসলিলা হ্রদা জলরুহশ্রিয়ঃ। দ্বিজালিকুলসন্নাদস্তবকা বনরাজয়ঃ॥**
৪। **ববৌ বায়ুঃ সুখস্পর্শঃ পুণ্যগন্ধবহঃ শুচিঃ। অগ্নয়শ্চ দ্বিজাতীনাং শান্তাস্তত্র সমিদ্ধত॥**

[মল্লার-রাগ]

মুনি বলে',—"শুন, রাজা অদভুত বাণী।
এখনে কহিব—কৃষ্ণজনম-কাহিনী॥
১ সর্ব্বগুণযুত কাল পরমসুন্দর।
পৃথিবী পূরিয়া হৈল আনন্দ-মঙ্গল॥
শুভ বার, তিথি, যোগ, নক্ষত্র, করণ।
পুণ্যগুণ, পুণ্যযোগ—সর্ব্ব সুলক্ষণ॥
২ দশ দিগ্ পরসন্ন গগনমণ্ডল।
উদিত তারকাবলী, দেখি মনোহর॥
৩-৪ নদ-নদী-সরোবর, বিমলিত জল
বিকসিত উতপল, কুমুদ-কমল॥

৫। মনাংস্যাসন্ প্রসন্নানি সাধূনামসুরদ্রুহাম্। জায়মানেঽজনে তস্মিন্ নেদুর্দুন্দুভয়ো দিবি॥
৬। জগুঃ কিন্নরগন্ধর্ব্বাস্তুষ্টুবুঃ সিদ্ধচারণাঃ। বিদ্যাধর্য্যশ্চ ননৃতুরপ্সরোভিঃ সমং তদা॥
৭। মুমুচুর্মুনয়ো দেবাঃ সুমনাংসি মুদান্বিতাঃ। মন্দং মন্দং জলধরা জগর্জ্জুরনুসাগরম্॥
৮। নিশীথে তমউদ্ভূতে জায়মানে জনার্দ্দনে। দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয়ঃ।
আবিরাসীদ্যথা প্রাচ্যাং দিশীন্দুরিব পুষ্কলঃ॥
৯। তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণং, চতুর্ভুজং শঙ্খগদার্য্যুদায়ুধম্।
শ্রীবৎসলক্ষ্মং গলশোভিকৌস্তুভং, পীতাম্বরং সান্দ্রপয়োদসৌভগম্॥
১০। মহার্হবৈদূর্য্যকিরীটকুণ্ডল,-ত্বিষা পরিষ্বক্তসহস্রকুন্তলম্।
উদ্দামকাঞ্চ্যঙ্গদকঙ্কণাদিভি,-র্বিরোচমানং বসুদেব ঐক্ষত॥
১১। স বিস্ময়োৎফুল্লবিলোচনো হরিং, সুতং বিলোক্যানকদুন্দুভিস্তদা।
কৃষ্ণাবতারোৎসবসম্ভ্রমোঽস্পৃশ,-ন্মুদা দ্বিজেভ্যোঽযুতমাপ্লুতো গবাম্॥
১২। অথৈনমস্তৌদবধার্য্য পুরুষং, পরং নতাঙ্গঃ কৃতধীঃ কৃতাঞ্জলিঃ।
স্বরোচিষা ভারত সূতিকাগৃহং, বিরোচয়ন্তং গতভীঃ প্রভাববিৎ॥

শ্রীবসুদেব উবাচ

১৩। বিদিতোঽসি ভবান্ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ। কেবলানুভবানন্দ-স্বরূপঃ সর্ব্ববুদ্ধিদৃক্॥
১৪। স এব স্বপ্রকৃত্যেদং সৃষ্ট্বাগ্রে ত্রিগুণাত্মকম্। তদনু ত্বং হ্যপ্রবিষ্টঃ প্রবিষ্ট ইব ভাব্যসে॥

খগ-ভৃঙ্গ-নিনাদিত স্তবকিত বন। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ভুজ-বিরাজিত।
সুললিত পুণ্যগন্ধ সুমন্দ পবন॥ কটীতটে পীতবাস, কৌস্তুভ-ভূষিত॥
শান্ত হৈয়া জ্বলিল দ্বিজের হুতাশন। ১০ মহামূল্য রত্ন-মণি-কিরীট-কুণ্ডল।
৫ উত্তম জনের চিত্ত হৈল পরসন্ন॥ কুঞ্চিত-অলকাবলী শ্রীমুখমণ্ডল॥
আকাশমণ্ডলে বাজে দুন্দুভি-বাজন। উদভট অঙ্গদ, কিঙ্কিণী, সুকঙ্কণ।
৬-৭ সুরমুনিগণে করে' পুষ্প-বরিষণ॥ মৃগমদ-বিলেপিত হার, বিলোচন॥
গন্ধর্ব্ব-কিন্নর গীত গায় সুমধুর। হেন অদভুত শিশু দেখি' মহাশয়।
সিদ্ধ-বিদ্যাধর স্তুতি করয়ে প্রচুর॥ বসুদেব চমকিত হৈল অতিশয়॥
সুর-বিদ্যাধরী নৃত্য করে' সুললিত। ১১ নারায়ণ-পুত্র দেখি' ফুল্ল-বিলোচন।
মন্দ মন্দ জলধর, ঘন গরজিত॥ পুলকিত কলেবর, সঘন কম্পন॥
৮ ভরা নিশি, রজনী-তিমির ঘোরতর। কৃষ্ণ-অবতার দেখি' পূরিল উৎসবে।
হেনকালে জনম লভিলা গদাধর॥ অযুত-গো-দান মনে কৈল বসুদেবে॥
অন্তর্যামী ভগবান্ অচিন্ত্যপ্রভাব। ১২ ভূমিতে পড়িয়া কৈল দণ্ড-পরণাম।
দৈবকী-উদরে আসি' কৈলা আবির্ভাব॥ করযোড় করি' স্তুতি করে' মতিমান্॥
পূরবে উদিত যেন পূর্ণ-শশধর। পুত্রের প্রভাব দেখি' ভয় পরিহরি'।
মন্দিরে প্রকাশ কৈলা মহামহেশ্বর॥ প্রণতকন্ধর, চিত্ত নিয়োজিত করি'॥
৯ নবঘনশ্যাম-তনু, রাজীব-লোচন। ১৩-১৪ 'জানিলুঁ—বিদিত তুমি সাক্ষাৎ ঈশ্বর।
আজানুলম্বিত-ভুজ, শ্রীবৎসলাঞ্ছন॥ পরম-পুরুষ তুমি, প্রকৃতির পর॥

১৫। যথেমেঽবিকৃতা ভাবাস্তথা তে বিকৃতৈঃ সহ। নানাবীর্য্যাঃ পৃথগ্‌ভূতা বিরাজং জনয়ন্তি হি॥
১৬। সন্নিপত্য সমুৎপাদ্য দৃশ্যন্তেঽনুগতা ইব। প্রাগেব বিদ্যমানত্বান্ন তেষামিহ সম্ভবঃ॥

১৭। এবং ভগবান্ বুদ্ধ্যনুমেয়লক্ষণৈ,-র্গ্রাহ্যৈর্গুণৈঃ সন্নপি তদ্‌গুণাগ্রহঃ।
অনাবৃতত্বাদ্বহিরন্তরং ন তে, সর্ব্বস্য সর্ব্বাত্মন আত্মবস্তুনঃ॥

১৮। য আত্মনো দৃশ্যগুণেষু সন্মিতি, ব্যবস্যতে স্বব্যতিরেকতোঽবুধঃ।
বিনানুবাদং ন চ তন্মনীষিতং, সম্যগ্‌যতস্ত্যক্তমুপাদদৎ পুমান্॥

১৯। ত্বত্তোঽস্য জন্মস্থিতিসংযমান্ বিভো, বদন্ত্যনীহাদগুণাদবিক্রিয়াৎ।
ত্বয়ীশ্বরে ব্রহ্মণি নো বিরুধ্যতে, ত্বদাশ্রয়ত্বাদুপচর্য্যতে গুণৈঃ॥

২০। স ত্বং ত্রিলোকস্থিতয়ে স্বমায়য়া, বিভর্ষি শুক্লং খলু বর্ণমাত্মনঃ।
সর্গায় রক্তং রজসোপবৃংহিতং, কৃষ্ণঞ্চ বর্ণং তমসা জনাত্যয়ে॥

২১। ত্বমস্য লোকস্য বিভো রিরক্ষিষু,-র্গৃহেঽবতীর্ণোঽসি মমাখিলেশ্বর।
রাজন্যসংজ্ঞাসুরকোটিযূথপৈ,-র্নির্ব্যূহ্যমানা নিহনিষ্যসে চমূঃ॥

২২। অয়ং ত্বসভ্যস্তব জন্ম নৌ গৃহে, শ্রুত্বাগ্রজাংস্তে ন্যবধীৎ সুরেশ্বর।
স তেঽবতারং পুরুষৈঃ সমর্পিতং, শ্রুত্বাধুনৈবাভিসরত্যুদায়ুধঃ॥

সর্ব্ববুদ্ধি-সাক্ষী তুমি, আনন্দস্বরূপ।
বিশুদ্ধ-বিজ্ঞানঘন পূর্ণব্রহ্ম-রূপ॥
অতুল-শকতি তুমি, পুরুষ-পুরাণ।
মায়ায় আপনে কর' বিশ্ব নিরমাণ॥

১৫-১৬ তাহাতে আপনে পাছে থাক পরবেশি'।
তভু শুদ্ধময় তুমি, প্রভু অবিনাশী॥
জগতের হও সবে উতপতি-ধ্বংস।
তোমার বিনাশ কভু নাহি, পরহংস॥
জগতে প্রবেশ করি' আছ নিরন্তর।
তবু পরবেশ নাহি তাহার ভিতর॥
পঞ্চভূতময় যত কারণ-বিশেষে।
বিশ্ব নিরমিঞা যেন বিশ্বে পরবেশে॥
বিশ্ব-সহে নহে যেন তা'র অনুবন্ধ।
এইরূপ প্রভু তুমি নিত্য পরানন্দ॥
বিশ্ব বেয়াপিয়া আছ জগৎ-নিবাস।
১৭ বুদ্ধি-মন-চিত্ত তুমি কর' পরকাশ॥
সেই বুদ্ধি-মনে তোমা' লইতে না পারি।
সর্ব্বময় প্রভু তুমি, সর্ব্ব-অধিকারী॥

১৮ অসত্য জগতে তুমি আছ—হেন মানে।
এমত নিশ্চয় যা'র, তত্ত্ব নাহি জানে॥
পণ্ডিত না হয় সে যে, না বুঝে বিচার।
জগতের ভিন্ন তুমি, জগতের সার॥
১৯ নিরাকার ব্রহ্ম তুমি, নির্গুণ নির্ব্বিকার।
তভু তোমা' হনে সৃষ্টি-পালন-সংহার॥
সভার ঈশ্বর তুমি, সভার আশ্রয়।
তোমাতে কহিতে কিছু বিরোধ না হয়॥
২০ সত্ত্বগুণে শুক্লবর্ণ ধর' কলেবর।
জগৎ পালন তুমি কর' মহেশ্বর॥
রজোগুণে রক্তবর্ণ ধরি' সৃষ্টি কর'।
তমোগুণে কৃষ্ণবর্ণ ধরিয়া সংহর'॥
২১ এখনে করিবে তুমি লোক পরিত্রাণ।
মোর ঘরে অবতার কৈলে ভগবান্॥
রাজবেশে কপট, অসুরসৈন্য-ভার।
সমূলে করিবে তুমি সে-সব সংহার॥
২২ এখানে সম্প্রতি মোর এই নিবেদন।
মোর ঘরে তুমি আসি' লভিলে জনম॥

শ্রীশুক উবাচ

২৩। অথৈনমাত্মজং বীক্ষ্য মহাপুরুষলক্ষণম্। দেবকী তমুপাধাবৎ কংসাদ্ভীতা শুচিস্মিতা॥

শ্রীদেবক্যুবাচ

২৪। রূপং যত্তৎ প্রাহুরব্যক্তমাদ্যং, ব্রহ্ম জ্যোতির্নির্গুণং নির্ব্বিকারম্।
সত্তামাত্রং নির্বিশেষং নিরীহং, স ত্বং সাক্ষাদ্বিষ্ণুরধ্যাত্মদীপঃ॥

২৫। নষ্টে লোকে দ্বিপরার্দ্ধাবসানে, মহাভূতেষ্বাদিভূতং গতেষু।
ব্যক্তেঽব্যক্তং কালবেগেন যাতে, ভবানেকঃ শিষ্যতেঽশেষসংজ্ঞঃ॥

২৬। যোঽয়ং কালস্তস্য তেঽব্যক্তবন্ধো, চেষ্টামাহুশ্চেষ্টতে যেন বিশ্বম্।
নিমেষাদির্বৎসরান্তো মহীয়াং,-স্তং ত্বেশানং ক্ষেমধাম প্রপদ্যে॥

২৭। মর্ত্ত্যো মৃত্যুব্যালভীতঃ পলায়ন্, লোকান্ সর্ব্বান্ নির্ভয়ং নাধ্যগচ্ছৎ।
ত্বৎপাদাব্জং প্রাপ্য যদৃচ্ছয়াদ্য, স্বস্থঃ শেতে মৃত্যুরস্মাদপৈতি॥

২৮। স ত্বং ঘোরাদুগ্রসেনাত্মজান্ন,-স্ত্রাহি ত্রস্তান্ ভৃত্যবিত্রাসহাসি।
রূপঞ্চেদং পৌরুষং ধ্যানধিষ্ণ্যং, মা প্রত্যক্ষং মাংসদৃশাং কৃষীষ্ঠাঃ॥

২৯। জন্ম তে ময্যসৌ পাপো মা বিদ্যান্মধুসূদন। সমুদ্বিজে ভবদ্ধেতোঃ কংসাদহমধীরধীঃ॥

তোমার অগ্রজ বধ কৈল ছয় ভাই।
কহিবে তাহার অনুচরে তা'র ঠাঞি॥
শুনিয়া আসিবে কংস খড়্গ ধরি' হাতে।
মোর নিবেদন এই তোমার সাক্ষাতে॥'

২৩ দেখিয়া পুত্রের মহাপুরুষ-লক্ষণ।
বিস্ময়ে দেবকী-দেবী করয়ে স্তবন॥

২৪ 'নিরুপম, নিরাকার, বেকত-রহিত।
ব্রহ্মজ্যোতি, নির্গুণ, বিকার-বিবর্জ্জিত॥
সত্তামাত্র, নির্ব্বিশেষ, নিরীহ-স্বরূপ।
সেই সে সাক্ষাৎ জ্ঞানপ্রকাশক-রূপ॥

২৫ যখনে সকল হয় ব্রহ্মাণ্ডের নাশ।
কারণে প্রবেশ করে' প্রপঞ্চ-বিলাস॥
কারণ প্রবেশ করে' প্রকৃতি-ভিতরে।
প্রকৃতি প্রবেশ গিয়া করে' মহেশ্বরে॥
ব্রহ্মা-পর্য্যন্ত হয় ব্রহ্মে পরবেশ।
তখনে সকলে তুমি থাক অবশেষ॥

২৬ যদি-বা বলিবা—'কালে করয়ে সংহার'।
কালরূপে আছে এক শকতি তোমার॥
সেই কালে করে' সৃষ্টি-পালন-প্রলয়।
সেহ কাল তোমার লীলায় মাত্র হয়॥

২৭ মৃত্যু-ভয়ে ব্যাকুল হইয়া এত কাল।
পলাঞা কোথাহ লোক না পায় নিস্তার॥
এখনে পদারবিন্দ করিয়া আশ্রয়।
সুখে লোক থাকিবে, খণ্ডিবে ভবভয়॥

২৮ উগ্রসেনসুত কংস দুরন্ত, নিষ্ঠুর।
তা'র ভয়ে আমি-সব অতি বেয়াকুল॥
ভকত-বৎসল নাম করিয়া সফল।
ভৃত্যগণে পরিত্রাণ কর', প্রাণেশ্বর!
যে রূপ যোগেন্দ্রগণ চিন্তয়ে ধেয়ানে।
চর্ম্মচক্ষে সে রূপ দেখিবে সর্ব্বজনে॥
পরতেক এ রূপ না কর', নারায়ণ!
ধ্যানগম্য রূপ, প্রভু, কর' সম্বরণ॥

২৯ মোর ঘরে কৃষ্ণ আসি' কৈলে অবতার।
না জানে পাপিষ্ঠ যেন কংস দুরাচার॥
নারী-জাতি মোর চিত্ত সহজে চঞ্চল।
তোমা' লাগি' মোর মনে বড় লাগে ডর॥

৩০। উপসংহর বিশ্বাত্মন্নদো রূপমলৌকিকম্। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-শ্রিয়া জুষ্টং চতুর্ভুজম্॥

৩১। বিশ্বং যদেতৎ স্বতনৌ নিশান্তে, যথাবকাশং পুরুষঃ পরো ভবান্।
বিভর্ত্তি সোঽয়ং মম গর্ভগোঽভূ,-দহো নৃলোকস্য বিড়ম্বনং হি তৎ॥

শ্রীভগবানুবাচ

৩২। ত্বমেব পূর্ব্বসর্গেঽভূঃ পৃশ্নিঃ স্বায়ম্ভুবে সতি। তদায়ং সুতপা নাম প্রজাপতিরকল্মষঃ॥
৩৩। যুবাং বৈ ব্রহ্মণাদিষ্টৌ প্রজাসর্গে যদা ততঃ। সন্নিয়ম্যেন্দ্রিয়গ্রামং তেপাথে পরমং তপঃ॥
৩৪। বর্ষবাতাতপহিম-ঘর্ম্মকালগুণাননু। সহমানৌ শ্বাসরোধ-বিনির্ধূতমনোমলৌ॥
৩৫। শীর্ণপর্ণানিলাহারাবুপশান্তেন চেতসা। মত্তঃ কামানভীপ্সন্তৌ মদারাধনমীহতুঃ॥
৩৬। এবং বাং তপ্যতোস্তীব্রং তপঃ পরমদুষ্করম্। দিব্যবর্ষসহস্রাণি দ্বাদশেয়ুর্মদাত্মনোঃ॥
৩৭। তদা বাং পরিতুষ্টোঽহমমুনা বপুষানঘে। তপসা শ্রদ্ধয়া নিত্যং ভক্ত্যা চ হৃদি ভাবিতঃ॥
৩৮। প্রাদুরাসং বরদরাড় যুবয়োঃ কামদিৎসয়া। ব্রিয়তাং বর ইত্যুক্তে মাদৃশো বাং বৃতঃ সুতঃ॥
৩৯। অজুষ্টগ্রাম্যবিষয়াবনপত্যৌ চ দম্পতী। ন বব্রাথেঽপবর্গং মে মোহিতৌ দেবমায়য়া॥
৪১। অদৃষ্ট্বান্যতমং লোকে শীলৌদার্য্যগুণৈঃ সমম্। অহং সুতো বামভবং পৃশ্নিগর্ভ ইতি শ্রুতঃ॥
৪২। তয়োর্বাং পুনরেবাহমদিত্যামাস কশ্যপাৎ। উপেন্দ্র ইতি বিখ্যাতো বামনত্বাচ্চ বামনঃ॥

---

৩০ শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ভুজ-বিরাজিত।
এ রূপ সম্বর' তুমি, না কর' বিদিত॥

৩১ যে প্রভু প্রলয়ে ধরে' বিশ্ব-চরাচর।
অখিল ব্রহ্মাণ্ড যাঁ'র গর্ভের ভিতর॥
সে প্রভু আসিয়া মোর গর্ভে উপসন্ন।
মানুষ-জাতির এত বড় বিড়ম্বন!'

৩২ দৈবকীর বচন শুনিয়া চক্রপাণি।
কহিতে লাগিলা সব পূরব কাহিনী॥
'স্বায়ম্ভুব-মন্বন্তর আছিল যখনে।
তখনে আছিলা তুমি পৃশ্নি-হেন নামে॥
আছিলা সুতপা-নামে এই মহামতি।

৩৩ অপত্য সৃজিতে আজ্ঞা দিলা প্রজাপতি॥
সকল ইন্দ্রিয়গণ করিয়া রোধন।
তুমি-সব করিলে আমার আরাধন॥
পরম দুষ্কর তপ কৈলে নিরন্তর।

৩৪-৩৫ শীত, বাত, ঘর্ম্ম, তাপ সহিলে বিস্তর॥
বৃক্ষের গলিত পত্র করিয়া আহার।
বায়ুরোধ করিয়া রহিলে চিরকাল॥
তপ করি' কৈলে নিজ চিত্ত নিরমল।
ভক্তিভাবে আমাকে ভজিলে নিরন্তর॥

৩৬ দেবমানে দ্বাদশ-সহস্র বৎসর।
এইরূপে মহাতপ করিলে দুষ্কর॥

৩৭ তবে আমি তুষ্ট হৈয়া দিল দরশন।
তুমি-সব এই রূপ দেখিলে তখন॥

৩৮ আমি যদি বলিল—'মাগিয়া লহ বর'।
পুত্রবর মাগিলে আমার সমসর॥

৩৯ তোমা-সভা' না করিল মায়া-বিমোহিত।
মুক্তিপদ না মাগিলে, না হৈলে বঞ্চিত॥
মুক্তিপদে নাহি আমা' প্রেম-সুখসম।
মায়া-বিমোহিত না করিল তে-কারণ॥

৪১ তবে আমি তখনে চিন্তিল মনে মনে।
আমার সদৃশ কেহো নাহি ত্রিভুবনে॥
পুত্র হৈয়া আমি গিয়া জন্মিল আপনে।
পৃশ্নিগর্ভ-নাম হৈল তাহার কারণে॥

৪২ তবে আর জনমে কশ্যপ প্রজাপতি।
হৈয়াছিলা এই বসুদেব মহামতি॥

৪৩। তৃতীয়েঽস্মিন্ ভবেঽহং বৈ তেনৈব বপুষাথ বাম্।
জাতো ভূয়স্তয়োরেব সত্যং মে ব্যাহৃতং সতি॥

৪৪। এতদ্বাং দর্শিতং রূপং প্রাগ্‌জন্মস্মরণায় মে। নান্যথা মদ্ভবং জ্ঞানং মর্ত্যলিঙ্গেন জায়তে॥

৪৫। যুবাং মাং পুত্রভাবেন ব্রহ্মভাবেন চাসকৃৎ। চিন্তয়ন্তৌ কৃতস্নেহৌ যাস্যেথে মদ্গতিং পরাম্॥

শ্রীশুক উবাচ

৪৬। ইত্যুক্ত্বাসীদ্ধরিস্তূষ্ণীং ভগবানাত্মমায়য়া। পিত্রোঃ সম্পশ্যতোঃ সদ্যো বভূব প্রাকৃতঃ শিশুঃ॥

৪৭। ততশ্চ শৌরির্ভগবৎপ্রচোদিতঃ, সুতং সমাদায় স সূতিকাগৃহাৎ।
যদা বহির্গন্তুমিয়েষ তর্হ্যজা, যা যোগমায়াজনি নন্দজায়য়া॥

৪৮। তয়া হৃতপ্রত্যয়সর্ব্ববৃত্তিষু, দ্বাঃস্থেষু পৌরেষ্বপি শায়িতেষ্বথ।
দ্বারস্তু সর্ব্বাঃ পিহিতা দুরত্যয়া, বৃহৎকপাটায়সকীলশৃঙ্খলৈঃ॥

৪৯। তাঃ কৃষ্ণবাহে বসুদেব আগতে, স্বয়ং ব্যবর্য্যন্ত যথা তমো রবেঃ।
ববর্ষ পর্জ্জন্য উপাংশুগর্জ্জিতঃ, শেষোঽন্বগাদ্বারি নিবারয়ন্ ফণৈঃ॥

৫০। মঘোনি বর্ষত্যসকৃদ্‌যমানুজা, গম্ভীরতোয়ৌঘজবোর্ম্মিফেনিলা।
ভয়ানকাবর্ত্তশতাকুলা নদী, মার্গং দদৌ সিন্ধুরিব শ্রিয়ঃ পতেঃ॥

৫১। নন্দব্রজং শৌরিরুপেত্য তত্র তান্, গোপান্ প্রসুপ্তানুপলভ্য নিদ্রয়া।
সুতং যশোদাশয়নে নিধায় তৎ,-সুতামুপাদায় পুনর্গৃহানগাৎ॥

অদিতি তোমার নাম, দেবের জননী।
ধরিয়া বামন-নাম পুত্র হৈলুঁ আমি॥

৪৩ এখনে পৃথ্বীর ভার করিতে হরণ।
শিষ্টের পালন হেতু, দুষ্টের নিধন॥
তোমার উদরে আসি' লভিল জনম।
সেই পূর্ব্বরূপে আমি দিল দরশন॥

৪৪ নরবেশে না ঘুচিব মানুষ-গেয়ান।
তে-কারণে এই রূপ দেখাইল বিদ্যমান॥

৪৫ ব্রহ্মভাব করিয়া বা সতত চিন্তহ।
পুত্রভাব করিয়া বা পীরিত করহ॥
অবশ্য পরমগতি পাইবে দু'জনে।
অবধান কর', বাপ, আমার বচনে॥
গোকুলে আমাকে লৈয়া থোহ শীঘ্র করি'।
এখানে আনিয়া থোহ নন্দের কুমারী॥'

৪৬ এতেক বলিয়া হরি হৈলা নিশবদ।
মায়ায় রহিলা যেন সহজ বালক॥

৪৭ তবে বসুদেব নিজপুত্র করি' কোলে।
অলপে অলপে গেলা পুরের দুয়ারে॥

হেনকালে কোন্ কর্ম্ম করে' মহামায়া?

৪৮-৪৯ পেলিল প্রহরিগণ নিদ্রায় ঝাঁপিয়া॥
বড় বড় লোহার কপাট দৃঢ়তর।
যতেক লোহার খিল, লোহার শিকল॥
খণ্ড খণ্ড হৈয়া সব মেলিলা বিদার।
রবির কিরণে যেন ঘুচে অন্ধকার॥
মন্দ মন্দ গরজন মেঘ-বরিষণে।
বাসুকি আসিয়া ফণা ধরিলা আপনে॥

৫০ তরঙ্গকল্লোল-নীর গভীর যমুনা।
পথ ছাড়ি' দিল নদী ভয়ে কম্পমানা॥

৫১ তবে বসুদেব গেলা নন্দের গোকুলে।
নিদে অচেতন গোপ, প্রতি ঘরে ঘরে॥
নন্দঘরে গিয়া তবে কৈলা পরবেশ।
যশোদা-শয়নে লৈয়া থুইলা হৃষীকেশ॥

৫২। **দেবক্যাঃ শয়নে ন্যস্য বসুদেবোঽথ দারিকাম্। প্রতিমুচ্য পদোর্লোহমাস্তে পূর্ব্ববদাবৃতঃ॥**
৫৩। **যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত। ন তল্লিঙ্গং পরিশ্রান্তা নিদ্রয়াপগতস্মৃতিঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীকৃষ্ণজন্মবর্ণনং নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

যশোদার কন্যাখানি তুলি' লৈলা কোলে।
পুনরপি সেইরূপে গেলা মধুপুরে॥
৫২ কন্যা সমর্পিলা লৈয়া দৈবকী-শয়নে।
লোহার নিগড় নিলা আপন-চরণে॥
তবে বসুদেব রহে করিয়া শয়ন।
৫৩ না জানে যশোদাদেবী এত বিবরণ॥
জনমিল অপত্য—এই সে মাত্র জানে।
কিবা কন্যা, পুত্র—কিছু নহিল গেয়ানে॥
এতেক প্রসবদুঃখ পাঞাছে যাতনা।
তাহে মহামায়া গিঞা কৈল অচেতনা॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
গীতবন্ধে কহে কৃষ্ণপ্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

চতুর্থোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **বহিরন্তঃপুরদ্বারঃ সর্ব্বাঃ পূর্ব্ববদাবৃতাঃ। ততো বালধ্বনিং শ্রুত্বা গৃহপালাঃ সমুত্থিতাঃ॥**
২। **তে তু তূর্ণমুপব্রজ্য দেবক্যা গর্ভজন্ম তৎ। আচখ্যুর্ভোজরাজায় যদুদ্বিগ্নঃ প্রতীক্ষতে॥**
৩। **স তল্পাৎ তূর্ণমুত্থায় কালোঽয়মিতি বিহ্বলঃ। সূতীগৃহমগাৎ তূর্ণং প্রস্খলন্মুক্তমূর্দ্ধজঃ॥**
৪। **তমাহ ভ্রাতরং দেবী কৃপণা করুণং সতী। স্নুষেয়ং তব কল্যাণ স্ত্রিয়ং মা হন্তুমর্হসি॥**
৫। **বহবো হিংসিতা ভ্রাতঃ শিশবঃ পাবকোপমাঃ। ত্বয়া দৈবনিসৃষ্টেন পুত্রিকৈকা প্রদীয়তাম্॥**

[সুহই-রাগ]

শুক বলে',—শুন, রাজা, বিচিত্র কথন।
কহিব এখনে আর যে-যে বিবরণ॥
১ সেইরূপে কপাট লাগিল থরে-থরে।
লোহার শিকল, খিল লাগিল দুয়ারে॥
ছাওয়ালের ক্রন্দন শুনিয়া ত্বরাত্বরি।
জাগিয়া উঠিল সব দুয়ারী, প্রহরী॥
২ তুরিতে জানায় গিয়া কংস-বিদ্যমানে।
৩ চমকিত হৈয়া কংস উঠিল তখনে॥
'না জানোঁ, কি হয় আজি মোর প্রতিকার।
যম জনমিল মোর করিতে সংহার॥'
পড়িতে পড়িতে যায়, চিন্তায় বিহ্বল।
খসিল মাথার কেশ, ধাইল সত্বর॥
ধাঞা গিয়া পরবেশ কৈল সূতি-ঘরে।
৪-৫ দেখিয়া দৈবকীদেবী কাকুবাণী করে'॥
'শুন শুন, আরে ভাই, কংস মহাশয়!
এবার মোহোর তরে হইবা সদয়॥
না মারিহ কন্যাখানি মোরে দেহ দান।
মারিলে বিস্তর পুত্র আগুনি-সমান॥
না মারিহ, ভাই মোর, এই নিবেদন।
কন্যাবধ করিয়া কি তব প্রয়োজন?

৬। নন্বহং তে হ্যবরজা দীনা হতসুতা প্রভো। দাতুমর্হসি মন্দায়া অঙ্গেমাং চরমাং প্রজাম্॥

শ্রীশুক উবাচ

৭। উপগুহ্যাত্মজামেবং রুদত্যা দীনদীনবৎ। যাচিতস্তাং বিনির্ভর্ত্স্য হস্তাদাচিচ্ছিদে খলঃ॥
৮। তাং গৃহীত্বা চরণয়োর্জাতমাত্রাং স্বসুঃ সুতাম্। অপোথয়চ্ছিলাপৃষ্ঠে স্বার্থোন্মূলিতসৌহৃদঃ॥
৯। সা তদ্ধস্তাৎ সমুৎপত্য সদ্যো দেব্যম্বরং গতা। অদৃশ্যতানুজা বিষ্ণোঃ সায়ুধাষ্টমহাভুজা॥
১০। দিব্যস্রগম্বরালেপ-রত্নাভরণভূষিতা। ধনুঃশূলেষুচর্ম্মাসি-শঙ্খচক্রগদাধরা॥
১১। সিদ্ধচারণগন্ধর্ব্বৈরপ্সরঃকিন্নরোরগৈঃ। উপাহৃতোরুবলিভিঃ স্তূয়মানেদমব্রবীৎ॥
১২। কিং ময়া হতয়া মন্দ জাতঃ খলু তবান্তকৃৎ। যত্র ক্ব বা পূর্ব্বশত্রুর্ম্মা হিংসীঃ কৃপণান্ বৃথা॥
১৩। ইতি প্রভাষ্য তং দেবী মায়া ভগবতী ভুবি। বহুনামনিকেতেষু বহুনামা বভূব হ॥
১৪। তয়াভিহিতমাকর্ণ্য কংসঃ পরমবিস্মিতঃ। দেবকীং বসুদেবঞ্চ বিমুচ্য প্রশ্রিতোঽব্রবীৎ॥
১৫। অহো ভগিন্যহো ভাম ময়া বাং বত পাপ্মনা। পুরুষাদ ইবাপত্যং বহবো হিংসিতাঃ সুতাঃ॥
১৬। স ত্বহং ত্যক্তকারুণ্যস্ত্যক্তজ্ঞাতিসুহৃৎ খলঃ। কাঁল্লোকান্ বৈ গমিষ্যামি ব্রহ্মহেব মৃতঃ শ্বসন্?
১৭। দৈবমপ্যনৃতং বক্তি ন মর্ত্ত্যা এব কেবলম্। যদ্বিশ্রম্ভাদহং পাপঃ স্বসুর্নিহতবান্ শিশূন্॥

---

৬ যে কৈলে, সে কৈলে, মোর তা'থে নাহি বেথা।
গর্ভশেষ-কন্যাখানি কর' যদি রক্ষা॥'

৭ এত কাকুবাণী যদি দৈবকী বলিল।
তভু ত' পাপিষ্ঠ কংস সদয় না হৈল॥
দৈবকীরে বিস্তর ভৎর্সিয়া দুরাচার।
টান দিয়া হাত হৈতে আনিল ছাওয়াল॥

৮ দুই পায়ে ছাওয়ালে ধরিল দৃঢ় করি'।
শিলার উপরে লৈয়া আছাড়িল তুলি'॥

৯-১০ খসিয়া ছাওয়াল তা'র হাত হৈতে গেলা।
আকাশমণ্ডলে গিয়া আরোহণ কৈলা॥
দিব্য-মূর্ত্তি হৈলা তথা ত্রিদশমোহিতা।
অষ্টভুজা অস্ত্র-শস্ত্রে, ভূষণে ভূষিতা॥

১১ গন্ধর্ব্ব, কিন্নর, সুর, সিদ্ধ, মুনিগণে।
নৃত্য-গীত, স্তুতি করে', পুষ্প-বরিষণে॥
কৌতুকে পূজিল বলি-উপহার দিয়া।
ডাকিয়া কি বলে' তবে দেবী মহামায়া?

১২ 'শুন শুন, আরে কংস, দুষ্ট, খলমতি!
আমাকে মারিতে কেন করিস্ শকতি?
আমাকে হিংসিস্, তোর নাহি প্রয়োজন।
যে তোমা' হরিবে প্রাণ, লভিল জনম॥
দুঃখিত প্রজার হিংসা না করিস্ বৃথা।
তোর শত্রু আজি জনমিল যথা তথা॥'

১৩ এতেক বলিয়া ভগবতী মহামায়া।
নানা-স্থানে রহে গিয়া নানারূপ হৈয়া॥

১৪ দেবীর বচন কংস শুনিঞা শ্রবণে।
পরম বিস্মিত হৈয়া চিন্তে মনে-মনে॥
বসুদেব-দৈবকীর খসাইল বন্ধন।
স্তুতি করি' বলে' কিছু বিনয়-বচন॥

১৫ 'শুন, হে ভগিনীপতি, শুনহ, ভগিনি!
কিবা গতি হয় মোর, হেন নাহি জানি॥
কেবল রাক্ষস যেন মুঞি দুরাচার।
ব্যর্থ এত পুত্রবধ করিলুঁ তোমার॥

১৬ নির্লজ্জ, নিন্দিত মুঞি কৈল হেন কর্ম্ম।
জ্ঞাতি-বন্ধু-বান্ধব ছাড়িলুঁ লোকধর্ম্ম॥
জীবন্তেই মরা মুঞি, যেন ব্রহ্মঘাতী।
মরিলে না জানো, মোর হয় কোন্ গতি?

১৭ আছুক মানুষ, দেবে বলে' মিছা বাণী।
এত অপকর্ম্ম কৈল দৈববাণী শুনি'॥

১৮। মা শোচতং মহাভাগাবাত্মজান্ স্বকৃতং ভুজঃ। জন্তবো ন সদৈকত্র দৈবাধীনাস্তদাসতে॥
১৯। ভুবি ভৌমানি ভূতানি যথা যান্ত্যপযান্তি চ। নায়মাত্মা তথৈতেষু বিপর্য্যেতি যথৈব ভুঃ॥
২০। যথানেবংবিদো ভেদো যত আত্মবিপর্য্যয়ঃ। দেহযোগবিয়োগৌ চ সংসৃতির্ন নিবর্ত্ততে॥
২১। তস্মাদ্ভদ্রে স্বতনয়ান্ ময়া ব্যাপাদিতানপি। মানুশোচ যতঃ সর্ব্বঃ স্বকৃতং বিন্দতেঽবশঃ॥
২২। যাবদ্ধতোঽস্মি হন্তাস্মীত্যাত্মানং মন্যতেঽস্বদৃক্। তাবত্তদভিমান্যজ্ঞো বাধ্যবাধকতামিয়াৎ॥
২৩। ক্ষমস্বং মম দৌরাত্ম্যং সাধবো দীনবৎসলাঃ। ইত্যুক্ত্বাশ্রুমুখঃ পাদৌ শ্যালঃ স্বস্রোরথাগ্রহীৎ॥
২৫। ভ্রাতুঃ সমনুতপ্তস্য ক্ষান্তরোষা চ দেবকী। ব্যসৃজদ্বসুদেবশ্চ প্রহস্য তমুবাচ হ॥
২৬। এবমেতন্মহাভাগ যথা বদসি দেহিনাম্। অজ্ঞানপ্রভবাহংধীঃ স্বপরেতি ভিদা যতঃ॥
২৭। শোকহর্ষভয়দ্বেষ-লোভমোহমদান্বিতাঃ। মিথো ঘ্নন্তং ন পশ্যন্তি ভাবৈর্ভাবং পৃথগ্দৃশঃ॥

শ্রীশুক উবাচ

২৮। কংস এবং প্রসন্নাভ্যাং বিশুদ্ধং প্রতিভাষিতঃ। দেবকীবসুদেবাভ্যামনুজ্ঞাতোঽবিশদ্গৃহম্॥
২৯। তস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং কংস আহূয় মন্ত্রিণঃ। তেভ্য আচষ্ট তৎ সর্ব্বং যদুক্তং যোগনিদ্রয়া॥

---

১৮ না করিহ আর শোক পুত্রের কারণে।
ভুঞ্জয়ে সকল লোক অদৃষ্ট আপনে॥
অদৃষ্ট-অধীন জীব, অদৃষ্টে মিলায়।
অদৃষ্টেহি পুনরায় বিচ্ছেদ করায়॥

১৯ মাটির নির্ম্মিত পাত্র নানা-পরকার।
কত হয়, কত যায়, মাটিমাত্র সার॥
মাটির না হয় যেন উতপতি-নাশ।
না মরে, না হয়, আত্মা নিত্য-পরকাশ॥

২০ শরীরের সবে উতপতি-পরলয়।
এহি না বুঝিয়া হয় মতি-বিপর্য্যয়॥
আপনারি দেখে সবে জনম-মরণ।
সেই সে কারণে করে' সংসার-ভ্রমণ॥

২১ এতেক বচন তুমি বুঝিয়া, ভগিনি!
পুত্রের কারণে আর শোক কর' জানি॥
তা'-সভার আছে এই অদৃষ্টে লিখন।
মোর বা আছয়ে এই পাপের কারণ॥
যা'র যেন অদৃষ্ট, তাহার তেন ফল।
এ বোল বুঝিয়া দোষ ক্ষমিবে সকল॥

২২ 'সে মোরে মারিল, মুঞি মারিলুঁ তাহারে।'
যাবৎ এমত বুদ্ধি যাহার সঞ্চরে॥
তাবৎ তাহার বাধ্য-বাধক-সম্বন্ধ।
বসুদেব! তোমাতে গোচর ভাল-মন্দ॥'

২৩ এতেক বচন বলি' ধরিল চরণে।
কান্দিতে লাগিল কংস ভয় পাঞা মনে॥

২৫ বসুদেব দেখিয়া কংসের দুঃখ-শোক।
দুঁহে মেলি' দিলা তা'রে সন্তোষ-প্রবোধ॥

২৬ 'ভাল তুমি মহারাজ, কহিলে সকল।
অভিমানে ভেদ-বুদ্ধি হয় নিজ-পর॥

২৭ এক দেহে করে' আর দেহের বিনাশ।
দুঃখ-শোক-আদি যত মনের বিলাস॥
জীবের তাহাতে দুঃখ-শোক নাহি ধরে'।
অগেয়ান মূর্খ জনে শত্রু-মিত্র করে'॥

২৮ শুন, মহারাজ, তুমি শোক পরিহর'।
সন্তোষ করিয়া তুমি নিজ-ঘরে চল॥'
তবে কংস প্রবেশ করিল নিজ-ঘরে।

২৯ জাগিয়া বঞ্চিল নিশি খটার উপরে॥
রজনী প্রভাত হৈল, প্রত্যূষ বিহানে।
মন্ত্রিগণ ডাকিয়া আনিল বিদ্যমানে॥
আদি হৈতে পাত্রগণে সব কথা কই'।
চিন্তিতে লাগিল কংস হেঁট-মাথা হই'॥

৩০। আকর্ণ্য ভর্ত্তুর্গদিতং তমূচুর্দেবশত্রবঃ। দেবান্ প্রতি কৃতামর্ষা দৈতেয়া নাতিকোবিদাঃ॥
৩১। এবং চেত্তর্হি ভোজেন্দ্র পুরগ্রামব্রজাদিষু। অনির্দশান্নির্দশাংশ্চ হনিষ্যামোঽদ্য বৈ শিশূন্॥
৩২। কিমুদ্যমৈঃ করিষ্যন্তি দেবাঃ সমরভীরবঃ। নিত্যমুদ্বিগ্নমনসো জ্যাঘোষৈর্ধনুষস্তব?
৩৩। অস্যতস্তে শরব্রাতৈর্হন্যমানাঃ সমন্ততঃ। জিজীবিষব উৎসৃজ্য পলায়নপরা যযুঃ॥
৩৪। কেচিৎ প্রাঞ্জলয়ো দীনা ন্যস্তশস্ত্রা দিবৌকসঃ। মুক্তকচ্ছশিখাঃ কেচিদ্ভীতাঃ স্ম ইতি-বাদিনঃ॥
৩৫। ন ত্বং বিস্মৃতশস্ত্রাস্ত্রান্ বিরথান্ ভয়সংবৃতান্। হংস্যন্যাসক্তবিমুখান্ ভগ্নচাপানযুধ্যতঃ॥
৩৬। কিং ক্ষেমশূরৈর্বিবুধৈরসংযুগবিকত্থনৈঃ? রহোজুষা কিং হরিণা শম্ভুনা বা বনৌকসা?
কিমিন্দ্রেণাল্পবীর্য্যেণ ব্রহ্মণা বা তপস্যতা?
৩৭। তথাপি দেবাঃ সাপত্ন্যান্নোপেক্ষ্যা ইতি মন্মহে। ততস্তন্মূলখননে নিযুঙ্ক্ষ্বাস্মাননুব্রতান্॥
৩৮। যথাময়োঽঙ্গে সমুপেক্ষিতো নৃভি-র্ন শক্যতে রূঢ়পদশ্চিকিৎসিতুম্।
যথেন্দ্রিয়গ্রাম উপেক্ষিতস্তথা, রিপুর্মহান্ বদ্ধবলো ন চাল্যতে॥

---

৩০ তবে যত সেনাপতি আছিল তাহার।
বীরদর্প করিয়া লাগিল বলিবার—॥
৩১ 'কোন্ ছার প্রয়োজনে এত চিন্তা কর'?
তুমি হৈয়া আপনার বিক্রম পাসর!
রিপু জনমিল, যদি এই সত্য হয়।
তাহা করি' তভু কিছু না করিহ ভয়॥
আজি বা জন্মিল দশ দিনের ভিতরে।
মারিব সকল শিশু প্রতি ঘরে-ঘরে॥
৩২ হেন ছার কাজে তুমি কর' বিমরিশ?
বাহুবলে' জিনিলে সকল দশদিশ॥
যদি বল—দেবগণ আসিবে সাজিয়া।
বস্তুজ্ঞান না করিহ দেবতা করিয়া॥
ইচ্ছা করি' ধনুকে যখন দেহ' চড়া।
দেবগণে তখনে সম্ভ্রমে পড়ে সাড়া॥
না জানি, কি হয় আজি দেবের সমাঝে!
ধনুকে টঙ্কার দিল কংস মহারাজে॥
৩৩ তুমি যদি কর', রাজা, শর বরিষণ।
পালায় সকল দেব রাখিয়া জীবন॥
৩৪ কেহো কর যুড়িয়া করয়ে কাকুবাদ।
কেহো অস্ত্র পেলাইয়া করে' দণ্ডপাত॥
কেহো কেশ বান্ধে, কেহো কাছা মুকুলায়।
'না মার', না মার' বলি' তরাসে পালায়॥
৩৫ রথী হৈয়া যদি রথ ছাড়য়ে সংগ্রামে।
অস্ত্র তেজি' ভয়ে যেবা করয়ে প্রণামে॥
সংগ্রামে বিমুখ হৈয়া যে জীব পালায়।
ধনু যা'র ভাঙ্গে, যেবা যুঝিতে না চায়॥
ইহাতে না কর' তুমি অস্ত্রের প্রহার।
তুমি সে বীরের ধর্ম্ম জান সর্ব্বকাল॥
৩৬ দেবে কি করিতে পারে, রণে ভয়াকুল?
দর্প করিবার কালে, সভে তা'রা শূর!
বিষ্ণু করি' তিলেক না কর' বস্তু-জ্ঞান।
সর্ব্বত্র গোপতে থাকে, নহে বিদ্যমান॥
হরে কি করিবে, তা'র অরণ্যে বসতি।
কি করিতে পারে অল্পবল শচীপতি?
কি করিবে ব্রহ্মা, তা'র সতত ধেয়ান।
তপ ছাড়ি' অন্য তা'র নাহি অবধান॥
৩৭ এ বোল বলিয়া উপেক্ষিতে না যুয়ায়।
শত্রু উদ্ধারিতে তভু করিব উপায়॥
আজ্ঞা দেহ', আমি-সব কিঙ্কর তোমার।
আমি-সব রিপু-মূল করিব উদ্ধার॥
৩৮ অঙ্গে ব্যাধি হয় যদি, অলপ-সময়।
না খণ্ডিলে, সেই ব্যাধি বাঢ়ে অতিশয়॥
পাছে যেন সেই ব্যাধি না পারে খণ্ডিতে।
শত্রু বলবান্ হৈলে না পারি জিনিতে॥

৩৯। মূলং হি বিষ্ণুর্দেবানাং যত্র ধর্ম্মঃ সনাতনঃ। তস্য চ ব্রহ্মগোবিপ্রাস্তপোযজ্ঞাঃ সদক্ষিণাঃ ॥
৪০। তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ। তপস্বিনো যজ্ঞশীলান্ গাশ্চ হন্মো হবির্দুঘাঃ ॥
৪১। বিপ্রা গাবশ্চ বেদাশ্চ তপঃ সত্যং দমঃ শমঃ। শ্রদ্ধা দয়া তিতিক্ষা চ ক্রতবশ্চ হরেস্তনূঃ ॥
৪২। স হি সর্ব্বসুরাধ্যক্ষো হ্যসুরদ্বিড্ গুহাশয়ঃ। তন্মূলা দেবতাঃ সর্ব্বাঃ সেশ্বরাঃ সচতুর্ম্মুখাঃ।
অয়ং বৈ তদ্বধোপায়ো যদৃষীণাং বিহিংসনম্ ॥

শ্রীশুক উবাচ

৪৩। এবং দুর্ম্মন্ত্রিভিঃ কংসঃ সহ সম্মন্ত্র্য দুর্ম্মতিঃ। ব্রহ্মহিংসাং হিতং মেনে কালপাশাবৃতোঽসুরঃ ॥
৪৪। সন্দিশ্য সাধুলোকস্য কদনে কদনপ্রিয়ান্। কামরূপধরান্ দিক্ষু দানবান্ গৃহমাবিশৎ ॥
৪৫। তে বৈ রজঃপ্রকৃতয়স্তমসা মূঢ়চেতসঃ। সতাং বিদ্বেষমাচেরুরারাদাগতমৃত্যবঃ ॥
৪৬। আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ। হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে অসুরমন্ত্রণং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

---

৩৯ সকল দেবের মূল—বিষ্ণু যাঁ'র নাম।
সত্যধর্ম্ম যথা, তাঁ'র তথা উপাদান ॥
গো, ব্রাহ্মণ, তপ, যজ্ঞ, বেদ, ব্রত যথা।
এ-সব ধর্ম্মের মূল, ধর্ম্ম রহে তথা ॥

৪০ ব্রহ্মবাদী, যজ্ঞশীল, তপস্বী ব্রাহ্মণ।
হবির্দ্ধানী যত গাভী, আছে ঋষিগণ ॥
এ-সব মারিব, আর যথা পাই লাগ।
তবে বিষ্ণু মরিবে, তাহাতে কোন্ বাদ ?

৪১ গো, ব্রাহ্মণ, তপ, যজ্ঞ—বিষ্ণুর শরীর।
বিষ্ণু মারিবারে এই বুদ্ধি কর' স্থির ॥

৪২ সেই বিষ্ণু অসুর হিংসয়ে নিরন্তর।
সকল দেবের মূল, দেবের ঈশ্বর ॥
এই সে উপায়ে বিষ্ণু মারিবারে পারি।
সভেই মেলিয়া গিয়া গো-ব্রাহ্মণ মারি ॥'

৪৩ পাপমতি কংস, তা'র পাপেতে উৎপত্তি।
কুমন্ত্রি-মন্ত্রণা সেই দঢ়াইল যুকতি ॥

৪৪ দুষ্ট দৈত্য যত তা'রা কন্দলে পীরিতি।
চৌদিগে পাঠাঞা দিল দুষ্ট সেনাপতি ॥

৪৫ পাপমতি তা'রা সব, দুষ্টমতি খল।
গো-ব্রাহ্মণ-সাধু যত হিংসিল সকল ॥

৪৬ পরমায়ু, ছিরি, যত বেদধর্ম্ম, যশ।
ইহলোক, পরলোক, সকল সম্পদ্ ॥
এ-সব যাহার নাশ হয় একবারে।
সেই-সে গো-ব্রাহ্মণ-বৈষ্ণবে হিংসা করে' ॥
কংসের সকল নাশ হৈব—হেন আছে।
দেব-দ্বিজ হিংসা করি' মজিল সবংশে ॥"
কৃষ্ণগুণ-সমুদিত, অসুর-মন্ত্রণা।
রঘুনাথ পণ্ডিতের মধুর রচনা ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। নন্দস্ত্বাত্মজ উৎপন্নে জাতাহ্লাদো মহামনাঃ। আহূয় বিপ্রান্ বেদজ্ঞান্ স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ॥
২। বাচয়িত্বা স্বস্ত্যয়নং জাতকর্ম্মাত্মজস্য বৈ। কারয়ামাস বিধিবৎ পিতৃদেবার্চ্চনং তথা॥
৩। ধেনূনাং নিযুতে প্রাদাদ্‌বিপ্রেভ্যঃ সমলঙ্কৃতে। তিলাদ্রীন্ সপ্তরত্নৌঘ-শাতকৌম্ভাম্বরাবৃতান্॥
৪। কালেন স্নানশৌচাভ্যাং সংস্কারৈস্তপসেজ্যয়া। শুধ্যন্তি দানৈঃ সন্তুষ্ট্যা দ্রব্যাণ্যাত্মাত্মবিদ্যয়া॥
৫। সৌমঙ্গল্যগিরো বিপ্রাঃ সূত-মাগধ-বন্দিনঃ। গায়কাশ্চ জগুর্নেদুর্ভের্য্যো দুন্দুভয়ো মুহুঃ॥
৬। ব্রজঃ সংমৃষ্ট-সংসিক্ত-দ্বারাজিরগৃহান্তরঃ। চিত্রধ্বজ-পতাকাস্ত্রক্‌চৈলপল্লবতোরণৈঃ॥
৭। গাবো বৃষা বৎসতরা হরিদ্রাতৈলরূষিতাঃ। বিচিত্রধাতু-বর্হ-স্রগ্বস্ত্র-কাঞ্চন-মালিনঃ॥
৮। মহার্হবস্ত্রাভরণ-কঞ্চুকোষ্ণীষ-ভূষিতাঃ। গোপাঃ সমাযযূ রাজন্ নানোপায়নপাণয়ঃ॥
৯। গোপ্যশ্চাকর্ণ্য মুদিতা যশোদায়াঃ সুতোদ্ভবম্। আত্মানং ভূষয়াঞ্চক্রুর্বস্ত্রাকল্পাঞ্জনাদিভিঃ॥
১০। নবকুঙ্কুমকিঞ্জল্ক-মুখপঙ্কজভূতয়ঃ। বলিভিস্ত্বরিতং জগ্মুঃ পৃথুশ্রোণ্যশ্চলৎকুচাঃ॥

[দেশাগ-রাগ]

শুকমুনি বলে',—"শুন, রাজা পরীক্ষিৎ!

১ পুত্র জনমিল, নন্দ হৈলা আনন্দিত॥
ডাকিয়া আনিলা যত বেদজ্ঞ ব্রাহ্মণ।
স্নান করি' অঙ্গেতে পরিলা আভরণ॥

২ জাতকর্ম্ম কৈলা স্বস্তি করিয়া বাচন।
যথাবিধি কৈলা দেব-পিতৃ-আরাধন॥

৩ দশ লক্ষ দিলা ধেনু কাঞ্চনে ভূষিয়া।
তিলের নির্ম্মিত সাত পর্ব্বত করিয়া॥
কাঞ্চনে নির্ম্মিত ঘর, কাঞ্চনে খচিত।
কাঞ্চন-বসনে কৈলা পর্ব্বত বেষ্টিত॥
সাত তিল-পর্ব্বত ব্রাহ্মণে দিলা দান।
বসন-ভূষণ, বহুবিধ অন্ন-পান॥

৪ দান হৈতে হয় সব দ্রব্যের শোধন।
তত্ত্বজ্ঞান হৈলে হয় চিত্ত পরসন্ন॥
নানা দ্রব্য দিলা নন্দ, বহুবিধ দান।
সহজে পণ্ডিত নন্দ, মহামতিমান্॥

৫ বিবিধ মঙ্গল-বাণী পঢ়িল ব্রাহ্মণে।
উচ্চস্বরে ভট্টিমা পঢ়িল ভাটগণে॥
গায়নে মধুর গীত, নর্ত্তকে নাচন।
বাজিল দুন্দুভি-ভেরী বিবিধ বাজন॥

৬ পুরে-পুরে, ঘরে-ঘরে, অঙ্গনে-অঙ্গন।
চন্দন লেপন কৈল, কুঙ্কুমে সেচন॥
বিচিত্র পল্লব, ধ্বজ, পতাকা, তোরণ।
পূর্ণঘট সারি-সারি, রম্ভা-আরোপণ॥

৭ গাভী, বৃষ, বৎসগণ ধবলবরণ।
তৈল-হরিদ্রায় কৈল অঙ্গ বিলেপন॥

৮ 'নন্দঘরে পুত্র হৈল' শুনি' গোপগণে।
অঙ্গ বিভূষিত কৈল বিবিধ ভূষণে॥
বিচিত্র কাঁচলি, পাগ বিবিধ-বরণে।
বিচিত্র বরিহা, ধাতু, মণ্ডিত কাঞ্চনে॥
বহুবিধ বহুমূল্য উপায়ন লৈয়া।
চলিল সকল গোপ আনন্দিত হৈয়া॥

৯ 'যশোদার পুত্র হৈল' গোপীগণে শুনি'।
নানা আভরণে কৈল অঙ্গের সাজনী॥

১০ নবীন কুঙ্কুম মুখপঙ্কজে লেপিয়া।
বিচিত্র বিবিধ ধাতু অঙ্গে নিরমিয়া॥
ত্বরিতে চলিলা গোপী চলিতকুণ্ডলা।
পৃথু-কুচ-শ্রোণীভার-গমনমন্থরা॥

১১। গোপ্যঃ সুমৃষ্টমণিকুণ্ডলনিষ্ককণ্ঠ্য,-শ্চিত্রাম্বরাঃ পথি শিখাচ্যুতমাল্যবর্ষাঃ।
নন্দালয়ং সবলয়া ব্রজতীর্বিরেজু,-র্ব্যালোল-কুণ্ডল-পয়োধরহারশোভাঃ॥

১২। তা আশিষঃ প্রযুঞ্জানাশ্চিরং পাহীতি বালকে। হরিদ্রাচূর্ণতৈলাদ্ভিঃ সিঞ্চন্ত্যো জনমুজ্জগুঃ॥

১৩। অবাদ্যন্ত বিচিত্রাণি বাদিত্রাণি মহোৎসবে। কৃষ্ণে বিশ্বেশ্বরেঽনন্তে নন্দস্য ব্রজমাগতে॥

১৪। গোপাঃ পরস্পরং হৃষ্টা দধি-ক্ষীর-ঘৃতাম্বুভিঃ। আসিঞ্চন্তো বিলিম্পন্তো নবনীতৈশ্চ চিক্ষিপুঃ॥

১৫। নন্দো মহামনাস্তেভ্যো বাসোঽলঙ্কারগোধনম্। সূতমাগধবন্দিভ্যো যেঽন্যে বিদ্যোপজীবিনঃ॥

১৬। তৈস্তৈঃ কামৈরদীনাত্মা যথোচিতমপূজয়ৎ। বিষ্ণোরারাধনার্থায় স্বপুত্রস্যোদয়ায় চ॥

১৭। রোহিণী চ মহাভাগা নন্দগোপাভিনন্দিতা। ব্যচরদ্দিব্যবাসস্রক্কণ্ঠাভরণভূষিতা॥

১৮। তত আরভ্য নন্দস্য ব্রজঃ সর্ব্বসমৃদ্ধিমান্। হরের্নিবাসাত্মগুণৈ রমাক্রীড়মভূন্নৃপ॥

১৯। গোপান্ গোকুলরক্ষায়াং নিরূপ্য মথুরাং গতঃ। নন্দঃ কংসস্য বার্ষিক্যং করং দাতুং কুরূদ্বহ॥

২০। বসুদেব উপশ্রুত্য ভ্রাতরং নন্দমাগতম্। জ্ঞাত্বা দত্তকরং রাজ্ঞে যযৌ তদবমোচনম্॥

২১। তং দৃষ্ট্বা সহসোত্থায় দেহঃ প্রাণমিবাগতম্। প্রীতঃ প্রিয়তমং দোর্ভ্যাং সস্বজে প্রেমবিহ্বলঃ॥

২২। পূজিতঃ সুখমাসীনঃ পৃষ্ট্বানাময়মাদৃতঃ। প্রসক্তধীঃ স্বাত্মজয়োরিদমাহ বিশাম্পতে॥

---

১১ বিলোলিত-মণিহার-কণ্ঠ-বিভূষণা।
কেশপাশ-গলিত-কুসুমবরিষণা॥
চঞ্চলকুণ্ডল-পয়োধর-হার-শোভা।
কঙ্কণকিঙ্কিণী-জ্যোতি বিজুলির আভা॥
পথ শোভা করিয়া রমণীগণ চলে।
তড়িৎ সঞ্চরে যেন আকাশমণ্ডলে॥

১২ উত্তরিল গিয়া যদি নন্দের মন্দিরে।
শিরে হাত দিয়া গোপী আশীর্ব্বাদ করে'॥
'চিরজীবী হও, বাপু, সর্ব্বত্র কল্যাণ।'
ধান্য-দূর্ব্বা দিয়া শিরে কৈল সম্বিধান॥
তৈল-জল-হরিদ্রায় করিয়া সেচন।
দধি-দুগ্ধ-ঘৃত-মধু কৈল বরিষণ॥
কৃষ্ণের মহিমা গোপী গায় উচ্চস্বরে।

১৩ বিবিধ বাজন বাজে নন্দের মন্দিরে॥
কৃষ্ণ আসি' নন্দঘরে হৈলা উপসন্ন।
আনন্দে প্রভুর গুণ গায় গোপীগণ॥

১৪ দধি-দুগ্ধ-ঢালাঢালি, ননী-ফেলাফেলি।
আনন্দ-সাগরে পড়ি' ভাসে গোপনারী॥

১৫-১৬ নন্দঘোষ মহাবুদ্ধি কোন্ কর্ম্ম করে?
পূজিলা সকল লোক বস্ত্র-অলঙ্কারে॥
নর্ত্তক, গায়ক, ভাট, নানা গুণিগণে।
একে-একে সকলে পূজিলা জনে-জনে॥

১৭ পূজিলা রোহিণী-দেবী ভূষণে ভূষিয়া।
উৎসব করয়ে দেবী আনন্দিত হৈয়া॥

১৮ অষ্টৈশ্বর্য্য, অষ্ট-সিদ্ধি, অষ্ট-মহানিধি।
গোকুলে মিলিল গিয়া সেদিন-অবধি॥
আপনে আসিয়া যা'থে রহে শ্রীনিবাস।
সাক্ষাৎ লক্ষ্মীর ক্রীড়াভূমি পরকাশ॥

১৯ গোকুলে রক্ষকগণ করি' নিয়োজিত।
মধুপুরে নন্দ-ঘোষ চলিলা তুরিত॥
কংসের বৎসর-কর দিবে সেই দিনে।
মথুরা চলিলা নন্দ তাহার কারণে॥
কংসের বৎসর-কর করিয়া শোধন।
আপনার নিজপুরে কৈলা আগমন॥

২০ হেন কালে বসুদেব গেলা নন্দঘরে।

২১ বসুদেব দেখি' নন্দ উঠিলা সত্বরে॥
দুই ভাই সন্তোষে করিয়া কোলাকোলি।

২২ আসনে বসিলা দুঁহে হাতাহাতি ধরি'॥
রাম-কৃষ্ণ দুই পুত্রে চিত্ত আরোপিয়া।
বসুদেব বলে' কিছু পীরিতি করিয়া॥

২৩। দিষ্ট্যা ভ্রাতঃ প্রবয়স ইদানীমপ্রজস্য তে। প্রজাশায়া নিবৃত্তস্য প্রজা যৎ সমপদ্যত ॥
২৪। দিষ্ট্যা সংসারচক্রেঽস্মিন্ বর্ত্তমানঃ পুনর্ভবঃ। উপলব্ধো ভবানদ্য দুর্লভং প্রিয়দর্শনম্ ॥
২৫। নৈকত্র প্রিয়সংবাসঃ সুহৃদাং চিত্রকর্ম্মণাম্। ওঘেন ব্যূহ্যমানানাং প্লবানাং স্রোতসো যথা ॥
২৬। কচ্চিৎ পশব্যং নিরুজং ভূর্য্যম্বুতৃণবীরুধম্। বৃহদ্বনং তদধুনা যত্রাস্সে ত্বং সুহৃদ্বৃতঃ ॥
২৭। ভ্রাতর্মম সুতঃ কচ্চিন্মাত্রা সহ ভবদ্ব্রজে। তাতং ভবন্তং মন্বানো ভবদ্ভ্যামুপলালিতঃ ॥
২৮। পুংসস্ত্রিবর্গো বিহিতঃ সুহৃদো হ্যনুভাবিতঃ। ন তেষু ক্লিশ্যমানেষু ত্রিবর্গোঽর্থায় কল্পতে ॥

শ্রীনন্দ উবাচ

২৯। অহো তে দেবকীপুত্রাঃ কংসেন বহবো হতাঃ। একাবশিষ্টাবরজা কন্যা সাপি দিবং গতা ॥
৩০। নূনং হ্যদৃষ্টনিষ্ঠোঽয়মদৃষ্টপরমো জনঃ। অদৃষ্টমাত্মনস্তত্ত্বং যো বেদ ন স মুহ্যতি ॥

শ্রীবসুদেব উবাচ

৩১। করো বৈ বার্ষিকো দত্তো রাজ্ঞে দৃষ্টা বয়ঞ্চ বঃ। নেহ স্থেয়ং বহুতিথং সন্ত্যুৎপাতাশ্চ গোকুলে ॥

শ্রীশুক উবাচ

৩২। ইতি নন্দাদয়ো গোপাঃ প্রোক্তাস্তে শৌরিণা যযুঃ। অনোভিরনড়ুদ্যুক্তৈস্তমনুজ্ঞাপ্য গোকুলম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীনন্দ-বসুদেবসঙ্গমো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

---

২৩ 'এই মহাভাগ্য, ভাই, দেখিলুঁ তোমারে।
পুত্র জনমিলা আসি' এই বৃদ্ধকালে ॥
২৪ পুনরপি জন্ম যেন লভিলা আপনে।
হেনকালে পুত্রমুখ হৈল দরশনে ॥
২৬ সবন্ধু-বান্ধবে তুমি আছ নিরাকুলে ?
নাহি উৎপাত কিছু, তোমার গোকুলে ?
মহাবনে তৃণ-জল আছে ভালমতে ?
নিরন্তর যাহে থাক' গোধন-সহিতে ?
২৭ আছে কি আমার পুত্র কুশল-কল্যাণে ?
তুমি-সব কর' তা'র পোষণ-পালনে ॥
পিতা করি' তোমারে বলয়ে অনুক্ষণ।
তুমিহ তাহারে যেন দেখ পুত্র-সম ॥
২৮ ধর্ম্ম, অর্থ, কাম—সবে এই প্রয়োজন।
যাহা দিয়া সন্তোষ করিয়ে বন্ধুজন ॥
যাহা হৈতে বন্ধুগণে না হয় পীরিতি।
কিবা যশে, ধনে, কিবা সে ঘর-বসতি ?'

২৯ নন্দ-ঘোষ বলে',—'ভাই, শুন মহাশয় !
মারিল পাপিষ্ঠ কংস বিস্তর তনয় ॥
একখানি কন্যা যেহো হৈল অবশেষে।
অন্তরীক্ষে গেল সেহো অদৃষ্টের বশে ॥
৩০ শুভাশুভ, সুখদুঃখ—অদৃষ্টকারণ।
অদৃষ্ট বুঝিয়া স্থির হয় বুধজন ॥'
৩১ বসুদেব বলে',—'নন্দ, শুনহ বচন।
বিস্তর কথায় কিছু নাহি প্রয়োজন ॥
রাজার বৎসর-কর দিলে একবারে।
কি কাজ হেথাতে র'ঞা, ঝাট চল ঘরে ॥
গোকুলে ত' উতপাত হৈব, হেন জানি।
না কর' বিলম্ব, নন্দ, শুন তত্ত্ববাণী ॥'
৩২ বসুদেব-বচন শুনিয়া গোপগণে।
নন্দ-আদি করি' কৈল শকট-আরোহণে ॥
বসুদেব সম্ভাষিয়া করিলা পয়াণ।"
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

ষষ্ঠোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। নন্দঃ পথি বচঃ শৌরের্ন মৃষেতি বিচিন্তয়ন্। হরিং জগাম শরণমুৎপাতাগমশঙ্কিতঃ॥
২। কংসেন প্রহিতা ঘোরা পূতনা বালঘাতিনী। শিশূংশ্চচার নিঘ্নন্তী পুরগ্রামব্রজাদিষু॥
৩। ন যত্র শ্রবণাদীনি রক্ষোঘ্নানি স্বকর্ম্মসু। কুর্ব্বন্তি সাত্বতাং ভর্ত্তুর্যাতুধান্যশ্চ তত্র হি॥
৪। সা খেচর্য্যেকদোপেত্য পূতনা নন্দগোকুলম্। যোষিত্বা মায়য়াত্মানং প্রাবিশৎ কামচারিণী॥
৫। তাং কেশবন্ধব্যতিষক্তমল্লিকাং, বৃহন্নিতম্বস্তনকৃচ্ছ্রমধ্যমাম্।
সুবাসসং কল্পিতকর্ণভূষণ,-ত্বিষোল্লসৎকুন্তলমণ্ডিতাননাম্॥
৬। বল্গুস্মিতাপাঙ্গবিসর্গবীক্ষিতৈ,-র্মনো হরন্তীং বনিতাং ব্রজৌকসাম্।
অমংসতাম্ভোজকরেণ রূপিণীং, গোপ্যঃ শ্রিয়ং দ্রষ্টুমিবাগতাং পতিম্॥
৭। বালগ্রহস্তত্র বিচিন্বতী শিশূন্, যদৃচ্ছয়া নন্দগৃহেঽসদন্তকম্।
বালং প্রতিচ্ছন্নমিজোরুতেজসং, দদর্শ তল্পেঽগ্নিমিবাহিতং ভসি॥
৮। বিবুধ্য তাং বালকমারিকাগ্রহং, চরাচরাত্মা স নিমীলিতেক্ষণঃ।
অনন্তমারোপয়দঙ্কমন্তকং, যথোরগং সুপ্তমবুদ্ধিরজ্জুধীঃ॥

[ধানসী-রাগ]

মুনি বলে',—"কহি, রাজা, শুন সাবধানে।
১ নন্দঘোষ চলিলা চিন্তিতে মনে মনে॥
'বসুদেব-বচন অসত্য কভু নয়।
কিবা উৎপাত আজি ব্রজকুলে হয়!'

২ পূতনা পাঠাঞা তথা দিল কংসাসুরে।
উঠিল রাক্ষসী গিয়া নন্দের গোকুলে॥

৩ হরিগুণ-সংকীর্ত্তন না হয় যে-স্থানে।
তথা তথা উৎপাত করে' দুষ্টগণে॥
হেন প্রভু আপনে যে সাক্ষাতে শ্রীহরি।
রাক্ষসীর প্রাণে তা'থে কি করিতে পারি?

৪ পাপিনী পূতনা সে যে নানা মায়া জানে।
মায়ায় যুবতীবেশ ধরিলা আপনে॥

৫ কেশপাশ-বিনিহিত ফুল্ল-মল্লি-মালা।
পৃথুশ্রোণী-কুচভর-গমন-মন্থরা॥
ক্ষীণ কটিতট, পট্টবাস-পরিধানা।
কুন্তলমণ্ডিত গণ্ড, মুদিতবদনা॥

৬ ভুরুভঙ্গ-বিলসিত, জন-মনোহরা।
বিলোল অলকাবলী, কুঞ্চিতকুন্তলা॥
অলস-বিলস-গতি, কমল দুলায়।
চকিত-চপল দিঠী, নন্দঘরে যায়॥
'লক্ষ্মীদেবী যায় নিজপতি-দরশনে।'
এহি চিত্তে মানিল গোকুলবাসিগণে॥

৭ গোপ-গোপী এইরূপ চিন্তিতে লাগিলা।
পূতনা প্রবেশ গিয়া নন্দঘরে কৈলা॥
নিজ তেজ সম্বরিয়া আছয়ে শয়নে।
মুদিত-নয়ন, যেন কিছুই না জানে॥
আচ্ছাদিয়া আছে প্রভু নিজ তেজোবল।
আগুনি থাকয়ে যেন ভস্মের ভিতর॥

৮ অন্তর্যামী প্রভু সে, সভার তত্ত্ব জানে।
কিবা অগোচর আছে তাঁ'র বিদ্যমানে?
পূতনা-রাক্ষসী সে যে বালকঘাতিনী।
জানেন তাহার তত্ত্ব প্রভু চক্রপাণি॥
মনে আছে—'পূতনারে করিব সংহার'।
রহে প্রভু শিশুভাব করিয়া বিস্তার॥

৯। তাং তীক্ষ্ণচিত্তামতিবামচেষ্টিতাং, বীক্ষ্যান্তরা কোশপরিচ্ছদাসিবৎ।
বরস্ত্রিয়ং তৎপ্রভয়া চ ধর্ষিতে, নিরীক্ষমাণে জননী হ্যতিষ্ঠতাম্॥

১০। তস্মিন্ স্তনং দুর্জ্জরবীর্য্যমুল্বণং, ঘোরাঙ্কমাদায় শিশোর্দদাবথ।
গাঢ়ং করাভ্যাং ভগবান্ প্রপীড্য তৎ,-প্রাণৈঃ সমং রোষসমন্বিতোঽপিবৎ॥

১১। সা মুঞ্চ মুঞ্চালমিতি প্রভাষিণী, নিষ্পীড্যমানাখিলজীবমর্ম্মণি।
বিবৃত্য নেত্রে চরণৌ ভুজৌ মুহুঃ, প্রস্বিন্নগাত্রা ক্ষিপতী রুরোদ হ॥

১২। তস্যাঃ স্বনেনাতিগভীররংহসা, সাদ্রির্মহী দ্যৌশ্চ চচাল সগ্রহা।
রসা দিশশ্চ প্রতিনেদিরে জনাঃ, পেতুঃ ক্ষিতৌ বজ্রনিপাতশঙ্কয়া॥

১৩। নিশাচরীত্থং ব্যথিতস্তনা ব্যসু,-র্ব্যাদায় কেশাংশ্চরণৌ ভুজাবপি।
প্রসার্য্য গোষ্ঠে নিজরূপমাস্থিতা, বজ্রাহতো বৃত্র ইবাপতন্নৃপ॥

১৪। পতমানোঽপি তদ্দেহস্ত্রিগব্যূত্যন্তরদ্রুমান্। চূর্ণয়ামাস রাজেন্দ্র মহদাসীত্তদদ্ভুতম্॥

১৫। ঈষামাত্রোগ্রদংষ্ট্রাস্যং গিরিকন্দরনাসিকম্। গণ্ডশৈলস্তনং রৌদ্রং প্রকীর্ণারুণমূর্দ্ধজম্॥

১৬। অন্ধকূপগভীরাক্ষং পুলিনারোহভীষণম্। বদ্ধসেতুভুজোর্বঙ্ঘ্রি শূন্যতোয়হ্রদোদরম্॥

১৭। সন্তত্রসুঃ স্ম তদ্বীক্ষ্য গোপা গোপ্যঃ কলেবরম্। পূর্ব্বন্তু তন্নিঃস্বনিতভিন্নহৃৎকর্ণমস্তকাঃ॥

এত বিবরণ নাহি জানে নিশাচরী।
বালক তুলিয়া গিয়া লৈল কোলে করি'॥
না জানিয়া কেহো যেন কালসর্প ধরে।
কালান্তক যম যেন তুলি' লৈল কোলে॥

৯ তা'র রূপ, তেজ দেখি' অতি মনোহর।
হসিত বদন তা'র, বচন সুন্দর॥
যশোদা-রোহিণী কিছু না পারে বলিতে।
চিত্রের পুত্তলি যেন লাগিলা চাহিতে॥

১০ কোন্ কর্ম্ম করে' তবে পূতনা পাপিনী?
শিশুমুখে বিষস্তন দিল দুচারিণী॥
দুই করে স্তন ধরি' প্রভু ভগবান্।
চুমুক ধরিয়া তবে দিলা এক টান॥
প্রাণ-সহে স্তন তা'র পিলেন শ্রীহরি।

১১ 'ছাড়, ছাড়' বলিয়া পড়িল নিশাচরী॥
দুই আঁখি উলটিল, আছাড়িল পাও।
আর্ত্তনাদ করিয়া ছাড়িল ঘন রাও॥

১২ পড়িল পূতনা, তা'র শবদ উঠিল।
নদ-নদী, গিরি, তরু, ধরণী কম্পিল॥
গ্রহগণ-সহে কাঁপে গগনমণ্ডল।
দশদিগ, পাতাল কাঁপিল জল-স্থল॥
বজ্রপাত-হেন লোকে হৈল চমৎকার।
ভূমিতে পড়িল লোক দেখি' অন্ধকার॥

১৩ হেনরূপে পড়িল পূতনা নিশাচরী।
প্রাণ ছাড়ি' গেল তবে নিজরূপ ধরি'॥

১৪ দ্বাদশ দণ্ডের পথ পৃথিবী যুড়িয়া।
পূতনার কলেবর রহিল পড়িয়া॥

১৫ পর্ব্বতের গুহা যেন নাসিকাবিবর।
দুই-গোটা স্তন তা'র পর্ব্বতশিখর॥
লাঙ্গলের ঈষা যেন বিকট দশন।

১৬ অন্ধকূপ যেন দুই গভীর নয়ন॥
শূন্যজল হ্রদ যেন উদর গভীর।
মহা মহীধর যেন উচল শরীর॥
নদীতট যেন তা'র জঘন বিস্তার।
হাত-পাও দেখি যেন দীঘল জাঙ্গাল॥

১৭ গোপগোপী দেখিয়া পূতনা-কলেবর।
কাঁপিয়া উঠিল অঙ্গ তরাসে সকল॥

১৮। বালঞ্চ তস্যা উরসি ক্রীড়ন্তমকুতোভয়ম্। গোপ্যস্তূর্ণং সমভ্যেত্য জগৃহুর্জাতসম্ভ্রমাঃ॥
১৯। যশোদারোহিণীভ্যাং তাঃ সমং বালস্য সর্ব্বতঃ। রক্ষাং বিদধিরে সম্যগ্‌গোপুচ্ছভ্রমণাদিভিঃ॥
২০। গোমূত্রেণ স্নাপয়িত্বা পুনর্গোরজসার্ভকম্। রক্ষাঞ্চক্রুশ্চ শকৃতা দ্বাদশাঙ্গেষু নামভিঃ॥
২১। গোপ্যঃ সংস্পৃষ্টসলিলা অঙ্গেষু করয়োঃ পৃথক্। ন্যস্যাত্মন্যথ বালস্য বীজন্যাসমকুর্ব্বত॥
২২। অব্যাদজোঽঙ্ঘ্রি মণিমাংস্তব জান্বথোরু, যজ্ঞোঽচ্যুতঃ কটিতটং জঠরং হয়াস্যঃ।
হৃৎ কেশবস্ত্বদুর ঈশ ইনস্ত কণ্ঠং, বিষ্ণুর্ভুজং মুখমুরুক্রম ঈশ্বরঃ কম্॥
২৩। চক্র্যগ্রতঃ সহগদো হরিরস্ত পশ্চাৎ, ত্বৎপার্শ্বয়োর্ধনুরসী মধুহাঽজনশ্চ।
কোণেষু শঙ্খ উরুগায় উপর্য্যুপেন্দ্র,-স্তার্ক্ষ্যঃ ক্ষিতৌ হলধরঃ পুরুষঃ সমন্তাৎ॥
২৪। ইন্দ্রিয়াণি হৃষীকেশঃ প্রাণান্ নারায়ণোঽবতু। শ্বেতদ্বীপপতিশ্চিত্তং মনো যোগেশ্বরোঽবতু॥
২৫। পৃশ্নিগর্ভস্তু তে বুদ্ধিমাত্মানং ভগবান্ পরঃ। ক্রীড়ন্তং পাতু গোবিন্দঃ শয়ানং পাতু মাধবঃ॥
২৬। ব্রজন্তমব্যাদ্বৈকুণ্ঠ আসীনং ত্বাং শ্রিয়ঃ পতিঃ। ভুঞ্জানং যজ্ঞভুক্ পাতু সর্ব্বগ্রহভয়ঙ্করঃ॥
২৭। ডাকিন্যো যাতুধান্যশ্চ কুষ্মাণ্ডা যেঽর্ভকগ্রহাঃ। ভূতপ্রেতপিশাচাশ্চ যক্ষরক্ষোবিনায়কাঃ॥
২৮। কোটরা রেবতী জ্যেষ্ঠা পূতনা মাতৃকাদয়ঃ। উন্মাদা যে হ্যপস্মারা দেহপ্রাণেন্দ্রিয়দ্রুহঃ॥
২৯। স্বপ্নদৃষ্টা মহোৎপাতা বৃদ্ধবালগ্রহাশ্চ যে। সর্ব্বে নশ্যন্তু তে বিষ্ণোর্নামগ্রহণভীরবঃ॥

শ্রীশুক উবাচ

৩০। ইতি প্রণয়বদ্ধাভির্গোপীভিঃ কৃতরক্ষণম্। পায়য়িত্বা স্তনং মাতা সংন্যবেশয়দাত্মজম্॥

---

১৮ খেলায় বালক তা'র বুকের উপরে।
ধাঞা গিয়া গোপীগণ আনিল সত্বরে॥
১৯ যশোদা-রোহিণী আর গোপীগণ মেলি'।
রক্ষা বান্ধে বালকের শিরে হাত ধরি'॥
গোপুচ্ছ ভ্রমায় লৈয়া অঙ্গের উপরে।
২০ গোমূত্রে করায় স্নান বালকের শিরে॥
গোধূলি-গোময়ে তবে করায় মজ্জন।
দ্বাদশ অঙ্গের রক্ষা বান্ধে গোপীগণ॥
২১ করপদ পাখালিয়া আচমন করি'।
রক্ষা বান্ধে গোপীগণ নানা মন্ত্র পড়ি'॥
২২ 'অজ নারায়ণ রক্ষা করুন চরণ।
মণিমান্ জানুদ্বয় করুন রক্ষণ॥
কটিতট অচ্যুত, জঠর হয়গ্রীবে।
যজ্ঞরূপী উরুদ্বয়, হৃদয় কেশবে॥
ঈশ বক্ষে, সূর্য্য কণ্ঠে, বিষ্ণু ভুজযুগে।
রক্ষা করু উরুক্রম তোমার শ্রীমুখে॥
২৩ ঈশ্বরে রক্ষুক শিরে, আগে চক্রধর।
দুই পাশে খড়্গ-ধনু রহু নিরন্তর॥
পাছে গদাধর তোমা' করুক রক্ষণ।
সর্ব্বত্র করুক রক্ষা শ্রীমধুসূদন॥
কোণে শঙ্খ, অধে তার্ক্ষ্য রক্ষুক তোমার।
উপেন্দ্র রক্ষুক ঊর্দ্ধে তোমা' সর্ব্বকাল॥
হলধর সর্ব্বদিক্ করুন রক্ষণ।
২৪ হৃষীকেশ ইন্দ্রিয় সে, প্রাণ নারায়ণ॥
শ্বেতদ্বীপপতি চিত্ত, মন যোগেশ্বর।
২৫ পৃশ্নিগর্ভ বুদ্ধি রক্ষা করু' নিরন্তর॥
ক্রীড়াকালে গোবিন্দ রক্ষুক অনুক্ষণ।
শয়নে মাধব-দেব, আত্মা ভগবান্॥
২৬ বসিতে শ্রীপতি-দেব, বৈকুণ্ঠ গমনে।
সর্ব্বযজ্ঞ-পতি রক্ষা করুন ভোজনে॥
২৭-২৮ ভূত-প্রেত-আদি যত ডাকিনী, যোগিনী।
কোটরা, পূতনা-আদি বালক-ঘাতিনী॥
যক্ষ, রক্ষ, বিনায়ক, দুষ্ট গ্রহগণ।
২৯ বৃদ্ধগ্রহ, বালগ্রহ লোকসন্তাপন॥
বিষ্ণু-সঙরণে যাউক এ সব বিনাশ।
সর্ব্বত্র রক্ষুক দেব জগৎনিবাস॥
৩০ এইরূপে গোপীগণ করিল রক্ষণ।
মায়ে শিশু কোলে করি' পিয়াইল স্তন॥

৩১। তাবন্নন্দাদয়ো গোপা মথুরায়া ব্রজং গতাঃ। বিলোক্য পূতনাদেহং বভূবুরতিবিস্মিতাঃ॥
৩২। নূনং বসুর্ষিঃ সঞ্জাতো যোগেশো বা সমাস সঃ। স এব দৃষ্টো হ্যুৎপাতো যদাহানকদুন্দুভিঃ॥
৩৩। কলেবরং পরশুভিশ্ছিত্ত্বা তত্তে ব্রজৌকসঃ। দূরে ক্ষিপ্ত্বাবয়বশো ন্যদহন্ কাষ্ঠধিষ্ঠিতম্॥
৩৪। দহ্যমানস্য দেহস্য ধূমশ্চাগুরুসৌরভঃ। উত্থিতঃ কৃষ্ণনির্ভুক্তসপদ্যাহতপাপ্মনঃ॥
৩৫। পূতনা লোকবালঘ্নী রাক্ষসী রুধিরাশনা। জিঘাংসয়াপি হরয়ে স্তনং দত্ত্বাপসদ্গতিম্॥
৩৬। কিং পুনঃ শ্রদ্ধয়া ভক্ত্যা কৃষ্ণায় পরমাত্মনে। যচ্ছন্ প্রিয়তমং কিন্নু রক্তাস্তন্মাতরো যথা॥
৩৭। পস্ত্যাং ভক্তহৃদিস্থাভ্যাং বন্দ্যাভ্যাং লোকবন্দিতৈঃ। অঙ্গং যস্যাঃ সমাক্রম্য ভগবানপিবৎ স্তনম্॥
৩৮। যাতুধান্যপি সা স্বর্গমবাপ জননীগতিম্। কৃষ্ণভুক্তস্তনক্ষীরাঃ কিমু গাবো নু মাতরঃ?
৩৯। পয়াংসি যাসামপিবৎ পুত্রস্নেহস্নুতান্যলম্। ভগবান্ দেবকীপুত্রঃ কৈবল্যাদ্যখিলপ্রদঃ॥
৪০। তাসামবিরতং কৃষ্ণে কুর্ব্বতীনাং সুতেক্ষণম্। ন পুনঃ কল্পতে রাজন্ সংসারোঽজ্ঞানসম্ভবঃ॥
৪১। কটধূমস্য সৌরভ্যমবঘ্রায় ব্রজৌকসঃ। কিমিদং কুত এবেতি বদন্তো ব্রজমাযযুঃ॥
৪২। তে তত্র বর্ণিতং গোপৈঃ পূতনাগমনাদিকম্। শ্রুত্বা তন্নিধনং স্বস্তি শিশোশ্চাসন্ সুবিস্মিতাঃ॥

---

৩১ নন্দ-আদি গোপগণ আইল হেনকালে।
বিস্ময় পড়িলা তা'রা দেখি' কলেবরে॥
৩২ বসুদেব যে কহিলা, নহিল অন্যথা।
মহামুনি বসুদেব জানিল সর্ব্বথা॥
৩৩ তবে তা'র কলেবর কুঠারে কাটিয়া।
দূরে লৈয়া কাঠ দিয়া ফেলিল পোড়াঞা॥
৩৪ পুড়িতে সৌরভগন্ধ দেহের উঠিল।
তা'র গন্ধে সর্ব্বলোক বিস্ময় ভাবিল॥
স্তনপান কৈলা তা'র প্রভু নারায়ণে।
অশেষ পাতক-ধ্বংস হৈল তে-কারণে॥
৩৫ পূতনা-রাক্ষসী সে যে রুধির-ভোজনা।
বালকঘাতিনী সে যে ঘোর-দরশনা॥
মারিবার তরে বিষ ভরি' দিল স্তন।
মুক্তিপদ হৈল তা'র এই-সে কারণ॥
৩৬ শ্রদ্ধা-ভক্তি করিয়া যে প্রভু নারায়ণে।
প্রিয়বস্তু যে কিছু করয়ে সমর্পণে॥
তাহার কি ফল হয়, কহিতে না পারি।
তাঁহাকে পিয়ায় স্তন যশোদা-সুন্দরী॥
৩৭-৩৮ ভক্তজনে করে যাঁ'কে হৃদয়ে স্থাপন।
ব্রহ্মা-আদি দেব যাঁ'র করয়ে বন্দন॥
হেন পাদকমলে যাহার অঙ্গ বেড়ি'।
স্তন পান কৈলা প্রভু শিশু-বেশ ধরি'॥
কে কহিতে পারে তাঁ'র ভাগ্যের মহিমা?
অজ-ভব-আদি যাঁ'র দিতে নারে সীমা॥
যে ধেনুর ক্ষীর পান করেন মুরারি।
যে-যে গোপী স্তন দিল কৃষ্ণ কোলে করি'॥
প্রভু যা'র পীরিতে করিল স্তনপানে।
শঙ্কর, বিরিঞ্চি যাঁ'র মহিমা না জানে॥
পূতনা-রাক্ষসী যাঁ'তে পায় মোক্ষগতি।
কহিব তাঁহার তত্ত্ব কাহার শকতি?
৩৯-৪০ অখিল-জগৎ-গুরু, মোক্ষপদদাতা।
পূর্ণব্রহ্ম, সনাতন, সর্ব্বলোকপিতা॥
ব্রহ্মাদি-বন্দিত সেই দৈবকীনন্দন।
পুত্রভাব তাঁহাকে করিল গোপীগণ॥
তবে কেন তাহার থাকিব ভবভয়?
না করিহ, রাজা, তুমি ইহাতে সংশয়॥
৪১ পূতনা পুড়িয়া নন্দ-আদি গোপগণে।
গোকুলে আসিয়া জিজ্ঞাসিল লোক-স্থানে॥
৪২ গোপগোপী কহিল তাহার বিবরণ।
শুনিয়া বিস্ময় হৈল যত গোপগণ॥

৪৩। **নন্দঃ স্বপুত্রমাদায় প্রেত্যাগতমুদারধীঃ। মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পরমাং মুদং লেভে কুরূদ্বহ॥**
৪৪। **য এতৎ পূতনামোক্ষং কৃষ্ণস্যার্ভকমদ্ভুতম্। শৃণুয়াচ্ছ্রদ্ধয়া মর্ত্ত্যো গোবিন্দে লভতে রতিম্॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে পূতনামোক্ষণং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬॥

---

৪৩ পুত্র লৈয়া নন্দঘোষ শিরে দিয়া হাত।
চুম্বন করিয়া মুখে কৈলা আশীর্ব্বাদ॥
৪৪ পূতনামোক্ষণ-কথা ভক্তিভাব করি'।
যে জন শুনয়ে শ্রীকৃষ্ণেতে মন ধরি'॥
রতি-মতি হয় তা'র গোবিন্দচরণে।"
ভাগবত-আচার্য্যের মধুর বচনে॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬॥

সপ্তমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। **যেন যেনাবতারেণ ভগবান্ হরিরীশ্বরঃ। করোতি কর্ণরম্যাণি মনোজ্ঞানি চ নঃ প্রভো॥**
২। **যচ্ছৃণ্বতোঽপৈত্যরতির্বিতৃষ্ণা, সত্ত্বঞ্চ শুধ্যত্যচিরেণ পুংসঃ।**
ভক্তির্হরৌ তৎপুরুষে চ সখ্যং, তদেব হারং বদ মন্যসে চেৎ॥
৩। **অথান্যদপি কৃষ্ণস্য তোকাচরিতমদ্ভুতম্। মানুষং লোকমাসাদ্য তজ্জাতিমনুরুন্ধতঃ॥**

শ্রীশুক উবাচ

৪। **কদাচিদৌত্থানিককৌতুকাপ্লবে, জন্মর্ক্ষযোগে সমবেতযোষিতাম্।**
বাদিত্রগীতদ্বিজমন্ত্রবাচকৈ,-শ্চকার সূনোরভিষেচনং সতী॥

[ভাটিয়ারী-রাগ]

এইরূপে নন্দ-ঘরে বাঢ়ে যদুবর।
গোপগোপী-আনন্দ বাঢ়য়ে নিরন্তর॥
অদভুত কথা শুনি' রাজা বিষ্ণুরাত।
নিবেদন করে' কিছু মুনির সাক্ষাৎ॥
১ "যে-যে অবতারে হরি যে-যে রূপ ধরে।
শ্রুতিসুখ-মনোরম যে-যে কর্ম্ম করে'॥
যা' শুনিলে মনোগত গ্লানি নাহি রয়।
২ বিশেষে বৈরাগ্য হয়, নির্ম্মল আশয়॥
ভক্তজনে সখ্যভাব, ভক্তি নারায়ণে।
হেন হরি-চরিত কহিবে আদি-হনে॥
যদি ইচ্ছা কর' তুমি, গুরু যোগেশ্বর!
কহ হরি-চরিত্র শ্রবণ-মনোহর॥
৩ সম্প্রতি গোপাল-বাল কহিবে চরিত্র।
যাহার শ্রবণে সর্ব্বলোক আনন্দিত॥"
৪ রাজার বচন শুনি' শুক যোগেশ্বর।
কৃষ্ণকেলি-কথা কহে শ্রবণমঙ্গল॥
"অঙ্গের চালন শিশু কৈলা একদিনে।
কৌতুকে উৎসব তবে কৈল গোপগণে॥
জনম-নক্ষত্রযোগ আছে সেইদিনে।
গোপগোপী আসিয়া মিলিল সেইক্ষণে॥
বিবিধ বাজন-গীত, বিবিধ মঙ্গল।
দ্বিজগণে বেদমন্ত্র পড়িল বিস্তর॥

৫। নন্দস্য পত্নী কৃতমজ্জনাদিকং, বিপ্রৈঃ কৃতস্বস্ত্যয়নং সুপূজিতৈঃ।
অন্নাদ্যবাসঃস্রগভীষ্টধেনুভিঃ, সঞ্জাতনিদ্রাক্ষমশীশয়চ্ছনৈঃ॥

৬। ঔত্থানিকোৎসুক্যমনা মনস্বিনী, সমাগতান্ পূজয়তী ব্রজৌকসঃ।
নৈবাশৃণোদ্রৈ রুদিতং সুতস্য সা, রুদন্ স্তনার্থী চরণাবুদক্ষিপৎ॥

৭। অধঃশয়ানস্য শিশোরনোঽল্পক,-প্রবালমৃদ্বঙ্ঘ্রিহতং ব্যবর্ত্তত।
বিধ্বস্তনানারসকূপ্যভাজনং, ব্যত্যস্তচক্রাক্ষবিভিন্নকূবরম্॥

৮। দৃষ্ট্বা যশোদাপ্রমুখা ব্রজস্ত্রিয়, ঔত্থানিকে কর্ম্মণি যাঃ সমাগতাঃ।
নন্দাদয়শ্চাদ্ভুতদর্শনাকুলাঃ, কথং স্বয়ং বৈ শকটং বিপর্য্যগাৎ?
(ইতি ব্রুবন্তোঽতিবিবাদমোহিতা, জনাঃ সমন্তাৎ পরিবব্রুরার্ত্তবৎ॥)

৯। উচুরব্যবসিতমতীন্ গোপান্ গোপীশ্চ বালকাঃ। রুদতানেন পাদেন ক্ষিপ্তমেতন্ন সংশয়ঃ॥
১০। ন তে শ্রদ্দধিরে গোপা বালভাষিতমিত্যুত। অপ্রমেয়ং বলং তস্য বালকস্য ন তে বিদুঃ॥
১১। রুদন্তং সুতমাদায় যশোদা গ্রহশঙ্কিতা। কৃতস্বস্ত্যয়নং বিপ্রৈঃ সূক্তৈঃ স্তনমশায়য়ৎ।
১২। পূর্ব্ববৎ স্থাপিতং গোপৈর্বলিভিঃ সপরিচ্ছদম্। বিপ্রা হুত্বার্চ্চয়াঞ্চক্রুর্দধ্যক্ষতকুশাম্বুভিঃ॥

মহা-অভিষেক কৈলা আনিঞা ব্রাহ্মণে।
৫ বিবিধ বিধানে কৈলা শান্তি-স্বস্ত্যয়নে॥
গন্ধ, মাল্য, ধন, ধেনু বসনে ভূষিয়া।
দ্বিজগণে পাঠাইলা সন্তোষ করিয়া॥
তবে পুত্র কোলে করি' যশোদাসুন্দরী।
নিদ্রা লওয়াইলা অঙ্গে দিয়া করতালি॥
শয্যার উপরে শিশু করাঞা শয়ন।
৬ বসনে-ভূষণে পূজে গোপ-গোপীগণ॥
পুত্রমহোৎসবে দেবী আনন্দিত-মনে।
লোকপূজা করিতে, না কৈলা অবধানে॥
স্তন নাহি পিয়ে শিশু, যুড়িল ক্রন্দন।
কান্দিতে কান্দিতে দুই তুলিল চরণ॥
৭ শকটের তলে আছে শয়ন করিয়া।
ভাঙ্গিল শকটখান চরণ লাগিয়া॥
নবদল-কোমল চরণ-দুইখানি।
শকটে বাজিল গিয়া তাহার ঠেকনি॥
উলটিয়া পড়িল শকট, হৈল চূর।
শিশু হৈয়া কে করিতে পারে এতদূর?
ভাঙ্গিয়া পড়িল দধি-দুগ্ধের কলস।
ভূমিতে পড়িয়া গেল বিবিধ গো-রস॥

৮ হেন অদভুত দেখি' যত ব্রজনারী।
বিস্ময় পড়িলা নন্দগোপ-আদি করি'॥
উলটিয়া শকট পড়িল কি কারণে?
ভূমিতে পড়িয়া কেনে হৈল খানখানে?
কেহো ত' বুঝিতে নারে ইহার কারণ।
৯-১০ নিকটে আছিল যত কহে শিশুগণ॥
'পায়ে ঠেলি' এই শিশু শকট ফেলিলা'।
বালকের বাক্যে কেহো প্রতীত না গেলা॥
অমিতবিক্রম শিশু—গোপ নাহি জানে।
প্রতীত না কৈল কেহো শিশুর বচনে॥
সাক্ষাৎ পরমানন্দ প্রভু ভগবান্।
শিশুবাক্যে গোপগণ কৈল অপজ্ঞান॥
১১ ছাওয়াল কান্দিতে আছে শয্যার উপরে।
ধাঞা গিয়া যশোদা তুলিয়া লৈলা কোলে॥
পুনঃ বিপ্র আনি' করাইলা স্বস্ত্যয়ন।
শান্তি-স্বস্তি করি' তবে পিয়াইলা স্তন॥
১২ তবে যত গোয়াল আছিল বলী আর।
সেইরূপে শকট স্থাপিল আরবার॥
ধান্য-দূর্ব্বা দিয়া তবে শকট পূজিলা।
ব্রাহ্মণ আনিয়া পুনঃ শান্তিযজ্ঞ কৈলা॥

১৪। ইতি বালকমাদায় সামর্গ্‌যজুরুপাকৃতৈঃ। জলৈঃ পবিত্রৌষধিভিরভিষিচ্য দ্বিজোত্তমৈঃ॥
১৫। বাচয়িত্বা স্বস্ত্যয়নং নন্দগোপঃ সমাহিতঃ। হুত্বা চাগ্নিং দ্বিজাতিভ্যঃ প্রাদাদন্নং মহাগুণম্॥
১৬। গাবঃ সর্ব্বগুণোপেতা বাসঃ স্রগ্‌রুক্মমালিনীঃ। আত্মজাভ্যুদয়ার্থায় প্রাদাত্তে চান্বযুঞ্জত॥
১৭। বিপ্রা মন্ত্রবিদো যুক্তাস্তৈর্যাঃ প্রোক্তাস্তথাশিষঃ। তা নিষ্ফলা ভবিষ্যন্তি ন কদাচিদপি স্ফুটম্॥
১৮। একদারোহমারূঢ়ং লালয়ন্তী সুতং সতী। গরিমাণং শিশোর্বোঢ়ুং ন সেহে গিরিকূটবৎ॥
১৯। ভুমৌ নিধায় তং গোপী বিস্মিতা ভারপীড়িতা। মহাপুরুষমাদধ্যৌ জগতামাস কর্ম্মসু॥
২০। দৈত্যো নাম্না তৃণাবর্ত্তঃ কংসভৃত্যঃ প্রণোদিতঃ। চক্রবাতস্বরূপেণ জহারাসীনমর্ভকম্॥
২১। গোকুলং সর্ব্বমাবৃণ্বন্ মুষ্ণংশ্চক্ষূংষি রেণুভিঃ। ঈরয়ন্ সুমহাঘোরশব্দেন প্রদিশো দিশঃ॥
২২। মুহূর্ত্তমভবদ্গোষ্ঠং রজসা তমসাবৃতম্। সুতং যশোদা নাপশ্যত্তস্মিন্ ন্যস্তবতী যতঃ॥
২৩। নাপশ্যৎ কশ্চনাত্মানং পরঞ্চাপি বিমোহিতঃ। তৃণাবর্ত্তনিসৃষ্টাভিঃ শর্করাভিরুপদ্রুতঃ॥
২৪। ইতি খরপবনচক্রপাংশুবর্ষে, সুতপদবীমবলাবিলক্ষ্য মাতা।
অতিকরুণমনুস্মরন্ত্যশোচ,-ভুবি পতিতা মৃতবৎসকা যথা গৌঃ॥
২৫। রুদিতমনুনিশম্য তত্র গোপ্যো, ভৃশমনুতপ্তধিয়োঽশ্রুপূর্ণমুখ্যঃ।
রুরুদুরনুপলভ্য নন্দসূনুং, পবন উপারতপাংশুবর্ষবেগে॥
২৬। তৃণাবর্ত্তঃ শান্তরয়ো বাত্যারূপধরো হরন্। কৃষ্ণং নভোগতো গন্তুং নাশক্নোদ্ভূরিভারভৃৎ॥
২৭। তমশ্মানং মন্যমান আত্মনো গুরুমত্তয়া। গলে গৃহীত উৎস্রষ্টুং নাশক্নোদদ্ভুতার্ভকম্॥

১৪-১৫ পরম-সুবুদ্ধি নন্দ, সহজে পণ্ডিত।
দেব-দ্বিজ পূজা কৈলা হৈয়া সাবহিত॥
দিব্য অন্নপান দিয়া পূজিলা ব্রাহ্মণে।
১৬-১৭ ধন, ধেনু, বহুবিধ বসন-ভূষণে॥
বিপ্রমুখে পুত্রকে করায় আশীর্ব্বাদ।
রক্ষা বান্ধে বিপ্রগণ অঙ্গে দিয়া হাত॥
এইরূপ উৎসব করাঞা নন্দরায়।
সব গোপগোপীগণ তুষিয়া পাঠায়॥
শকটভঞ্জন-লীলা কহিল সুন্দর।
আর এক অদভুত, শুন, নৃপবর!
১৮ একদিন পুণ্যবতী যশোদা-সুন্দরী।
লালন-পালন করে' পুত্র কোলে করি'॥
বহিতে না পারে শিশু, বড় হৈলা ভর।
১৯ ভূমিতে ছাওয়াল থুইল, মনে পাঞা ডর॥
ঈশ্বর চিন্তিয়া মনে গৃহকর্ম্ম করে'।
২০ তৃণাবর্ত্ত-দৈত্য আইল হেন অবসরে॥
কংসের আদেশে দৈত্য গোকুলে আসিয়া।
চক্রবাতরূপে নিল ছাওয়ালে হরিয়া॥
২১ মহাঝড়-উৎপাতে গোকুল পূরায়।
ধূলা-অন্ধকারে কেহ দেখিতে না পায়॥
পূরাইল দশদিগ শবদ নিষ্ঠুর।
২২-২৩ ধূলা-অন্ধকারে সব পূরায় গোকুল॥
কে কোথাতে আছে, কেহো কিছুই না জানে।
২৪ পুত্র না দেখিয়া দেবী হরিলা গেয়ানে॥
করুণা করিয়া কান্দে ভূমিতে পড়িয়া।
গাভী যেন হামলায় বাছুর হারাঞা॥
২৫ ক্রন্দন শুনিয়া সব গোপীগণ আইল।
শিশু না দেখিয়া তা'রা কান্দিতে লাগিল॥
আঁখি বাঞা পড়ে নীর, আকুল-হৃদয়।
দুঃখ-শোকে গোপীগণ কান্দে অতিশয়॥
২৬ তৃণাবর্ত্ত মহাদৈত্য কোন্ কর্ম্ম করে'?
ছাওয়াল তুলিয়া লৈল আকাশমণ্ডলে॥
বহিতে না পারে শিশু, পর্ব্বতের ভর।
মনে ভয় পাঞা দৈত্য করে' ধড়্‌ফড়্॥
যাবৎ পলাঞা নাহি যায় দুরাচার।
২৭ দুই হাতে গলা চাপি' ধরিলা ছাওয়াল॥

২৮। গলগ্রহণনিশ্চেষ্টো দৈত্যো নির্গতলোচনঃ। অব্যক্তরাবো ন্যপতৎ সহবালো ব্যসুর্ব্রজে॥
২৯। তমন্তরিক্ষাৎ পতিতং শিলায়াং, বিশীর্ণসর্ব্বাবয়বং করালম্।
পুরং যথা রুদ্রশরেণ বিদ্ধং, স্ত্রিয়ো রুদত্যো দদৃশুঃ সমেতাঃ॥
৩০। প্রাদায় মাত্রে প্রতিহৃত্য বিস্মিতাঃ, কৃষ্ণঞ্চ তস্যোরসি লম্বমানম্।
তং স্বস্তিমন্তং পুরুষাদনীতং, বিহায়সা মৃত্যুমুখাৎ প্রমুক্তম্।
গোপ্যশ্চ গোপাঃ কিল নন্দমুখ্যা, লব্ধ্বা পুনঃ প্রাপুরতীব মোদম্॥
৩১। অহো বতাত্যদ্ভুতমেষ রক্ষসা, বালো নিবৃত্তিং গমিতোঽভ্যগাৎ পুনঃ।
হিংস্রঃ স্বপাপেন বিহিংসিতঃ খলঃ, সাধুঃ সমত্বেন ভয়াদ্বিমুচ্যতে॥
৩২। কিং নস্তপশ্চীর্ণমধোক্ষজার্চ্চনং, পূর্ত্তেষ্টদত্তমুত ভূতসৌহৃদম্।
যৎ সম্পরেতঃ পুনরেব বালকো, দিষ্ট্যা স্ববন্ধূন্ প্রণয়ন্নুপস্থিতঃ?
৩৩। দৃষ্ট্বাদ্ভুতানি বহুশো নন্দগোপো বৃহদ্বনে। বসুদেববচো ভূয়ো মানয়ামাস বিস্মিতঃ॥
৩৪। একদার্ভকমাদায় স্বাঙ্কমারোপ্য ভামিনী। প্রস্নুতং পায়য়ামাস স্তনং স্নেহপরিপ্লুতা॥
৩৫। পীতপ্রায়স্য জননী সা তস্য রুচিরস্মিতম্। মুখং লালয়তী রাজন্ জৃম্ভতো দদৃশে ইদম্॥
৩৬। খং রোদসী জ্যোতিরনীকমাশাঃ, সূর্য্যেন্দ্বগ্নিশ্বসনাম্বুধীংশ্চ।
দ্বীপান্ নগাংস্তদ্দুহিতৃর্ব্বনানি, ভূতানি যানি স্থিরজঙ্গমানি॥

---

২৮ হাত-পাও আছাড়য়ে, করে' ছট্‌ফট্।
মুখেতে না আইসে রাও, দেখিতে বিকট॥
দুই আঁখি উলটিল, হরিল চেতন।
ভূমিতে পড়িঞা দৈত্য ছাড়িল জীবন॥

২৯ পড়িল আকাশ হ'তে শিলার উপরে।
খণ্ড খণ্ড হৈল ত'ার সব কলেবরে॥
শিলাতে পড়িঞা দৈত্য হৈল শঙ্খচূর।
শঙ্করের বাণে যেন পড়িল ত্রিপুর॥
গোপগোপীগণ কান্দে আকুল-হৃদয়।
হেনকালে দৈত্য দেখি' পাইল বড় ভয়॥

৩০ খেলায় বালক তা'র বুকের উপর।
ঈষৎ মধুর হাস্য, দেখিতে সুন্দর॥
নাম্বিবারে চাহে শিশু, ভয় নাহি মনে।
ধাঞা গিয়া ধরে' শিশু গোপগোপীগণে॥
সব দুঃখ দূরে গেল পাঞা যদুবর।
গোকুল ভরিয়া হৈল আনন্দ-মঙ্গল॥

৩১ নন্দ-আদি গোপ বলে' হৈয়া আনন্দিত।
নষ্ট হৈলা, হেন পুত্র মিলে আচম্বিত॥
নিজ-পাপে হিংসকের হয় পরলয়।
শুদ্ধভাবে সাধুজনে তরে' ভবভয়॥

৩২ আমি-সব কোন্ তপ কৈল পুণ্য-দানে?
সাক্ষাতে পূজিল কিবা পুরুষ-পুরাণে?
কিবা সর্ব্বভূতে দয়া কৈল শুদ্ধচিত্তে?
কোন্ ভাগ্যে মৃত পুত্র মিলিলা সাক্ষাতে?

৩৩ অদভুত দেখি' নন্দ চিন্তে মনে-মনে।
'বসুদেব-বচন ফলিল বিদ্যমানে॥'
কথোদিন বই আর, নন্দের নন্দনে।
যে কর্ম্ম করিল, রাজা, শুন সাবধানে॥

৩৪ পুত্র কোলে করিয়া যশোদা একদিনে।
স্তন পিয়াইলা দেবী হরষিত-মনে॥

৩৫ মধুর অঙ্গের করে' লালন-পালন।
কর দিয়া করে' দেবী মুখ মারজন॥
হেন-কালে মুখে হাই ছাড়িলা ছাওয়ালে।
ত্রিভুবন দেখে দেবী মুখের ভিতরে॥

৩৭। **সা বীক্ষ্য বিশ্বং সহসা রাজন্ সঞ্জাতবেপথুঃ।**
সম্মীল্য মৃগশাবাক্ষী নেত্রে আসীৎ সুবিস্মিতা॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে তৃণাবর্ত্তমোক্ষো নাম সপ্তমোঽধ্যায়ঃ॥ ৭॥

---

৩৬ দশদিগ্, গ্রহগণ, আকাশমণ্ডল।
চন্দ্র, সূর্য্য, বায়ু, বহ্নি, এ সপ্ত সাগর॥
সপ্তদ্বীপ, গিরি-তরু, নদ-নদী, জল।
সুরলোক, সপত-পাতাল, ক্ষিতি-তল॥
ব্রহ্মাণ্ড-পর্য্যন্ত যত স্থাবর-জঙ্গম।
পুত্রমুখে যশোদা দেখিলা ত্রিভুবন॥

৩৭ পুত্রমুখে জগৎ দেখিয়া ব্রজেশ্বরী।
কাঁপিয়া উঠিল অঙ্গ, ধরিতে না পারি॥
দুই আঁখি মুদিয়া রহিলা সেই মনে।
হেন অদভুত লীলা করে' নারায়ণে॥
কৃষ্ণগুণ শুন, ভাই, কৃষ্ণে ধর আশা।
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তমোঽধ্যায়ঃ॥ ৭॥

অষ্টমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **গর্গঃ পুরোহিতো রাজন্ যদূনাং সুমহাতপাঃ। ব্রজং জগাম নন্দস্য বসুদেবপ্রচোদিতঃ॥**
২। **তং দৃষ্ট্বা পরমপ্রীতঃ প্রত্যুত্থায় কৃতাঞ্জলিঃ। আনর্চ্চাধোক্ষজধিয়া প্রণিপাতপুরঃসরম্॥**
৩। **সূপবিষ্টং কৃতাতিথ্যং গিরা সূনৃতয়া মুনিম্। নন্দয়িত্বাব্রবীদ্ব্রহ্মন্ পূর্ণস্য করবাম কিম্?**
৪। **মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্। নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা ক্বচিৎ॥**
৫। **জ্যোতিষাময়নং সাক্ষাদ্যত্তজ্জ্ঞানমতীন্দ্রিয়ম্। প্রণীতং ভবতা যেন পুমান্ বেদ পরাবরম্॥**
৬। **ত্বং হি ব্রহ্মবিদাং শ্রেষ্ঠঃ সংস্কারান্ কর্ত্তুমর্হসি। বালয়োরনয়োর্নৃণাং জন্মনা ব্রাহ্মণো গুরুঃ॥**

[বরাড়ী-রাগ]

শুক মহামুনি বলে,'—"শুন, নরেশ্বর!
আর অদভুত কহি শ্রুতি-মনোহর॥
১ যদুকুলে পুরোহিত গর্গমুনি-নাম।
আজ্ঞা দিলা তাঁ'রে বসুদেব মতিমান্॥
গর্গমুনি গেল তবে নন্দের মন্দিরে।
২ দেখিয়া উঠিল নন্দ পরম-আদরে॥
পাদ্য, অর্ঘ্য, গন্ধ, পুষ্প, নানা উপহারে।
বিষ্ণুবুদ্ধি করি' তাঁ'রে পূজিলা সত্বরে॥
৩ আসনে বসাঞা মুনি বিনয়-বচনে।
কর-যোড় করি' নন্দ বলে' সাবধানে॥

৪ 'মহাজন-আগমন এই প্রয়োজনে।
দুর্গত গৃহীর মাত্র করে' পরিত্রাণে॥
তুমি মহাপুরুষ, দুর্গত-হিতকারী।
তাহার কারণে তুমি আইলা দয়া করি'॥
৫ তুমি মহাপণ্ডিত, কেবল শুদ্ধমতি।
তোমা' হৈতে জ্যোতিষ-শাস্ত্রের উৎপত্তি॥
যাহা হৈতে জানি ভূত-ভব্য-বর্ত্তমান।
হেন মহাশাস্ত্র তোমা' হৈতে উপাদান॥
লোকে বলে'—সভে তুমি জ্যোতিষ-প্রধান।
৬ সর্ব্বশাস্ত্রে নাহি কেহ তোমার সমান॥
দুইটী বালক আছে, নাম নাহি ধরি।
তুমি নামকরণ করহ কৃপা করি'॥

শ্রীগর্গ উবাচ

৭। **যদূনামহমাচার্য্যঃ খ্যাতশ্চ ভুবি সর্ব্বদা। সুতং ময়া সংস্কৃতং তে মন্যতে দেবকীসুতম্॥**
৮। **কংসঃ পাপমতিঃ সখ্যং তব চানকদুন্দুভেঃ। দেবক্যা অষ্টমো গর্ভো ন স্ত্রী ভবিতুমর্হতি॥**
৯। **ইতি সঞ্চিন্তয়ন্ শ্রুত্বা দেবক্যা দারিকাবচঃ। অপি হন্তাগতাশঙ্কস্তর্হি তন্নোহনয়ো ভবেৎ॥**

শ্রীনন্দ উবাচ

১০। **অলক্ষিতোঽস্মিন্ রহসি মামকৈরপি গোব্রজে। কুরু দ্বিজাতিসংস্কারং স্বস্তিবাচনপূর্ব্বকম্॥**

শ্রীশুক উবাচ

১১। **এবং সম্প্রার্থিতো বিপ্রঃ স্বচিকীর্ষিতমেব তৎ। চকার নামকরণং গূঢ়ো রহসি বালয়োঃ॥**

শ্রীগর্গ উবাচ

১২। **অয়ং হি রোহিণীপুত্রো রময়ন্ সুহৃদো গুণৈঃ। আখ্যাস্যতে রাম ইতি বলাধিক্যাদ্বলং বিদুঃ। যদূনামপৃথগ্‌ভাবাৎ সঙ্কর্ষণমুশন্ত্যুত॥**
১৩। **আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥**

যদি বল'—'আমি নহি কুল-পুরোহিত'।
জন্মিলেই গুরু, বিপ্র জগতে পূজিত॥
এ বোল বুঝিয়া কর' পুত্রের সংস্কার।'
৭-৮ তবে গর্গমুনি বলে' উত্তর তাহার॥
'আমিহ আপনে যদুকুল-পুরোহিত।
সর্ব্বত্র বিখ্যাত আমি, জগতে বিদিত॥
আমি যদি তব পুত্রে করি নাম-কর্ম্ম।
দূষিবে পাপিষ্ঠ কংস না জানিঞা মর্ম্ম॥
দেবকীর পুত্র ওই জানিবে নিশ্চয়।
তবে তুমি কি বুদ্ধি করিবে মহাশয়?
বসুদেব-সঙ্গে তোমার আছয়ে মিতালী।
দৈবকীর অষ্টম-গর্ভে কন্যা নাহি বলি॥
৯ কন্যায় কহিল,—'শত্রু জন্মিল তোমার'।
এত কুমন্ত্রণা যদি করে' দুরাচার॥
আসিয়া মারিবে যদি দুইটী তনয়।
তবে নন্দ, দেখি বড় এই ত' সংশয়॥'
১০ নন্দ বলে',—'কর' এই পুরেতে প্রবেশ।
নিজলোক-মাত্রে যা'থে না পায় উদ্দেশ॥
ঘরের ভিতরে কর্ম্ম কর' অলক্ষিতে।
নর-নামে কেহ যেন না পারে জানিতে॥'
১১ নন্দের বচন শুনি' গর্গ-মহাশয়।
করিলা সকল কর্ম্ম, বিধি যেই হয়॥
১২ তবে মুনি বলে',—'শুন নামের বিধান।
ধরিব যাহার যেন অনুরূপ নাম॥
রোহিণী-পুত্রের নাম শুন বিদ্যমান।
মনোরম দেখিয়া বলিবে লোকে 'রাম'॥
'বলরাম' হৈবে দেখি' বলেতে প্রখর।
আর এক নাম হৈবে ইহার সুন্দর॥
যদুবংশে বাঢ়াইবে অন্যোহন্যে পীরিতি।
ভিন্নভাব খণ্ডাঞা করিবে একমতি॥
'সঙ্কর্ষণ'-নাম হৈবে সেই-সে কারণে।
১৩ তোমার পুত্রের নাম কহিব এখনে॥
এ বালক যুগে-যুগে করে' অবতার।
নানা-বর্ণ, নানা-নাম আছিল ইহার॥
সত্যযুগে শুক্লবর্ণে অবতার কৈল।
ত্রেতাযুগে রক্তবর্ণ ধরিয়া জন্মিল॥
ইদানী দ্বাপরে কৃষ্ণবর্ণ তব ঘরে।
পীতবর্ণে কলিকালে হৈব অবতারে॥
যুগধর্ম্ম নিজ নাম করিবে প্রচার।
দ্বিজবেষে করিবে চৈতন্য-অবতার॥

১৪। প্রাগয়ং বসুদেবস্য ক্বচিজ্জাতস্তবাত্মজঃ। বাসুদেব ইতি শ্রীমানভিজ্ঞাঃ সম্প্রচক্ষতে॥
১৫। বহূনি সন্তি নামানি রূপাণি চ সুতস্য তে। গুণকর্ম্মানুরূপাণি তান্যহং বেদ নো জনাঃ॥
১৬। এষ বঃ শ্রেয় আধাস্যদ্গোপগোকুলনন্দনঃ। অনেন সর্ব্বদুর্গাণি যূয়মঞ্জস্তরিষ্যথ॥
১৭। পুরানেন ব্রজপতে সাধবো দস্যুপীড়িতাঃ। অরাজকে রক্ষ্যমাণা জিগ্যুর্দস্যূন্ সমেধিতাঃ॥
১৮। য এতস্মিন্ মহাভাগাঃ প্রীতিং কুর্ব্বন্তি মানবাঃ। নারয়োঽভিভবন্ত্যেতান্ বিষ্ণুপক্ষানিবাসুরাঃ॥
১৯। তস্মান্নন্দাত্মজোঽয়ং তে নারায়ণসমো গুণৈঃ। শ্রিয়া কীর্ত্ত্যানুভাবেন গোপায়স্ব সমাহিতঃ॥

শ্রীশুক উবাচ

২০। ইত্যাত্মানং সমাদিশ্য গর্গে চ স্বগৃহং গতে। নন্দঃ প্রমুদিতো মেনে আত্মানং পূর্ণমাশিষাম্॥
২১। কালেন ব্রজতাল্পেন গোকুলে রামকেশবৌ। জানুভ্যাং সহপাণিভ্যাং রিঙ্গমাণৌ বিজহ্রতুঃ॥
২২। তাবঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য সরীসৃপন্তৌ, ঘোষপ্রঘোষরুচিরং ব্রজকর্দ্দমেষু।
তন্নাদহৃষ্টমনসাবনুসৃত্য লোকং, মুগ্ধপ্রভীতবদুপেয়তুরন্তি মাত্রোঃ॥
২৩। তন্মাতরৌ নিজসুতৌ ঘৃণয়া স্নুবন্ত্যৌ, পঙ্কাঙ্গরাগরুচিরাবুপগুহ্য দোর্ভ্যাম্।
দত্ত্বা স্তনং প্রপিবতোঃ স্ম মুখং নিরীক্ষ্য, মুগ্ধস্মিতাল্পদশনং যযতুঃ প্রমোদম্॥

---

১৪ পূরবে আছিলা এক 'বসুদেব'-নামে।
তা'র পুত্র হঞা জন্ম লভিলা তখনে॥
তে-কারণে আর এক 'বাসুদেব'-নাম।
না করিহ ইহাকে মানুষ-হেন জ্ঞান॥

১৫ কত নাম, কত রূপ, কত গুণ-কর্ম্ম।
হেন নাহি, ইহার জানিতে পারে মর্ম্ম॥

১৬ এই পুত্র ব্রজকুলে করিবে কল্যাণ।
এই সর্ব্ব বিপদে করিবে পরিত্রাণ॥
ইহার প্রসাদে তুমি থাকিবে স্বচ্ছন্দে।
গোপগোপীগণে এই বাঢ়া'বে আনন্দে॥

১৭ দস্যুভয় পূরবে আছিল ক্ষিতিতলে।
দস্যুভয়ে সাধুজন রহিতে না পারে॥
এই শিশু বল-বীর্য্য বাঢ়ায় তখনে।
তবে দস্যু জিনি' সুখে রহে সাধুগণে।

১৮ ইহাতে সন্তোষ যা'র বাঢ়িব পীরিতি।
সর্ব্বসুখ হৈবে তা'র, খণ্ডিবে দুর্গতি॥
রিপুভয় নহিব, খণ্ডিব ভবভয়।
জানিহ সাক্ষাৎ বিষ্ণু তোমার তনয়॥

১৯ মহাগুণ, মহাযশ, মহা-অনুভাব।
দেখিবে ইহার যত অতুল প্রতাপ॥
ইহাকেহি জানিহ সাক্ষাৎ নারায়ণে।
এ শিশু রাখিহ, নন্দ, পরম-যতনে॥'

২০ এতেক বলিয়া মুনি গেলা মধুপুরে।
আনন্দে রহেন নন্দ গোকুল-নগরে॥

২১ এইরূপে বহি' যদি গেল কথোদিন।
দুই ভাই চলিতে কিছু হইলা প্রবীণ॥
দুই হাথ, দুই আঁঠু ভূমেতে পাড়িয়া।
হাঁটিতে শিখিল কিছু হামাগুড়ি দিয়া॥

২২ খর-খর হস্ত-পদ তুলিয়া ফেলায়।
থাবা-থাবি দিয়া ব্রজ-কর্দ্দমে খেলায়॥
কঙ্কণ-কিঙ্কিণী ঝন্‌ঝনি ঘন রোল।
শবদ শুনিঞা বাঢ়ে আনন্দ-কল্লোল॥
ভিন্ন জন দেখিলে মনের হয় ভয়।
ত্বরাত্বরি জননীর কাছে গিয়া রয়॥

২৩ যশোদা-রোহিণী তবে পুত্র লঞা কোলে।
বুকের উপরে থুঞা শ্রীমুখ নেহালে॥
প্রেমভরে দুঁহার শরীর নহে স্থির।
পয়োধর গলয়ে, নয়ানে বহে নীর॥
পঙ্ক-বিলেপিত-অঙ্গ অতি মনোহর।
পূর্ণিমার চন্দ্র জিনি' বদন সুন্দর॥

২৪। যহ্যঙ্গনাদরশনীয়কুমারলীলা,-বন্তর্ব্রজে তদবলাঃ প্রগৃহীতপুচ্ছৈঃ।
বৎসৈরিতস্তত উভাবনুকৃষ্যমাণৌ, প্রেক্ষন্ত্য উজ্ঝিতগৃহা জহৃষুর্হসন্ত্যঃ॥

২৫। শৃঙ্গ্যগ্নিদংষ্ট্রাসিজলদ্বিজকণ্টকেভ্যঃ। ক্রীড়াপরাবতিচলৌ স্বসুতৌ নিষেদ্ধুম্।
গৃহ্যাণি কর্ত্তুমপি যত্র ন তজ্জনন্যৌ, শেকাত আপতুরলং মনসোঽনবস্থাম্॥

২৭। ততস্তু ভগবান্ কৃষ্ণো বয়স্যৈর্ব্রজবালকৈঃ। সহরামো ব্রজস্ত্রীণাং চিক্রীড়ে জনয়ন্ মুদম্॥

২৮। কৃষ্ণস্য গোপ্যো রুচিরং বীক্ষ্য কৌমারচাপলম্। শৃণ্বত্যাঃ কিল তন্মাতুরিতি হোচুঃ সমাগতাঃ॥

২৯। বৎসান্ মুঞ্চন্ ক্বচিদসময়ে ক্রোশসঞ্জাতহাসঃ, স্তেয়ং স্বাদ্বত্যথ দধিপয়ঃ কল্পিতৈঃ স্তেয়যোগৈঃ।
মর্কান্ ভোক্ষ্যন্ বিভজতি স চেন্নাত্তি ভাণ্ডং ভিনত্তি, দ্রব্যালাভে সগৃহকুপিতো যাত্যুপক্রোশ্য তোকান্॥

৩০। হস্তাগ্রাহ্যে রচয়তি বিধিং পীঠকোলূখলাদ্যৈ,-শ্ছিদ্রং হ্যন্তর্নিহিতবয়ুনঃ শিক্যভাণ্ডেষু তদ্বিৎ।
ধ্বান্তাগারে ধৃতমণিগণং স্বাঙ্গমর্থপ্রদীপং, কালে গোপ্যো যর্হি গৃহকৃত্যেষু সুব্যগ্রচিত্তাঃ॥

স্তন পিয়াইতে মুখ করে' নিরীক্ষণ।
সুমন্দ-মধুর-হাস্য, নবীন দশন॥

আনন্দসাগরে ভাসে টলমল অঙ্গ।
রহিতে না পারে দুঁহে, বাঢ়য়ে তরঙ্গ॥

২৪ যখনে বালকলীলা করয়ে মুরারি।
এদিগে ওদিগে ধায় বৎস-পুচ্ছ ধরি'॥

ক্ষেণে পড়ে, ক্ষেণে উঠে, ক্ষেণে দুঁহে ধায়।
দেখিয়া রমণীগণ হাসি' গড়ি যায়॥

২৫ বড় বড় মহিষ-বৃষের শৃঙ্গ ধরে'।
বনের ভিতরে যায়, জলে গিয়া পড়ে॥

সর্প ধরিবারে যায়, জ্বলন্ত আগুনি।
তখন রাখিতে নারে দুঁহার জননী॥

চঞ্চল চপল বেশ, মধুর-মূরতি।
রাখিতে না পারে মায়ে করিয়া শকতি॥

নিজ-গৃহকর্ম্ম ওথা না পায় করিতে।
মনে দুঃখ-ভয় পায়, না পারে রাখিতে॥

২৭ কথোদিন বই হরি ব্রজশিশু-সঙ্গে।
করয়ে বিবিধ কেলি আনন্দ-তরঙ্গে॥

নানা মনোহর-লীলা করে' যদুরায়।
গোপকুলে গোপগোপীর আনন্দ বাঢ়ায়॥

২৮ কৃষ্ণের চঞ্চল-লীলা দেখি' গোপীগণ।
যশোদার ঠাঞি গিয়া কৈল নিবেদন॥

২৯ 'শুনহ, যশোদারাণি, পুত্রের বেভার।
আউলা'য়া ফেলে দধি-দুগ্ধের পসার॥

বাছুর খসাঞা শিশু তখনে পলায়।
ক্রোধ করি' যাই যদি, হাসি' দূরে যায়॥

ঘরে ঘরে দধি-দুগ্ধ চুরি করি' খায়।
হাতে না পাইলে তবে করয়ে উপায়॥

খাইতে না পারে যদি বানরে ভুঞ্জায়।
নহে বা দধির ভাণ্ড ভাঙ্গিয়া ফেলায়॥

যদি বা না পায় কিছু, করে' অহঙ্কার।
'পুড়িঞা ফেলিমু আজি এ ঘর-দুয়ার'॥

শুতিয়া থাকয়ে শিশু, তা'রে গিয়া মারে।

৩০ দধি লাগ না পাইলে তা'র বুদ্ধি করে'॥
পিণ্ডার উপরে লঞা উখলি তুলিয়া।
সব দধি-দুগ্ধ ফেলে তাহাতে উঠিয়া॥
শূন্য ঘট-উপরে দুগ্ধের ঘট ধরি'।
শিকাতে তুলিয়া যদি রাখি উচ্চ করি'॥
যে-ঘটে গোরস থাকে, তা'র তত্ত্ব জানে।
ছিদ্র করি' দধি-দুগ্ধ ফেলায় তখনে॥
অন্ধকার-ঘরে জ্বলে গাত্রের রতন।
ভাঙ্গিয়া ফেলায় দধি-দুগ্ধের ভাজন॥
যদি বল'—তুমি-সব থাকিহ দুয়ারে।
ঘরে গিয়া শিশু যেন প্রবেশ না করে'॥
গৃহকর্ম্মে আমি-সব থাকিয়ে যখনে।
তখন সে যায় শিশু, জানিব কেমনে?

৩১। এবং ধার্ষ্ট্যান্যশংতি কুরুতে মেহনাদীনি বাস্তৌ, স্তেয়োপায়ৈর্বিরচিতকৃতিঃ সুপ্রতীকো যথাস্তে।
ইত্থং স্ত্রীভিঃ সভয়নয়নশ্রীমুখালোকিনীভি,-র্ব্যাখ্যাতার্থা প্রহসিতমুখী ন হ্যুপালব্ধুমৈচ্ছৎ॥
৩২। একদা ক্রীড়মানাস্তে রামাদ্যা গোপদারকাঃ। কৃষ্ণো মৃদং ভক্ষিতবানিতি মাত্রে ন্যবেদয়ন্॥
৩৩। সা গৃহীত্বা করে কৃষ্ণমুপালভ্য হিতৈষিণী। যশোদা ভয়সম্ভ্রান্তপ্রেক্ষণাক্ষমভাষত॥
৩৪। কস্মান্মৃদমদান্তাত্মন্! ভবান্ ভক্ষিতবান্ রহঃ? বদন্তি তাবকা হ্যেতে কুমারাস্তেঽগ্রজোঽপ্যয়ম্॥
৩৫। নাহং ভক্ষিতবানম্ব! সর্ব্বে মিথ্যাভিশংসিনঃ। যদি সত্যগিরস্তর্হি সমক্ষং পশ্য মে মুখম্॥
৩৬। যদ্যেবং তর্হি ব্যাদেহীত্যুক্তঃ স ভগবান্ হরিঃ। ব্যাদত্তাব্যাহতৈশ্বর্য্যঃ ক্রীড়ামনুজবালকঃ॥
৩৭। সা তত্র দদৃশে বিশ্বং জগৎ স্থাস্নু চ খং দিশঃ। সাদ্রিদ্বীপাব্ধিভূগোলং সবায্বগ্নীন্দুতারকম্॥
৩৮। জ্যোতিশ্চক্রং জলং তেজো নভস্বান্ বিয়দেব চ। বৈকারিকাণীন্দ্রিয়াণি মনো মাত্রা গুণাস্ত্রয়ঃ॥
৩৯। এতদ্বিচিত্রং সহ জীবকাল,-স্বভাবকর্ম্মাশয়লিঙ্গভেদম্।
সূনোস্তনৌ বীক্ষ্য বিদারিতাস্যে, ব্রজং সহাত্মানমবাপ শঙ্কাম্॥

---

৩১ লেপিয়া পুঁছিয়া করি স্থান পরিষ্কার।
দেবযজ্ঞ, পিতৃপূজা, ব্রত করিবার॥
তাহার উপরে গিয়া মল-মূত্র ছাড়ে।
আছে ত' এখন ভাল, রাও নাহি কাড়ে॥
হেঁট-মাথে রহে কৃষ্ণ সভয়-নয়নে।'
ব্রজনারী কহে কথা রাণী-বিদ্যমানে॥
আড় আঁখি করি' চাহে শ্রীমুখ নেহালি'।
পাছে আর ক্রোধ জানি করে' বনমালী॥
শুনিঞা পুত্রের কথা হাসে নন্দরাণী।
ভাল-মন্দ কিছু না বলিলা এক বাণী॥
নানা-লীলা করি' হরি পীরিতি বাঢ়ায়।
ব্রজপুরে গোপগোপীর আনন্দ করায়॥

৩২ একদিন রাম-কৃষ্ণ ব্রজশিশু-সঙ্গে।
বহুবিধ বালকেলি করে' নানা-রঙ্গে॥
যশোদা-গোচরে গিয়া বালকে কহিল।
'তোমার ছাওয়াল আজি মৃত্তিকা ভক্ষিল'॥

৩৩ ধাঞা গিয়া ছাওয়ালে ধরিলা নন্দরাণী।
ভৎর্সিয়া বোলয়ে কিছু হিত হেন বাণী॥

৩৪ 'কেনে, বাপু, মৃত্তিকা ভক্ষিলে অগেয়ানে?
মিথ্যা নাহি কহে তোর সঙ্গী শিশুগণে॥'

৩৫ ভয়ে ভীত হঞা প্রভু মায়ে কহে বাণী।
'মাটী নাহি খাই আমি, শুন, গো জননি!
বালকের বাক্য কেনে সত্য করি' বল'?
সাক্ষাতে আপনি মোর বদন নেহাল॥'

৩৬ রাণী বলে'—'বাপু, তুমি মেল' মুখখানি।'
এ বোল শুনিঞা মুখ মেলে' চক্রপাণি॥
সাক্ষাৎ-ঈশ্বর, লীলায় নর-কলেবর।

৩৭ ব্রহ্মাণ্ড দেখিলা রাণী মুখের ভিতর॥
সপ্তদ্বীপ, সপ্তসিন্ধু, স্থাবর-জঙ্গম।
নদ-নদী, পাতাল, পর্ব্বত, তরু-বন॥
চন্দ্র, সূর্য্য, পবন, বরুণ, হুতাশন।

৩৮ জ্যোতিষমণ্ডল, জল, তেজ, গ্রহগণ॥
দশদিগ্, আকাশমণ্ডল, সুরপুরী।
সকল ইন্দ্রিয়গণ মন-আদি করি'॥
সত্ত্ব-রজ-তম—তিন গুণ বর্ত্তমান।
অষ্টযোগ, অষ্টসিদ্ধি দেখে বিদ্যমান॥

৩৯ কাল, কর্ম্ম, স্বভাব, অদৃষ্ট-আদি করি'।
এ-সকল আছে নিজ-নিজ-মূর্ত্তি ধরি'॥
মূর্ত্তিমান্ মন্ত্র-তন্ত্র, বেদ-শাস্ত্র-আদি।
তপ, যজ্ঞ, ব্রত, দান, পুণ্য-ফল, বিধি॥
এ-সকল আছে তথা মূর্ত্তিমান্ হঞা।
তথাতে আছেন কৃষ্ণ আপনে বসিয়া॥
আপনাকে দেখে দেবী, আছেন তথাই।
চিন্তিতে লাগিলা দেবী মনে ভয় পাই'॥

৪০। কিং স্বপ্ন এতদুত দেবমায়া, কিংবা মদীয়ো বত বুদ্ধিমোহঃ ?
অথো অমুষ্যৈব মমার্ভকস্য, যঃ কশ্চনৌৎপত্তিক আত্মযোগঃ ?

৪১। অথো যথাবন্ন বিতর্কগোচরং, চেতোমনঃকর্ম্মবচোভিরঞ্জসা।
যদাশ্রয়ং যেন যতঃ প্রতীয়তে, সুদুর্বিভাব্যং প্রণতাস্মি তৎপদম্ ॥

৪২। অহং মমাসৌ পতিরেষ মে সুতো, ব্রজেশ্বরস্যাখিলবিত্তপা সতী।
গোপ্যশ্চ গোপাঃ সহগোধনাশ্চ মে, যন্মায়য়েত্থং কুমতিঃ স মে গতিঃ ॥

৪৩। ইত্থং বিদিততত্ত্বায়াং গোপিকায়াং স ঈশ্বরঃ। বৈষ্ণবীং ব্যতনোন্মায়াং পুত্রস্নেহময়ীং বিভুঃ ॥
৪৪। সদ্যো নষ্টস্মৃতির্গোপী সারোপ্যারোহমাত্মজম্। প্রবৃদ্ধস্নেহকলিলহৃদয়াসীদ্‌যথা পুরা ॥
৪৫। ব্রহ্ম্যা চোপনিষদ্ভিশ্চ সাংখ্যযোগৈশ্চ সাত্বতৈঃ। উপগীয়মানমাহাত্ম্যং হরিং সামন্যতাত্মজম্ ॥

শ্রীরাজোবাচ

৪৬। নন্দঃ কিমকরোদ্‌ব্রহ্মন্ ! শ্রেয় এবং মহোদয়ম্। যশোদা চ মহাভাগা পপৌ যস্যাঃ স্তনং হরিঃ ?
৪৭। পিতরৌ নাম্ববিন্দেতাং কৃষ্ণোদারার্ভকেহিতম্। গায়ন্ত্যদ্যাপি কবয়ো যল্লোকশমলাপহম্ ॥

শ্রীশুক উবাচ

৪৮। দ্রোণো বসূনাং প্রবরো ধরয়া সহ ভার্য্যয়া। করিষ্যমাণ আদেশান্ ব্রহ্মণস্তমুবাচ হ ॥

---

৪০ 'স্বপন দেখিলুঁ, কিবা হৈল দেবমায়া !
কিবা মোর বুদ্ধি-ভ্রম হৈল না বুঝিয়া ?
বালকের আছে বা সহজে যোগসিদ্ধি !
আচম্বিতে কেবা মোর ভ্রম কৈল বুদ্ধি ?

৪১ বুদ্ধি-মন-বচনে না জানি তত্ত্ব যাঁ'র।
জগৎ সৃজয়ে, কিবা করয়ে সংহার ॥
যোগীন্দ্র, মুনীন্দ্র যাঁ'র তত্ত্ব নাহি জানে।
শরণ লইলুঁ মুঞি সে-দেবচরণে ॥

৪২ 'এ মোর বসতি-বাস, পতি, পুত্র, ধন।
মোর গোপ, মোর গোপী, মোর পরিজন ॥
যাঁহার মায়াতে মোর এ-সব কুমতি।
সেই প্রভু নারায়ণ সভে মোর গতি ॥'

৪৩ এইরূপ তত্ত্ব যদি জানিলা জননী।
বিষ্ণুমায়া বিস্তারিলা প্রভু যদুমণি ॥

৪৪ তত্ত্বজ্ঞান ধ্বংস তাঁ'র হৈল সেইক্ষণে।
পুত্রপ্রেমে ব্রজেশ্বরী বাহ্য নাহি জানে ॥
পুত্র কোলে করি' গোপী পিয়াইলা স্তন।
বুকের উপরে থুঞা দিলা আলিঙ্গন ॥
নয়নে আনন্দজল, পুলকিত অঙ্গ।
আনন্দসাগরে হৈল প্রেমের তরঙ্গ ॥

৪৫ চারি বেদে, সাঙ্খ্য-যোগে যাঁ'র গুণ গায়।
সনকাদি-মুনি যাঁ'রে ধ্যানেতে না পায় ॥
শঙ্কর—কিঙ্কর যাঁ'র, কমলা—কিঙ্করী।
পুত্রভাব তাঁহারে করয়ে ব্রজেশ্বরী ॥"

৪৬ রাজা জিজ্ঞাসিলা তবে মুনি-বিদ্যমানে।
"কোন্ তপ নন্দঘোষ কৈলা কোন্ স্থানে ?
যশোদা বা কোন্ তপ কৈলা মহোদয় ?
অনন্ত-ব্রহ্মাণ্ডপতি তাঁহার তনয় ॥

৪৭ নন্দ-যশোদার গুণ গায় ত্রিভুবনে।
মহা-যোগেশ্বর যাঁ'র করয়ে কীর্ত্তনে ॥
কহ দেখি, তা-সভার পুণ্যের কারণ।"

৪৮ মুনি বলে'—"শুন, রাজা ! কহি বিবরণ ॥
এই নন্দঘোষের আছিল—দ্রোণ-নাম।
অষ্টবসু-মাঝে ছিলা সভার প্রধান ॥
ধরা-নামে ভার্য্যা এই যশোদা আছিলা।
গোপরূপে জনমিতে ব্রহ্মা আজ্ঞা দিলা ॥

৪৯। **জাতয়োর্নৌ মহাদেবে ভুবি বিশ্বেশ্বরে হরৌ।**
ভক্তিঃ স্যাৎ পরমা লোকে যয়াঞ্জো দুর্গতিং তরেৎ॥

৫০। **অস্ত্বিত্যুক্তঃ স ভগবান্ ব্রজে দ্রোণো মহাযশাঃ।**
জজ্ঞে নন্দ ইতি খ্যাতো যশোদা সা ধরাভবৎ॥

৫১। **ততো ভক্তির্ভগবতি পুত্রীভূতে জনার্দ্দনে। দম্পত্যোর্নিতরামাসীদ্গোপগোপীষু ভারত!**

৫২। **কৃষ্ণো ব্রহ্মণ আদেশং সত্যং কর্ত্তুং ব্রজে বিভুঃ।**
সহরামো বসংশ্চক্রে তেষাং প্রীতিং স্বলীলয়া॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবিশ্বরূপদর্শনং নামাষ্টমোঽধ্যায়ঃ॥ ৮॥

---

৪৯ তবে দ্রোণ ব্রহ্মাকে বলিলা স্তুতি করি'।
'জনম লভিব গিয়া গোপরূপ ধরি'॥
একান্ত-ভকতি যেন হয় নারায়ণে।
অপার-সংসার-লোক তরে' যাঁহা-হনে॥'

৫০ তুষ্ট হৈয়া ব্রহ্মা তা'রে দিলা সেই বর।
সেই দ্রোণ জনমিলা হঞা ব্রজেশ্বর॥
ধরিয়া যশোদা-নাম জনমিলা ধরা।

৫১ হরিভক্তি জনমিল সর্ব্বদুঃখহরা॥
পুত্রভাবে ভক্তি কৈলা প্রভু-নারায়ণে।
সাধিলা একান্ত-ভক্তি গোপগোপীগণে॥

৫২ ব্রহ্মার বচন সত্য করিতে শ্রীহরি।
গোকুলে রহিলা গিয়া পুত্ররূপ ধরি'॥"
ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টমোঽধ্যায়ঃ॥ ৮॥

নবমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **একদা গৃহদাসীষু যশোদা নন্দগেহিনী। কর্ম্মান্তরনিযুক্তাসু নির্ম্মমন্থ স্বয়ং দধি॥**
২। **যানি যানীহ গীতানি তদ্বালচরিতানি চ। দধিনির্ম্মন্থনে কালে স্মরন্তী তান্যগায়ত॥**
৩। **ক্ষৌমং বাসঃ পৃথুকটিতটে বিভ্রতী সূত্রনদ্ধং, পুত্রস্নেহস্নুতকুচযুগং জাতকম্পঞ্চ সুভ্রুঃ।**
রজ্জ্বাকর্ষশ্রমভুজচলৎকঙ্কণৌ কুণ্ডলে চ, স্বিন্নং বক্ত্রং কবরবিগলন্মালতী নির্ম্মমন্থ॥

[বেলোয়ারী-রাগ]

১ এক দিন কোন্ কর্ম্ম করে' ব্রজেশ্বরী?
নানা-কর্ম্মে দাসীগণে নিয়োজন করি'॥

২ দধি মন্থে, আপনে পুত্রের গুণ গায়।
যে-যে বালচরিত্র করয়ে যদুরায়॥

৩ পট্টবাস পরিধান, পৃথু-কটিতটা।
বিনিহিত-কনককঙ্কণ-মণিছটা॥
বিগলিত-কুচপট, সঘনকম্পনা।
রজ্জু-আকর্ষণ-ভুজ-চলিতকঙ্কণা॥
শ্রমজলযুত-মুখ, বিলোল-কুণ্ডলা।
বিগলিত-কবরী-মালতীজাতিমালা॥
দধি মন্থে ব্রজেশ্বরী দিয়া বাহু টান।
উচ্চস্বরে করেন পুত্রের যশোগান॥

৪। তাং স্তন্যকাম আসাদ্য মথ্নন্তীং জননীং হরিঃ। গৃহীত্বা দধিমন্থানং ন্যষেধৎ প্রীতিমাবহন্॥
৫। তমঙ্কমারূঢ়মপায়য়ৎ স্তনং, স্নেহস্নুতং সস্মিতমীক্ষতী মুখম্।
অতৃপ্তমুৎসৃজ্য জবেন সা যযা,-বুৎসিচ্যমানে পয়সি ত্বধিশ্রিতে॥
৬। সঞ্জাতকোপঃ স্ফুরিতারুণাধরং, সন্দশ্য দন্তৈর্দধিমন্থভাজনম্।
ভিত্ত্বা মৃষাশ্রুর্দৃষদশ্মনা রহো, জঘাস হৈয়ঙ্গবমন্তরং গতঃ॥
৭। উত্তার্য্য গোপী সুশৃতং পয়ঃ পুনঃ, প্রবিশ্য সংদৃশ্য চ দধ্যমত্রকম্।
ভগ্নং বিলোক্য স্বসুতস্য কর্ম্ম ত,-জ্জহাস তঞ্চাপি ন তত্র পশ্যতী॥
৮। উলূখলাঙ্ঘ্রেরুপরি ব্যবস্থিতং, মর্কায় কামং দদতং শিচি স্থিতম্।
হৈয়ঙ্গবং চৌর্য্যবিশঙ্কিতেক্ষণং, নিরীক্ষ্য পশ্চাৎ সুতমাগমচ্ছনৈঃ॥
৯। তামাত্তযষ্টিং প্রসমীক্ষ্য সত্বর,-স্ততোঽবরুহ্যাপসসার ভীতবৎ।
গোপ্যন্বধাবন্ন যমাপ যোগিনাং, ক্ষমং প্রবেষ্টুং তপসেরিতং মনঃ॥
১০। অন্বঞ্চমানা জননী বৃহচ্চল,-চ্ছ্রোণীভরাক্রান্তগতিঃ সুমধ্যমা।
জবেন বিস্রংসিতকেশবন্ধন,-চ্যুতপ্রসূনানুগতিঃ পরামৃশৎ॥
১১। কৃতাগসং তং প্ররুদন্তমক্ষিণী, কষন্তমঞ্জন্মষিণী স্বপাণিনা।
উদ্বীক্ষমাণা ভয়বিহ্বলেক্ষণং, হস্তে গৃহীত্বা ভিষয়ন্ত্যবাগুরৎ॥

---

৪ হেনকালে আসিয়া ছাওয়াল শ্রীহরি।
দুই হস্ত দিয়া ধরে মন্থনের নড়ি॥
দণ্ড ধরি' করে' দধি-মন্থন নিষেধ।
মায়ের আনন্দ বাঢ়ে, নাহি কিছু খেদ॥
৫ কোলেতে করিয়া মাতা পিয়াইলা স্তন।
মন্দ-মধুস্মিত মুখ করে' নিরীক্ষণ॥
বালকের তৃপ্তি না হইতে স্তনপানে।
উথলিয়া দুগ্ধ ওথা পড়ে আর স্থানে॥
ছাওয়াল তেজিয়া দেবী চলিলা তুরিতে।
৬ তাহা দেখি' ক্রোধ হৈল বালকের চিতে॥
কম্পিত অধরপুট দংশিয়া দশনে।
অঙ্গুলি তর্জ্জন করে', ঢুলায় নয়নে॥
শিলার পুতলী দিয়া ঘরের ভিতরে।
ভাণ্ড ভাঙ্গি' দধি খায় প্রভু সুরেশ্বরে॥
৭ ভূমিতে নামাঞা দুগ্ধ যশোদা-সুন্দরী।
গৃহেতে প্রবেশ গিয়া কৈলা ত্বরা করি'॥
দেখিয়া পুত্রের কর্ম্ম হাসে নন্দরাণী।
'এখনি আছিল, কোথা গেল যদুমণি?'
৮ শিকার উপরে আছে সদ্য-ননী-সর।
উদূখলে উঠি' হরি ফেলায় সকল॥
চুরি করি' ননী খায়, বানরে ভুঞ্জায়।
তরাসে মায়ের দিকে উলটিয়া চায়॥
চাহিতে বেড়ায় মাতা, দেখয়ে শ্রীহরি।
ফেলায় দুগ্ধের সর খাইতে না পারি'॥
৯ নড়ি হস্তে ধরি' মাতা ধীরে ধীরে যায়।
রড় দিয়া শ্রীমুরারি সত্বরে পলায়॥
ধাঞা লঞা যায় গোপী, ধরিতে না পারে।
মারণের ভয়ে হরি পলায় সত্বরে॥
বহু জন্ম তপ করি' মহাযোগিগণে।
চিত্তে প্রবেশিতে যাঁ'র না পারে চরণে॥
শ্রুতিগণে রহে যাঁ'র পথ অনুসারি'।
হেন প্রভু ধাঞা লঞা যায় ব্রজনারী॥
১০ পাছে পাছে ধায় দেবী মন্থর-গমনা।
কেশপাশ-গলিত-কুসুম-বরিষণা॥
ধাঞা শিশু ধরে দেবী কথোদূরে যাই'।
১১ আঁখি কচলায় কৃষ্ণ মনে ভয় পাই'॥

১২। ত্যক্ত্বা যষ্টিং সুতং ভীতং বিজ্ঞায়ার্ভকবৎসলা। ইয়েষ কিল তং বদ্ধুং দাম্নাঽতদ্বীর্য্যকোবিদা॥
১৩। ন চান্তর্ন বহির্যস্য ন পূর্ব্বং নাপি চাপরম্। পূর্ব্বাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ॥
১৪। তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্ত্যলিঙ্গমধোক্ষজম্। গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথা॥
১৫। তদ্দাম বধ্যমানস্য স্বার্ভকস্য কৃতাগসঃ। দ্ব্যঙ্গুলোনমভূত্তেন সন্দধেঽন্যচ্চ গোপিকা॥
১৬। যদাসীত্তদপি ন্যূনং তেনান্যদপি সন্দধে। তদপি দ্ব্যঙ্গুলং ন্যূনং যদ্‌যদাদত্ত বন্ধনম্॥
১৭। এবং স্বগেহদামানি যশোদা সন্দধত্যপি। গোপীনাং সুস্ময়ন্তীনাং স্ময়ন্তী বিস্মিতাভবৎ॥
১৮। স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ। দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে॥
১৯। এবং সন্দর্শিতা হ্যঙ্গ হরিণা ভৃত্যবশ্যতা। স্ববশেনাপি কৃষ্ণেন যস্যেদং সেশ্বরং বশে॥
২০। নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপ্যঙ্গসংশ্রয়া।
প্রসাদং লেভিরে গোপী যত্তৎ প্রাপ বিমুক্তিদাৎ॥
২১। নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ।
জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ॥

অপরাধ-ভয়ে শিশু করয়ে রোদন।
নাহি সরে মুখে বাণী, বিহ্বল লোচন॥
দুই হাতে ছাওয়ালে ধরিয়া দৃঢ়মনে।
যশোদা করিলা বহু তর্জ্জন-ভৎর্সনে॥

১২ মনে ভাবে, বালক পায় বা পাছে ডর।
ফেলিয়া হাতের নড়ি আনিলা সত্বর॥
মনে-মনে তবে গোপী কোন্ যুক্তি করে?
'দামদড়ি দিয়া আজি বান্ধি বালকেরে'॥

১৩ আদি-অন্ত নাহি যাঁ'র, নাহি পূর্ব্বাপর।
জগতের আদি-অন্ত-বাহ্য-অভ্যন্তর॥

১৪ সেই কৃষ্ণে পুত্রভাবে মানে' গোপনারী।
উদূখলে বান্ধে তা'খে দিয়া দামদড়ি॥

১৫ অপরাধ করে' পুত্র, না ধরে বচন।
দামদড়ি দিয়া কৈলা কাঁকালে বন্ধন॥
বান্ধিতে না আঁটে দুই-অঙ্গুলি-সোসর।
আর দড়ি দিয়া দেবী জোড়ায় সত্বর॥

১৬ তবু দাম টুটে দুই-অঙ্গুলি-প্রমাণ।
আর দাম দিয়া করে' বান্ধিতে সন্ধান॥
সেহ দড়ি টুটিল, বান্ধিতে না কুলায়।
আর দাম দিয়া রাণী সে-দাম জোড়ায়॥

১৭ বিস্ময় হইয়া দেবী করয়ে বন্ধন।
বিস্ময় পড়িয়া রহে যত গোপীগণ॥

১৮ শ্রমজলে তিতিল সকল কলেবর।
খসিল বসন-বেশ, খসিল কবর॥

দেখিয়া মায়ের শ্রম প্রভু কৃপাময়।
আপনার বন্ধন আপনে প্রভু লয়॥

১৯ 'ভকতবৎসল আমি, ভকত-অধীন।
ভকতে আমাতে কিছু নাহি হয় ভিন॥

আমার মায়াতে বন্দী এ তিন-ভুবন।
ভকত-ইচ্ছায় লই আপনে বন্ধন॥'
আপনে ভক্তের বশ জগতে বুঝায়।

২০ ব্রহ্মা-ভব-আদি যাঁ'র অন্ত নাহি পায়॥

এরূপ প্রসাদ নাহি লভে প্রজাপতি।
হরে নাহি লভে যাহা, লক্ষ্মী গুণবতী॥
হেনরূপ প্রসাদ লভিলা গোপনারী।
কে আর বান্ধিতে পারে দিয়া দামদড়ি?

২১ কর্ম্মযোগে কর্ম্মযোগী যে-প্রভু না পায়।
জ্ঞানযোগে, জ্ঞানপথে কেবল ধেয়ায়॥

২২। **কৃষ্ণস্তু গৃহকৃত্যেষু ব্যগ্রায়াং মাতরি প্রভুঃ। অদ্রাক্ষীদর্জ্জুনৌ পূর্ব্বং গুহ্যকৌ ধনদাত্মজৌ॥**
২৩। **পুরা নারদশাপেন বৃক্ষতাং প্রাপিতৌ মদাৎ। নলকূবরমণিগ্রীবাবিতি খ্যাতৌ শ্রিয়ান্বিতৌ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে উদূখলবন্ধনং নাম নবমোঽধ্যায়ঃ॥ ৯॥

গোপীর নন্দন ওহি প্রভু-বনমালী।
ভক্তি-বিনে সুখে কেহ লভিতে না পারি॥
সেইরূপে বন্ধনে রহিলা যদুমণি।
২২ গৃহকর্ম্মে রহে গিয়া নন্দের গৃহিণী॥
দুই বৃক্ষ দেখে হরি পর্ব্বত-আকার।
যমল-অর্জ্জুন-নামে কুবের-কুমার॥

২৩ মণিগ্রীব-নাম আর নলকূবর।
জগদ্‌বিখ্যাত তা'রা দুই সহোদর॥
নারদের শাপে আছে বৃক্ষরূপ ধরি'।
সম্মুখে দেখিলা তা'রে প্রভু-নরহরি॥"
কৃষ্ণকথা শুন, ভাই, কৃষ্ণে ধর' আশা।
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং নবমোঽধ্যায়ঃ॥ ৯॥

দশমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। **কথ্যতাং ভগবন্নেতত্তয়োঃ শাপস্য কারণম্। যত্তদ্‌বিগর্হিতং কর্ম্ম যেন বা দেবর্ষেস্তমঃ॥**

শ্রীশুক উবাচ

২। **রুদ্রস্যানুচরৌ ভূত্বা সুদৃপ্তৌ ধনদাত্মজৌ। কৈলাসোপবনে রম্যে মন্দাকিন্যাং মদোৎকটৌ॥**
৩। **বারুণীং মদিরাং পীত্বা মদাঘূর্ণিতলোচনৌ। স্ত্রীজনৈরনুগায়দ্ভিশ্চেরতুঃ পুষ্পিতে বনে॥**
৪। **অন্তঃ প্রবিশ্য গঙ্গায়ামম্ভোজবনরাজিনি। চিক্রীড়তুর্যুবতিভির্গজাবিব করেণুভিঃ॥**

[তুড়ী-রাগ]

১ তবে রাজা জিজ্ঞাসিলা হঞা হরষিত।
"অদভুত কথা কহ, গুরু সুপণ্ডিত!
কোন্ মন্দ কর্ম্ম তা'রা কৈল দুই জনে।
নারদের ক্রোধ হৈল যাহার কারণে?
শত্রু-মিত্র নাহি তাঁ'র, নাহি নিজ-পর।
তবে কেনে তাঁ'র ক্রোধ হৈল এত বড়?
আপনে নারদ হঞা হেন শাপ দিল।
কুবের-কুমার হঞা বৃক্ষযোনি পাইল?"

২ শুকমুনি শুনি' তবে রাজার বচন।
আদি হৈতে কহে তা'র যত বিবরণ॥
"কুবের-তনয় তা'রা রুদ্র-অনুচর।
আজ্ঞা দিলা তা'-সভারে হর-মহেশ্বর॥
'তোমরা রক্ষক থাক' এই উপবন।
এই বন-রক্ষণ—আমার আরাধন॥'
শিবের আজ্ঞায় তা'রা থাকে সেই বনে।
নিরবধি ক্রীড়া করে' তা'রা দুই জনে॥
শঙ্করের ক্রীড়াবন কৈলাসনিকটে।
দুইভাই থাকে তথা মন্দাকিনী-তটে॥
৩ বারুণী-মদিরা পান করে' নিরন্তর।
ঘূর্ণিতলোচন, মহামত্ত-কলেবর॥
দিব্য-নারীগণসঙ্গে কুসুমিত-বনে।
নিরবধি ক্রীড়া করে' তা'রা দুই জনে॥
৪ একদিন গঙ্গাজলে পরবেশ করি'।
দুই ভাই ক্রীড়া করে' লঞা দিব্য-নারী॥

৫। যদৃচ্ছয়া চ দেবর্ষির্ভগবাংস্তত্র কৌরব! অপশ্যন্নারদো দেবৌ ক্ষীবাণৌ সমবুধ্যত॥
৬। তং দৃষ্ট্বা ব্রীড়িতা দেব্যো বিবস্ত্রাঃ শাপশঙ্কিতাঃ। বাসাংসি পর্য্যধুঃ শীঘ্রং বিবস্ত্রৌ নৈব গুহ্যকৌ॥
৭। তৌ দৃষ্ট্বা মদিরামত্তৌ শ্রীমদান্ধৌ সুরাত্মজৌ। তয়োরনুগ্রহার্থায় শাপং দাস্যন্নিদং জগৌ॥

শ্রীনারদ উবাচ

৮। ন হ্যন্যো জুষতো জোষ্যান্ বুদ্ধিভ্রংশো রজোগুণঃ। শ্রীমদাদাভিজাত্যাদির্যত্র স্ত্রী দ্যূতমাসবঃ॥
৯। হন্যন্তে পশবো যত্র নির্দ্দয়ৈরজিতাত্মভিঃ। মন্যমানৈরিমং দেহমজরামৃত্যু নশ্বরম্॥
১০। দেবসংজ্ঞিতমপ্যন্তে কৃমিবিড়্ভস্মসংজ্ঞিতম্। ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ?
১১। দেহঃ কিমন্নদাতুঃ স্বং নিষেক্তুর্মাতুরেব চ। মাতুঃ পিতুর্বা বলিনঃ ক্রেতুরগ্নেঃ শুনোঽপি বা?
১২। এবং সাধারণং দেহমব্যক্তপ্রভবাপ্যয়ম্। কো বিদ্বানাত্মসাৎ কৃত্বা হন্তি জন্তূনৃতেঽসতঃ?
১৩। অসতঃ শ্রীমদান্ধস্য দারিদ্র্যং পরমঞ্জনম্। আত্মৌপম্যেন ভূতানি দরিদ্রঃ পরমীক্ষতে॥
১৪। যথা কণ্টকবিদ্ধাঙ্গো জন্তোর্নেচ্ছতি তাং ব্যথাম্। জীবসাম্যং গতো লিঙ্গৈর্ন তথাবিদ্ধকণ্টকঃ॥

মহামত্ত গজ যেন গজিনীর সঙ্গে।
জলক্রীড়া করে' দুই ভাই নানা-রঙ্গে॥

৫ দৈবযোগে পৃথিবী করিয়া পর্য্যটন।
হেনকালে তথা নারদের আগমন॥

৬ নারদে দেখিয়া যত বিবসনা নারী।
বসন পরিল তা'রা শাপ-শঙ্কা করি'॥
তা'রা দুহেঁ না কৈল বসন পরিধান।

৭ মহামদে মত্ত তা'রা, নাহি অবধান॥
'কুবেরের পুত্র হৈয়া, শিবের কিঙ্কর।
করিয়া মদিরা পান মত্ত এত বড়!!

৮ যে-জন শ্রীমদে মত্ত হয় মূঢ়মতি।
সে যদি উত্তম হয়, তমু অধোগতি॥
বিদ্যামদ, কুলমদ, হর্ষমদ হয়।
তাহা হৈতে এতবড় বুদ্ধিভ্রম নয়॥
যেরূপ শ্রীমদ হৈতে হয় বুদ্ধিনাশ।
কেবল কুসঙ্গে হয় কুমতি প্রকাশ॥
নারীসঙ্গ, দ্যূতক্রীড়া, হয় পানদোষ।
এই পরকারে তা'র হয় মতিশোষ॥

৯ শ্রীমদ হইলে নানা পশু বধ করে'।
দেব-পিতৃযজ্ঞ-ছলে, দম্ভ-অহঙ্কারে॥
অনিত্য শরীর মানে'—অজর-অমর।
পরহিংসা, পরপীড়া করে' নিরন্তর॥

১০ কিবা দেবদেহ, কিবা নরকলেবর।
অন্তকালে হয় সব ক্রিমি-ভস্ম-মল॥
ইহার লাগিয়া যে পরের প্রাণ হরে'।
সে কিছু না জানে তত্ত্ব, অধোগতি চলে॥

১১ পরাধীন আপনে, আপনা নাহি জানে।
কেহ ভৃত্য করে', কেহ অন্ন দিয়া কিনে॥
কিবা বাপ-মায়ের অধীন কথোকাল।
কিবা বলবন্ত জনে করয়ে সংহার॥
আগুনে পুড়িয়া কিবা ভস্ম হঞা যায়।
কিবা কাক, কুক্কুর, শৃগালে বেটি' খায়॥

১২ সর্ব্বকাল কলেবর পরের অধীন।
আপন করিয়া তাহা মানে' মতিহীন॥
জন্তু বধ করে' জীব দেহের কারণে।
কুপণ্ডিত সঙ্গদোষে মর্ম্ম নাহি জানে॥
ইহাতে দেখিয়ে আমি এই-সে উপায়।
এ-দুহার মদভঙ্গ করিতে যুয়ায়॥

১৩ যে-জন শ্রীমদে অন্ধ হয় সর্ব্বক্ষণ।
দরিদ্রতা করি' তা'র পরম-অঞ্জন॥
দরিদ্র সকল দেখে আপন-সমান।
দরিদ্রতা হৈলে নহে ভিন্ন-পর-জ্ঞান॥

১৪ যে-জন জানিঞা থাকে কণ্টকের ব্যথা।
সে বলে',—'কাহার যেন না হয় সর্ব্বথা'॥

১৫। দরিদ্রো নিরহংস্তম্ভো মুক্তঃ সর্ব্বমদৈরিহ। কৃচ্ছ্রং যদৃচ্ছয়াপ্নোতি তদ্ধি তস্য পরং তপঃ॥
১৬। নিত্যং ক্ষুৎক্ষামদেহস্য দরিদ্রস্যান্নকাঙ্ক্ষিণঃ। ইন্দ্রিয়াণ্যনুশুষ্যন্তি হিংসাপি বিনিবর্ত্ততে॥
১৭। দরিদ্রস্যৈব যুজ্যন্তে সাধবঃ সমদর্শিনঃ। সদ্ভিঃ ক্ষিণোতি তং তর্ষং তত আরাদ্বিশুধ্যতি॥
১৮। সাধূনাং সমচিত্তানাং মুকুন্দচরণৈষিণাম্। উপেক্ষ্যৈঃ কিং ধনস্তম্ভৈরসদ্ভিরসদাশ্রয়ৈঃ?
১৯। তদহং মত্তয়োর্মাধ্ব্যা বারুণ্যা শ্রীমদান্ধয়োঃ। তমোমদং হরিষ্যামি স্ত্রৈণয়োরজিতাত্মনোঃ॥
২০। যদিমৌ লোকপালস্য পুত্রৌ ভূত্বা তমঃপ্লুতৌ। ন বিবাসসমাত্মানং বিজানীতঃ সুদুর্ম্মদৌ॥
২১। অতোঽর্হতঃ স্থাবরতাং স্যাতাং নৈবং যথা পুনঃ। স্মৃতিঃ স্যান্মৎপ্রসাদেন তত্রাপি মদনুগ্রহাৎ॥
২২। বাসুদেবস্য সান্নিধ্যং লব্ধ্বা দিব্যশরচ্ছতে। বৃত্তে স্বর্লোকতাং ভূয়ো লব্ধভক্তী ভবিষ্যতঃ॥

শ্রীশুক উবাচ

২৩। এবমুক্ত্বা স দেবর্ষির্গতো নারায়ণাশ্রমম্। নলকূবরমণিগ্রীবাবাসতুর্যমলার্জ্জুনৌ॥
২৪। ঋষের্ভাগবতমুখ্যস্য সত্যং কর্ত্তুং বচো হরিঃ। জগাম শনকৈস্তত্র যত্রাস্তাং যমলার্জ্জুনৌ॥
২৬। ইত্যন্তরেণার্জ্জুনয়োঃ কৃষ্ণস্তু যময়োর্যযৌ। আত্মনির্ব্বেশমাত্রেণ তির্য্যগ্গতমুলূখলম্॥

দুঃখ পাঞা থাকে যদি, পরদুঃখ জানে।
পরদুঃখে দুঃখী কভু নহে সুখী জনে॥
১৫ দরিদ্রতা হৈলে সে টুটয়ে অহঙ্কার।
দরিদ্র জনের হয় সম-ব্যবহার॥
উপবাস-আদি তা'র হয় যত দুঃখ।
সেই তপ হয় তা'র পরকালে সুখ॥
১৬ দরিদ্রের কলেবর ক্ষুধায় শুখায়।
আর কিছু নাহি মাগে, অন্ন-মাত্র চায়॥
সকল ইন্দ্রিয়গণ টুটে দিনে-দিনে।
হিংসা হেন নাম, গর্ব্ব নাহি তা'র মনে॥
১৭ দরিদ্র-জনের হয় সাধু-সমাগম।
সাধু-সঙ্গে অশেষ-বাসনা-বিমোচন॥
তবে তা'র সেই হৈতে খণ্ডে ভববন্ধ।
এই দেহে হয় মুক্তিপদ, সুখানন্দ॥
১৮ ভকত না চাহে ধন-গর্ব্বিত আগার।
চাহে মাত্র সাধুসঙ্গে হরিকথা সার॥
জানে—ধনগর্ব্ব, হিংসা, আহার, শৃঙ্গার।
কুপণ্ডিত-সঙ্গে ব্যর্থ কাল যায় তা'র॥
ধন-পুত্র-কলত্রে যে করে' উপেক্ষা।
ধনিক করিয়া তা'র কি হয় অপেক্ষা?

১৯-২১ কুবের-কুমার হৈয়া শিবের কিঙ্কর।
বারুণী-মদিরা পান করে' নিরন্তর॥
আপনাকে না জানে, আপনে বিবসন।
শ্রীমদেতে এত বড় হয় মতিভ্রম!
এত বড় গর্ব্ব যেন দেখিলুঁ দুঁহার।
বৃক্ষ হৈয়া ইহারা রহুক চিরকাল॥
২২ দেবমানে এক শত বৎসর-অন্তরে।
কৃষ্ণ-সঙ্গ হৈবে এই বৃক্ষকলেবরে॥
মোরে অনুগ্রহ প্রভু অবশ্য করিবে।
বাল-লীলা করি' দুই বৃক্ষ উদ্ধারিবে॥
তবে দিব্যকলেবর হৈবে দুই জনে।
ভকতি লভিবে দেবদেব নারায়ণে॥'
২৩ এতেক বচন কহি' ব্রহ্মার নন্দন।
বদরিকাশ্রম-তীর্থে কৈলা আগমন॥
শ্রীনলকূবর-মণিগ্রীব দুই জনে।
যমল-অর্জ্জুন-বৃক্ষ হৈল সেই ক্ষণে॥
২৪ ভকতপ্রধান মুনি ব্রহ্মার কুমার।
গোপাল পালিল বাক্য সত্য করি' তাঁ'র॥
ধীরে ধীরে গেলা দুই বৃক্ষ-সন্নিধানে।
২৬ উদূখল টানি' প্রভু কটির বন্ধনে॥

২৭। বালেন নিষ্কর্ষয়তান্বগুলূখলং তৎ, দামোদরেণ তরসোৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ।
নিষ্পেততুঃ পরমবিক্রমিতাতিবেপ,-স্কন্ধপ্রবালবিটপৌ কৃতচণ্ডশব্দৌ॥

২৮। তত্র শ্রিয়া পরময়া ককুভঃ স্ফুরন্তৌ, সিদ্ধাবুপেত্য কুজয়োরিব জাতবেদাঃ।
কৃষ্ণং প্রণম্য শিরসাখিললোকনাথং, বদ্ধাঞ্জলী বিরজসাবিদমূচতুঃ স্ম॥

২৯। কৃষ্ণ! কৃষ্ণ! মহাযোগিংস্ত্বমাদ্যঃ পুরুষঃ পরঃ। ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং রূপং তে ব্রহ্মণো বিদুঃ॥

৩০। ত্বমেকঃ সর্ব্বভূতানাং দেহাস্বাত্মেন্দ্রিয়েশ্বরঃ। ত্বমেব কালো ভগবান্ বিষ্ণুরব্যয় ঈশ্বরঃ॥

৩১। ত্বং মহান্ প্রকৃতিঃ সূক্ষ্মা রজঃসত্ত্বতমোময়ী। ত্বমেব পুরুষোঽধ্যক্ষঃ সর্ব্বক্ষেত্রবিকারবিৎ॥

৩২। গৃহ্যমাণৈস্ত্বমগ্রাহ্যো বিকারৈঃ প্রাকৃতৈর্গুণৈঃ। কো ন্বিহার্হতি বিজ্ঞাতুং প্রাক্‌সিদ্ধং গুণসংবৃতঃ?

৩৩। তস্মৈ তুভ্যং ভগবতে বাসুদেবায় বেধসে। আত্মদ্যোতগুণৈশ্ছন্ন-মহিম্নে ব্রহ্মণে নমঃ॥

৩৪। যস্যাবতারা জ্ঞায়ন্তে শরীরেষ্বশরীরিণঃ। তৈস্তৈরতুল্যাতিশয়ৈর্বীর্য্যৈর্দেহিষ্বসঙ্গতৈঃ॥

৩৫। স ভবান্ সর্ব্বলোকস্য ভবায় বিভবায় চ। অবতীর্ণোঽংশভাগেন সাম্প্রতং পতিরাশিষাম্॥

৩৬। নমঃ পরমকল্যাণ! নমঃ পরমমঙ্গল! বাসুদেবায় শান্তায় যদূনাং পতয়ে নমঃ॥

৩৭। অনুজানীহি নৌ ভূমংস্তবানুচরকিঙ্করৌ। দর্শনং নৌ ভগবত ঋষেরাসীদনুগ্রহাৎ॥

বৃক্ষমাঝে পরবেশ কৈলা বনমালী।
লাগিল পাথালি হঞা গাছে ত' উখলী॥

২৭ কিঞ্চিৎ লাগিল মাত্র উখলী-ঠেকনে।
দুইবৃক্ষ উপড়িল সমূল-বন্ধনে॥
মহাকম্প উপজিল, শবদ প্রচণ্ড।
ভূমিতে পড়িয়া বৃক্ষ হৈল খণ্ড-খণ্ড॥

২৮ দুই বৃক্ষ হৈতে দুই পুরুষ-প্রধান।
উঠিল সাক্ষাতে যেন আগুনি-সমান॥
দশদিক্ প্রকাশিল নিজ-অঙ্গতেজে।
কন্দর্প-নিন্দিত রূপ মহা-সিদ্ধরাজে॥
অখিলভুবনপতি দেখিয়া শ্রীহরি।
দণ্ডবৎ-পরণাম কৈল ভূমে পড়ি'॥
প্রণতকন্ধর, শিরে যুড়ি' দুই কর।
স্তুতি করে' দুই মহাপুরুষ-প্রবর॥

২৯ "কৃষ্ণ কৃষ্ণ, মহাযোগি, পুরুষ-প্রধান!
সকল তোমার রূপ—প্রপঞ্চনির্ম্মাণ॥

৩০ সর্ব্বভূত-গতি-পতি, সবার ঈশ্বর।
কালরূপ প্রভু তুমি প্রকৃতির পর॥

৩১ পুরুষ-প্রকৃতি তুমি সর্ব্বলোক-পিতা।
সর্ব্বতত্ত্ব জান' তুমি, বিধির বিধাতা॥
সহজে সর্ব্বত্র আছ, নির্গুণ, নির্ব্বিকার।

৩২ কিরূপে সগুণ লোক পা'বে জানিবার?

৩৩ নমো নমো বাসুদেব! নমো ভগবান্!
পরিপূর্ণ ব্রহ্ম তুমি, পুরুষ-পুরাণ॥
আপনে আচ্ছাদ' তুমি আপন-মহিমা।
গূঢ় অবতার কর' বিবিধ ভঙ্গিমা॥

৩৪ এইরূপে কত কত কর' অবতার।
অতুল বিক্রম-বীর্য্য করহ প্রচার॥

৩৫ সম্প্রতি করিবে সাধুজন পরিত্রাণ।
অবতার কৈলে তুমি পূর্ণ ভগবান্॥

৩৬ নমো নমো যদুনাথ! পরম-কল্যাণ!
নমো বাসুদেব! বিশ্ব-মঙ্গলনিধান॥

৩৭ অবধান কর' যদি প্রভু-নারায়ণ!
তোমার নিকটে কিছু করি নিবেদন॥
দেবঋষি নারদ তোমার অনুচর।
আমি দুই ভাই হই—তাঁহার কিঙ্কর॥
তাঁ'র অনুগ্রহে তোমা'-সনে দরশন।
বিনি সাধুকৃপায় না হয় বিমোচন॥

৩৮। বাণী গুণানুকথনে শ্রবণৌ কথায়াং, হস্তৌ চ কর্ম্মসু মনস্তব পাদয়োর্নঃ।
স্মৃত্যাং শিরস্তব নিবাসজগৎপ্রণামে, দৃষ্টিঃ সতাং দরশনেঽস্তু ভবত্তনূনাম্ ॥

শ্রীশুক উবাচ

৩৯। ইত্থং সংকীর্ত্তিতস্তাভ্যাং ভগবান্ গোকুলেশ্বরঃ। দাম্না চোলূখলে বদ্ধঃ প্রহসন্নাহ গুহ্যকৌ ॥

শ্রীভগবানুবাচ

৪০। জ্ঞাতং মম পুরৈবৈতদৃষিণা করুণাত্মনা। যচ্ছ্রীমদান্ধয়োর্বাগ ভির্বিভ্রংশোঽনুগ্রহঃ কৃতঃ ॥
৪১। সাধূনাং সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাম্। দর্শনান্নো ভবেদ্বন্ধঃ পুংসোঽক্ষ্ণোঃ সবিতুর্যথা ॥
৪২। তদগচ্ছতং মৎপরমৌ নলকূবর! সাদনম্। সঞ্জাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমোঽভবঃ ॥

শ্রীশুক উবাচ

৪৩। ইত্যুক্তৌ তৌ পরিক্রম্য প্রণম্য চ পুনঃপুনঃ। বদ্ধোলূখলমামন্ত্র্য জগ্মতুর্দিশমুত্তরাম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে যমলার্জ্জুনভঞ্জনং নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

---

৩৮ বাণী গুণকথা কহে সতত তোমার।
গুণকথা-বিনে শ্রুতি না শুনিবে আর ॥
নিরবধি কর্ম্ম যেন করে' দুই কর।
মন যেন তোমারে সঙরে নিরন্তর ॥

শিরে পরণাম করু অভয়-চরণে।
দুই নেত্র রহে যেন সাধু-দরশনে ॥
সাধুজন কেবল তোমার কলেবর।
ভকত-হৃদয়ে তুমি থাক নিরন্তর ॥'

৩৯ এইরূপ স্তুতি কৈল দুই সহোদরে।
হাসিয়া উত্তর দিলা গোকুল-ঈশ্বরে ॥
পূর্ণব্রহ্ম ভগবান্ উখলী-বন্ধনে।
সন্তোষিলা তা'-সভারে মধুর বচনে ॥

৪০ 'পূরবেহি জানি আমি সব বিবরণ।
শাপিলা নারদ-মুনি যাহার কারণ ॥
অনুগ্রহ করি' মুনি শাপিলা তোমারে।
ধনমদ ধ্বংস করি' কৈলা প্রতিকারে ॥

৪১ সাধুজন সমচিত্ত, হরিপরায়ণ।
আমা-দরশনে কা'র না রহে বন্ধন ॥

সূর্য্য-দরশনে যেন আঁখির প্রকাশ।
সেইরূপ হয় তা'র ভববন্ধ-নাশ ॥

৪২ চল, দুই ভাই তুমি আপন-বসতি।
আমাতে লভিলে তুমি একান্ত-ভকতি ॥'

৪৩ এ-বোল শুনিঞা দুই কুবের-কুমার।
পুনঃ পুনঃ প্রদক্ষিণ কৈল নমস্কার ॥
আজ্ঞা শিরে ধরিয়া চরণে ধরি' মন।
চলিলা উত্তর-দিগে কুবের-ভবন ॥"

ভক্তিরস-কল্পতরু গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। গোপা নন্দাদয়ঃ শ্রুত্বা দ্রুময়োঃ পততো রবম্। তত্রাজগ্মুঃ কুরুশ্রেষ্ঠ! নির্ঘাতভয়শঙ্কিতাঃ॥
২। ভুম্যাং নিপতিতৌ তত্র দদৃশুর্যমলার্জ্জুনৌ। বভ্রমুস্তদবিজ্ঞায় লক্ষ্যং পতনকারণম্॥
৩। উলূখলং বিকর্ষন্তং দাম্না বদ্ধঞ্চ বালকম্। কস্যেদং কুত আশ্চর্য্যমুৎপাত ইতি কাতরাঃ॥
৪। বালা উচুরনেনেতি তির্য্যগ্‌গতমুলূখলম্। বিকর্ষতা মধ্যগেন পুরুষাবপ্যচক্ষ্মহি॥
৫। ন তে তদুক্তং জগৃহুর্ন ঘটেতেতি তস্য তৎ। বালস্যোৎপাটনং তর্ব্বোঃ কেচিৎ সন্দিগ্ধচেতসঃ॥
৬। উলূখলং বিকর্ষন্তং দাম্না বদ্ধং স্বমাত্মজম্। বিলোক্য নন্দঃ প্রহসদ্বদনো বিমুমোচ হ॥
৭। গোপীভিঃ স্তোভিতোঽনৃত্যদ্ভগবান্ বালবৎ ক্বচিৎ। উদ্গায়তি ক্বচিন্মুগ্ধস্তদ্বশো দারুযন্ত্রবৎ॥
৮। বিভর্ত্তি ক্বচিদাজ্ঞপ্তঃ পীঠকোন্মানপাদুকম্। বাহুক্ষেপঞ্চ কুরুতে স্বানাঞ্চ প্রীতিমাবহন্॥

[শ্রী-রাগ]

১ শুক মুনি বলে',—"তবে শুন, নৃপবর!
উপড়িল দুই বৃক্ষ মহা-ভয়ঙ্কর॥
নন্দ-আদি গোপগণ শবদ শুনিঞা।
ত্বরাত্বরি গেলা তথা প্রমাদ গণিঞা॥

২ যমল-অর্জ্জুন বৃক্ষ ওথা পড়ি' আছে।
ভ্রমিতে লাগিলা সভে বেড়ি' তা'র কাছে॥
'কিরূপে পড়িল বৃক্ষ, না দেখি' কারণ।
চৌদিগে বেড়িয়া গোপ করয়ে ভ্রমণ॥

৩ দুই বৃক্ষ ভাঙ্গিয়া পড়িল কি কারণে?
এত বড় উৎপাত করিল কোন্ জনে?'
চিন্তিতে লাগিলা গোপ না জানিঞা মর্ম্ম।
শিশুগণ বলে',—'এই বালকের কর্ম্ম॥

৪ আগে যায় ছাওয়াল, উখলী টানে পাছে।
আড় হৈয়া উখলী লাগিল দুই গাছে॥
ভাঙ্গিয়া পড়িল বৃক্ষ হৈয়া দুই পাশ।
মধ্যে আছে শিশু, কিছু না পায় তরাস॥

দুই বৃক্ষ হৈতে দুই পুরুষ উঠিয়া।
স্তুতি করি' গেল তা'রা অন্তরীক্ষ হঞা॥'

৫ শুনিয়া প্রত্যয় নৈল শিশুর বচনে।
কেহ কেহ সন্দেহ ভাবিল মনে-মনে॥

৬ কটিতটে দামদড়ি উখলী-বন্ধনে।
হামাগুড়ি দিয়া করে' লীলায় গমনে॥
নন্দগোপ পুত্রে দেখি' হাসিতে লাগিলা।
বন্ধন ছাড়াঞা নন্দ পুত্রে কোলে নিলা॥
যমল-অর্জ্জুন-ভঙ্গ, গোপাল-চরিত্র।
কহিলুঁ তোমারে, রাজা! জগৎপবিত্র॥
এখনে কহিব আর নানা বালকেলি।
সাবধানে শুন, রাজা! কৃষ্ণ মনে ধরি'॥

৭ কোন ক্ষেণে গোপী মেলি' দিয়া করতালি।
'নাচ নাচ' বলিতে, নাচয়ে বনমালী॥
ক্ষেণে গোপী বলে',—'বাপু, গাও দেখি গীত।
কিছু না জানে, যেন গায় সুললিত॥
কাষ্ঠের পুত্তলী যেন কুহকী নাচায়।

৮ পূর্ণব্রহ্ম লঞা গোপী আনন্দে খেলায়॥
কেহ বলে,'—'হের, বাপু, আন' পীড়িখান।'
কেহ বলে',—'হের, আন' পাদুকা, উন্মান॥'
সেই ক্ষণে রঢ় দিয়া তা'র কাছে যায়।
পড়িতে, উঠিতে গিয়া আনিঞা যোগায়॥
কেহ বলে',—'বড় করি' দেহ' বাহু-টান।
মালসাট্ মারি' বাপু, হও আগুয়ান॥'
যে যে কর্ম্ম বলে' গোপী, সেই কর্ম্ম করে'।
ভকত-অধীন প্রভু, শিশুলীলা করে'॥

৯। **দর্শয়ংস্তদ্বিদাং লোক আত্মনো ভৃত্যবশ্যতাম্। ব্রজস্ত্রোবাহ বৈ হর্ষং ভগবান্ বালচেষ্টিতৈঃ॥**
১০। **ক্রীণীহি ভোঃ ফলানীতি শ্রুত্বা সত্বরমচ্যুতঃ। ফলার্থী ধান্যমাদায় যযৌ সর্ব্বফলপ্রদঃ॥**
১১। **ফলবিক্রয়িণী তস্য চ্যুতধান্যকরদ্বয়ম্। ফলৈরপূরয়দ্রত্নৈঃ ফলভাণ্ডমপূরি চ॥**
১২। **সরিত্তীরগতং কৃষ্ণং ভগ্নার্জ্জুনমথাহ্বয়ৎ। রামঞ্চ রোহিণী দেবী ক্রীড়ন্তং বালকৈর্ভৃশম্॥**
১৩। **নোপেয়াতাং যদাহূতৌ ক্রীড়াসঙ্গেন পুত্রকৌ। যশোদাং প্রেষয়ামাস রোহিণী পুত্রবৎসলাম্॥**
১৪। **ক্রীড়ন্তং সা সুতং বালৈরতিবেলং সহাগ্রজম্। যশোদাঽজোহবীৎ কৃষ্ণং পুত্রস্নেহস্নুতস্তনী॥**
১৫। **কৃষ্ণ কৃষ্ণারবিন্দাক্ষ! তাত! এহি স্তনং পিব। অলং বিহারৈঃ ক্ষুৎক্ষান্তঃ তন্তবান্ ভোক্তুমর্হতি॥**
১৬। **হে রামাগচ্ছ তাতাশু সানুজঃ কুলনন্দন! প্রাতরেব কৃতাহারঃ ক্রীড়াশ্রান্তোঽসি পুত্রক!**
১৭। **প্রতীক্ষতে ত্বাং দাশার্হ! ভোক্ষ্যমাণো ব্রজাধিপঃ।**
এহ্যাবয়োঃ প্রিয়ং ধেহি স্বগৃহান্ যাত বালকাঃ॥
১৮। **ধূলিধূসরিতাঙ্গস্ত্বং পুত্র! মজ্জনমাবহ। জন্মর্ক্ষং তেঽদ্য ভবতো বিপ্রেভ্যো দেহি গাঃ শুচিঃ॥**
১৯। **পশ্য পশ্য বয়স্যাংস্তে মাতৃমৃষ্টান্ স্বলঙ্কৃতান্। ত্বঞ্চ স্নাতঃ কৃতাহারো বিহরস্ব স্বলঙ্কৃতঃ॥**

---

৯ ভক্তবশ হঞা হরি ভক্তেরে বুঝায়।
ভক্তের অধীন প্রভু আপনা' দেখায়॥
শিশুলীলা করে' প্রভু আপনে ঈশ্বর।
ব্রজপুরে আনন্দ বাঢ়ায় নিরন্তর॥

১০ ফল লঞা আইল এক ফলের পসারী।
'ফল কিন' করিয়া ডাকিল উচ্চ করি'॥
সর্ব্বফলদাতা প্রভু ফলের কারণে।
ধান্য লঞা সত্বরে চলিলা সেইক্ষণে॥

১১ ধান্য লঞা ফেলিয়া পাতিলা দুই কর।
ফল দেহ' বলিয়া মাগিলা গদাধর॥
ফল-বিক্রয়িণী দেখি' আনন্দিত-চিতে।
অঞ্জলি ভরিয়া ফল দিল হরষিতে॥
রতনে পূরিল তা'র ফলের পসার।
এইরূপে করে' প্রভু বালক-বিহার॥

১২ যমুনার তীরে প্রভু করে' বাল-লীলা।
ব্রজশিশুগণ-সঙ্গে করে' নানা-খেলা॥
খেলারসে রহিলা গোবিন্দ-হলধর।

১৩ ডাক দিলে ছাওয়াল না আইসে নিজঘর॥
যশোদা পাঠাঞা দিলা রোহিণী-সুন্দরী।

১৪ যমুনার কূলে গিয়া দেখে বনমালী॥
শিশুগণ লঞা কৃষ্ণ বলরাম-সঙ্গে।
শিশু-খেলা খেলে প্রভু নানারস-রঙ্গে॥
'আইস আইস, মোর প্রাণ, বিলম্ব না কর'।
মায়ে ডাক পাড়ে, কেন বচন না ধর'?

১৫ কৃষ্ণ! কৃষ্ণ! প্রাণেশ্বর, কমললোচন!
কোলে করোঁ,আইস, বাপু, পিয় আসি' স্তন॥
ভাত আসি' খাও, বাপু, না খেলিহ খেলা।
খেলারঙ্গে না জান'—বিস্তর হৈল বেলা॥

১৬ হে রাম, রোহিণী-সুত, কুলের নন্দন!
প্রভাত-সময়ে, বাপু, কর্য্যাছ ভোজন॥
শ্রম বড় হৈল, বাপু, না খেলিহ খেলা।

১৭ কৃষ্ণ লঞা ঘরে আইস, ছাড়' শিশু-মেলা॥
চল রে, ছাওয়াল, তোরা যাহ ঘরাঘরি।

১৮ ধূলায় ধূসর মোর রাম-বনমালী॥
ঝাট করি' আইস, বাপু, করাই মজ্জন।
জনম-নক্ষত্র আজি, আছয়ে কারণ॥
স্নান করি' গো দান করহ দ্বিজগণে।
বন্ধুগণে ভোজন করাহ অন্ন-পানে॥

১৯ দেখ, দেখ, তোমার সঙ্গের শিশুগণে।
মায়ে কর্য্যায়াছে সব মার্জ্জন-ভোজনে॥
বসনে-ভূষণে অঙ্গ করিয়া সাজন।
খেলায় ছাওয়াল, তা'থে নাহি পাত' মন॥

২০। ইত্থং যশোদা তমশেষশেখরং, মত্বা সুতং স্নেহনিবদ্ধধীর্ণ পা!
হস্তে গৃহীত্বা সহরামমচ্যুতং, নীত্বা স্বধাটং কৃতবত্যথোদয়ম্॥

২১। গোপবৃদ্ধা মহোৎপাতাননুভূয় বৃহদ্বনে। নন্দাদয়ঃ সমাগম্য ব্রজকার্য্যমমন্ত্রয়ন্॥

২২। তত্রোপনন্দনামাহ গোপো জ্ঞানবয়োঽধিকঃ। দেশকালার্থতত্ত্বজ্ঞঃ প্রিয়কৃদ্রামকৃষ্ণয়োঃ॥

২৩। উত্থাতব্যমিতোঽস্মাভির্গোকুলস্য হিতৈষিভিঃ। আয়ান্ত্যত্র মহোৎপাতা বালানাং নাশহেতবঃ॥

২৪। মুক্তঃ কথঞ্চিদ্রাক্ষস্যা বালঘ্ন্যা বালকো হ্যসৌ। হরেরনুগ্রহান্নূনমনশ্চোপরি নাপতৎ॥

২৫। চক্রবাতেন নীতোঽয়ং দৈত্যেন বিপদং বিয়ৎ। শিলায়াং পতিতস্তত্র পরিত্রাতঃ সুরেশ্বরৈঃ॥

২৬। যন্ন ম্রিয়েত দ্রুময়োরন্তরং প্রাপ্য বালকঃ। অসাবন্যতমো বাপি তদপ্যচ্যুতরক্ষণম্॥

২৭। যাবদৌৎপাতিকোঽরিষ্টো ব্রজং নাভিভবেদিতঃ।
তাবদ্বালানুপাদায় যাস্যামোঽন্যত্র সানুগাঃ॥

২৮। বনং বৃন্দাবনং নাম পশব্যং নবকাননম্। গোপগোপীগবাং সেব্যং পুণ্যাদ্রিতৃণবীরুধম্॥

২৯। তৎ তত্রাদ্যৈব যাস্যামঃ শকটান্ যুঙ্‌ক্ত মা চিরম্।
গোধনান্যগ্রতো যান্তু ভবতাং যদি রোচতে॥

তুমিহ আসিয়া ঘরে স্নান-দান কর'।
ভোজন করিয়া অঙ্গে দিব্য-বেশ ধর'॥
তবে তুমি খেলাহ, যতেক ইচ্ছা কর'।
মায়ের বচনে, বাপু, বিলম্ব না কর'॥'

২০ সমস্ত-মস্তকমণি—প্রভু হৃষীকেশ।
দেখিয়া যশোদাদেবী নিলা শিশুবেশ॥
পুত্র-হেন মানিয়া ধরিয়া দুই করে।
রাম-কৃষ্ণ লঞা দেবী গেলা নিজ-পুরে॥
পুত্র-মহোৎসব করে' পরম-আনন্দে।
এইরূপ লীলা প্রভু করে' নানা-ছন্দে॥

২১ একদিন বৃদ্ধ গোপ একত্রে মিলিয়া।
মন্ত্রণা করয়ে গোপ-সভাতে বসিয়া॥

২২ বৃদ্ধ এক গোপ তা'থে উপনন্দ-নাম।
বয়সে, জ্ঞানেতে তেঁহ সভার প্রধান॥
দেশ-কাল-তত্ত্ব তেঁহ জানেন সকল।
সুবুদ্ধিশেখর, রাম-কৃষ্ণ-প্রিয়কর॥
কহিতে লাগিলা তেঁহো মহামতিমান্।

২৩ 'আমার বচনে সভে কর' অবধান॥
মহাবনে রহিতে উচিত নহে আর।
নানা উৎপাত আসি' মিলে বারবার॥
গোকুলের রক্ষা চাহ, রাম-কৃষ্ণ-হিত।
এথায় রহিতে তবে না হয় উচিত॥

২৪ পূতনারাক্ষসী আইল মারিতে কৃষ্ণেরে।
তাহাতে কেবল কৈলা ঈশ্বর উদ্ধারে॥
ভাগ্যে না পড়িল শিশু-উপরে শকট।
ঈশ্বর-কৃপায় সেহ তরিল সঙ্কট॥

২৫ চক্রবাতে নিল শিশু আকাশে তুলিয়া।
শিলার উপরে লঞা ফেলে আছাড়িয়া॥
ভাগ্যে তা'থে রক্ষা কৈল অষ্ট লোকপাল।

২৬ বৃক্ষ পড়ি' ছাওয়াল না মৈল—ভাগ্য ভাল॥
এইরূপ কত কত পড়য়ে উৎপাত।
কেবল ঈশ্বর রক্ষা করেন সাক্ষাৎ॥

২৭ যাবৎ প্রমাদ আর এথা নাহি ঘটে।
তাবৎ ছাওয়াল লঞা চল, যাই ঝাটে॥

২৮ বৃন্দাবন-নামে বন, নবীন কানন।
বহুবিধ ফুল-ফল, পরম-শোভন॥
নব-তৃণ-উপবন, সুশীতল জল।
পুণ্য-গিরি, নদ-নদী, পুণ্যসরোবর॥

২৯ আজি চলি' যাই তথা, হেন লয় মনে।
গোধন চলুক, আজ্ঞা দেহ' গোপগণে॥

৩০। তচ্ছ্রুত্বৈকধিয়ো গোপাঃ সাধু সাধ্বিতিবাদিনঃ। ব্রজান্ স্বান্ স্বান্ সমাযুজ্য যযু রূঢ়পরিচ্ছদাঃ॥

৩১। বৃদ্ধান্ বালান্ স্ত্রিয়ো রাজন্! সর্ব্বোপকরণানি চ।
অনঃস্বারোপ্য গোপালা যত্তা আত্তশরাসনাঃ॥

৩২। গোধনানি পুরস্কৃত্য শৃঙ্গাণ্যাপূর্য্য সর্ব্বতঃ। তূর্য্যঘোষেণ মহতা যযুঃ সহপুরোহিতাঃ॥

৩৩। গোপ্যো রূঢ়রথা নূত্ন-কুচকুঙ্কুমকান্তয়ঃ। কৃষ্ণলীলা জগুঃ প্রীতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ॥

৩৪। তথা যশোদারোহিণ্যাবেকং শকটমাস্থিতে। রেজতুঃ কৃষ্ণরামাভ্যাং তৎকথাশ্রবণোৎসুকে॥

৩৫। বৃন্দাবনং সম্প্রবিশ্য সর্ব্বকালসুখাবহম্। তত্র চক্রুর্ব্রজাবাসং শকটৈরর্দ্ধচন্দ্রবৎ॥

৩৬। বৃন্দাবনং গোবর্দ্ধনং যমুনাপুলিনানি চ। বীক্ষ্যাসীদুত্তমা প্রীতী রামমাধবয়োর্নৃপ!

৩৭। এবং ব্রজৌকসাং প্রীতিং যচ্ছন্তৌ বালচেষ্টিতৈঃ।
কলবাক্যৈঃ স্বকালেন বৎসপালৌ বভুবতুঃ॥

৩৮। অবিদূরে ব্রজভুবঃ সহ গোপালদারকৈঃ। চারয়ামাসতুর্বৎসান্ নানাক্রীড়াপরিচ্ছদৌ॥

শকট আনুক শীঘ্র সুসজ্জ করিয়া।
সবন্ধু-বান্ধবে চল শকটে চড়িয়া॥
কহিলুঁ কুশল-মন্ত্র যদি যুক্তি ধর'।
শীঘ্র করি' চলি, চল, বিলম্ব না কর'॥'

৩০ এ-বোল শুনিঞা যত গোপগণ মেলি'।
উপনন্দে বাখানিলা 'সাধু সাধু' বলি'॥
দিব্য-পরিচ্ছদে কৈলা শকট-সাজনি।
নানা অস্ত্রশস্ত্রে কৈলা অঙ্গের কাছনি॥

৩১ বৃদ্ধ-বাল-নারীগণ শকটে তুলিয়া।
চলিলা গোয়ালা-সব শকট চালাঞা॥
যত যত গোয়াল আছিলা বলী আর।
ধনু-শর লঞা তা'রা হৈলা আগুসার॥

৩২ তূর্য্যঘোষ করি' গোপ চারিপাশে ফিরে।
কেহ শিঙ্গা পূরে, কেহ বীরদর্প করে'॥
হুলাহুলি শবদ করিয়া গোপ ধায়।
বিবিধ আনন্দ করি' গোপগণ যায়॥

৩৩ গোপীগণ বিবিধ ভূষণ, বস্ত্র পরি'।
কৃষ্ণলীলা গায় গোপী নিজ-রথে চড়ি'॥

৩৪ মধুকণ্ঠী ব্রজনারী সুমধুর গায়।
যশোদা-রোহিণী শুনি' মহা-সুখ পায়॥
যশোদা-রোহিণী এক শকটে চড়িয়া।
দীপ্ত করে' রাম-কৃষ্ণ দুই পুত্র লঞা॥

৩৫ বৃন্দাবনে গিয়া গোপ কৈলা পরবেশ।
জন্মিল সবার চিত্তে আনন্দবিশেষ॥
ব্রজপুর নিরমিল করিয়া মন্ত্রণা।
অর্দ্ধচন্দ্র কৈলা যেন শকটে রচনা॥

৩৬ এইরূপে গোপগণ রহিলা আনন্দে।
রাম-কৃষ্ণ খেলায় বালকগণ-সঙ্গে॥
যমুনা-পুলিন, বৃন্দাবন, তরু-গিরি।
দেখিয়া সন্তোষ পাইলা রাম-বনমালী॥

৩৭ বহুবিধ বালক্রীড়া করে' দিনে-দিনে।
এইরূপে পীরিতি বাঢ়ায় গোপীগণে॥
হেনকালে কোন্ লীলা করে' হৃষীকেশ?
বাছুর রাখিতে পারে'—ধরে হেন বেশ॥

৩৮ নিকটে যমুনাতট, নব উপবন।
ব্রজশিশু-সঙ্গে বৎস রাখে নারায়ণ॥
বিবিধ-রতন-মণি-বিভূষিত অঙ্গ।
সমবেশ-মধুর-মূরতি-শিশু সঙ্গ॥
পীতবস্ত্র পরিধান, কক্ষে শিঙ্গা, বেত।
রতন-পাচনী করে, শিরে উড়ে নেত॥
নানা ক্রীড়া-পরিচ্ছদ করিয়া সাজন।
বৎস রাখে রাম-কৃষ্ণ, সঙ্গে শিশুগণ॥

৩৯। ক্বচিদ্বাদয়তো বেণুং ক্ষেপণৈঃ ক্ষিপতঃ ক্বচিৎ।
ক্বচিৎ পাদৈঃ কিঙ্কিণীভিঃ ক্বচিৎ কৃত্রিমগোবৃষৈঃ॥
৪০। বৃষায়মাণৌ নর্দ্দন্তৌ যুযুধাতে পরস্পরম্। অনুকৃত্য রুতৈর্জন্তূংশ্চেরতুঃ প্রাকৃতৌ যথা॥
৪১। কদাচিদ্যমুনাতীরে বৎসাংশ্চারয়তোঃ স্বকৈঃ। বয়স্যৈঃ কৃষ্ণবলয়োর্জিঘাংসুর্দৈত্য আগমৎ॥
৪২। তং বৎসরূপিণং বীক্ষ্য বৎসযূথগতং হরিঃ। দর্শয়ন্ বলদেবায় শনৈর্মুগ্ধ ইবাসদৎ॥
৪৩। গৃহীত্বাপরপাদাভ্যাং সহলাঙ্গুলমচ্যুতঃ। ভ্রাময়িত্বা কপিত্থাগ্রে প্রাহিণোদ্গতজীবিতম্।
স কপিত্থৈর্মহাকায়ঃ পাত্যমানৈঃ পপাত হ॥
৪৪। তং বীক্ষ্য বিস্মিতা বালাঃ শশংসুঃ সাধু সাধ্বিতি। দেবাশ্চ পরিসন্তুষ্টা বভূবুঃ পুষ্পবর্ষিণঃ॥
৪৫। তৌ বৎসপালকৌ ভূত্বা সর্ব্বলোকৈকপালকৌ।
সপ্রাতরাশৌ গোবৎসাংশ্চারয়ন্তৌ বিচেরতুঃ॥
৪৬। স্বং স্বং বৎসকুলং সর্ব্বে পায়য়িষ্যন্ত একদা। গত্বা জলাশয়াভ্যাসং পায়য়িত্বা পপুর্জলম্॥
৪৭। তে তত্র দদৃশুর্বালা মহাসত্ত্বমবস্থিতম্। তত্রস্বুর্বজ্রনির্ভিন্নং গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্॥
৪৮। স বৈ বকো নাম মহানসুরো বকরূপধৃক্। আগত্য সহসা কৃষ্ণং তীক্ষ্ণতুণ্ডোঽগ্রসদ্বলী॥

---

৩৯ ক্ষেণে বেণু বাজায় বালকগণ-সঙ্গে।
ফেলাফেলি করিয়া ক্ষেপণি খেলে রঙ্গে॥
চরণে-চরণে ক্ষেণে করে' ফেলাফেলি।
অঙ্গে-অঙ্গে ক্ষেণে প্রভু করে' ঠেলাঠেলি॥
৪০ বৃষ-রূপ ধরিয়া বৃষের ছাড়ে ডাক।
দুহেঁ-দুহেঁ যুঝাযুঝি, বাঢ়ে অনুরাগ॥
যত জন্তু-জীব বৈসে বন-উপবনে।
ডাক দিয়া আনে প্রভু প্রতি জনে-জনে॥
নিজ-রব শুনিঞা সকল জন্তু মিলে।
সেই লীলাগতি করি' তা'রি সঙ্গে খেলে॥
এইরূপে বাছুর চরায় শিশু-সঙ্গে।
নানা শিশুকেলি প্রভু করে' নানারঙ্গে॥
৪১ হেন-কালে এক দৈত্য বৎসরূপ ধরে।
অলক্ষিতে প্রবেশিল বৎসের ভিতরে॥
৪২ সকল জানেন প্রভু, সর্ব্বজ্ঞ-শেখর।
বলরামে তবে দেখাইলা গদাধর॥
৪৩ ধীরে ধীরে তা'র কাছে গেলেন শ্রীহরি।
বাম হাথ দিয়া পাছু দুই পাও ধরি'॥
আকাশে তুলিয়া ভ্রমাইলা সাত বার।
সেই মতে জীবন ছাড়িল দুরাচার॥
পাক দিয়া ফেলাইলা কপিত্থ-উপরে।
ভাঙ্গিল কপিত্থ-বন তা'র অঙ্গ-ভরে॥
৪৪ 'সাধু সাধু' করিয়া বাখানে শিশুগণে।
দেখিয়া বিস্মিত হৈল, ভয় পাইল মনে॥
তুষ্ট হৈয়া দেবে কৈলা পুষ্প বরিষণ।
আকাশে বাজিল শঙ্খ-দুন্দুভি-বাজন॥
৪৫ এইরূপে নানা লীলা করে' যদুরায়।
বৎসপাল হৈঞা প্রভু বাছুর চরায়॥
সর্ব্বলোক-পালক সকল-লোক-গতি।
গোপরূপে বাছুর চরায় সুরপতি॥
প্রভাত সময়ে প্রভু খায় দধিভাত।
বাছুর চরায় বনে ত্রিভুবননাথ॥
৪৬ শিশু-সঙ্গে বাছুর চরায় একদিনে।
কালিন্দী-নিকট-তট-কুসুমিত বনে॥
চালাঞা আনিলা বৎস জল-সন্নিধান।
বৎসগণে দিয়া পানি, কৈলা জল পান॥
৪৭ এক গোটা মহাপ্রাণী পর্ব্বত-আকার।
দেখিয়া, লাগিল শিশুগণে চমৎকার॥
৪৮ বকাসুর-নাম তা'র, বকরূপ ধরে।
আসিয়া গোবিন্দে ধরি' গিলিল সত্বরে॥

৪৯। কৃষ্ণং মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ। বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচেতসঃ॥

৫০। তং তালুমূলং প্রদহন্তমগ্নিবদ্,-গোপালসূনুং পিতরং জগদ্গুরোঃ।
চচ্ছর্দ্দ সদ্যোঽতিরুষাক্ষতং বক,-স্তুণ্ডেন হন্তুং পুনরভ্যপদ্যত॥

৫১। তমাপতন্তং স নিগৃহ্য তুণ্ডয়ো,-র্দোর্ভ্যাং বকং কংসসখং সতাং গতিঃ।
পশ্যৎসু বালেষু দদার লীলয়া, মুদাবহো বীরণবদ্দিবৌকসাম্॥

৫২। তদা বকারিং সুরলোকবাসিনঃ, সমাকিরন্ নন্দনমল্লিকাদিভিঃ।
সমীড়িরে চানকশঙ্খসংস্তবৈ,-স্তদ্বীক্ষ্য গোপালসুতা বিসিস্মিরে॥

৫৩। মুক্তং বকাস্যাদুপলভ্য বালকা, রামাদয়ঃ প্রাণমিবেন্দ্রিয়ো গণঃ।
স্থানাগতং তং পরিরভ্য নির্বৃতাঃ, প্রণীয় বৎসান্ ব্রজমেত্য তজ্জগুঃ॥

৫৪। শ্রুত্বা তদ্বিস্মিতা গোপা গোপ্যশ্চাতিপ্রিয়াদৃতাঃ।
প্রেত্যাগতমিবৌৎসুক্যাদৈক্ষন্ত তৃষিতেক্ষণাঃ॥

৫৫। অহো বতাস্য বালস্য বহবো মৃত্যবোঽভবন্।
অপ্যাসীদ্বিপ্রিয়ং তেষাং কৃতং পূর্ব্বং যতো ভয়ম্॥

৫৬। অথাপ্যভিভবন্ত্যেনং নৈব তে ঘোরদর্শনাঃ। জিঘাংসয়ৈনমাসাদ্য নশ্যন্ত্যগ্নৌ পতঙ্গবৎ॥

---

৪৯ তা' দেখিয়া সব শিশু হৈলা অচেতন।
প্রাণ-বিনে যেরূপ ইন্দ্রিয়, তনু, মন॥

৫০ ত্রিজগৎ-গুরু প্রভু, ত্রিজগৎ-পিতা।
গোপবেশ ধরে প্রভু সর্ব্বফলদাতা॥
বকাসুর-তালুমূল দহিল অন্তরে।
পুড়িয়া মরয়ে বক, সহিতে না পারে॥
আস্তে ব্যস্তে উগারিয়া ফেলিল গোপাল।
দুই ঠোঁট মেলিয়া আইসে আরবার॥

৫১ দুই হস্ত দিয়া প্রভু দুই ওষ্ঠ ধরি'।
বিদারিয়া দুই খান কৈলা লীলা করি'॥
সাধুজন-গতি প্রভু, খল-বিদারণ।
বকরূপ দুষ্ট দৈত্য কৈলা নিপাতন॥
বিমানে থাকিয়া দেখে সুর-সিদ্ধগণে।
'জয় জয়'-শবদ উঠিল ত্রিভুবনে॥

৫২ পারিজাত-কুসুম নন্দনবন-মালা।
কৃষ্ণের উপরে হৈল পুষ্পবৃষ্টি-ধারা॥
আনক, দুন্দুভি, শঙ্খ, বিবিধ বাজন।
বিবিধ স্তবন কৈলা সুর-মুনিগণ॥

৫৩ বকাসুর-মুখ হৈতে লভিয়া শ্রীহরি।
বর্ত্তিয়া উঠিলা শিশু ভয় পরিহরি'॥
প্রাণ আইলে যেন দেহ-মন সচেতন।
সেইরূপ কৃষ্ণে পাঞা জীয়ে শিশুগণ॥
আলিঙ্গন দিয়া শিশু শ্রীমুখ নেহালে।
চৌদিকে বেড়িয়া 'জয় জয়'-শব্দ বলে'॥
কৃষ্ণ লঞা ব্রজপুরে চলিলা সত্বর।
গোপগণে বিবরণ কহিলা সকল॥

৫৪ বিস্ময় ভাবিয়া গোপগোপীগণে শুনি'।
ব্রজপুরে সকল হইল জানাজানি॥
সর্ব্বলোক আসিয়া দেখিল গদাধরে।
আনন্দ উৎসব হইল পুরের ভিতরে॥

৫৫ 'দেখ দেখ, অদভুত শিশুর প্রভাব।
কত কত মৃত্যু আসি' করয়ে উৎপাত॥
নিজ-নিজ-পাপে তা'রা সব মরি' যায়।
পুণ্যফলে সভে শিশু সর্ব্বত্র বেড়ায়॥

৫৬ ঘোরতর দৈত্য-সব আইসে মারিবারে।
আগুনে পতঙ্গ যেন যাই' পুড়ি' মরে॥

৫৭। **অহো ব্রহ্মবিদাং বাচো নাসত্যাঃ সন্তি কর্হিচিৎ। গর্গো যদাহ ভগবানন্বভাবি তথৈব তৎ॥**
৫৮। **ইতি নন্দাদয়ো গোপাঃ কৃষ্ণরামকথাং মুদা। কুর্ব্বন্তো রমমাণাশ্চ নাবিন্দন্ ভবেদনাম্॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে বৎস-বকবধো নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

---

৫৭ অসত্য নহিল কিছু গর্গের বচন।
গর্গ যে কহিলা, সেই দেখিয়ে লক্ষণ॥
জন্মিলা কেবল মহাপুরুষ সাক্ষাৎ।
মহাপুরুষের কভু নহে উৎপাত॥'

৫৮ নন্দ-আদি গোপগণে এই কথা কহে।
নিরবধি পরম-আনন্দ-চিত্তে রহে॥"
কহে রঘু পণ্ডিত গোবিন্দ-গুণগান।
কৃষ্ণকথা শুন, ভাই, হৈয়া সাবধান॥

রঘুনাথ পণ্ডিতের মধুরস-ভাষা।
কৃষ্ণগুণ শুন, ভাই, কৃষ্ণে দেহ' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকাদশোঽধ্যায়ঃ॥

দ্বাদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **ক্বচিদ্বনাশায় মনো দধদ্ব্রজাৎ, প্রাতঃ সমুত্থায় বয়স্যবৎসপান্।**
প্রবোধয়ন্ শৃঙ্গ-রবেণ চারুণা, বিনির্গতো বৎসপুরঃসরো হরিঃ॥

২। **তেনৈব সাকং পৃথুকাঃ সহস্রশঃ, স্নিগ্ধাঃ সুশিগ্বেত্রবিষাণবেণবঃ।**
স্বান্ স্বান্ সহস্রোপরিসংখ্যয়ান্বিতান্, বৎসান্ পুরস্কৃত্য বিনির্যযুর্মুদা॥

৩। **কৃষ্ণবৎসৈরসংখ্যাতৈর্যূথীকৃত্য স্ববৎসকান্। চারয়ন্তোঽর্ভলীলাভির্বিজহ্রুস্তত্র তত্র হ॥**
৪। **ফলপ্রবালস্তবক-সুমনঃপিচ্ছধাতুভিঃ। কাচগুঞ্জামণিস্বর্ণ-ভূষিতা অপ্যভূষয়ন্॥**
৫। **মুষ্ণন্তোঽন্যোঽন্যশিক্যাদীন্ জ্ঞাতানারাচ্চ চিক্ষিপুঃ। তত্রত্যাশ্চ পুনর্দূরাদ্ধসন্তশ্চ পুনর্দদুঃ॥**

[বরাড়ী—দীর্ঘ-ছন্দ]

১ একদিন কৈলা মনে, 'ভোজন করিব বনে',
গাও তুলি' প্রত্যূষে, বিহানে।
শিঙ্গারব করি' হরি, গোপশিশু সঙ্গে করি',
চলি' গেলা বৎস লঞা বনে॥

২ লক্ষ লক্ষ শিশুগণ, সম-বেশ-বিভূষণ,
শিঙ্গা, বেত্র, বিষাণ কাছিয়া।
সহস্রেক নাহি টুটি, লক্ষ লক্ষ, কোটি কোটি,
চলে শিশু বৎসগণ লৈয়া॥

৩ কৃষ্ণ বৎস রাখে যত, ব্রহ্মায় লেখিব কত,
লেখিতে কে পারে তা'র অন্ত?
বৎস যূথ যূথ করি', একত্রে সকল মেলি',
বৎস রাখে করিয়া আনন্দ॥
বিবিধ বালক-লীলা, বহুবিধ শিশুখেলা,
বহু ভাঁতি খেলে শিশুগণ।

৪ প্রবাল, কুসুম, ফল, বনধাতু, নবদল,
করে' শিশু অঙ্গের ভূষণ॥

৫ কেহ শিঙ্গা করে' চুরি, কেহ ফেলে দূর করি',
পুন দেই হাসিয়া হাসিয়া।

৬। যদি দূরং গতঃ কৃষ্ণো বনশোভেক্ষণায় তম্। অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি সংস্পৃশ্য রেমিরে॥
৭। কেচিদ্বেণূন্ বাদয়ন্তো ধ্মান্তঃ শৃঙ্গানি কেচন। কেচিদ্ভৃঙ্গৈঃ প্রগায়ন্তঃ কূজন্তঃ কোকিলৈঃ পরে॥
৮। বিচ্ছায়াভিঃ প্রধাবন্তো গচ্ছন্তঃ সাধুহংসকৈঃ। বকৈরুপবিশন্তশ্চ নৃত্যন্তশ্চ কলাপিভিঃ॥
৯। বিকর্ষন্তঃ কীশবালান্ অরোহন্তশ্চ তৈর্দ্রুমান্। বিকুর্ব্বন্তশ্চ তৈঃ সাকং প্লবন্তশ্চ পলাশিষু॥
১০। সাকং ভেকৈর্বিলঙ্ঘন্তঃ সরিৎপ্রস্রবসংপ্লুতাঃ। বিহসন্তঃ প্রতিচ্ছায়াঃ শপন্তশ্চ প্রতিস্বনান্॥

১১। ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা, দাস্যং গতানাং পরদৈবতেন।
মায়াশ্রিতানাং নরদারকেণ, সাকং বিজহ্রুঃ কৃতপুণ্যপুঞ্জাঃ॥
১২। যৎপাদপাংশুর্বহুজন্মকৃচ্ছ্রতো, ধৃতাত্মভির্যোগিভিরপ্যগম্যঃ।
স এব যদ্দৃগ্বিষয়ঃ স্বয়ং স্থিতঃ, কিং বর্ণ্যতে দিষ্টমতো ব্রজৌকসাম্?
১৩। অথাঘনামাভ্যপতন্মহাসুর,-স্তেষাং সুখক্রীড়নবীক্ষণাক্ষমঃ।
নিত্যং যদন্তর্নিজজীবিতেপ্সুভিঃ, পীতামৃতৈরপ্যমরৈঃ প্রতীক্ষতে॥
১৪। দৃষ্ট্বার্ভকান্ কৃষ্ণমুখানঘাসুরঃ, কংসানুশিষ্টঃ স বকী বকানুজঃ।
অয়ন্তু মে সোদরনাশকৃৎ তয়ো,-র্দ্বয়োর্ম মৈনং সবলং হনিষ্যে॥

---

৬ কৃষ্ণ যদি থাকে দূরে, ধাঞা-ধাঞা শিশু চলে,
পুন আইসে কৃষ্ণ পরশিয়া॥
'মুঞি সে সভার আগে, পরশিনু তোমা' এবে',
এইরূপে আনন্দে বিহরে।

৭ কেহ শিঙ্গা-বেণু পূরে, কেহ ভৃঙ্গরব করে',
কোকিল-শবদ কেহ করে'॥

৮ কেহ দেখি' পাখী-ছায়া, তা'র সঙ্গে যায় ধাঞা,
হংস দেখি' হংসের গমন।
বক দেখি' বকবৎ, কেহ হয় ধ্যানরত,
কেহ ধরে' ময়ূর-পেখম॥

৯ বানরের পুচ্ছ ধরি', কেহ টানাটানি করি',
বানরে টানিঞা তুলে গাছে।
বানর-আকৃতি ধরে', সেরূপ ভ্রুকুটি করে',
লম্ফে লম্ফে যায় তা'র পাছে॥

১০ বেঙ্গের আকার ধরি', যায় নদীজলোপরি,
শবদ করয়ে উচ্চ করি'।
তা'র প্রতিধ্বনি শুনি', বলে' শিশু নানা-বাণী,
ধর', মার'—বলি' দেই গালি॥

১১ জন্ম কোটি কোটি ধরি', নানা পুণ্যপুঞ্জ করি',
কৃষ্ণ লৈয়া খেলে শিশুগণে।
দেখে ব্রহ্মজ্ঞানী সব, ব্রহ্ম-সুখ-অনুভব,
সাক্ষাৎ যাঁহার দরশনে॥
ভক্তগণ প্রেমসুখে, ইষ্টদেব-গুরুরূপে,
সাক্ষাতে দেখয়ে মূর্ত্তিমান্।
মায়াশ্রিত নরলোকে, কেবল মানুষরূপে,
দেখে হরি আনন্দ-বিধান॥

১২ লক্ষ-কোটি জন্ম ধরি', চিত্ত নিরোধন করি',
তপ-যোগ-সমাধি করিয়া।
যাঁ'র পদধূলিকণে, না লভে যোগেন্দ্রগণে,
খেলে শিশু হেন কৃষ্ণ লঞা॥
কি ভাগ্য বর্ণিব তাঁ'র, কৃষ্ণ হেন সখা যাঁ'র,
ধন্য ব্রজবাসী গোপগণ।

১৩ এইরূপে শিশু-মেলে, বিবিধ কৌতুক করে',
দৈত্য আসি' দিল দরশন॥
তা'র নাম 'অঘাসুর', মহাদুষ্ট ঘোরতর,
কৃষ্ণলীলা দেখিতে না পারে।
সুরগণ সুরপুরে, চমকিত যা'র ডরে,
নিরন্তর ছিদ্র অনুসারে॥

১৪ কংসের আদেশ পাঞা, অঘাসুর আইল ধাঞা,
'আজি কৃষ্ণ বধিমু সগণে।

১৫। এতে যদা মৎসুহৃদোঽস্তিলাপঃ, কৃতাস্তদা নষ্টসমা ব্রজৌকসঃ।
প্রাণে গতে বর্ত্মসু কা নু চিন্তা, প্রজাসবঃ প্রাণভৃতো হি যে তে॥
১৬। ইতি ব্যবস্যাজগরং বৃহদ্বপুঃ, স যোজনায়ামমহাদ্রিপীবরম্।
ধৃত্বাদ্ভুতং ব্যাত্তগুহাননং তদা, পথি ব্যশেত গ্রসনাশয়া খলঃ॥
১৭। ধরাধরোষ্ঠো জলদোত্তরোষ্ঠো, দর্য্যাননান্তো গিরিশৃঙ্গদংষ্ট্রঃ।
ধ্বান্তান্তরাস্যো বিততাধ্বজিহ্বঃ, পরুষানিলশ্বাসদবেক্ষণোষ্ণঃ॥
১৮। দৃষ্ট্বা তং তাদৃশং সর্ব্বে মত্বা বৃন্দাবনশ্রিয়ম্। ব্যাত্তাজগরতুণ্ডেন হ্যুৎপ্রেক্ষন্তে স্ম লীলয়া॥
১৯। অহো মিত্রাণি গদত সত্ত্বকূটং পুরঃস্থিতম্। অস্মৎ-সংগ্রসনব্যাত্ত-ব্যালতুণ্ডায়তে ন বা॥
২০। সত্যমর্ককরারক্তমুত্তরাহনুবদ্ঘনম্। অধরাহনুবদ্রোধস্তৎপ্রতিচ্ছায়য়ারুণম্॥
২৩। দাবোষ্ণখরবাতোঽয়ং শ্বাসবদ্ভাতি পশ্যত। তদ্দগ্ধসত্ত্বদুর্গন্ধোঽপ্যন্তরামিষগন্ধবৎ॥
২৪। অস্মান্ কিমত্র গ্রসিতা নিবিষ্টান্, অয়ং তথা চেদ্বকবদ্বিনঙ্ক্ষ্যতি।
ক্ষণাদনেনেতি বকারিশম্মুখং, বীক্ষ্যোদ্ধসন্তঃ করতাড়নৈর্যযুঃ॥
২৫। ইত্থং মিথোঽতথ্যমতজ্ঞভাষিতং, শ্রুত্বা বিচিন্ত্যেত্যমৃষা মৃষায়তে।
রক্ষো বিদিত্বাখিলভূতহৃৎস্থিতঃ, স্বানাং নিরোদ্ধুং ভগবান্ মনো দধে॥

পূতনা ভগিনী মোর, জ্যেষ্ঠ ভাই বকাসুর,
এই কৃষ্ণ মারিল আপনে॥
১৫ ভাই-ভগিনীর ধার, শুধিবার পরকার,
বৎস-শিশু করি' তিল-জল।
তর্পণ করিনু যদি, সাধিনু সকল সিদ্ধি,
ব্রজবাসী মারিব সকল॥
পুত্রগত প্রাণ যা'র, পুত্রে দেহ-মন তা'র,
পুত্র-বিনে না রহে জীবন।
বৎস-শিশু-সহ হরি, যদি মারিবারে পারি,
তবে তথা মৈল গোপগণ॥'
১৬ এই মনে যুক্তি করি', সর্প-কলেবর ধরি',
যোজনেক দীঘল-বিস্তার।
প্রহরের পথ যুড়ি', পড়িল মু'খান মেলি',
যেন মহাপর্ব্বত-আকার॥
বৎস-বালকের সহে, কৃষ্ণে গিলিবারে চাহে,
এই আশা দুষ্টমতি ধরে।
১৭ এক ওষ্ঠ ক্ষিতি-পরে, আর ওষ্ঠ অম্বরে,
গিরিগুহা মুখের ভিতরে॥
বিকট দশন-পাঁতি, পর্ব্বত-আকার ভাঁতি,
উদর-ভিতরে অন্ধকার।
জিহ্বা-গোটা পথে মেলে, ঘন ঘন শ্বাস ছাড়ে,
যেন খর-পবন-সঞ্চার॥
১৮ দেখি' গোপশিশুগণে, অপরূপ বৃন্দাবনে,
দৃষ্টান্ত করিয়া কথা কহে।
১৯ 'কহ দেখি, মিত্রগণ, গিলিবারে করে' মন,
কিবা এক মহাপ্রাণী রহে?
২০ মেঘখান দেখি যেন, রবিজালে রাঙ্গা হেন,
ভিতরে দেখিয়ে অন্ধকার।
২৩ খরতর বহে বাত, যেন ঘনশ্বাসপাত,
দেখি যেন জন্তু দুরাচার॥
২৪ যদি আমি-সব মেলি', ভিতরে প্রবেশ করি,
তবে যদি করয়ে গরাস।
তমু ভয় না করিব, এই পথ দিয়া যা'ব,
বকবৎ ইহ হৈব নাশ॥'
এতেক বচন বলি', দিয়া দৃঢ় করতালি,
হাসি' কৃষ্ণমুখ নিরখিয়া।
নিজ-বৎসগণ লঞা, প্রবেশ করিল গিয়া,
কেহ না বুঝিল তা'র মায়া॥
২৫ 'না জানিয়া শিশুগণে, সত্য কৈল মিথ্যাভানে',
চিন্তে প্রভু এই মনে-মনে।

২৬। তাবৎ প্রবিষ্টাস্ত্বসুরোদরান্তরং, পরং ন গীর্ণাঃ শিশবঃ সবৎসাঃ।
প্রতীক্ষমাণেন বকারিবেশনং, হৃতস্বকান্তস্মরণেন রক্ষসা॥

২৭। তান্ বীক্ষ্য কৃষ্ণঃ সকলাভয়প্রদো, হ্যনন্যনাথান্ স্বকরাদবচ্যুতান্।
দীনাংশ্চ মৃত্যোর্জঠরাগ্নিঘাসান্, ঘৃণার্দ্দিতো দিষ্টকৃতেন বিস্মিতঃ॥

২৮। কৃত্যং কিমত্রাস্য খলস্য জীবনং, ন বা অমীষাঞ্চ সতাং বিহিংসনম্।
দ্বয়ং কথং স্যাদিতি সংবিচিন্ত্য, তজ্ জ্ঞাত্বাবিশৎ তুণ্ডমশেষদৃগ্ ঘরিঃ॥

২৯। তদা ঘনচ্ছদা দেবা ভয়াদ্ধাহেতি চুক্রুশুঃ। জহ্নুর্যে চ কংসাদ্যাঃ কৌণপাস্ত্বঘবান্ধবাঃ॥

৩০। তচ্ছ্রুত্বা ভগবান্ কৃষ্ণস্ত্বব্যয়ঃ সার্ভবৎসকম্। চূর্ণীচিকীর্ষোরাত্মানং তরসা ববৃধে গলে॥

৩১। ততোঽতিকায়স্য নিরুদ্ধমার্গিণো, হ্যদগীর্ণদৃষ্টের্ভ্রমতস্ত্বিতস্ততঃ।
পূর্ণোঽন্তরঙ্গে পবনো নিরুদ্ধো, মূর্দ্ধন্ বিনিস্পাট্য বিনির্গতো বহিঃ॥

৩২। তেনৈব সর্ব্বেষু বহির্গতেষু, প্রাণেষু বৎসান্ সুহৃদঃ পরেতান্।
দৃষ্ট্বা স্বয়োত্থাপ্য তদন্বিতঃ পুন,-র্বক্ত্রান্মুকুন্দো ভগবান্ বিনির্যযৌ॥

৩৩। পীনাহিভোগোত্থিতমদ্ভুতং মহ,-জ্জ্যোতিঃ স্বধাম্না জ্বলয়দ্দিশো দশ।
প্রতীক্ষ্য খেঽবস্থিতমীশনির্গমং, বিবেশ তস্মিন্ মিষতাং দিবৌকসাম্॥

৩৪। ততোঽতিহৃষ্টাঃ সুকৃতোঽকৃতার্হণং, পুষ্পৈঃ সুরা অপ্সরসশ্চ নর্ত্তনৈঃ।
গীতৈঃ সুগা বাদ্যধরাশ্চ বাদ্যকৈঃ, স্তবৈশ্চ বিপ্রা জয়নিস্বনৈর্গণাঃ॥

'বৎস-শিশু না মরিব, দৈত্যের সংহার হৈব',
হেন বুদ্ধি করিব এখনে॥

২৬ অঘাসুর মহাবলী, কৃষ্ণের বিলম্ব করি',
না গিলিল করিয়া সন্ধান।
কৃষ্ণ পরবেশ কৈলে, উদর ভিতরে গেলে,
তবে সে চাপিব মুখখান॥

২৭ সকল-অভয়দাতা, অখিল-ভুবন-পিতা,
মনে-মনে ভাবিলা শ্রীহরি।

২৮ 'দৈত্যের হরিব প্রাণ, বালকের পরিত্রাণ,
দুই কর্ম্ম কোন্ বুদ্ধ্যে করি?'
অশেষ-করুণাসিন্ধু, অখিল-জগদ্‌বন্ধু,
দৈত্যমুখে করিলা প্রবেশ।

২৯ রহিয়া মেঘের আড়ে, দেবগণ চাহে ডরে,
করে' 'হাহা'-শবদ বিশেষ॥
হাসে দুষ্ট দৈত্যগণ, ব্যাকুলিত সাধুজন,
ত্রিভুবনে হৈল হাহাকার।

৩০ 'জারিয়া করিব চূর', মনে ভাবে অঘাসুর,
মু'খান মুদিল দুরাচার॥
প্রভু কোন্ কর্ম্ম করে', বাড়িতে লাগিলা গলে,
নিরোধিল এ দশ দুয়ার।

৩১ নড়িতে চড়িতে নারে, ছট্‌ফট্ করি' মরে,
উলটিল নয়ন বিশাল॥
সকল শরীর পূরি', পবন বাড়িল ভরি',
ব্রহ্মরন্ধ্র ফুটিয়া ছুটিল।

৩২ কৃপাদৃষ্টি করি' হরি, মরা বৎসশিশু তুলি',
মুখপথে বাহিরে আনিল॥

৩৩ সর্পকলেবর-জ্যোতি, আকাশমণ্ডলে উঠি',
দশদিগ্ প্রকাশ করিয়া।
আসিব বাহিরে হরি, রহিল বিলম্ব ধরি',
সুরগণ বিস্মিত দেখিয়া॥
শ্রীহরি বাহির হৈলা, কৃষ্ণদেহে প্রবেশিলা,
তিনলোকে দেখিল সাক্ষাৎ।

৩৪ আনন্দিত সুরগণ, কৈলা পুষ্প-বরিষণ,
স্তুতি-ভক্তি কৈলা দণ্ডপাত॥
সুরবধূগণ নাচে, বিবিধ বাজনা বাজে,
গন্ধর্ব্ব-কিন্নরে গায় গীত।

৩৫। তদদ্ভুতস্তোত্রসুবাদ্যগীতিকা,-জয়াদিনৈকোৎসবমঙ্গলস্বনান্।
শ্রুত্বা স্বধাম্নোঽন্ত্যজ আগতোঽচিরাদ,-দৃষ্ট্বা মহীশস্য জগাম বিস্ময়ম্॥
৩৬। রাজন্মাজগরং চর্ম্ম শুষ্কং বৃন্দাবনেঽদ্ভুতম্। ব্রজৌকসাং বহুতিথং বভুবাক্রীড়গহ্বরম্॥
৩৭। এতৎ কৌমারজং কর্ম্ম হরেরাত্মাহিমোক্ষণম্।
মৃত্যোঃ পৌগণ্ডকে বালা দৃষ্ট্বোচুর্বিস্মিতা ব্রজে॥
৩৮। নৈতদ্বিচিত্রং মনুজার্ভমায়িনঃ, পরাবরাণাং পরমস্য বেধসঃ।
অঘোঽপি যৎস্পর্শনধৌতপাতকঃ, প্রাপাত্মসাম্যন্ত্বসতাং সুদুর্লভম্॥
৩৯। সকৃদ্যদঙ্গপ্রতিমান্তরাহিতা, মনোময়ী ভাগবতীং দদৌ গতিম্।
স এব নিত্যাত্মসুখানুভূত্যভি,-ব্যুদস্তমায়ঃ পরমোঽঙ্গ কিং পুনঃ?

শ্রীসূত উবাচ

৪০। ইত্থং দ্বিজা যাদবদেবদত্তঃ, শ্রুত্বা স্বরাতুশ্চরিতং বিচিত্রম্।
প্রপচ্ছ ভূয়োঽপি তদেব পুণ্যং, বৈয়াসকিং যন্নিগৃহীতচেতাঃ॥

শ্রীরাজোবাচ

৪১। ব্রহ্মন্ কালান্তরকৃতং তৎকালীনং কথং ভবেৎ।
যৎ কৌমারে হরিকৃতং জগুঃ পৌগণ্ডকেঽর্ভকাঃ?
৪২। তদ্ব্রূহি মে মহাযোগিন্! পরং কৌতূহলং গুরো! নূনমেতদ্ধরেরেব মায়া ভবতি নান্যথা॥
৪৩। বয়ং ধন্যতমা লোকে গুরোঽপি ক্ষত্রবন্ধবঃ। যৎ পিবামো মুহুস্তৃপ্তাঃ পুণ্যং কৃষ্ণকথামৃতম্॥

ব্রাহ্মণে মঙ্গল পঢ়ে, স্তাবকে স্তবন করে',
ত্রিভুবন হৈল আনন্দিত॥

৩৫ গীতবাদ্য, স্তুতিবাণী, ব্রহ্মলোকে গেল ধ্বনি,
ব্রহ্মা শুনি' আইলা সেইক্ষণে।
আকাশমণ্ডলে থাকি', প্রভুর মহিমা দেখি',
বিস্ময় ভাবিলা মনে-মনে॥

৩৬ শুন, রাজা পরীক্ষিৎ! বৃন্দাবনে অদভুত,
গর্ত্ত হৈল সর্প-কলেবর।
শুখাঞা রহিল বনে, ক্রীড়া করে শিশুগণে,
চিরদিন তাহার ভিতর॥

৩৭ এ-সব কুমার-কালে, কৈলা কর্ম্ম দামোদরে,
পৌগণ্ডে কহিল শিশুগণে।
'অঘাসুর বধ করি', বৎসশিশু রক্ষা করি',
আজি হরি আনিলা এখনে॥'

৩৮ এ কোন্ বিচিত্র-কথা, অখিল-জগৎপিতা,
শিশুবেশে পুরুষ-পুরাণ।
অঘ-হেন দুরাচার, অঙ্গ পরশিয়া যাঁ'র,
আত্মসাৎ পায় বিদ্যমান॥

৩৯ যাঁ'র অঙ্গমূর্ত্তি ধরি', সকৃৎ হৃদয়ে করি',
মনোময়ী করিয়া চিন্তনে।
মহাভাগবত সব, পাইলা পরম-পদ,
হেন প্রভু যথা বিদ্যমানে॥"

৪০ রাজা বিষ্ণুরাত শুনি', পরমবিস্ময় গণি,'
জিজ্ঞাসিলা মুনির চরণে।

৪১ "কুমার-কালের কর্ম্ম, কেহ না জানিল মর্ম্ম,
প্রৌগণ্ডে কহিলা শিশুগণে॥

৪২ এত বড় কুতূহল, কহ, গুরু যোগেশ্বর,
বিষ্ণুমায়া বিনে নহে আন।

৪৩ আমি-সব নরাধম, তমু হৈলুঁ ধন্যতম,
হরিকথামৃত করি' পান॥"

শ্রীসূত উবাচ

৪৪। **ইত্থং স্ম পৃষ্টঃ স তু বাদরায়ণি,-স্তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়ঃ।**
কৃচ্ছ্রাৎ পুনর্লব্ধবহির্দৃশিঃ শনৈঃ, প্রত্যাহ তং ভাগবতোত্তমোত্তম!

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে অঘাসুরবধো নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

---

৪৪ রাজার বচন শুনি', বাহ্য পাসরিলা মুনি, অঘাসুর-বিনাশন, বৎস-শিশু-উদ্ধারণ,
আনন্দে পূরিল কলেবর। গোপাল-চরিত্র পুণ্যকথা।
ক্ষণেক অবধান করি', চাহিলা নয়ান মেলি', ভাগবত-আচার্য্য কহে, শুনিলে দুরিত দহে,
তবে দিলা রাজারে উত্তর ॥ পরমমঙ্গল গুণ-গাথা ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **সাধু পৃষ্টং মহাভাগ! ত্বয়া ভাগবতোত্তম! যন্নূতনয়সীশস্য শৃণ্বন্নপি কথাং মুহুঃ ॥**

২। **সতাময়ং সারভৃতাং নিসর্গো, যদর্থবাণীশ্রুতিচেতসামপি।**
প্রতিক্ষণং নব্যবদচ্যুতস্য যৎ, স্ত্রিয়া বিটানামিব সাধুবার্ত্তা ॥

৩। **শৃণুষ্বাবহিতো রাজন্নপি গুহ্যং বদামি তে। ব্রুয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুত ॥**

৪। **তথাঘবদনান্মৃত্যো রক্ষিত্বা বৎসপালকান্। সরিৎপুলিনমানীয় ভগবানিদমব্রবীৎ ॥**

৫। **অহোঽতিরম্যং পুলিনং বয়স্যাঃ, স্বকেলিসম্পন্মৃদুলাচ্ছবালুকম্।**
স্ফুটৎসরোগন্ধহৃতালিপত্রিক,-ধ্বনিপ্রতিধ্বানলসদ্দ্রুমাকুলম্ ॥

[তুড়ী-রাগ]

১ "সাধু সাধু মহাভাগ, ধন্য নরেশ্বর!
নিরমলমতি তুমি ভকতশেখর ॥
নিরবধি হরিকথা শুন সাবধানে।
তমু নব-নব তুমি কর' অনুক্ষণে ॥

২ শান্তজন যেবা হয়, চিত্তে ধরে' সার।
শ্রুতি, বাণী, চিত্ত হরিপদগত যাঁ'র ॥
কৃষ্ণ-কথা নব-নব করে' অনুক্ষণে।
স্ত্রীর কথা শুনে, যেন স্ত্রী-জিত জনে ॥

৩ গুহ্য-কথা কহি, রাজা! শুন সাবহিতে।
প্রিয়-শিষ্যে গুহ্য-কথা না করি গোপতে ॥
কহিব পরম গুহ্য, শুন সাবধানে।

৪ অপরূপ নাট্যলীলা কৈলা নারায়ণে ॥
অঘাসুর-মুখ হৈতে বৎস-শিশুগণ।
বাহির করিয়া আনি' নন্দের নন্দন ॥
যমুনা-পুলিন-বনে নিলা সেইক্ষণে।
হাসিয়া কি বলে' তবে মধুর বচনে?

৫ 'দেখ দেখ, ভাই সব, রম্য নদীতীর।
কোমল বালুকাতট, নিরমল নীর ॥
প্রফুল্ল কমলগন্ধ, ভ্রমর-ঝঙ্কার।
জলচর-কোলাহল, শবদ-সঞ্চার ॥

৬। অত্র ভোক্তব্যমস্মাভির্দিবারূঢ়ং ক্ষুধার্দ্দিতাঃ। বৎসাঃ সমীপেঽপঃ পীত্বা চরন্তু শনকৈস্তৃণম্ ॥
৭। তথেতি পায়য়িত্বার্ভা বৎসানারুধ্য শাদ্বলে। মুক্ত্বা শিক্যানি বুভুজুঃ সমং ভগবতা মুদা ॥
৮। কৃষ্ণস্য বিষ্বক্পুরুরাজিমণ্ডলৈ,-রভ্যাননাঃ ফুল্লদৃশো ব্রজার্ভকাঃ।
সহোপবিষ্টা বিপিনে বিরেজু,-শ্ছদা যথাম্ভোরুহকর্ণিকায়াঃ ॥
৯। কেচিৎ পুষ্পৈর্দলৈঃ কেচিৎ পল্লবৈরঙ্কুরৈঃ ফলৈঃ। শিগ্‌ভিস্ত্বগ্‌ভির্দৃষদ্ভিশ্চ বুভুজুঃ কৃতভাজনাঃ ॥
১০। সর্ব্বে মিথো দর্শয়ন্তঃ স্বস্বভোজ্যরুচিং পৃথক্। হসন্তো হাসয়ন্তশ্চাভ্যবজহ্রুঃ সহেশ্বরাঃ ॥
১১। বিভ্রদ্বেণুং জঠরপটয়োঃ শৃঙ্গবেত্রে চ কক্ষে, বামে পাণৌ মসৃণকবলং তৎফলান্যঙ্গুলীষু।
তিষ্ঠন্ মধ্যে স্বপরিসুহৃদো হাসয়ন্নর্ম্মভিঃ স্বৈঃ, স্বর্গে লোকে মিষতি বুভুজে যজ্ঞভুগ্বালকেলিঃ ॥
১২। ভারতৈবং বৎসপেষু ভুঞ্জানেষ্বচ্যুতাত্মসু। বৎসাস্তুন্তর্বনে দূরং বিবিশুস্তৃণলোভিতাঃ ॥
১৩। তান্ দৃষ্ট্বা ভয়সন্ত্রস্তানূচে কৃষ্ণোঽস্য ভীভয়ম্। মিত্রাণ্যাশাম্মা বিরমতেহানেষ্যে বৎসকানহম্ ॥
১৪। ইত্যুক্ত্বাদ্রিদরীকুঞ্জগহ্বরেষ্বাত্মবৎসকান্। বিচিন্বন্ ভগবান্ কৃষ্ণঃ সপাণিকবলো যযৌ ॥

ধ্বনি-প্রতিধ্বনি-বিলসিত দ্রুমজাল।

৬ এথা রহি' আমি-সব করিব বিহার ॥
বেলা দুই-প্রহর, ভোজন করি' আগে।
পাছে খেলাইব খেলা—হেন মনে লাগে ॥

৭ জল পিয়া বৎসগণ চরুক সন্তোষে।
আমি-সব ভোজন করিব হাস্যরসে ॥'
কৃষ্ণের বচন শুনি' গোপশিশুগণে।
জল পান করিয়া বাছুর দিলা বনে ॥
শিক্যা মুকুলাঞা শিশু বসিলা ভুঞ্জিতে।

৮ মাঝে কৃষ্ণ বসিলা, বালক চারিভিতে ॥
চৌদিগে বালকগণে রচিলা মণ্ডল।
বিকসিত মুখপদ্ম, নয়নকমল ॥
বিবিধ মণ্ডল-জাল করিয়া রচন।
সম্মুখে শ্রীমুখ দেখে সব শিশুগণ ॥
চৌদিগে কমলদল, মাঝে কর্ণিকার।
সেইরূপে শোভে ব্রজশিশু পাটোয়ার ॥

৯ কেহ পুষ্পদল, কেহ পল্লব-অঙ্কুর।
কেহ নিল গাছ-ছাল, আনে ফল-মূল ॥
কেহ শিক্যা মেলিয়া ভোজনপাত্র করে'।
ভোজন করিয়া শিশু আনন্দে বিহরে ॥

১০ আপনা আপন পাত্র সভেই প্রশংসে।
কেহ কা'র পাত্র দেখি' করে' উপহাসে ॥
কেহ হাসে, তা'রে কেহ হাসিয়া হাসায়।
কেহ কা'রো মুখ চাহি' অঙ্গুলি দেখায় ॥

১১ জঠর-পটেতে বেণু, শিঙ্গা-বেত্র কাঁখে।
বাম-হস্তে কোমল কবল ধরি' রাখে ॥
অঙ্গুলির মাঝে-মাঝে রাখয়ে ব্যঞ্জন।
মাঝে নন্দসুত, চারি পাশে শিশুগণ ॥
হাস্য-পরিহাসে প্রভু বালকে হাসায়।
আকাশমণ্ডলে থাকি' সুরগণে চায় ॥
সর্ব্বযজ্ঞভোজী প্রভু করয়ে ভোজন।
বালকেলি করে' যজ্ঞপতি নারায়ণ ॥

১২ এইরূপে ভোজন করয়ে শিশুগণে।
তৃণলোভে বৎসগণ গেল দূর-বনে ॥

১৩ তরাসিলা শিশুগণ বৎস না দেখিয়া।
নিবারিয়া রাখে হরি আশ্বাস করিয়া ॥
'তুমি-সব ভোজন না ছাড় মিত্রগণে।
বাছুর আনিঞা আমি দিব এইক্ষণে ॥

১৪ এতেক বচন বলি' প্রভু-দামোদর।
বাম-হস্তে সেইরূপে লইল কবল ॥
গিরি-গুহা, নিকুঞ্জ, তিমির-ঘোর বনে।
বাছুর চাহিয়া প্রভু বেড়ায় আপনে ॥

১৫। অন্তোজন্মজনিস্তদন্তরগতো মায়ার্ভকস্যেশিতু-
র্দ্রষ্টুং মঞ্জু মহিত্বমন্যদপি তদ্বৎসানিতো বৎসপান্।
নীত্বান্যত্র কুরূদ্বহান্তরদধাৎ খেঽবস্থিতো যঃ পুরা
দৃষ্ট্বাঘাসুরমোক্ষণং প্রভবতঃ প্রাপ্তঃ পরং বিস্ময়ম্॥

১৬। ততো বৎসানদৃষ্ট্বৈত্য পুলিনেঽপি চ বৎসপান্। উভাবপি বনে কৃষ্ণো বিচিকায় সমন্ততঃ॥

১৭। ক্বাপ্যদৃষ্ট্বান্তর্বিপিনে বৎসান্ পালাংশ্চ বিশ্ববিৎ। সর্ব্বং বিধিকৃতং কৃষ্ণঃ সহসাবজগাম হ॥

১৮। ততঃ কৃষ্ণো মুদং কর্ত্তুং তন্মাতৃণাঞ্চ কস্য চ। উভয়ায়িতমাত্মানং চক্রে বিশ্বকৃদীশ্বরঃ॥

১৯। যাবদ্বৎসপবৎসকাল্পকবপুর্য্যাবৎকরাঙ্ঘ্র্যাদিকং, যাবদ্যষ্টিবিষাণবেণুদলশিগ্ যাবদ্বিভূষাম্বরম্।
যাবচ্ছীলগুণাভিধাকৃতিবয়ো যাবদ্বিহারাদিকং, সর্ব্বং বিষ্ণুময়ং গিরোঽঙ্গবদজঃ সর্ব্বস্বরূপো বভৌ॥

২০। স্বয়মাত্মাত্মগোবৎসান্ প্রতিবার্য্যাত্মবৎসপৈঃ। ক্রীড়ন্নাত্মবিহারৈশ্চ সর্ব্বাত্মা প্রাবিশদ্ব্রজম্॥

২১। তত্তদ্বৎসান্ পৃথঙ্নীত্বা তত্তদ্গোষ্ঠে নিবেশ্য সঃ। তত্তদাত্মাভবদ্ব্রাজংস্তত্তৎ সদ্ম প্রবিষ্টবান্॥

---

১৫ এক ব্রহ্মাণ্ডের ব্রহ্মা হেন অবসরে।
আসিয়া মিলিলা শিশুলীলা দেখিবারে॥
'আপনে ঈশ্বর হঞা ধরে' শিশুবেশ।
নানা অদভুত-লীলা করে' হৃষীকেশ॥
তা'র কিছু অপরূপ দেখিব মহিমা।
কোন্‌রূপে করে' কৃষ্ণ কেমন ভঙ্গিমা?'
এ-দিগে বালক হরি', ওদিকে বাছুর।
অন্তরীক্ষে লঞা ব্রহ্মা গেলা নিজপুর॥
যে ব্রহ্মায় অঘাসুর-মোক্ষণ দেখিয়া।
পরম বিস্ময় পাইলা আকাশে থাকিয়া॥

১৬ বাছুর না পাঞা ত্রিভুবন-অধিকারী।
পালটি' পুলিন-বন আইলা বংশীধারী॥
এথা আসি' শিশুগণ না পায় উদ্দেশ।

১৭ বনে-বনে চাহিয়া বেড়ায় হৃষীকেশ॥
হারাইল বাছুর, বালক নাহি বনে।
সর্ব্বজ্ঞ-শেখর হরি জানিলা কারণে॥
'ব্রহ্মায় সৃজিলা মায়া তত্ত্ব জানিবারে।
হেন কর্ম্ম করি', যেন বুঝিতে না পারে॥

১৮ গোপগোপীগণে চাহে বাঢ়িতে পীরিতি।
সন্তোষ লভিতে চাহে ব্রহ্মা সুরপতি॥
হেন কর্ম্ম করি' আমি কোন্ পরকারে?
বৎস, শিশু —দুইরূপ হৈলা একেশ্বরে॥
যে-প্রভু লীলায় করে' জগৎ নির্ম্মাণ।

১৯ বাছুর বালক-রূপ হৈলা ভগবান্॥
যত শিশু, যত বৎস, যা'র যেন বেশ।
যা'র যেন দন্ত, মুখ, নখ, লোম, কেশ॥
যেবা যত বড়, যা'র বরণ-আকার।
যা'র যেন কর-পদ, শীল, ব্যবহার॥
যা'র যেন শিঙ্গা, বেত, বসন, ভূষণ।
যা'র যেন স্বর, ভাষা, শিল্প, সম্ভাষণ॥
যা'র যেন আকৃতি-প্রকৃতি, রতি-মতি।
যা'র যেন গুণ, নাম, বিহরণ, গতি॥
সর্ব্বভূত-অন্তর্য্যামী জগৎ-নিবাস।
সর্ব্বরূপ ধরি' প্রভু করয়ে প্রকাশ॥
'বিষ্ণুময় জগৎ'—আছয়ে বেদবাণী।
সেই যেন সাক্ষাৎ করিলা চক্রপাণি॥

২০ আপনে বাছুর-বেশ ধরে নারায়ণ।
আপনে বালকরূপে করয়ে পালন॥
আপনে আপনা' হরি করয়ে পালনে।
আপনে আপনা' লঞা বিহরে আপনে॥
আপনে আপনা' লৈয়া দিন-অবসানে।
ব্রজপুরে নন্দসূত চলিলা আপনে॥

২১ যা'র যা'র বৎসগণ ভিন্ন ভিন্ন করি'।
নিজ-গোষ্ঠে চলিলা সে শিশুবেশ ধরি'॥

২২। তন্মাতরো বেণুরবত্বরোত্থিতা, উত্থাপ্য দোর্ভিঃ পরিরভ্য নির্ভরম্।
স্নেহস্নুতস্তন্যপয়ঃসুধাসবং, মত্বা পরং ব্রহ্ম সুতানপায়য়ন্॥

২৩। ততো নৃপোন্মর্দ্দনমজ্জলেপনা,-লঙ্কাররক্ষাতিলকাশনাদিভিঃ।
সংলালিতঃ স্বাচরিতৈঃ প্রহর্ষয়ন্, সায়ং গতো যামযমেন মাধবঃ॥

২৪। গাবস্ততো গোষ্ঠমুপেত্য সত্বরং, হুঙ্কারঘোষৈঃ পরিহূতসঙ্গতান্।
স্বকান্ স্বকান্ বৎসতরানপায়য়ন্, মুহুর্লিহন্ত্যঃ স্রবদৌধসং পয়ঃ॥

২৫। গোগোপীনাং মাতৃতাস্মিন্নাসীৎ স্নেহর্দ্ধিকাং বিনা।
পুরোবদাস্বপি হরেস্তোকতা মায়য়া বিনা॥

২৬। ব্রজৌকসাং স্বতোকেষু স্নেহবল্ল্যাব্দমন্বহম্। শনৈর্নিঃসীম ববৃধে যথা কৃষ্ণে ত্বপূর্ব্ববৎ॥

২৭। ইত্থমাত্মাত্মনাত্মানং বৎসপালমিষেণ সঃ। পালয়ন্ বৎসপো বর্ষং চিক্রীড়ে বনগোষ্ঠয়োঃ॥

২৮। একদা চারয়ন্ বৎসান্ সরামো বনমাবিশৎ। পঞ্চষাসু ত্রিষামাসু হায়নাপূরণীষ্বজঃ॥

২৯। ততো বিদূরাচ্চরতো গাবো বৎসানুপব্রজম্। গোবর্দ্ধনাদ্রিশিরসি চরন্ত্যো দদৃশুস্তৃণম্॥

৩০। দৃষ্ট্বাথ তৎস্নেহবশোঽস্মৃতাত্মা, স গোব্রজোঽত্যাত্মপদুর্গমার্গঃ।
দ্বিপাৎ ককুদ্গ্রীব উদাস্যপুচ্ছো,-ঽগাদ্ধূঙ্কৃতৈরাস্রুপয়া জবেন॥

সেই বৎস, সেই লীলা, সেই শিশুবেশ।
সেইরূপে প্রবেশ করিলা হৃষীকেশ॥

২২ বেণুরব শুনি' মাতা উঠিলা সত্বরে।
দুই হস্তে তুলিয়া বালকে কৈলা কোরে॥
বাহুপাশে ভিড়িয়া নির্ভরে দিলা কোল।
পুত্র-পরশনে চিত্ত হৈল উতরোল॥
পুত্রমুখে স্তন দিয়া করাইলা পানে।
সাক্ষাৎ পরম-ব্রহ্ম জানিলা গেয়ানে॥

২৩ মর্দ্দন-মজ্জন করাইলা শিশুগণে।
দিব্য গন্ধ দিয়া অঙ্গ কৈলা বিলেপনে॥
দিব্য অলঙ্কারে অঙ্গ করে' বিভূষণ।
দিব্য অন্ন-পান দিয়া করায় ভোজন॥
এরূপে করয়ে মাতা লালন-পালন।
দিনে-দিনে আনন্দ বাঢ়ায় নারায়ণ॥

২৪ বৎসের শবদ শুনি' হরষিত-মনে।
হাম্বা-রব করিয়া ডাকিল ধেনুগণে॥
আপনে আপন-বৎস আনিল ডাকিয়া।
লেহন-পোছন কৈল ক্ষীর পিয়াইয়া॥

২৫ মাতৃভাব পূর্ব্ববৎ কৈলা গোপীগণে।
প্রেমানন্দ বাঢ়িল পূরব-প্রেম-হনে॥

২৬ পূর্ব্ববৎ কৈলা কৃষ্ণ পুত্রতা-বেভার।
পূর্ব্ব হৈতে মায়ার অধিক পরচার॥

২৭ আপনে পালক-পাল্য হৈয়া বনমালী।
এহিরূপে ক্রীড়া করে' বৎসরেক ধরি'॥

২৮ একদিন বলরামে করিয়া সংহতি।
বৎস-শিশুগণ লঞা গেলা যদুপতি॥
পাঁচ-সাত দিন আছে বৎসর পূরিতে।
বেড়ায় নিকট-বনে বাছুর রাখিতে॥

২৯ বনে-বনে বাছুর চরায় ভগবান্।
ধীরে-ধীরে গেলা গোবর্দ্ধন-সন্নিধান॥

৩০ পর্ব্বত-শিখরে তথা ধেনুগণ চরে।
বাছুর দেখিল তা'রা পর্ব্বত-কিনারে॥
বৎস-প্রেমে আপনা' পাসরে ধেনুগণ।
ঊর্দ্ধ-গ্রীব, ঊর্দ্ধ-পুচ্ছ, ঊর্দ্ধ-বিলোচন॥
হুঙ্কার-শবদ করি' আকণ্ঠ পূরিয়া।
দুর্গ-পথ চলি' যায় দু'পদ তুলিয়া॥

৩১। সমেত্য গাবোঽধো বৎসান্ বৎসবত্যোঽপ্যপায়য়ন্।
গিলন্ত্য ইব চাঙ্গানি লিহন্ত্যঃ স্নৌধসং পয়ঃ॥

৩২। গোপাস্তদ্রোধনায়াসমৌঘ্যলজ্জোরুমন্যুনা।
দুর্গাধ্বকৃচ্ছ্রতোঽভ্যেত্য গোবৎসৈর্দদৃশুঃ সুতান্॥

৩৩। তদীক্ষণোৎপ্রেমরসাপ্লুতাশয়া, জাতানুরাগা গতমন্যবোঽর্ভকান্।
উদুহ্য দোর্ভিঃ পরিরভ্য মূর্দ্ধনি, ঘ্রাণৈরবাপুঃ পরমাং মুদং তে॥

৩৪। ততঃ প্রবয়সো গোপাস্তোকাশ্লেষসুনির্বৃতাঃ। কৃচ্ছ্রাচ্ছনৈরপগতাস্তদনুস্মৃত্যুদশ্রবঃ॥

৩৫। ব্রজস্য রামঃ প্রেমর্দ্ধের্বীক্ষ্যোৎকণ্ঠ্যমনুক্ষণম্। মুক্তস্তনেষ্বপত্যেষ্বপ্যহেতুবিদচিন্তয়ৎ॥

৩৬। কিমেতদদ্ভুতমিব বাসুদেবেঽখিলাত্মনি। ব্রজস্য সাত্মনস্তোকেষ্বপূর্ব্বং প্রেম বর্দ্ধতে?

৩৭। কেয়ং বা কুত আয়াতা দৈবী বা নার্য্যুতাসুরী!
প্রায়ো মায়াস্তু মে ভর্তুর্নান্যা মেঽপি বিমোহিনী॥

৩৮। ইতি সঞ্চিন্ত্য দাশার্হো বৎসান্ সবয়সানপি। সর্ব্বানাচষ্ট বৈকুণ্ঠং চক্ষুষা বয়ুনেন সঃ॥

---

৩১ নিজ-নিজ-বৎস লঞা যত শিশুগণে।
ক্ষীর পান করাইল আনন্দিত-মনে॥
লেহন-পোছন কৈল লালন-পালন।
সুখময়-সাগরে মজিল ধেনুগণ॥

৩২ বৃদ্ধ গোপগণে নানা যতন করিয়া।
ধেনু রাখিবারে না পারিলা নিবারিয়া॥
ক্রোধ করি' কৈলা গোপ তর্জ্জন-গর্জ্জন।
নানা-দুঃখে কৈলা দুর্গ-পথ বিলঙ্ঘন॥
'আজি এত পরমাদ করে' শিশুগণে।
বৎস লঞা এথা তা'রা আইলা কি কারণে?
আজিকার গো-রস সকল কৈলা নাশ।
নিরোধ না মানে ধেনু, এহ বড় লাজ॥
গোকুলের কলঙ্ক রাখিলা শিশুগণে।
আজি তা'র শাস্তি যে করিব ভাল-মনে॥'
এইরূপে গোপগণে তর্জ্জিয়া-গর্জ্জিয়া।
নানা-দুঃখ পাঞা আইলা পর্ব্বত লঙ্ঘিয়া॥

৩৩ যেই-মাত্র হৈল শিশুর মুখ-দরশন।
সেই ক্ষণে হৈল সব ক্রোধ-নিবারণ॥
বুকের উপরে তুলি' দিলা আলিঙ্গন।
প্রেম-রসে বাহ্য পাসরিলা গোপগণ॥

৩৪ কেবল পরমানন্দ রসময় সঙ্গ।
নয়নে আনন্দজল, পুলকিত অঙ্গ॥
প্রেমরসে জড়বৎ, নাহি অবধান।
পাসরিলা গোপগণ নিজ-পর-জ্ঞান॥

৩৫ বলরাম দেখি' প্রেম-সম্পদ-উদয়।
মনে মনে চিন্তিতে লাগিলা মহাশয়॥
'স্তন্যপ ছাওয়ালে প্রেম বাঢ়িতে জুয়ায়।
এ-সব বালক-বৎস স্তন নাহি খায়॥

৩৬ এত বড় তবে কেন দেখি অনুরাগ?
বুঝিতে না পারি নারায়ণ-অনুভাব॥
ব্রজকুলে উথলিল প্রেমের সাগর।
আমার হৃদয়ে প্রেম বাঢ়ে নিরন্তর॥

৩৭ কোথা হৈতে আইল মায়া, কাহার ঘটনা?
কিবা দেবমায়া, কিবা অসুররচনা?
প্রায় হেন বুঝি—মায়া রচিলা ঈশ্বরে।
অন্যের মায়ায় কেন মোহিবে আমারে?'

৩৮ এতেক বচন বলি' প্রভু-বলরাম।
ধ্যান-অবলম্বে মন কৈলা প্রণিধান॥
সকল বৈকুণ্ঠময় জ্ঞানচক্ষে দেখি'।
বলরাম আপনে মুদিলা দুই আঁখি॥

৩৯। নৈতে সুরেশা ঋষয়ো ন চৈতে, ত্বমেব ভাসীশ ভিদাশ্রয়েঽপি।
সর্ব্বং পৃথক্ ত্বং নিগমাৎ কথং বদে,-ত্যুক্তেন বৃত্তং প্রভুণা বলোঽবৈৎ॥
৪০। তাবদেত্যাত্মভুরাত্মমানেন ক্রট্যনেহসা। পুরোবদব্দং ক্রীড়ন্তং দদৃশে সকলং হরিম্॥
৪১। সাবন্তো গোকুলে বালাঃ সবৎসাঃ সর্ব্ব এব হি।
মায়াশয়ে শয়ানা মে নাদ্যাপি পুনরুত্থিতাঃ॥
৪২। ইত এতেঽত্র কুত্রত্যা মন্মায়ামোহিতেতরে। তাবন্ত এব তত্রাব্দং ক্রীড়ন্তো বিষ্ণুনা সমম্?
৪৩। এবমেতেষু ভেদেষু চিরং ধ্যাত্বা স আত্মভূঃ। সত্যাঃ কে কতরে নেতি জ্ঞাতুং নেষ্টে কথঞ্চন॥
৪৪। এবং সম্মোহয়ন্ বিষ্ণুং বিমোহং বিশ্বমোহনম্। স্বয়ৈব মায়য়াজোঽপি স্বয়মেব বিমোহিতঃ॥
৪৫। তম্যাং তমোবন্নৈহারং খদ্যোতার্চ্চিরিবাহনি। মহতীতরমায়ৈশ্যং নিহন্ত্যাত্মনি যুঞ্জতঃ॥
৪৬। তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ। ব্যদৃশ্যন্ত ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসসঃ॥
৪৭। চতুর্ভুজাঃ শঙ্খচক্রগদারাজীবপাণয়ঃ। কিরীটিনঃ কুণ্ডলিনো হারিণো বনমালিনঃ॥
৪৮। শ্রীবৎসাঙ্গদদোরত্ন-কম্বুকঙ্কণপাণয়ঃ। নূপুরৈঃ কটকৈর্ভাতাঃ কটিসূত্রাঙ্গুলীয়কৈঃ॥
৪৯। আঙ্ঘ্রি মস্তকমাপূর্ণাস্তুলসীনবদামভিঃ। কোমলৈঃ সর্ব্বগাত্রেষু ভূরিপুণ্যবদর্পিতৈঃ॥

---

৩৯ 'শিশুগণ দেব-অংশে হৈলা উপাদান।
ঋষি-অংশে যতেক বাছুর বিদ্যমান॥
এ-সব কেহ ত' দেব-ঋষি-অংশে নয়।
সর্ব্বরূপ ধরি' লীলা করে' কৃপাময়॥'
এ বোল জানিঞা কৃষ্ণ কহিলা ইঙ্গিতে।
বলভদ্র সকল বুঝিলা ভাল-মতে॥
৪০ এইরূপে যে-দিনে বৎসর পূর্ণ হৈল।
সে-দিনে আসিয়া ব্রহ্মা সকল দেখিল॥
৪১ 'যত বৎস, যত শিশু পূর্ব্বেতে আছিলা।
সকল আসিয়া ব্রহ্মা গোকুলে দেখিলা॥
যত বৎস-শিশুগণ শয্যার উপরে।
শয়ন করিয়া আছে, উঠিতে না পারে॥
৪২ ততেক বালক-বৎস লঞা বনমালী।
ক্রীড়া করে' নিজে শিশু-বৎসরূপ ধরি'॥'
৪৩ এতেক চিন্তিয়া ব্রহ্মা কৈলা প্রণিধান।
চিরকাল রহে চিত্ত করি' সমাধান॥
'কিবা সেই সত্য, কিবা এই সত্য হয়?
কিবা সেই মিথ্যা, কিবা এই মায়াময়?'
৪৪ চৌদ্দভুবনপতি ব্রহ্মা হেন হঞা।
তবু কিছু না বুঝিলা যাঁ'র যোগমায়া॥
নিত্য, শুদ্ধ, জ্ঞানময়, বিশ্ব-বিমোহন।
সে প্রভু মোহিতে ব্রহ্মা কৈলা আগমন॥
আপন মায়ায় ব্রহ্মা আপনে মোহিল।
৪৫ নীহার-তিমির যেন তিমিরে মজিল॥
মহান্তে অন্যের মায়া কি করিতে পারে?
দিবসের মাঝে যেন জুনিপোকা জ্বলে॥
৪৬ তবে ব্রহ্মা সকল বালক-বৎস দেখে।
সাক্ষাৎ পরমব্রহ্ম দেখে একে একে॥
নবঘন-শ্যামতনু, পীতবস্ত্র ধরে।
৪৭ চতুর্ভুজ, শঙ্খ-চক্র-গদা-পদ্ম করে॥
মকর, কুণ্ডল, হার, বনমালা দোলে।
৪৮ শ্রীবৎস, অঙ্গদ, রত্ন-মণিমালা গলে॥
কনক-কঙ্কণ চারি ভুজে বিরাজিত।
শিঞ্জিত মঞ্জীর চারু চরণে রঞ্জিত॥
কটিতটে কটিসূত্র, কনকমেখলা।
নবজলধরে যেন চমকে চপলা॥
রতন-অঙ্গুরী কর-পল্লব-বিলাস।
অরুণিত নখ নবচন্দ্র-পরকাশ॥
৪৯ আপাদমস্তকে দোলে তুলসীর মালা।
পদনখ-বিরাজিত-নবচন্দ্রকলা॥

৫০। চন্দ্রিকাবিশদস্মেরৈঃ সারুণাপাঙ্গবীক্ষিতৈঃ। স্বকার্থানামিব রজঃসত্ত্বাভ্যাং স্রষ্টৃপালকাঃ॥
৫১। আত্মাদিস্তম্বপর্য্যন্তৈর্মূর্ত্তিমদ্ভিশ্চরাচরৈঃ। নৃত্যগীতাদ্যনেকার্হৈঃ পৃথক্ পৃথগুপাসিতাঃ॥
৫২। অণিমাদ্যৈর্মহিমভিরজাদ্যাভির্বিভূতিভিঃ। চতুর্বিংশতিভিস্তত্ত্বৈঃ পরীতা মহদাদিভিঃ॥
৫৩। কালস্বভাবসংস্কার-কামকর্ম্মগুণাদিভিঃ। স্বমহিধ্বস্তমহিভির্মূর্ত্তিমদ্ভিরুপাসিতাঃ॥
৫৪। সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয়ঃ। অস্পৃষ্টভূরিমাহাত্ম্যা অপি হ্যুপনিষদৃশাম্॥
৫৫। এবং সকৃদ্দর্শাজঃ পরব্রহ্মাত্মনোঽখিলান্। যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি সচরাচরম্॥
৫৬। ততোঽতিকুতুকোদ্বৃত্তস্তিমিতৈকাদশেন্দ্রিয়ঃ। তদ্ধাম্নাভূদজস্তূষ্ণীং পূর্দৈব্যন্তীব পুত্রিকা॥
৫৭। ইতীরেশেঽতর্ক্যে নিজমহিমনি স্বপ্রমিতিকে, পরত্রাজাতোঽতন্নিরসনমুখব্রহ্মকমিতৌ।
অনীশেঽপি দ্রষ্টুং কিমিদমিতি বা মুহ্যতি সতি, চছাদাজো জ্ঞাত্বা সপদি পরমোঽজাজবনিকাম্॥
৫৮। ততোঽর্ব্বাক্ প্রতিলব্ধাক্ষঃ কঃ পরেতবদুত্থিতঃ। কৃচ্ছ্রাদুন্মীল্য বৈ দৃষ্টীরাচষ্টেদং সহাত্মনা॥
৫৯। সপদ্যেবাভিতঃ পশ্যন্ দিশোঽপশ্যৎ পুরঃস্থিতম্। বৃন্দাবনং জনাজীব্যদ্রুমাকীর্ণং সমাপ্রিয়ম্॥
৬০। যত্র নৈসর্গদুর্ব্বৈরাঃ সহাসন্ নৃমৃগাদয়ঃ। মিত্রাণীবাজিতাবাসদ্রুতরুট্তর্ষকাদিকম্॥
৬১। তত্রোদ্বহৎ পশুপবংশশিশুত্বনাট্যং, ব্রহ্মাদ্বয়ং পরমনন্তমগাধবোধম্।
বৎসান্ সখীনিব পুরা পরিতো বিচিন্বদেকং সপাণিকবলং পরমেষ্ঠ্যচষ্ট॥

---

৫০ বিশদ-চন্দ্রিকা-চারু মন্দমধু-হাস।
সত্ত্বগুণে যেন বিশ্বপালক-বিলাস॥
অরুণিত অপাঙ্গভঙ্গিমা-নিরীক্ষণ।
রজোগুণ ধরে' যেন সৃষ্টিকর্ত্তাগণ॥

৫১ আত্মা-আদি করি' তৃণস্তম্ব-পর্য্যন্ত।
চরাচর সর্ব্বজীব হঞা মূর্ত্তিমন্ত॥
নৃত্যগীত বহুবিধ, অনেক সম্ভার।
নানাভাবে স্তুতি-ভক্তি করে' নমস্কার॥

৫২ অণিমাদি অষ্টৈশ্বর্য্য, অষ্টমহানিধি।
মায়া-আদি করিয়া বিভূতি সর্ব্বসিদ্ধি॥
সাক্ষাৎ চব্বিশ তত্ত্ব নিজরূপ ধরি'।

৫৩ কাল-কর্ম্ম সকল স্বভাব-আদি করি'॥
অনন্ত-মূরতি ধরি' করে' উপাসনা।
অনন্ত-মূরতি হরি, অনন্ত-ভাবনা॥

৫৪ সত্য-জ্ঞান, অনন্ত-আনন্দমাত্র-রূপ।
একরস, একমূর্ত্তি, অনন্তস্বরূপ॥
যোগেন্দ্র-মুনীন্দ্র যাঁ'র না পায় মহিমা।
তত্ত্বজ্ঞানী জ্ঞানে যাঁ'র নাহি দেখে সীমা॥

৫৫ হেন পরিপূর্ণ-ব্রহ্ম, অনন্ত-মূরতি।
বৎস-শিশু-সকল দেখিলা প্রজাপতি॥

৫৬ কৌতুক দেখিয়া ব্রহ্মা আনন্দে মজিল।
সকল ইন্দ্রিয়গণ শিথিল হইল॥
নিশবদ হঞা রহে ধাম-দরশনে।
চিত্রের পুত্তলী যেন মুদিত-নয়নে॥

৫৭ অতর্ক্যমহিমা যাঁ'র, প্রকৃতির পর।
নিরসন, বেদমুখে প্রমাণ-গোচর॥
সুখময়-প্রকাশ, আনন্দ-রসময়।
দেখিয়া মোহিত ব্রহ্মা হৈলা অতিশয়॥
'এ কি! এ কি!' বলি' ব্রহ্মা হৈলা অচেতন।
তবে কৃপা কৈলা প্রভু জগৎ-জীবন॥
মায়া-আচ্ছাদন-পট্টে ব্রহ্মা আচ্ছাদিলা

৫৮ কেবল মরিয়া যেন বিরিঞ্চি উঠিলা॥
নয়ন মেলিলা ব্রহ্মা অনেক যতনে।

৫৯ ফিরিয়া চৌদিগে চাহে ঘূর্ণিত-লোচনে॥

৬০ সম্মুখে দেখিলা ব্রহ্মা সেই বৃন্দাবন।
গোপশিশু-নাট্য তা'থে করে' নারায়ণ॥

৬১ অনন্ত-পরমধাম, অগাধ-গেয়ান।
গোপাল-বালক-নাট্য করে' ভগবান্॥

৬২। **দৃষ্ট্বা ত্বরেণ নিজধোরণতোঽবতীর্য্য, পৃথ্ব্যাং বপুঃ কনকদণ্ডমিবাভিপাত্য।**
স্পৃষ্ট্বা চতুর্মুকুটকোটিভিরঙ্ঘ্রিযুগ্মং, নত্বা মুদশ্রুসুজলৈরকৃতাভিষেকম্॥

৬৩। **উত্থায়োত্থায় কৃষ্ণস্য চিরস্য পাদয়োঃ পতন্। আস্তে মহিত্বং প্রাগ্‌দৃষ্টং স্মৃত্বা স্মৃত্বা পুনঃপুনঃ॥**

৬৪। **শনৈরথোত্থায় বিমৃজ্য লোচনে, মুকুন্দমুদ্বীক্ষ্য বিনম্রকন্ধরঃ।**
কৃতাঞ্জলিঃ প্রশ্রয়বান্ সমাহিতঃ, সবেপথুর্গদ্গদয়ৈলতেলয়া॥

ইতি শ্রীমদ্ভাগবতে……দশমস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ॥ ১৩॥

বাছুর-বালক চাহে পূরব-সমানে।
বামকরে কবল, বেড়ায় বনে-বনে॥
সেইরূপ, সেই বেশ, সেই লীলা ধরে।
সেই কৃষ্ণ বনে-বনে বুলে একেশ্বরে॥

৬২ অদভুত নাট্য দেখি' ব্রহ্মা সুরেশ্বর।
লম্ফ দিয়া রথ হৈতে নামিলা সত্বর॥
দণ্ডবৎ হঞা ব্রহ্মা পড়ে ক্ষিতিতলে।
পদযুগ পরশিল মুকুট-শিখরে॥
চরণ পরশি' ব্রহ্মা মুকুট-শিখরে।
অভিষেক কৈলা অষ্ট-নয়নের জলে॥

৬৩ উঠিয়া উঠিয়া পুন পড়য়ে চরণে।
মহিমা সঙরি' পুন উঠে ক্ষণে-ক্ষণে॥

৬৪ উঠিয়া উঠিয়া মোছে নয়নের জল।
দেখিতে দেখিতে হয় আনন্দে বিহ্বল॥
প্রণত-কন্ধর, শিরে যুড়ি' দুই কর।
সভয়-নয়নে চমকিত কলেবর॥
সভয়-কম্পন, গদগদ-স্তুতিবাণী।
স্তুতি করে' প্রজাপতি মনে অনুমানি'॥"
শ্রীগদাধর ধীর-শিরোমণি জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি দশমস্কন্ধে শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রয়োদশোঽধ্যায়ঃ॥ ১৩॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

শ্রীব্রহ্মোবাচ

১। **নৌমীড্য তেঽভ্রবপুষে তড়িদম্বরায়, গুঞ্জাবতংসপরিপিচ্ছলসন্মুখায়।**
বন্যস্রজে কবলবেত্রবিষাণবেণু,-লক্ষ্মশ্রিয়ে মৃদুপদে পশুপাঙ্গজায়॥

[ভাটিয়ারী-রাগ]

অপরাধভয়ে ব্রহ্মা সকম্প-শরীর।
কৃষ্ণগুণ বর্ণিতে না হয় মতি স্থির॥
সাক্ষাতে যেরূপ ব্রহ্মা দেখে বিদ্যমানে।
সেইরূপ স্তুতি করে' বুদ্ধি-অনুমানে॥

১ "স্তুতিযোগ্য তুমি প্রভু, নবঘন-শ্যাম।
বিজুরী-উজ্জ্বল-পীতবস্ত্র-পরিধান॥
নব-গুঞ্জা-অবতংস শ্রবণভূষণ।
শিখণ্ড-মণ্ডিত কেশ, প্রসন্ন বদন॥
আজানুলম্বিত বনমালা বিলোলিত।
বেণু, বেত্র, বিষাণ, কবল বিরাজিত॥
অমলকমল জিনি' চরণ সুন্দর।
নমো নমো নন্দগোপসুত মনোহর॥

২। অস্যাপি দেব ! বপুষো মদনুগ্রহস্য, স্বেচ্ছাময়স্য ন তু ভূতময়স্য কোঽপি।
নেশে মহি ত্ববসিতুং মনসান্তরেণ, সাক্ষাত্তবৈব কিমুতাত্মসুখানুভূতেঃ ?

৩। জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব, জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাম্।
স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্‌মনোভি,- র্যে প্রায়শোঽজিত ! জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্ ॥

৪। শ্রেয়ঃস্তিং ভক্তিমুদস্য তে বিভো, ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে, নান্যদ্‌যথা স্থূলতুষাবঘাতিনাম্ ॥

৫। পুরেহ ভূমন্ ! বহবোঽপি যোগিন,-স্ত্বদর্পিতেহা নিজকর্ম্মলব্ধয়া।
বিবুধ্য ভক্ত্যৈব কথোপনীতয়া, প্রপেদিরেঽঞ্জোঽচ্যুত ! তে গতিং পরাম্ ॥

৬। তথাপি ভূমন্ ! মহিমাগুণস্য তে, বিবোদ্ধুমর্হত্যমলান্তরাত্মভিঃ।
অবিক্রিয়াৎ স্বানুভবাদরূপতো, হ্যনন্যবোধ্যাত্মতয়া ন চান্যথা ॥

---

২ এই দিব্যরূপ, দেব ! আনন্দ-বিলাস।
মোরে অনুগ্রহ যা'থে কৈলে পরকাশ ॥
যে-যে রূপ ভক্ত দেখিবারে ইচ্ছা করে'।
সেই রূপ ধর' তুমি নানা-অবতারে ॥
পঞ্চভূত-বিবর্জ্জিত, শুদ্ধসত্ত্বময়।
তথাপি ইহার তত্ত্ব কেহ না বুঝয় ॥
মুঞি ব্রহ্মা হঞা চিত্ত করি' নিরোধন।
মহিমা জানিতে কিছু নহিলুঁ ভাজন ॥
কে পুন সাক্ষাৎ সুখ-অনুভব-রূপ।
জানিব তোমার প্রভু, পরম-স্বরূপ ?
তোমা না জানিলে নহে জীব-পরিত্রাণ।
সভে তা'থে আছে এক উপায় মহান্ ॥
৩ জ্ঞানযোগে সুযত্ন তেজিয়া দূরতরে।
কেবল তোমার কথা শ্রুতিযুগে ধরে ॥
সাধুমুখ-মুখরিত সাধু-সন্নিধানে।
তনু-মন-বচনে তোমার কথা শুনে ॥
সবে জীয়ে হরিকথা করিয়া জীবন।
যথা-তথা থাকি'-মাত্র করুক শ্রবণ ॥
সেই জন-মাত্র, প্রভু ! সবে তোমা' পায়।
তিন লোকে আর কেহ অন্ত না জানয় ॥
৪ তোমার ভকতি সর্ব্বকল্যাণ-দায়িনী।
তাহা পরিহরে যেবা তত্ত্ব নাহি জানি' ॥
তত্ত্বজ্ঞান-হেতু করে' নানা তপ-ক্লেশ।
সবে তা'র ক্লেশমাত্র হয় অবশেষ ॥
ক্ষুদ্র ধান্য তেজি' যেন তণ্ডুলের আশে।
কেহ যেন বড় বড় তুষ লঞা ঘষে ॥
তবে তা'র পরিশ্রম, কিছু নহে আর।
ভক্তি-বিনে জ্ঞানযোগে ক্লেশমাত্র সার ॥
৫ পূরবে সাধিল জ্ঞানযোগ যোগিগণে।
জ্ঞান-যোগে সিদ্ধি নৈল যোগপথ হনে ॥
তবে তা'রা বিচারিয়া মনে কৈল সার।
ভক্তিযোগ-বিনে কভু নহিব নিস্তার ॥
তুয়া-পদে সর্ব্বকর্ম্ম কৈল সমর্পণ।
তোমার চরিত্র-কথা শুনে অনুক্ষণ ॥
তবে তা'রা ভক্তিযোগ লভিল তোমার।
উতপন্ন তত্ত্বজ্ঞান, ছুটিল সংসার ॥
তবে তা'রা লভিল পরম-পদ সুখে।
এই-সে কারণে ভক্তি করে' বুধলোকে ॥
৬ সগুণ-নির্গুণ তুমি নিরাকার ব্রহ্ম।
কে নাথ, বুঝিব তোমার মহিমার মর্ম্ম ?
কদাচিৎ জানি কিছু নির্গুণ-মহিমা।
সগুণের গুণ কেবা করিব বর্ণনা ?
তথাপি নির্গুণতত্ত্ব করে' নিরূপণে।
ভকতি নির্ম্মল-চিত্ত করে' বুধগণে ॥

৭। গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং, হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য ?
কালেন যৈর্বা বিমিতাঃ সুকল্পৈ,-র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ ॥
৮। তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো, ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে, জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্ ॥
৯। পশ্যেশ মেঽনার্য্যমনন্ত আদ্যে, পরাত্মনি ত্বয্যপি মায়িমায়িনি।
মায়াং বিতত্যেক্ষিতুমাত্মবৈভবং, হ্যহং কিয়ানৈচ্ছমিবার্চ্চিরগ্নৌ !!
১০। অতঃ ক্ষমস্বাচ্যুত ! মে রজোভুবো, হ্যজানতস্ত্বৎপৃথগীশমানিনঃ।
অজাবলেপান্ধতমোঽন্ধচক্ষুষ, এষোঽনুকম্প্যো ময়ি নাথবানিতি ॥
১১। ক্বাহং তমোমহদহংখচরাগ্নিবার্ভূ,-সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তিকায়ঃ ?
ক্বেদৃগ্বিধাবিগণিতাণ্ডপরাণুচর্য্যা,-বাতাধ্বরোমবিবরস্য চ তে মহিত্বম্ ?

আরোপিত নিজ-অনুভব-অধিকার।
সবে এইরূপে কিছু পারে জানিবার ॥

৭ স্বরূপে করিব, নাথ, তত্ত্ব-নিরূপণ।
হেন কি জগতে, নাথ, আছে বুধজন ?
সগুণের গুণ যেবা করিব গণনা।
ব্রহ্মাণ্ড-ভিতরে, নাথ, নাহি হেন জনা ॥
সপ্তদ্বীপ পৃথ্বীখান ধূলা করি' গণে।
হিমকণা গণিতে না পারে কোন জনে ॥
আকাশের তারা যেবা পারে গণিবার।
গণিতে তোমার গুণ, শক্তি নাহি তা'র ॥

৮ কেবল তোমার অনুকম্পা-মাত্র চাহে।
তনু-মন-বচনে চিন্তিতে মাত্র রহে ॥
শুভাশুভ কর্ম্মফল ভুঞ্জে আপনার।
প্রণাম করিতে রহে চরণে তোমার ॥
মুক্তিপদে তা'র দায় রহিল নিশ্চয়।
যখনে করয়ে ইচ্ছা, সেইক্ষণে লয় ॥"

[ভাটিয়ারী-রাগ—দীর্ঘচ্ছন্দ]

৯-১০ সঘন-কম্পিত অঙ্গ, গদ-গদ স্বরভঙ্গ,
সভয়-নয়নে কর যুড়ি' রে।
করি' নানা কাকুবাদ, ব্রহ্মা নিজ-অপরাধ,
ক্ষেমায় চরণযুগে পড়ি' রে ॥ ধ্রু
"দেখ দেখ, প্রভু ! মোর, অপরাধ এত বড়,
তোমার উপরে মায়া ধরি !
আমি হেন মন্দবুদ্ধি, আপনে বৈভবসিদ্ধি,
দেখিবারে মনে আশা করি ॥
আগুনের শিখা যেন, আগুনেতে হয় লীন,
মুঞি, নাথ, কি শক্তি যুয়াঙ ?
পরম পরম-পর, তুমি সর্ব্বমায়াধর,
তা'থে মায়া করিবারে চাঙ ॥
রজোগুণে মোর জন্ম, না জানোঁ তোমার মর্ম্ম,
মুঞি ব্রহ্মা—দেব-মহেশ্বর।
অজ হেন অভিমানে, না দেখিলুঁ নঞানে,
ক্ষম' ক্ষম', এ দোষ আমার ॥

১১ সপ্ত আবরণ-যুক্ত, একটী ব্রহ্মাণ্ড-ঘট,
সপ্ত বিতস্তি কলেবর।
তাহার ভিতরে স্থিতি, আমি এক প্রজাপতি,
আমার মহিমা এত বড় !
এইরূপে কত কত, অনন্ত ব্রহ্মাণ্ড-ঘট,
গতায়াত করে' লোমকূপে।
কত হয়, কত যায়, কেবা তাঁ'র অন্ত পায়,
কোটি-কোটি পরমাণু-রূপে ॥
এরূপ মহিমা যাঁ'র, আমি চাহি জানিবার,
কত বড় দুঁহার অন্তর !
মুঞি মন্দ মতিচ্ছন্ন, না জানি তোমার মর্ম্ম,
ক্ষম' ক্ষম', অশেষ-ঈশ্বর ॥

১২। উৎক্ষেপণং গর্ভগতস্য পাদয়োঃ, কিং কল্পতে মাতুরধোক্ষজাগসে ?
কিমস্তিনাস্তি-ব্যপদেশভূষিতং, তবাস্তি কুক্ষেঃ কিয়দপ্যনন্তঃ ?
১৩। জগত্ত্রয়ান্তোদধিসংপ্লবোদে, নারায়ণস্যোদরনাভিনালাৎ।
বিনির্গতোঽজস্তিতি বাঙ্ ন বৈ মৃষা, কিন্ত্বীশ্বর ! ত্বন্ন বিনির্গতোঽস্মি ?
১৪। নারায়ণস্ত্বং নহি সর্ব্বদেহিনা,-মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী।
নারায়ণোঽঙ্গং নরভূজলায়নাৎ, তচ্চাপি সত্যং ন তবৈব মায়া॥
১৫। তচ্চেজ্জলস্থং তব সজ্জগদ্বপুঃ, কিং মে ন দৃষ্টং ভগবংস্তদৈব ?
কিংবা সুদৃষ্টং হৃদি মে তদৈব, কিং নো সপত্যেব পুনর্ব্যদর্শি ?
১৬। অত্রৈব মায়াধমনাবতারে, হ্যস্য প্রপঞ্চস্য বহিঃস্ফুটস্য।
কৃৎস্নস্য চান্তর্জঠরে জনন্যা, মায়াত্বমেব প্রকটীকৃতং তে॥
১৭। যস্য কুক্ষাবিদং সর্ব্বং সাত্মং ভাতি যথা তথা। তৎ ত্বয্যপীহ তৎ সর্ব্বং কিমিদং মায়য়া বিনা ?

---

১২ জননীর গর্ভস্থলে, ছাওয়ালে চরণ তুলে,
মায়ে কি তাহার দোষ লয় ?
তৃণ-স্তম্ব-আদি করি', 'অস্তি নাস্তি' যত বলি,
গর্ভের বাহির কিছু নয়॥

১৩ এই ত' ভরসা ধরি', তোমার তনয় করি',
ব্রহ্মা 'পুত্র' প্রসিদ্ধ তোমার।
প্রলয়সাগর-জলে, নাভিকমলের নালে,
অজ হঞা জনম আমার॥

নারায়ণ-পুত্র জানি', হেন আছে বেদবাণী,
এ ত' মিথ্যা নহে কোনকালে।
'নারায়ণ—সুরপতি, আমি—শিশু গোপজাতি',
যদি বল, কহিব তোমারে॥

১৪ তুমি নারায়ণ-নাম, অন্তর্য্যামী ভগবান্,
তুমি সব জীবের আশ্রয়।
তুমি প্রভু প্রবর্ত্তক, সর্ব্বজীব-নিয়োজক,
লোকসাক্ষী, তুমি সর্ব্বময়॥"

এইরূপ নিবেদন, করিয়া চতুরানন,
সুপ্রসন্ন কৈলা চক্রপাণি।
'ব্রহ্মাস্তুতি' পরবন্ধ, প্রেমরস-সুখানন্দ,
ভাগবত-আচার্য্যের বাণী॥

[ধানসী-রাগ]

১৫ "সেহ নারায়ণ এক মূরতি তোমার।
প্রলয়সাগর-জলে কৈলে অবতার॥
সেই সত্য হয় নহে, না জানিল তত্ত্ব।
তোমার মায়ায় মোর ভ্রম হৈল চিত্ত॥
পুনঃ পুনঃ দেখি, পুনঃ নহে পরকাশ।
অনুমানে বুঝি—সব মায়ার বিলাস॥
জগৎ-আশ্রয়—নারায়ণ-কলেবর।
যদি সত্য স্থিতি তা'র জলের উপরে॥
শতেক বৎসর মুঞি কমলের নালে।
প্রবেশ করিয়া ছিলুঁ উদর-ভিতরে॥
শতেক বৎসর যদি ভ্রমিলুঁ উদরে।
অন্ত না দেখিয়া তা'র আইলুঁ বাহিরে॥
সেই নারায়ণরূপ না দেখিয়া আর।
এতেক জানিলুঁ, নাথ ! মায়ায় তোমার॥

১৬ তোমার রূপের প্রভু নাহি পরিচ্ছেদ।
মায়ায় দেখাও তুমি নানা-মূর্ত্তিভেদ॥
এই অবতারে তুমি জননীর তরে।
বিশ্ব দেখাইলে তুমি উদর-ভিতরে॥

১৭ যেরূপে বাহির কর' জগৎ-বিলাস।
উদর-ভিতরে সেই রূপ-পরকাশ॥

১৮। অত্তৈব ত্বদৃতেঽস্য কিং মম ন তে মায়াত্বমাদর্শিত-
মেকোঽসি প্রথমং ততো ব্রজসুহৃদ্বৎসাঃ সমস্তা অপি।
তাবন্তোঽসি চতুর্ভুজাস্তদখিলৈঃ সাকং ময়োপাসিতা-
স্তাবন্ত্যেব জগন্ত্যভুস্তদমিতং ব্রহ্মাদ্বয়ং শিষ্যতে॥

১৯। অজানতাং ত্বৎপদবীমনাত্ম,-ন্যাত্মাত্মনা ভাসি বিতত্য মায়াম্।
সৃষ্টাবিবাহং জগতো বিধান, ইব ত্বমেষোঽন্ত ইব ত্রিনেত্রঃ॥

২০। সুরেষ্বৃষিষ্বীশ তথৈব নৃষ্বপি, তির্য্যক্ষু যাদঃস্বপি তেঽজনস্য।
জন্মাসতাং দুর্ম্মদনিগ্রহায়, প্রভো! বিধাতঃ সদনুগ্রহায় চ॥

২১। কো বেত্তি ভূমন্! ভগবন্ পরাত্মন্! যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্?
ক্ব বা কথং বা কতি বা কদেতি, বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্?

২২। তস্মাদিদং জগদশেষমসৎস্বরূপং, স্বপ্নাভমস্তধিষণং পুরুদুঃখদুঃখম্।
ত্বয্যেব নিত্যসুখবোধতনাবনন্তে, মায়াত উদ্যদপি যৎ সদিবাবভাতি॥

২৩। একস্ত্বমাত্মা পুরুষঃ পুরাণঃ, সত্যঃ স্বয়ংজ্যোতিরনন্ত আদ্যঃ।
নিত্যোঽক্ষরোঽজস্রসুখো নিরঞ্জনঃ, পূর্ণাদ্বয়ো মুক্ত উপাধিতোঽমৃতঃ॥

এই মায়া বিনে, নাথ, কভু নহে আন।
এখনে দেখাইলে মোরে মায়া বিদ্যমান॥

১৮ প্রথমে আছিলে এক নন্দের নন্দন।
পাছে তুমি হৈলে—যত বৎস-শিশুগণ॥
তবে সেই বৎস-শিশু চতুর্ভুজরূপে।
পাছে দেখা দিলে, নাথ, অনন্ত-স্বরূপে॥
মুঞি-আদি করি' তৃণ-স্তম্ব যে পর্য্যন্ত।
স্তুতি-ভক্তি সেবা করোঁ হঞা মূর্ত্তিমন্ত॥
পাছে এক ব্রহ্ম তুমি, অমিত-বিহার।
এ-সব তোমার মায়া, বড় চমৎকার॥
অদ্বৈত পরমব্রহ্ম, তুমি নিরঞ্জন।
তোমা' বিনে আর যত মায়ার বন্ধন॥

১৯ তুমি আত্মা আপনে অনন্ত-মূর্ত্তি ধর'।
মায়া বিস্তারিয়া, নাথ, নানা-মায়া কর'॥
তোমার মহিমা যে না জানে কোনকালে।
মায়া করি' তা'রে তুমি ভাণ্ড' নানা-ছলে॥
সৃষ্টি-কাজে আমি যেন ব্রহ্মা সুরেশ্বর।
জগৎ-বিধান তুমি বিষ্ণু-কলেবর॥
সংহার-কারণ যেন ত্রিনয়ন-রূপ।
ভিন্ন ভিন্ন নহে কেহ—তোমারি স্বরূপ॥

২০ সুর, নর, ঋষি, পশু, মৃগ, জলচরে।
নানা-মূর্ত্তি ধর' তুমি নানা-অবতারে॥
সাধু-পরিত্রাণ-হেতু, খল-নিবারণ।
অবতার করি' কর' জগৎ পালন॥

২১ পরিপূর্ণ ভগবান্ মহাযোগেশ্বর।
পরমাত্মা, প্রভু! তুমি লীলা-কলেবর॥
কে বুঝে তোমার লীলা ত্রিভুবন-মাঝে?
কিরূপে কেমন লীলা কর' কোন্ কাজে?

২২ এতেকে জানিলুঁ, নাথ!—জগৎ অসত্য।
বিচারিলে তিলমাত্র, কিছু নহে তথ্য॥
স্বপন-সমান, মহাদুঃখ-দুঃখময়।
প্রকাশ-বর্জ্জিত, ঘনতিমির-সঞ্চয়॥
তুমি নিত্যসুখবোধ, অনন্ত-বিলাস।
তোমার প্রকাশে করে' জগৎ প্রকাশ॥
তোমাতে জগৎ আছে, তোমাতে জনম।
সত্য-হেন জগৎ দেখিয়ে তে-কারণ॥

২৩ তুমি এক আত্মা, সত্য, পুরুষ-পুরাণ।
স্বপ্রকাশ, নিরঞ্জন, পূর্ণ ভগবান্॥
নিত্য-নিত্যসুখ-হেতু দ্বিতীয়-রহিত।
অনন্ত, অক্ষয়, আদ্য, উপাধি-বর্জ্জিত॥

২৪। এবংবিধং ত্বাং সকলাত্মনামপি, স্বাত্মানমাত্মাত্মতয়া বিচক্ষতে।
গুর্ব্বর্কলব্ধোপনিষৎসুচক্ষুষা, যে তে তরন্তীব ভবানৃতাম্বুধিম্॥
২৫। আত্মানমেবাত্মতয়াঽবিজানতাং, তেনৈব জাতং নিখিলং প্রপঞ্চিতম্।
জ্ঞানেন ভূয়োঽপি চ তৎ প্রলীয়তে, রজ্জ্বামহের্ভোগভবাভবৌ যথা॥
২৬। অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ, দ্বৌ নাম নান্যৌ স্ত ঋতজ্ঞভাবাৎ।
অজস্রচিত্যাত্মনি কেবলে পরে, বিচার্য্যমাণে তরণাবিবাহনী॥
২৭। ত্বামাত্মানং পরং মত্বা পরমাত্মানমেব চ। আত্মা পুনর্বহির্মৃগ্য অহোঽজ্ঞজনতাজ্ঞতা!!
২৮। অন্তর্ভবেঽনন্ত! ভবন্তমেব, হ্যতৎ ত্যজন্তো মৃগয়ন্তি সন্তঃ।
অসন্তমপ্যন্ত্যহিমন্তরেণ, সন্তং গুণং তং কিমু যন্তি সন্তঃ?
২৯। অথাপি তে দেব! পদাম্বুজদ্বয়,-প্রসাদলেশানুগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো, ন চান্য একোঽপি চিরং বিচিন্বন্॥
৩০। তদস্তু মে নাথ! স ভূরিভাগো, ভবেঽত্র বান্যত্র তু বা তিরশ্চাম্।
যেনাহমেকোঽপি ভবজ্জনানাং, ভূত্বা নিষেবে তব পাদপল্লবম্॥
৩১। অহোঽতিধন্যা ব্রজগোরমণ্যঃ, স্তন্যামৃতং পীতমতীব তে মুদা।
যাসাং বিভো! বৎসতরাত্মজাত্মনা, যত্তৃপ্তয়েঽদ্যাপি ন চালমধ্বরাঃ॥

---

২৪ গুরু-সূর্য্য-দরশন-জ্ঞান-বিলোচনে।
এরূপ তোমার তত্ত্ব দেখয়ে যে জনে॥
আত্মা-ভেদ-বুদ্ধি যা'র চিত্তে নাহি ধরে।
অসত্য সংসারসিন্ধু, সেই প্রায় তরে'॥
২৫ কেবল আপন করি' আত্মা সভে জানে।
আর সব অসত্য, কেবল আত্মা বিনে॥
এইরূপ চিন্তিতে অজ্ঞান-ধ্বংস হয়।
অভ্যাস-বিশেষ, তত্ত্বজ্ঞান-পরিচয়॥
সর্প-রজ্জু-জ্ঞান যেন হয় অগেয়ানে।
সেই ভ্রম ছুটে মূলজ্ঞান-উপাদানে॥
২৬ অজ্ঞান-কল্পিত বন্ধ-মোক্ষ—দুই নয়।
বন্ধহেতু থাকিলে বন্ধন সত্য হয়॥
জ্ঞান-পথ বিচারিলে অসত্য সংসার।
বন্ধ সত্য নহে যদি, বন্ধ-মোক্ষ কা'র?
সূর্য্য বিচারিলে সত্য নহে দিবা-রাতি।
জ্ঞান বিচারিলে বন্ধ নহে, মোক্ষগতি॥
২৭ তুমি সে আপন-আত্মা, পর করি' জানে।
দেহ-পুত্র-কলত্র আপন করি' মানে॥
শরীর-ভিতরে আত্মা, বাহিরে বিচারে'।
অহো! মূর্খজন ভ্রমে অসার সংসারে॥
২৮ সাধুজন চিন্তে তোমা' শরীর-ভিতরে।
অসত্য-কল্পিত যত দূরে পরিহরে॥
অজ্ঞান খণ্ডিলে হয় জ্ঞান উৎপন্ন।
সর্প না থাকিলে নহে সর্প-রজ্জু-ভ্রম॥
২৯ তথাপি পদারবিন্দ-প্রসাদের লেশে।
অনুগ্রহ হয় যদি ভকতি-বিশেষে॥
সেই-সে তোমার মহিম-তত্ত্ব জানে।
চিরদিন চিন্তিলেহ না জানয়ে জ্ঞানে॥
৩০ এই ভাগ্য মোর, নাথ! রহুক সর্ব্বথা।
কীট-পতঙ্গাদি-জন্ম হউ যথা তথা॥
এই জনমেতে কিংবা এই জন্মান্তরে।
মুঞি কেহ হউ ভক্ত-মণ্ডল-ভিতরে॥
তোমার পদারবিন্দ সেবোঁ নিরন্তর।
এই আজ্ঞা কর' মোরে, করুণাসাগর!
৩১ ধন্য ব্রজরমণী, সুরভিগণ ধন্য।
পরম-হরিষে তুমি পিলে যা'র স্তন॥

৩২। **অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাম্। যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্॥**

৩৩। **এষান্তু ভাগ্যমহিমাচ্যুত! তাবদাস্তা,-মেকাদশৈব হি বয়ং বত ভূরিভাগাঃ।**
এতদ্ধৃষীকচষকৈরসকৃৎ পিবামঃ, শর্ব্বাদয়োঽঙ্ঘ্র্যুদজমধ্বমৃতাসবং তে॥

৩৪। **তদ্ভূরিভাগ্যমিহ জন্ম কিমপ্যটব্যাং, যদ্গোকুলেঽপি কতমাঙ্ঘ্রিরজোঽভিষেকম্।**
যজ্জীবিতন্তু নিখিলং ভগবান্ মুকুন্দ,-স্ত্বত্যাপি যৎপদরজঃ শ্রুতিমৃগ্যমেব॥

৩৫। **এষাং ঘোষনিবাসিনামুত ভবান্ কিং দেব! রাতেতি ন-**
শ্চেতো বিশ্বফলাৎ ফলং ত্বদপরং কুত্রাপ্যয়ন্মুহ্যতি।
সদ্বেষাদিব পূতনাপি সকুলা ত্বামেব দেবাপিতা
যদ্ধামার্থসুহৃৎপ্রিয়াত্মতনয়-প্রাণাশয়াস্ত্বৎকৃতে॥

বৎস-শিশুরূপে তুমি কৈলে স্তন-পান।
মধুর মধুর তত্ত্ব অমৃত-সমান॥
অদ্য-পর্য্যন্ত যাঁ'র মহাযজ্ঞগণে।
তৃপ্তি করিতে নারে মহা-সন্নিধানে॥

৩২ অহো ভাগ্য, অহো ভাগ্য, কি বর্ণিব আর?
নন্দ-ব্রজপুরে, নাথ! বসতি যাঁহার॥
যাঁ'র মিত্র পরিপূর্ণ-ব্রহ্ম, সনাতন।
প্রকট-পরমানন্দ গোকুলনন্দন॥

৩৩ এ-সভের ভাগ্য কেবা করিব বর্ণনা?
আমি-সব ধন্য, এই একাদশ জনা॥
ভব-আদি আমি-সব, ধন্য সুরগণ।
সর্ব্ব-দেহে থাকি' করি তোমার সেবন॥
এ-সবের হৃষীক-চষক-পাত্র ধরি'।
তোমার পদারবিন্দ-মধু পান করি॥
এতেকেই আমি-সব হৈলুঁ ধন্যতম।
সর্ব্বভাবে সেবে তোমা' ব্রজবাসিগণ॥

৩৪ তাঁ'-সভার কি কহিব ভাগ্যের মহিমা!
কি তাঁ'র কহিব, নাথ! সুকৃতি-বর্ণনা!!
ব্রজকুলে জন্মি, নাথ! এই ভাগ্য মোরে।
কিম্বা বৃন্দাবনে গিরিতটে, নদীতীরে॥
তৃণ, লতা—কোন এক হৈয়া মাত্র থাকোঁ।
তোমার পদারবিন্দে এই বর মাগোঁ॥
কোন-মতে কা'র বা চরণধূলি পাঙ।
অভয়-পদারবিন্দে এই মাত্র চাঙ॥

যাঁ'-সভার প্রাণ-মন-দেহ-গেহ-ধন।
মুকুন্দ-পদারবিন্দ, মুকুন্দ জীবন॥
যে পদ-পঙ্কজরজ করিয়া ধেয়ানে।
এখন উদ্দেশ নাহি পায় শ্রুতিগণে॥

৩৫ কি দিয়া শুধিবে, নাথ! এ সবের ধার?
তুমি সর্ব্বফলময় বিনে নাহি আর॥
মনে মনে জগৎ চাহিলুঁ বিচারিয়া।
ব্রজপুরবাসি-ধার শুধিবে কি দিয়া?
যদি বল —'আত্মদান করিব তাহারে।'
শোধন না যায় ধার এহো পরকারে॥
পূতনা-রাক্ষসী লোক-বালক-ঘাতিনী।
কেবল ধরিল মাত্র সাধুবেশ-খানি॥
সবংশে তোমারে পাইল সেই পুণ্যফলে।
এ-সবের পুণ্য কেহ গণিতে না পারে॥
প্রাণ-মন-দেহ-গেহ-সুত-বিত্ত-দার।
তোমার পীরিতি-রসে প্রয়োজন যাঁ'র॥
'আপনাকে দিয়া হ'ব তাহার অধীন।'
যদি বল', তমু ত' শুধিতে নার ঋণ॥
সেবা-অনুরূপ দিতে না পারিলে ফল।
ঋণী হঞা তুমি, নাথ! রহিলে কেবল॥
তোমাতে অধিক ফল নাহি ত্রিভুবনে।
সর্ব্বফল দিবে তুমি আত্মফল-দানে॥
পূতনার সহে কিছু নহিল বিশেষ।
এতেকে রহিল, নাথ! তা'র ঋণশেষ॥

৩৬। তাবদ্রাগাদয়ঃ স্তেনাস্তাবৎ কারাগৃহং গৃহম্।
তাবন্মোহোঽঙ্ঘ্রিনিগড়ো যাবৎ কৃষ্ণ! ন তে জনাঃ॥
৩৭। প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপি বিড়ম্বয়সি ভূতলে। প্রপন্নজনতানন্দসন্দোহং প্রথিতুং প্রভো!
৩৮। জানন্ত এব জানন্তু কিং বহূক্ত্যা ন মে প্রভো! মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরঃ॥
৩৯। অনুজানীহি মাং কৃষ্ণ! সর্ব্বং ত্বং বেৎসি সর্ব্বদৃক্।
ত্বমেব জগতাং নাথো জগদেতৎ তবার্পিতম্॥
৪০। শ্রীকৃষ্ণ! বৃষ্ণিকুলপুষ্করজোষদায়িন্, ক্ষ্মানির্জ্জরদ্বিজপশুদধিবৃদ্ধিকারিন্!
উদ্ধর্ম্মশার্ব্বরহর! ক্ষিতিরাক্ষসঘ্নগ্, আকল্পমার্কমরহন্ ভগবন্! নমস্তে॥

শ্রীশুক উবাচ

৪১। ইত্যভিষ্টূয় ভূমানং ত্রিঃ পরিক্রম্য পাদয়োঃ। নত্বাভীষ্টং জগদ্ধাতা স্বধাম প্রত্যপদ্যত॥
৪২। ততোঽনুজ্ঞাপ্য ভগবান্ স্বভুবং প্রাগবস্থিতান্। বৎসান্ পুলিনমানিন্যে যথাপূর্ব্বসখং স্বকম্॥

'যোগিগণ সর্ব্ব কর্ম্ম করিয়া সন্ন্যাস।
আমাকে লভিতে করে' অশেষ প্রয়াস॥
হেন আত্ম-দান আমি করিব তাহারে।
গৃহবাসী গোপগণ কিবা ভক্তি করে'?'

৩৬ হেন যদি বল, নাথ! করি নিবেদন।
ভকত-জনের নাহি সংসার-বন্ধন॥
তাবৎ রাগাদি-চৌর করে' অপহার।
তাবৎ বসতি-ঘর—বন্ধন-আগার॥
চরণে নিগড় মোহ তাবৎ তাহার।
যাবৎ না হঞা থাকে সেবক তোমার॥
সকল তোমার পা'-য় নিয়োজন করে'।
কাম, ক্রোধ, লোভ, মোহ ভক্তিরসে ধরে॥
সেই কাম-রাগ তা'র করয়ে নিস্তার।
অন্যের কেবল সেই নরক-দুয়ার॥

৩৭ যোগী হৈতে প্রধান তোমার ভক্তজন।
সর্ব্ব সমর্পণ করি' করয়ে ভজন॥
কেবল নির্গুণ তুমি, উপাধি-রহিত।
তথাপি প্রকট কর' মানুষ-চরিত॥
প্রপন্ন জনের বাঢ়াইলে প্রেমানন্দ।
নানাভাবে কর' নানা-লীলা-অনুবন্ধ॥

৩৮ যে তোমারে জানে বলে', জানুক সে-জনে।
মোর কোন্ প্রয়োজন বিস্তর-কথনে?
মোর তনু-মন-বচনের শক্তিবল।
সকল প্রভুর দুই চরণে গোচর॥

৩৯ প্রভুর চরণে এক নিবেদন করোঁ।
আজ্ঞা যদি কর', নাথ! নিজধামে চলোঁ॥
তুমি সর্ব্বলোক-সাক্ষী, জগতের নাথ।
জগতের তত্ত্বগতি তোমার সাক্ষাৎ॥
তুমি সর্ব্বতত্ত্ব জান', প্রপন্ন-পালন।
তোমার চরণে মোর সর্ব্ব-সমর্পণ॥

৪০ কৃষ্ণ, কৃষ্ণ, বৃষ্ণি-কুল-পুষ্কর-ভাস্কর!
ক্ষমা-নির্জ্জর-দ্বিজ-পশু-সিন্ধু-শশধর!
উদ্ধর্ম্মশার্ব্বর-হর! অসুর-সংহারী।
অর্ক-আদি-সর্ব্বসুর-পূজ্য অধিকারী॥
আকল্প-পর্য্যন্ত মোর বহু নমস্কার।
এই বর মাগোঁ, নাথ! চরণে তোমার॥"

৪১ তিন তিন প্রদক্ষিণ করি' বারে বার।
পদযুগে শত শত কৈলা নমস্কার॥
আজ্ঞা শিরে ধরি' ব্রহ্মা গেলা নিজপুরে।
৪২ সন্তোষিয়া ব্রহ্মারে পাঠাইলা দামোদরে॥
পূর্ব্ব শিশু-বৎসগণ আনিঞা পুলিনে।
যূথে-যূথে ভিন্ন করি' থুইলা স্থানে স্থানে॥

৪৩। **একস্মিন্নপি যাতেঽব্দে প্রাণেশং চান্তরাত্মনঃ। কৃষ্ণমায়াহতা রাজন্! ক্ষণার্দ্ধং মেনিরেঽর্ভকাঃ॥**
৪৪। **কিং কিং ন বিস্মরন্তীহ মায়ামোহিতচেতসঃ। যন্মোহিতং জগৎ সর্ব্বমভীক্ষ্ণং বিস্মৃতাত্মকম্॥**
৪৫। **উচুশ্চ সুহৃদঃ কৃষ্ণং স্বাগতং তেঽতিরংহসা। নৈকোঽপ্যভোজি কবল এহীতঃ সাধু ভুজ্যতাম্॥**
৪৬। **ততো হসন্ হৃষীকেশোঽভ্যবহৃত্য সহার্ভকৈঃ। দর্শয়ংশ্চর্ম্মাজগরং ন্যবর্ত্তত বনাদ্ব্রজম্॥**
৪৭। **বর্হপ্রসূননবধাতুবিচিত্রিতাঙ্গঃ, প্রোদ্দামবেণুদলশৃঙ্গরবোৎসবাঢ্যঃ।**
বৎসান্ গৃণন্ননুগগীতপবিত্রকীর্ত্তি,-র্গোপীদৃগুৎসবদৃশিঃ প্রবিবেশ গোষ্ঠম্॥
৪৮। **অঘ্যানেন মহাব্যালো যশোদানন্দসূনুনা। হতোঽবিতা বয়ঞ্চাস্মাদিতি বালা ব্রজে জগুঃ॥**

শ্রীরাজোবাচ

৪৯। **ব্রহ্মন্! পরোদ্ভবে কৃষ্ণে ইয়ান্ প্রেমা কথং ভবেৎ?**
যো ভূতপূর্ব্বস্তোকেষু স্বোদ্ভবেষ্বপি কথ্যতাম্॥

---

৪৩ এইরূপে পরিপূর্ণ বৎসরেক হৈল।
তিলেক-সমান-হেন বালকে জানিল॥
কৃষ্ণমায়া-বিমোহিত হঞা শিশুগণ।
বৎসর জানিলা—যেন যায় এইক্ষণ॥

৪৪ কৃষ্ণমায়া-বিমোহিত কি কি না পাসরে?
জগৎ মোহিত যাঁ'র যোগমায়া-বলে॥

৪৫ সেইরূপ সারি-সারি মণ্ডল-রচন।
সেইরূপে শিশুগণ করয়ে ভোজন॥
বাছুর আনিঞা কৃষ্ণ দিলা বিদ্যমানে।
যূথ-যূথ করিয়া থুইলা সন্নিধানে॥
শিশুগণ দেখিয়া ডাকিলা উচ্চস্বরে।
'আইস আইস, প্রাণ-ভাই! মণ্ডল-ভিতরে॥
তোমা' বিনা এক গ্রাস অন্ন নাহি খাই।
এক দিঠি করিয়া তোমার দিগে চাই॥
আসিয়া ভোজন কর' সখাগণ লঞা।
তবে আর খেলা খেলি সুখে ভাত খাঞা॥'

৪৬ ঈষৎ হাসিয়া কৃষ্ণ বালকের মেলে।
ভোজন করিয়া পাছে চলিলা গোকুলে॥
বনমধ্যে সর্পের শুখান চর্ম্মখান।
দেখিয়া চলিলা শিশু-সঙ্গে ভগবান্॥

৪৭ বরিহা-প্রসূন-বনধাতু-বিরচিত।
বিচিত্র বিবিধ-বেশ অঙ্গে সুললিত॥
উদার মুরলী-শিঙ্গা-শবদ-মঙ্গল।
ব্রজবধূ-নয়ন-আনন্দ কলেবর॥
নাম ধরি' ধরি' বৎস ডাকে ঘন রায়।
পবিত্র-চরিত্র-গুণ অনুগতে গায়॥
গোকুল প্রবেশ কৈলা ত্রিভুবন-রায়।
ডাক দিয়া শিশুগণ গোকুলে জানায়॥

৪৮ 'আজি এক মহাসর্প পর্ব্বত-আকার।
এই নন্দসুতে তাহা করিলা সংহার॥
আমা'-সভা উদ্ধারিলা তা'র মুখ হনে।
দেবে কৈল স্তুতি-পূজা, পুষ্প-বরিষণে॥'
ব্রজপুরে শুনিঞা লাগিল চমৎকার।
'বড় ভাগ্য-পুণ্যে আজি হৈল প্রতিকার॥'
এ-শব্দ শুনিঞা যত গোপগোপীগণে।
শীঘ্র কৃষ্ণে আসি' কৈলা দর্শন-লালনে॥"

৪৯ তবে রাজা জিজ্ঞাসিলা মুনির চরণে।
"এত বড় অদভুত ঘটিল কেমনে?
গোপগণ কৃষ্ণে প্রেম কৈলা নিরন্তর।
পর-পুত্র কৃষ্ণে প্রেম কেনে এত বড়?
শতভাগ প্রেম নহে আপন তনয়ে।
কহ, গুরু! এ ত' বড় অদভুত হয়ে!!"

শ্রীশুক উবাচ

৫০। **সর্ব্বেষামপি ভূতানাং নৃপ ! স্বাত্মৈব বল্লভঃ। ইতরেঽপত্যবিত্তাদ্যাস্তদ্বল্লভতয়ৈব হি॥**

৫১। **তদ্রাজেন্দ্র ! যথা স্নেহঃ স্বস্বকাত্মনি দেহিনাম্। ন তথা মমতালম্বিপুত্রবিত্তগৃহাদিষু॥**

৫২। **দেহাত্মবাদিনাং পুংসামপি রাজন্যসত্তম ! যথা দেহঃ প্রিয়তমস্তথা ন হ্যনু যে চ তম্॥**

৫৩। **দেহোঽপি মমতাভাক্ চেত্তর্হ্যসৌ নাত্মবৎ প্রিয়ঃ।**
যজ্জীর্য্যত্যপি দেহেঽস্মিন্ জীবিতাশা বলীয়সী॥

৫৪। **তস্মাৎ প্রিয়তমঃ স্বাত্মা সর্ব্বেষামপি দেহিনাম্। তদর্থমেব সকলং জগদেতচ্চরাচরম্॥**

৫৫। **কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্। জগদ্ধিতায় সোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া॥**

৫৬। **বস্তুতো জানতামত্র কৃষ্ণং স্থাস্নু চরিষ্ণু চ। ভগবদ্রূপমখিলং নান্যদ্বস্ত্বিহ কিঞ্চন॥**

৫৭। **সর্ব্বেষামপি বস্তূনাং ভাবার্থো ভবতি স্থিতঃ। তস্যাপি ভগবান্ কৃষ্ণঃ কিমতদ্বস্তু রূপ্যতাম্?**

৫৮। **সমাশ্রিতা যে পদপল্লবপ্লবং, মহৎপদং পুণ্যযশো মুরারেঃ।**
ভবাম্বুধির্বৎসপদং পরং পদং, পদং পদং যদ্বিপদাং ন তেষাম্॥

৫৯। **এতৎ তে সর্ব্বমাখ্যাতং যৎ পৃষ্টোঽহমিহ ত্বয়া।**
যৎ কৌমারে হরিকৃতং পৌগণ্ডে পরিকীর্ত্তিতম্॥

---

৫০ মুনি বলে,'—"শুন, রাজা ! কহিব তোমারে।
আত্মাতে অধিক প্রিয় নাহিক সংসারে॥
আত্মার সম্বন্ধে দেহ, সুত, বিত্ত, দার।
আত্মাতে অধিক কেহ প্রিয় নহে আর॥

৫১ আপন-আপন আত্মা প্রিয় যত বড়।
পুত্র-বিত্ত-কলত্র না হয় এত বড়॥

৫২ দেহবাদী আর সব-দেহে আত্মা মানে।
যা'র আর প্রিয় নাহি, দেহের সমানে॥

৫৩ তাহার আত্মার বড় দেহ প্রিয় নহে।
জীর্ণ হঞা যায় অঙ্গ, জী'তে মাত্র চাহে॥
গলিত সকল অঙ্গ জীর্ণ হঞা যায়।
তমু তা'র দুষ্ট-আশা—জী'তে মাত্র চায়॥

৫৪ এতেকে সভার প্রিয়, আত্মা প্রিয়তম।
সংসারে কাহার' প্রিয় নহে আত্মা-সম॥

৫৫ সকল আত্মার আত্মা—সে নন্দনন্দন।
সর্ব্বলোক-গতি-পতি, জীবের জীবন॥
জগৎ-নিস্তার-হেতু মায়া-নরবেশে।
দেহ ধরি' গোপরূপে ব্রহ্ম পরকাশে॥

৫৬ এই, রাজা ! তোমারে কহিলুঁ সুনিশ্চয়।
এই নন্দসুত কৃষ্ণ—প্রভু সর্ব্বময়॥

স্থাবর-জঙ্গম-তৃণ-গুল্ম-আদি করি'।
৫৭ কৃষ্ণ বিনে কোন বস্তু নিরূপিতে নারি॥

কারণের কারণ —প্রকৃতি মহামায়া।
তাহার কারণ—নন্দসুত-পদচ্ছায়া॥

৫৮ মুরারি-চরণ-নৌকা যে করে' আশ্রয়।
মহান্ত-একান্ত-গতি পুণ্যযশোময়॥

বৎসপদ হয় তা'র এ ভব-সংসার।
পরম বৈষ্ণবপদে বৈসে নিরন্তর॥

বিপদের পদ তা'র নহে বিদ্যমান।
সর্ব্বত্র সম্পদ-পদ রহে সন্নিধান॥

৫৯ যে তুমি পুছিলে, ক্ষিতিপতি মহাশয় !
কহিলুঁ সকল আমি করিয়া নির্ণয়॥

এক সংবৎসরে অঘাসুর-বধ হৈল।
আর বৎসরেতে শিশু গোকুলে কহিল॥

৬০। **এতৎ সুহৃদ্ভিশ্চরিতং মুরারে,-রঘার্দ্দনং শাদ্বলজেমনঞ্চ।**
ব্যক্তেতরদ্রূপমজোর্ব্বিষ্টবং, শৃণ্বন্ গৃণন্নেতি নরোঽখিলার্থান্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীব্রহ্মস্তুতির্নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥ ১৪॥

---

৬০ মুররিপু-শিশুবেশ-চরিত্র-বর্ণন।
অঘাসুর-বধ-কথা, পুলিন-ভোজন॥
ব্রহ্মস্তুতি-নিরূপণ, ব্রহ্ম-দরশন।
ভক্তিভাবে যেবা কহে, যে করে' শ্রবণ॥
অশেষ সম্পদ্ তা'র বাঢ়ে দিনে-দিনে।
সর্ব্বপাপ হরে', ভক্তি হয় জনার্দ্দনে।"
ভক্তিরস গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥ ১৪॥

পঞ্চদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **ততশ্চ পৌগণ্ডবয়ঃ শ্রিতৌ ব্রজে, বভূবতুস্তৌ পশুপালসম্মতৌ।**
গাশ্চারয়ন্তৌ সখিভিঃ সমং পদৈ,-র্বৃন্দাবনং পুণ্যমতীব চক্রতুঃ॥

২। **তন্মাধবৌ বেণুমুদীরয়ন্ বৃতৌ, গোপৈর্গৃণদ্ভিঃ স্বযশো বলান্বিতঃ।**
পশূন্ পুরস্কৃত্য পশব্যমাবিশদ্,-বিহর্ত্তুকামঃ কুসুমাকরং বনম্॥

৩। **তন্মঞ্জুঘোষালিমৃগদ্বিজাকুলং, মহন্মনঃপ্রখ্যপয়ঃসরস্বতা।**
বাতেন জুষ্টং শতপত্রগন্ধিনা, নিরীক্ষ্য রন্তুং ভগবান্ মনো দধে॥

৪। **স তত্র তত্রারুণপল্লবশ্রিয়া, ফলপ্রসূনোরুভরেণ পাদয়োঃ।**
স্পৃশচ্ছিখান্ বীক্ষ্য বনস্পতীন্মুদা, স্মরন্নিবাহাগ্রজমাদিপূরুষঃ॥

[কেদার-রাগ]

১ শুক-মুনি বলে',—"রাজা! শুন সাবধানে।
আর অপরূপ কথা কহিব এখনে॥
পঞ্চ বরিষের ঊর্দ্ধ দশের ভিতরে।
'পৌগণ্ড-সময়' তা'খে বলি নরেশ্বরে॥
পৌগণ্ড-সময় তবে করিয়া স্বীকার।
রামকৃষ্ণ শিশু-সঙ্গে করেন বিহার॥
ধেনু চরাইতে যোগ্য হৈল বুদ্ধি-বল।
শিশুগণ-সঙ্গে ধেনু রাখে দামোদর॥
বৃন্দাবন ধন্য করে' চরণ-পরশে।
রামকৃষ্ণ ধেনু রাখে ব্রজশিশু-বেশে॥

২ চৌদিগে বালকগণ নিজগুণ গায়।
বলরাম-সঙ্গে হরি মুরলী বাজায়॥
গোধন চালাঞা আগে পাছে হৃষীকেশ।
কুসুমিত বৃন্দাবনে কৈলা পরবেশ॥

৩ শিশুগণ-চরণ-নূপুর-ঝনঝনী।
অলিকুল-বিহগ-মধুর-মৃদু-বাণী॥
মহাজন-মন যেন নিরমল জল।
শতপত্র-গন্ধ-যুক্ত-পবন শীতল॥
হেন অদভুত বন দেখি' বনমালী।
মনে করে'—'এথা রহি' করি বালকেলি'॥

৪ বনে-বনে অরুণ পল্লব মনোহর।
ফল-ফুলে লম্বিত বিবিধ তরুবর॥
শিরে ফল-ফুল ধরি' চরণ পরশে।
তরুগণ দেখি' কৃষ্ণ মনে-মনে হাসে॥

শ্রীভগবানুবাচ

৫। অহো অমী দেববরামরার্চ্চিতং, পাদাম্বুজং তে সুমনঃফলার্হণম্।
নমস্ত্যুপাদায় শিখাভিরাত্মন,-স্তমোঽপহত্যৈ তরুজন্ম যৎকৃতম্॥
৬। এতেঽলিনস্তব যশোঽখিললোকতীর্থং, গায়ন্ত আদিপুরুষানুপদং ভজন্তে।
প্রায়ো অমী মুনিগণা ভবদীয়মুখ্যা, গূঢ়ং বনেঽপি ন জহত্যনঘাত্মদৈবম্॥
৭। নৃত্যন্ত্যমী শিখিন ঈড্য! মুদা হরিণ্যঃ, কুর্ব্বন্তি গোপ্য ইব তে প্রিয়মীক্ষণেন।
সূক্তৈশ্চ কোকিলগণা গৃহমাগতায়, ধন্যা বনৌকস ইয়ান্ হি সতাং নিসর্গঃ॥
৮। ধন্যেয়মদ্য ধরণী তৃণবীরুধস্ত্বৎ,-পাদস্পৃশো দ্রুমলতাঃ করজাভিমৃষ্টাঃ।
নদ্যোঽদ্রয়ঃ খগমৃগাঃ সদয়াবলোকৈ,- র্গোপ্যোঽন্তরেণ ভুজয়োরপি যৎস্পৃহা শ্রীঃ॥

শ্রীশুক উবাচ

৯। এবং বৃন্দাবনং শ্রীমৎ কৃষ্ণঃ প্রীতমনাঃ পশূন্। রেমে সঞ্চারয়ন্নদ্রেঃ সরিদ্রোধঃসু সানুগঃ॥
১০। ক্বচিদ্গায়তি গায়ৎসু মদান্ধালিষ্বনুব্রতৈঃ। উপগীয়মানচরিতঃ স্রগ্বী সঙ্কর্ষণান্বিতঃ॥
১১। ক্বচিচ্চ কলহংসানামনু কূজতি কূজিতম্। অভিনৃত্যতি নৃত্যন্তং বর্হিণং হাসয়ন্ ক্বচিৎ॥
১২। মেঘগম্ভীরয়া বাচা নামভির্দূরগান্ পশূন্। ক্বচিদাহ্বয়তি প্রীত্যা গোগোপালমনোজ্ঞয়া॥

আদি-পুরুষ হরি, অনাদি-নিধন।
নিজ-অগ্রজেরে তবে কি বলে বচন?

৫ অহো! দেববর! সুরবন্দিত চরণ।
ফল-ফুল দিয়া পূজা করে' তরুগণ॥
পল্লব-শিখায় করে' চরণ-বন্দনা।
তরুজন্ম-কৃত পাপ করিতে খণ্ডনা॥

৬ তোমার নির্ম্মল যশ ভুবন-পাবন।
এ-সব ভ্রমরগণ গায় অনুক্ষণ॥
ভৃঙ্গ-দেহে ভকতের ধর্ম্মপথ ভজে।
প্রায় মুনিগণ এই বৃন্দাবন-মাঝে॥
গূঢ়রূপে ভৃঙ্গবেশে রহে বনে-বনে।
নিজনাথ তোমারে না ছাড়ে একমনে॥

৭ শিখিগণ নৃত্য করে' মধুর-মূরতি।
প্রিয়-নিরীক্ষণে মৃগী করয়ে পীরিতি॥
কলরবে কোকিল মধুর গায় গীত।
ধন্য বৃন্দাবনবাসী সংসার-পূজিত॥
ভকত-জনার এই সহজেই রীতি।
কোন দেহে না ছাড়য়ে ঈশ্বর-পীরিতি॥

৮ ধন্য তৃণ-লতা-তরু, ধন্য মৃগীগণ।
ধন্য নদী-খগ-মৃগ, ধন্য বৃন্দাবন॥
তোমার চরণধূলি পরশিল শিরে।
নখ-পরশন কেহ লভিল শরীরে॥
লক্ষ্মী যাঁ'রে বাঞ্ছা করে' সতত ধেয়ানে।
হেন কর পরশন করে' তরুগণে॥'

৯ এইরূপে বৃন্দাবনে রমে রমাপতি।
গোধন চরায় ব্রজবালক-সংহতি॥

১০ মদমত্ত ভৃঙ্গগণ-শবদ-ঝঙ্কার।
অনুগত-সঙ্গে গায় পঞ্চম রসাল॥

১১ হংসের শবদ শুনি' হংসরব করে'।
শিশুগণ তা'র গুণ গায় উচ্চস্বরে॥
ময়ূরের নৃত্য দেখি' ময়ূর-নাচয়।
ময়ূর-পেখম ধরি' বালক হাসায়॥
ক্ষেণে শুক-শবদ করয়ে অনুকার।
কোকিল-শবদ ক্ষেণে করয়ে রসাল॥

১২ ক্ষেণে মেঘ-শবদ-গম্ভীর নাদ করি'।
দূরে যদি যায় ধেনু, ডাকে নাম ধরি'॥

১৩। চকোরক্রৌঞ্চচক্রাহ্ব-ভারদ্বাজাংশ্চ বর্হিণঃ। অনুরৌতি স্ম সত্ত্বানাং ভীতবদ্ব্যাঘ্রসিংহয়োঃ॥
১৪। ক্বচিৎ ক্রীড়াপরিশ্রান্তং গোপোৎসঙ্গোপবর্হণম্। স্বয়ং বিশ্রময়ত্যার্য্যং পাদসংবাহনাদিভিঃ॥
১৫। নৃত্যতো গায়তঃ ক্বাপি বল্গতো যুধ্যতো মিথঃ। গৃহীতহস্তৌ গোপালান্ হসন্তৌ প্রশশংসতুঃ॥
১৬। ক্বচিৎ পল্লবতল্পেষু নিযুদ্ধশ্রমকর্শিতঃ। বৃক্ষমূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণঃ॥
১৭। পাদসংবাহনং চক্রুঃ কেচিত্তস্য মহাত্মনঃ। অপরে হতপাপ্মানো ব্যজনৈঃ সমবীজয়ন্॥
১৮। অন্যে তদনুরূপাণি মনোজ্ঞানি মহাত্মনঃ। গায়ন্তি স্ম মহারাজ! স্নেহক্লিন্নধিয়ঃ শনৈঃ॥
১৯। এবং নিগূঢ়াত্মগতিঃ স্বমায়য়া, গোপাত্মজত্বং চরিতৈর্বিড়ম্বয়ন্।
রেমে রমালালিত-পাদপল্লবো, গ্রাম্যৈঃ সমং গ্রাম্যবদীশচেষ্টিতঃ॥
২০। শ্রীদামা নাম গোপালো রামকেশবয়োঃ সখা।
সুবলস্তোককৃষ্ণাদ্যা গোপাঃ প্রেম্ণেদমব্রুবন্॥
২১। রাম রাম মহাবাহো! কৃষ্ণ দুষ্টনিবর্হণ! ইতোঽবিদূরে সুমহদ্বনং তালালিসঙ্কুলম্॥
২২। ফলানি তত্র ভূরীণি পতন্তি পতিতানি চ। সন্তি কিন্ত্ববরুদ্ধানি ধেনুকেন দুরাত্মনা॥
২৩। সোঽতিবীর্য্যোঽসুরো রাম! হে কৃষ্ণ! খররূপধৃক্। আত্মতুল্যবলৈরন্যৈর্জ্ঞাতিভির্বহুভির্বৃতঃ॥
২৪। তস্মাৎ কৃতনরাহারাদ্ভীতৈর্নৃভিরমিত্রহন্! ন সেব্যতে পশুগণৈঃ পক্ষিসঙ্ঘৈর্বিবর্জ্জিতম্॥
২৫। বিদ্যন্তেঽভুক্তপূর্ব্বাণি ফলানি সুরভীণি চ। এষ বৈ সুরভির্গন্ধো বিষূচীনোঽবগৃহ্যতে॥
২৬। প্রযচ্ছ তানি নঃ কৃষ্ণ! গন্ধলোভিতচেতসাম্। বাঞ্ছাস্তি মহতী রাম! গম্যতাং যদি রোচতে॥

দূরে থাকি' ধেনু যদি নিজ-নাম শুনে।
ঊর্দ্ধপুচ্ছে ধাঞা আইসে কৃষ্ণ-সন্নিধানে॥

১৩ চকোর-ভারুই-হংস-চক্রবাক-নাদে।
হাসায় বালকগণে বিবিধ-শবদে॥
ক্ষেণে শিশুগণে ভয় দেই দামোদর।
সিংহ-ব্যাঘ্র শবদ করয়ে ভয়ঙ্কর॥

১৪ ক্ষেণে ক্রীড়া-পরিশ্রমে বলদেব-রায়।
শিশু-ঊরে শির দিয়া শুইয়া ঘুমায়॥
আপনে করয়ে কৃষ্ণ পাদ-সম্বাহন।
বিশ্রাম করয়ে হরি লঞা শিশুগণ॥

১৫ ক্ষেণে নৃত্য করে' হরি, ক্ষেণে গীত গায়।
অন্যোঽন্যে যুঝয়ে, ক্ষণে ডাকে ঘনরায়॥
হাতাহাতি করিয়া করয়ে মল্লরণে।
হাসিয়া হাসায় হরি সর্ব্ব শিশুগণে॥

১৬ ক্ষণে বাহুযুদ্ধ-শ্রম করিতে খণ্ডন।
কোমল পল্লবদলে করয়ে শয়ন॥
বালকের ঊরে শির করিয়া নিধান।
বৃক্ষমূলে শয়ন করেন ভগবান্॥

১৭ কোন শিশু করে' তাঁ'র পাদ-সম্বাহন।
কোন ধন্য শিশু করে' পবন-ব্যজন॥

১৮ কোন ধন্য শিশুগণ গায় মনোহর।
প্রেমরসে শিথিল সকল কলেবর॥

১৯ এইরূপে নিজ-মায়া-নিগূঢ়-মহিমা।
গোপশিশুরূপে করে' বিবিধ ভঙ্গিমা॥
কমলা-লালিত-পদকমল মুরারি।
ব্রজশিশু-সঙ্গে করে' নানা বালকেলি॥

২০ রাম-কেশবের সখা শ্রীদাম-গোপাল।
স্তোককৃষ্ণ-আদি আর যতেক ছাওয়াল॥
কহিতে লাগিলা তা'রা মধুর বচনে।

২১ 'রাম, রাম! মহাবাহু! শুন নিবেদনে॥
কৃষ্ণ, কৃষ্ণ! মহাবল দুষ্ট-বিনাশন!
ইথে কতদূরে আছে মহাতালবন॥

২২-২৬ মহাতালকুল-পরিপূরিত সকল।
ভূমিতলে কতেক পড়িয়া আছে ফল॥
কিন্তু তালবন রাখে ধেনুক-অসুরে।
নিকটে না যায় কেহ দুরন্তের ডরে॥

২৭। এবং সুহৃদ্বচঃ শ্রুত্বা সুহৃৎপ্রিয়চিকীর্ষয়া। প্রহস্য জগ্মতুর্গোপৈর্বৃতৌ তালবনং প্রভু॥
২৮। বলঃ প্রবিশ্য বাহুভ্যাং তালান্ সম্পরিকম্পয়ন্। ফলানি পাতয়ামাস মতঙ্গজ ইবৌজসা॥
২৯। ফলানাং পততাং শব্দং নিশম্যাসুররাসভঃ। অভ্যধাবৎ ক্ষিতিতলং সনগং পরিকম্পয়ন্॥
৩০। সমেত্য তরসা প্রত্যগ্দ্বাভ্যাং পদ্ভ্যাং বলং বলী।
নিহত্যোরসি কাশব্দং মুঞ্চন্ পর্য্যসরৎ খলঃ॥
৩১। পুনরাসাদ্য সংরব্ধ উপক্রোষ্টা পরাক্ স্থিতঃ। চরণাবপরৌ রাজন্! বলায় প্রাক্ষিপদ্রুষা॥
৩২। স তং গৃহীত্বা প্রপদোর্ভ্রাময়িত্বৈকপাণিনা। চিক্ষেপ তৃণরাজাগ্রে ভ্রামণত্যক্তজীবিতম্॥
৩৩। তেনাহতো মহাতালো বেপমানো বৃহচ্ছিরাঃ।
পার্শ্বস্থং কম্পয়ন্ ভগ্নঃ স চান্যং সোঽপি চাপরম্॥
৩৪। বলস্য লীলয়োৎসৃষ্টখরদেহহতাহতাঃ। তালাশ্চকম্পিরে সর্ব্বে মহাবাতেরিতা ইব॥
৩৫। নৈতচ্চিত্রং ভগবতি হ্যনন্তে জগদীশ্বরে। ওতঃপ্রোতমিদং যস্মিংস্তন্তুষ্বঙ্গ! যথা পটঃ॥
৩৬। ততঃ কৃষ্ণশ্চ রামশ্চ জ্ঞাতয়ো ধেনুকস্য যে। ক্রোষ্টারোঽভ্যদ্রবন্ সর্ব্বে সংরব্ধা হতবান্ধবাঃ॥

অতি মহাবল সে অসুর দুরাচার।
খরতর রূপ ধরে গর্দ্দভ-আকার॥
সমবেশ, সমবল, জ্ঞাতিগণ লঞা।
তালবনে বৈসে নানা জীবজন্তু খাঞা॥
ক্ষিতিতল পূরিয়া বিস্তর ফল রহে।
হের-দেখ, ফলের সুন্দর গন্ধ বহে॥
তাল আনি' দেহ' যদি, খায় শিশুগণ।
বাঞ্ছা যদি কর', কৃষ্ণ! যাই তালবন॥'

২৭ শিশুগণ-বচন শুনিয়া বনমালী।
হাসিয়া চলিলা বলভদ্রে সঙ্গে করি'॥

২৮ বলভদ্র করি' তালবনে পরবেশ।
দুই হস্তে ধরি' গাছ ঝাড়িলা বিশেষ॥
গাছের ঠেলায় গাছ কাঁপে থর-থর।
ভূমিতল পূরিয়া পড়িল তালফল॥

২৯ দুড়দুড়ি-শব্দ উঠিল ক্ষিতিতলে।
শুনিঞা ধেনুক-দৈত্য ধাইল সত্বরে॥
পদভরে পৃথিবী করয়ে টলমল।
কাঁপিল পর্ব্বত, তরু, ধরণীমণ্ডল॥

৩০ দুইখান পাছা-পাও ঊর্দ্ধ করি' তুলি'।
মারিল রামের বুকে গাধা-শব্দ করি'॥
লাথি মারি' তবে সরি' গেল কথোদূরে।

৩১ পুনরপি ধাইল দৈত্য গর্জ্জিয়া নিষ্ঠুরে॥
ঊর্দ্ধ করি' পাছু-পদ তুলি' আরবার।
রামের হৃদয়ে দৃঢ় মারিল প্রহার॥

৩২ দুই পদ ধরিলা রাম দিয়া বাম-হাত!
আকাশে তুলিয়া পাক মারে পাঁচ-সাত॥
ভ্রমাইতে জীবন ছাড়িল দুরাচারে।
তুলিয়া মারিলা পাক তালের উপরে॥

৩৩ ভাঙ্গিল তালের গাছ, কাঁপে থর-থর।
গাছের ঠেলায় গাছ কাঁপিল বিস্তর॥

৩৪ লীলায় ফেলিলা দৈত্যে গাছের উপরে।
মহাতাল শব্দচূর হৈলা তা'র ভরে॥
গাছে গাছে ঠেলাঠেলি, কাঁপে তালবন।
আচম্বিতে যেন মহাঝড়-বরিষণ॥

৩৫ অনন্ত-ধরণীধর ত্রিজগৎপতি।
চরাচর-আধার, সকল-লোকপতি॥
এ কোন্ বিচিত্র কর্ম্ম বলিব তাঁহার?
এহ লোকে কৈলা এক লীলায় বিহার॥

৩৬ ধেনুকের মরণ শুনিঞা বন্ধুগণে।
ক্রোধ করি' ধাঞা তা'রা আইলা সেইক্ষণে॥

৩৭। তাংস্তানাপততঃ কৃষ্ণো রামশ্চ নৃপ! লীলয়া। গৃহীতপশ্চাচ্চরণান্ প্রাহিণোৎ তৃণরাজসু॥
৩৮। ফলপ্রকরসঙ্কীর্ণং দৈত্যদেহৈর্গতাসুভিঃ। ররাজ ভুঃ সতালাগ্রৈর্ঘনৈরিব নভস্তলম্॥
৩৯। তয়োস্তৎ সুমহৎ কর্ম্ম নিশম্য বিবুধাদয়ঃ। মুমুচুঃ পুষ্পবর্ষাণি চক্রুর্বাদ্যানি তুষ্টুবুঃ॥
৪০। অথ তালফলান্যাদন্ মনুষ্যা গতসাধ্বসাঃ। তৃণঞ্চ পশবশ্চেরুর্হতধেনুককাননে॥
৪১। কৃষ্ণঃ কমলপত্রাক্ষঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ। স্তূয়মানোঽনুগৈর্গোপৈঃ সাগ্রজো ব্রজমাব্রজৎ॥
৪২। তং গোরজশ্ছুরিতকুন্তলবদ্ধবর্হ,-বন্যপ্রসূনরুচিরেক্ষণচারুহাসম্।
বেণুং ক্বণন্তমনুগৈরনুগীতকীর্ত্তিং, গোপ্যো দিদৃক্ষিতদৃশোঽভ্যগমন্ সমেতাঃ॥
৪৩। পীত্বা মুকুন্দমুখসারঘমক্ষিভৃঙ্গৈ,-স্তাপং জহুর্বিরহজং ব্রজযোষিতোঽহ্নি।
তৎসৎকৃতিং সমধিগম্য বিবেশ গোষ্ঠং, সব্রীড়হাসবিনয়ং যদপাঙ্গমোক্ষম্॥
৪৪। তয়োর্যশোদারোহিণ্যৌ পুত্রয়োঃ পুত্রবৎসলে। যথাকামং যথাকালং ব্যধত্তাং পরমাশিষঃ॥
৪৫। গতাধ্বানশ্রমৌ তত্র মজ্জনোন্মর্দ্দনাদিভিঃ। নীবীং বসিত্বা রুচিরাং দিব্যস্রগ্গন্ধমণ্ডিতৌ॥
৪৬। জনন্যুপহৃতং প্রাশ্য স্বাদ্বন্নমুপলালিতৌ। সংবিশ্য বরশয্যায়াং সুখং সুষুপতুর্ব্রজে॥
৪৭। এবং স ভগবান্ কৃষ্ণো বৃন্দাবনচরঃ ক্বচিৎ। যযৌ রামমৃতে রাজন্! কালিন্দীং সখিভির্বৃতঃ॥

---

৩৭ রামকৃষ্ণ দুই ভাই কোন্ কর্ম্ম করে'?
বামহস্তে লীলায় চরণ চাপি' ধরে॥
পাক মারি' ফেলে তাল-বৃক্ষের উপরে।
৩৮ তালবন পূরিল দৈত্যের কলেবরে॥
দৈত্য-দেহে ক্ষিতিতল সকল পূরিল।
বিস্তর গাছের মাথা ভাঙ্গিয়া পড়িল॥
দীপ্তি করে' ভূমিখান, দেখিতে সুন্দর।
মহামেঘে পূরে যেন গগনমণ্ডল॥
৩৯ মহা-অদভুত কর্ম্ম দেখি' সুরগণে।
নৃত্য-গীত-স্তুতি কৈলা পুষ্প-বরিষণে॥
৪০ থাবাথাবি দিয়া তাল শিশুগণে ধরে।
তাল খায় শিশুগণ, আনন্দে বিহরে॥
কৌতুকে সকল লোক দেখিয়ে বেড়ায়।
পশুগণ পরবেশি' নব তৃণ খায়॥
৪১ অমলকমলদল-বিশাল-লোচন।
কমলা-বন্দিত, পুণ্য-শ্রবণ-কীর্ত্তন॥
অনুগত বালকে চৌদিগে গুণ গায়।
ব্রজ-পরবেশ কৈলা ত্রিজগৎ-রায়॥
৪২ গো-রজেতে আচ্ছাদিত কুন্তল উজ্জ্বল।
বিচিত্র বরিহা-চূড়া শিরের উপর॥
রুচির কুসুমদাম, মন্দ-মধু-হাস।
অনুগত শিশুগণ গায় চারি-পাশ॥
শিশু-মাঝে বায় কানু মধুর মুরলী।
পথে-পথে রহি' চাহে আভীরসুন্দরী॥
৪৩ মুখপদ্ম-মধু পিয়ে নয়ন-ভ্রমরে।
দিবস-বিরহ-তাপ ছাড়িলা অন্তরে॥
ব্রজবধূগণ-প্রেম-আনন্দ-বিলাস।
সলজ্জ কটাক্ষপাত, মন্দ-মধু-হাস॥
বুঝিয়া রমণীগণ-মন বনমালী।
ব্রজপুরে পরবেশ করিলা শ্রীহরি॥
৪৪ যশোদা-রোহিণী দুই হরষিত-মনে।
আশীর্ব্বাদ কৈলা রাম-কৃষ্ণ-দরশনে॥
৪৫ মর্দ্দন-মজ্জন করাইলা পুণ্যজলে।
দিব্যগন্ধ-বিলেপন দিলা কলেবরে॥
বসন-ভূষণ, দিব্য আভরণ দিলা।
৪৬ দিব্য অন্নপান দিয়া ভোজন করাইলা॥
লালন-পালন কৈলা বিবিধ-বিধানে।
শয়ন করাইলা মাতা উত্তম শয়নে॥
৪৭ এইরূপে আনন্দে বিহরে বনমালী।
মায়া-নরনারায়ণ শিশু-লীলা করি'॥

৪৮। **অথ গাবশ্চ গোপাশ্চ নিদাঘাতপপীড়িতাঃ। দুষ্টং জলং পপুস্তস্যাস্তুষার্ত্তা বিষদূষিতম্॥**
৪৯। **বিষান্তস্তদুপস্পৃশ্য দৈবোপহতচেতসঃ। নিপেতুর্ব্যসবঃ সর্ব্বে সলিলান্তে কুরূদ্বহ!**
৫০। **বীক্ষ্য তান্ বৈ তথাভূতান্ কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ।**
ঈক্ষয়ামৃতবর্ষিণ্যা স্বনাথান্ সমজীবয়ৎ॥
৫১। **তে সম্প্রতীতস্মৃতয়ঃ সমুত্থায় জলান্তিকাৎ। আসন্ সুবিস্মিতাঃ সর্ব্বে বীক্ষমাণাঃ পরস্পরম্॥**
৫২। **অন্বমংসত তদ্রাজন্! গোবিন্দানুগ্রহেক্ষিতম্। পীত্বা বিষং পরেতস্য পুনরুত্থানমাত্মনঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে ধেনুকবধো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫॥

বৃন্দাবনে বনমালী গেলা একদিনে।
শিশুগণে সঙ্গে করি' বলরাম-বিনে॥
ধেনু লঞা গেলা কৃষ্ণ কালিন্দীর তীরে।
৪৮ তৃষ্ণায় আকুল ধেনু ধাইল সত্বরে॥
ধাঞা গিয়া শিশুগণ কৈলা জলপান।
৪৯ বিষজল পান করি' হরিল গেয়ান॥
প্রাণ হরি' বৎস-শিশু পড়িলা সকল।
৫০ দেখিয়া বিস্ময় হৈলা প্রভু যোগেশ্বর॥
চাহিলা সদয়ে হরি অমৃত-নয়নে।
গোধন-বালক জীয়া উঠিলা তখনে॥
৫১ বিস্ময়ে বালক-সব মুখামুখি চায়।
মরিয়া বর্ত্তিলুঁ পুন কেমন উপায়?
৫২ কৃষ্ণ-অনুগ্রহে জীলুঁ, বুঝি অনুমানে।
প্রভু-বিনে কে আর করিবে পরিত্রাণে?"
ভাগবত-আচার্য্যের মধুরস-গান।
সুখে লোক কর' কৃষ্ণকথা-রস পান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫॥

ষোড়শোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **বিলোক্য দূষিতাং কৃষ্ণাং কৃষ্ণঃ কৃষ্ণাহিনা বিভুঃ। তস্যা বিশুদ্ধিমন্বিচ্ছন্ সর্পং তমুদবাসয়ৎ॥**

শ্রীরাজোবাচ

২। **কথমন্তর্জলেঽগাধে ন্যগৃহ্লাদ্ভগবানহিম্? স বৈ বহুযুগাবাসং যথাসীদ্দ্বিজ! কথ্যতাম্॥**
৩। **ব্রহ্মন্! ভগবতস্তস্য ভূম্নঃ স্বচ্ছন্দবর্ত্তিনঃ। গোপালোদারচরিতং কস্তৃপ্যেতামৃতং জুষন্?**

[নট-রাগ]

১ কালসর্প-বিদূষিত যমুনার জল।
দেখিয়া পন্নগ দূর কৈলা যোগেশ্বর॥
২ তবে রাজা জিজ্ঞাসিলা ভয় পাঞা মনে।
"জলের ভিতরে সাপ ধরিলা কেমনে?
সে-বা সর্প তথা কেন আছে এতকাল?
কহিবে সকল, মুনি! করিয়া বিস্তার॥
৩ পরিপূর্ণ ভগবান্ গুণকর্ম্মহীন।
ভকতবৎসল হরি, ভকত-অধীন॥
তাঁহার উদারলীলা-চরিত্র-শ্রবণে।
কাহার তৃপিত হয় সুধারস-পানে?"

শ্রীশুক উবাচ

৪। কালিন্দ্যাং কালিয়স্যাসীদ্ হ্রদঃ কশ্চিদ্বিষাগ্নিনা। শ্রপ্যমাণপয়া যস্মিন্ পতন্ত্যুপরিগাঃ খগাঃ ॥
৫। বিপ্রুষ্মতা বিষোদোর্ম্মিমারুতেনাভিমর্শিতাঃ। ম্রিয়ন্তে তীরগা যস্য প্রাণিনঃ স্থিরজঙ্গমাঃ ॥
৬। তং চণ্ডবেগবিষবীর্য্যমবেক্ষ্য তেন, দুষ্টাং নদীঞ্চ খলসংযমনাবতারঃ।
কৃষ্ণঃ কদম্বমধিরুহ্য ততোঽতিতুঙ্গ,-মাস্ফোট্য গাঢ়রশনো ন্যপতদ্বিষোদে ॥
৭। সর্পহ্রদঃ পুরুষসারনিপাতবেগ,-সঙ্ক্ষোভিতোরগবিষোচ্ছ্বসিতাম্বুরাশিঃ।
পর্য্যক্প্লুতো বিষকষায়বিভীষণোর্ম্মি,-ধাবন্ ধনুঃশতমনন্তবলস্য কিং তৎ ?
৮। তস্য হ্রদে বিহরতো ভুজদণ্ডঘূর্ণ,-বার্ঘোষমঙ্গ ! বরবারণবিক্রমস্য।
আশ্রুত্য তৎ স্বসদনাভিভবং নিরীক্ষ্য, চক্ষুঃশ্রবাঃ সমসরত্তদমৃষ্যমাণঃ ॥
৯। তং প্রেক্ষণীয়সুকুমারঘনাবদাতং, শ্রীবৎসপীতবসনং স্মিতসুন্দরাস্যম্।
ক্রীড়ন্তমপ্রতিভয়ং কমলোদরাঙ্ঘ্রিং, সন্দশ্য মর্ম্মসু রুষা ভুজয়া চছাদ ॥
১০। তং নাগভোগপরিবীতমদৃষ্টচেষ্ট,-মালোক্য তৎপ্রিয়সখাঃ পশুপা ভৃশার্ত্তাঃ।
কৃষ্ণেঽর্পিতাত্মসুহৃদর্থকলত্রকামা, দুঃখানুশোকভয়মূঢ়ধিয়ো নিপেতুঃ ॥

---

৪ শুকমুনি বলে',—"শুন কহি, ক্ষিতীশ্বর !
আছিল বিষম এক হ্রদ ভয়ঙ্কর ॥
যমুনার জলে, তা'থে কালীনাগ বৈসে।
উথলিয়া উঠে জল তা'র মহাবিষে ॥
তাহার উপরে কোন জীব না সঞ্চরে।
উড়িয়া যাইতে পাখী বিষজ্বালে মরে ॥
৫ বিষকণাযুত বায়ু যতদূর চলে।
তাবৎ-পর্য্যন্ত তা'র বৃক্ষ নাহি তীরে ॥
৬ পরচণ্ড, বিষবীর্য্য দেখি' ফণধর।
বিষ-বিদূষিত দেখি' যমুনার জল ॥
খল-সংযমন-হেতু অবতার করে'।
লম্ফ দিয়া চঢ়ে উচ্চ কদম্বের ডালে ॥
দৃঢ় করি' পরিধান বান্ধিলা খেঁচিয়া।
জলে ঝাঁপ দিলা হরি মালসাট দিয়া ॥
৭ অখিলপুরুষ-সার ঝাঁপ দিলা জলে।
ক্ষোভিল পন্নগরাজ কম্পিত-অন্তরে ॥
ঘনশ্বাস-বিষজ্বালে উথলিল নীর।
শতধনু-পর্য্যন্ত উঠিল দুই তীর ॥
অনন্ত বিক্রম-বল অমিত মহিমা।
এই কোন্ অদ্ভুত বিক্রমের সীমা ?
৮ সর্পহ্রদে করে' হরি বিবিধ বিহার।
উন্মত্ত বারণবর, বিক্রমে বিশাল ॥
বিঘূর্ণিত ভুজদণ্ড তরঙ্গ-কল্লোলে।
নাগরাজে শবদ বাজিল উতরোলে ॥
শবদ শুনিঞা নাগ প্রকোপে জ্বলিল।
সসৈন্যে আসিয়া কৃষ্ণে চৌদিগে বেঢ়িল ॥
৯ মনোহর কলেবর, নবঘন-শ্যাম।
শ্রীবৎস-লক্ষণ, পীতবস্ত্র-পরিধান ॥
মন্দ-মধুস্মিত-চারু সুন্দর বদন।
পদ্মগর্ভদল—করপল্লব-চরণ ॥
মরমে মরমে নাগ সর্ব্বাঙ্গে দংশিয়া।
বেঢ়িল কৃষ্ণের অঙ্গ নিজ-অঙ্গ দিয়া ॥
১০ নাগভোগ-বেষ্টিত সকল কলেবর।
অচেতন-লীলা করি' রহে প্রাণেশ্বর ॥
বুঝিতে সর্পের বল-বিক্রমের সীমা।
আপনে আচ্ছাদে প্রভু আপন-মহিমা ॥
গোপগণ অচেতন দেখিয়া শ্রীহরি।
মূরছিত হঞা তা'রা পড়ে প্রাণ ছাড়ি' ॥
চিত্ত-বিত্ত-সুত-দারা কৃষ্ণে আরোপণ।
গোবিন্দ-বান্ধব তা'রা গোবিন্দ-জীবন ॥

১১। গাবো বৃষা বৎসতর্য্যঃ ক্রন্দমানাঃ সুদুঃখিতাঃ। কৃষ্ণে ন্যস্তেক্ষণা ভীতা রুদন্ত্য ইব তস্থিরে॥
১২। অথ ব্রজে মহোৎপাতাস্ত্রিবিধা হ্যতিদারুণাঃ। উৎপেতুর্ভুবি দিব্যাত্মন্যাসন্নভয়শংসিনঃ॥

১৩। তানালক্ষ্য ভয়োদ্বিগ্না গোপা নন্দপুরোগমাঃ।
বিনা রামেণ গাঃ কৃষ্ণং জ্ঞাত্বা চারয়িতুং গতম্॥

১৪। তৈর্দুর্নিমিত্তৈর্নিধনং মত্বা প্রাপ্তমতদ্বিদঃ। তৎপ্রাণাস্তন্মনস্কাস্তে দুঃখশোকভয়াতুরাঃ॥
১৫। আবালবৃদ্ধবনিতাঃ সর্ব্বেঽঙ্গ! পশুবৃত্তয়ঃ। নির্জগ্মুর্গোকুলাদ্দীনাঃ কৃষ্ণদর্শনলালসাঃ॥
১৬। তাংস্তথা কাতরান্ বীক্ষ্য ভগবান্ মাধবো বলঃ। প্রহস্য কিঞ্চিন্নোবাচ প্রভাবজ্ঞোঽনুজস্য সঃ॥
১৭। তেঽন্বেষমাণা দয়িতং কৃষ্ণং সূচিতয়া পদৈঃ। ভগবল্লক্ষণৈর্জগ্মুঃ পদব্যা যমুনাতটম্॥

১৯। অন্তর্হ্রদে ভুজগভোগপরীতমারাৎ, কৃষ্ণং নিরীহমুপলভ্য জলাশয়ান্তে।
গোপাংশ্চ মূঢ়ধিষণান্ পরিতঃ পশূংশ্চ, সংক্রন্দতঃ পরমকশ্মলমাপুরার্ত্তাঃ॥
২০। গোপ্যোঽনুরক্তমনসো ভগবত্যনন্তে, তৎসৌহৃদঃ স্মিতবিলোকগিরঃ স্মরন্ত্যঃ।
গ্রস্তেঽহিনা প্রিয়তমে ভৃশদুঃখতপ্তাঃ, শূন্যং প্রিয়ব্যতিহৃতং দদৃশুস্ত্রিলোকম্॥

হেন কৃষ্ণ-বিনে কি গোয়ালা-সব জীয়ে ?
প্রাণ ছাড়ি' পড়িলা দারুণ শোক-ভয়ে॥

১১ ধেনু, বৃষ, বৎসগণ কান্দিতে লাগিল।
কৃষ্ণে দৃষ্টি আরোপিয়া দাণ্ডাঞা রহিল॥

১২ হেনকালে বিবিধ-প্রকার উতপাত।
ব্রজপুরে উপজিল অতি পরমাদ॥

১৩ তা' দেখিয়া নন্দ-আদি বৃদ্ধ গোপগণে।
ভয়েতে ব্যাকুল হঞা চিন্তে মনে-মনে॥
'আজি কৃষ্ণ বনে গেলা, বলরাম ঘরে।

১৪ না জানি, কাননে কোন্ পরমাদ ফলে ?
জীয়ে বা না জীয়ে কৃষ্ণ, হেন ল'য়ে মনে।
নানা উতপাত দেখি, বড় কুলক্ষণে॥'
কৃষ্ণ প্রাণ, কৃষ্ণ মন, কৃষ্ণ বন্ধু-ধন।
কৃষ্ণ-বিনে কিছুই না জানে গোপগণ॥
দুঃখ-শোকে বিয়াকুল চলিলা ত্বরিতে।

১৫ আবাল-বনিতা-বৃদ্ধ সকল-সহিতে॥
অন্ধ-খঞ্জ-আদি করি' দীন-হীন জন।
সকল গোকুলবাসী হঞা অচেতন॥
বন-পরবেশ কৈলা কৃষ্ণের উদ্দেশে।

১৬ বলভদ্র সর্ব্বতত্ত্ব জানেন বিশেষে॥
হাসিয়া রহিলা রাম, না দিলা উত্তর।
কৃষ্ণের মহিমা রাম জানেন সকল॥

১৭ গোপগণে চাহিয়া বেড়ায় বনে-বনে।
গো-পথে কৃষ্ণের পদ চিনিলা লক্ষণে॥
সেই পথ-অনুসারে যায় গোপগণে।
যমুনার তীরে গিয়া হৈলা উপসন্নে॥

১৯ গোপগণ পড়ি' আছে অচেতন হঞা।
ধেনু-বৎসগণ কান্দে কৃষ্ণমুখ চাঞা॥
কালীদহে ভাসে কৃষ্ণ জলের উপর।
কালী-নাগে দংশিল সকল কলেবর॥
ভুজঙ্গে বেষ্টিত অঙ্গ, না ধরে' গেয়ান।
তা' দেখিয়া গোপগণের হরিল পরাণ॥

২০ গোপীগণ সতত গোবিন্দে ধরে' চিত্ত।
গোবিন্দ জীবন তা'দের, পতি-সুত-বিত্ত॥
হেন প্রিয়তম কৃষ্ণে দংশিল পন্নগে।
সঙরি' প্রভুর গুণ মনে দুঃখ লাগে॥
কৃষ্ণ-বিনে দেখে গোপী শূন্য ত্রিভুবন।
শরীর না ধরে গোপী, না রহে জীবন॥

২১। তাঃ কৃষ্ণমাতরমপত্যমনুপ্রবিষ্টাং, তুল্যব্যথাঃ সমনুগৃহ্য শুচঃ স্রবন্ত্যঃ।
তাস্তা ব্রজপ্রিয়কথাঃ কথয়ন্ত্য আস, কৃষ্ণাননেঽর্পিতদৃশো মৃতকপ্রতীকাঃ॥
২২। কৃষ্ণপ্রাণান্ নিবিশতো নন্দাদীন্ বীক্ষ্য তং হ্রদম্।
প্রত্যষেধৎ স ভগবান্ রামঃ কৃষ্ণানুভাববিৎ॥
২৩। ইত্থং স্বগোকুলমনন্যগতিং নিরীক্ষ্য, সস্ত্রীকুমারমতিদুঃখিতমাত্মহেতোঃ।
আজ্ঞায় মর্ত্ত্যপদবীমনুবর্ত্তমানঃ, স্থিত্বা মুহূর্ত্তমুদতিষ্ঠদুরঙ্গবন্ধাৎ॥
২৪। তৎপ্রথ্যমানবপুষা ব্যথিতাত্মভোগ,-স্ত্যক্তো নমস্য কুপিতঃ স্বফণান্ ভুজঙ্গঃ।
তস্থৌ শ্বসন্ শ্বসনরন্ধ্রবিষাম্বরীষ,-স্তব্ধেক্ষণোল্মুকমুখো হরিমীক্ষমাণঃ॥
২৫। তং জিহ্বয়া দ্বিশিখয়া পরিলেলিহানং, দ্বে স্বক্কিণী হ্যতিকরালবিষাগ্নিদৃষ্টিম্।
ক্রীড়ন্নমুং পরিসসার যথা খগেন্দ্রো, বভ্রাম সোঽপ্যবসরং প্রসমীক্ষমাণঃ॥
২৬। এবং পরিভ্রমহতৌজসমুন্নতাংস,-মানম্য তৎপৃথুশিরঃস্বধিরূঢ় আদ্যঃ।
তন্মূর্দ্ধরত্ননিকরস্পরশাতিতাম্র,-পাদাম্বুজোঽখিলকলাদিগুরুর্ননর্ত্ত॥

[ভাটিয়ারী-রাগ]

২১ কান্দে ব্রজরমণী, যশোদাদেবী কান্দে।
কেহ কা'র গলে ধরে, কেশ নাহি বান্ধে॥
যশোদা বিলাপ করি' কৃষ্ণগুণ কহে।
আঁখি আরোপিয়া গোপী কৃষ্ণপানে চাহে॥
কৃষ্ণে আরোপিত চিত্ত, তনু, মন, প্রাণ।
২২ কৃষ্ণ বিনে পরাণে না জীয়ে গোপগণ॥
কালীদহে পরবেশি' তেজিব পরাণ।
নিষেধ করিয়া রাখে প্রভু বলরাম॥
বলভদ্র শ্রীকৃষ্ণের অনুভব জানে।
নিবারিয়া গোপগণে রাখিলা যতনে॥
২৩ তবে প্রভু গোকুলনন্দন বনমালী।
ক্ষণেক মানুষ-জাতি-পথ অনুসারি'॥
গোকুল আকুল দেখি' যশোদাকুমার।
বলে',—'আমা'-বিনে ব্রজে গতি নাহি আর॥
আমার কারণে দুঃখ-শোকে বিমোহিত।
নিজজন-দুঃখ দেখি, এ কোন্ উচিত?'
২৪ এতেক চিন্তিয়া কৃষ্ণ কোন্ কর্ম্ম করে'?
লীলায় বাঢ়ায় হরি নিজ কলেবরে॥
ছিণ্ডিল সর্পের অঙ্গ হঞা খান-খান।
সন্ধিবন্ধ ছিণ্ডে, সর্প তেজয়ে পরাণ॥
বন্ধন ছাড়িয়া নাগ রহিল অন্তরে।
ঘন-শ্বাস ছাড়ে সর্প, ছট্‌ফট্ করে'॥
নাসারন্ধ্রে বিষজ্বালে আগুনি-সঞ্চার।
স্তম্ভিত-লোচন যেন তপত অঙ্গার॥
মুখজ্বালে ঝলমল উল্কা-বরিষণ।
ক্রোধ করি' চাহে নাগ, ঘন গরজন॥
২৫ সর্প লঞা খেলে খেলা ত্রিজগতনাথ।
মন্ত্রগুরু-প্রধান সর্পের জানে বাত॥
কালীনাগে বেঢ়িয়া ভ্রময়ে চারি-পাশে।
কালীহো ভ্রময়ে কৃষ্ণে দংশিবার আশে॥
২৬ ফণাগণ তুলিয়া ভ্রময়ে নিরন্তর।
ঘন-ঘন ভ্রমণে টুটিল বুদ্ধি-বল॥
রসিকশেখর হরি কোন্ কর্ম্ম করে?
লম্ফ দিয়া উঠে সর্পফণার উপরে॥
ফণা-মণি-রতন-নিকর-পরশনে।
বিলসিত নখচন্দ্র রাতুল-চরণে॥
সর্ব্ব-কলারস-গুরু নৃত্য ভাল জানে'।
ফণধর-ফণে নাচে চরণ-সন্ধানে॥

২৭। তং নর্ত্তুমুদ্যতমবেক্ষ্য তদা তদীয়,-গন্ধর্ব্বসিদ্ধসুরচারণদেববধ্বঃ।
প্রীত্যা মৃদঙ্গপণবানকবাদ্যগীত,-পুষ্পোপহারনুতিভিঃ সহসোপসেদুঃ॥

২৮। যদ্‌যচ্ছিরো ন নমতেঽঙ্গ! শতৈকশীর্ষ্ণ,-স্তত্তন্মমর্দ্দ খরদণ্ডধরোঽঙ্ঘ্রিপাতৈঃ।
ক্ষীণায়ুষো ভ্রমত উল্বণমাস্যতোঽসৃঙ্,-নস্তো বমন্ পরমকশ্মলমাপ নাগঃ॥

২৯। তস্যাক্ষিভির্গরলমুদ্বমতঃ শিরঃসু, যদ্‌যৎ সমুন্নমতি নিশ্বসতো রুষোচ্চৈঃ।
নৃত্যন্ পদানুনময়ন্ দময়াঞ্চকার, পুষ্পৈঃ প্রপূজিত ইবেহ পুমান্ পুরাণঃ॥

৩০। তচ্চিত্রতাণ্ডববিরুগ্নফণাতপত্রো, রক্তং মুখৈরুরু বমন্ নৃপ! ভগ্নগাত্রঃ।
স্মৃত্বা চরাচরগুরুং পুরুষং পুরাণং, নারায়ণং তমরণং মনসা জগাম॥

৩১। কৃষ্ণস্য গর্ভজগতোঽতিভরাবসন্নং, পার্ষ্ণিপ্রহারপরিরুগ্নফণাতপত্রম্।
দৃষ্ট্বাহিমাদ্যমুপসেদুরমুষ্য পত্ন্য, আর্ত্তাঃ শ্লথদ্বসনভূষণকেশবন্ধাঃ॥

৩২। তাস্তং সুবিগ্নমনসোঽথ পুরস্কৃতার্ভাঃ, কায়ং নিধায় ভুবি ভূতপতিং প্রণেমুঃ।
সাধ্ব্যঃ কৃতাঞ্জলিপুটাঃ শমলস্য ভর্ত্তু,-র্মোক্ষেপ্সবঃ শরণদং শরণং প্রপন্নাঃ॥

---

২৭ নৃত্যারম্ভ দেখিয়া প্রভুর সুরগণে।
'জয় জয়' ধ্বনি কৈলা, পুষ্প-বরিষণে॥
গন্ধর্ব্ব-কিন্নরে বাদ্য করে' সাবধানে।
সুমধুর গায় গীত সুরবধূগণে॥
মৃদঙ্গ-পণব-শঙ্খ-দুন্দুভি-বাজন।
গীত-অনুগত বাদ্য, সরস ভাষণ॥
মধুর, মঙ্গল স্তুতি-গীত মনোহর।
সাবধানে সুরগণে সেবয়ে তৎপর॥

২৮ যে যে ফণা না নোঙায় ফণী দুরাচার।
সেই ফণে উঠি' কয়ে' চরণ-প্রহার॥
দুষ্টনিবারণ হরি, খল-দণ্ডধর।
চরণে মর্দ্দন করে' শিরের উপর॥
প্রাণ ছাড়ি' মরে সর্প, না ধরে' শরীর।
ঝলকে ঝলকে পড়ে মুখের রুধির॥
গরল পড়য়ে ধারে নাসিকাবিবরে।
আঁখি ফুটি' ছট্‌ফটি রুধির সঞ্চরে॥

২৯ যে যে ফণা না নোঙায়ে দুষ্ট ফণধর।
সেই ফণে লম্ফ দিয়া উঠে যদুবর॥
পুরাণ-পুরুষ হরি সুরগুরু-রায়।
নৃত্য করে' সর্পশিরে, চরণে দমায়॥
সুরগণে করে' দিব্য পুষ্প-বরিষণ।
ফণী-ফণে নৃত্য করে' আদি-নারায়ণ॥

৩০ কৃষ্ণের তাণ্ডব-নৃত্যে, চরণ-প্রহারে।
ভাঙ্গিল ভুজঙ্গ-ভোগ, রুধির উগারে॥
সহস্রেক ফণা ফুটি' হৈল খান-খান।
সহিতে না পারে তেজ, তেজয়ে পরাণ॥
চরাচরগুরু হরি, পুরুষ পুরাণ।
সর্ব্বলোকগতি-পতি প্রভু ভগবান্॥
মনে সঙরিয়া নাগ পশিল শরণ।
'এবার উদ্ধার মোরে কর' নারায়ণ'॥

৩১-৩২ বিশ্বম্ভর, জগৎ উদরে যাঁ'র বৈসে।
হেন প্রভু সর্প-শিরে নাচে নৃত্যরসে॥
প্রাণ ছাড়ে ফণধরে দেখি' পত্নীগণে।
শোকেতে ব্যাকুল হঞা পশিল শরণে॥
কুলশীল-গুণবতী, সতী, পতিব্রতা।
পতিগত-রতি-মতি, পরম-পণ্ডিতা॥
খসিল অঙ্গের বেশ, বসন-ভূষণ।
বিগলিত কেশপাশ, হরল চেতন॥
নিজ-নিজ সুত কোলে, শিরে কর ধরে।
দণ্ড-পরণাম করি' ক্ষিতিতলে পড়ে॥

শ্রীনাগপত্ন্য ঊচুঃ

৩৩। ন্যায্যো হি দণ্ডঃ কৃতকিল্বিষেঽস্মিং,-স্তবাবতারঃ খলনিগ্রহায়।
রিপোঃ সুতানামপি তুল্যদৃষ্টে,-র্ধত্সে দমং ফলমেবানুশংসন্॥

৩৪। অনুগ্রহোঽয়ং ভবতঃ কৃতো হি নো, দণ্ডোঽসতাং তে খলু কল্মষাপহঃ।
যদ্দন্দশূকত্বমমুষ্য দেহিনঃ, ক্রোধোঽপি তেঽনুগ্রহ এব সম্মতঃ॥

৩৫। তপঃ সুতপ্তং কিমনেন পূর্ব্বং, নিরস্তমানেন চ মানদেন।
ধর্ম্মোঽথবা সর্ব্বজনানুকম্পয়া, যতো ভবাংস্তুষ্যতি সর্ব্বজীবঃ॥

৩৬। কস্যানুভাবোঽস্য ন দেব! বিদ্মহে, তবাঙ্ঘ্রিরেণুস্পরশাধিকারঃ।
যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো, বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতা॥

৩৭। ন নাকপৃষ্ঠং ন চ সার্ব্বভৌমং, ন পারমেষ্ঠ্যং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা, বাঞ্ছন্তি যৎ পাদরজঃ প্রপন্নাঃ॥

৩৮। তদেষ নাথাপ দুরাপমন্যৈ,-স্তমোজনিঃ ক্রোধবশোঽপ্যহীশঃ।
সংসারচক্রে ভ্রমতঃ শরীরিণো, যদিচ্ছতঃ স্যাদ্বিভবঃ সমক্ষঃ॥

৩৯। নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে। ভূতাবাসায় ভূতায় পরায় পরমাত্মনে॥

অপরাধ মাগি' লৈল প্রভুর চরণে।
স্তুতি করে' নাগপত্নী পশিয়া শরণে॥

[ধানসী-রাগ]

৩৩ 'কৃত-অপরাধ, ভুজঙ্গ দেব-দেব!
নিবারিলে খল পরচণ্ড।
রিপু-সুতে সমান,-দরশী তুঁহু ভগবান্,
সমুচিত কর' খল-দণ্ড॥

গোসাঞি! বারেক দেহ' পতি-দান।
হাম নারীজাতি, সহজে লোকগর্হিতি,
পতিগত কেবল পরাণ॥ ধ্রু

৩৪ কৃতদুষ্কৃতজন, দুরিত-হরণ দম,
অনুগ্রহ পরম তোমার।
কুযোনি-জনম অতি, ক্রূর ভুজঙ্গম-জাতি,
কৃতপাপ করিলে সংহার॥

৩৫ নিজমান তেজি', জগ-জন-কৃত-মান,
কোন্ তপ করল ভুজঙ্গ?
অখিল-দয়াপর,-ধরম-করণে কিবা,
তোষণে জগজনানন্দ?

৩৬ না বুঝলুঁ হাম তা'র—ফণীর কোন্ অধিকার,
শ্রীচরণের রজঃ-পরশনে?
নিজ-গুণ-দোষ তেজি', লছমী যো বাঞ্ছই,
তপ-যোগ করই ধেয়ানে॥

৩৭ যো চরণারবিন্দ,-রজ-গতমতি,
তছু-বিনে আন নাহি জানে'।
সুরপতি-পদ আর, অখিল ক্ষিতিপতি,
প্রজাপতি-পদ নাহি মানে॥

অখিল-সম্পদপদ, রসাতল-সম্পদ,
সম্পদ করিয়া নাহি জানে।
অষ্টযোগসিদ্ধি, নিরবাণ-মুকতি,
সকল তড়িৎ-সমানে॥

৩৮ তমোগুণ-জনিত, ক্রোধপর-কলেবর,
ফণধর (সেহো তুয়া) পদধূলি পায়।
ভাগবতাচার্য্যে ভণে, তছু পদ-চিন্তনে,
এ-ভববন্ধন দূরে যায়॥

৩৯ নমো নমো মহাযোগী, নমো ভগবান্!
পরমাত্মা, অন্তর্য্যামী, পুরুষ-পুরাণ॥

৪০। জ্ঞানবিজ্ঞাননিধয়ে ব্রহ্মণেঽনন্তশক্তয়ে। অগুণায়াবিকারায় নমস্তে(ঽ)প্রাকৃতায় চ ॥
৪১। কালায় কালনাভায় কালাবয়বসাক্ষিণে। বিশ্বায় তদুপদ্রষ্টে তৎকর্ত্রে বিশ্বহেতবে ॥
৪২। ভূতমাত্রেন্দ্রিয়প্রাণ-মনোবুদ্ধ্যাশয়াত্মনে। ত্রিগুণেনাভিমানেন গূঢ়স্বাত্মানুভূতয়ে ॥
৪৩। নমোঽনন্তায় সূক্ষ্মায় কূটস্থায় বিপশ্চিতে। নানাবাদানুরোধায় বাচ্যবাচকশক্তয়ে ॥
৪৪। নমঃ প্রমাণমূলায় কবয়ে শাস্ত্রযোনয়ে। প্রবৃত্তায় নিবৃত্তায় নিগমায় নমো নমঃ ॥
৪৫। নমঃ কৃষ্ণায় রামায় বসুদেবসুতায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ ॥
৪৭। অব্যাকৃতবিহারায় সর্ব্বব্যাকৃতসিদ্ধয়ে। হৃষীকেশ! নমস্তেঽস্তু মুনয়ে মৌনশীলিনে ॥
৪৯। ত্বং হ্যস্য জন্মস্থিতিসংযমান্ প্রভো, গুণৈরনীহোঽকৃতকালশক্তিধৃক্।
তত্তৎস্বভাবান্ প্রতিবোধয়ন্ সতঃ, সমীক্ষয়ামোঘবিহার ঈহসে ॥
৫০। তস্যৈব তেঽমূস্তনবস্ত্রিলোক্যাং, শান্তা অশান্তা উত মূঢ়যোনয়ঃ।
শান্তাঃ প্রিয়াস্তে হ্যধুনাবিতুং সতাং, স্থাতুশ্চ তে ধর্ম্মপরীপ্সয়েহতঃ ॥
৫১। অপরাধঃ সকৃদ্ভর্ত্রা সোঢ়ব্যঃ স্বপ্রজাকৃতঃ। ক্ষন্তুমর্হসি শান্তাত্মন্! মূঢ়স্য ত্বামজানতঃ ॥
৫২। অনুগৃহ্ণীষ ভগবান্ প্রাণাংস্ত্যজতি পন্নগঃ। স্ত্রীণাং নঃ সাধুশোচ্যানাং পতিঃ প্রাণঃ প্রদীয়তাম্ ॥
৫৩। বিধেহি তে কিঙ্করীণামনুষ্ঠেয়ং তবাজ্ঞয়া। যচ্ছ্রদ্ধয়ানুতিষ্ঠন্ বৈ মুচ্যতে সর্ব্বতো ভয়াৎ ॥

শ্রীশুক উবাচ

৫৪। ইত্থং স নাগপত্নীভির্ভগবান্ সমভিষ্টুতঃ। মূর্চ্ছিতং ভগ্নশিরসং বিসসর্জ্জাঙ্ঘ্রিকুট্টনৈঃ ॥

---

৪০ জ্ঞানগম্য, জ্ঞানময়, অনন্তশকতি।
গুণ-বিবর্জ্জিত, নিত্য, সর্ব্বভূতপতি ॥
৪১ কালময়, কালনাভ, সংহারকারণ।
নমো নমো, বিশ্বরূপ, বিশ্বপরায়ণ!
৪২-৪৪ নিগূঢ়মহিমা, সর্ব্বভূতাশয়বাসী।
নমো নমো মহাসূক্ষ্ম, পূর্ণ-গুণরাশি!
বাচ্য-বাচক-শক্তি, পুরুষ-পুরাণ।
প্রমাণ-কারণ, বেদ-উতপতি-স্থান ॥
৪৫ নমঃ কৃষ্ণায় রামায় বাসুদেবায় তে নমঃ।
প্রদ্যুম্নায় নমো নমঃ, সাত্বতাং পতয়ে নমঃ ॥
অনিরুদ্ধ! নমো নমো, নমো হৃষীকেশ!
পরাপরগতি, বিশ্বময়, বিশ্ববেষ ॥
৪৭ নমো নমো, অবিকার-বিহার-বিলাস!
নমো নমো, নিজজন-হৃদয়-প্রকাশ!
৪৯ তুমি সৃজ, তুমি পাল', তুমি সে সংহার'।
মায়ায় ত্রিগুণে তুমি তিন মূর্ত্তি ধর' ॥
৫০ ভাল-মন্দ-চরাচর সৃজিলে আপনে।
সভার জনক তুমি—উৎপত্তির স্থানে ॥
তথাপি উত্তম-জনে পীরিতি তোমার।
দুষ্ট নিবারণ কর'—উচিত বিচার ॥
নিজধর্ম্ম স্থাপিবে দণ্ডিয়া দুষ্ট জন।
খলে দণ্ড তুমি, নাথ! ধর' তে-কারণ ॥
৫১ প্রভু হঞা ভৃত্য-অপরাধে দণ্ড করে'।
একবার অপরাধ ক্ষেম, দণ্ডধরে!
ক্ষেম ক্ষেম, মহাপ্রভু! ক্ষেম একবার।
না জানে তোমার তত্ত্ব মূঢ় দুরাচার ॥
৫২ অনুগ্রহ কর', নাথ! দেহ' পতি-দান।
আমি-সব স্ত্রীজাতি পতিগত-প্রাণ ॥
৫৩ আমি-সব তোমার কিঙ্করী আজি-হনে।
আজ্ঞা দেহ', কি কাজ করিব দাসীগণে?
শ্রদ্ধায় তোমার আজ্ঞা যে-জন আচরে।
সেই জন অনাদি-সংসারদুঃখ তরে' ॥
৫৪ এত স্তুতি কৈল যদি নাগপত্নীগণে।
কৃপা কৈলা দেবদেব, প্রভু-নারায়ণে ॥
ফণিফণা ছাড়িয়া নামিলা জনার্দ্দন।
মূরছিত হৈয়া নাগ রহে কতক্ষণ ॥

৫৫। প্রতিলব্ধেন্দ্রিয়প্রাণঃ কালিয়ঃ শনকৈর্হরিম্। কৃচ্ছ্রাৎ সমুচ্ছ্বসন্ দীনঃ কৃষ্ণং প্রাহ কৃতাঞ্জলিঃ॥
৫৬। বয়ং খলাঃ সহোৎপত্ত্যা তামসা দীর্ঘমন্যবঃ। স্বভাবো দুস্ত্যজো নাথ! লোকানাং যদসদ্গ্রহঃ॥
৫৭। ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং ধাতর্গুণবিসর্জ্জনম্। নানাস্বভাববীর্য্যৌজো যোনিবীজাশয়াকৃতি॥
৫৮। বয়ঞ্চ তত্র ভগবন্! সর্পা জাত্যুরুমন্যবঃ। কথং ত্যজামস্ত্বন্মায়াং দুস্ত্যজাং মোহিতাঃ স্বয়ম্?
৫৯। ভবান্ হি কারণং তত্র সর্ব্বজ্ঞো জগদীশ্বরঃ। অনুগ্রহং নিগ্রহং বা মন্যসে তদ্বিধেহি নঃ॥

শ্রীশুক উবাচ

৬০। ইত্যাকর্ণ্য বচঃ প্রাহ ভগবান্ কার্য্যমানুষঃ॥
৬১। নাত্র স্থেয়ং ত্বয়া সর্প! সমুদ্রং যাহি মা চিরম্।
স্বজ্ঞাত্যপত্যদারাঢ্যো গোনৃভির্ভুজ্যতে নদী॥
৬২। য এতৎ সংস্মরেন্মর্ত্ত্যস্তুভ্যং মদনুশাসনম্। কীর্ত্তয়ন্নুভয়োঃ সন্ধ্যোর্ন যুষ্মদ্ভয়মাপ্নুয়াৎ॥
৬৩। যোঽস্মিন্ স্নাত্বা মদাক্রীড়ে দেবাদীংস্তর্পয়েজ্জলৈঃ।
উপোষ্য মাং স্মরন্নর্চ্চেৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥
৬৪। দ্বীপং রমণকং হিত্বা হ্রদমেতমুপাশ্রিতঃ। যদ্ভয়াৎ স সুপর্ণস্ত্বাং নাদ্যান্নৎপাদলাঞ্ছিতম্॥

---

৫৫ ধীরে ধীরে চিত্ত স্থির করে' ফণিরাজ।
দীন, হীনগতি, ঘন তেজয়ে শোয়াস॥
করজোর করিয়া কৃষ্ণের পাশে রহে।
নিবেদন করে' কিছু, নিজ দোষ কহে॥

৫৬ 'উতপতি-হনে, আমি-সব খল-মতি।
ক্রোধময়, তমোগুণ, দুষ্ট সর্পজাতি॥
স্বভাব-খণ্ডন, নাথ! কাহারো না যায়।
স্বভাবে সকল লোক নানা-পথে ধায়॥

৫৭ তোমার সৃজিত বিশ্ব ত্রিগুণজনিত।
নানা-বীর্য্য-বল-বুদ্ধি-স্বভাব-রচিত॥

৫৮ তা'র মধ্যে আমি-সব হই সর্পজাতি।
নিরবধি ক্রোধপরায়ণ, দুষ্টমতি॥
এ-সব তোমার মায়া ছাড়িতে না পারি।
মায়াবিমোহিত হঞা নানা-পথে ফিরি॥

৫৯ ইহাতে প্রমাণ তুমি সর্ব্বজ্ঞ ঈশ্বর।
তোমার চরণে, নাথ! সকল গোচর॥
নিগ্রহ করহ, কিংবা অনুগ্রহ কর'।
যে তোমার ইচ্ছা, নাথ! সেই আজ্ঞা কর'॥'

৬০ কালীনাগ-বচন শুনিঞা ভগবান্।
কারণে মানুষ হরি, পুরুষ-পরাণ॥
আজ্ঞা দিলা কালীনাগে করিতে গমনে।

৬১ 'বিলম্ব না কর', সর্প! চল' এথা-হনে॥
পুত্র-দার-পরিবার-বন্ধুগণ-সহে।
তুমি-সব কেহ না থাকিহ কালীদহে॥
সেই রমণক-দ্বীপে শীঘ্র করি' চল'।
সর্ব্বজন সুখে যেন পিয়ে এই জল॥

৬২ এই আজ্ঞা দিলুঁ, সর্পরাজ! আমি তোরে।
ইহার কীর্ত্তন যেবা দুই সন্ধ্যা করে'॥
তা'র যেন সর্পভয় কভু নহে আর।
এই আজ্ঞা সর্ব্বকাল পালিহ আমার।

৬৩ এই কালিন্দীর জলে করিয়া মজ্জন।
দেব-পিতৃ-তর্পণ করয়ে যেই জন॥
উপবাস-ব্রত করি' আমারে সঙরে।
সর্ব্ব পাপ খণ্ডিব, চলিব বিষ্ণুপুরে॥

৬৪ যা'র ভয়ে রমণক-দ্বীপ পরিহরি'।
রহিলে কালিন্দী-হ্রদে পরবেশ করি'॥
সে গরুড় সর্প ধরি' না খাইব আর।
পাদপদ্ম-চিহ্ন শিরে দেখিব যাহার॥'

শ্রীশুক উবাচ

৬৫। **এবমুক্তো ভগবতা কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা। তং পূজয়ামাস মুদা নাগপত্ন্যশ্চ সাদরম্॥**
৬৬। **দিব্যাম্বরস্রগ্মণিভিঃ পরার্দ্ধ্যৈরপি ভূষণৈঃ। দিব্যগন্ধানুলেপৈশ্চ মহত্যোৎপলমালয়া॥**
৬৭। **পূজয়িত্বা জগন্নাথং প্রসাদ্য গরুড়ধ্বজম্। ততঃ প্রীতোঽভ্যনুজ্ঞাতঃ পরিক্রম্যাভিবন্দ্য তম্।**
সকলত্রসুহৃৎপুত্রো দ্বীপমন্ধ্রের্জগাম হ॥
৬৮। **তদৈব সামৃতজলা যমুনা নির্ব্বিষাভবৎ। অনুগ্রহাদ্ভগবতঃ ক্রীড়ামানুষরূপিণঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে কালিয়নির্যাপণং নাম ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

---

৬৫ আজ্ঞা শিরে ধরি' সর্প কোন্ কর্ম্ম করে' ?
সপুত্র-বান্ধবে কৃষ্ণ পূজিল সাদরে॥
৬৬-৬৭ দিব্যবস্ত্র-মণিরত্ন, বিচিত্র-ভূষণে।
দিব্য উৎপল-মালা, দিব্য বিলেপনে॥
ভূষিয়া কৃষ্ণের অঙ্গ পূজিল বিধানে।
আজ্ঞা মাগি' নিল সর্প প্রভুর চরণে॥
প্রদক্ষিণ করি' কৈল দণ্ড-পরণামে।
সবন্ধুবান্ধবে নাগ গেল নিজ-স্থানে॥
৬৮ সেই-দিনে সেইক্ষণে যমুনার জল।
অমৃত-সমান হৈল অতি সুশীতল॥
কৃষ্ণগুণ শুন, ভাই! কৃষ্ণে ধর' আশা।
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। **নাগালয়ং রমণকং কস্মাৎ তত্যাজ কালিয়ঃ? কৃতং কিংবা সুপর্ণস্য তেনৈকেনাসমঞ্জসম্?**

শ্রীশুক উবাচ

২। **উপহার্য্যৈঃ সর্পজনৈর্মাসি মাসীহ যো বলিঃ। বানস্পত্যো মহাবাহো! নাগানাং প্রাঙ্নিরূপিতঃ॥**
৩। **স্বং স্বং ভাগং প্রযচ্ছন্তি নাগাঃ পর্ব্বণি পর্ব্বণি।**
গোপীথায়াত্মনঃ সর্ব্বে সুপর্ণায় মহাত্মনে॥
৪। **বিষবীর্য্যমদাবিষ্টঃ কাদ্রবেয়স্তু কালিয়ঃ। কদর্থীকৃত্য গরুড়ং স্বয়ং তং বুভুজে বলিম্॥**

[কেদার-রাগ]

১ তবে রাজা পরীক্ষিৎ শুকদেব-স্থানে।
এই কথা জিজ্ঞাসিলা সন্দেহ-বচনে॥
"কালীনাগ স্থানত্যাগ কৈল কি কারণে?
গরুড়ের কৈল কিবা পীরিতি-লঙ্ঘনে?"
২ মুনি বলে,'—"শুন, রাজা! বিবরণ-বাণী।
খগরাজে-ফণিরাজে বিবাদকাহিনী॥
গরুড়ে আসিয়া সর্প নিতি ধরি' খায়।
সর্পগণ মেলি' তা'র চিন্তিল উপায়॥
'এক ঘরে এক বলি দিব মাসে-মাসে।
এই বনস্পতি-মূলে পূর্ণিমা-দিবসে॥'
মর্য্যাদা স্থাপিল তা'র এই সর্পগণে।
গরুড়ের তাহাতে সন্তোষ হৈল মনে॥
৩ মাসে-মাসে সর্পগণ দিয়া এক বলি।
সুখে থাকে সর্পগণ চিন্তা পরিহরি'॥
৪ কদ্রুর কুমার এই ফণধর-রাজে।
বিষবীর্য্য-বল-দর্পে কৈল কোন কাজে?

৫। তচ্ছ্রুত্বা কুপিতো রাজন্! ভগবান্ ভগবৎপ্রিয়ঃ। বিজিঘাংসুর্মহাবেগঃ কালিয়ং সমুপাদ্রবৎ॥
৬। তমাপতন্তং তরসা বিষায়ুধঃ, প্রত্যভ্যয়াদুচ্ছ্রিতনৈকমস্তকঃ।
দষ্টিঃ সুপর্ণং ব্যদশদ্দদায়ুধঃ, করালজিহ্বোচ্ছ্বসিতোগ্রলোচনঃ॥
৭। তং তার্ক্ষ্যপুত্রঃ স নিরস্য মন্যুমান্, প্রচণ্ডবেগো মধুসূদনাসনঃ।
পক্ষেণ সব্যেন হিরণ্যরোচিষা, জঘান কদ্রূসুতমুগ্রবিক্রমঃ॥
৮। সুপর্ণপক্ষাভিহতঃ কালিয়োঽতীব বিহ্বলঃ। হ্রদং বিবেশ কালিন্দ্যাস্তদগম্যং দুরাসদম্॥
৯। তত্রৈকদা জলচরং গরুড়ো ভক্ষ্যমীপ্সিতম্। নিবারিতঃ সৌভরিণা প্রসহ্য ক্ষুধিতোঽহরৎ॥
১০। মীনান্ সুদুঃখিতান্ দৃষ্ট্বা দীনান্ মীনপতৌ হতে। কৃপয়া সৌভরিঃ প্রাহ তত্রত্যক্ষেমমাচরন্॥
১১। অত্র প্রবিশ্য গরুড়ো যদি মৎস্যান্ স খাদতি। সদ্যঃ প্রাণৈর্বিযুজ্যেত সত্যমেতদ্ব্রবীম্যহম্॥
১২। তং কালিয়ঃ পরং বেদ নান্যঃ কশ্চন লেলিহঃ। অবাৎসীদগরুড়াদ্ভীতঃ কৃষ্ণেন চ বিবাসিতঃ॥
১৩। কৃষ্ণং হ্রদাদ্বিনিষ্ক্রান্তং দিব্যস্রগ্গন্ধবাসসম্। মহামণিগণাকীর্ণং জাম্বূনদপরিষ্কৃতম্॥

বৃক্ষমূলে বলি আনি' দেয় সর্পগণে।
আপনি ধরিয়া খায়, নিষেধ না মানে॥
৫ তাহা শুনি' ক্রোধে বলে',পন্নগ-অশন।
'সর্প হঞা করে' মোর মর্য্যাদা-লঙ্ঘন!!
সবংশে করিব আজি কালীর সংহার।
সর্প হঞা করে' বেটা এত অহঙ্কার!!'
এতেক বচন বলি' বিনতানন্দন।
রমণক-দ্বীপে আসি' হৈলা উপসন্ন॥
৬ খগপতি দেখিয়া কুপিল ফণধর।
সহস্রেক ফণা তুলি' ধাইল সত্বর॥
করাল-দশন-অস্ত্র, স্তম্ভিত-লোচন।
গরুড়ে বেড়িয়া ফিরে কদ্রুর নন্দন॥
আশপাশে গরুড়ের সর্ব্বাঙ্গে দংশিল।
৭ কশ্যপনন্দন যেন অনল জ্বলিল॥
বাম-পাকসাট দিয়া মারে এক বাড়ি।
দূরে গিয়া পড়ে সর্প প্রায় প্রাণ ছাড়ি'॥
৮ তবে কদ্রুসুত ভয়ে কোন্ কর্ম্ম করে?
প্রবেশ করিল গিয়া কালিন্দী-গহ্বরে॥"
মুনি বলে,'—'শুন, রাজা! কহিব বিশেষ।
গরুড় না কৈল কেন হ্রদে পরবেশ?
৯ এককালে মৎস্যপতি দেখি' খগরাজে।
দেখিয়া আনিল তা'রে যমুনার মাঝে॥
ক্ষুধায় ধরিয়া মৎস্য খাইব খগেশ্বর।
আছিলা সৌভরি-মুনি জলের ভিতর॥
মুনি নিবারিলা তা'রে নিষেধ-বচনে।
'আমার সাক্ষাতে মৎস্য না কর' ভক্ষণে'॥
তবু মৎস্য ধরিয়া খাইলা খগরাজে।
১০ মৎস্যীগণ বিলাপ করয়ে জলমাঝে॥
মীনগণ-ক্রন্দন দেখিয়া যোগেশ্বর।
কৃপা করি' দিলা শাপ সহজে বৎসল॥
১১ 'যদি আর এই জলে পরবেশ করি'।
গরুড়ে আসিয়া মৎস্য খায় কভু ধরি'॥
প্রাণ ছাড়ি' সেইক্ষণে মরিবে সর্ব্বথা।
আমার বচন কভু না হ'ব অন্যথা॥'
১২ এ-সকল তত্ত্ব-কথা কালী-নাগ জানে।
তথা গিয়া কৈল বাস, সেই সে কারণে॥
পুনরপি কৃষ্ণ দূর কৈলা তথা-হনে।
আর কথা কহি, রাজা! শুন সাবধানে॥
১৩ কালিন্দীর হ্রদ হৈতে উঠিলা শ্রীহরি।
দিব্য-গন্ধ-চন্দন-কুসুম-মালা ধরি'॥
মহামণিগণ জাম্বুনদ-বিরাজিত।
মুকুট-কুণ্ডল-হারে অঙ্গ বিভূষিত॥

১৪। উপলভ্যোত্থিতাঃ সর্ব্বে লব্ধপ্রাণা ইবাসবঃ।
প্রমোদনিভৃতাত্মানো গোপাঃ প্রীত্যাভিরেভিরে॥

১৫। যশোদা রোহিণী নন্দো গোপ্যো গোপাশ্চ কৌরব!
কৃষ্ণং সমেত্য লব্ধেহা আসন্ শুষ্কা নগা অপি॥

১৬। রামশ্চাচ্যুতমালিঙ্গ্য জহাসাস্যানুভাববিৎ। প্রেম্ণা তমঙ্কমারোপ্য পুনঃ পুনরুদৈক্ষত।
নগা গাবো বৃষা বৎসা লেভিরে পরমাং মুদম্॥

১৭। নন্দং বিপ্রাঃ সমাগত্য গুরবঃ সকলত্রকাঃ। ঊচুস্তে কালিয়গ্রস্তো দিষ্ট্যা মুক্তস্তবাত্মজঃ॥

২০। তাং রাত্রিং তত্র রাজেন্দ্র! ক্ষুত্তৃড্ভ্যাং শ্রমকর্ষিতাঃ।
ঊষুর্ব্রজৌকসো গাবঃ কালিন্দ্যা উপকূলতঃ॥

২১। তদা শুচিবনোদ্ভূতো দাবাগ্নিঃ সর্ব্বতো ব্রজম্। সুপ্তং নিশীথ আবৃত্য প্রদগ্ধুমুপচক্রমে॥

২২। তত উত্থায় সংভ্রান্তা দহ্যমানা ব্রজৌকসঃ। কৃষ্ণং যযুস্তে শরণং মায়ামনুজমীশ্বরম্॥

২৩। কৃষ্ণ! কৃষ্ণ! মহাভাগ! হে রামামিতবিক্রম!
এষ ঘোরতমো বহ্নিস্তাবকান্ গ্রসতে হি নঃ॥

---

১৪ সকল গোকুলবাসী উঠিলা সত্বরে।
মরা জীয়া উঠে যেন জীবন-সঞ্চারে॥

আনন্দে পূরিয়া গোপ দিলা আলিঙ্গন।
শিরে হস্ত দিয়া কৈলা বদন চুম্বন॥

১৫ যশোদা, রোহিণী, নন্দ, গোপ-গোপীগণে।
সচেতন হৈলা সভে কৃষ্ণ-দরশনে॥

১৬ কৃষ্ণের মহিমা জানে প্রভু বলরাম।
আলিঙ্গন করিয়া হাসিলা মতিমান্॥

কৃষ্ণ কোলে করিয়া বসিলা মহাশয়।
প্রেমরসে পুলকিত, আনন্দ-হৃদয়॥

ধেনুবৃষ-বৎসগণ হৈলা আনন্দিত।
সকল গোকুলবাসী প্রমোদে মুদিত॥

১৭ সকলত্র, গুরু-পুরোহিত-দ্বিজগণে।
আসিয়া নন্দেরে তবে কৈলা সম্ভাষণে॥

'ভাগ্যে, নন্দ! পুত্র জীয়া উঠিলা তোমার।
দংশিল পাপিষ্ঠ নাগ বড় দুরাচার॥

ভাগ্যে শিশু জী'লা দ্বিজ-গুরু-আশীর্ব্বাদে।
কেবল তোমার পুণ্যে, দেবের প্রসাদে॥'

এইরূপে গোবিন্দে লভিয়া গোপগণে।
সর্ব্বদুঃখ পাসরিলা আনন্দিত-মনে॥

২০ সে-রাত্রি রহিলা সেই যমুনার কূলে।
ক্ষুধায় তৃষ্ণায় কেহ চলিতে না পারে॥

২১ শুচিবন-নামে বন তথাই আছিল।
উপবাস করি' গোপ তথাই রহিল॥

ঘোরতর দাবাগ্নি উঠিল নিশাকালে।
চৌদিগে বেঢ়য়ে বন পুড়িবার তরে॥

২২ দাবানলে পুড়ে অঙ্গ চৌদিগে বেঢ়িয়া।
উঠিলা গোকুলবাসী সম্ভ্রমে দেখিয়া॥

শরণ পশিলা সভে কৃষ্ণের চরণে।
২৩ 'কৃষ্ণ! কৃষ্ণ! মহাভাগ! কর' পরিত্রাণে॥

অমিত-বিক্রম রাম! করুণাসাগর!
দাবানল চৌদিগে বেঢ়িল ঘোরতর॥

২৪। **সুদুস্তরাদ্নঃ স্বান্ পাহি কালাগ্নেঃ সুহৃদঃ প্রভো! ন শক্নুমস্ত্বচ্চরণং সন্ত্যক্তুমকুতোভয়ম্ ॥**
২৫। **ইত্থং স্বজনবৈক্লব্যং নিরীক্ষ্য জগদীশ্বরঃ। তমগ্নিমপিবৎ তীব্রমনন্তোঽনন্তশক্তিধৃক্ ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবৃন্দাবন-ক্রীড়ায়াং দাবাগ্নিমোচনং নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

---

২৪ আমি-সব নিজজন, সেবক তোমার।
কাল-দাবানল হৈতে রাখ' একবার ॥
আগুনে পুড়ুক, তাহে নাহি বাসি ডর।
ছাড়িতে না পারি তোমার চরণ-কমল ॥'
২৫ নিজজন বিকল দেখিয়া দয়াময়।
অনন্ত-শকতি ধরে, সর্ব্ব-জীবাশ্রয় ॥
অগ্নি পান কৈলা কৃষ্ণ আঁখির নিমিষে।
সেই বনে গোপগণ রহিলা সন্তোষে ॥
রজনী-প্রভাতে গোপ গেলা ব্রজপুরে।
হেন অদভুত, রাজা! কহিলুঁ তোমারে ॥"
ভাগবত-আচার্য্যের সরস-বচনে।
সুখে যেন ভাগবত বুঝে সর্ব্বজনে ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **অথ কৃষ্ণঃ পরিবৃতো জ্ঞাতিভির্মুদিতাত্মভিঃ। অনুগীয়মানো ন্যবিশদ্ব্রজং গোকুলমণ্ডিতম্ ॥**
২। **ব্রজে বিক্রীড়তোরেবং গোপালচ্ছদ্মমায়য়া। গ্রীষ্মো নামর্ত্তুরভবন্নাতিপ্রেয়ান্ শরীরিণাম্ ॥**
৩। **স চ বৃন্দাবনগুণৈর্বসন্ত ইব লক্ষিতঃ। যত্রাস্তে ভগবান্ সাক্ষাৎ রামেণ সহ কেশবঃ ॥**
৪। **যত্র নির্ঝরনিহ্রাদ-নিবৃত্তস্বনঝিল্লিকম্। শশ্বত্তচ্ছীকরজ্জীষদ্রুমমণ্ডলমণ্ডিতম্ ॥**
৫। **সরিৎসরঃপ্রস্রবণোর্ম্মিবায়ুনা, কহ্লারকঞ্জোৎপলরেণুহারিণা।**
ন বিদ্যতে যত্র বনৌকসাং দবো, নিদাঘবহ্ন্যর্কভবোঽতিশাদ্বলে ॥
৭। **বনং কুসুমিতং শ্রীমন্নদচ্চিত্রমৃগদ্বিজম্। গায়ন্ময়ূরভ্রমরং কূজৎকোকিলসারসম্ ॥**

[মল্লার-রাগ]

১ "তবে গোপগোপী লঞা প্রভু হৃষীকেশ।
সঙ্গিগণ গায় গুণ, গোকুলে প্রবেশ ॥
২ নিদাঘ-সময় ভেল হেন অবসরে।
রবিজ্বাল প্রচণ্ড, পবন খরতরে ॥
দিনকর-কিরণে সকল চরাচর।
নীরস দেখিয়ে যেন শুষ্ক কলেবর ॥
৩ হেনই নিদাঘ-কালে বৃন্দাবন-গুণে।
সাক্ষাৎ বসন্ত যেন হৈল বিদ্যমানে ॥
৪ যাহাতে নির্ঝর-জল-তরঙ্গ-কল্লোল।
শুক-পিক-বিহগ-শবদ উতরোল ॥
জলকণে স্নিগ্ধ, তরু-মণ্ডলে মণ্ডিত।
নানা ফুল-ফলে বন অতি সুশোভিত ॥
৫ কহ্লার, কুমুদ, কঞ্জ, নীল-উতপল।
চৌদিগে উজ্জ্বল নদ-নদী, সরোবর ॥
৭ হংস, কারণ্ডব, খগ যত জলচরে।
নানাবিধ কলরবে জলকেলি করে' ॥
মলয়জ মরুত, বসন্ত, পাঁচবাণ।
এ-সব সাক্ষাৎ যেন হৈল মূর্ত্তিমান্ ॥
ব্রহ্মার বিচিত্র বিশ্ব-নির্ম্মাণ-নৈপুণ।
প্রকাশিলা একত্র করিয়া নিজ-গুণ ॥

৮। ক্রীড়িষ্যমাণস্তৎ কৃষ্ণো ভগবান্ বলসংযুতঃ। বেণুং বিরণয়ন্ গোপৈর্গোধনৈঃ সংবৃতোঽবিশৎ॥
৯। প্রবালবর্হস্তবক-স্রগ্ধাতুকৃতভূষণাঃ। রামকৃষ্ণাদয়ো গোপা ননৃতুর্যুযুধুর্জগুঃ॥
১০। কৃষ্ণস্য নৃত্যতঃ কেচিজ্জগুঃ কেচিদবাদয়ন্। বেণুপাণিতলৈঃ শৃঙ্গৈঃ প্রশশংসুরথাপরে॥
১১। গোপজাতিপ্রতিচ্ছন্না দেবা গোপালরূপিণঃ। ঈড়িরে কৃষ্ণরামৌ চ নটা ইব নটং নৃপ॥
১২। ভ্রমণৈর্লঙ্ঘনৈঃ ক্ষেপৈরাস্ফোটন-বিকর্ষণৈঃ। চিক্রীড়তুর্নিযুদ্ধেন কাকপক্ষধরৌ ক্বচিৎ॥
১৩। ক্বচিন্নৃত্যৎসু চান্যেষু গায়কৌ বাদকৌ স্বয়ম্। শশংসতুর্মহারাজ! সাধু সাধ্বিতিবাদিনৌ॥
১৪। ক্বচিদ্বিল্বৈঃ ক্বচিৎ কুম্ভৈঃ ক্ব চামলকমুষ্টিভিঃ। অস্পৃশ্যনেত্রবন্ধাদ্যৈঃ ক্বচিন্মৃগখগেহয়া॥
১৫। ক্বচিচ্চ দর্দ্দুরপ্লাবৈর্বিবিধৈরুপহাসকৈঃ। কদাচিৎ স্যন্দোলিকয়া কর্হিচিন্নৃপচেষ্টয়া॥
১৬। এবং তৌ লোকসিদ্ধাভিঃ ক্রীড়াভিশ্চেরতুর্বনে। নদ্যদ্রিদ্রোণিকুঞ্জেষু কাননেষু সরঃসু চ॥
১৭। পশূংশ্চারয়তো গোপৈস্তদ্বনে রামকৃষ্ণয়োঃ। গোপরূপী প্রলম্বোঽগাদসুরস্তজ্জিহীর্ষয়া॥
১৮। তং বিদ্বানপি দাশার্হো ভগবান্ সর্ব্বদর্শনঃ। অন্বমোদত তৎসখ্যং বধং তস্য বিচিন্তয়ন্॥
১৯। তত্রোপাহূয় গোপালান্ কৃষ্ণঃ প্রাহ বিহারবিৎ। হে গোপা বিহরিষ্যামো দ্বন্দ্বীভূয় যথাযথম্॥
২০। তত্র চক্রুঃ পরিবৃঢ়ৌ গোপা রামজনার্দ্দনৌ। কৃষ্ণসঙ্ঘট্টিনঃ কেচিদাসন্ রামস্য চাপরে॥
২১। আচেরুর্বিবিধাঃ ক্রীড়া বাহ্য-বাহকলক্ষণাঃ। যত্রারোহন্তি জেতারো বহন্তি চ পরাজিতাঃ॥
২২। বহন্তো বাহ্যমানাশ্চ চারয়ন্তশ্চ গোধনম্। ভাণ্ডীরকং নাম বটং জগ্মুঃ কৃষ্ণপুরোগমাঃ॥
২৩। রামসঙ্ঘট্টিনো যর্হি শ্রীদামবৃষভাদয়ঃ। ক্রীড়ায়াং জয়িনস্তাংস্তানূহুঃ কৃষ্ণাদয়ো নৃপ॥

---

৮ হেন বৃন্দাবনে হরি অনুগত-সঙ্গে।
গোধন চরায় বালকেলি-রস-রঙ্গে॥
বলদেব—অগ্রজ, অনুজ—বনমালী।
তিনলোক-মোহন-লাবণ্য-রূপধারী॥

৯ সমকান্তি বালক, সমান-রূপ-বেশ।
বনধাতু-বিচিত্র, শিখণ্ড-চূড়া-কেশ॥
বন-পুষ্প-গুঞ্জা-নবপল্লব-ভূষণ।
হেনরূপে শিশু-সঙ্গে খেলে নারায়ণ॥

১০-১৬ বিবিধ বিচিত্র-গতি, বিচিত্র খেলন।
বিবিধ ভঙ্গিমা ভাতি, বিবিধ মেলন॥
বিবিধ কৌতুক-রস, বিবিধ বিহার।
বিবিধ চঞ্চল-লীলা, বিবিধ সঞ্চার॥
বিবিধ আনন্দ-রসে বিবিধ নাচন।
বিবিধ কৌতুক-গীত, বিবিধ বাজন॥
বহুবিধ পরিহাস, বিবিধ ভাষণ।
বহুবিধ আস্ফোটন, বহুবিধ রণ॥
বহুবিধ ভ্রমণ, বিবিধ-ভাতি লীলা।
সঙ্গিগণ লঞা হরি করে' শিশুখেলা॥

১৭ হেনকালে আইল দৈত্য শিশুরূপ ধরি'।
প্রলম্ব তাহার নাম, বলে মহাবলী॥
'হরিয়া কৃষ্ণেরে নিব'—হেন চিত্তে তা'র।

১৮ অখিল-ভুবনে কিবা প্রভু-আগোচর?
দুষ্ট দৈত্য প্রলম্ব, জানেন বনমালী।
তথাপি তাহার সনে পাতিলা মিতালী॥
ধন্য কৈলা বৃন্দাবন এ-সব আনন্দে।

১৯-২৩ আর এক বালকেলি রচিলা প্রবন্ধে॥
যে জিনে, তাহাকে বহে, হারে' যেই জন।
বহিয়া থুইতে স্থান কৈলা নিরূপণ॥
ভাণ্ডীরক-নামে বট সঙ্কেত করিয়া।
প্রলম্ব-সহিত খেলে দু'-ভাই মেলিয়া॥
সভার প্রধান তা'থে হৈলা দুই ভাই।
বিভজিয়া সব শিশু কৈলা দুই ঠাঞি॥
বলরাম নিলা আধ, আধ ত' শ্রীহরি।
আনন্দে খেলায় ত্রিভুবন-অধিকারী॥
বলদেব জিনিলা সহিত তা'র গণে।
সগণে হারিলা খেলি' প্রভু নারায়ণে॥

২৪। উবাহ কৃষ্ণো ভগবান্ শ্রীদামানং পরাজিতঃ। বৃষভং ভদ্রসেনস্তু প্রলম্বো রোহিণীসুতম্॥
২৫। অবিষহ্যং মন্যমানঃ কৃষ্ণং দানবপুঙ্গবঃ। বহন্ দ্রুততরং প্রাগাদবরোহণতঃ পরম্॥

২৬। তমুদ্বহন্ ধরণিধরেন্দ্রগৌরবং, মহাসুরো বিগতরয়ো নিজং বপুঃ।
স আস্থিতঃ পুরটপরিচ্ছদো বভৌ, তড়িদ্দ্যুমানুড়ুপতিবাড়িবাম্বুদঃ॥

২৭। নিরীক্ষ্য তদ্বপুরলমম্বরে চরৎ, প্রদীপ্তদৃগ্ভ্রুকুটিতটোগ্রদংষ্ট্রকম্।
জ্বলচ্ছিখং কটককিরীটকুণ্ডল,-ত্বিষাদ্ভুতং হলধর ঈষদত্রসৎ॥

২৮। অথাগতস্মৃতিরভয়ো রিপুং বলো, বিহায়সার্থমিব হরন্তমাত্মনঃ।
রুষাহনচ্ছিরষি দৃঢ়েন মুষ্টিনা, সুরাধিপো গিরিমিব বজ্ররংহসা॥

২৯। স আহতঃ সপদি বিশীর্ণমস্তকো, মুখাদ্বমন্ রুধিরমপস্মৃতোঽসুরঃ।
মহারবং ব্যসুরপতৎ সমীরয়ন্, গিরির্যথা মঘবত আয়ুধাহতঃ॥

৩০। দৃষ্ট্বা প্রলম্বং নিহতং বলেন বলশালিনা। গোপাঃ সুবিস্মিতা আসন্ সাধু সাধ্বিতিবাদিনঃ॥
৩১। আশিষোঽভিগৃণন্তস্তং প্রশশংসুস্তদর্হণম্। প্রেত্যাগতমিবালিঙ্গ্য প্রেমবিহ্বলচেতসঃ॥
৩২। পাপে প্রলম্বে নিহতে দেবাঃ পরমনির্বৃতাঃ। অভ্যবর্ষন্ বলং মাল্যৈঃ শশংসুঃ সাধু সাধ্বিতি॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে প্রলম্ববধোনামাষ্টাদশোঽধ্যায়ঃ॥ ১৮॥

---

২৪ শ্রীদাম-বালকে হরি বহিলা আপনে।
অন্যে-অন্যে বহিলা সকল জনে-জনে॥
বৃষভ-বালক বহে ভদ্রসেন-নামে।
প্রলম্ব-অসুরে বহি' নিল বলরামে॥

২৫ সভাই সভারে থুইল ভাণ্ডীর-নিকটে।
বলদেবে লঞা দৈত্য চলি' যায় ঝাটে॥

২৬ সেইক্ষণে রামে লৈয়া আকাশ-উপরে।
উঠিয়া প্রলম্ব-দৈত্য নিজরূপ ধরে॥

২৭ দন্ত-মুখ বিকট, পিঙ্গল জটাভার।
অতি ঘোর কলেবর, পর্ব্বত-আকার॥
দৈত্য-স্কন্ধে হলধর দেখি' সুশোভনে।
পূর্ণিমার চন্দ্র যেন শোভে নবঘনে॥
তা' দেখিয়া রাম কিছু মনে পাইলা ভয়।

২৮ সেইক্ষণে আপনা স্মরিলা মহাশয়॥
কোপে রাম জ্বলে দেখি' দৈত্য দুরাচার।
দৈত্য-মুণ্ডে মাইলা দৃঢ়-মুষ্টির প্রহার॥

২৯ ভাঙ্গিল দৈত্যের মুণ্ড, হৈল খান-খান।
সর্ব্বাঙ্গ বিদীর্ণ হৈল, তেজিল পরাণ॥
ভূমিতলে পড়িল প্রলম্ব-কলেবর।
তাহার উপরে শোভে প্রভু হলধর॥

৩০-৩২ সুরগণে কৈলা স্তুতি, পুষ্প-বরিষণ।
পারিষদ-বালকে মেলি' দিলা আলিঙ্গন॥
'সাধু সাধু' বলি' সব লোকে ত' বাখানে।
অদ্ভুত প্রলম্ব-বধ কৈলা বলরামে॥
ভবসিন্ধু তরিতে কৃষ্ণের গুণ-গাথা।
অষ্টাদশ অধ্যায়ে প্রলম্ব-বধ-কথা॥"
ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাদশোঽধ্যায়ঃ॥ ১৮॥

একোনবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ক্রীড়াসক্তেষু গোপেষু তদ্গাবো দূরচারিণীঃ। স্বৈরং চরন্ত্যো বিবিশুস্তৃণলোভেন গহ্বরম্॥

২। অজা গাবো মহিষ্যশ্চ নির্ব্বিশন্ত্যো বনাদ্বনম্।
ঈষীকাটবীং নির্ব্বিবিশুঃ ক্রন্দন্ত্যো দাবতর্ষিতাঃ॥

৩। তেঽপশ্যন্তঃ পশূন্ গোপাঃ কৃষ্ণরামাদয়স্তদা। জাতানুতাপা ন বিদুর্বিচিন্বন্তো গবাং গতিম্॥

৪। তৃণৈস্তৎখুরদচ্ছিন্নৈর্গোপ্পদৈরঙ্কিতৈর্গবাম্। মার্গমন্বগমন্ সর্ব্বে নষ্টাজীব্যা বিচেতসঃ॥

৫। মুঞ্জাটব্যাং ভ্রষ্টমার্গং ক্রন্দমানং স্বগোধনম্। সম্প্রাপ্য তৃষিতাঃ শ্রান্তাস্ততস্তে সংন্যবর্ত্তয়ন্॥

৬। তা আহূতা ভগবতা মেঘগম্ভীরয়া গিরা। স্বনাম্নাং নিনদং শ্রুত্বা প্রতিনেদুঃ প্রহর্ষিতাঃ॥

৭। ততঃ সমন্তাদ্বনধূমকেতু,-র্যদৃচ্ছয়াভূৎ ক্ষয়কৃদ্বনৌকসাম্।
সমীরিতঃ সারথিনোল্বণোল্মুকৈ,-র্বিলেলিহানঃ স্থিরজঙ্গমান্ মহান্॥

৮। তমাপতন্তং পরিতো দবাগ্নিং, গোপাশ্চ গাবঃ প্রসমীক্ষ্য ভীতাঃ।
উচুশ্চ কৃষ্ণং সবলং প্রপন্না, যথা হরিং মৃত্যুভয়ার্দ্দিতা জনাঃ॥

৯। কৃষ্ণ কৃষ্ণ মহাবীর! হে রামামিতবিক্রম! দাবাগ্নিনা দহ্যমানান্ প্রপন্নাংস্ত্রাতুমর্হথঃ॥

১০। নূনং ত্বদ্বান্ধবাঃ কৃষ্ণ! ন চার্হন্ত্যবসাদিতুম্। বয়ং হি সর্ব্বধর্ম্মজ্ঞ! ত্বন্নাথাস্ত্বৎপরায়ণাঃ॥

[সুহই-রাগ]

"তবে আর যে কহিব, শুন, নৃপবর!
গোবিন্দচরিত্র—পুণ্যপ্রবন্ধ সুন্দর॥

১ এইরূপে নানা-ক্রীড়া করে' দামোদর।
গোয়ালা-ছাওয়াল লঞা সঙ্গে হলধর॥
হেনই সময়ে যা'র যতেক গোধন।
নব-নব-তৃণ-লোভে গেল দূরবন॥

২ মুঞ্জাটবী পশি' ধেনু সব আউলাইল।
নানা-ভিতে গোঠে-গোঠে সব ধেনু গেল॥

৩ হেনকালে শিশু-সব না দেখি' গোধন।
ভাঙ্গিয়া খেলার মেলি চাহে বনে-বন॥
ভয়েতে ব্যাকুল শিশু গোধন হারাঞা।
চৌদিগে চাহিয়া বুলে ব্যাকুল হইয়া॥

৪ দন্তচ্ছেদ-তৃণ, ক্ষুর-চিন মহীতলে।
সেই অনুসারে শিশু চলিলা সকলে॥

৫ সেই পথে মুঞ্জাটবী-বনে উত্তরিলা।
আউলাঞা গোধন বুলে, তথাই দেখিলা॥
ক্ষুধায় ছাত্তয়াল-সব হঞাছে কাতর।
পালটিয়া আইলা গোপীনাথের গোচর॥

৬ বেণুনাদে নাম ধরি' গোঠের গোধন।
আপনার নিকটে আনয়ে ততক্ষণ॥

৭ হেনকালে দাবাগ্নি অরণ্যে উপজিল।
পুড়িয়া সকল বন চৌদিগে বেঢ়িল॥

৮ সব শিশুগণ দেখে চৌদিগে আগুনি।
কান্দিছে ব্যাকুল হঞা মনে ভয় মানি'॥

৯-১০ কৃষ্ণ! কৃষ্ণ! মহাপ্রভু! প্রণতপালন!
ভবভয়-ভঞ্জন! দুরিত-বিনাশন!
তুমি প্রাণ, তুমি পতি, বান্ধব আমার।
তোমা' বই শিশু-সব নাহি জানে' আর॥
যে-যে বৈসে গোকুলে তোমার পরিজন।
জানিঞা উদ্ধার', পা'য় লইলুঁ শরণ॥'

শ্রীশুক উবাচ

১১। বচো নিশম্য কৃপণং বন্ধূনাং ভগবান্ হরিঃ। নিমীলয়ত মা ভৈষ্ট লোচনানীত্যভাষত।
১২। তথেতি মীলিতাক্ষেষু ভগবানগ্নিমুল্বণম্। পীত্বা মুখেন তান্ কৃচ্ছ্রাদ্‌যোগাধীশো ব্যমোচয়ৎ॥
১৩। গাঃ সন্নিবর্ত্ত্য সায়াহ্নে সহরামো জনার্দ্দনঃ। বেণুং বিরণয়ন্ গোষ্ঠমগাদ্গোপৈরভিষ্টুতঃ॥
১৬। গোপীনাং পরমানন্দ আসীদ্গোবিন্দদর্শনে। ক্ষণং যুগশতমিব যাসাং যেন বিনাভবৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে দাবাগ্নিপানং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ॥ ১৯॥

এতেক বলিয়া শিশু গোধন-সহিতে।
অভয়-চরণে পড়ি' লাগিলা কান্দিতে॥
১১ ভয়ে ভীত ছাওয়াল, দেখিয়া দয়াময়।
'ভয় নাঞি, ভয় নাঞি'—বলে' মহাশয়॥
'তুমি-সব আঁখি মুদ, এ-ভয় খণ্ডন।
এখনে করিব আমি'—বলে' নারায়ণ॥
১২ কৃষ্ণের এ-সব বাণী শুনিঞা ছাওয়ালে।
দুই আঁখি মুদি' তা'রা রহিলা নিশ্চলে॥
যোগবলে কৈলা পান দাব-হুতাশন।
অগ্নি পান করিয়া উদ্ধারে' নিজজন॥
প্রণতপালন-নাম, ভকতবৎসল।
ভকত-উদ্ধার-নাম করিতে সফল॥
অগ্নি পান করি' কৈলা গোপের রক্ষণ।
গোকুলে চলিতে চিত্ত কৈলা নারায়ণ॥
১৫ আগে সব গোধন চলিল যূথে যূথে।
পাছে গোপতনয় চলিলা কৃষ্ণ-সাথে॥
ভুবনপাবন গুণ অনুগতে গায়।
গোকুলেতে প্রবেশ করিলা যদুরায়॥
১৬ গোপীর আনন্দ হৈল কৃষ্ণ-দরশনে।
তিলে এক যুগশত জানে' যাহা বিনে॥
'দৈত্য-বধে বলভদ্র বড় চমৎকার।
অগ্নি পান কৈলা কৃষ্ণ—এহ চিত্র আর॥'
শতমুখে গোপগণ এই কথা কহে।
তাহা শুনি' গোকুলে আনন্দনদী বহে॥
ঊনবিংশ-অধ্যায়ে এ সব কথা কহি।
ভবসিন্ধু-তরণে উপায় সবে এহি॥"
ভাগবত-আচার্য্যের মধুর-রচনা।
সুখে যেন ভাগবত বুঝে সর্ব্বজনা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনবিংশোঽধ্যায়ঃ॥ ১৯॥

বিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

৩। ততঃ প্রাবর্ত্তত প্রাবৃট্ সর্ব্বসত্ত্বসমুদ্ভবা। বিদ্যোতমানপরিধির্বিস্ফূর্জ্জিতনভস্তলা॥
৪। সান্দ্রনীলাম্বুদৈর্ব্যোম সবিদ্যুৎস্তনয়িত্নুভিঃ। অস্পৃষ্টজ্যোতিরাচ্ছন্নং ব্রহ্মেব সগুণং বভৌ॥
৫। অষ্টৌ মাসান্ নিপীতং যদ্‌ভূম্যাশ্চোদময়ং বসু। স্বগোভির্মোক্তুমারেভে পর্জ্জন্যঃ কাল আগতে॥

[মল্লার-রাগ]

৩-৪ কথোদিন বই হৈল বরিষা-সময়।
কালগুণে যাহাতে সকল জীব হয়॥
বিদ্যুৎ-চমকে দশদিগ্ চমকিত।
ক্ষণে-ক্ষণে আকাশে দেখিয়ে প্রকাশিত॥
মহামেঘ-গর্জ্জন, বিদ্যুত-ছটা তাহে।
আকাশমণ্ডলে জ্যোতি ক্ষণে-ক্ষণে বহে॥
৫ পৃথিবীর যত রস নিল অষ্টমাসে।
মেঘপথে সে-সব তেজিল দিননাথে॥

৬। তড়িদ্বন্তো মহামেঘাশ্চণ্ডশ্বসনবেপিতাঃ। প্রীণনং জীবনং হ্যস্য মুমুচুঃ করুণা ইব ॥
৭। তপঃকৃশা দেবমীঢ়া আসীদ্বর্ষীয়সী মহী। যথৈব কাম্যতপসস্তনুঃ সম্প্রাপ্য তৎফলম্ ॥
৮। নিশামুখেষু খদ্যোতাস্তমসা ভান্তি ন গ্রহাঃ। যথা পাপেন পাষণ্ডা ন হি বেদাঃ কলৌ যুগে ॥
৯। শ্রুত্বা পর্জ্জন্যনিনদং মণ্ডূকা ব্যসৃজন্ গিরঃ। তূষ্ণীং শয়ানাঃ প্রাগ্‌যদ্বদ্‌ব্রাহ্মণা নিয়মাত্যয়ে ॥
১০। আসন্নুৎপথবাহিন্যঃ ক্ষুদ্রনদ্যোঽনুশুষ্যতীঃ। পুংসো যথাস্বতন্ত্রস্য দেহ-দ্রবিণ-সম্পদঃ ॥
১১। হরিতা হরিভিঃ শষ্পৈরিন্দ্রগোপৈশ্চ লোহিতাঃ। উচ্ছিলীন্ধ্রকৃতচ্ছায়া নৃণাং শ্রীরিব ভূরভূৎ ॥
১২। ক্ষেত্রাণি শস্যসম্পদ্ভিঃ কর্ষকাণাং মুদং দদুঃ। ধনিনামুপতাপঞ্চ দৈবাধীনমজানতাম্ ॥
১৩। জলস্থলৌকসঃ সর্ব্বে নববারিনিষেবয়া। অবিভ্রদ্রুচিরং রূপং যথা হরিনিষেবয়া ॥
১৪। সরিদ্ভিঃ সঙ্গতঃ সিন্ধুশ্চুক্ষুভে শ্বসনোর্ম্মিমান্। অপক্কযোগিনশ্চিত্তং কামাক্তং গুণযুগ্‌যথা ॥
১৫। গিরয়ো বর্ষধারাভির্হন্যমানা ন বিব্যথুঃ। অভিভূয়মানা ব্যসনৈর্যথাধোক্ষজচেতসঃ ॥
১৬। মার্গা বভুবুঃ সন্দিগ্ধাস্তৃণৈশ্ছন্না হ্যসংস্কৃতাঃ। নাভ্যস্যমানা শ্রুতয়ো দ্বিজৈঃ কালহতা ইব ॥
১৭। লোকবন্ধুষু মেঘেষু বিদ্যুতশ্চলসৌহৃদাঃ। স্থৈর্য্যং ন চক্রুঃ কামিন্যঃ পুরুষেষু গুণিষ্বিব ॥

রাজায় পৃথ্বীর ধন যেন হরি' লয়।
শতগুণ করে' দান পাইলে সময় ॥

৬ প্রচণ্ড পবন বহে, মহামেঘ-মালা।
সর্ব্বলোক-জীবন বরিখে জলধারা ॥

দয়ালু পুরুষ যেন দেখি' দুঃখী জন।
তাহাকে রাখিতে তেজে' আপন-জীবন ॥

৭ নিদাঘ-আতপ-তাপে ধরণী তাপিতা।
মেঘ-বরিষণ পাঞা হৈলা আনন্দিতা ॥

কাম্যব্রতী তপস্বীর যেন তনু ক্ষীণ।
কাম্যফল-সিদ্ধি হৈলে দেখিয়ে নবীন ॥

৮ রাত্রিকালে জোনিকীট জ্বলে অতিশয়।
মেঘ-আচ্ছাদনে নহে নক্ষত্র-উদয় ॥

অধর্ম্মে পাষণ্ড যেন কলিকালে বাঢ়ে।
দুষ্ট কলি দেখি' বেদ না হয় প্রচারে ॥

৯ জলদ-শবদ শুনি' হরষিত-মনে।
কোলাহল-শবদ করয়ে ভেকগণে ॥

মৌন আচরিয়া ব্রতে আছিল ব্রাহ্মণ।
নিয়ম খণ্ডিলে, যেন বেদ-উচ্চারণ ॥

১০ পূরিয়া কলুষ-জলে, ক্ষুদ্র-নদী বহে।
তা'র তীর ভাঙ্গে স্রোতে, বেগে স্থির নহে ॥

অহঙ্কারে মত্ত, যেন আপনা' পাসরে।
তনু-ধন-সুত-দার পাঞা গর্ব্ব করে' ॥

১১ হরিৎ-বরণ ঘাসে কোথাহ হরিতা।
ইন্দ্রগোপ-নামে কীট কোথাহ লোহিতা ॥
কোথাহ ছত্রাক-ছায়া শোভে বসুমতী।
যেন রাজসম্পৎ সাক্ষাতে মূর্ত্তিমতী ॥

১২ শস্যপূর্ণ ক্ষেত্র দেখি' কৃষক হরিষ।
অনুতাপে কারো কারো বাঢ়ে বিমরিষ ॥

১৩ নবজল-স্নান-পানে সব চরাচর।
ধরয়ে উত্তম রূপ, দেখি মনোহর ॥
ভকত-জনার চিত্ত কৃষ্ণসেবা-রসে।
রূপ-তেজ-বল যেন সর্ব্বত্র প্রকাশে ॥

১৪ সাগর ক্ষোভিত নদ-নদীর সঙ্গমে।
অপূর্ণ যোগীর যেন হতচিত্ত কামে ॥

১৫ ধারাপাত-বরিষণে পর্ব্বত না টুটে।
ভকতের চিত্ত যেন কামে নাহি ছুটে ॥

১৬ কর্দ্দম দেখিয়া পথে কেহ নাহি হাঁটে।
তৃণ-জল-পঙ্কে কৈল অধিক সঙ্কটে ॥
দুষ্ট কলিযুগে যেন দুষ্ট ব্যবহার।
ব্রাহ্মণে না পঢ়ে বেদ, নাহিক প্রচার ॥

১৭ মেঘচয়ে স্থির নহে চঞ্চল তড়িৎ।
নির্গুণ পুরুষে যেন কামিনার চিত ॥

১৮। ধনুর্বিয়তি মাহেন্দ্রং নির্গুণঞ্চ গুণিন্যভাৎ। ব্যক্তে গুণব্যতিকরেঽগুণবান্ পুরুষো যথা॥
১৯। ন ররাজোড়ুপশ্ছন্নঃ স্বজ্যোৎস্নারাজিতৈর্ঘনৈঃ। অহংমত্যা ভাসিতয়া স্বভাসা পুরুষো যথা॥
২০। মেঘাগমোৎসবা হৃষ্টাঃ প্রত্যনন্দন্ শিখণ্ডিনঃ। গৃহেষু তপ্তা নির্ব্বিণ্ণা যথাচ্যুতজনাগমে॥
২১। পীত্বাপঃ পাদপাঃ পদ্ভিরাসন্ নানাত্মমূর্ত্তয়ঃ। প্রাক্ক্ষামাস্তপসা শ্রান্তা যথা কামানুসেবয়া॥
২৩। জলৌঘৈর্নিরভিদ্যন্ত সেতবো বর্ষতীশ্বরে। পাষণ্ডিনামসদ্বাদৈর্বেদমার্গাঃ কলৌ যথা॥
২৫। এবং বনং তদ্বর্ষিষ্ঠং পক্বখর্জ্জুরজম্বুমৎ। গোগোপালৈর্বৃতো রন্তুং সবলঃ প্রাবিশদ্ধরিঃ॥
২৬। ধেনবো মন্দগামিন্য উধোভারেণ ভূয়সা। যযুর্ভগবতাহূতা দ্রুতং প্রীত্যা স্নুতস্তনীঃ॥
২৮। ক্বচিদ্বনস্পতিক্রোড়ে গুহায়াঞ্চাভিবর্ষতি। নির্ব্বিশ্য ভগবান্ রেমে কন্দমূলফলাশনঃ॥
২৯। দধ্যোদনং সমানীতং শিলায়াং সলিলান্তিকে। সঙ্কোজনীয়ৈর্ভুজে গোপৈঃ সঙ্কর্ষণান্বিতঃ॥
৩১। প্রাবৃট্শ্রিয়ঞ্চ তাং বীক্ষ্য সর্ব্বভূতমুদাবহাম্। ভগবান্ পূজয়াঞ্চক্রে আত্মশক্ত্যুপবৃংহিতাম্॥
৩২। এবং নিবসতোস্তস্মিন্ রামকেশবয়োর্ব্রজে। শরৎ সমভবদ্ব্যভ্রা স্বচ্ছাম্বুপরুষানিলা॥

---

১৮ নবঘন-গরজিত গগন-উপরে।
গুণহীন শক্র-ধনু তাহে দীপ্ত করে'॥
যদি লোকে নিজ-গুণ হয় পরিচয়।
নির্গুণ পুরুষ তা'থে শোভে অতিশয়॥

১৯ চন্দ্রতেজে সর্ব্ব-লোক দেখে জলধর।
সেই আবরণে নাহি শোভে শশধর॥

২০ নবঘন-দরশনে আনন্দিত হৈয়া।
শিখী-সব নৃত্য করে' হরষে পূরিয়া॥
নানা-গৃহতাপে তাপী যেন গৃহিজনে।
অতুল আনন্দ পায় সাধু-সমাগমে॥

২১ ঘন-বরিষণে জল পাঞা তরুগণ।
সুন্দর-মূরতি ধরে', বিবিধ-লক্ষণ॥
তপ করি' তপস্বীর ক্ষীণ কলেবর।
কাম্য-সিদ্ধি হৈলে যেন দেখিয়ে সুন্দর॥

২৩ দৃঢ় সেতুবন্ধ টুটে ধারা-বরিষণে।
যেন কলিযুগে বেদ পাষণ্ডবচনে॥
বরিষা-কালের গুণ যত যত হয়।
সকল শ্রীবৃন্দাবনে করিল উদয়॥

২৫ তাল, জম্বু, খর্জ্জুর—বিবিধ নানাফল।
বহুবিধ কুসুম শোভিত থরে-থর॥
সঙ্গে ব্রজবালক, গোধন আগে যায়।
বৃন্দাবনে পরবেশ কৈলা যদুরায়॥

রামকৃষ্ণ দুই ভাই মিলিয়া আনন্দে।
বহুবিধ বালকেলি করয়ে প্রবন্ধে॥

২৬ যদি ধেনু তৃণলোভে দূর বনে যায়।
নাম ধরি' উচ্চস্বরে ডাকে যদুরায়॥
পয়োধর-ভারে ধেনু গমন-মন্থর।
হুহুঙ্কার-শব্দ করয়ে উতরোল॥
প্রেম-রসে সব ধেনু আকুল-হৃদয়।
যথা-যথা কৃষ্ণ, তথা বেঢ়ি' বেঢ়ি' রয়॥

২৮ যখনে বরিখে মেঘ দেব পুরন্দর।
শিশু-সঙ্গে তরুতলে রহে দামোদর॥
পর্ব্বতগহ্বরে ক্ষেণে করেন প্রবেশ।
ফল-ফুল ভোজন করয়ে হৃষীকেশ॥

২৯ যমুনা-নিকট-তটে উত্তম পাথর।
ধরিল ওদন-দধি তথির উপর॥
গোপশিশু-সঙ্গে বলদেব-নারায়ণ।
অখিল-ব্রহ্মাণ্ডনাথ করেন ভোজন॥

৩১ বরিষাকালের দেখি' সম্পদ-বিশেষ।
মনে মনে হরষিত প্রভু হৃষীকেশ॥

৩২ এইমতে শ্রীগোকুলে বৃন্দাবনে বৈসে।
গোপগোপী-সঙ্গে হরি বহুবিধ রসে॥
তবে ত' শরৎকাল হৈল পরবেশ।
সর্ব্বলোকে বাঢ়ে সুখ সম্পদ-বিশেষ॥

৩৩। শরদা নীরজোৎপত্ত্যা নীরাণি প্রকৃতিং যযুঃ। ভ্রষ্টানামিব চেতাংসি পুনর্যোগনিষেবয়া॥
৩৪। ব্যোম্নোঽব্দং ভূতশাবল্যং ভুবঃ পঙ্কমপাং মলম্। শরজ্জহারাশ্রমিণাং কৃষ্ণে ভক্তির্যথাশুভম্॥
৩৫। সর্ব্বস্বং জলদা হিত্বা বিরেজুঃ শুভ্রবর্চ্চসঃ। যথা ত্যক্তৈষণাঃ শান্তা মুনয়ো মুক্তকিল্বিষাঃ॥
৩৭। নৈবাবিদন্ ক্ষীয়মাণং জলং গাধজলেচরাঃ। যথায়ুরন্বহং ক্ষয্যং নরা মূঢ়াঃ কুটুম্বিনঃ॥
৩৮। গাধবারিচরাস্তাপমবিন্দঞ্চরদর্কজম্। যথা দরিদ্রঃ কৃপণঃ কুটুম্ব্যবিজিতেন্দ্রিয়ঃ॥
৩৯। শনৈঃ শনৈর্জহুঃ পঙ্কং স্থলান্যামঞ্চ বীরুধঃ। যথাহংমমতাং ধীরাঃ শরীরাদিষ্বনাত্মসু॥
৪০। নিশ্চলাম্বুরভূত্তূষ্ণীং সমুদ্রঃ শরদাগমে। আত্মন্যুপরতে সম্যঙ্মুনির্ব্যপরতাগমঃ॥
৪১। কেদারেভ্যস্ত্বপোঽগৃহ্ণন্ কর্ষকা দৃঢ়সেতুভিঃ। যথা প্রাণৈঃ স্রবজ্জ্ঞানং তন্নিরোধেন যোগিনঃ॥
৪২। শরদর্কাংশুজাংস্তাপান্ ভূতানামুডুপোঽহরৎ। দেহাভিমানজং বোধো মুকুন্দো ব্রজযোষিতাম্॥
৪৩। খমশোভত নির্ম্মেঘং শরদ্বিমলতারকম্। সত্ত্বযুক্তং যথা চিত্তং শব্দব্রহ্মার্থদর্শনম্॥
৪৪। অখণ্ডমণ্ডলো ব্যোম্নি ররাজোড়ুগণৈঃ শশী। যথা যদুপতিঃ কৃষ্ণো বৃষ্ণিচক্রাবৃতো ভুবি॥

অমল সলিল, মন্দ-পবন-সঞ্চার।
৩৩ সকল নির্ম্মল গুণ হৈল আরবার॥
যোগভ্রষ্ট যোগীর মলিন যেন চিত্ত।
পুনঃ আর যোগ সেবি' যেন প্রকাশিত॥
৩৪ যতেক আছিল মেঘ আকাশমণ্ডলে।
বহু জীব-বসতি আছিল এক মেলে॥
পৃথিবীর আছিল যতেক পঙ্কচয়।
জলের কলুষ-আদি যে-যে দোষ হয়॥
সকল হরিল তাহা শরতের গুণে।
সকল নির্ম্মল হৈল, সুখী সর্ব্বজনে॥
বহু-দুঃখে ব্রহ্মচারী গুরু-সেবা করি'।
নিতি-নিতি সমিধ্ আনয়ে কুশ-বারি॥
পুত্র-দার-পরিবার-মমতা-বন্ধনে।
নানা-গৃহকর্ম্ম-দুঃখে রহে গৃহিজনে॥
বনবাসী কন্দমূল করয়ে আহার।
বিবিধ সংযমে করে' বহু দুঃখ-ভার॥
সন্ন্যাসীর নিজ-ধর্ম্ম করিতে পালন।
দুঃখ বই, নাহি কিছু সন্ন্যাস-কারণ॥
যদি ভাগ্যবশে ভক্তি হয় নারায়ণে।
এ চারি আশ্রমধর্ম্ম ছাড়ে চারি জনে॥
শুদ্ধভাব, শুদ্ধচিত্ত, হয় শুদ্ধমতি।
যেন কর্ম্ম-বন্ধ সব ছাড়ায় ভকতি॥
৩৫ জলময় ধন ছাড়ি' মেঘ নিরমল।
বাসনা তেজিলে যেন শান্ত মুনিবর॥
৩৭ অল্প জলে বৈসে যেন ক্ষুদ্র জলচরে।
অনুদিনে জল টুটে বুঝিতে না পারে॥
নষ্টবুদ্ধি গৃহী যেন মূর্খ অতিশয়।
দিনে-দিনে টুটে আয়ু, তবু না বুঝয়॥
৩৮ অল্প জলে বৈসে যেন ক্ষুদ্র জলচর।
রবির কিরণতাপে দহে কলেবর॥
যেন দুঃখী গৃহস্থ না গণে দুঃখভার।
সতত আকুল হঞা পুষে পুত্র-দার॥
৩৯ অলপে অলপে পঙ্ক ছাড়য়ে মেদিনী।
পুত্র-দার-আদি-মোহ যেন তত্ত্বজ্ঞানী॥
৪০ নিশ্চলে রহিলা সিন্ধু শরৎ-সময়ে।
যেন মহামুনি তত্ত্বজ্ঞান-পরিচয়ে॥
৪১ দৃঢ়-সেতু বান্ধি' জল রাখিল কৃষাণে।
ইন্দ্রিয়-সংযম যেন কৈল যোগিগণে॥
৪২ শরৎ-রবির জ্বালা হরে' নিশাপতি।
গোপীর বিরহতাপ যেন যদুপতি॥
৪৩ নির্ম্মেঘ গগনে হৈল নক্ষত্র নির্ম্মল।
সত্ত্বযুত চিত্ত যেন শুদ্ধ কলেবর॥
৪৪ আকাশমণ্ডলে শশী নক্ষত্র-সমাঝে।
শোভে, যেন যদুনাথ যদুবংশ-মাঝে॥

৪৫। আশ্লিষ্য সমশীতোষ্ণং প্রসূনবনমারুতম্। জনাস্তাপং জহুর্গোপ্যো ন কৃষ্ণহৃতচেতসঃ॥
৪৬। গাবো মৃগাঃ খগা নার্য্যঃ পুষ্পিণ্যঃ শরদাভবন্। অন্বীয়মানাঃ স্ববৃষৈঃ ফলৈরীশক্রিয়া ইব॥
৪৭। উদহ্যন্ বারিজানি সূর্য্যোত্থানে কুমুদ্বিনা। রাজ্ঞা তু নির্ভয়া লোকা যথা দস্যূন্ বিনা নৃপ॥
৪৮। পুরগ্রামেষ্বাগ্রয়ণৈরৈন্দ্রিয়ৈশ্চ মহোৎসবৈঃ। বভৌ ভূঃ পক্বশস্যাঢ্যা কলাভ্যাং নিতরাং হরেঃ॥
৪৯। বণিগ্ভূনিনৃপস্নাতা নির্গম্যার্থান্ প্রপেদিরে। বর্ষরুদ্ধা যথা সিদ্ধাঃ স্বপিণ্ডান্ কাল আগতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শরদ্বর্ণনং নাম বিংশোঽধ্যায়ঃ॥ ২০॥

---

৪৫ সমশীত, সমতাপ, কুসুম-পবন।
এ সুখ-সম্পদে সুখী হৈল সর্ব্বজন॥
৪৬ ধেনু, মৃগী, পক্ষিণী, যতেক নারীজাতি।
গর্ভযোগ ধরিল সংযোগে নিজ-পতি॥
৪৭ প্রফুল্ল জলজ-সব রবির উদয়ে।
কুমুদ মুদিত ভয়ে হৈল অতিশয়ে॥
যেন লোক হরষিত রাজ-দরশনে।
দুষ্ট চৌর পলায় রাখিতে নিজ-প্রাণে॥
৪৮ পুর-গ্রাম দ্বিবিধ উৎসবে উল্লসিতা।
বিবিধ সুপক্ক ধান্যে পৃথিবী পূরিতা॥
৪৯ বাণিজ্যে চলিল যত আছে বাণিজার।
নৃপ-সব কৈল যাত্রা শত্রু জিনিবার॥
চলিল তপস্বী, মুনি তপ সাধিবারে।
যা'র যথা মনোরথ, সেই তথা চলে॥
এ-সব শরৎকাল-গুণের ব্যাখ্যান।
বিংশতি অধ্যায়ে কহি কৃষ্ণগুণগান॥

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
মন দিয়া শুন কৃষ্ণপ্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং বিংশোঽধ্যায়ঃ॥ ২০॥

একবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ইত্থং শরৎ স্বচ্ছজলং পদ্মাকরসুগন্ধিনা। ন্যবিশদ্বায়ুনা বাতং সগোগোপালকোঽচ্যুতঃ॥
২। কুসুমিতবনরাজিশুষ্মিভৃঙ্গ-দ্বিজকুলঘুষ্টসরঃসরিন্মহীধ্রম্।
মধুপতিরবগাহ্য চারয়ন্ গাঃ, সহপশুপালবলশ্চুকূজ বেণুম্॥
৩। তদ্ব্রজস্ত্রিয় আশ্রুত্য বেণুগীতং স্মরোদয়ম্। কাশ্চিৎ পরোক্ষং কৃষ্ণস্য স্বসখীভ্যোঽন্ববর্ণয়ন্॥
৪। তদ্বর্ণয়িতুমারব্ধাঃ স্মরন্ত্যঃ কৃষ্ণচেষ্টিতম্। নাশকন্ স্মরবেগেন বিক্ষিপ্তমনসো নৃপ!

[ধানসী-রাগ—দীর্ঘছন্দ]

১ মধুমত্ত মধুব্রত, বিবিধ-কুসুমযুত,
মকরন্দ-সুগন্ধি পবনে।
নদ-নদী, সরোবর, শরৎ-নির্ম্মল জল,
বহু অদভুত বৃন্দাবনে॥
শুক-শারী, পরভৃত, বিবিধ-বিহগ-যুত,
বহুবিধ শবদ-ঝঙ্কার।
হেন বনে পরবেশি', অখিল-হৃদয়বাসী,
করে' হরি বিবিধ বিহার॥

৫। বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং, বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ,-র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ॥
৬। ইতি বেণুরবং রাজন্! সর্ব্বভূতমনোহরম্। শ্রুত্বা ব্রজস্ত্রিয়ঃ সর্ব্বা বর্ণয়ন্ত্যোঽভিরেভিরে॥

শ্রীগোপ্য ঊচুঃ

৭। অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ, সখ্যঃ পশূননুবিবেশয়তোর্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণু জুষ্টং, যৈর্বা নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষম্॥
৮। চূতপ্রবালবরহস্তবকোৎপলাব্জ,-মালানুপৃক্তপরিধানবিচিত্রবেষৌ।
মধ্যে বিরেজতুরলং পশুপালগোষ্ঠ্যাং, রঙ্গে যথা নটবরৌ ক্ব চ গায়মানৌ॥
৯। গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণু,-র্দামোদরাধরসুধামপি গোপিকানাম্।
ভুঙ্‌ক্তে স্বয়ং যদবশিষ্টরসং হ্রদিন্যো, হৃষ্যত্ত্বচোঽশ্রু মুমুচুস্তরবো যথার্য্যাঃ?

২-৫ চঞ্চল বরিহাপীড়, বাঙ্কল কুসুমে চূড়, নটবর-শেখর গোপাল।
দৃঢ়বন্ধ পীত-ধটী, উজ্জ্বল কিঙ্কিণী-কটি, শ্রুতিযুগে শোভে কর্ণিকার॥
বৈজয়ন্তী-মালা দোলে, মণি-আভরণ ধরে', অধর-সুধায় বেণু পূরে'।
নব নব গোপসুত, চৌদিগে আনন্দ-যুত, গায় গুণ, মাঝে যদুবরে॥
যব-ধ্বজ-পদ্মাঙ্কিত, সুললিত পদযুগ, ভূষণ-ভূষিত বৃন্দাবনে।
অমিত-গোধন-সঙ্গে, বিবিধ কৌতুক-রঙ্গে, পরবেশ কৈলা নারায়ণে॥
৬ শ্রীবৃন্দাবিপিনে শুনি', মধুর বংশীর ধ্বনি, ব্রজবধূ সব এক মেলে।
আকুল মদনবাণে, বাহ্য কিছু নাহি জানে, কহে গুণ, বর্ণিতে না পারে॥
৭ ইথে ধিক্, নাহি আর, নয়ন সফল তা'র, যে যে দেখে কৃষ্ণমুখ-জ্যোতি।
চন্দ্র-কোটি-পরকাশ, মন্দ মধু সুধা-হাস, কি সখি, কহিব নারীজাতি?
৮ নব চূতপল্লব, ময়ূরচন্দ্রিকা নব, উতপল-কমলে রচিত।
আজানু কুসুম-মালে, মাঝে মাঝে শোভা করে', পরিধান বিচিত্র-ভূষিত॥
বলদেব-দামোদর, দিব্যবেশ মনোহর, শোভে ব্রজ-বালকের মাঝে।
ভুবনমোহন-লীলা, খেলে নৃত্য-গীত-খেলা, রাম-কৃষ্ণ নটবর রাজে॥
৯ ওহে সখি, হের, বল', বেণু কোন্ তপ ফলে, সব গোপী করিয়া নৈরাশে।
হরিমুখ-সুধানিধি, পান করে' নিরবধি, ধন্য বেণু জন্ম যেবা বংশে॥
প্রফুল্ল-কমলযুতা, সব নদী পুলকিতা, জনমিল ভকত-তনয়।
'নিবসে আমার বনে, পুত্র বেণু এই-মনে মুক্তি দিব এ কোন্ সংশয়?'
মধুরূপ অশ্রুধারে, সকল বৃক্ষের ক্ষরে, পুত্রপ্রেম হৈল তরুগণে।
'জনমিল এই কুলে, আমরা তরিব হেলে', এ সব অদ্ভুত বৃন্দাবনে॥
যেন কোন ধন্য কুলে, বৈষ্ণব জনম নিলে, আনন্দ বাঢ়য়ে বৃদ্ধগণে।
অচেতন ধর্ম্ম যা'র, জীবধর্ম্ম হয় তা'র, কি কহিব বৃন্দাবন-গুণে?

১০। বৃন্দাবনং সখি! ভুবো বিতনোতি কীর্ত্তিং, যদ্দেবকীসুতপদাম্বুজলব্ধলক্ষ্মি।
গোবিন্দবেণুমনু মত্তময়ূরনৃত্যং, প্রেক্ষ্যাদ্রিসান্ববরতান্যসমস্তসত্ত্বম্॥

১১। ধন্যাঃ স্ম মূঢ়গতয়োঽপি হরিণ্য এতা, যা নন্দনন্দনমুপাত্তবিচিত্রবেষম্।
আকর্ণ্য বেণুরণিতং সহকৃষ্ণসারাঃ, পূজাং দধুর্বিরচিতাং প্রণয়াবলোকৈঃ॥

১২। কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীলং, শ্রুত্বা চ তৎকণিতবেণুবিবিক্তগীতম্।
দেব্যো বিমানগতয়ঃ স্মরনুন্নসারা, ভ্রশ্যৎপ্রসূনকবরা মুমুহুর্বিনীব্যঃ॥

১৩। গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত,-পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।
শাবাঃ স্নুতস্তনপয়ঃকবলাঃ স্ম তস্থু,-র্গোবিন্দমাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ॥

১৪। প্রায়ো বতাম্ব! বিহগা মুনয়ো বনেঽস্মিন্, কৃষ্ণেক্ষিতং তদুদিতং কলবেণুগীতম্।
আরুহ্য যে দ্রুমভুজান্ রুচিরপ্রবালান্, শৃণ্বন্তি মীলিতদৃশো বিগতান্যবাচঃ॥

১৫। নদ্যস্তদা তদুপধার্য্য মুকুন্দগীত,-মাবর্ত্তলক্ষিতমনোভবভগ্নবেগাঃ।
আলিঙ্গনস্থগিতমূর্ম্মিভুজৈর্মুরারে,-র্গৃহ্ণন্তি পাদযুগলং কমলোপহারাঃ॥

১৬। দৃষ্ট্বাতপে ব্রজপশূন্ সহ রামগোপৈঃ, সঞ্চারয়ন্তমনু বেণুমুদীরয়ন্তম্।
প্রেমপ্রবৃদ্ধ উদিতঃ কুসুমাবলীভিঃ, সখ্যুর্ব্যধাৎ স্ববপুষাম্বুদ আতপত্রম্॥

---

১০ শুন, সখি, সাবহিতা, শ্রীবৃন্দাবনের কথা,
বিস্তারিল বিশ্বকীর্ত্তি-ভার।
ধ্বজ-বজ্র-সুলক্ষিত, মুকুন্দ-পদ-ভূষিত,
যা'তে প্রভু করেন বিহার॥
গভীর বংশীর স্বনে, ঘন-বুদ্ধি শিখিগণে,
উল্লাসিতে করয়ে নাচনে।
ভক্ষ্য-ভক্ষকে মেলি', দেখে সেই নৃত্যকেলি,
সখ্যভাব হৈল জনে-জনে॥

১১ ধন্য ঐ মৃগীগণ, দেখে শ্রীনন্দনন্দন,
চিত্রবেশ, মধুর-মূরতি।
বংশীর মধুর ধ্বনি, নিশ্চল হইল শুনি',
প্রেমভাবে বাঢ়ল পীরিতি॥

১২ মধুর মুরলীরব, শুনি' দেববধূ সব,
মন্দগতি রহে শূন্যপথে।
অখিল-লাবণ্যধাম, গুণশীলে অভিরাম,
দেখিয়া মূরছি' পড়ে রথে॥

১৩ যবে কৃষ্ণ বেণু বায়, সব ধেনু রহি' চায়,
শ্রুতিযুগ-পুট ধরে' তুলি'।
মুদিত নয়ন করি', হৃদয়ে চিন্তয়ে হরি,
দশনে কবল-ঘাস ধরি'॥

বৎস করে' ক্ষীর পান, যবে শুনে বেণুগান,
ক্ষীর-কবল মুখে ধরি'।
শ্রুতিযুগ উভ করি', অমনি ধেয়ায় হরি,
প্রেমরসে আপনা' পাসরি'॥

১৪ শুন, সখি, হেন দেখি, বৃন্দাবনে যত পাখী,
ও-সব সাক্ষাৎ মুনিগণে।
রুচির বিরল ডালে, চঢ়িয়া গোপাল-পানে,
চাহিয়া মুরলীনাদ শুনে॥
ধর্ম্ম-অর্থ-কাম-যুত, নানা-বেদপথ যত,
তেজিয়া সকল একেবারে।
নিরমল ভক্তিপথে, রহে মুনি যেন-মতে,
সে ধর্ম্ম দেখিলুঁ পক্ষিবরে॥

১৫ মধুর মুরলীধ্বনি, সব নদীগণে শুনি',
কামভরে গমনমন্থরা।
অচল তরঙ্গ-ভুজে, মুকুন্দ-পদ-পঙ্কজে,
ধরিল কমল-উপহারা॥

১৬ বলভদ্র-সহ হরি, গোপশিশু সঙ্গে করি',
বৃন্দাবনে চরায় গোধন।
দেখিয়া রবির জ্বালে, মেঘে আসি' ছত্র ধরে',
দেবে করে' পুষ্প-বরিষণ॥

১৭। **পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়পদাব্জরাগ,-শ্রীকুঙ্কুমেন দয়িতাস্তনমণ্ডিতেন।**
তদ্দর্শনস্মররুজস্তৃণরূষিতেন, লিম্পন্ত্য আননকুচেষু জহুস্তদাধিম্॥

১৮। **হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যো, যদ্রামকৃষ্ণচরণস্পরশপ্রমোদঃ।**
মানং তনোতি সহগোগণয়োস্তয়োর্যৎ, পানীয়সূযবসকন্দরকন্দমূলৈঃ॥

১৯। **গা গোপকৈরনুবনং নয়তোরুদার,-বেণুস্বনৈঃ কলপদৈস্তনুভৃৎসু সখ্যঃ।**
অস্পন্দনং গতিমতাং পুলকস্তরুণাং, নির্যোগপাশকৃতলক্ষণয়োর্বিচিত্রম্॥

২০। **এবংবিধা ভগবতো যা বৃন্দাবনচারিণঃ। বর্ণয়ন্ত্যো মিথো গোপ্যঃ ক্রীড়াস্তন্ময়তাং যযুঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীগোপিকাগীতং নামৈকবিংশোঽধ্যায়ঃ॥ ২১॥

---

১৭ ও-সব শবর-নারী, কোন্ পুণ্য-তপ করি',
চরণকুঙ্কুম পাইল বনে ?
গোপী-কুচযুগ-গত, গোবিন্দ-চরণে রত,
নিজ-কুচে করে আলেপনে॥

১৮ শুন, হের, গোপনারি, ধন্য গোবর্দ্ধন-গিরি,
উহা গণি—ভকতপ্রধান।
চরণরেণু-পরশে, পুলকে সর্ব্বাঙ্গ ভাসে,
হরিপদচিহ্ন, নিজ-নাম॥
কন্দ, মূল, তৃণ, জল, বিবিধ-কুসুম, ফল,
বহুবিধ দিয়া উপহারে।
ধেনু-সঙ্গে শিশুগণ, রাম-সঙ্গে নারায়ণ,
আরাধিলা বহু পরকারে॥

১৯ যতেক বালক মেলি', রাম সঙ্গে বনমালী,
গোধন চরায় যদি বনে।
চরের স্থাবর-ধর্ম্ম, স্থাবরের চর-ধর্ম্ম,
হেন চিত্র দেখিলা নয়নে॥

২০ এইরূপে বাল্যকেলি, কৈলা যত বনমালী,
শ্রীবৃন্দাবিপিনে কুতূহলে।
গোকুল-নগর-নারী, সভে হঞা এক মেলি,
বর্ণিতে থাকয়ে নিরন্তরে॥
প্রেম-রভস-রসে, আনন্দ-মানস-রসে,
কৃষ্ণময়ী ভেলা ব্রজরামা।
এ-সব চরিত্র-লীলা, কৈলা দেবকীর বালা,
ভাগবত-আচার্য্য-রচনা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকবিংশোঽধ্যায়ঃ॥ ২১॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ। চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতম্॥**
২। **আপ্লুত্যাম্ভসি কালিন্দ্যা জলান্তে চোদিতেঽরুণে। কৃত্বা প্রতিকৃতিং দেবীমানর্চ্চুর্নৃপ! সৈকতীম্॥**
৩। **গন্ধৈর্মাল্যৈঃ সুরভিভির্বলিভির্ধূপদীপকৈঃ। উচ্চাবচৈশ্চোপহারৈঃ প্রবালফলতণ্ডুলৈঃ॥**

[বরাড়ী-রাগ]

১ অগ্রহায়ণ-মাস হৈল, প্রথম হেমন্ত।
ব্রজবধূ-সব কৈলা ব্রত-অনুবন্ধ॥
'দুর্গার্চ্চন'-নাম ব্রত, হবিষ্য-ভোজন।
২ কালিন্দীর জলে করে' প্রভাতে মজ্জন॥
বালুকায় করে' দেবী-প্রতিমা নির্ম্মাণ।
৩ গন্ধ-মাল্য, ধূপ, দীপ, বিবিধ-বিধান॥
প্রবাল, তণ্ডুল, ফল, নানা-উপহারে।
প্রতিদিন প্রাতঃকালে দুর্গাপূজা করে'॥

৬। উষস্যুত্থায় গোত্রৈঃ স্বৈরন্যোন্যাহবদ্ধবাহবঃ। কৃষ্ণমুচ্চৈর্জগুর্যান্ত্যঃ কালিন্দ্যাং স্নাতুমন্বহম্ ॥
৭। নদ্যাং কদাচিদাগত্য তীরে নিক্ষিপ্য পূর্ব্ববৎ। বাসাংসি কৃষ্ণং গায়ন্ত্যো বিজহ্রুঃ সলিলে মুদা ॥
৪। কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি। নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ।
ইতি মন্ত্রং জপন্ত্যস্তাঃ পূজাং চক্রুঃ কুমারিকাঃ ॥
৫। এবং মাসং ব্রতং চেরুঃ কুমার্য্যঃ কৃষ্ণচেতসঃ। ভদ্রকালীং সমানর্চ্চুর্ভূয়ান্নন্দসুতঃ পতিঃ ॥
৮। ভগবাংস্তদভিপ্রেত্য কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ। বয়স্যৈরাবৃতস্তত্র গতস্তৎকর্ম্মসিদ্ধয়ে ॥
৯। তাসাং বাসাংস্যুপাদায় নীপমারুহ্য সত্বরঃ। হসদ্ভিঃ প্রহসন্ বালৈঃ পরিহাসমুবাচ হ ॥
১০। অত্রাগত্যাবলাঃ কামং স্বং স্বং বাসঃ প্রগৃহ্যতাম্। সত্যং ব্রুবাণি নো নর্ম্ম যদ্‌যূয়ং ব্রতকর্শিতাঃ ॥
১১। ন ময়োদিতপূর্ব্বং বা অনৃতং তদিমে বিদুঃ। একৈকশঃ প্রতীচ্ছধ্বং সহৈবোত সুমধ্যমাঃ ॥
১২। তস্য তৎ ক্ষ্বেলিতং দৃষ্ট্বা গোপ্যঃ প্রেমপরিপ্লুতাঃ।
ব্রীড়িতাঃ প্রেক্ষ্য চান্যোন্যং জাতহাসা ন নির্যযুঃ ॥

---

৬ উঠিয়া রজনীশেষে আভীর-কুমারী।
সভেই সভারে ডাকে নাম ধরি' ধরি' ॥
বাহু-বাহু ধরিয়া কুমারী এক মেলে।
কৃষ্ণের নির্ম্মল যশ গায় উচ্চস্বরে ॥
আনন্দে চলিয়া যায় যমুনার তীর।
বিধিবোধে পরশ করয়ে তীর্থনীর ॥
৭ কালিন্দীর তীরে থুঞা বস্ত্র-পরিধান।
বিবসনা হঞা জলে করে' তীর্থস্নান ॥
দুর্গাদেবী পূজা করে' পূরব-বিধানে।
বহুবিধ স্তুতি করি', করয়ে প্রণামে ॥
৪ 'কাত্যায়নি ! মহামায়ে ! মহাযোগিন্যধীশ্বরি !
নন্দগোপসুত পতি হৌক বনমালী ॥'
পূজিয়া চণ্ডিকা-দেবী দুর্গা-মহামায়া।
'নন্দসুত পতি দেহ—কর', দেবি ! দয়া ॥
৫ জনমে জনমে হৌক নন্দসুত পতি।'
এই বর মাগিয়া পূজিলা ভগবতী ॥
এইমতে ব্রত পূর্ণ হৈল এক-মাসে।
অখিল-হৃদয়বাসী জানিলা বিশেষে ॥
৮ মহাযোগেশ্বর হরি, ভকতবৎসল।
যা'র যে হৃদয় প্রভু জানেন সকল ॥
'আমারে পাইতে কৈলা দুর্গা-আরাধনে।
আমি সে পূরা'ব আশা যা'র যেন মনে ॥'
গোপীর সঙ্কল্প-সিদ্ধি করিব কারণে।
গোপবালকের সাথে চলে নারায়ণে ॥
অনুগত শিশু-সব নিজ-গুণ গায়।
অখিল-লাবণ্যধাম মধ্যে যদুরায় ॥
যমুনার তীরে গেলা যথা ব্রজাঙ্গনা।
সঙ্কল্প করিয়া করে' দেবী-আরাধনা ॥
৯ পরিধান-বস্ত্র যত তীরেতে আছিল।
তাহা লঞা জগন্নাথ কদম্বে চড়িল ॥
হাসে গোপশিশু, কৃষ্ণ বলে' পরিহাস।
১০ 'এথা আসি' লহ তোরা, যা'র যেই বাস ॥
মিথ্যা নাহি বলি আমি, কহি সত্যবাণী।
দেখিতেছি এথা রহি' তোরা তপস্বিনী ॥
তোমা'-সভায় মিথ্যা বাণী না হয় উচিত।
১১ আমিহ না কহি মিথ্যা, বালকে বিদিত ॥
কবহু না কহি আমি অসত্য-বচনে।
পুছিয়া দেখহ সভে এই শিশুগণে ॥
তমু যদি চিত্তে সবে প্রতীত না পাও।
একে একে আসি' নিজ বস্ত্র লঞা যাও ॥'
১২ পরিহাস-বচন শুনিয়া ব্রজাঙ্গনা।
আনন্দে মজিলা গোপী, পাসরে আপনা ॥
লাজে পড়ি' গোপীগণ হেঁট-মাথা কৈলা।
সভেই সভাকে চাহি' হাসিতে লাগিলা ॥

১৩। এবং ব্রুবতি গোবিন্দে নর্ম্মণা ক্ষিপ্তচেতসঃ। আকণ্ঠমগ্নাঃ শীতোদে বেপমানাস্তমব্রুবন্॥

১৪। মাঽনয়ং ভোঃ কৃথাস্ত্বান্ত নন্দগোপসুতং প্রিয়ম্।
জানীমোঽঙ্গ! ব্রজশ্লাঘ্যং দেহি বাসাংসি বেপিতাঃ॥

১৫। শ্যামসুন্দর! তে দাস্যঃ করবাম তবোদিতম্। দেহি বাসাংসি ধর্ম্মজ্ঞ! নো চেদ্রাজ্ঞে ব্রুবামহে॥

শ্রীভগবানুবাচ

১৬। ভবত্যো যদি মে দাস্যো ময়োক্তং বা করিষ্যথ। অত্রাগত্য স্ববাসাংসি প্রতীচ্ছন্তু শুচিস্মিতাঃ।
নোচেন্নাহং প্রদাস্যে কিং ক্রুদ্ধো রাজা করিষ্যতি?

১৭। ততো জলাশয়াৎ সর্ব্বা দারিকাঃ শীতবেপিতাঃ।
পাণিভ্যাং যোনিমাচ্ছাদ্য প্রোত্তেরুঃ শীতকর্শিতাঃ॥

১৮। ভগবানাহ তা বীক্ষ্য শুদ্ধভাবপ্রসাদিতঃ। স্কন্ধে নিধায় বাসাংসি প্রীতঃ প্রোবাচ সস্মিতম্॥

১৯। যূয়ং বিবস্ত্রা যদপো ধৃতব্রতা, ব্যগাহতৈতত্তদু দেবহেলনম্।
বদ্ধাঞ্জলিং মূর্দ্ধ্যপনুত্তয়েঽংহসঃ, কৃত্বা নমোঽধো বসনং প্রগৃহ্যতাম্॥

২০। ইত্যচ্যুতেনাভিহিতং ব্রজাবলা, মত্বা বিবস্ত্রাপ্লবনং ব্রতচ্যুতিম্।
তৎপূর্ত্তিকামাস্তদশেষকর্ম্মণাং, সাক্ষাৎকৃতং নেমুরবদ্যমৃগ্যতঃ॥

উঠিয়া না গেলা কেহ কৃষ্ণের নিকটে।
শীতে কাঁপে সব গোপী পড়িয়া সঙ্কটে॥

১৩ কৃষ্ণের বচনে সভার হরিয়াছে মন।
আকণ্ঠ মজ্জিয়া জলে কি বলে' বচন॥

১৪ 'তোমাকে জানিঞে ভাল, নন্দের তনয়।
সর্ব্বলোকে মান্য তুমি, করিছ অন্যায়॥
লাজে, শীতে মরি আমি, দেহ ত' বসন।

১৫ হইব তোমার দাসী, পালিব বচন॥
তবু যদি বস্ত্র তুমি না দিবে আমারে।
রাজারে জানা'ব, পাছে দোষ দিবে কা'রে?'

১৬ এ বোল শুনিঞা প্রভু দেব দামোদর।
কুমারীগণেরে তবে দিলেন উত্তর॥
'তোরা হেন জান'—আমি করি পরিহাস।
এথা আসি' লহ তোরা নিজ-নিজ বাস॥
নহে বা না দিব বস্ত্র, কহিলুঁ তোমারে।
ক্রুদ্ধ হৈলে তো'দের রাজা কি করিতে পারে?'

১৭ জানিঞা কুমারীগণ বচন নিশ্চয়।
কৃষ্ণের নিকটে যাইতে চিন্তিলা হৃদয়॥
দুই হস্তে ঝাপি' যোনি, জল হৈতে উঠে।
লাজে, শীতে কাঁপে গোপী, হাঁটে বা না হাঁটে॥

১৮ শুদ্ধভাব গোপীর দেখিয়া বনমালী।
প্রসন্নহৃদয় হৈলা প্রভু নরহরি॥
সকল বসন কৃষ্ণ তুলি' লৈলা স্কন্ধে।
হাসিয়া বচন কিছু বলেন প্রবন্ধে॥

১৯ 'তপস্বিনী হৈয়া কৈলে দেবী-আরাধনা।
জলেতে মজ্জিলে কেনে হঞা বিবসনা?
গায়ের গরবে কৈলে এত অহঙ্কার।
এ বড় বিষম দেখি দুরিত তোমার॥
এ সব পাপের যদি বাঞ্ছ প্রতিকার।
কর যুড়ি', শিরে ধরি' কর' নমস্কার॥
এইমতে হইব সব দুরিত-খণ্ডন।
তবে লঞা যাহ আসি' যা'র যে বসন॥'

২০ কৃষ্ণের বচনে গোপীর হৃদয়ে প্রতীত।
'বিবসনে ব্রতভঙ্গ—এ হয় উচিত॥
ব্রতভঙ্গ হঞা থাকে যদি ওই দোষে।
কৃষ্ণে করিলে প্রণাম পূর্ণ হৈব শেষে॥
সর্ব্ব-কর্ম্ম-ফলদাতা এই জগন্নাথ।'
এই চিন্তি' শিরেতে যুড়িল দুই হাত॥
সর্ব্ব-কলা-রস-শিরোমণি নারায়ণে।
জানিঞা প্রণাম কৈলা অভয়-চরণে॥

২১। তাস্তথাবনতা দৃষ্ট্বা ভগবান্ দেবকীসুতঃ। বাসাংসি তাভ্যঃ প্রাযচ্ছৎ করুণস্তেন তোষিতঃ॥
২৩। পরিধায় স্ববাসাংসি প্রেষ্ঠসঙ্গমসজ্জিতাঃ। গৃহীতচিত্তা নো চেলুস্তস্মিন্ লজ্জায়িতেক্ষণাঃ॥
২৪। তাসাং বিজ্ঞায় ভগবান্ স্বপাদস্পর্শকাম্যয়া। ধৃতব্রতানাং সঙ্কল্পমাহ দামোদরোঽবলাঃ॥
২৫। সঙ্কল্পো বিদিতঃ সাধ্ব্যো ভবতীনাং মদর্চ্চনম্। ময়ানুমোদিতঃ সোঽসৌ সত্যো ভবিতুমর্হতি॥
২৬। ন ময্যাবেশিতধিয়াং কামঃ কামায় কল্পতে। ভর্জ্জিতা ক্বথিতা ধানা প্রায়ো বীজায় নেশতে॥
২৭। যাতাবলা ব্রজং সিদ্ধা ময়েমা রংস্যথ ক্ষপাঃ। যদুদ্দিশ্য ব্রতমিদং চেরুরার্য্যার্চ্চনং সতীঃ!

শ্রীশুক উবাচ

২৮। ইত্যাদিষ্টা ভগবতা লব্ধকামাঃ কুমারিকাঃ। ধ্যায়ন্ত্যস্তৎপদাম্ভোজং কৃচ্ছ্রান্নির্বিবিশুর্ব্রজম্॥
২৯। অথ গোপৈঃ পরিবৃতো ভগবান্ দেবকীসুতঃ। বৃন্দাবনাদ্গতো দূরং চারয়ন্ গাঃ সহাগ্রজঃ॥
৩০। নিদাঘার্কাতপে তিগ্মে ছায়াভিঃ স্বাভিরাত্মনঃ। আতপত্রায়িতান্ বীক্ষ্য দ্রুমানাহ ব্রজৌকসঃ॥
৩১। হে স্তোককৃষ্ণ! হে অংশো! শ্রীদামন্! সুবলার্জ্জুন!
বিশালর্ষভ! তেজস্বিন্ দেবপ্রস্থ! বরূথপ!
৩২। পশ্যতৈতান্ মহাভাগান্ পরার্থৈকান্তজীবিতান্। বাতবর্ষাতপহিমান্ সহন্তো বারয়ন্তি নঃ॥
৩৩। অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবনম্। সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ॥
৩৪। পত্রপুষ্পফলচ্ছায়া-মূলবল্কলদারুভিঃ। গন্ধনির্য্যাসভস্মাস্থিতোকৈঃ কামান্ বিতন্বতে॥

---

২১ শুদ্ধভাব গোপীর দেখিয়া দয়াময়।
ফেলাঞা বসন দিলা সন্তোষ-হৃদয়॥
২৩ নিজ-নিজ বসন পরিয়া ব্রজনারী।
দাণ্ডাইয়া রহিলা কদম্বতরু বেড়ি'॥
চলিতে না পারে যেন চিত্রের পুত্তলি।
ঈষৎ কটাক্ষে চাহে শ্রীমুখ নেহালি'॥
তপ, ব্রত, পূজা কৈলা এই সে কারণে।
মহানিধি পাঞা গোপী তেজিব কেমনে?
২৪ গোপীর চিত্তের কথা জানিঞা সকল।
পুন আর প্রভু তা'থে কি দিলা উত্তর?
২৫ 'আমা পাইবারে সভে কৈলে সঙ্কল্পনা।
হইব সফল তোমার দুর্গা-আরাধনা॥
২৬ সর্ব্বভাবে শরণ যে লইলে আমাতে।
পুন অন্য কাম সভার না উঠিবে চিত্তে॥
তিল, যব, ধান্য যদি ভাজিয়ে অনলে।
পুন কি তাহার আর উপজে অঙ্কুরে?
২৭ চল', চল' ব্রজরামা, সিদ্ধ-ভক্তি হৈয়া।
আসিব রজনী, তা'থে রমিহ আসিয়া॥
মোর সঙ্গে তুমি-সব করিহ রমণ।
যাহার উদ্দেশে কৈলে চণ্ডী-আরাধন॥'
২৮ সর্ব্ব মনোরথ-সিদ্ধি পাঞা গোপীগণে।
পদযুগ চিন্তিতে চলিলা নিজ-স্থানে॥
২৯ তবে গোপশিশু-সাথে দৈবকীনন্দন।
বৃন্দাবন ছাড়ি' গেলা আর দূর বন॥
সুরভি চরায়, সঙ্গে অগ্রজ বলাই।
৩০ তরুগণ দেখি' কিছু বলিছে কানাঞি॥
৩১ 'হে শ্রীদাম, স্তোককৃষ্ণ, বিশাল, ঋষভ।
হে অংশু, অর্জ্জুন, দেবপ্রস্থ, বরূথপ॥
হে সুবল, হে ওজ, দেখ-দেখ, ভাই!
৩২-৩৪ অনেক জনম-ফলে বৃক্ষ-জন্ম পাই॥
শীতল মরুত, ছায়া পত্র, ফল, ফুল।
ভস্ম, দারু, পল্লব, কলিকা, কন্দ, মূল॥
পরতুষ্টি-হেতু সব সম্পদ্ যাহার।
সকল জন্মের মাঝে বৃক্ষজন্ম সার॥
সুজন জনের এইরূপ ব্যবহার।
পর-হেতু সকল তেজয়ে আপনার॥

৩৫। **এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু। প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় আচরণং সদা॥**
৩৬। **ইতি প্রবালস্তবক-ফলপুষ্পদলোৎকরৈঃ। তরূণাং নম্রশাখানাং মধ্যেন যমুনাং গতঃ॥**
৩৭। **তত্র গাঃ পায়য়িত্বাপঃ সুমৃষ্টাঃ শীতলাঃ শিবাঃ। ততো নৃপ! স্বয়ং গোপাঃ কামং স্বাদু পপুর্জ্জলম্॥**
৩৮। **তস্যা উপবনে কামং চারয়ন্তঃ পশূন্ নৃপ! কৃষ্ণরামাবুপাগম্য ক্ষুধার্ত্তা ইদমব্রুবন্॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীযমুনা-গমনং নাম দ্বাবিংশোঽধ্যায়ঃ॥ ২২॥

---

৩৫ প্রাণ-ধন-দেহ-মনে করে' পরহিত।
সুজন জনের হয়—এই সে চরিত॥'
৩৬ এইরূপে প্রশংসিতে যত তরুগণ।
যমুনার তীরে গিয়া হৈলা উপসন্ন॥
৩৭ সব ধেনুগণে করাইলা জলপান।
পাছে গোপশিশু-সঙ্গে কৃষ্ণ-বলরাম॥
শীতল অমৃতজল সুখে কৈলা পান।
তরুমূলে তথা প্রভু করেন বিশ্রাম॥
৩৮ বালক মেলিয়া তথা গোধন চরায়।
ক্ষুধায় আকুল শিশু, কৃষ্ণেরে জানায়॥
দ্বাবিংশ-অধ্যায়ে কহি, এ গুণ-চরিত।
আর কৃষ্ণগুণ কহি শুন, পরীক্ষিত॥"
শুক-পরীক্ষিতে কথা দু'হার সংবাদ।
সুখে লোক বুঝিতে রচিল গুণবাদ॥"
শ্রীগদাধর জান ধীরশিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বাবিংশোঽধ্যায়ঃ॥ ২২॥

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

শ্রীগোপা ঊচুঃ

১। **রাম! রাম! মহাবাহো! কৃষ্ণ দুষ্টনিবর্হণ! এষা বৈ বাধতে ক্ষুন্নস্তচ্ছান্তিং কর্ত্তুমর্হথঃ॥**

শ্রীশুক উবাচ

২। **ইতি বিজ্ঞাপিতো গোপৈর্ভগবান্ দেবকীসুতঃ। ভক্তায়া বিপ্রভার্য্যায়াঃ প্রসীদন্নিদমব্রবীৎ॥**
৩। **প্রযাত দেবযজনং ব্রাহ্মণা ব্রহ্মবাদিনঃ। সত্রমাঙ্গিরসং নাম হ্যাসতে স্বর্গকাম্যয়া॥**
৪। **তত্র গত্বৌদনং গোপা যাচতাস্মদ্বিসর্জ্জিতাঃ। কীর্ত্তয়ন্তো ভগবত আর্য্যস্য মম চাভিধাম্॥**
৫। **ইত্যাদিষ্টা ভগবতা গত্বাযাচন্ত তে তথা। কৃতাঞ্জলিপুটা বিপ্রান্ দণ্ডবৎ পতিতা ভুবি॥**

[তুড়ী-রাগ]

১ "কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহু, রাম হলধর!
ক্ষুধায় আকুল হৈল রাখাল-সকল॥
'হেন বুঝি' কর', যেন ক্ষুধা নাহি পাই।
কোন্ পরকারে ভক্ষ্য মিলে এই ঠাঞি?'
২ জানাইল বালকে,—শুনিয়া হৃষীকেশ।
যথা অন্ন পা'বে, তা'র কহিলা উদ্দেশ॥
৩ 'এই ত' কাননে বৈসে বৃদ্ধ দ্বিজগণ।
সর্ব্বশাস্ত্রে বিশারদ, মহাতপোধন॥
আঙ্গিরস-নামে যজ্ঞ করে' স্বর্গকামে।
৪ তোরা যাঞা মাগ' অন্ন সেই বিপ্র-স্থানে॥
অগ্রজ রামের নাম প্রথমে ধরিহ।
আমার বচন তা'থে পশ্চাতে করিহ॥
তবে তা'রা দিবে অন্ন, চলহ ত্বরিতে।'
৫ আজ্ঞা শিরে ধরি' শিশু চলে সেই মতে॥
উঠিয়া দাঁড়াইলা শিশু সেই যজ্ঞ-স্থানে।
ভূমেতে পড়িয়া কৈলা দণ্ড-পরণামে॥

৬। হে ভূমিদেবাঃ! শৃণুত কৃষ্ণস্যাদেশকারিণঃ।
প্রাপ্তান্ জানীত ভদ্রং বো গোপান্ নো রামচোদিতান্॥
৭। গাশ্চারয়ন্তাববিদূর ওদনং, রামাচ্যুতৌ বো লসতো বুভুক্ষিতৌ।
তয়োর্দ্বিজা ওদনমর্থিনোর্যদি, শ্রদ্ধা চ বো যচ্ছত ধর্ম্মবিত্তমাঃ!
৮। দীক্ষায়াঃ পশুসংস্থায়াঃ সৌত্রামণ্যাশ্চ সত্তমাঃ! অন্যত্র দীক্ষিতস্যাপি নান্নমশ্নন্ হি দুষ্যতি॥
৯। ইতি তে ভগবদ্‌যাচ্ঞাং শৃণ্বন্তোঽপি ন শুশ্রুবুঃ। ক্ষুদ্রাশা ভূরিকর্ম্মাণো বালিশা বৃদ্ধমানিনঃ॥
১০। দেশঃ কালঃ পৃথগ্‌দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ। দেবতা যজমানশ্চ ক্রতুর্ধর্ম্মশ্চ যন্ময়ঃ॥
১১। তং ব্রহ্ম পরমং সাক্ষাদ্‌ভগবন্তমধোক্ষজম্। মনুষ্যদৃষ্ট্যা দুষ্প্রজ্ঞা মর্ত্যাত্মানো ন মেনিরে॥
১২। ন তে যদোমিতি প্রোচুর্ন নেতি চ পরন্তপ! গোপা নিরাশাঃ প্রত্যেত্য তথোচুঃ কৃষ্ণরাময়োঃ॥
১৩। তদুপাকর্ণ্য ভগবান্ প্রহস্য জগদীশ্বরঃ। ব্যাজহার পুনর্গোপান্ দর্শয়ন্ লৌকিকীং গতিম্॥
১৪। মাং জ্ঞাপয়ত পত্নীভ্যঃ সসঙ্কর্ষণমাগতম্। দাস্যন্তি কামমন্নং বঃ স্নিগ্ধা ময্যুষিতা ধিয়া॥
১৫। গত্বাথ পত্নীশালায়াং দৃষ্ট্বাসীনাঃ স্বলঙ্কৃতাঃ। নত্বা দ্বিজসতীর্গোপাঃ প্রশ্রিতা ইদমব্রুবন্॥
১৬। নমো বো বিপ্রপত্নীভ্যো নিবোধত বচাংসি নঃ। ইতোঽবিদূরে চরতা কৃষ্ণেনেহেষিতা বয়ম্॥

কর যোড় করি' বলে' বিনয়-বচনে।
৬ 'শুনহ ব্রাহ্মণগণ! কর' অবধানে॥
গোপশিশু আমি-সব হই কৃষ্ণদাস।
আজ্ঞা পাঞা আইলুঁ, বিপ্র! তোমা'-সবা'-পাশ॥
৭ অগ্রজ বলাই তাঁ'র, সঙ্গে শিশুগণ।
নিকটে থাকিয়া প্রভু চরায় গোধন॥
গণ-সহে হঞাছেন বড় বুভুক্ষিত।
অন্ন দেহ' বিপ্রগণ! তাঁ'র সমুচিত॥
৮ যে যে বিপ্র হৈয়া থাকে যজ্ঞেতে দীক্ষিত।
তাঁ'র অন্নে দোষ যদি বলিবে পণ্ডিত॥
শুন, হে ভূদেবগণ! তা'র সমাধান।
ধর্ম্মশাস্ত্র কহি কিছু তোমা-বিদ্যমান॥
পশুসংস্থা-নাম যজ্ঞ, আর সৌত্রামণী।
তা'র অন্ন খাইলে পতিত হয় জানি॥
আর যজ্ঞে অন্ন খাইলে দোষ নাহি দেখি।
আমি কি কহিব, বিপ্র! তুমি তা'র সাক্ষী॥
৯ কহিল এতেক যদি বিনয়-বচনে।
শুনিয়াও না শুনিল সব দ্বিজগণে॥
মনে দুঃখ পাঞা শিশু কি বোলে বচনে?
'কে বলে' ইহারা বৃদ্ধ, কে বলে' ব্রাহ্মণে'?
বড় বড় কর্ম্ম করে', অল্প আশা ধরে'।
জ্ঞানমূঢ় সাক্ষাতে, পণ্ডিত হেন বলে'॥
১০ মন্ত্র-তন্ত্র, দেশ-কাল, যজ্ঞ, হুতাশন।
দেব-দ্বিজ, যজ্ঞ যত — সব নারায়ণ॥
কৃষ্ণ-বিনে অন্য কিছু নাহিক কল্পনা।
১১ হেন কৃষ্ণ সাক্ষাতে, না দেখে মূর্খ জনা॥
সাক্ষাৎ পরমব্রহ্মে মানুষ-গেয়ানে।
অতি মূর্খ ব্রাহ্মণ জানিলু অনুমানে॥'
১২ আসিয়া জানাইলা শিশু কৃষ্ণ-বিদ্যমানে।
১৩ এ বোল শুনিয়া কৃষ্ণ হাসে মনে-মনে॥
'যাচকের এই গতি—ভিক্ষা মাগি' খায়'।
ছলে কৃষ্ণ তত্ত্বজ্ঞান লোকেরে বুঝায়॥
১৪ 'চল যজ্ঞস্থানে গোপশিশু আরবার।
বলভদ্র-সহ নাম ধরিহ আমার॥
পুণ্যবতী যজ্ঞপত্নী সতী, পতিব্রতা।
শুনিলেই দিবে অন্ন আমাতে ভকতা॥'
১৫ পাঠাইলা গোপশিশু, গেলা পত্নী-স্থানে।
ভূমেতে পড়িয়া গিয়া করিলা প্রণামে॥
কর যোড়ি' শিরে ধরি' বিনয়-বচনে।
১৬ দূরে থাকি' কহে যজ্ঞপত্নী-বিদ্যমানে॥

১৭। গাশ্চারয়ন্ স গোপালৈঃ সরামো দূরমাগতঃ। বুভুক্ষিতস্য তস্যান্নং সানুগস্য প্রদীয়তাম্ ॥
১৮। শ্রুত্বাচ্যুতমুপায়াতং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ। তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ ॥
১৯। চতুর্ব্বিধং বহুগুণমন্নমাদায় ভাজনৈঃ। অভিসস্রুঃ প্রিয়ং সর্ব্বাঃ সমুদ্রমিব নিম্নগাঃ ॥
২০। নিষিধ্যমানাঃ পতিভির্ভ্রাতৃভির্ব্বন্ধুভিঃ সুতৈঃ। ভগবত্যুত্তমঃশ্লোকে দীর্ঘশ্রুতধৃতাশয়াঃ ॥
২১। যমুনোপবনেঽশোকনবপল্লবমণ্ডিতে। বিচরন্তং বৃতং গোপৈঃ সাগ্রজং দদৃশুঃ স্ত্রিয়ঃ ॥
২২। শ্যামং হিরণ্যপরিধিং বনমাল্যবর্হ-ধাতুপ্রবালনটবেষমনুব্রতাংসে।
বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জং, কর্ণোৎপলালক-কপোলমুখাব্জহাসম্ ॥
২৩। প্রায়ঃশ্রুতপ্রিয়তমোদয়কর্ণপূরৈ-র্যস্মিন্নিমগ্নমনসস্তমথাক্ষিরন্ধ্রৈঃ।
অন্তঃ প্রবেশ্য সুচিরং পরিরভ্য তাপং, প্রাজ্ঞং যথাভিমতয়ো বিজহুর্নরেন্দ্র!
২৪। তাস্তথা ত্যক্তসর্ব্বাশাঃ প্রাপ্তা আত্মদিদৃক্ষয়া। বিজ্ঞায়াখিলদৃগ্দ্রষ্টা প্রাহ প্রহসিতাননঃ ॥

'গোপশিশু আমি-সব কৃষ্ণ-অনুচর।
আমা' পাঠাইলা প্রভু তোমার গোচর ॥
এই ত' নিকট-বনে সঙ্গে হলধর।
১৭ গোপ-সহ সুরভি চরায় দামোদর ॥
গণ সহে রাম-কৃষ্ণ হঞাছে ক্ষুধিত।
অন্ন দেহ' যজ্ঞপত্নী, তা'র সমুচিত ॥'
১৮ কৃষ্ণ-আগমন-কথা শুনি' সেইক্ষণে।
মূরছিত হঞা ভূমে পড়ে সেই মনে ॥
প্রেমরসে দ্বিজপত্নী আপনা' পাসরে।
কৃষ্ণকে দেখিব বলি' উঠিলা সত্বরে ॥
১৯ দিব্যরত্ন-রচিত ভোজনপাত্র ধরি'।
বহুগুণ, চতুর্ব্বিধ ওদন লৈলা ভরি' ॥
২০ আনন্দে পূরিয়া দ্বিজপত্নী চলি' যায়।
পতি, পুত্র, বন্ধুগণে ধরিয়া রহায় ॥
গোবিন্দ হরিলা চিত্ত, রাখে কা'র শক্তি ?
ত্বরিতে চলিয়া গেলা সব দ্বিজ-সতী ॥
খরবেগে নদী যদি চলে সিন্ধুমুখে।
হেন কা'র শক্তি আছে, যে তাহারে রাখে ?
২১-২২ যেরূপ দেখিলা কৃষ্ণ দ্বিজপত্নীগণে।
কহিব তোমারে, রাজা! শুন সাবধানে ॥
'শীতল যমুনাকূলে অশোকের তলে।
ললিত-লহরী-বাত বহে পরিমলে ॥
বহু সুখ, বহু গন্ধ, বিবিধ আনন্দ।
বহুবিধ কুসুম, কমল-মকরন্দ ॥
নবদল-পল্লব অশোক-তরুবরে।
কনক-পরিধি পরে' শ্যাম-কলেবরে ॥
ময়ূর-চন্দ্রিকা, নবধাতু, বনমালা।
নবদল-পল্লব ধরয়ে নন্দলালা ॥
নটবর-বেশ ধরে' ত্রিভঙ্গ-সুন্দর।
অনুগত শিশু-স্কন্ধে দিয়া বামকর ॥
অখিল-লাবণ্য-লীলা ধরে' যদুরায়।
দক্ষিণ কোমল-করে কমল দুলায় ॥
ললিত-চলিত উতপল শ্রুতিমূলে।
চঞ্চল-অলকা চারু সুন্দর কপোলে ॥
শ্রীমুখ-পঙ্কজে চারু মন্দ-মৃদু হাস।
যেন ঘন-মেঘে চন্দ্র-কোটী-পরকাশ ॥'
এরূপ দেখিল দ্বিজসতী পতিব্রতা।
২৩ জনমে জনমে তাঁ'রা মুকুন্দ-ভকতা ॥
প্রথম শ্রবণ-রসে শ্রুতিযুগ পূরে'।
দরশন-রসে দুই আঁখিরন্ধ্র ভরে ॥
ধ্যানভাবে কৈলা হরি হৃদয়-কমলে।
ভাবে আলিঙ্গন দিলা যুড়ি' দুই করে ॥
২৪ পতি-পুত্র, গৃহ-ধন তেজিয়া সকলে।
যজ্ঞপত্নী শরণ লইলা পদমূলে ॥

২৫। স্বাগতং বো মহাভাগা! আস্যতাং করবাম কিম্? যন্নো দিদৃক্ষয়া প্রাপ্তা উপপন্নমিদং হি বঃ॥
২৬। নন্বঙ্গা ময়ি কুর্ব্বন্তি কুশলাঃ স্বার্থদর্শনাঃ। অহৈতুক্যব্যবহিতাং ভক্তিমাত্মপ্রিয়ে যথা॥
২৭। প্রাণবুদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ। যৎসম্পর্কাৎ প্রিয়া আসংস্ততঃ কোঽন্বপরঃ প্রিয়ঃ?
২৮। তদ্‌যাত দেবযজনং পতয়ো বো দ্বিজাতয়ঃ। স্বসত্রং পারয়িষ্যন্তি যুষ্মাভির্গৃহমেধিনঃ॥

শ্রীপত্ন্য ঊচুঃ

২৯। নৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং, সত্যং কুরুষ্ব নিগমং তব পাদমূলম্।
প্রাপ্তা বয়ং তুলসিদাম পদাবসৃষ্টং, কেশৈর্নিবোঢ়ুমতিলঙ্ঘ্য সমস্তবন্ধূন্॥
৩০। গৃহ্ণন্তি নো ন পতয়ঃ পিতরৌ সুতা বা, ন ভ্রাতৃবন্ধুসুহৃদঃ কুতঃ এব চান্যে?
তস্মাদ্ভবৎপ্রপদয়োঃ পতিতাত্মনাং নো, নান্যা ভবেদ্‌গতিররিন্দম! তদ্বিধেহি॥

শ্রীভগবানুবাচ

৩১। পতয়ো নাভ্যসূয়েরন্ পিতৃভ্রাতৃসুতাদয়ঃ। লোকাশ্চ বো ময়োপেতা দেবা অপ্যনুমন্বতে॥

অখিল-ভুবন-সাক্ষী প্রভু নারায়ণ।
বুঝিয়া হাসিয়া তা'রে কি বোলে বচন?

২৫ 'আইস আইস, নারীগণ! কহ ত' কল্যাণে।
দেখিবারে আইলে, আমা' দেখিলে নয়নে॥

২৬ ধন্য পুণ্য জন্ম যা'র থাকে আত্মরতি।
নিরবধি করে' তা'রা আমাতে ভকতি॥

২৭ ধন, জন, সুত, দার যে যে অনুবন্ধে।
প্রিয় কার' মানে তা'রা আত্মার সম্বন্ধে॥
যাবৎ আত্মার থাকে শরীরে সংযোগ।
তাবৎ মানিঞে ধন-সুত-সুখভোগ॥
হেন সাক্ষাৎ আত্মা—আমি নারায়ণ।
আমা' ছাড়ি' কা'তে প্রীতি করে' বুধজন?
উচিতে আমাতে তুমি করিলে ভকতি।

২৮ যাহ যাহ নিজ-গৃহে শীঘ্র, দ্বিজসতি॥
বিপ্রজাতি স্বামী তোর, ছিদ্র-অনুসারে।
ছিদ্র পাঞা তেজিতে বিলম্ব নাহি করে'॥
যজ্ঞ করে' দ্বিজগণ গৃহবাসী হঞা।
সেই যজ্ঞ সমাধিব তোমা'-সভা লঞা॥
এ-বোল বুঝিয়া তুমি চল' শীঘ্র ঘরে।'

২৯ তবে যজ্ঞপত্নীগণ কি বোলে উত্তরে?
'হেন কি নিষ্ঠুর বাণী বলিতে যুয়ায়?
অনন্ত-ব্রহ্মাণ্ডপতি তুমি যদুরায়॥
জগতে বিদিত সত্য তোমার বচন।
প্রণত জনেরে তুমি করহ পালন॥
হেন অঙ্গীকার প্রভু হঞ্যাছে তোমার।
সর্ব্ব বেদশাস্ত্রে কহে এই সমাচার॥
হেন সত্যবাক্য, প্রভু, করহ পালন।
যজ্ঞপত্নী মোরা লৈলুঁ চরণে শরণ॥
চরণে ঠেলিয়া তুমি ফেলিবে তুলসী।
কেশে ধরি' মোরা তাহা রাখিব শিরসি॥
এই সে কারণে আইলুঁ বন্ধুগণ তেজি'।
থাকিব এথাই মোরা পদযুগ ভজি'॥

৩০ পতি, সুত, জনক-জননী যদি তেজে।
ভাই, বন্ধু, বান্ধব আনের কিবা কাজে?
তমু ত' অভয়-পদে পড়িলুঁ তোমার।
অভয়চরণ বিনে গতি নাহি আর॥
বুঝিয়া করিবে আজ্ঞা, তুমি সে প্রমাণ।
তোমার চরণ ছাড়ি' গতি নাহি আন॥'

৩১ এ-সব বচন শুনি' করুণাসাগর।
কৃপা করি' দিলা তা'রে প্রবোধ-উত্তর॥
'কেহ ক্রোধ না করিবে পতি-সুতগণে।
বিশেষে করিবে পূজা এ-তিন ভুবনে॥
দেবে পূজা করিবে, আনের কিবা দায়?
আমার প্রসাদে সুখে থাক সর্ব্বথায়॥

৩২। ন প্রীতয়েঽনুরাগায় হ্যঙ্গসঙ্গো নৃণামিহ। তন্মনো ময়ি যুঞ্জানা অচিরান্মামবাপ্স্যথ ॥
(শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ। ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাতু ততো গৃহান্ ॥)

শ্রীশুক উবাচ

৩৩। ইত্যুক্ত্বা মুনিপত্ন্যস্তা যজ্ঞবাটং পুনর্গতাঃ। তে চানসূয়বঃ স্বাভিঃ স্ত্রীভিঃ সত্রমপারয়ন্ ॥
৩৪। তত্রৈকা বিধৃতা ভর্ত্রা ভগবন্তং যথাশ্রুতম্। হৃদোপগুহ্য বিজহৌ দেহং কর্ম্মানুবন্ধনম্ ॥
৩৫। ভগবানপি গোবিন্দস্তেনৈবান্নেন গোপকান্। চতুর্ব্বিধেনাশয়িত্বা স্বয়ঞ্চ বুভুজে প্রভুঃ ॥
৩৬। এবং লীলানরবপুর্নৃলোকমনুশীলয়ন্। রেমে গোগোপগোপীনাং রময়ন্ রূপবাক্কৃতৈঃ ॥
৩৭। অথানুস্মৃত্য বিপ্রাস্তে অন্বতপ্যন্ কৃতাগসঃ। যদ্বিশ্বেশ্বরয়োর্যাচ্ঞামহন্ম নৃবিড়ম্বয়োঃ ॥
৩৮। দৃষ্ট্বা স্ত্রীণাং ভগবতি কৃষ্ণে ভক্তিমলৌকিকীম্। আত্মানঞ্চ তয়া হীনমনুতপ্তা ব্যগর্হয়ন্ ॥
৩৯। ধিগ্ জন্ম নস্ত্রিবৃদ্বিদ্যাং ধিগ্ব্রতং ধিগ্বহুজ্ঞতাম্।
ধিক্কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে ॥
৪০। নূনং ভগবতো মায়া যোগিনামপি মোহিনী। যদ্বয়ং গুরবো নৃণাং স্বার্থে মুহ্যামহে দ্বিজাঃ ॥
৪১। অহো পশ্যত নারীণামপি কৃষ্ণে জগদ্গুরৌ। দুরন্তভাবং যোঽবিধ্যন্মৃত্যুপাশান্ গৃহাভিধান্ ॥
৪২। নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ ॥
৪৩। অথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে। ভক্তির্দৃঢ়া ন চাস্মাকং সংস্কারাদিমতামপি ॥

---

৩২ নিকটে থাকিলে নাহি বাঢ়ে অনুরাগ।
মনেতে ভাবিহ, আমা' পাইবে সংযোগ ॥'

৩৩ প্রবোধ-বচন পাঞা যজ্ঞপত্নীগণে।
পালটি আইলা পুন সেই যজ্ঞস্থানে ॥

নিজ-নারী দেখিয়া আনন্দ দ্বিজগণে।
যজ্ঞপত্নী লঞা কৈলা যজ্ঞ-সমাধানে ॥

৩৪ ধরিয়া রাখিলা স্বামী এক দ্বিজসতী।
ঘরের ভিতরে রৈলা, না পাইলা সংহতি ॥

হৃদয়ে চিন্তিয়া কৃষ্ণে দিলা আলিঙ্গন।
ছাড়িলা শরীর কর্ম্ম-নিবন্ধ-বন্ধন ॥

৩৫ সর্ব্ব-যজ্ঞপতি যজ্ঞভোজী নারায়ণ।
বালক সহিতে কৈলা ওদন ভোজন ॥

৩৬ লীলানর-শরীর মাধব, হৃষীকেশ।
নানারূপে সর্ব্বলোকে মোহে গোপবেশ ॥

৩৭ দ্বিজগণে দেখিল আপন পাপচয়।
মনে বিমরিষ হঞা ভাবিল বিস্ময় ॥

৩৮ 'নারীজাতি হৈয়া দেবদেব নারায়ণে।
সাধিলা এরূপ ভক্তি, নাহি অন্য জনে ॥

৩৯ আমি-সব হই ব্রহ্ম-কুলেতে প্রবীণ।
সর্ব্বশাস্ত্রতত্ত্ব-জ্ঞাতা তমু ভক্তিহীন ॥

ধিক্ ধিক্ রহু তপ, জ্ঞান, ব্রত, দানে।
ধিক্ ধিক্ রহু এই পামর জীবনে ॥

৪০ নিশ্চয় কৃষ্ণের মায়া মোহে' সর্ব্বজ্ঞানী।
নরগুরু হৈয়া আমি না জানি আপনি ॥

সর্ব্বলোক-বিমোহিনী মায়া ভগবতী।
খণ্ডিবারে পারে তাহা কাহার শকতি ?

৪১ সর্ব্বলোক-নাথ লক্ষ্মীকান্ত যদুপতি।
সাধিল তাহাতে ভক্তি, হঞা নারীজাতি ॥

৪২ দ্বিজধর্ম্ম না ধরে', না বৈসে গুরুকুলে।
তপ, শৌচ, জ্ঞান, কর্ম্ম—একহি না করে' ॥

৪৩ সুদৃঢ়-ভকতি তহু ধরে' নারায়ণে।
আমি-সব বঞ্চিত, থাকিতে এত গুণে ॥

৪৪। ননু স্বার্থবিমূঢ়ানাং প্রমত্তানাং গৃহেহয়া। অহো নঃ স্মারয়ামাস গোপবাক্যৈঃ সতাং গতিঃ॥
৪৫। অন্যথা পূর্ণকামস্য কৈবল্যাদ্যাশিষাং পতেঃ। ঈষিতব্যৈঃ কিমস্মাভিরীশস্যৈতদ্বিড়ম্বনম্॥
৪৬। হিত্বান্যান্ ভজতে যং শ্রীঃ পাদস্পর্শাশয়াসকৃৎ।
আত্মদোষাপবর্গেণ তদ্যাচ্ঞা জনমোহিনী॥
৪৭। দেশঃ কালঃ পৃথগ্দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ। দেবতা যজমানশ্চ ক্রতুর্ধর্ম্মশ্চ যন্ময়ঃ॥
৪৮। স এষ ভগবান্ সাক্ষাদ্বিষ্ণুর্যোগেশ্বরেশ্বরঃ। জাতো যদুষ্বিত্যশৃণ্ম হ্যপি মূঢ়া ন বিদ্মহে॥
৫০। নমস্তুভ্যং ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে। যন্মায়ামোহিতধিয়ো ভ্রমামঃ কর্ম্মবর্ত্মসু॥
৫১। স বৈ ন আদ্যঃ পুরুষঃ স্বমায়ামোহিতাত্মনাম্। অবিজ্ঞাতানুভাবানাং ক্ষন্তুমর্হত্যতিক্রমম্॥
৫২। ইতি স্বাঘমনুস্মৃত্য কৃষ্ণে তে কৃতহেলনাঃ। দিদৃক্ষবো ব্রজমথ কংসাদ্ভীতা ন চাচলন্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীযজ্ঞপত্ন্যুদ্ধরণং নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥ ২৩॥

---

৪৪ মত্ত হৈয়া রাহলাম পুত্র-দার পাঞা।
গর্গমুনি যে কহিলা, তাহা পাসরিয়া॥
৪৫ পূর্ণকাম জগন্নাথ, নাহি তাঁ'র কামে।
তবে যে মাগিলা অন্ন, লোক-বিড়ম্বনে॥
৪৬ সর্ব্বভাবে লক্ষ্মী যাঁ'র ভজে পদমূলে।
হেন প্রভু অন্ন মাগে, কে বুঝিতে পারে?
৪৭ মন্ত্র-তন্ত্র-ধর্ম্ম-যজ্ঞ-দেব-দ্বিজময়।
হেন কৃষ্ণ সাক্ষাৎ মানুষরূপ হয়॥
৪৮ যদুকুলে জন্ম হৈল, এহ জানি ভালে।
হেন মূর্খ আমি-সব বিস্মরিলুঁ হেলে॥
৫০ পূর্ণব্রহ্ম, জগন্নাথ, কমলানিবাস।
যাঁহার মায়ায় ভ্রমি নানা গর্ভবাস॥
৫১ সে-দেবচরণে আমি কৈলুঁ নমস্কার।
না জানিঞা দোষ কৈলুঁ ক্ষেম একবার॥'
৫২ 'শীঘ্র গিয়া দেখি হরি'—হেন চিত্তে আছে।
কংসভয়ে তথা নাহি চলি' গেলা পাছে॥"
বিপিন-বিহার, কৃষ্ণ-চরিত্র-রচন।
ভাগবত-আচার্য্যের মধুর-ভাষণ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥ ২৩॥

চতুর্বিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ভগবানপি তত্রৈব বলদেবেন সংযুতঃ। অপশ্যন্নিবসন্ গোপানিন্দ্রযাগকৃতোদ্যমান্॥
২। তদভিজ্ঞোঽপি ভগবান্ সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ। প্রশ্রয়াবনতোঽপৃচ্ছদ্বৃদ্ধান্ নন্দপুরোগমান্॥

[ললিত-রাগ]

শুকমুনি বলে',—"রাজা! শুন সাবহিতে।
আর অদভুত কহি গোপাল-চরিতে॥
গোবর্দ্ধন-নামে গিরি বৃন্দাবনে আছে।
নন্দ-আদি যত গোপ গেলা তা'র কাছে॥
১ নানা-ভক্ষ্য-পান নিলা বিবিধ সম্ভার।
ইন্দ্রযাগ করিতে রচিলা পরকার॥
হেনকালে গেলা কৃষ্ণ, সঙ্গে বলরাম।
অনুগত গোপশিশু গায় গুণ-নাম॥
২ অখিল-ব্রহ্মাণ্ড-প্রভু দেখে নিজ-জ্ঞানে।
জানিঞাহো পুছে নন্দ-আদি গোপগণে॥

৩। কথ্যতাং মে পিতঃ! কোঽয়ং সম্ভ্রমো ব উপাগতঃ?
৪। কিং ফলং কস্য চোদ্দেশঃ কেন বা সাধ্যতে মখঃ? এতদ্ব্রূহি মহান্ কামো মহ্যং শুশ্রূষবে পিতঃ!
৫। ন হি গোপ্যং হি সাধূনাং কৃত্যং সর্ব্বাত্মনামিহ। অস্ত্যস্বপরদৃষ্টীনামমিত্রোদাস্তবিদ্বিষাম্।
উদাসীনোঽরিবদ্বর্জ্য আত্মবৎ সুহৃদুচ্যতে॥
৬। জ্ঞাত্বাঽজ্ঞাত্বা চ কর্ম্মাণি জনোঽয়মনুতিষ্ঠতি। বিদুষঃ কর্ম্মসিদ্ধিঃ স্যাৎ তথা নাবিদুষো ভবেৎ॥
৭। তত্র তাবৎ ক্রিয়াযোগো ভবতাং কিং বিচারিতঃ? অথবা লৌকিকস্তন্মে পৃচ্ছতঃ সাধু ভণ্যতাম্॥

শ্রীনন্দ উবাচ

৮। পর্জ্জন্যো ভগবানিন্দ্রো মেঘাস্তস্যাত্মমূর্ত্তয়ঃ। তেঽভিবর্ষন্তি ভূতানাং প্রীণনং জীবনং পয়ঃ॥
৯। তং তাত! বয়মন্যে চ বার্মুচাং পতিমীশ্বরম্। দ্রব্যৈস্তদ্রেতসা সিদ্ধৈর্যজন্তে ক্রতুভির্নরাঃ॥
১০। তচ্ছেষেণোপজীবন্তি ত্রিবর্গফলহেতবে। পুংসাং পুরুষকারাণাং পর্জ্জন্যঃ ফলভাবনঃ॥
১১। য এবং বিসৃজেদ্ধর্ম্মং পারম্পর্য্যাগতং নরঃ। কামাল্লোভাদ্ভয়াদ্দ্বেষাৎ স বৈ নাপ্নোতি শোভনম্॥

শ্রীশুক উবাচ

১২। বচো নিশম্য নন্দস্য তথান্যেষাং ব্রজৌকসাম্। ইন্দ্রায় মন্যুং জনয়ন্ পিতরং প্রাহ কেশবঃ॥

শ্রীভগবানুবাচ

১৩। কর্ম্মণা জায়তে জন্তুঃ কর্ম্মণৈব বিলীয়তে। সুখং দুঃখং ভয়ং ক্ষেমং কর্ম্মণৈবাভিপদ্যতে॥
১৪। অস্তি চেদীশ্বরঃ কশ্চিৎ ফলরূপ্যন্যকর্ম্মণাম্। কর্ত্তারং ভজতে সোঽপি ন হ্যকর্ত্তুঃ প্রভুর্হি সঃ॥

---

৩ 'কি ভয় গোকুলে, কিবা হঞাছে সংশয়?
৪ কি কারণে কর' এত সম্ভার-সঞ্চয়?
কি ফল, কি বিধি হয়, কি হয় উদ্দেশ?
কি দেবতা পূজ, পিতা! কহিবা বিশেষ॥
৫ সাধুজনে গুপ্ত-কথা গোপ্য নাহি করে'।
যাঁ'র বুদ্ধি নাহি হয় শত্রু-মিত্র-পরে॥
শুনিবারে যোগ্য যদি, হই যোগ্য পাত্র।
কহিবে সকল কথা, শুন, মোর তাত!
৬ না জানিঞা, জানিঞা, মানুষে কর্ম্ম করে'।
জানিঞা যে করে' কর্ম্ম, সিদ্ধি হয় তা'রে॥
না জানিঞা করে' কর্ম্ম, সম্পূর্ণ না হয়।
৭ কেমন বিচারে তুমি কর' ব্রজরায়?
নহে বা লৌকিক, পারম্পর্য্য-ক্রমাগতে।
সর্ব্বকাল করিছ, কহিবা এই তত্ত্বে॥'
৮ এ-বোল শুনিঞা নন্দ দিলেন উত্তর।
কহিয়ে তোমারে, বাপু! বিশেষ সকল॥
'ইন্দ্র ত্রিভুবনে রাজা, দেবের ঈশ্বর।
যত মেঘগণ তা'র সব অনুচর॥
মেঘ বরিষয়ে জল সর্ব্বলোকহিত।
এই সে কারণে ইন্দ্র লোকের পূজিত॥
৯ নানা দ্রব্য-উপহার, বিবিধ বিধানে।
নানা যজ্ঞ করি' ইন্দ্র পূজে সর্ব্বজনে॥
১০ ধর্ম্ম, অর্থ, কাম—এই তিন পুণ্যফল।
ইন্দ্র ফলদাতা, তিন ফলের ঈশ্বর॥
এই সে কারণে, বাপু! করি ইন্দ্রপূজা।
লোকের জীবন ওই, ত্রিভুবনরাজা॥
১১ পারম্পর্য্যগত কুলধর্ম্ম এই আছে।
কাম-লোভে যে ছাড়ে, নরক যায় পাছে॥'
১২ এতেক শুনিঞা প্রভু দেব-চূড়ামণি।
ইন্দ্রে বাঢ়াইতে কোপ বলে' কোন্ বাণী?
১৩ 'কর্ম্মে লোক জনমে, প্রমাণ ওই কর্ম্ম।
সুখ-দুঃখ-কুশল যতেক জীবধর্ম্ম॥
১৪ যদি বল'—কর্ম্ম প্রভু করে' ফল-দানে।
সেহ আর প্রভু ভজে, সেহ আর জনে॥
কর্ম্ম-প্রভু ছাড়ি' আর নাহি ফলদাতা।
হেন কর্ম্ম ছাড়ি' কেন ইন্দ্র পূজ' পিতা?

১৫। কিমিন্দ্রেণেহ ভূতানাং স্বস্বকর্ম্মানুবর্ত্তিনাম্। অনীশেনান্যথা কর্ত্তুং স্বভাববিহিতং নৃণাম্?
১৬। স্বভাবতন্ত্রো হি জনঃ স্বভাবমনুবর্ত্ততে। স্বভাবস্থমিদং সর্ব্বং সদেবাসুরমানুষম্॥
১৭। দেহানুচ্চাবচান্ জন্তুঃ প্রাপ্যোৎসৃজতি কর্ম্মণা। শত্রুর্মিত্রমুদাসীনঃ কর্ম্মৈব গুরুরীশ্বরঃ॥
১৯। আজীব্যৈকতরং ভাবং যস্ত্বন্যমুপজীবতি। ন তস্মাদ্বিন্দতে ক্ষেমং জারান্নার্য্যসতী যথা॥
২০। বর্ত্তেত ব্রহ্মণা বিপ্রো রাজন্যো রক্ষয়া ভুবঃ। বৈশ্যস্তু বার্ত্তয়া জীবেচ্ছূদ্রস্তু দ্বিজসেবয়া॥
২১। কৃষিবাণিজ্যগোরক্ষা কুসীদং তুর্য্যমুচ্যতে। বার্ত্তা চতুর্ব্বিধা তত্র বয়ং গোবৃত্তয়োঽনিশম্॥
২২। সত্ত্বং রজস্তম ইতি স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ। রজসোৎপদ্যতে বিশ্বমন্যোঽন্যং বিবিধং জগৎ॥
২৩। রজসা চোদিতা মেঘা বর্ষন্ত্যম্বূনি সর্ব্বতঃ। প্রজাস্তৈরেব সিধ্যন্তি মহেন্দ্রঃ কিং করিষ্যতি?
২৪। ন নঃ পুরো জনপদা ন গ্রামা ন গৃহা বয়ম্। নিত্যং বনৌকসস্তাত! বনশৈলনিবাসিনঃ॥
২৫। তস্মাদ্গবাং ব্রাহ্মণানামদ্রেশ্চারভ্যতাং মখঃ। য ইন্দ্রযাগসম্ভারাস্তৈরয়ং সাধ্যতাং মখঃ॥
২৬। পচ্যন্তাং বিবিধাঃ পাকাঃ সূপান্তাঃ পায়সাদয়ঃ। সংযাবাপূপশষ্কুল্যঃ সর্ব্বদোহশ্চ গৃহ্যতাম্॥
২৭। হূয়ন্তামগ্নয়ঃ সম্যগ্ ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ। অন্নং বহুবিধং তেভ্যো দেয়ং বো ধেনুদক্ষিণাঃ॥

---

১৫ ইন্দ্রে কি করিব, কর্ম্মে যে যে আছে যা'র?
সে পুন অন্যথা নৈব—এই সে বিচার॥

১৬ স্বভাব-অধীন লোক স্বভাবেই নড়ে।
স্বভাবে বান্ধিয়া রাখে সব সুর-নরে॥

১৭ ছোট-বড় তনু পায় স্বভাবের ফলে।
স্বভাবে ছাড়িয়া তনু নানা দিগে চলে॥
শত্রু-মিত্র-গুরু-ধর্ম্ম স্বভাবে মিলায়।
কর্ম্ম ছাড়ি' আন কেন পূজ' ব্রজরায়?

১৯ স্বধর্ম্ম তেজিয়া যেবা করে' পরধর্ম্ম।
কুশল না হয় তা'র, সভে পরিশ্রম॥
নিজ-পতি ছাড়িয়া অসতী নারীগণে।
উপপতি সেবে যেন নরক-কারণে॥

২০ ব্রাহ্মণ-কুলের ধর্ম্ম—ব্রহ্ম-উপাসন।
ক্ষত্রিয়কুলের ধর্ম্ম—পৃথিবী-পালন॥
বৈশ্য-কুলধর্ম্ম আছে—বার্ত্তা হেন নামে।
শূদ্র-জাতির এই ধর্ম্ম—ব্রাহ্মণ-সেবনে॥

২১ কৃষিকর্ম্ম, বাণিজ্য, আর গো-রক্ষণ।
লভ্যবৃত্তি কহে আর, এ চারি যোজনা॥
তা'র মধ্যে পশুবৃত্তি আমি গোপ-জাতি।
তবে কেন পশু ছাড়ি' পূজ' সুরপতি?

২২ সত্ত্ব-রজ-তম হেন আছে তিন গুণ।
উৎপত্তি-প্রলয়-স্থিতি-হেতু ভিন্ন ভিন্ন॥
রজোগুণে বিবিধ বিশ্বের উৎপতি।

২৩ রজোগুণে রাখিব, কি করে' সুরপতি?
রজোগুণে আজ্ঞা দিলে মেঘে দিব জল।
তবে সর্ব্বলোক সুখী হৈব নিরন্তর॥

২৪ গ্রামে নাহি বসি আমি, নাহি পুর-ঘর।
বনবাসী আমি, বনে থাকি নিরন্তর॥
পর্ব্বত-নিকটে বসি, ও হয় দেবতা।

২৫ সভে কর' ওই পর্ব্বতের পূজা, পিতা!
ইন্দ্র পূজিবারে যত হঞাছে রচনা।
তাই দিয়া কর' ওই গিরি-আরাধনা॥

২৬ আজ্ঞা দেহ' দ্বিজগণে, করুন রন্ধন।
নানা পাক, সূপ হউক, বিবিধ ওদন॥
পিষ্টক, মোদক হৌক, বহু গুড়পাক।
ঘৃতপক্ক বিবিধ ব্যঞ্জন, বহু শাক॥

২৭ কুণ্ড জ্বালি' দ্বিজগণে করুন হবন।
এই মতে যজ্ঞ করি' পূজহ ব্রাহ্মণ॥
প্রচুর ভূষণ, ধেনু, কনক-দক্ষিণা।
ব্রাহ্মণকে দিলে হৈব যজ্ঞ-সমাপনা॥

২৮। অন্যেভ্যশ্চাশ্বচাণ্ডাল-পতিতেভ্যো যথার্হতঃ। যবসঞ্চ গবাং দত্ত্বা গিরয়ে দীয়তাং বলিঃ॥
২৯। স্বলঙ্কৃতা ভুক্তবন্তঃ স্বনুলিপ্তাঃ সুবাসসঃ। প্রদক্ষিণঞ্চ কুরুত গোবিপ্রানলপর্ব্বতান্॥
৩০। এতন্মম মতং তাত! ক্রিয়তাং যদি রোচতে। অয়ং গোব্রাহ্মণাদ্রীণাং মহ্যঞ্চ দয়িতো মখঃ॥

শ্রীশুক উবাচ

৩১। কালাত্মনা ভগবতা শক্রদর্পং জিঘাংসতা। প্রোক্তং নিশম্য নন্দাদ্যাঃ সাধ্বগৃহ্ণন্ত তদ্বচঃ॥
৩২। তথা চ ব্যদধুঃ সর্ব্বং যথাহ মধুসূদনঃ। বাচয়িত্বা স্বস্ত্যয়নং তদ্দ্রব্যেণ গিরিদ্বিজান্॥
৩৩। উপহৃত্য বলীন্ সর্ব্বানাদৃতা যবসং গবাম্। গোধনানি পুরস্কৃত্য গিরিং চক্রুঃ প্রদক্ষিণম্॥
৩৪। অনাংস্যনড়ুদ্যুক্তানি তে চারুহ্য স্বলঙ্কৃতাঃ। গোপ্যশ্চ কৃষ্ণবীর্য্যাণি গায়ন্ত্যঃ সদ্বিজাশিষঃ॥
৩৫। কৃষ্ণস্ত্বন্যতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ। শৈলোঽস্মীতি ব্রুবন্ ভূরি বলিমাদদ্বৃহদ্বপুঃ॥
৩৬। তস্মৈ নমো ব্রজজনৈঃ সহ চক্রেঽত্মনাত্মনে॥

---

২৮ সর্ব্বলোকে দেহ' অন্ন-ভোজন, ভূষণ।
চণ্ডাল-পতিত-আদি পূজ' সর্ব্বজন॥
নব ঘাস আনি' দেহ' গোধনের তরে।
পর্ব্বতে সাজিয়া দেহ' সর্ব্ব-উপহারে॥

২৯ সর্ব্ব-গোপ সুখী হঞা করুন ভোজন।
গন্ধ, পুষ্প, দিব্য বস্ত্র ধরিয়া ভূষণ॥
দিব্য বেশ, ভূষণ ধরিয়া সর্ব্বলোকে।
গোধন চালাঞ্যা কথো গোপ চলু আগে॥
প্রদক্ষিণ কর' বিপ্র-পর্ব্বত বেড়িয়া।

৩০ কহিলুঁ তোমারে, পিতা, তত্ত্ব বিচারিয়া॥
বুঝিয়া করহ যজ্ঞ, কহিলুঁ যুগতি।
সর্ব্ব-গোপগণে যদি থাকে অনুমতি॥"

৩১ মুনি বলে',—"শুন, রাজা, বলিয়ে তোমারে।
শক্র-দর্প খণ্ডিলা এতেক পরকারে॥
কালরূপী নারায়ণ সর্ব্ব মায়া জানে'।
কা'র চিত্তে নহে ভ্রম তাঁহার বচনে?
নন্দ-আদি যত গোপ শুনিঞা উত্তরে।
'সাধু সাধু' বলিয়া বাখানে দামোদরে॥

৩২ ব্রাহ্মণ বরিয়া স্বস্তি করিলা বাচন।
আরম্ভ করিয়া যজ্ঞ কৈলা সমাপন॥

৩৩ বিবিধ দক্ষিণাদান দিলা দ্বিজগণে।
ভূষণ ভোজন-পান দিলা সর্ব্বজনে॥
উত্তম কোমল তৃণ গোধনে ভুঞ্জাঞ্যা।
আনন্দে গোয়ালা চলে গোধন চালাঞ্যা॥

৩৪ বড় বড় শকট বলদ-স্কন্ধে যুড়ি'।
দিব্য বেশ ধরি' গোপ শকটেতে চড়ি'॥
প্রদক্ষিণ করে' বিপ্র-পর্ব্বত বেড়িয়া।
কৃষ্ণগুণ গায় গোপী শকটে চড়িয়া॥
নর-নারী-বাল-বৃদ্ধ দিব্য বেশ ধরে'।
আনন্দে পর্ব্বত বেড়ি' প্রদক্ষিণ করে'॥
কৃষ্ণের মঙ্গলযশ গায় উচ্চস্বরে।
উঠিল মঙ্গল-ধ্বনি গগন-উপরে॥

৩৫ হেনকালে প্রভু কৃষ্ণ হৈলা আর রূপ।
মূর্ত্তিমান্ হৈলা যেন পর্ব্বত-স্বরূপ॥
'আমি এই পর্ব্বত সাক্ষাতে মূর্ত্তিমান্।
ভুঞ্জিব সকল যজ্ঞ, দেখ বিদ্যমান॥'
এ বোল বলিয়া যত যজ্ঞ-উপহার।
ভুঞ্জিয়া রহিলা সেই পর্ব্বত-মাঝার॥
গোপগণে প্রতীত করাইলা পরকারে।

৩৬ আপনে প্রণাম প্রভু কৈলা আপনারে॥

৩৭। অহো পশ্যত শৈলোঽসৌ রূপী নোঽনুগ্রহং ব্যধাৎ।
এষোঽবজানতো মর্ত্ত্যান্ কামরূপী বনৌকসঃ।
হন্তি হ্যস্মৈ নমস্যামঃ শর্ম্মণে আত্মনো গবাম্॥

৩৮। ইত্যদ্রিগোদ্বিজমখং বাসুদেবপ্রণোদিতাঃ। যথা বিধায় তে গোপাঃ সহকৃষ্ণা ব্রজং যযুঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে ইন্দ্রমখভঙ্গো নাম চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ॥ ২৪॥

---

৩৭ দেখিয়া সম্ভ্রম পাইলা সকল গোয়ালে।
'সাক্ষাৎ পর্ব্বত দেব জানি এতকালে॥
আমি-সব না জানিঞা করি' অবজ্ঞানে।
এত উৎপাত-দুঃখ পাইলুঁ তে-কারণে॥
আজি হৈতে পর্ব্বতে পূজিব সর্ব্বকালে।'
দণ্ডবৎ হঞা গোপ পড়ে ভূমিতলে॥
পুনঃপুনঃ প্রণাম করয়ে দৃঢ়মনে।
সে রূপ ছাড়িয়া রহে নন্দের নন্দনে॥
৩৮ যজ্ঞ-সাঙ্গ হৈল, গোপ পূরিয়া হরষে।
রাম-কৃষ্ণ-সহিতে গোকুলে চলি' আইসে॥"
চতুর্ব্বিংশাধ্যায়ে কহি এ গুণ-চরিত।
কৃষ্ণের নির্ম্মল যশে জগৎ পূরিত॥
ভাগবত-আচার্য্যের প্রবন্ধ রসময়।
সুখে যেন সর্ব্বলোক বুঝে অতিশয়॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ॥ ২৪॥

পঞ্চবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ইন্দ্রস্তদাত্মনঃ পূজাং বিজ্ঞায় বিহতাং নৃপ! গোপেভ্যঃ কৃষ্ণনাথেভ্যো নন্দাদিভ্যশ্চুকোপ হ॥
৩। অহো শ্রীমদমাহাত্ম্যং গোপানাং কাননৌকসাম্। কৃষ্ণং মর্ত্ত্যমুপাশ্রিত্য যে চক্রুর্দেবহেলনম্॥
৫। বাচালং বালিশং স্তব্ধমজ্ঞং পণ্ডিতমানিনম্। কৃষ্ণং মর্ত্ত্যমুপাশ্রিত্য গোপা মে চক্রুরপ্রিয়ম্॥

[বসন্ত রাগ]

১ "যজ্ঞভঙ্গ শুনি' কোপ কৈল দেবরাজ।
'কে হয় গোয়ালা-জাতি, করে' হেন কাজ?
৩ দেবাসুর-গন্ধর্ব্বে আমার করে' পূজা।
কে হয় মানুষ-জাতি, সুর-লোকে রাজা?
মানুষ গোয়াল-জাতি করে' অপমান।
ছাওয়াল কানাঞি, তা'রে বড় হেন জ্ঞান॥
৫ বাচাল, বালিশ, স্তব্ধ, অজ্ঞ, হেন জানি।
কৃষ্ণ-নাম, মানুষ, পণ্ডিত-হেন-মানী॥
হেন কৃষ্ণ পাঞা হেলা করে' এত বড়!
বনে বৈসে গোপজাতি, বুদ্ধি কত বড়!!
অহঙ্কারে ক্রুদ্ধ ইন্দ্র গালি এত দিল।
ইন্দ্রমুখে সরস্বতী সেই স্তুতি কৈল॥
যাহা-হনে সর্ব্বশাস্ত্র, বেদ-উৎপতি।
তে-কারণে 'বাচাল' বলিল সুরপতি॥
'বালিশ' বলিল ইন্দ্র—ওই বাণী সার।
কোন কালে প্রভু নাহি করে' অহঙ্কার॥

২। গণং সাংবর্ত্তকং নাম মেঘানাং চান্তকারিণাম্। ইন্দ্রঃ প্রাচোদয়ৎ ক্রুদ্ধো বাক্যঞ্চাহেশমান্যুত ॥
৬। এষাং শ্রিয়াবলিপ্তানাং কৃষ্ণেনাধ্বায়িতাত্মনাম্। ধুনুত শ্রীমদস্তম্ভং পশূন্ নয়ত সংক্ষয়ম্ ॥
৭। অহঞ্চৈরাবতং নাগমারুহ্যানুব্রজে ব্রজম্। মরুদ্গণৈর্মহাবীর্য্যৈর্নন্দগোষ্ঠজিঘাংসয়া ॥

শ্রীশুক উবাচ

৮। ইত্থং মঘবতাজ্ঞপ্তা মেঘা নির্ম্মুক্তবন্ধনাঃ। নন্দগোকুলমাসারৈঃ পীড়য়ামাসুরোজসা ॥
৯। বিদ্যোতমানা বিদ্যুদ্ভিঃ স্তনন্তঃ স্তনয়িত্নুভিঃ। তীব্রৈর্মরুদ্গণৈর্ন্মুক্তা বর্ষুর্জলশর্করাঃ ॥
১০। স্থূণাস্থূলা বর্ষধারা মুঞ্চৎস্বভ্রেষ্বভীক্ষ্ণশঃ। জলৌঘৈঃ প্লাব্যমানা ভূর্নাদৃশ্যত নতোন্নতম্ ॥
১২। শিরঃ সুতাংশ্চ কায়েন প্রচ্ছাদ্যাসারপীড়িতাঃ। বেপমানা ভগবতঃ পাদমূলমুপাযযুঃ ॥
১৩। কৃষ্ণ কৃষ্ণ মহাভাগ! ত্বন্নাথং গোকুলং প্রভো! ত্রাতুমর্হসি দেবান্নঃ কুপিতাদ্ভক্তবৎসল!
১৬। তত্র প্রতিবিধিং সম্যগাত্মযোগেন সাধয়ে। লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তমঃ ॥

তে-কারণে বালিশ বলিলা বনমালী।
'স্তব্ধ' বলি' দিল ইন্দ্র আর এক গালি ॥
আপনা' চাহিতে বড় নাহি সর্ব্বলোকে।
তে-কারণে নম্র হঞা কোথাহ না থাকে ॥
'অজ্ঞ' বলি' এক গালি দিলা পুরন্দর।
'অজ্ঞ'-পদ বাখানিব শুন, নৃপবর!
কৃষ্ণকে অধিক তত্ত্ব-জ্ঞান নাহি আর।
তে-কারণে 'অজ্ঞ' বোলে, ওই নাম সার ॥
বলিয়া 'পণ্ডিতমানী' দিল এক গালি।
সমস্ত-পণ্ডিত-মান্য, সেই সত্য বুলি ॥
'কৃষ্ণ'-নাম ধরি' ইন্দ্র বলে' তিরস্কার।
'কৃষ্ণ'-হেন নাম—এই চারিবেদ-সার ॥
আনন্দ-পরমব্রহ্ম কহি কৃষ্ণ-নামে।
'মর্ত্ত্য' বলি' দিল গালি করিয়া বাখানে ॥
ভক্ত তরাইতে কৃষ্ণ নররূপ ধরে'।
ইন্দ্রমুখে সরস্বতী এই স্তুতি করে' ॥

২ সম্বর্ত্তক-আদি যত আছে মেঘগণ।
আজ্ঞা দিয়া ইন্দ্র তা'র ছাড়ায় বন্ধন ॥

৬ 'আরে আরে মেঘগণ, চল' সাবধানে।
যজ্ঞভঙ্গ করিয়াছে যত গোপগণে ॥
প্রলয়-কালের যত ধারা-বরিষণে।
ঝড়-বাত-বজ্রপাত-প্রলয়-গর্জ্জনে ॥
গোধন-সহিতে গোপ করহ সংহারে।
গোপ-হেন শব্দ যেন না থাকে সংসারে ॥
ভয় হেন মান' যদি, শুন, মেঘগণ!
গজস্কন্ধে চড়ি' আমি আসিব এখন ॥'

৮ আজ্ঞা পাঞা জলধর চলে সেইক্ষণে।
গোকুল বিনাশ করে' ধারা-বরিষণে ॥
যেন-রূপ দিল আজ্ঞা ইন্দ্র সুরপতি।
সেইরূপে বরিষণে পূরায় জগতী ॥

৯-১০ উচ্চ-নীচু না দেখি, পৃথিবী সমসর।
কেহ কাহো না দেখে, না চিনে নিজ-পর ॥
বজ্রাঘাত-ঝড়বাত-ধারা-বরিষণে।
অচেতন হৈলা গোপ ঘন-গরজনে ॥
শ্রবণে না শুনে কেহ, না দেখে নয়নে।
কে আছে কোথাতে, কেহ কাহে নাহি জানে ॥

১২ বসনে ঢাকিয়া শিশু কোলে নিলা তুলি'।
শরণ পশিলা কৃষ্ণে 'রাখ রাখ' বলি' ॥

১৩ 'কৃষ্ণ কৃষ্ণ! দীনবন্ধু, দুরিত-ভঞ্জন!
তোমার সাক্ষাতে মরে নিজ-পরিজন ॥
যজ্ঞভঙ্গ শুনিঞা কুপিল সুরপতি।
তে-কারণে গোপকুলে এতেক দুর্গতি ॥'

১৬ গোকুল আকুল দেখি' প্রভু দয়াময়।
কেমন যুগতি, কৃষ্ণ ভাবিল হৃদয় ॥

১৭। ন হি সদ্ভাবযুক্তানাং সুরাণামীশবিস্ময়ঃ। মত্তোঽসতাং মানভঙ্গঃ প্রশমায়োপকল্পতে॥
১৯। ইত্যুক্ত্বৈকেন হস্তেন কৃত্বা গোবর্দ্ধনাচলম্। দধার লীলয়া কৃষ্ণশ্ছত্রাকমিব বালকঃ॥
২০। অথাহ ভগবান্ গোপান্ হেঽম্ব! তাত! ব্রজৌকসঃ!
যথোপজোষং বিশত গিরিগর্ত্তং সগোধনাঃ॥
২১। ন ত্রাস ইহ বঃ কার্য্যো মদ্ধস্তাদ্রিনিপাতনাৎ। বাতবর্ষভয়েনালং তত্ত্রাণং বিহিতং হি বঃ॥
২২। তথা নিবিবিশুর্গর্ত্তং কৃষ্ণাশ্বাসিতমানসাঃ। যথাবকাশং সধনাঃ সব্রজাঃ সোপজীবিনঃ॥
২৩। ক্ষুত্তৃড্ব্যথাং সুখাপেক্ষাং হিত্বা তৈর্ব্রজবাসিভিঃ। বীক্ষ্যমাণো দধারাদ্রিং সপ্তাহং নাচলৎ পদাৎ॥
২৪। কৃষ্ণযোগানুভাবং তং নিশাম্যেন্দ্রোঽতিবিস্মিতঃ। নিস্তম্ভো ভ্রষ্টসঙ্কল্পঃ স্বান্ মেঘান্ সংন্যবারয়ৎ॥
২৫। খং ব্যভ্রমুদিতাদিত্যং বাতবর্ষঞ্চ দারুণম্। নিশাম্যোপরতং গোপান্ গোবর্দ্ধনধরোঽব্রবীৎ॥
২৬। নির্যাত ত্যজত ত্রাসং গোপাঃ! সস্ত্রীধনার্ভকাঃ। উপারতং বাতবর্ষং ব্যুদপ্রায়াশ্চ নিম্নগাঃ॥
২৭। ততস্তে নির্যযুর্গোপাঃ স্বং স্বমাদায় গোধনম্। শকটোঢ়োপকরণং স্ত্রীবালস্থবিরাঃ শনৈঃ॥

'গোকুল রাখিব, ইহা কত বড় কাজ?
হেন বুদ্ধি করি'—দর্প ছাড়ে দেবরাজ॥
ঈশ্বর বলিতে সভে আমাতে ঘটনা।
আমি-বিনে ঈশ্বর বলায় কোন্ জনা?

১৭ অলপ সম্পাদ্ পাঞা, অল্প অধিকার।
আপনে ঈশ্বর-হেন করে' অহঙ্কার॥
নষ্টবুদ্ধি যে হয় সম্পদ্-অভিমানে।
তা'র দর্প-ভঙ্গ আমি করিব আপনে॥
এই সে কারণে আমি কৈলুঁ অবতার।
অবশ্য করিব দুষ্ট-সম্পদ্ সংহার॥'

১৯ এতেক ভাবিয়া কৃষ্ণ কোন্ বুদ্ধি করে?
টান দিয়া গোবর্দ্ধন-পর্ব্বত উপাড়ে॥
বাম-হস্তে গোবর্দ্ধন ধরি' নিলা তুলি'।

২০ 'ভয় নাহি' বলিয়া আশ্বাসে বনমালী॥
'আসিয়া প্রবেশ কর' পর্ব্বতের তলে।
দেখি, ইন্দ্র ক্রুদ্ধ হঞা কি করে' গোকুলে?

২১ পর্ব্বত পড়িব—হেন ভয় জানি কর'।
যা'র যত আছে, লঞা প্রবেশ' ভিতর॥
ধন-জন-গোধন যাহার যেই হয়।
তাহা লঞা প্রবেশহ, না করিহ ভয়॥'

২২ কৃষ্ণের অভয়বাণী শুনি' গোপগণে।
ত্বরিতে প্রবেশ করি' রহে যথাস্থানে॥
এত বড় সঙ্কট তরিয়া ভাগ্যবশে।
ধন-জন-গোধন-সহিতে সুখে বৈসে॥

২৩ ঊর্দ্ধমুখে কৃষ্ণমুখ চাহে গোপগণে।
না ভোক, না শোষ, তা'রা রহে সেই মনে॥
সপ্তদিন এক-হস্তে পর্ব্বত ধরিলা।
এক-পদ হৈতে আর পদ না তুলিলা॥
যাঁ'র একরূপে ধরে' অশেষ জগতী।
সে প্রভু পর্ব্বত ধরে'—এ কোন্ শকতি?

২৪ সপ্তদিন মেঘ বরিষয়ে নিরন্তর।
ঐরাবত-গজে চড়ি' চাহে পুরন্দর॥
কিছুই সম্ভ্রম নৈল গোকুল-উপরে।
লজ্জা পাঞা ইন্দ্র মেঘ আপনে নিবারে॥
ভগ্নদর্প হৈল ইন্দ্র পাঞা অপমানে।
পালটিয়া মেঘ লঞা চলে' নিজ-স্থানে॥

২৫-২৬ দেখিয়া গোপাল বলে',—'শুন, গোপগণ!
ধন-ধেনু লঞা সভে চল' নিজ-স্থান॥
চৌদিগে বিমল সূর্য্য উদিত গগনে।
সুখে চলি' চল' সভে গোকুল-ভুবনে॥'

২৭ এ বোল শুনিঞা গোপ হরষিত মনে।
ধন-ধেনু লঞা গোপ চলে সেইক্ষণে॥
শকটে তুলিয়া নিলা সকল সম্ভার।
আনন্দে গোকুলে চলে যতেক গোয়াল॥

২৮। ভগবানপি তং শৈলং স্বস্থানে পূর্ব্ববৎ প্রভুঃ। পশ্যতাং সর্ব্বভূতানাং স্থাপয়ামাস লীলয়া॥
২৯। তং প্রেমবেগান্নিভৃতা ব্রজৌকসো, যথা সমীয়ুঃ পরিরম্ভণাদিভিঃ।
গোপ্যশ্চ সস্নেহমপূজয়ন্ মুদা, দধ্যক্ষতাম্ভির্যুযুজুঃ সদাশিষঃ॥
৩০। যশোদা রোহিণী নন্দো রামশ্চ বলিনাং বরঃ। কৃষ্ণমালিঙ্গ্য যুযুজুরাশিষঃ স্নেহকাতরাঃ॥
৩১। দিবি দেবগণাঃ সাধ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বচারণাঃ। তুষ্টুবুর্মুমুচুস্তুষ্টাঃ পুষ্পবর্ষাণি পার্থিব!
৩২। শঙ্খদুন্দুভয়ো নেদুর্দিবি দেবপ্রণোদিতাঃ। জগুর্গন্ধর্ব্বপতয়স্তুম্বুরুপ্রমুখা নৃপ!
৩৩। ততোঽনুরক্তৈঃ পশুপৈঃ পরিশ্রিতো, রাজন্! স গোষ্ঠং সবলোঽব্রজদ্ধরিঃ।
তথাবিধান্যস্য কৃতানি গোপিকা, গায়ন্ত্য ঈয়ুর্মুদিতা হৃদিস্পৃশঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীগোবর্দ্ধনধারণং নাম পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫॥

---

২৮ অমিতবিক্রম প্রভু ধরে' শিশুলীলা।
পূর্ব্বস্থানে পর্ব্বত স্থাপিলা নন্দবালা॥
২৯ এ তিন ভুবনে হৈল 'জয় জয়'-নাদ।
গোপগোপী মেলি' সভে কৈলা আশীর্ব্বাদ॥
৩০ যশোদা-রোহিণী-নন্দ দিলা আলিঙ্গন।
শিরে হস্ত দিয়া কৈলা শ্রীমুখ চুম্বন॥
দ্বিজগণে বেদ পঢ়ে শিরে দিয়া হাথ।
ধান্য দূর্ব্বা দিয়া মাথে কৈলা আশীর্ব্বাদ॥
৩১-৩২ আকাশে বাজিল শঙ্খ-দুন্দুভি-বাজন।
সুরগণে করে' স্তুতি, পুষ্প-বরিষণ॥
বিদ্যাধরী গায় গীত, অপ্সরা নাচন।
সিদ্ধ-সাধ্য-মুনিগণে করয়ে স্তবন॥
৩৩ গোপগোপী মেলিয়া চৌদিগে গুণ গায়।
গোকুলে প্রবেশ কৈলা প্রভু যদুরায়॥
লীলায় পর্ব্বত প্রভু ধরিলা কৌতুকে।
গোবর্দ্ধনধর-নাম হৈল সর্ব্বলোকে॥
পঞ্চবিংশে কহি এই গোপালচরিত।
আর কথা শুন, রাজা! হঞা সাবহিত॥"
গোবর্দ্ধন-ধারণ-চরিত-পুণ্য-কথা।
ভাগবত-আচার্য্যের মধুরস-গাথা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫॥

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। এবংবিধানি কর্ম্মাণি গোপাঃ কৃষ্ণস্য বীক্ষ্য তে। অতদ্বীর্য্যবিদঃ প্রোচুঃ সমভ্যেত্য সুবিস্মিতাঃ॥
২। বালকস্য যদেতানি কর্ম্মাণ্যত্যদ্ভুতানি বৈ। কথমর্হত্যসৌ জন্ম গ্রাম্যেষ্বাত্মজুগুপ্সিতম্?
৩। যঃ সপ্তহায়নো বালঃ করেণৈকেন লীলয়া। কথং বিভ্রদ্গিরিবরং পুষ্করং গজরাড়িব?

[শ্যামগড়া-রাগ]

১ "এইরূপে অদভুত কৈলা কত কর্ম্ম।
তা' দেখিয়া গোপকুলে লাগিল সম্ভ্রম॥
গোপগণ মেলি' গেলা নন্দঘোষ-স্থানে।
কহিতে লাগিলা কথা নন্দ-বিদ্যমানে॥
২ 'শুন শুন, ব্রজপতি, নন্দঘোষ-রায়!
তোমার পুত্রের রীত বুঝনে না যায়॥
৩ সপ্ত বৎসরের শিশু কিবা শক্তি ধরে!
সপ্তদিন গোবর্দ্ধন এক-হস্তে ধরে!!

৪। তোকেনামীলিতাক্ষেণ পূতনায়া মহৌজসঃ। পীতঃ স্তনঃ সহ প্রাণৈঃ কালেনেব বয়স্তনোঃ॥
৫। হিন্বতোঽধঃ শয়ানস্য মাস্যস্য চরণাবুদক্। অনোঽপতদ্বিপর্য্যস্তং রুদতঃ প্রপদাহতম্॥
৬। একহায়ন আসীনো হ্রিয়মাণো বিহায়সা। দৈত্যেন যত্তৃণাবর্ত্তমহন্ কণ্ঠগ্রহাতুরম্॥
৭। ক্বচিদ্ধৈয়ঙ্গবস্তৈন্যে মাত্রা বদ্ধ উলূখলে। গচ্ছন্নর্জ্জুনয়োর্মধ্যে বাহুভ্যাং তাবপাতয়ৎ॥
৮। বনে সঞ্চারয়ন্ বৎসান্ সরামো বালকৈর্বৃতঃ। হন্তুকামং বকং দোর্ভ্যাং মুখতোঽরিমপাটয়ৎ॥
৯। বৎসেষু বৎসরূপেণ প্রবিশন্তং জিঘাংসয়া। হত্বা ন্যপাতয়ৎ তেন কপিত্থানি চ লীলয়া॥
১২। আশীবিষতমাহীন্দ্রং দমিত্বা বিমদং হ্রদাৎ। প্রসহ্যোদ্বাস্য যমুনাং চক্রেঽসৌ নির্ব্বিষোদকাম্॥
১১। প্রলম্বং ঘাতয়িত্বোগ্রং বলেন বলশালিনা। অমোচয়দ্ব্রজপশূন্ গোপাংশ্চারণ্যবহ্নিতঃ॥
১৩। দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাম্।
নন্দ! তে তনয়োঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথম্?
১৪। ক্ব সপ্তহায়নো বালঃ ক্ব মহাদ্রিবিধারণম্? ততো নো জায়তে শঙ্কা ব্রজনাথ! তবাত্মজে॥

শ্রীনন্দ উবাচ

১৫। শ্রূয়তাং মে বচো গোপা ব্যেতু শঙ্কা চ বোঽর্ভকে। এনং কুমারমুদ্দিশ্য গর্গো মে যদুবাচ হ॥

শিশু হঞা পর্ব্বত লীলায় হস্তে তোলে!
যেন মদমত্ত গজ কমলের ফুলে॥

৪ মহা-বলবতী নারী পূতনা রাক্ষসী।
স্তন পিতে তা'র প্রাণ হরিলা গরাসি'॥

৫ তিন মাসের শিশু আছিলা যখনে।
শকটের তলে থুঞা করাইলা শয়নে॥
স্তন খাইবার তরে যুড়িলা ক্রন্দন।
উভ করি' তুলি' ধরে' দু'খানি চরণ॥
ঠেলায় শকট ভাঙ্গি' হৈল সাত খান।
শিশু হেন কর্ম্ম করে', কর' অনুমান॥

৬ এক বৎসরের শিশু আছিলা যখনে।
চক্রবাত-রূপে দৈত্য তুলিল গগনে॥
গলা চাপি' ধরি' মারে তথাই অসুরে।
শিলাতে পড়িয়া দৈত্য হৈল শতচুরে॥

৭ ঘরে পশি' ক্ষীর-ননী চুরি করি' খায়।
উদূখলে বান্ধি' তা'রে যশোদা রহায়॥
উখলি টানিঞা গেলা বৃক্ষের নিয়ড়ে।
যমল-অর্জ্জুন-হেন দুই বৃক্ষ পাড়ে॥

৮ অঘ-বক দুই দৈত্য—পর্ব্বত-আকার।
তাহাকে মারিয়া রাখে শিশু চমৎকার॥

৯ বৎসরূপী আর এক দৈত্য-গোটা মারে।

১২ কালীনাগ মারিলা নদীর বিষ-নীরে॥
উড়ি' যাইতে পাখী যা'র মরে বিষজলে।
হেন নাগ দমিলা বিষম নদীজলে॥
কালীনাগ দমিয়া সবংশে কৈলা দূর।
সেই যমুনার জল হৈল সুমধুর॥

১১ আর এক মহাদৈত্য আইল ঘোরতর।
বলভদ্রে লঞা গেল আকাশ-উপর॥
তথায় মারিলা দৈত্যে মুষ্টির প্রহারে।
শিশু হঞা হেন অদভুত কর্ম্ম করে'॥
বৎস-শিশু রাখে বনে পিয়া হুতাশন।

১৩ এ-দুই শিশুর মহাপুরুষ-লক্ষণ॥
এ বড় অদ্ভুত, নরকুলেতে জনম।
কহ কহ, নন্দঘোষ! না বুঝি কারণ॥
সর্ব্বলোকে অনুরাগ বাঢ়ে অনুক্ষণে।
এ-দুই বালক বৈ আন নাহি জানে॥

১৪ বুঝিতে না পারি, নন্দ! এ কোন্ শকতি?
মনে শঙ্কা লাগে, নন্দ! কহিবে যুগতি॥'

১৫ গোপগণের বচন শুনিয়া নন্দঘোষ।
কহিতে লাগিলা পাঞা হৃদয়ে সন্তোষ॥

১৬। বর্ণাস্ত্রয়ঃ কিলাস্যাসন্ গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥
১৭। প্রাগয়ং বসুদেবস্য ক্বচিজ্জাতস্তবাত্মজঃ। বাসুদেব ইতি শ্রীমানভিজ্ঞাঃ সম্প্রচক্ষতে॥
১৮। বহূনি সন্তি নামানি রূপাণি চ সুতস্য তে। গুণকর্ম্মানুরূপাণি তান্যহং বেদ নো জনাঃ॥
১৯। এষ বঃ শ্রেয় আধাস্যদ্গোপগোকুলনন্দনঃ। অনেন সর্ব্বদুর্গাণি যূয়মঞ্জস্তরিষ্যথ॥
২০। পুরানেন ব্রজপতে! সাধবো দস্যুপীড়িতাঃ। অরাজকে রক্ষ্যমাণা জিগ্যুর্দস্যূন্ সমেধিতাঃ॥
২১। য এতস্মিন্ মহাভাগাঃ প্রীতিং কুর্ব্বন্তি মানবাঃ। নারয়োঽভিভবন্ত্যেতান্ বিষ্ণুপক্ষানিবাসুরাঃ॥
২২। তস্মান্নন্দ! কুমারোঽয়ং নারায়ণসমো গুণৈঃ। শ্রিয়া কীর্ত্ত্যানুভাবেন তৎকর্ম্মসু ন বিস্ময়ঃ॥
২৩। ইত্যদ্ধা মাং সমাদিশ্য গর্গে চ স্বগৃহং গতে। মন্যে নারায়ণস্যাংশং কৃষ্ণমক্লিষ্টকারিণম্॥
২৪। ইতি নন্দবচঃ শ্রুত্বা গর্গগীতং ব্রজৌকসঃ। মুদিতা নন্দমানর্চ্চুঃ কৃষ্ণঞ্চ গতবিস্ময়াঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীনন্দগোপসংবাদো নাম ষড়্বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

'গর্গমুনি যে কহিলা, শুন, গোপগণ!
মনে জানি, শঙ্কা কর' শুনিয়া বচন॥
১৬ সত্যযুগে ধরে' পুত্র শুক্ল-কলেবর।
ত্রেতাযুগে রক্তবর্ণ ধরে' মনোহর॥
কলিযুগে পীতবর্ণ হ'বে কলেবরে।
কৃষ্ণবর্ণ হইয়াছে এখনে দ্বাপরে॥
১৭-১৮ বসুদেব-নামে ছিলা এক মহাজন।
একবার তাঁ'র ঘরে লঞাছে জনম॥
তে-কারণে বাসুদেব-নাম লোকে করে'।
গুণ-কর্ম্ম-অনুরূপে নানা নাম ধরে'॥
১৯ গোপকুলে আনন্দ বাঢ়াইব নিরমল।
সর্ব্বলোক সুখী হৈব, তরা'ব সকল॥
২০ অরাজক হঞাছিল জগৎ যখনে।
দুষ্ট লোক পীড়া দিল সব সাধুজনে॥
এই কৃষ্ণ সাধুলোকে বাঢ়াইলা শকতি।
দুষ্ট লোক খণ্ডিয়া শাসিলা বসুমতী॥
২১ এই কৃষ্ণে প্রেম যা'র হৈব ভাগ্যবশে।
খণ্ডিব সংসারবন্ধ, দুরিত-বিশেষে॥
২২-২৩ এই কৃষ্ণে জানিহ সাক্ষাৎ নারায়ণে।
গর্গমুনি বলিলেন এ-সব বচনে॥
কহিলুঁ তোমারে, গোপ! শঙ্কা জানি কর'।
গর্গমুনি যে কহিলা, সত্য করি' ধর'॥'
২৪ নন্দের বচন শুনি' সন্তোষ হৃদয়।
আনন্দিত হইল লোক, খণ্ডিল সংশয়॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
কৃষ্ণগুণ শুন, লোক, কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষড়্বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। গোবর্দ্ধনে ধৃতে শৈল আসারাদ্রক্ষিতে ব্রজে। গোলোকাদাব্রজৎ কৃষ্ণং সুরভিঃ শক্র এব চ ॥
২। বিবিক্ত উপসঙ্গম্য ব্রীড়িতঃ কৃতহেলনঃ। পস্পর্শ পাদয়োরেনং কিরীটেনার্কবর্চ্চসা ॥
৩। দৃষ্টশ্রুতানুভাবোঽস্য কৃষ্ণস্যামিততেজসঃ। নষ্টত্রিলোকেশমদ ইন্দ্র আহ কৃতাঞ্জলিঃ ॥

শ্রীইন্দ্র উবাচ

৪। বিশুদ্ধসত্ত্বং তব ধাম শান্তং, তপোময়ং ধ্বস্তরজস্তমস্কম্।
মায়াময়োঽয়ং গুণসম্প্রবাহো, ন বিদ্যতে তেঽগ্রহণানুবন্ধঃ ॥
৫। কুতো নু তদ্ধেতব ঈশ! তৎকৃতা, লোভাদয়ো যেঽবুধলিঙ্গভাবাঃ।
তথাপি দণ্ডং ভগবান্ বিভর্ত্তি, ধর্ম্মস্য গুপ্ত্যৈ খলনিগ্রহায় ॥
৬। পিতা গুরুস্ত্বং জগতামধীশো, দুরত্যয়ঃ কাল উপাত্তদণ্ডঃ।
হিতায় স্বেচ্ছাতনুভিঃ সমীহসে, মানং বিধুন্বন্ জগদীশমানিনাম্ ॥
৭। যে মদ্বিধাজ্ঞা জগদীশমানিন,-স্ত্বাং বীক্ষ্য কালেঽভয়মাশু তন্মদম্।
হিত্বার্য্যমার্গং ক ভজন্ত্যপস্ময়া, ঈহা খলানামপি তেঽনুশাসনম্ ॥
৮। স ত্বং মমৈশ্বর্য্যমদপ্লুতস্য, কৃতাগসস্তেঽবিদুষঃ প্রভাবম্।
ক্ষন্তুং প্রভোঽথার্হসি মূঢ়চেতসে, মৈবং পুনর্ভূন্মতিরীশ! মেঽসতী ॥

[শ্রী-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা! শুন সাবধানে।
গোবর্দ্ধন-গিরি যদি ধরিলা নারায়ণে ॥
ভগ্নদর্প হঞা ইন্দ্র আইলা তৎক্ষণে।
সুরভি আইলা আর সুর-মুনিগণে ॥

২ দণ্ডবৎ হঞা ইন্দ্র পড়ে ভূমিতলে।
কিরীট পরশ করে' চরণযুগলে ॥

৩ নমিত-কন্ধর, শিরে যুড়ি' দুই কর।
গদগদ হঞা স্তুতি করে' পুরন্দর ॥

৪ 'শুদ্ধসত্ত্ব-কলেবর, তুমি শান্তরূপ।
রজস্তমোগুণ-হীন পরম স্বরূপ ॥
গুণ-অনুবন্ধ কলেবর—মায়াময়।
তা'র সহে তোমার সম্বন্ধ নাহি হয় ॥

৫ লোভ-ক্রোধ-আদি যত দেহ-অনুবন্ধ।
অজ্ঞান জনার হয় তাহাতে সম্বন্ধ ॥
গুণময় দেহে নাহি তোমার সংযোগ।
কেমনে বলিব—আছে ক্রোধ-মোহ-লোভ?
তমু দণ্ড কর' তুমি সুজান পণ্ডিত।
দুষ্ট নিবারিতে হয় এই সমুচিত ॥

৬ দুষ্ট নিবারিয়া ধর্ম্ম করহ পালন।
অবতার কর' তুমি,'এই সে কারণ ॥
তুমি পিতা, হিতকারী জগৎ-ঈশ্বর।
তে-কারণে দণ্ড করি' বুঝাহ সকল ॥
জগতের হিত-হেতু দণ্ড সমুচিত।
জানিঞা সে কর' তুমি, জ্ঞানে সুপণ্ডিত ॥
জগদীশ হেন যা'র হয় অভিমান।
তা'র সমুচিত দণ্ড কর', অপমান ॥

৭ আমা'-হেন বুদ্ধিহীন থাকে যে যে জনা।
দণ্ড করি' কর' তা'র কুমতি-খণ্ডনা ॥
খলেরে নিগ্রহ তুমি কর' এই মতে।
তবে দর্প ছাড়ি' রহে নিজ-ধর্ম্মপথে ॥

৮ সুরপতি হেন মোর হৈল অহঙ্কার।
সম্পৎতিমিরে হৈল দুর্ম্মতি-সঞ্চার ॥

৯। তবাবতারোঽয়মধোক্ষজেহ, স্বয়ম্ভরাণামুরুভারজন্মনাম্।
চমূপতীনামভবায় দেব! ভবায় যুষ্মচ্চরণানুবর্ত্তিনাম্॥
১০। নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে। বাসুদেবায় কৃষ্ণায় সাত্বতাং পতয়ে নমঃ॥
১১। স্বচ্ছন্দোপাত্তদেহায় বিশুদ্ধজ্ঞানমূর্ত্তয়ে। সর্ব্বস্মৈ সর্ব্ববীজায় সর্ব্বভূতাত্মনে নমঃ॥
১২। ময়েদং ভগবন্! গোষ্ঠনাশায়াসারবায়ুভিঃ। চেষ্টিতং বিহতে যজ্ঞে মানিনা তীব্রমন্যুনা॥
১৩। ত্বয়েশানুগৃহীতোঽস্মি ধ্বস্তস্তম্ভো বৃথোদ্যমঃ। ঈশ্বরং গুরুমাত্মানং ত্বামহং শরণং গতঃ॥

শ্রীশুক উবাচ

১৪। এবং সঙ্কীর্ত্তিতঃ কৃষ্ণো মঘোনা ভগবানমুম্। মেঘগম্ভীরয়া বাচা প্রহসন্নিদমব্রবীৎ॥

শ্রীভগবানুবাচ

১৫। ময়া তেঽকারি মঘবন্! মখভঙ্গোঽনুগৃহ্নতা। মদনুস্মৃতয়ে নিত্যং মত্তস্যেন্দ্রশ্রিয়া ভৃশম্॥
১৬। মামৈশ্বর্য্যশ্রীমদান্ধো দণ্ডপাণিং ন পশ্যতি। তং ভ্রংশয়ামি সম্পদ্ভ্যো যস্য চেচ্ছাম্যনুগ্রহম্॥
১৭। গম্যতাং শক্র! ভদ্রং বঃ ক্রিয়তাং মেঽনুশাসনম্। স্থীয়তাং স্বাধিকারেষু যুক্তৈর্বঃ স্তম্ভবর্জ্জিতৈঃ॥
১৮। অথাহ সুরভিঃ কৃষ্ণমভিবন্দ্য মনস্বিনী। স্বসন্তানৈরুপামন্ত্র্য গোপরূপিণমীশ্বরম্॥

শ্রীসুরভিরুবাচ

১৯। কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্! বিশ্বাত্মন্ বিশ্বসম্ভব! ভবতা লোকনাথেন সনাথা বয়মচ্যুত!

তে-কারণে তোমা' প্রভু পাসরিলুঁ হেলে।
আর হেন মতি যেন নহে কোন কালে॥
না জানিঞা কৈলুঁ দোষ, ক্ষেম একবার।
কৃপা কর', হেন বুদ্ধি নহে যেন আর॥

৯ দুষ্ট মারি' হরিব পৃথিবী-গুরুভার।
এই সে কারণে প্রভু, কৈলে অবতার॥
প্রণত জনের তুমি করিবে পালন।
অধর্ম্ম খণ্ডিয়া ধর্ম্ম করিবে স্থাপন॥

১০ কৃষ্ণ, বাসুদেব, নারায়ণ, ভগবান্।
সর্ব্বময়, সর্ব্ববীজ, সর্ব্বভূত-প্রাণ॥

১১ শুদ্ধজ্ঞান, শুদ্ধমূর্ত্তি, শুদ্ধকলেবর।'
এত বলি' প্রণাম করয়ে পুরন্দর॥

১২ 'কোপে আমি কৈলুঁ এত ধারা-বরিষণ।
গোকুল করিব নাশ—হেন মতিচ্ছন্ন॥

১৩ সেই মোরে অনুগ্রহ হৈল, হেন বুঝি।
ভগ্নদর্প হঞা এবে প্রভু তোমা' ভজি॥
পিতা, মাতা, হিতকারী, জগৎ-ঈশ্বর।
জানিঞা শরণ এবে নিল পুরন্দর॥'

১৪ এত স্তুতি কৈলা যদি ইন্দ্র সুরপতি।
তবে কৃষ্ণ বলে' মেঘ-গম্ভীর ভারতী॥

১৫ 'শুন, ইন্দ্র! আমি তোমা' যজ্ঞ-ভঙ্গ কৈল।
আমার প্রসাদে সেই অনুগ্রহ হৈল॥

ইন্দ্রপদ পাঞা তুমি মত্ত হঞাছিলে।
দর্প ভগ্ন হৈলে তুমি আমাকে জানিলে॥

১৬ সম্পৎতিমিরে অন্ধ না চিনে আমারে।
দণ্ড করি' আমি তবে করিয়ে উদ্ধারে॥

যা'রে অনুগ্রহ আমি করিব নিশ্চয়।
সম্পদ্ খণ্ডিলে তা'র সৎ-বুদ্ধি হয়॥

১৭ চল, ইন্দ্র! থাক লঞা নিজ-অধিকার।
আর কোন কালে জানি কর' অহঙ্কার॥'

১৮ সুরভি আসিয়া তবে করে' দণ্ড-নতি।
পুষ্প-বরিষণ করে', বহুরূপ স্তুতি॥

১৯ 'কৃষ্ণ! কৃষ্ণ! মহাযোগী, জগৎ-জীবন।
তুমি পতি, আমি-সব নিজ-পরিজন॥

২০। ত্বং নঃ পরমকং দৈবং ত্বং ন ইন্দ্রো জগৎপতে! ভবায় ভব গো-বিপ্র-দেবানাং যে চ সাধবঃ॥
২১। ইন্দ্রং নস্ত্বাভিষেক্ষ্যামো ব্রহ্মণা নোদিতা বয়ম্। অবতীর্ণোঽসি বিশ্বাত্মন্! ভূমের্ভারাপনুত্তয়ে॥

শ্রীশুক উবাচ

২২। এবং কৃষ্ণমুপামন্ত্র্য সুরভিঃ পয়সাত্মনঃ। জলৈরাকাশগঙ্গায়া ঐরাবতকরোদ্ধৃতৈঃ॥
২৩। ইন্দ্রঃ সুরর্ষিভিঃ সাকং নোদিতো দেবমাতৃভিঃ। অভ্যষিঞ্চত দাশার্হং গোবিন্দ ইতি চাভ্যধাৎ॥
২৪। তত্রাগতাস্তুম্বুরুনারদাদয়ো, গন্ধর্ব্ববিদ্যাধরসিদ্ধচারণাঃ।
জগুর্যশো লোকমলাপহং হরেঃ, সুরাঙ্গনাঃ সংননৃতুর্মুদান্বিতাঃ॥
২৫। তং তুষ্টুবুর্দেবনিকায়কেতবো, ব্যবাকিরংশ্চাদ্ভুতপুষ্পবৃষ্টিভিঃ।
লোকাঃ পরাং নির্বৃতিমাপ্লুবংস্ত্রয়ো, গাবস্তদা গামনয়ন্ পয়োদ্রুতাম্॥
২৬। নানারসৌঘাঃ সরিতো বৃক্ষা আসন্ মধুস্রবাঃ। অকৃষ্টপচ্যোষধয়ো গিরয়োঽবিভ্রদুন্মণীন্॥
২৭। কৃষ্ণেঽভিষিক্ত এতানি সত্ত্বানি কুরুনন্দন! নির্ব্বৈরাণ্যভবংস্তাত! ক্রূরাণ্যপি নিসর্গতঃ॥
২৮। ইতি গোগোকুলপতিং গোবিন্দমভিষিচ্য সঃ। অনুজ্ঞাতো যযৌ শক্রো বৃতো দেবাদিভির্দিবম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীকৃষ্ণাভিষেকো নাম সপ্তবিংশোঽধ্যায়ঃ॥ ২৭॥

---

২০ তুমি ইন্দ্র, তুমি প্রভু, পরম-দেবতা।
তুমি বন্ধু, তুমি গুরু, তুমি মাতা-পিতা॥
২১ কহিলা যে ব্রহ্মা—তুমি কর' অবতার।
ইন্দ্রপদে অভিষেক করিব তোমার॥
ব্রহ্মার আদেশ পাঞা আইলা মুনিগণ।
আজ্ঞা দেহ' অভিষেক করিব এখন॥'
২২ এতেক বলিয়া তবে জগৎ-জননী।
নিজ-ক্ষীরে অভিষেক করে' চক্রপাণি॥
আকাশগঙ্গার জল আনি' পুরন্দর।
গজ-শুণ্ডে অভিষেক করে' নিরন্তর॥
২৩ সুর-ঋষিগণ নানা তীর্থ-জল আনি'।
অভিষেক-উৎসব করয়ে চক্রপাণি॥
দেবমাতৃগণ আসি' অভিষেক করে'।
আনন্দ-মঙ্গলে তবে তিন লোক পূরে॥
সুর-মুনি করাইলা অভিষেক-স্নান।
সর্ব্বলোক ধরিল গোবিন্দ হেন নাম॥
২৪ তুম্বুরু-নারদ, সুর-সিদ্ধ-বিদ্যাধর।
গন্ধর্ব্ব-চারণ-মুনি, বিবিধ কিন্নর॥
নাচন, বাজন, গীত, পুষ্প-বরিষণ।
বিবিধ মঙ্গল-স্তুতি করে' সর্ব্বজন॥
২৫ আনন্দিত সর্ব্বলোক হৈল ত্রিভুবনে।
ক্ষীর-ধারে পূর্ণ হৈল সব ধেনুগণে॥
২৬ নদীগণ বহে নানা রসময়-জলে।
বৃক্ষগণে মধুধারা স্রবে নিরন্তরে॥
নানা শস্যে পূর্ণ হৈল ধরণীমণ্ডল।
উজ্জ্বল বিবিধ মণি, পর্ব্বত-শিখর॥
২৭ দুষ্ট লোকে দুষ্ট-বুদ্ধি ছাড়িল তখনে।
হৃষ্টপুষ্ট সুখী ভোগী হৈল সর্ব্বজনে॥
কৃষ্ণ-অভিষেকে যত হৈল মহোদয়।
কহিতে না পারি, রাজা! শুন, মহাশয়॥
২৮ করিয়া গোবিন্দ-অভিষেক সুরপতি।
আজ্ঞা পাঞা চলি' গেলা সগণ-সংহতি॥"
ভাগবত-আচার্য্য-রচিত রসময়।
শুনিলে দুরিত হরে, খণ্ডে' ভবভয়॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাঃ সপ্তবিংশোঽধ্যায়ঃ॥ ২৭॥

অষ্টাবিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। একাদশ্যাং নিরাহারঃ সমভ্যর্চ্চ্য জনার্দ্দনম্। স্নাতুং নন্দস্তু কালিন্দ্যা দ্বাদশ্যাং জলমাবিশৎ॥
২। তং গৃহীত্বানয়দ্‌ভৃত্যো বরুণস্যাসুরোঽন্তিকম্। অবিজ্ঞায়াসুরীং বেলাং প্রবিষ্টমুদকং নিশি॥
৩। চুক্রুশুস্তমপশ্যন্তঃ কৃষ্ণ! রামেতি গোপকাঃ॥
৪। ভগবাংস্তদুপশ্রুত্য পিতরং বরুণাহৃতম্। তদন্তিকং গতো রাজন্! স্বানামভয়দো বিভুঃ॥
৫। প্রাপ্তং বীক্ষ্য হৃষীকেশং লোকপালঃ সপর্যয়া। মহত্যা পূজয়িত্বাহ তদ্দর্শনমহোৎসবঃ॥

শ্রীবরুণ উবাচ

৬। অদ্য মে নিভৃতো দেহোঽদ্যৈবার্থোঽধিগতঃ প্রভো! ত্বৎপাদভাজো ভগবন্নবাপুঃ পারমধ্বনঃ॥
৭। নমস্তুভ্যং ভগবতে ব্রহ্মণে পরমাত্মনে। ন যত্র শ্রূয়তে মায়া লোকসৃষ্টিবিকল্পনা॥
৮। অজানতা মামকেন মূঢ়েনাকার্য্যবেদিনা। আনীতোঽয়ং তব পিতা তদ্ভবান্ ক্ষন্তুমর্হতি॥
৯। মমাপ্যনুগ্রহং কৃষ্ণ! কর্ত্তুমর্হস্যশেষদৃক্। গোবিন্দ! নীয়তামেষ পিতা তে পিতৃবৎসল!

[সিন্ধুড়া-রাগ]

শুকমুনি বলে',—"শুন, রাজা পরীক্ষিৎ!
আর অদভুত কহি কৃষ্ণের চরিত॥

১ নন্দঘোষ মহাবুদ্ধি একাদশী-দিনে।
নিরাহার উপবাস কৈলা শুদ্ধমনে॥
অল্পক্ষণ দ্বাদশী পারণা-দিবসে।
তে-কারণে নন্দঘোষ উঠি' রাত্রিশেষে॥
স্নান করিবারে গেলা যমুনার জলে।
২ অসুরে হরিয়া নন্দ নিল হেনকালে॥
আসুরী বেলায় নন্দ করে' নিত্যকর্ম্ম।
অসুরে হরিয়া নিল দেখিয়া বিধর্ম্ম॥
বর্ব্বর অসুর ধর্ম্মশাস্ত্র নাহি জানে।
অল্পক্ষণ দ্বাদশী, পারণা তে-কারণে॥
নন্দঘোষ স্নান করে' রাত্রি-অবসানে।
নিত্যকর্ম্ম করে', হেন অসুরে না জানে॥
বরুণ-নিকটে নন্দে লইল হরিয়া।
৩ ব্যাকুল হইলা গোপ নন্দে না দেখিয়া॥
কান্দিয়া গোয়ালাগণ কৃষ্ণেরে জানায়।
'অসুরে হরিয়া নন্দে নিল, যদুরায়!'

৪ অসুরে হরিল পিতা শুনি' নারায়ণে।
বরুণের পুরী হরি গেলা সেই ক্ষণে॥
সাগরের জলমধ্যে বরুণের পুরী।
আঁখির নিমিষে তথা গেলেন শ্রীহরি॥
৫ শুনিলা বরুণরাজ—আইলা যদুনাথ।
চরণকমলে পড়ে হঞা দণ্ডবৎ॥
দিব্য রত্ন-মণি দিয়া পূজিলা চরণ।
ত্রৈলোক্যের তুল্য-মূল্য দিলা বহু ধন॥
বিবিধ উৎসব কৈলা বিবিধ মঙ্গল।
আনন্দে বরুণরাজা কি বলে' উত্তর?
৬ 'সফল শরীর মোর, জনম সফলে।
সর্ব্বমনোরথ-সিদ্ধি হৈল এতকালে॥
যাঁ'র পদযুগ ভজি' গর্ভবাস তরি।
হেন প্রভু সাক্ষাতে দেখিলুঁ বনমালী॥
৭ তোমার চরণে মোর বহু নমস্কার।
যাঁ'র নামে তরে লোক এ ঘোর সংসার॥
৮ আমার কিঙ্কর মূর্খ, নাহি কর্ম্মবোধে।
আনিল তোমার পিতা, ক্ষেম অপরাধে॥
৯ হের নন্দঘোষ পিতা, লেহ বিদ্যমানে।
অপরাধ ক্ষেম, প্রভু! জানাইলুঁ চরণে॥

শ্রীশুক উবাচ

১০। এবং প্রসাদিতঃ কৃষ্ণো ভগবানীশ্বরেশ্বরঃ। আদায়াগাৎ স্বপিতরং বন্ধূনাঞ্চাবহন্ মুদম্॥

১১। নন্দস্ত্বতীন্দ্রিয়ং দৃষ্ট্বা লোকপালমহোদয়ম্।
কৃষ্ণে চ সন্নতিং তেষাং জ্ঞাতিভ্যো বিস্মিতোঽব্রবীৎ॥

১২। তে তৌৎসুক্যধিয়ো রাজন্! মত্বা গোপাস্তমীশ্বরম্। অপি নঃ স্বগতিং সূক্ষ্মামুপাধাস্যদধীশ্বরঃ?

১৩। ইতি স্বানাং স ভগবান্ বিজ্ঞায়াখিলদৃক্ স্বয়ম্। সঙ্কল্পসিদ্ধয়ে তেষাং কৃপয়ৈতদচিন্তয়ৎ॥

১৪। জনো বৈ লোক এতস্মিন্নবিদ্যাকামকর্ম্মভিঃ। উচ্চাবচাসু গতিষু ন বেদ স্বাং গতিং ভ্রমন্॥

১৫। ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মহাকারুণিকো হরিঃ। দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরম্॥

১৬। সত্যং জ্ঞানমনন্তং যদ্ব্রহ্ম জ্যোতিঃ সনাতনম্। যদ্ধি পশ্যন্তি মুনয়ো গুণাপায়ে সমাহিতাঃ॥

১৭। তে তু ব্রহ্মহ্রদং নীতা মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতাঃ। দদৃশুর্ব্রহ্মণো লোকং যত্রাক্রূরোঽধ্যগাৎ পুরা॥

১৮। নন্দাদয়স্তু তং দৃষ্ট্বা পরমানন্দনির্বৃতাঃ। কৃষ্ণঞ্চ তত্র চ্ছন্দোভিঃ স্তূয়মানং সুবিস্মিতাঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীনন্দমোক্ষণং নাম অষ্টাবিংশোঽধ্যায়ঃ॥ ২৮॥

---

১০ এইরূপে সাধিলা বরুণ লোকপাল।
পিতা লঞা গোপকুলে আইলা গোপাল॥
দেখিয়া আনন্দ হৈল গোকুল-নগরে।

১১ পরম বিস্মিত হঞা নন্দঘোষ বলে'॥
'বরুণের দেখিলুঁ সম্পদ্, মহোদয়।
ত্রিভুবনে কেবা আছে তা'র বড় হয়?
দিব্যরত্ন-রচিত বিচিত্র পুরীখান।
যা'থে প্রবেশিলে খণ্ডে' মানুষ-গেয়ান॥
আর যত দেখিলুঁ রতন-মহাধন।
সে-সব আমার মুখে না যায় কহন॥
দিব্য মণি-রত্ন দিয়া পূজিলা গোপাল।
কত কত স্তুতি-ভক্তি কৈলা নমস্কার॥
কহিতে না পারি আমি, শুন, গোপগণ!
মোর কৃষ্ণ জানিলুঁ—সাক্ষাৎ নারায়ণ॥'

১২ এ বোল শুনিঞা গোপ হরষিত মনে।
জগদীশ-হেন কৃষ্ণে জানিলা গেয়ানে॥
হেলায় তরিব ঘোর সংসার-সাগর।
নিস্তার-কারণ—এই ত্রৈলোক্য-ঈশ্বর॥

১৩ গোপগণে যদি কিছু হৈল তত্ত্বজ্ঞান।
তা' দেখিয়া কৃপা কৈলা পুরুষ-পুরাণ॥

১৪ 'নানা গর্ভবাসে লোক ভ্রমে কর্ম্মপথে।
কখনে কি গতি হয়, না বুঝে সাক্ষাতে॥
নিজ-জন গোপগণ সুহৃদ্ আমার।
সদ্গতি দিয়া আমি করিব উদ্ধার॥'

১৫ এ বোল বলিয়া প্রভু যোগযোগেশ্বর।
ব্রহ্ম-হ্রদে নিলা সব গোকুল-নগর॥

১৬ নিত্যব্রহ্ম সনাতন, সত্য, জ্যোতির্ম্ময়।
ব্রহ্মা-আদি যোগী যাহা ধ্যানযোগে লয়॥

১৭ হেন ব্রহ্ম-হ্রদে নিলা সব গোপপুরী।
আনন্দে পূরাইলা প্রভু গোকুল-নগরী॥
পুনঃ ব্রহ্ম-হ্রদ হৈতে আনিলা তুলিয়া।

১৮ নিঃশব্দে রহিলা গোপ বিস্ময় ভাবিয়া॥
নন্দ-বিমোচন, ব্রহ্মহ্রদ-দরশন।
ভাগবত-আচার্য্যের সরস বচন॥
অষ্টাবিংশে কহি এই কৃষ্ণগুণ-সার।
সাবধানে শুন, রাজা! যে কহিব আর॥"

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাবিংশোঽধ্যায়ঃ॥ ২৮॥

একোনত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ভগবানপি তা রাত্রীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ। বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥

২। তদোড়ুরাজঃ ককুভঃ করৈর্মুখং, প্রাচ্যা বিলিম্পন্নরুণেন শন্তমৈঃ।
স চর্ষণীনামুদগাচ্ছুচো মৃজন্, প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ॥

৩। দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং, রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎ কোমলগোভি রঞ্জিতং, জগৌ কলং বামদৃশাং মনোহরম্॥

৪। নিশম্য গীতং তদনঙ্গবর্দ্ধনং, ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোঽন্যমলক্ষিতোদ্যমাঃ, স যত্র কান্তো জবলোলকুণ্ডলাঃ॥

৫। দুহন্ত্যোঽভিযযুঃ কাশ্চিদ্দোহং হিত্বা সমুৎসুকাঃ। পয়োঽধিশ্রিত্য সংযাবমনুদ্বাস্যাপরা যযুঃ॥

৬। পরিবেষয়ন্ত্যস্তদ্ধিত্বা পায়য়ন্ত্যঃ শিশূন্ পয়ঃ। শুশ্রূষন্ত্যঃ পতীন্ কাশ্চিদশ্নন্ত্যোঽপাস্য ভোজনম্॥

৭। লিম্পন্ত্যঃ প্রমৃজন্ত্যোঽন্যা অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ॥

বিনোদবালকৈঃ সার্দ্ধমখণ্ডিতসুখো হরিঃ।
ক্রীড়াঞ্চক্রে ব্রজস্ত্রীভিস্তন্মনোরথসিদ্ধয়ে॥
কামদর্পবিঘাতার্থং পূর্ণকামঃ স্বয়ংপ্রভুঃ।
লোকানুকরণেনৈব ভগবাংস্তত্ত্বমাদিশৎ॥

[বরাড়ী-রাগ]

১ "গোপিকার সঙ্গে কৃষ্ণ করিব রমণ।
মনে হেন কৈলা যদি প্রভু-নারায়ণ॥
শরৎ-যামিনী চারু, চৌদিগে বিমল।
প্রফুল্ল মালতী, মল্লী, যুথিকা সুন্দর॥

২ বহু গুণ, বহু সুখ হৈল বৃন্দাবনে।
অখণ্ড পূর্ণিমা-শশী উদিত গগনে॥
চিরদিনে যেন নারী পতি-দরশনে।
সর্ব্বদুঃখ-শোক হরে' আনন্দিত-মনে॥

৩ কমলাবদন-তুল্য পূর্ণ-শশধর।
তা' দেখিয়া আনন্দিত হৈলা গদাধর॥
ঝলমল বৃন্দাবন চন্দ্রের কিরণে।
বনে রহি' গোপীনাথ দিলা বংশী-স্বানে॥

৪ শুনিঞা বাঁশীর শব্দ ব্যাকুলিত-চিতা।
মূরছি' পড়ল গোপী মদন-উদিতা॥
গোবিন্দ হরল চিত্ত, নাহি অবধানে।
চৌদিগে বেঢ়িয়া গোপী চলে বৃন্দাবনে॥
এক পথে চলে, কেহ কাহে নাহি জানে।
চঞ্চল কুণ্ডলযুগ, তুরিত গমনে॥

৫ দোহনে আছিলা গোপী, তেজিলা দোহনে।
দধি মন্থে ব্রজনারী, তেজে' সেইক্ষণে॥
গোরস উথলি' পড়ে, তেজে' সেই মনে।
৬ গুরুজনে তেজিলা ওদন-পরিষণে॥
স্তন পিয়াইতে শিশু ভূমিতে ফেলিয়া।
ভোজন করিতে অন্ন চলিলা তেজিয়া॥
পতি-সেবা করিতে আছিলা ব্রজনারী।
আকুলে চলিলা গোপী পতিসেবা ছাড়ি'॥

৭ কেহ করিতে আছিলা কেশ-সংস্করণ।
কেহ করিতে আছিলা অঙ্গবিভূষণ॥
বংশীধ্বনি শুনি' গোপী সকল তেজিলা।
বৃন্দাবন-অভিমুখে তুরিতে চলিলা॥
নেত্রের অঞ্জন নিজ-চরণে লেপিয়া।
পায়ের আলতা নেত্রযুগলে অর্পিয়া॥

৮। তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভির্ভ্রাতৃবন্ধুভিঃ। গোবিন্দাপহৃতাত্মানো ন ন্যবর্ত্তন্ত মোহিতাঃ॥
৯। অন্তর্গৃহগতাঃ কাশ্চিদ্‌গোপ্যোঽলব্ধবিনির্গমাঃ। কৃষ্ণং তদ্ভাবনাযুক্তা দধ্যুর্মীলিতলোচনাঃ॥
১০। দুঃসহপ্রেষ্ঠবিরহ-তীব্রতাপধুতাশুভাঃ। ধ্যানপ্রাপ্তাচ্যুতাশ্লেষ-নির্বৃত্যা ক্ষীণমঙ্গলাঃ॥
১১। তমেব পরমাত্মানং জারবুদ্ধ্যাপি সঙ্গতাঃ। জহুর্গুণময়ং দেহং সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ॥

শ্রীরাজোবাচ

১২। কৃষ্ণং বিদুঃ পরং কান্তং ন তু ব্রহ্মতয়া মুনে! গুণপ্রবাহোপরমস্তাসাং গুণধিয়াং কথম্?

শ্রীশুক উবাচ

১৩। উক্তং পুরস্তাদেতত্তে চৈদ্যঃ সিদ্ধিং যথা গতঃ। দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়াঃ?

এক আঁখি অঞ্জন, কুণ্ডল এক কাণে।
পরিয়ে চলিলা গোপী শুনি' বেণুস্বানে॥
চরণে কুণ্ডল, হার—নূপুর, রসনা।
শিরে পরে ব্রজনারী, পাসরে আপনা॥
ঊর্দ্ধ-বস্ত্র অধে পরে, ঊর্দ্ধে অধোবাস।
কে বা কি করিব, মনে না হয় প্রকাশ॥
মুগধ গোপীর মনে কিছুই না ভায়।
কৃষ্ণ-অভিমুখে সব গোপী চলি' যায়॥
কৃষ্ণপ্রেমে এই সে সহজ-রীতি বৈসে।
ধর্ম্ম, অর্থ, কাম—তিন ছাড়য়ে বিশেষে॥
কুলধর্ম্ম, নিজ-সুখ, আর ধন-জনে।
প্রেমরসে এ-সব ছাড়িলা গোপীগণে॥
৮ পতি, পিতা, বন্ধুগণে ধরিয়া রহায়।
রাখিতে না পারে, গোপী শীঘ্র চলি' যায়॥
৯ দৃঢ়বন্ধে কপাট বান্ধিল বন্ধুগণে।
নিজ-ঘরে কথো গোপী রাখিল যতনে॥
১০ তা'রা সব ধ্যানে কৃষ্ণ ভাবিলা হৃদয়ে।
মুক্তিপদ পাইলা দেহ ছাড়ি' গুণময়ে॥
১১ জার-ভাবে কৈলা গোপী গোবিন্দ-ধেয়ানে।
তবু মুক্তিপদ পাইলা বিনি তত্ত্বজ্ঞানে॥
বস্তুর শকতি বুদ্ধি অপেক্ষা না করে'।
অজ্ঞানে অমৃত খাঞা কে নহে অমরে?
যদি বা বলিবে—'কর্ম্মবন্ধ নাহি যায়।
মুকতি লভিলা গোপী কেমন উপায়?'
কহিব অদ্ভুত-কথা, শুন সাবহিতে।
গোপীগণের কর্ম্মভোগ খণ্ডিল যেমতে॥
প্রলয়-আনল-তুল্য বিরহ-সন্তাপে।
দুঃখভোগ টুটিল জনম কোটি-পাপে॥
ধ্যানযোগে পাইলা গোপী গোবিন্দ-সংযোগ।
সেই সুখে হৈল সর্ব্ব পুণ্যকর্ম্মভোগ॥
পাপ-পুণ্যকর্ম্মবন্ধ টুটে সেইক্ষণে।
হেনমতে মুকতি লভিলা গোপীগণে॥"
১২ প্রবোধ না পাইলা রাজা পণ্ডিত সুজানে।
মুনিকে পুছিলা কিছু বিনয়-বচনে॥
"শুন, মুনি! যদি কিছু করিয়ে বিচার।
পতি-পুত্র ব্রহ্ম ছাড়ি' বস্তু নহে আর॥
ব্রহ্মভাবে পতি-পুত্রে কেহ নাহি সেবে।
এই সে কারণে কেহ মুকতি না লভে॥
ব্রহ্মভাবে গোপী না ভজিলা গদাধর।
কি প্রকারে মুক্তি পাইলা, কহ ত' উত্তর?
জারভাবে কেবল ভজিলা ব্রজনারী।
কেমনে মুকতি পাইলা কর্ম্মবন্ধ ছাড়ি'?"
১৩ তবে শুকমুনি দিলা রাজারে উত্তর।
"না কর' সংশয়, কথা শুন, নৃপবর!
সর্ব্বলোকে ব্রহ্ম বৈসে কেবল গোপতে।
এই কৃষ্ণ পূর্ণব্রহ্ম, জানিহ সাক্ষাতে॥
গোপাল-ভজনে জ্ঞান-অপেক্ষা না ধরে'।
যেন-তেন-মতে ভজি' কর্ম্মবন্ধ ছাড়ে॥

১৪। নৃণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নৃপ! অব্যয়স্যাপ্রমেয়স্য নির্গুণস্য গুণাত্মনঃ॥
১৫। কামং ক্রোধং ভয়ং স্নেহমৈক্যং সৌহৃদমেব চ। নিত্যং হরৌ বিদধতো যান্তি তন্ময়তাং হি তে॥
১৬। ন চৈবং বিস্ময়ঃ কার্য্যো ভবতা ভগবত্যজে। যোগেশ্বরেশ্বরে কৃষ্ণে যত এতদ্বিমুচ্যতে॥
১৭। তা দৃষ্ট্বান্তিকমায়াতা ভগবান্ ব্রজযোষিতঃ। অবদদ্বদতাং শ্রেষ্ঠো বাচঃ পেশৈর্বিমোহয়ন্॥

শ্রীভগবানুবাচ

১৮। স্বাগতং বো মহাভাগাঃ! প্রিয়ং কিং করবাণি বঃ? ব্রজস্যানাময়ং কচ্চিদ্ব্রূতাগমনকারণম্॥
১৯। রজন্যেষা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা। প্রতিযাত ব্রজং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ সুমধ্যমাঃ!
২০। মাতরঃ পিতরঃ পুত্রা ভ্রাতরঃ পতয়শ্চ বঃ। বিচিন্বন্তি হ্যপশ্যন্তো মা কৃধ্বং বন্ধুসাধ্বসম্॥
২১। দৃষ্টং বনং কুসুমিতং রাকেশকররঞ্জিতম্। যমুনানিললীলৈজত্তরুপল্লবশোভিতম্॥
২২। তদ্যাত মা চিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীঃ! ক্রন্দন্তি বৎসা বালাশ্চ তান্ পায়য়ত দুহ্যত॥

পূরবে কহিলুঁ, রাজা! তাহা বিস্মরিলে।
অরিভাবে মুক্তিপদ পাইল শিশুপালে॥
গোপনারী সাক্ষাৎ কৃষ্ণের প্রিয়তমা।
তাহাতে করিছ, রাজা! বিস্ময়-ভাবনা?

১৪ করুণাসাগর, দীনবন্ধু, হিতকারী।
সর্ব্বলোক উদ্ধারিলা ব্যক্তরূপ ধরি'॥
নির্লেপ, নির্গুণ, ক্ষয়-প্রমাণ-রহিত।
লোক-প্রতিকার-হেতু সাক্ষাতে বিদিত॥

১৫ কাম, ক্রোধ, ভয়, প্রেম-সম্বন্ধ, ভকতি।
এ-সব ভাবনা কৈলে কৃষ্ণময়-গতি॥

১৬ মহাযোগযোগেশ্বর প্রভু দয়াময়।
কোন্ বুদ্ধ্যে, রাজা! তুমি করি'ছ বিস্ময়?
তরু-লতা, তৃণ-গুল্ম পাইল নিস্তার।
গোপীর কারণে কেনে বিস্ময় তোমার?
তবে রাসকেলি, রাজা! কহিব এখনে।
দৃঢ়মতি হঞা, রাজা! শুন সাবধানে॥

১৭ চৌদিগে বেড়িয়া গোপী নিকটে দাণ্ডায়।
হাসিয়া কি বলে' বাণী প্রভু যদুরায়?

১৮ 'আইস আইস, গোপি! কহ কুশল-কল্যাণ।
কি করিব আমি তোমা', কহ বিদ্যমান॥
গোপকুলে কি হয় সঙ্কট-উতপাতে?
তে-কারণে আইলে কি আমার সাক্ষাতে?
আগমন-কারণ কহিবে, ব্রজনারি!
বনেতে প্রবেশ কৈলে কি ভরসা করি'?

১৯ ঘোর-নিশি, এথাতে বিপিন ঘোরতর।
এই বনে নানা জন্তু বৈসে নিরন্তর॥
কেমন সাহসে, গোপি! কৈলে হেন কাজ?
জনমে-জনমে থুইলে গুরুকুলে লাজ!!

২০ পতি-পুত্র-বন্ধুগণ তোমা' না দেখিয়া।
অন্বেষণ করি' বুলে ব্যাকুল হইয়া॥
কুলবতী নারী হৈয়া কর' হেন কাজ!
দুই কুল ভরি', গোপি! থুইলে বড় লাজ॥

২১ যদি বল, দেখিতে আইলাঙ বৃন্দাবন।
চাহিয়া নেহার, গোপি! কুসুমকানন॥
শরৎ-যামিনী, চন্দ্র ঝলমল-জ্যোতি।
যমুনা-লহরী, বাত বহে মন্দগতি॥
মধুর-সৌরভ, বহু বিহগ-সুনাদ।
এ বনে উপজে, গোপি! কাম-উনমাদ॥
যাবত হৃদয়ে নাহি মনমথ উঠে।
তাবত প্রমাদ নাহি, চলি' যাহ ঝাটে॥

২২ বিলম্ব না কর', গোপি! নিজ ঘরে চল।
নারীকুলে এই ধর্ম্ম, পতিসেবা কর'॥
স্তন্যপ ছাওয়াল, বৎস রহিল বন্ধনে।
ছাওয়ালকে দেহ স্তন, কর' গো-দোহনে॥

২৩। অথবা মদভিস্নেহাদ্ভবত্যো যন্ত্রিতাশয়াঃ। আগতা হ্যুপপন্নং বঃ প্রীয়ন্তে ময়ি জন্তবঃ॥
২৪। ভর্ত্তুঃ শুশ্রূষণং স্ত্রীণাং পরো ধর্ম্মো হ্যমায়য়া। তদ্বন্ধূনাঞ্চ কল্যাণ্যঃ! প্রজানাঞ্চানুপোষণম্॥
২৫। দুঃশীলো দুর্ভগো বৃদ্ধো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী॥
২৬। অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্। জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র ঔপপত্যং কুলস্ত্রিয়াঃ॥
২৭। শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ। ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্॥

শ্রীশুক উবাচ

২৮। ইতি বিপ্রিয়মাকর্ণ্য গোপ্যো গোবিন্দভাষিতম্। বিষণ্ণা ভগ্নসঙ্কল্পাশ্চিন্তামাপুর্দুরত্যয়াম্॥
২৯। কৃত্বা মুখান্যবশুচঃ শ্বসনেন শুষ্যদ্-বিম্বাধরাণি চরণেন ভুবং লিখন্ত্যঃ।
অস্রৈরুপাত্তমসিভিঃ কুচকুঙ্কুমানি, তস্থুর্মৃজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীম্॥
৩০। প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং, কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।
নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ,-সংরম্ভগদ্গদগিরোঽব্রুবতানুরক্তাঃ॥

শ্রীগোপ্য ঊচুঃ

৩১। মৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং, সন্ত্যজ্য সর্ব্ববিষয়াংস্তব পাদমূলম্।
ভক্তা ভজস্ব দুরবগ্রহ! মা ত্যজাস্মান্, দেবো যথাদিপুরুষো ভজতে মুমুক্ষূন্॥

---

২৩ যদিবা বলিবে,—'আইলুঁ তোমা'-দরশনে।
দেখিলে আমারে, যাহ গোকুল-ভুবনে॥
এ পুন সহজ হয় সর্ব্বলোক-রীতি।
আমা' দেখিবারে লোক বাঢ়ায় পীরিতি॥
আমারে দেখিলে, গোপি! এ বড় সুন্দর।
সুখে যাহ, সুন্দরি! চলিয়া নিজ ঘর॥

২৪ নারীকুলে মুখ্য ধর্ম্ম—পতি-সুসেবন।
পতিবন্ধু-পালন, পোষণ পরিজন॥

২৫ রোগযুক্ত, দরিদ্র, দুর্গত, জড়মতি।
তবু পতি না ছাড়িবে নারী কুলবতী॥
তেজিতে পাতকী পতি সবে অধিকার।
পতিসেবা ছাড়ি' নারীর ধর্ম্ম নাহি আর॥

২৬ নিজপতি ছাড়ি' অন্যে যে করে' সেবন।
কুলে অপযশ তা'র, নরকে গমন॥
প্রবেশ-নিগম-কালে হয় দুঃখ-ভয়।
নরক ছাড়িয়া তা'র স্বর্গে বাস নয়॥

২৭ যদি বা বলিবে—'ভক্তি করিব তোমাতে'।
নিকটে থাকিলে ভক্তি নহিব সাক্ষাতে॥
শ্রবণ, কীর্ত্তন, ধ্যান করিহ সদায়।
অচলা ভকতি হৈব—এই সে উপায়॥
সন্তোষ করিয়া চিত্তে চলি' যাহ ঘর।
ঘরে থাকি' ভকতি করিহ নিরন্তর॥'

২৮ কৃষ্ণের নিষ্ঠুর-বাণী শুনি' ব্রজরামা।
বিষাদে মোহিতা গোপী হৈলা হতকামা॥

২৯ ত্যাগভয়ে শোক-শ্বাসে শুখাইল অধর।
হেঁটমাথে, পদনখে লেখে ক্ষিতিতল॥
নয়নে গলয়ে জল, তনু বাঞা পড়ে।
কাজল-মলিন কুচকুঙ্কুম পাখালে॥
নিশবদে রহে গোপী পাঞা দুঃখভার।
এক পদ হৈতে পদ না তুলিলা আর॥
বহুক্ষণ ব্রজনারী রহে সেই মনে।
বিমরিষ হঞা দিলা চিত্ত-সমাধানে॥

৩০ রোদন তেজিয়া জল পুঁছিল নয়নে।
কোপে গদগদ-বাণী বলে' গোপীগণে॥

৩১ 'কে বলে' দয়াল কানু, ভকতবৎসল?
কে বলে' জীবননাথ, করুণাসাগর?

৩২। যৎ পত্যপত্যসুহৃদামনুবৃত্তিরঙ্গ! স্ত্রীণাং স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়োক্তম্।
অস্ত্বেবমেতদুপদেশপদে ত্বয়ীশে, প্রেষ্ঠো ভবাংস্তনুভৃতাং কিল বন্ধুরাত্মা॥
৩৩। কুর্ব্বন্তি হি ত্বয়ি রতিং কুশলাঃ স্ব আত্মন্! নিত্যপ্রিয়ে পতিসুতাদিভিরার্ত্তিদৈঃ কিম্?
তন্নঃ প্রসীদ বরদেশ্বর! মাস্ম ছিন্দ্যা, আশাং ভৃতাং ত্বয়ি চিরাদরবিন্দনেত্র!
৩৪। চিত্তং সুখেন ভবতাপহৃতং গৃহেষু, যন্নির্ব্বিশত্যুত করাবপি গৃহ্যকৃত্যে।
পাদৌ পদং ন চলতস্তব পাদমূলাদ্,-যামঃ কথং ব্রজমথো করবাম কিংবা?
৩৫। সিঞ্চাঙ্গ! নস্ত্বদধরামৃতপূরকেণ, হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিম্।
নো চেদ্বয়ং বিরহজাগ্ন্যুপযুক্তদেহা, ধ্যানেন যাম পদয়োঃ পদবীং সখে! তে॥

সর্ব্বকাম তেজে' গোপী যাহার কারণে।
সে-হেন নিষ্ঠুর-বাণী বলিলা কেমনে?
শুন শুন, প্রাণনাথ! প্রভু যদুরায়!
হেন কি নিষ্ঠুর-বাণী বলিতে জুয়ায়?
এই ঠাকুরালী, কৃষ্ণ! তোমার বুঝিলা।
ব্রজনারী সর্ব্বধর্ম্ম তেজিয়া ভজিলা॥
পদযুগ-সেবা—সভে এই আশা ধরে'।
তাহাকে তেজিবে তুমি কেমন প্রকারে?
না ছাড়, না ছাড়, কানু! ধরিলুঁ চরণে।
পদযুগসেবা সবে মাগে গোপীগণে॥
ধর্ম্মশাস্ত্র জান' তুমি, উত্তম পণ্ডিত।
নানাধর্ম্ম, বেদশাস্ত্র তোমাতে বিদিত॥
তে-কারণে কৈলে নারীধর্ম্ম উপদেশ।
পতি-বন্ধু-সুত-সেবা কহিলে বিশেষ॥
ওই পরম-ধরম সত্য নারীকুলে।
সব সমর্পিলুঁ তোমার চরণ-কমলে॥

তুমি সে পরম-পতি, বন্ধু, হিতকারী।
সর্ব্বধর্ম্ম তোমাতে স্থাপিলা ব্রজনারী॥

৩২ পতি-সুত-বন্ধু সেবা করি জনে-জনে।
সে-সকল ধর্ম্ম তোমার কমল-চরণে॥

৩৩ অজ্ঞবুদ্ধি নারী আমি, না বুঝি বিচার।
হেন যদি বল, তত্ত্ব কহিব তাহার॥

বড় বড় উত্তম যতেক মহাজনে।
সর্ব্বধর্ম্ম তেজি' ভজে তোমারি চরণে॥

আমি-সব দেখিলুঁ ওই সে সুপ্রমাণ।
তে-কারণে সর্ব্বধর্ম্ম কৈলুঁ সমাধান॥

পতি-সুত-ভজনে কেবল দুঃখ সার।
আরতি-ভঞ্জন, শ্যাম! চরণ তোমার॥

সুসদয় হও, প্রভু! না ছাড়িহ আর।
আশা ধরি' গোপীগণ আছে চিরকাল॥

৩৪ গৃহধর্ম্ম, নারীধর্ম্ম কৈলে উপদেশ।
কহিব তাহার কথা, শুনহ বিশেষ॥

গৃহধর্ম্ম কেমতে করিব ব্রজনারী?
তুমি সে হরিলে চিত্ত, ধরিতে না পারি॥

করে কর্ম্ম না করে', না চলে দুই পাও।
কেমতে বা চলিব, ধরিতে নারি গাও॥

কোথা বা চলিব, কিবা করিব উপায়?
সকল হরিয়া তুমি নিলে যদুরায়॥

৩৫ মন্দ-হাস, মন্দ-গীত, মধুর-বচনে।
হৃদয়ে জ্বলয়ে কানু, কাম-হুতাশনে॥

অধর-অমিঞা-রসে করহ সেচন।
মদন-আনলে দহে, না রহে জীবন॥

হের, যদি না দেহ' অধর-মধু-দানে।
বিরহ-আনলে গোপী তেজিব পরাণে॥

ধ্যান করি' পদযুগ চিন্তিব তোমার।
জনমে-জনমে, প্রভু! গতি নাহি আর॥

৩৬। যর্হ্যম্বুজাক্ষ! তব পাদতলং রমায়া, দত্তক্ষণং ক্বচিদরণ্যজনপ্রিয়স্য।
অস্প্রাক্ষ্ম তৎ প্রভৃতি নান্যসমক্ষমঙ্গ! স্থাতুং ত্বয়াভিরমিতা বত পারয়ামঃ॥

৩৭। শ্রীর্যৎ পদাম্বুজরজশ্চকমে তুলস্যা, লব্ধ্বাপি বক্ষসি পদং কিল ভৃত্যজুষ্টম্।
যস্যাঃ স্ববীক্ষণকৃতেঽন্যসুরপ্রয়াস,-স্তদ্বদ্বয়ঞ্চ তব পাদরজঃ প্রপন্নাঃ॥

৩৮। তন্নঃ প্রসীদ বৃজিনার্দ্দন! তেঽঙ্ঘ্রিমূলং, প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।
ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম,-তপ্তাত্মনাং পুরুষভূষণ! দেহি দাস্যম্॥

৩৯। বীক্ষ্যালকাবৃতমুখং তব কুণ্ডলশ্রী,-গণ্ডস্থলাধরসুধং হসিতাবলোকম্।
দত্তাভয়ঞ্চ ভুজদণ্ডযুগং বিলোক্য, বক্ষঃ শ্রিয়ৈকরমণঞ্চ ভবাম দাস্যঃ॥

৪০। কা স্ত্র্যঙ্গ! তে কলপদায়তবেণুগীত,-সম্মোহিতার্য্যচরিতান্ন চলেৎ ত্রিলোক্যাম্।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং, যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্?

৪১। ব্যক্তং ভবান্ ব্রজভয়ার্ত্তিহরোঽভিজাতো, দেবো যথাদিপুরুষঃ সুরলোকগোপ্তা।
তন্নো নিধেহি করপঙ্কজমার্ত্তবন্ধো! তপ্তস্তনেষু চ শিরঃসু চ কিঙ্করীণাম্॥

---

৩৬ কমলাসেবিত, সুরবন্দিত চরণ।
বিপিন-অটনে আমি দেখিলুঁ যখন॥
গৃহে স্থির হৈতে নারি সে-দিন-অবধি।
সঙ্কটে পড়িলুঁ আমি, করিব কি বুদ্ধি?

৩৭ চরণপঙ্কজরজে কত না মাধুরী!
হৃদে রহি' লক্ষ্মী যাহা বাঞ্ছে স্তুতি করি'॥
ব্রহ্মা-আদি সুর যাঁ'রে সেবয়ে যতনে।
হেন লক্ষ্মী পদধূলি বাঞ্ছয়ে আপনে॥
আমি-সব কেমতে তেজিব তাঁ'র আশ?
না জানি চরণে কত মাধুরী-প্রকাশ!!

৩৮ দুরিত-ভঞ্জন, কানু! করহ প্রসাদ।
নহে বা তেজিলে পাছে ফলিব প্রমাদ॥
দাসী হঞা থাকিব সেবিয়া পদ তুয়া।
দাস্যভাব দেহ, প্রভু! না ছাড়িহ দয়া॥

৩৯ চঞ্চল-অলকযুত শ্রীমুখমণ্ডল।
কুণ্ডল উজ্জ্বল-জ্যোতি—অরুণ অধর॥
অমৃত-মধুর-ভাষা, মন্দ-মৃদু হাস।
ভুজদণ্ডযুগল অভয়-পরকাশ॥
কমলানিবাস বক্ষ দেখিলুঁ সুন্দর।
তে-কারণে দাসী হঞা রহি নিরন্তর॥

৪০ মধুর-বংশীর স্বান শুনিঞা শ্রবণে।
তোমার সুন্দর রূপ দেখিয়া নয়নে॥
কোন্ কুলবতী নারী নহিব মোহিতা?
ধর্ম্মপথ না ছাড়িব হঞা সাবহিতা?
তিন লোকে আছে এত বড় কোন্ নারী?
নিজধর্ম্ম না ছাড়িয়া আছে ধৈর্য্য ধরি'?
তরু, মৃগ, বিহগ—এ-সব পুলকিত।
কোন্ চিত্র, নরলোক হয় যে মোহিত?

৪১ বেকতে জানিলুঁ—তুমি পুরুষ-পুরাণ।
গোপকুলে অবতার দেখি বিদ্যমান॥
ব্রজজনার আরতি হরিবে নারায়ণ।
গোপকুলে জনমিলে—এই সে কারণ॥
আমি-সব ব্রজনারী গোকুলবাসিনী।
তবে কেনে উদ্ধার না কর' যদুমণি?
মদন-দহন-তাপে দহে পয়োধর।
প্রাণ রক্ষা কর' ইথে দিয়া পদ্ম-কর॥
নহে বা না জীব' গোপী মদন-আনলে।
পাছে জানি, নারী-বধ-পরমাদ ফলে॥
হেন যদি বল,'—গোপী করে' অহঙ্কার।
তবু দাসী ছাড়ি' গোপী কভু নহে আর॥

শ্রীশুক উবাচ

৪২। ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ। প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোঽপ্যরীরমৎ॥

৪৩। তাভিঃ সমেতাভিরুদারচেষ্টিতঃ, প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিরচ্যুতঃ।
উদারহাসদ্বিজকুন্দদীধিতি,-র্ব্যরোচতৈণাঙ্ক ইবোড়ুভির্বৃতঃ॥

৪৪। উপগীয়মান উদগায়ন্ বনিতাশতযুথপঃ। মালাং বিভ্রদ্বৈজয়ন্তীং ব্যচরন্মণ্ডয়ন্ বনম্॥

৪৫। নদ্যাঃ পুলিনমাবিশ্য গোপীভির্হিমবালুকম্। জুষ্টং তত্তরলানন্দিকুমুদামোদবায়ুনা॥

৪৬। বাহুপ্রসারপরিরম্ভকরালকোরু,-নীবীস্তনালভননর্ম্মনখাগ্রপাতৈঃ।
ক্ষ্বেল্যাবলোকহসিতৈর্ব্রজসুন্দরীণা,-মুত্তম্ভয়ন্ রতিপতিং রময়াঞ্চকার॥

৪৭। এবং ভগবতঃ কৃষ্ণাল্লব্ধমানা মহাত্মনঃ। আত্মানং মেনিরে স্ত্রীণাং মানিন্যোঽভ্যধিকং ভুবি॥

৪৮। তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ। প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীভগবতো রাসক্রীড়াবর্ণনং নামৈকোনত্রিংশোঽধ্যায়ঃ॥ ২৯॥

এ বোল বুঝিয়া, কৃষ্ণ! কুচে দেহ হাথ।
তবে প্রাণে জীয়ে গোপী, শুন, প্রাণনাথ!'

৪২ গোপীগণের শুনিঞা করুণ কাকুবাণী।
হাসিয়া সদয় হৈলা প্রভু যদুমণি॥
মহাযোগযোগেশ্বর নিজ-যোগবলে।
সর্ব্ব ব্রজরমণী রমিলা এককালে॥
আপনেহি সহজে আনন্দ আত্মারাম।
রমিয়া পূরায় কৃষ্ণ গোপীগণকাম॥

৪৩ রমণীসমাজে কৃষ্ণ শোভে সুশোভিত।
মদালস-বিলোচন, উদারচরিত॥
তারাগণ-মাঝে যেন পূর্ণ শশধর।
অভিমুখী ব্রজনারী-মাঝে যদুবর॥

৪৪ জগতপাবন যশ গোপীগণ গায়।
মধুর-মুরলী কানু আনন্দে বাজায়॥
বৈজয়ন্তী-মালা দোলে আজানুলম্বিত।
যুবতী-সমাজে কৃষ্ণ দেখিতে শোভিত॥

৪৫ যমুনাপুলিন-বন, কুসুম সুগন্ধ।
শীতল বালুকাযুত, পবন সুমন্দ॥
প্রবেশ করিলা সেই পুলিন-কাননে।
অপরূপ রাসরস রচিলা পুলিনে॥

৪৬ বিশাল-মৃণাল-ভুজদণ্ড-আলিঙ্গন।
করে ধরি' দৃঢ় নীবিবন্ধ-বিমোচন॥
বহুবিধ পরিহাস, বিবিধ ভাষণ।
বদনে চুম্বন-দান, কুচ-পরশন॥
বিবিধ খেলন, মন্দ-মধু সুধাহাস।
মদনে মদন-পীড়া হইল প্রকাশ॥
সর্ব্বকলা-রস-শিরোমণি নারায়ণ।
নানা-রসে রমিয়া রসাইলা গোপীগণ॥

৪৭ তবে গোপীগণে এই কৈলা অহঙ্কার।
'আমা বই পুণ্যবতী নারী নাহি আর॥
আমাতে অধিক ধন্য নাহি ত্রিভুবনে।
আমি-সব সাক্ষাতে ভজিলুঁ নারায়ণে॥'

৪৮ দেখিয়া গোপাল বলে',—'এত বড় দর্প?
আমা' পাঞা গোপীগণ করে' এত গর্ব্ব!
এখনে খণ্ডিব আমি গর্ব্ব-অভিমান।'
এ বোল বলিয়া কৃষ্ণ হৈলা অন্তর্দ্ধান॥"

ভাগবত-আচার্য্য-রচিত রাসকেলি।
শুনিলে দুরিত হরে', বুঝহ বিচারি'॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনত্রিংশোঽধ্যায়ঃ॥ ২৯॥

ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অন্তর্হিতে ভগবতি সহসৈব ব্রজাঙ্গনাঃ। অতপ্যংস্তমচক্ষাণাঃ করিণ্য ইব যূথপম্॥

২। গত্যানুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈ,-র্মনোরমালাপবিহারবিভ্রমৈঃ।
আক্ষিপ্তচিত্তাঃ প্রমদা রমাপতে,-স্তাস্তা বিচেষ্টা জগৃহুস্তদাত্মিকাঃ॥

৩। গতিস্মিতপ্রেক্ষণভাষণাদিষু, প্রিয়াঃ প্রিয়স্য প্রতিরূঢ়মূর্ত্তয়ঃ।
অসাবহন্ত্বিত্যবলাস্তদাত্মিকা, ন্যবেদিষুঃ কৃষ্ণবিহারবিভ্রমাঃ॥

৪। গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা, বিচিক্যুরুন্মত্তকবদ্বনাদ্বনম্।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহি,-র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্॥

৫। দৃষ্টো বঃ কচ্চিদশ্বত্থ! প্লক্ষ! ন্যগ্রোধ! নো মনঃ। নন্দসূনুর্গতো হৃত্বা প্রেমহাসাবলোকনৈঃ?

৬। কচ্চিৎ কুরবকাশোক-নাগপুন্নাগচম্পকাঃ! রামানুজো মানিনীনামিতো দর্পহরস্মিতঃ?

৭। কচ্চিৎ তুলসি! কল্যাণি! গোবিন্দচরণপ্রিয়ে! সহ ত্বালিকুলৈর্বিভ্রদ্ দৃষ্টস্তেঽতিপ্রিয়োঽচ্যুতঃ?

৮। মালত্যদর্শি বঃ কচ্চিন্মল্লিকে! জাতি! যূথিকে! প্রীতিং বো জনয়ন্ যাতঃ করস্পর্শেন মাধবঃ?

৯। চূতপ্রিয়ালপনসাসনকোবিদার,-জম্ব্বর্কবিল্ববকুলাম্রকদম্বনীপাঃ!
যেঽন্যে পরার্থভবকা যমুনোপকূলাঃ! শংসন্তু কৃষ্ণপদবীং রহিতাত্মনাং নঃ॥

[কামোদ-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা! কর' অবধান।
অন্তর্দ্ধান করি' হরি গেলা বিদ্যমান॥
কৃষ্ণ না দেখিয়া গোপী মূরছিয়া পড়ে।
মজিলা রমণীগণ এ শোক-সাগরে॥
নিজপতি হারাইলে যেন করিণীগণ।
তরাসে পড়িয়া তা'রা হয় অচেতন॥

২ যেনরূপ কৈলা হরি বিহার-বিলাস।
যেন গতি, যেন লীলা, যেন মন্দহাস॥
সেই সেই চরিত করয়ে ব্রজনারী।

৩ এই অবলম্বনে রহিলা চিত্ত ধরি'॥
কৃষ্ণরূপ আপনে ভাবিলা ব্রজরামা।
সেই লীলা করে' গোপী, পাসরে আপনা॥

৪ সর্ব্বগোপী মেলিয়া গোপাল-গুণ গায়।
বনে বনে ব্রজনারী চাহিয়া বেড়ায়॥
উনমত্ত হঞা গোপী পুছে তরুগণে।

৫ 'তোরা কি দেখিলে যাইতে শ্রীনন্দনন্দনে?
কহ কহ, তরুগণ! দেখিলে কিরূপে?
না দেখিলে ব্রজনারী না জীব' স্বরূপে॥
শুনহ, অশ্বত্থ! বট! কহ সাবধানে।
মন হরি' নন্দসুত গেলা এই বনে?

৬ ওহে কুরুবক! নাগ! পুন্নাগ! অশোকে!
ওহে চম্পক, কেশর! পুছি তোমাদিকে॥
তোমরা দেখিলে কৃষ্ণে, কহ দেখি তত্ত্বে?
বলরামের কনিষ্ঠ, সহজে উনমত্তে॥
নারীদর্প হরে'—তা'র এই সে বড়াই।
সহজেই শিশুবুদ্ধি, চঞ্চল কানাই॥'

৭ কহ তুলসি কল্যাণি! গোবিন্দ-প্রেয়সি!
তোমার প্রিয় আইলা তোমায় দিতে সুখরাশি?
শুনহে মালতি! মল্লি! শুন, জাতি, যূথি!
এ-পথে কি গেলা কৃষ্ণ করিয়া পীরিতি?

৯ শুন, হে কদম্ব, চূত, পনস, পিয়াল!
আসন, অর্জ্জুন, বিল্ব, জম্বু, কোবিদার!
যমুনার তীরে তুমি-সব তীর্থবাসী।
দুঃখিনী গোপিনী-সব মোরা পাপীয়সী॥

১০। কিং তে কৃতং ক্ষিতি! তপো বত কেশবাঙ্ঘ্রি,-স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রি-সম্ভব উরুক্রমবিক্রমাদ্বা, আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন?
১১। অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ,-স্তন্বন্ দৃশাং সখি! সুনির্বৃতিমচ্যুতো বঃ।
কান্তাঙ্গসঙ্গকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ, কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ?
১২। বাহুং প্রিয়াংস উপধায় গৃহীতপদ্মো, রামানুজস্তুলসিকালিকুলৈর্মদান্ধৈঃ।
অন্বীয়মান ইহ বস্তরবঃ প্রণামং, কিং বাভিনন্দতি চরন্ প্রণয়াবলোকৈঃ?
১৩। পৃচ্ছতেমা লতা বাহুনপ্যাশ্লিষ্টা বনস্পতেঃ। নূনং তৎকরজস্পৃষ্টা বিভ্রত্যুৎপুলকান্যহো॥
১৪। ইত্যুন্মত্তবচো গোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ। লীলা ভগবতস্তাস্তা হ্যনুচক্রুস্তদাত্মিকাঃ॥
১৫। কস্যাশ্চিৎ পূতনায়ন্ত্যাঃ কৃষ্ণায়ন্ত্যপিবৎ স্তনম্। তোকায়িত্বা রুদত্যন্যা পদাহন্ শকটায়তীম্॥

ধন্য তীর্থবাসী জন, করে' পরহিত।
কহ কৃষ্ণ-উপদেশ, স্থির কর' চিত্ত॥

১০ কহ, হে ধরণি! তুমি কোন্ তপ কৈলে?
গোবিন্দ-চরণ-চিহ্ন শরীরে ধরিলে?
পুলকিত হৈল তরু-লতা রোমাবলী।
কোন্ তপ কৈলে তুমি কহিতে না পারি॥
কৃষ্ণোদ্দেশ কহি' মোদের রাখহ পরাণ।
দয়া-ক্ষমাশীল নাহি তোমার সমান॥

১১ 'কহ, হে হরিণীগণ! পুছে ব্রজনারী।
সখীসঙ্গে যাইতে কি দেখিলে মুরারি?
চপল নয়ন কি সফল হৈল তোরে?
জনম সফল তোর হৈল পশুকুলে॥
প্রিয়া-কুচ-কুঙ্কুম-রঞ্জিত কুন্দমালে।
হের দেখ, বহে তা'র গন্ধ-পরিমলে॥
স্বরূপে দেখিলে তোরা সে নন্দনন্দন।
কহ উপদেশ-কথা, শুন, মৃগীগণ!'
উত্তর না পেয়ে মৃগীস্থানে গোপীগণ।
তা'রে বিরহিণী মানি' করিলা গমন॥

১২-১৩ অগ্রে দেখে পাদপ-সকল পুষ্পভরে।
নম্রমাথে আছে শাখা, মধুধারা ক্ষরে'॥
কৃষ্ণে প্রণমিলা বৃক্ষ মনে অনুমানি'।
কৃষ্ণের উদ্দেশ পুছে সকল গোপিনী॥
'কহ দেখি, তরুগণ! পুছিয়ে সবাকারে।
তোমরা দেখিলে যাইতে নন্দের কুমারে?
ফল-ফুলে নম্র হৈলা কৈলে পরণাম।
'সাধু সাধু' বলি' হরি কৈলা কি বাখান?

কৃষ্ণদরশন-চিহ্ন দেখিলুঁ বিদিতে।
কলিকা ভাঙ্গিয়া কৃষ্ণ গেলা এই ভিতে?

গোপীস্কন্ধে বামবাহু দিয়া কাম-রঙ্গে।
দক্ষিণে কমল ধরি' ফিরায় শ্রীঅঙ্গে॥

কুসুম-তুলসীমাল আপাদলম্বিত।
তাহার আমোদে মত্তমধুপ্রচুম্বিত॥

অভাগিনী গোপনারী কয়য়ে জিজ্ঞাসা।
স্বরূপে কহিবে তুমি কৃষ্ণ-উপদেশা॥

১৪ এইমতে তরু-লতায় পুছিয়া বেড়ায়।
সর্ব্ব-বৃন্দাবনে চাহি' উদ্দেশ না পায়॥
ধরিতে না পারে চিত্ত, না রহে জীবন।
উপায় করিয়া প্রাণ রাখে কথো জন॥
যত-যত কর্ম্ম কৈলা কৃষ্ণ অবতারে।
গোপীগণ সেই-সেই লীলা-রূপ ধরে'॥

১৫ এক গোপী বলে',—আমি রাক্ষসী পূতনা।
আর গোপী কৃষ্ণরূপ ভাবিলা আপনা॥
পূতনাভাবিনী-স্তন পিয়ে কৃষ্ণমতি।
কহিতে না পারি দুই-ভাবনা শকতি॥
এক গোপী বলে'—'আমি শকটস্বরূপা'।
চরণে ক্ষেপিলা তা'রে আর কৃষ্ণ-রূপা॥

১৬। দৈত্যায়িত্বা জহারান্যামেকা কৃষ্ণার্ভভাবনাম্। রিঙ্গয়ামাস কাপ্যন্যা কর্ষন্তী ঘোষনিস্বনৈঃ॥
১৭। কৃষ্ণরামায়িতে দ্বে তু গোপায়ন্ত্যশ্চ কাশ্চন। বৎসায়তীং হন্তি চান্যা তত্রৈকা তু বকায়তীম্॥
১৮। আহূয় দূরগা যদ্বৎ কৃষ্ণস্তমনুকুর্ব্বতীম্। বেণুং ক্বণন্তীং ক্রীড়ন্তীমন্যাঃ শংসন্তি সাধ্বিতি॥
২০। মা ভৈষ্ট বাতবর্ষাভ্যাং তত্ত্রাণং বিহিতং ময়া। ইত্যুক্ত্বৈকেন হস্তেন যতন্ত্যস্মিদধেঽম্বরম্॥
২৩। বদ্ধান্যয়া স্রজা কাচিত্তন্বী তত্র উলূখলে। ভীতা সুদৃক্ পিধায়াস্যং ভেজে ভীতিবিড়ম্বনম্॥
২৪। এবং কৃষ্ণং পৃচ্ছমানা বৃন্দাবনলতাস্তরূন্। ব্যচক্ষত বনোদ্দেশে পদানি পরমাত্মনঃ॥
২৫। পদানি ব্যক্তমেতানি নন্দসূনোর্মহাত্মনঃ। লক্ষ্যন্তে হি ধ্বজাম্ভোজ-বজ্রাঙ্কুশযবাদিভিঃ॥
২৬। তৈস্তৈঃ পদৈস্তৎপদবীমন্বিচ্ছন্ত্যোঽগ্রতোঽবলাঃ।
বধ্বাঃ পদৈঃ সুপৃক্তানি বিলোক্যার্ত্তাঃ সমব্রুবন্॥
২৭। কস্যাঃ পদানি চৈতানি যাতায়া নন্দসূনুনা। অংসন্যস্তপ্রকোষ্ঠায়াঃ করেণোঃ করিণা যথা?

---

১৬ এক গোপী হৈলা তৃণাবর্ত্ত-চক্রবাত।
আর গোপী বলে',—'আমি গোপাল সাক্ষাৎ'॥
দৈত্য-রূপা গোপী হরে' গোপাল-রূপিণী।
সে ভাব দুহার মুই কহিতে না জানি॥

১৭ বৎস-দৈত্য-রূপ-ভাব ধরে' এক রামা।
আর গোপী কৃষ্ণভাব চিন্তিলা আপনা॥
দৈত্যরূপা গোপী ধরে' গোপাল-ভাবিনী।
আর এক গোপী হৈলা গোবিন্দ-রূপিণী॥
পায়ে ঠেলি' করে' কালী-দমন-বিহার।
কহে,—'দুষ্ট নিবারিতে মোর অবতার'॥
এতেক বলিয়া কালীনাগ-মাথে চঢ়ে।
আর এক গোপী বক-দৈত্য-রূপ ধরে'॥
বকাসুর যেমতে বধিলা যদুমণি।
বকরূপা গোপী বধে গোপাল-রূপিণী॥
বলরাম-রূপ ধরে' কথো ব্রজরামা।
কথো গোপী কৃষ্ণ-রূপ চিন্তিলা আপনা॥
বৎস-রূপ ধরে' কত আভীর-যুবতী।
কত গোপী ধরে' ব্রজবালক-মূরতি॥

১৮ রামকৃষ্ণ-রূপিণী রমণী বেণু বায়।
শিশু-রূপ গোপীগণ কৃষ্ণগুণ গায়॥

২০ আর গোপী কৃষ্ণরূপ ধরিয়া আপনে।
বসন উড়ায়্যা হস্তে ধরিলা যতনে॥
'গোবর্দ্ধন-গিরি আমি তুলিয়া ধরিল।
নাহি ঝড়-বরিষণ, সব দূরে গেল॥'

২৩ যশোদা-রূপিণী হৈলা আর রূপবতী।
কুসুম-মালায় বান্ধে গোপাল-মূরতি॥
দধি-দুগ্ধ খায়্যা ভাণ্ড ফেলিলে ভাঙ্গিয়া।
এখনে শকতি বুঝো, ফেল ত' আসিয়া?
এইরূপে গোপাল-চরিত্র-রূপ ধরি'।

২৪ বনে-বনে গোপীনাথ চাহে ব্রজনারী॥
এইমতে বনে-বনে গেলা কথোদূরে।
গোবিন্দ-চরণ-চিহ্ন দেখে ক্ষিতিপরে॥
আনন্দে পূরিলা গোপী চকিত-নয়নে।
সভে মেলি' কৃষ্ণপদ করয়ে সন্ধানে॥

২৫ হের, দেখ কৃষ্ণপদ পরম শোভিত।
ধ্বজ-বজ্রাঙ্কুশ-আদি-লক্ষণ-লক্ষিত॥

২৬ চলি' যাই প্রাণ-সখি, এই অনুসারে।
দেখি—কত দূরে গেলে মিলে গদাধরে॥
এ বোল বলিয়া সব গোপীগণ মেলি'।
বনে-বনে চলে কৃষ্ণচরণ নেহালি'॥
এই মতে বনে-বনে কথোদূর গেলে।
এক গোপী পদচিহ্ন দেখে ক্ষিতিতলে॥

২৭ 'দেখ-দেখ, প্রাণসখি! কোন বিচারিণী।
কৃষ্ণ লয়্যা দূরবনে আইল একাকিনী॥

২৮। অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ। যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ॥
২৯। ধন্যা অহো অমী আল্যো গোবিন্দাঙ্ঘ্র্যব্জরেণবঃ। যান্ ব্রহ্মেশো রমা দেবী দধুর্মূর্ধ্ন্যঘনুত্তয়ে॥
৩০। তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ।
যৈকাপহৃত্য গোপীনাং রহো ভুঙ্‌ক্তেঽচ্যুতাধরম্॥
৩১। ন লক্ষ্যন্তে পদান্যত্র তস্যা নূনং তৃণাঙ্কুরৈঃ। খিদ্যৎসুজাতাঙ্ঘ্রিতলামুন্নিন্যে প্রেয়সীং প্রিয়ঃ॥
৩২। ইমান্যধিকমগ্নানি পদানি বহতো বধূম্। গোপ্যঃ! পশ্যত কৃষ্ণস্য ভারাক্রান্তস্য কামিনঃ।
অত্রাবরোপিতা কান্তা পুষ্পহেতোর্মহাত্মনা॥
৩৩। অত্র প্রসূনাবচয়ঃ প্রিয়ার্থে প্রেয়সা কৃতঃ। প্রপদাক্রমণে এতে পশ্যতাসকলে পদে॥
৩৪। কেশপ্রসাধনং ত্বত্র কামিন্যাঃ কামিনা কৃতম্। তানি চূড়য়তা কান্তামুপবিষ্টমিহ ধ্রুবম্॥
৩৫। রেমে তয়া চাত্মরত আত্মারামোঽপ্যখণ্ডিতঃ। কামিনাং দর্শয়ন্ দৈন্যং স্ত্রীণাঞ্চৈব দুরাত্মতাম্॥
৩৬। ইত্যেবং দর্শয়ন্ত্যস্তাশ্চেরুর্গোপ্যো বিচেতসঃ।
যাং গোপীমনয়ৎ কৃষ্ণো বিহায়ান্যাঃ স্ত্রিয়ো বনে॥

এই উনমতি কৈলা এত পরমাদ।
এ ঘোর গহন-বনে আনে' প্রাণনাথ ?
কৃষ্ণ-অঙ্গে হস্ত দিয়া গমন তাহার।
অনুমানে বুঝি—পদ যায় ধারে ধার॥
এ দুষ্ট মো'-সভারে করাইলা অনাদরে।
কৃষ্ণের অধরমধু পিয়ে একেশ্বরে॥

২৮ শুদ্ধভাবে হরি আরাধিলা এই রামা।
সফল রাধিকা-নাম ধরে' পূর্ণকামা॥
তা'র ভক্তিরসে ভগবান্ তুষ্ট হৈলা।
যা'রে লঞা শ্রীগোবিন্দ গুপ্তস্থানে নিলা॥
আত্মারাম, অখণ্ডিত নিজসুখ ধরে'।
সে হরি মোহিলা, সখি! কোন্ পরকারে ?
এত ব্রজরমণী তেজিয়া দূরবনে।
এক সখী লঞা হরি আইলা কোন্ গুণে ?
হের দেখ, বসিয়া আছিলা এইখানে।
এথা রহি' রতিসুখ কৈলা দুইজনে॥

২৯ ধন্য এই কৃষ্ণ-পদ-রেণু ত্রিভুবনে।
বিরিঞ্চি-শঙ্কর শিরে ধরয়ে যতনে॥
লক্ষ্মীদেবী সদা করে' ওই রেণু আশ।
হেন পদ-রেণু ঘোর বনেতে প্রকাশ॥

৩০ কত দূরে নিল হরি কোন্ দ্বিচারিণী ?
তা'র পদচিহ্ন দেখি' উঠে হৃদয়ে আগুনি॥
৩১ এবে পদচিহ্ন তা'র কেন নাহি দেখি ?
বহিয়া কামুক হরি নিলা—হেন লখি॥
শিলা-তৃণ-অঙ্কুরে চরণে হৈল ঘাত।
আপনে বহিয়া সখী নিলা জগন্নাথ॥
৩২ হের দেখ, কৃষ্ণপদ অধিক মগন।
রমণী বহিতে ভার, বুঝিল লক্ষণ॥
হের দেখ, রমণী নামায়্যা এইখানে।
কুসুম তুলিয়া হরি সখীর কারণে॥
৩৩ বিচিত্র বিবিধ ফুলে গাঁথি' দিব্যমালে।
এথায় গোপাল দিলা কামিনীর গলে॥
৩৪ এইখানে বসিয়া আছিলা দুইজন।
এথা থাকি' কৈলা গোপীর কবরীবন্ধন॥'
৩৫-৩৬ এই মতে বনে-বনে ফিরে ব্রজরামা।
না দেখিয়া প্রাণনাথ হৈলা হতকামা॥
পূর্ণকাম নারায়ণ, নিজ-সুখময়।
তবু ব্রজ-রমণী রমিলা অতিশয়॥
কামিনী লাগিয়া কামী এত দুঃখ পায়।
'নারীর কঠিন চিত্ত'—জগতে বুঝায়॥

৩৭। সা চ মেনে তদাত্মানং বরিষ্ঠং সর্ব্বযোষিতাম্। হিত্বা গোপীঃ কাময়ানা মামসৌ ভজতে প্রিয়ঃ ॥
৩৮। ততো গত্বা বনোদ্দেশং দৃপ্তা কেশবমব্রবীৎ। ন পারয়েঽহং চলিতুং নয় মাং যত্র তে মনঃ ॥
৩৯। এবমুক্তঃ প্রিয়ামাহ স্কন্ধ আরুহ্যতামিতি। ততশ্চান্তর্দধে কৃষ্ণঃ সা বধূরন্বতপ্যত ॥
৪০। হা নাথ! রমণ! প্রেষ্ঠ! ক্বাসি ক্বাসি মহাভুজ? দাস্যাস্তে কৃপণায়া মে সখে! দর্শয় সন্নিধিম্ ॥
৪১। অন্বিচ্ছন্ত্যো ভগবতো মার্গং গোপ্যোঽবিদূরতঃ।
দদৃশুঃ প্রিয়বিশ্লেষমোহিতাং দুঃখিতাং সখীম্ ॥
৪২। তয়া কথিতমাকর্ণ্য মানপ্রাপ্তিঞ্চ মাধবাৎ। অবমানঞ্চ দৌরাত্ম্যাদ্বিস্ময়ং পরমং যযুঃ ॥
৪৩। ততোঽবিশন্ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্বিভাব্যতে। তমঃ প্রবিষ্টমালক্ষ্য ততো নিবব্রতুঃ স্ত্রিয়ঃ ॥

সুখ-হেতু রতি যদি করে' নারায়ণে।
তবে বা পরমানন্দ বলিব কেমনে?
লীলা-নটবর হরি রসিক, সুজান।
রতিকেলি-ছলে হরি বুঝা'লেন জ্ঞান ॥"
মুনি বলে',—"শুন, রাজা! আর অদ্ভুতে।
বনে-বনে ব্রজনারী বেড়ায় চাহিতে ॥

৩৭ যে রমণী লঞা হরি গেলা দূরবনে।
সে গোপীর মনে উপজিল অভিমানে ॥
'ত্রিভুবনে নাহি ধন্যা সমতুল মোর।
আমার লাগিয়া কানু কৈলা এতদূর ॥
কোটি-কোটি রমণী তেজিলা ভজমানা।
সকল-সুন্দরী-মাঝে আমি সে প্রধানা ॥'
মনে গরবিতা গোপী বলে' কোন্ বাণী?

৩৮ 'চলিতে না পারি আমি, শুন, যদুমণি!
মনে দেখ, যথা ইচ্ছা বহি' নেহ মোরে।
নহে বা চলিতে নারি, জানাইলুঁ তোমারে ॥'
এই বাক্যে অহঙ্কার বুঝিয়া তাহার।
হরি ভাবে—'দর্প চূর্ণ করিব ইহার' ॥

৩৯ হাসিয়া গোপাল বলে',—'শুনহ, সুন্দরি!
চঢ়সিয়া, তোমা' বহি' নিব স্কন্ধে করি' ॥'
এ বোল বলিয়া কৃষ্ণ হৈলা অন্তর্দ্ধান।
ভূমিতে পড়িলা গোপী হইয়া অজ্ঞান ॥
গোপীর দগধে তনু বিরহ-সন্তাপে।
ধরণী লোটায়্যা সখী করয়ে বিলাপে ॥

৪০ 'হে নাথ! হা প্রাণপতি! পুরুষরতন!
মহাভুজ! হে বান্ধব! গোপীকুল-ধন!!
দরশন দিয়া, প্রভু! দেহ' প্রাণদান।
নহে বা উদ্দেশে আমি তেজিব পরাণ ॥'
এইরূপে বলে' গোপী কাকুতি-বচনে।

৪১ হেনকালে তথা আসি' মিলে গোপীগণে ॥
তা'রে দেখি' দুনা দুঃখ-শোক পায়্যা মনে।
বিরহিণী সখীরে পুছিলা গোপীগণে ॥
'এত দূরে আনি' তোমা' তেজে কি কারণে?
কহ দেখি, সখি! বাত'—পুছে গোপীগণে ॥

৪২ আদি-অন্ত—সকল কহিলা ব্রজনারী।
যতেক পিরীতি-রতি দিলা বনমালী ॥
দূর-বনে আনি' যত করিলা সম্মান।
তেজি' গেলা পাছে যত দিয়া অপমান ॥
সকল কহিলা গোপী যুবতীসমাজে।
বিস্ময় ভাবিয়া সবে প্রমাদেতে মজে ॥
সকল গোপীর তবে মনে হৈল ভয়।
নিতান্ত নৈরাশ-প্রায় হইল হৃদয় ॥

৪৩ পরে সব সখীগণ হয়্যা একমতি।
ব্যাকুলা হইয়া খুঁজে, ভ্রমে' কত রাতি ॥
যাবত উদিত চন্দ্র আছিল গগনে।
তাবত চাহিলা তা'রা প্রতি বনে-বনে ॥
ভয়ঙ্কর বন হৈল ঘোর অন্ধকারে।
গহন-কাননে কেহ চলিতে না পারে ॥

৪৪। **তন্মনস্কাস্তদালাপাস্তদ্বিচেষ্টাস্তদাত্মিকাঃ। তদ্‌গুণানেব গায়ন্ত্যো নাত্মাগারাণি সস্মরুঃ॥**

৪৫। **পুনঃ পুলিনমাগত্য কালিন্দ্যাঃ কৃষ্ণভাবনাঃ। সমবেতা জগুঃ কৃষ্ণং তদাগমনকাঙ্ক্ষিতাঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরাসক্রীড়ায়াং শ্রীকৃষ্ণান্বেষণং নাম ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩০॥

---

৪৪ পালটি আইলা পুনঃ যমুনাপুলিনে।
সভে মেলি' কৃষ্ণগুণ গায় অনুক্ষণে॥
কৃষ্ণের চরণে মন, কৃষ্ণগুণ গায়।
কৃষ্ণের চরিত্র বিনে অন্য নাহি ভায়॥
কৃষ্ণভাবে ব্রজনারী আপনা পাসরে।
পতি-সুত-গৃহ-চিন্তা মনেহ না পড়ে॥

৪৫ গোপাল-চরিত্র-গুণ গায় উচ্চস্বরে।
'হের, আইসে কৃষ্ণ'—বলি' চৌদিগে নেহালে॥
এইরূপে বনে রহে গোপী বিরহিণী।
গীতবন্ধে কত-কত বলে' কাকুবাণী॥"
ভাগবত-আচার্য্য রচিল রসময়।
শুনিলে দুরিত হরে, খণ্ডে ভবভয়॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩০॥

একত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীগোপ্য ঊচুঃ

১। **জয়তি তেঽধিকং জন্মনা ব্রজঃ, শ্রয়ত ইন্দিরা শশ্বদত্র হি।**
দয়িত! দৃশ্যতাং দিক্ষু তাবকা,-স্ত্বয়ি ধৃতাসবস্ত্বাং বিচিন্বতে॥

২। **শরদুদাশয়ে সাধুজাতসৎ,-সরসিজোদরশ্রীমুষা দৃশা।**
সুরতনাথ! তেঽশুল্কদাসিকা, বরদ! নিঘ্নতো নেহ কিং বধঃ?

৩। **বিষজলাপ্যয়াদ্ব্যালরাক্ষসাদ্,-বর্ষমারুতাদ্‌বৈদ্যুতানলাৎ।**
বৃষময়াত্মজাদ্বিশ্বতো ভয়াদ্,-ঋষভ! তে বয়ং রক্ষিতা মুহুঃ॥

[ভাটিয়ারী-রাগ]

মুনি বলে',—"শুন, রাজা! ভকত-প্রধান!
কহিব গোপাল-গুণ-চরিত্র-বাখান॥
সকল গোপিকা মেলি' যমুনা-পুলিনে।
গোপাল-উদ্দেশে বলে' কাকুতি-বচনে॥

১ 'যে-দিনে জনম হৈল নন্দঘোষ-ঘরে।
সে-অবধি লক্ষ্মী আসি' রহিলা গোকুলে॥
সকল সম্পদ্ বাঢ়ে সে-দিন-অবধি।
গোকুলে আসিয়া রহে অষ্ট মহাসিদ্ধি॥
সতত আনন্দ বাঢ়ে, সর্ব্বলোক-জয়।
তোমার জনম-গুণে এত সুখ হয়॥
আমি-সব গোপী সেই গোকুলবাসিনী।
তবে কেন তেজ' নারী বিরহদুঃখিনী?

২ আমি-সব ব্রজনারী নিজ-পরিজন।
প্রাণ রাখ, প্রাণপতি! দিয়া দরশন॥
কি কহিব, প্রভু! তোমার নয়ন সুন্দর।
শারদ-কমল-গর্ভ-কান্তি মনোহর॥
ইহা দরশনে আমি-সব দাসী হৈলুঁ।
সুন্দরী গোপিনী বিনি-মূলে বিকাইলুঁ॥
দরশন দিয়া যদি না রাখ পরাণে।
নারী-বধ হৈল, হের, দেখ বিদ্যমানে॥

৩ কালীনাগ তোমারে দংশিল বিষজ্বালে।
তাহাতে রাখিলে তা'কে, আপনে এড়াইলে॥

৪। ন খলু গোপিকানন্দনো ভবান্, অখিলদেহিনামন্তরাত্মদৃক্।
বিখনসার্থিতো বিশ্বগুপ্তয়ে, সখ উদেয়িবান্ সাত্বতাং কুলে॥
৫। বিরচিতাভয়ং বৃষ্ণিধুর্য্য! তে, চরণমীয়ুষাং সংসৃতের্ভয়াৎ।
করসরোরুহং কান্ত! কামদং, শিরসি ধেহি নঃ শ্রীকরগ্রহম্॥
৬। ব্রজজনার্ত্তিহন্ বীর! যোষিতাং, নিজজনস্ময়ধ্বংসনস্মিত!
ভজ সখে! ভবৎকিঙ্করীঃ স্ম নো, জলরুহাননং চারু দর্শয়॥
৭। প্রণতদেহিনাং পাপকর্শনং, তৃণচরানুগং শ্রীনিকেতনম্।
ফণিফণার্পিতং তে পদাম্বুজং, কৃণু কুচেষু নঃ কৃন্ধি হৃচ্ছয়ম্॥
৮। মধুরয়া গিরা বল্গুবাক্যয়া, বুধমনোজ্ঞয়া পুষ্করেক্ষণ!
বিধিকরীরিমা বীর! মুহ্যতী,-রধরসীধুনাপ্যায়য়স্ব নঃ॥
৯। তব কথামৃতং তপ্তজীবনং, কবিভিরীড়িতং কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং, ভুবি গৃণন্তি তে ভূরিদা জনাঃ॥

অঘাসুর বধিয়া রাখিলে আরবার।
তোমা' বিনে গোপী জীয়ে কোন্ পরকার?
পর্ব্বত ধরিয়া নিবারিলে বরিষণে।
এইমত কতবার রাখিলে আপনে॥
আরবার রক্ষা কৈলে অগ্নিপান করি'।
তবে রক্ষা কৈলে বৃষ-দৈত্যেরে সংহারি'॥
এইরূপে নানা ভয় করিয়া খণ্ডন।
রাখি' মো-সভারে কেন না রাখ এখন?

৪ যদি বল,'—'আমি হই নন্দের তনয়।
কেমতে খণ্ডিব তোমা'-সবার সংশয়?'
এ বোল বলিয়া তুমি ভাণ্ডিবে কাহারে?
নন্দসুত নহ তুমি স্বরূপ-বিচারে॥
অখিল জীবের তুমি সর্ব্ব-বুদ্ধ্যে সাক্ষী।
বিশ্ব-প্রতিকার-হেতু মূর্ত্তিমান্ দেখি॥
ব্রহ্মা আরাধিলা তোমায় লোক-হিত-হেতু।
যদুকুলে জনমিঞা রাখ ধর্ম্মসেতু॥

৫ ভবভয়ে যে লয় শরণ পদতলে।
জনম-সঙ্কট-ভয় নহে কোন কালে॥
এ-হেন অভয়-পায় লইলুঁ শরণ।
শিরে কর দিয়া, প্রভু! রাখহ জীবন॥
সর্ব্বসিদ্ধি বৈসে হরি তব ওই করে।
গোপীগণ জীয়ে তবে, যদি দেহ' শিরে॥

৬ ব্রজকুলে কর' তুমি দুরিত-ভঞ্জন।
নিজ-জন-অভিমান করহ খণ্ডন॥
ব্রজনারী আমি-সব নিজ দাসীগণ।
প্রাণ রহে, যদি দেখি সে-চাঁদ-বদন॥

৭ অমল-কমল-তুল চরণযুগল।
প্রণত জনের হরে' দুরিত-সকল॥
লক্ষ্মী-দেবী যে-পদকমল-তলে বৈসে।
ধেনু-পাছে হেন-পদ কাননে প্রবেশে॥
ব্রহ্মাদি-দুর্লভ ওই অভয়-চরণ।
হেন পদ কৈল কালী শিরের ভূষণ॥
তবে কেনে কৃপা নাহি নিজ দাসীগণে?
প্রাণ রাখ, স্তনে পদ কর' আরোপণে॥

৮ তোমার মধুর-বাণী মোহে বুধজন।
নারীজাতি আমারে মোহিতে কতক্ষণ?
সেই সুধা-বাণী শুনি' হয়্যাছি কিঙ্করী।
প্রাণ রাখ অধর-অমৃত দান করি'॥

৯ তোমার চরিত্র-কথা অমৃতের ধারা।
এ-ঘোর-সংসার-দুঃখ-সন্তাপ-নিবারা॥

১০। প্রহসিতং প্রিয় ! প্রেমবীক্ষিতং, বিহরণঞ্চ তে ধ্যানমঙ্গলম্।
রহসি সংবিদো যা হৃদিস্পৃশঃ, কুহক ! নো মনঃ ক্ষোভয়ন্তি হি॥
১১। চলসি যদ্ব্রজাচ্চারয়ন্ পশূন্, নলিনসুন্দরং নাথ ! তে পদম্।
শিলতৃণাঙ্কুরৈঃ সীদতীতি নঃ, কলিলতাং মনঃ কান্ত ! গচ্ছতি॥
১২। দিনপরিক্ষয়ে নীলকুন্তলৈ,-র্বনরুহাননং বিভ্রদাবৃতম্।
ঘনরজস্বলং দর্শয়ন্ মুহু,-র্মনসি নঃ স্মরং বীর ! যচ্ছসি॥
১৩। প্রণতকামদং পদ্মজার্চ্চিতং, ধরণিমণ্ডনং ধ্যেয়মাপদি।
চরণপঙ্কজং শন্তমঞ্চ তে, রমণ ! নঃ স্তনেষ্বর্পয়াধিহন্ !
১৪। সুরতবর্দ্ধনং শোকনাশনং, স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্।
ইতররাগবিস্মারণং নৃণাং, বিতর বীর ! নস্তেঽধরামৃতম্॥
১৫। অটতি যদ্ভবানহ্নি কাননং, ত্রুটির্যুগায়তে ত্বামপশ্যতাম্।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে, জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাম্॥

পুরাণ-পুরুষগণে গায়-নিরন্তর।
শুনিলে দুরিত হরে' শ্রবণ-মঙ্গল॥
মহাজন-জনে কৈলা জগৎ নিস্তার।
কেবল চরিত-কথা করিয়া বিস্তার॥
হেন পুণ্য গুণকথা কহে যেবা জনে।
সর্ব্বদান পুণ্য-ফল লভে সেই জনে॥

১০ অমৃত-মধুর-ভাষা, মন্দ-মধু হাস।
কুটিল কটাক্ষপাত, লীলা-পরিহাস॥
ললিত-চঞ্চল-লীলা, চলন চপল।
এ-সব তোমার লীলা স্মরণ-মঙ্গল॥
আমি-সব মুগ্ধ হৈলুঁ দেখি' এই লীলা।
দরশন দিয়া প্রাণ রাখ, নন্দবালা !

১১ গোধন চালায়্যা তুমি যদি চল' বনে।
অমল-কমল জিনি' কোমল-চরণে॥
শিলা-তৃণ-অঙ্কুরে লাগয়ে জানি ঘাও।
তা' লাগি' হৃদয় দহে', স্থির নহে গাও॥

১২ গোকুলে যখন আইস দিন-অবসানে।
চৌদিকে বালক-সঙ্গে চালায়্যা গোধনে॥
কুটিল-কুন্তলযুত শ্রীমুখমণ্ডল।
গোধূলি-ধূসর চারু অরুণ অধর॥
তা' দেখিয়া মনে উঠে মদন-আগুনি।
কেমন উপায়ে প্রাণ রাখিব রমণী ?

১৩ প্রণত-জনের সর্ব্বকাম-ফলদায়ী।
লক্ষ্মীদেবী যে-চরণ-যুগল পূজই॥
গোপীর ধেয়ান-পদ ধরণী-ভূষণ।
হেন পদ কর', প্রভু ! কুচে আরোপণ॥

১৪ তোমার অধরযুগ শোক-বিনাশন।
মধুর-মুরলীরন্ধ্র করয়ে চুম্বন॥
দেখিলে বাঢ়য়ে রতি-কাম-অনুরাগ।
না দেখিলে সে বড় সঙ্কট পরমাদ॥
হেন সে অম্বর-মধু যদি কর' দান।
তবে সে রহিবে গোপীগণের পরাণ॥

১৫ দিবসে বেড়াহ যদি কানন-অটনে।
তিল এক—যুগশত, হেন লয় মনে॥
না দেখিলে কত-কত বাঢ়য়ে বিষাদ।
চান্দমুখ দেখি যদি, সে বড় প্রমাদ॥
নয়ন ভরিয়া যদি দেখিব আনন।
তা'থে বিধি জড়মতি কৈলা বিড়ম্বন॥
আঁখির নিমিষ দিলা, আর লোমাবলি।
মনের সন্তোষে মুখ চাহিতে না পারি॥

১৬। **পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবান্, অতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ।**
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ, কিতব! যোষিতঃ কস্ত্যজেন্নিশি?
১৭। **রহসি সংবিদং হৃচ্ছয়োদয়ং, প্রহসিতাননং প্রেমবীক্ষণম্।**
বৃহদুরঃশ্রিয়ো বীক্ষ্য ধাম তে, মুহুরতিস্পৃহা মুহ্যতে মনঃ॥
১৯। **যৎ তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু, ভীতাঃ শনৈঃ প্রিয়! দধীমহি কর্কশেষু।**
তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিং স্বিৎ, কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীগোপিকা-গীতকথনং নাম একত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১॥

---

১৬ পতি-সুত-কুল-ধন-গৃহ-পরিবার।
তেজিয়া চরণযুগ ভজিলুঁ তোমার॥
মধুর-মুরলীনাদে মোহিলে যুবতী।
নিশিতে রমণী ত্যজে, কেমন কুমতি?
১৭ হাস-পরিহাস-বাণী, প্রেম-দরশন।
কমলা-নিবাস বক্ষ, হসিত বদন॥
এ-সব চিন্তিতে মন মোহে অতিশয়।
সঙ্কটে পড়িলা গোপী, জীবন-সংশয়।
১৯ চরণ-কমল-যুগ অতি সুকোমল।
সহজেই নারীর কঠিন কুচস্থল॥
ভয় মানি' কুচে আমি করি আরোপণ।
হেন পদে কর' তুমি বিপিনে ভ্রমণ॥
শিলা-তৃণ-অঙ্কুরে বেদনা জানি লাগে।
সঙরি' সঙরি' মনে বহু দুঃখ জাগে॥
যদি বল'—'মোরে বাজে, তোদের কি দায়?'
'তাহার কারণ শুন, অহে শ্যামরায়!
তুমি মোদের পরমায়ু হও, যদুবীর!
তোমারে বাজিলে, প্রাণ কৈছে রহে স্থির?'
এই পরকারে বিরহিণী ব্রজনারী।
কতেক বিলাপ কৈলা কহিতে না পারি॥"

ভাগবত-আচার্য্য-রচিত রসময়।
শুনিলে দুরিত হরে', খণ্ডে ভবভয়॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১॥

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **ইতি গোপ্যঃ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যশ্চ চিত্রধা। রুরুদুঃ সুস্বরং রাজন্! কৃষ্ণদর্শনলালসাঃ॥**
২। **তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ। পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ॥**

[শ্রী-রাগ]

শুকমুনি বলে',—"রাজা, শুন, পরীক্ষিৎ!
রসময় রাসকেলি গোপালচরিত॥
১ এইরূপ বিলাপ করিয়া ব্রজনারী।
কান্দিতে লাগিলা গোপী উচ্চস্বর করি'॥
২ নিজজন-দুঃখ দেখি' প্রভু দয়াময়।
দরশন দিলা হরি করুণ-হৃদয়॥
আচম্বিতে মধ্যে কৃষ্ণে দেখে গোপীগণ।
পূর্ণিমার চন্দ্র যেন দিলা দরশন॥

৩। তং বিলোক্যাগতং প্রেষ্ঠং প্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ। উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতম্॥
৪। কাচিৎ করাম্বুজং শৌরের্জগৃহেঽঞ্জলিনা মুদা। কাচিদ্দধার তদ্বাহুমংসে চন্দনভূষিতম্॥
৫। কাচিদঞ্জলিনাগৃহ্লাৎ তন্বী তাম্বূলচর্ব্বিতম্। একা তদঙ্ঘ্রিকমলং সন্তপ্তা স্তনয়োরধাৎ॥
৬। একা ভ্রুকুটিমাবধ্য প্রেমসংরম্ভবিহ্বলা। ঘ্নন্তীবৈক্ষৎ কটাক্ষেপৈঃ সন্দষ্টদশনচ্ছদা॥
৭। অপরানিমিষদ্দৃগ্ভ্যাং জুষাণা তন্মুখাম্বুজম্। আপীতমপি নাতৃপ্যৎ সন্তস্তচ্চরণং যথা॥
৮। তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্য নিমীল্য চ। পুলকাঙ্গ্যুপগুহ্যাস্তে যোগীবানন্দসংপ্লুতা॥
৯। সর্ব্বাস্তাঃ কেশবালোকপরমোৎসবনির্বৃতাঃ। জহুর্বিরহজং তাপং প্রাজ্ঞং প্রাপ্য যথা জনাঃ॥
১০। তাভির্বিধুতশোকাভির্ভগবানচ্যুতো বৃতঃ। ব্যরোচতাধিকং তাত! পুরুষঃ শক্তিভির্যথা॥
১১। তাঃ সমাদায় কালিন্দ্যা নির্ব্বিশ্য পুলিনং বিভুঃ। বিকসৎকুন্দমন্দারসুরভ্যনিলষট্পদম্॥
১২। শরচ্চন্দ্রাংশুসন্দোহধ্বস্তদোষাতমঃ শিবম্। কৃষ্ণায়া হস্ততরলাচিতকোমলবালুকম্॥
১৩। তদ্দর্শনাহ্লাদবিধুতহৃদ্রুজো, মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ।
স্বৈরুত্তরীয়ৈঃ কুচকুঙ্কুমাঙ্কিতৈ,-রচীকল্পন্নাসনমাত্মবন্ধবে॥
১৪। তত্রোপবিষ্টো ভগবান্ স ঈশ্বরো, যোগেশ্বরান্তর্হৃদি কল্পিতাসনঃ।
চকাস গোপীপরিষদ্গতোঽর্চ্চিত,-স্ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং বপুর্দধৎ॥

ভুবনমোহন রূপ কহিতে না পারি।
পীতবাস-পরিধান, বনমালাধারী॥
ইন্দুকোটি জিনি' মুখ, রূপে কোটি-কাম।
ভুবনমোহন-লীলা, জলধর-শ্যাম॥

৩ গোপাল দেখিয়া গোপী চকিতনয়ন।
সেইক্ষণে ত্বরিতে উঠিলা গোপীগণ॥
চৌদিগে রমণীগণ দাঁড়ায় সন্তোষে।
প্রাণ আইলে যেন তনু ইন্দ্রিয় প্রকাশে॥

৪ কেহ কর-সরোজ ধরিলা ব্রজনারী।
কেহ বাহু চন্দন-চর্চ্চিত অংসে ধরি॥

৫ অঞ্জলি পাতিয়া লৈলা তাম্বূল-চর্ব্বণ।
কেহ কুচযুগে পদ কৈলা আরোপণ॥

৬ কেহ কোপে ভ্রূকুটি কটাক্ষপাত করি'।
অধর দংশিয়া দন্তে রহে ব্রজনারী॥

৭ কোন গোপী আঁখিযুগ ধরিয়া নিমিষে।
শ্রীমুখ-পঙ্কজ-মধু পিয়ে সুধারসে॥

৮ কোনো গোপী আঁখিরন্ধ্রে হৃদয়ে ধরিয়া।
মনে আলিঙ্গন দিলা আনন্দে পূরিয়া॥

৯ কৃষ্ণ-দরশনে হৈল আনন্দ প্রচুর।
খণ্ডিল বিরহতাপ, দুঃখ গেল দূর॥

পরম-আনন্দরসে মজিলা রমণী।
কেবা কোথা আছে, কেহ কিছুই না জানি॥

১০ সহজে কন্দর্পকোটি-রূপ মনোহর।
রমণীমণ্ডলে শোভে অধিক সুন্দর॥

১১ যমুনা-পুলিন-বনে বিকস-মন্দার।
প্রফুল্ল কুসুম-কুন্দ, ভ্রমর-ঝঙ্কার॥

১২ শারদ-বিমল চান্দ-কিরণ-সংহতি।
খণ্ডিল রজনীতম, ঝলমল জ্যোতিঃ॥
যমুনা-তরঙ্গ তট কৈলা বিরচিত।
কোমল-তরল-তর বালুকা-শোভিত॥
ব্রজবধূ লয়্যা তাহে কৈলা পরবেশ।
বিবিধ কৌতুক-কেলি করে' হৃষীকেশ॥
রাসরসবিলাস, বিবিধ কেলিকলা।
ত্রৈলোক্যমোহন বেশ ধরে' নন্দবালা॥

১৩ মনোরথ-সাগরে রমণী হৈলা পার।
যেন শ্রুতিগণ পাইলা তত্ত্বের বিচার॥
নিজ-নিজ বাসে গোপী রচিলা আসন।
তাহার উপরে বৈসে প্রভু নারায়ণ॥

১৪ যোগীন্দ্র-হৃদয়ে যাঁ'র কল্পিত আসনে।
হেন প্রভু রহে ব্রজ-যুবতী-শয়নে॥

১৫। সভাজয়িত্বা তমনঙ্গদীপনং, সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা।
সংস্পর্শনেনাঙ্ককৃতাঙ্ঘ্রিহস্তয়োঃ, সংস্তুত্য ঈষৎকুপিতা বভাষিরে॥

শ্রীগোপ্য ঊচুঃ

১৬। ভজতোঽনু ভজন্ত্যেক এক এতদ্বিপর্য্যয়ম্। নোভয়াংশ্চ ভজন্ত্যেক এতন্নো ব্রূহি সাধু ভোঃ॥

শ্রীভগবানুবাচ

১৭। মিথো ভজন্তি যে সখ্যঃ স্বার্থৈকান্তোদ্যমা হি তে। ন তত্র সৌহৃদং ধর্ম্মঃ স্বার্থার্থং তদ্ধি নান্যথা॥
১৮। ভজন্ত্যভজতো যে বৈ করুণাঃ পিতরো যথা। ধর্ম্মো নিরপবাদোঽত্র সৌহৃদঞ্চ সুমধ্যমাঃ॥
১৯। ভজতোঽপি ন বৈ কেচিদ্ভজন্ত্যভজতঃ কুতঃ। আত্মারামা হ্যাপ্তকামা অকৃতজ্ঞা গুরুদ্রুহঃ॥
২০। নাহন্তু সখ্যো ভজতোঽপি জন্তূন্, ভজাম্যমীষামনুবৃত্তিবৃত্তয়ে।
যথাধনো লব্ধধনে বিনষ্টে, তচ্চিন্তয়ান্যন্নিভৃতো ন বেদ॥
২১। এবং মদর্থোজ্ঝিতলোকবেদ,-স্বানাং হি বো ময্যনুবৃত্তয়েঽবলাঃ!
ময়া পরোক্ষং ভজতা তিরোহিতং, মাসূয়িতুং মার্হথ তৎ প্রিয়ং প্রিয়াঃ!

কমলার মন হরে'—হেন রূপ ধরে'।
তা' দেখিয়া ব্রজগোপী আপনা পাসরে॥

১৫ কটাক্ষ-মোচনে কেহ করয়ে বিলাস।
মধুর-বচনে কেহ কৈলা পরিহাস॥
চরণ তুলিয়া কেহ কোলে করি' নিলা।
কুচের উপরে কেহ হস্ত তুলি' দিলা॥

১৬ ঈষৎ করিয়া ক্রোধ বলে' ব্রজনারী।
'শুন, প্রভু! বলি কিছু বোল দুই চারি॥
যে ভজে, তাহাকে পাছে ভজে কথোজন।
না ভজিতে কেহ ভজে, কি তা'র কারণ?
ভজে বা না ভজে কেহ, নহে ভজমানা।
কহত কি হেতু হয় এ-সব ঘটনা?'

১৭ গোপী-সব দিলা যদি কটাক্ষে উত্তর।
হাসিয়া বলিলা বাণী প্রভু দামোদর॥
'ভজিলে যে ভজে, সখি! ধর্ম্ম নাহি লেখি।
পরহিত নহে সে, আপন কার্য্য দেখি॥

১৮ না ভজিলে ভজে, যে কেবল দয়াময়।
বিনা হেতু যেন পুত্রে পিতার হৃদয়॥
এই সে পরমধর্ম্ম, এই পরহিত।
শুন, সখি! আর আমি যে কহি বিহিত॥

১৯ না ভজিলে ভজিব—আছুক তা'র কাজ।
সর্ব্বভাবে যে ভজে, না যায় তা'র কাছ॥
কেহ তা'র আত্মারাম নিজসুখে সুখী।
তে-কারণে ধর্ম্মাধর্ম্ম-অপেক্ষা না দেখি॥
আপ্তকাম কেহ তা'র অমোঘ বাঞ্ছিত।
তে-কারণে নাহি তা'র পরহিতাহিত॥
মূরখজনের নাহি কার্য্যের বিচার।
ভজিতেহ না ভজে, অজ্ঞান, দুরাচার॥
গুরুদ্রোহী কোন জন ভজিলে না ভজে।
কহিলুঁ সকল, সখি! তোমার সমাজে॥

২০ এ-সব জনের মাঝে আমি কেহ নহি।
শুন, সখি! আমার সহজ কথা কহি॥
ভজিলেহ না ভজি—আমার এই রীতি।
নিরবধি ভজে যেন করিয়া পীরিতি॥
অধনে লভিলে ধন হারায় যখনে।
তাহার চিন্তায় আর কিছুই না জানে'॥
ভজিলে না ভজি আমি এই সে কারণে।
চিন্তিতে ভকতি যেন বাঢ়ে অনুক্ষণে॥

২১ লোক-বেদ-পতি-সুত-গৃহ-পরিজনে।
এ-সব ছাড়িলে তো'রা আমার কারণে॥

২২। **ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং, স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ।**
যা মাভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ, সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীগোপীসান্ত্বনং নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২ ॥

তবে-যে তোমারে ছাড়ি' রহিলুঁ অন্তরে।
আমাতে ভকতি যেন বাঢ়ে নিরন্তরে॥
জানিঞা করিহ ক্রোধ, শুন, ব্রজরামা!
আমি অপরাধী, তোমার গুণের নাহি সীমা॥
২২ তো'রা যে করিলে প্রেম করিয়া ভকতি।
তাহা কি শুধিতে পারি, আমার শকতি?
ব্রহ্মার বয়সে যদি করি উপকার।
তবু ত' শুধিতে, সখি! না পারিব ধার॥
গৃহ-বন্ধু ছাড়ি' আইলে দুর্জ্জর-শৃঙ্খলা।
কোন্ উপকারে তাহা শুধি ব্রজবালা?
তুমি-সব যত কৈলে ভকতি-প্রণয়।
সভে ওই, আর কিছু উপকার নয়॥"

কৃষ্ণকেলি-রাসরস-সুধা-অনুবন্ধ।
ভাগবত-আচার্য্যের মধুর-প্রবন্ধ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২ ॥

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **ইত্থং ভগবতো গোপ্যঃ শ্রুত্বা বাচঃ সুপেশলাঃ। জহুর্বিরহজং তাপং তদঙ্গোপচিতাশিষঃ॥**
২। **তত্রারভত গোবিন্দো রাসক্রীড়ামনুব্রতৈঃ। স্ত্রীরত্নৈরন্বিতঃ প্রীতৈরন্যোঽন্যাবদ্ধবাহুভিঃ॥**
৩। **রাসোৎসবঃ সম্প্রবৃত্তো গোপীমণ্ডলমণ্ডিতঃ। যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ।**
প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্বনিকটং স্ত্রিয়ঃ। যং মন্যেরন্ নভস্তাবদ্বিমানশতসঙ্কুলম্।
দিবৌকসাং সদারাণামৌৎসুক্যাপহৃতাত্মনাম্॥
৪। **ততো দুন্দুভয়ো নেদুর্নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ। জগুর্গন্ধর্ব্বপতয়ঃ সস্ত্রীকাস্তদ্যশোঽমলম্॥**

[কেদার-রাগ]

১ শুক মুনি বলে',—"রাজা, শুন, পরীক্ষিৎ!
অপরূপ রাসকেলি গোপালচরিত॥
এইরূপে কৃষ্ণের মোহন-মধুবাণী।
চাতুরীবচন যত শুনিঞা রমণী॥
ছাড়িলা বিরহতাপ, পূর্ণ হৈল সিদ্ধি।
আনন্দে মজিলা গোপী পায়্যা গুণনিধি॥

২ তবে কৃষ্ণ রাসকেলি কৈলা অনুবন্ধে।
বাহু-বাহু যুবতী ধরিয়া বাহুবন্ধে॥

৩ রাস-মহোৎসব কৈলা রমণী-সমাজে।
দুই-দুই যুবতী, গোপাল মাঝে-মাঝে॥
হেনকালে সুর-সিদ্ধ-গন্ধর্ব্ব-কিন্নর।
নিজ-নিজ নারী-সহ আইল বিদ্যাধর॥
দেবরথে পূরাইল আকাশমণ্ডল।
৪ শঙ্খ-ভেরী-দুন্দুভি বাজয়ে নিরন্তর॥
ব্রহ্মাণ্ড ভরিয়া বাজে দেবের বাজন।
আকাশ ভরিয়া হৈল পুষ্পবরিষণ॥
রথের উপরে নাচে দেবের নাচনী।
বিদ্যাধরে গায় গীত সুমধুর-ধ্বনি॥

৫। বলয়ানাং নূপুরাণাং কিঙ্কিণীনাঞ্চ যোষিতাম্। সপ্রিয়াণামভূচ্ছব্দস্তুমুলো রাসমণ্ডলে॥
৬। তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ। মধ্যে মণীনাং হৈমানাং মহামরকতো যথা॥
৭। পাদন্যাসৈর্ভুজবিধুতিভিঃ সস্মিতৈর্ভ্রূবিলাসৈ,- র্ভজ্যন্মধ্যৈশ্চলকুচপটৈঃ কুণ্ডলৈর্গণ্ডলোলৈঃ।
স্বিদ্যন্মুখ্যঃ কবররশনাগ্রন্থয়ঃ কৃষ্ণবধ্বো, গায়ন্ত্যস্তং তড়িত ইব তা মেঘচক্রে বিরেজুঃ॥
৮। উচ্চৈর্জগুর্নৃত্যমানা রক্তকণ্ঠ্যো রতিপ্রিয়াঃ। কৃষ্ণাভিমর্শমুদিতা যদগীতেনেদমাবৃতম্॥
৯। কাচিৎ সমং মুকুন্দেন স্বরজাতীরমিশ্রিতাঃ। উন্নিন্যে পূজিতা তেন প্রীয়তা সাধু সাধ্বিতি।
তদেব ধ্রুবমুন্নিন্যে তস্যৈ মানঞ্চ বহ্বদাৎ॥
১০। কাচিদ্রাসপরিশ্রান্তা পার্শ্বস্থস্য গদাভৃতঃ। জগ্রাহ বাহুনা স্কন্ধং শ্লথদ্বলয়মল্লিকা॥
১১। তত্রৈকাংসগতং বাহুং কৃষ্ণস্যোৎপলসৌরভম্। চন্দনালিপ্তমাঘ্রায় হৃষ্টরোমা চুচুম্ব হ॥
১২। কস্যাশ্চিন্নাট্যবিক্ষিপ্ত-কুণ্ডলত্বিষমণ্ডিতম্। গণ্ডং গণ্ডে সন্দধত্যা অদাৎ তাম্বূলচর্ব্বিতম্॥
১৩। নৃত্যতী গায়তী কাচিৎ কূজন্নূপুরমেখলা।
পার্শ্বস্থাচ্যুতহস্তাব্জং শ্রান্তাধাৎ স্তনয়োঃ শিবম্॥

সিদ্ধগণ, মুনিগণ করয়ে স্তবন।
কৃষ্ণের নির্ম্মল যশ গায় সুরগণ॥

৫ কঙ্কণ-কিঙ্কিণী-নূপুরের ঝন্‌ঝনি।
অঙ্গ-আভরণ-শব্দে পূরিল মেদিনী॥
অতুল-শবদ হৈল এ-রাস-মণ্ডলে।
৬ রমণীর মাঝে মাঝে কৃষ্ণ শোভে ভালে॥
হেম-মণি-মাঝে যেন ইন্দ্রনীলমণি।
বিনি-সুতে হার যেন বিচিত্র গাঁথুনি॥
দুই-দুই গোপী-মাঝে দেবকীনন্দন।
কত গোপী, কত কৃষ্ণ—না যায় গণন॥

৭ পদ-অরোপণ, ভুজযুগল কম্পিত।
কটাক্ষবিলাস দৃগঞ্চল-বিরচিত॥
ক্ষীণ কটিভঙ্গ, কুচ-আলোলিত-বাস।
গণ্ডযুগে তরলিত-কুণ্ডল-বিলাস॥
ঘর্ম্মকণা-বিরাজিত বদনমণ্ডল।
বিগলিত-নীবিবন্ধ-কবরী-কুন্তল॥
রতি-রস-বিলাস বেকত বহু ভাতি।
বিগতবসনা হৈলা সকল যুবতী॥
জলধরচয়ে যেন সৌদামিনী-মালা।
বহু কৃষ্ণ-মাঝে শোভে বহু ব্রজবালা॥

৮ রতিরস-অনুরাগে ভুলিলা রমণী।
বিমল গোপাল-যশ গায় উচ্চধ্বনি॥
ধন্য ব্রজনারী, ধন্য এ-তিন ভুবন।
গোপীর পবিত্র গুণ গায় অনুক্ষণ॥

৯ বহুবিধ গীত-ভেদ গোপালের গানে।
কেহ কেহ 'সাধু সাধু' করয়ে বাখানে॥
ধ্রুপদ করিয়া সুর কোন গোপী গায়'।
'ধন্য ধন্য' বলিয়া প্রশংসে যদুরায়॥

১০ স্তম্ভিত-নয়ন-ভুজ-চরণ-সঞ্চারা।
চিত্রের পুত্তলী যেন রহে ব্রজবালা॥
গোবিন্দের স্কন্ধে কেহ দিয়া নিজকর।
গলিত-বসন-বেশে রহে নিরন্তর॥

১১ কৃষ্ণের আজানু-বাহু কেহ লৈলা স্কন্ধে।
পুলকিত হয়্যা গোপী রহে বাহুবন্ধে॥

১২ নটন-চঞ্চল-গণ্ড কুণ্ডলমণ্ডিত।
নিজ গণ্ড গোপী তাহে কৈলা আরোপিত॥
তাম্বুল-চর্ব্বিত তাহে দিলা গদাধরে।

১৩ নাচয়ে গোপিকা, কেহ গায় মন্দস্বরে॥
কিঙ্কিণী-মঞ্জীর-রব ঝন্‌ঝনি বোলে।
কি ভেল আনন্দরস এ-রাসমণ্ডলে!

১৪। গোপ্যো লব্ধ্বাচ্যুতং কান্তং শ্রিয় একান্তবল্লভম্। গৃহীতকণ্ঠ্যস্তদ্দোর্ভ্যাং গায়ন্ত্যস্তং বিজহ্রিরে॥

১৫। কর্ণোৎপলালকবিটঙ্ককপোলঘর্ম্ম,-বক্ত্রশ্রিয়ো বলয়নূপুরঘোষবাদ্যৈঃ।
গোপ্যঃ সমং ভগবতা ননৃতুঃ স্বকেশ,-স্রস্তস্রজো ভ্রমরগায়করাসগোষ্ঠ্যাম্॥

১৬। এবং পরিষ্বঙ্গকরাভিমর্শ,-স্নিগ্ধেক্ষণোদ্দামবিলাসহাসৈঃ।
রেমে রমেশো ব্রজসুন্দরীভি,-র্যথার্ভকঃ স্বপ্রতিবিম্ববিভ্রমঃ॥

১৭। তদঙ্গসঙ্গপ্রমুদাকুলেন্দ্রিয়াঃ, কেশান্ দুকূলং কুচপট্টকং বা।
নাঞ্জঃ প্রতিব্যোঢ়ুমলং ব্রজস্ত্রিয়ো, বিস্রস্তমালাভরণাঃ কুরূদ্বহ!

১৮। কৃষ্ণবিক্রীড়িতং বীক্ষ্য মুমুহুঃ খেচরস্ত্রিয়ঃ। কামার্দ্দিতাঃ শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবৎ॥

১৯। কৃত্বা তাবন্তমাত্মানং যাবতীর্গোপযোষিতঃ। রেমে স ভগবাংস্তাভিরাত্মারামোঽপি লীলয়া॥

২০। তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ। প্রামৃজৎ করুণঃ প্রেম্ণা শন্তমেনাঙ্গ! পাণিনা॥

২১। গোপ্যঃ স্ফুরৎপুরটকুণ্ডলকুন্তলত্বিড়্,-গণ্ডশ্রিয়া সুধিতহাসনিরীক্ষণেন।
মানং দধত্য ঋষভস্য জগুঃ কৃতানি, পুণ্যানি তৎকররুহস্পর্শপ্রমোদাঃ॥

---

১৪ কমলাসেবিত যাঁ'র চরণযুগল।
পতিভাবে ভজে গোপী হেন দামোদর॥
করে কণ্ঠ ধরিয়া করয়ে আলিঙ্গন।
বিহরে, গোপালগুণ গায় গোপীগণ॥

১৫ কপোলে অলকাবলী, কর্ণে উতপল।
ললাটে চন্দনবিন্দু, গণ্ডে ঘর্ম্মজল॥
নানা বেশ-ভূষণ পরিয়া ব্রজনারী।
বহুবিধ কৌতুকে করয়ে রাসকেলি॥
বলয়া-নূপুর-নাদ, কিঙ্কিণী-বাজন।
ব্রজবধূ নাচয়ে, নাচয়ে নারায়ণ॥
অলিকুল-রোল ভেল সুগীত-সুসার।
কি রাসমণ্ডল ভেল, কি রস-বিহার!!
তিন লোক হৈল, রাজা! ভাবে বিমোহিত।
কি পুন কহিব, তাহা শুন, পরীক্ষিৎ!

১৬ কাখো করে' আলিঙ্গন, কুচে নখরেখা।
কটাক্ষে ভুলায় কাখো, কাখো অঙ্গে দেহা॥
উদার-বিলাস-হাস্য করে' কারো সঙ্গে।
রময়ে রমণী কানু রাস-রস-রঙ্গে॥
প্রতিবিম্ব চাহি' যেন বালক বিহরে।
সেইরূপে রমণী রময়ে গদাধরে॥
নিজসুখে পূর্ণ প্রভু, আপ্ত-সর্ব্বকাম।
সর্ব্বরস-রসিক-শেখর, গুণধাম॥

সকল জগতে হয় কৃষ্ণের মূরতি।
কৃষ্ণ-বিনে আন নাহি বিচার-যুগতি॥
আপনেহি আপনা রময়ে নারায়ণ।
বালক-বিহার-লীলা, কে বুঝে কারণ?

১৭ না সম্বরে কুচপট্ট, পরিধান-বাস।
বিগলিত ভূষণ, গলিত কেশপাশ॥
ঢরকি' পড়য়ে অঙ্গ, ধরণ না যায়।
ভাবেতে ভরল গোপী, কি আর উপায়?

১৮ দেখিয়া গোপাল-কেলি বিবুধবনিতা।
মূরছি' পড়ল রথে, কামে বিমোহিতা॥
নিজগণ-সহিত মোহিত শশধর।
সুর-সিদ্ধ বিমোহিত হৈল নিরন্তর॥

১৯ যত ব্রজবধূ, তত দেবকীনন্দন।
লীলায় রমিলা গোপী প্রভু নারায়ণ॥

২০ শ্রমজল ভেল গোপীর বদনমণ্ডলে।
তা' দেখিয়া দয়া কৈলা প্রভু দামোদরে॥
নিজ করকমলে মুছিলা শ্রমজল।
নিজ ভুজে আলিঙ্গন দিলা গদাধর॥

২১ কনক-কুণ্ডল-জ্যোতি গণ্ড বিরাজিত।
মুকুতাদশন, বিম্ব-অধর শোভিত॥
নানা-রতিভাব গোপী করিয়া বিস্তার।
গায়েন গোপাল-গুণ-জন্ম-অবতার॥

২২। তাভির্যুতঃ শ্রমমপোহিতুমঙ্গসঙ্গ,-ঘৃষ্টস্রজঃ স কুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ।
গন্ধর্ব্বপালিভিরনুদ্রুত আবিশদ্বাঃ, শ্রান্তো গজীভিরিভরাড়িব ভিন্নসেতুঃ॥

২৩। সোঽম্ভস্যলং যুবতিভিঃ পরিষিচ্যমানঃ, প্রেম্ণেক্ষিতঃ প্রহসতীভিরিতস্ততোঽঙ্গ!
বৈমানিকৈঃ কুসুমবর্ষিভিরীড্যমানো, রেমে স্বয়ং স্বরতিরত্র গজেন্দ্রলীলঃ॥

২৪। ততশ্চ কৃষ্ণোপবনে জলস্থল,-প্রসূনগন্ধানিলজুষ্টদিক্‌তটে।
চচার ভৃঙ্গপ্রমদাগণাবৃতো, যথা মদচ্যুদ্দ্বিরদঃ করেণুভিঃ॥

২৫। এবং শশাঙ্কাংশুবিরাজিতা নিশাঃ, স সত্যকামোঽনুরতাবলাগণঃ।
সিষেব আত্মন্যবরুদ্ধসৌরতঃ, সর্ব্বাঃ শরৎকাব্যকথারসাশ্রয়াঃ॥

শ্রীরাজোবাচ

২৬। সংস্থাপনায় ধর্ম্মস্য প্রশমায়েতরস্য চ। অবতীর্ণো হি ভগবানংশেন জগদীশ্বরঃ॥
২৭। স কথং ধর্ম্মসেতুনাং বক্তা কর্ত্তাভিরক্ষিতা। প্রতীপমাচরদ্‌ব্রহ্মন্! পরদারাভিমর্শনম্?
২৮। আপ্তকামো যদুপতিঃ কৃতবান্ বৈ জুগুপ্সিতম্। কিমভিপ্রায় এতং নঃ সংশয়ং ছিন্ধি সুব্রত!

শ্রীশুক উবাচ

২৯। ধর্ম্মব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম। তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা॥

---

২২ তবে যত ব্রজনারী করিয়া সংহতি।
যমুনার জলে কেলি করে' যদুপতি॥

২৩ জলকেলি করয়ে বিবিধ পরিপাটি।
হাসিয়া গোপিকা করে' জল ছিটাছিটি॥
চৌদিগে রমণী করে' জল বরিষণ।
রথে চড়ি' পুষ্প বরিষয়ে সুরগণ॥
দেববাদ্য বাজে, যত নাচে বিদ্যাধরী।
সুর-সিদ্ধ করে' স্তব দিব্যরথে চড়ি'॥
গজেন্দ্রলীলায় হরি করে' জলকেলি।
ভাবে বিমোহিত হৈলা সব গোপনারী॥

২৪ জলকেলি করিয়া উঠিলা নারায়ণ।
চৌদিগ্ ভরিয়া তথা রহে গোপীগণ॥
যমুনার তীরে তীরে করয়ে বিহার।
সুগন্ধি কুসুম, মত্ত-ভ্রমরঝঙ্কার॥

২৫ শারদপূর্ণিমা-শশী রজনী বিরাজে।
বিহরে গোপাল গোপযুবতী-সমাজে॥
নানা-ছল-রসে প্রভু নিজ যোগ-বলে।
রময়ে রমণী-সব সুরতিবিহারে॥
রসিক-নাগর হরি সুখরসময়।
রমিলা রমণী কাম করিয়া উদয়॥"

২৬ রাজা বলে,'—"শুন, শুক-মুনি মহাশয়!
আমার হৃদয়ে ভেল এ-বড় সংশয়॥
অধর্ম্ম করিব নাশ, ধর্ম্মের স্থাপনে।
অবতার কৈলা হরি—এই-সে কারণে॥

২৭ আপনে করিয়া কর্ম্ম লোকেরে বুঝায়!
তবে কেন পরদার করে' যদুরায়?

২৮ তুমি কহ—'নিজসুখে পূর্ণ নারায়ণ।'
পরদার-রতিসুখ, কি তা'র কারণ?
সুখময় হয়্যা করে' পরদারে রতি।
ঘুচাহ সংশয় মোর, শুক মহামতি!"

২৯ এ বোল শুনিঞা বলে' ব্যাসের নন্দন।
"শুন, রাজা! সাবধানে কহিব কারণ॥
যে পুন ঈশ্বর হয় জ্ঞানে বলবান্।
ধর্ম্ম করিয়া তাঁর' নহে বস্তুজ্ঞান॥
ধর্ম্মে লাভ নহে তাঁ'র, পাপে অপচয়।
সর্ব্বভক্ষ হুতাশন, তবু তেজোময়॥

৩০। নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ। বিনশ্যত্যাচরন্মৌঢ্যাদ্‌যথারুদ্রোঽব্ধিজং বিষম্ ॥
৩১। ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরিতং ক্বচিৎ। তেষাং যৎ স্ববচোযুক্তং বুদ্ধিমাংস্তৎ সমাচরেৎ ॥
৩২। কুশলাচরিতেনৈষামিহ স্বার্থো ন বিদ্যতে। বিপর্য্যয়েণ বানর্থো নিরহঙ্কারিণাং প্রভো!
৩৩। কিমুতাখিলসত্ত্বানাং তির্য্যঙ্‌মর্ত্ত্যদিবৌকসাম্। ঈশিতুশ্চেশিতব্যানাং কুশলাকুশলান্বয়ঃ ॥
৩৪। যৎপাদপঙ্কজপরাগনিষেবতৃপ্তা, যোগপ্রভাববিধুতাখিলকর্ম্মবন্ধাঃ।
স্বৈরং চরন্তি মুনয়োঽপি ন নহ্যমানা,-স্তস্যেচ্ছয়াত্তবপুষঃ কুত এব বন্ধঃ?
৩৫। গোপীনাং তৎপতীনাঞ্চ সর্ব্বেষামেব দেহিনাম্। যোঽন্তশ্চরতি সোঽধ্যক্ষঃ ক্রীড়নেনেহ দেহভাক্ ॥
৩৬। অনুগ্রহায় ভূতানাং মানুষং দেহমাস্থিতঃ। ভজতে তাদৃশীঃ ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেৎ ॥
৩৭। নাসূয়ন্ খলু কৃষ্ণায় মোহিতাস্তস্য মায়য়া। মন্যমানাঃ স্বপার্শ্বস্থান্ স্বান্ স্বান্ দারান্ ব্রজৌকসঃ ॥
৩৮। ব্রহ্মরাত্র উপাবৃত্তে বাসুদেবানুমোদিতাঃ। অনিচ্ছন্ত্যো যযুর্গোপ্যঃ স্বগৃহান্ ভগবৎপ্রিয়াঃ ॥
৩৯। বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ, শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।
ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং, হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরাসক্রীড়া-বর্ণনং নাম ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

---

৩০ ঈশ্বর না হয়, যদি দুষ্ট কর্ম্ম করে'।
নরকে পতন তা'র হয় নিরন্তরে ॥
রুদ্র নহে, না ধরে' রুদ্রের সম বল।
বিষ খায়্যা সেই ক্ষণে ত্যজে কলেবর ॥

৩১ ঈশ্বরের বচন প্রমাণ করি' ধরি।
ঈশ্বর-আচার লয়্যা বেভার না করি ॥

৩২ ঈশ্বরের আচারে বিচার নাহি হয়।
পুণ্যে লাভ নাহি তাঁ'র, পাপে অপচয় ॥
ঈশ্বরের হৃদয়ে না উঠে অহঙ্কার।
শুভাশুভ-কর্ম্মফল না হয় তাঁহার ॥

৩৩ অখিল-জগদ্‌গুরু, সর্ব্বলোক-গতি।
তাঁ'র কর্ম্মে বিচার না করহ, নরপতি!

৩৪ যাঁ'র পদরজ ভজি' মহামুনিগণে।
তপোযোগ-সমাধি করিয়া সমাধানে ॥
স্বচ্ছন্দে বিহরে, তবু নহে ভববন্ধ।
হেন প্রভু লাগিয়া তোমার এত ধন্ধ?

৩৫ সর্ব্বভূত-হৃদয়ে বসয়ে বনমালী।
লীলায় শরীর ধরি' করে' নানা কেলি ॥

৩৬ সেই সেই ক্রীড়া করে' প্রভু নারায়ণ।
শুনিলেই হয় নর কৃষ্ণপরায়ণ ॥

৩৭ গোপগণে কেহ চিত্তে ক্রোধ না করিল।
যা'র যেই নারী, তা'র নিকটে আছিল ॥
হেন মায়া ধরে' প্রভু মহাযোগেশ্বর।
তবে যে কহিব আর, শুন, নরেশ্বর!

৩৮ মহানিশা বহি' গেল প্রভাতসময়।
গোপীগণে আজ্ঞা তবে দিলা দয়াময় ॥
আজ্ঞা শিরে ধরি' গোপী গেলা নিজঘরে।
প্রভুর বিচ্ছেদ-দুঃখ রহিল অন্তরে ॥

৩৯ রাসকেলি-রসময় কৃষ্ণের চরিত।
যেবা কহে, যেবা শুনে, হৈয়া সাবহিত ॥
অতুল-ভকতি তা'র হয় নারায়ণে।
ভবদুঃখ খণ্ডে তা'র, আনন্দ-বর্দ্ধনে ॥"
ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। একদা দেবযাত্রায়াং গোপালা জাতকৌতুকাঃ। অনোভিরনড়দ্‌যুক্তৈঃ প্রযযুস্তেঽম্বিকাবনম্‌॥
২। তত্র স্নাত্বা সরস্বত্যাং দেবং পশুপতিং বিভুম্‌। আনর্চ্চুরর্হণৈর্ভক্ত্যা দেবীঞ্চ নৃপতেঽম্বিকাম্‌॥
৩। গাবো হিরণ্যং বাসাংসি মধু মধ্বন্নমাদৃতাঃ। ব্রাহ্মণেভ্যো দদুঃ সর্ব্বে দেবো নঃ প্রীয়তামিতি॥
৪। উষুঃ সরস্বতীতীরে জলং প্রাশ্য যতব্রতাঃ। রজনীং তাং মহাভাগা নন্দসুনন্দকাদয়ঃ॥
৫। কশ্চিন্মহানহিস্তস্মিন্‌ বিপিনেঽতিবুভুক্ষিতঃ। যদৃচ্ছয়াগতো নন্দং শয়ানমুরগোঽগ্রসীৎ॥
৬। স চুক্রোশাহিনা গ্রস্তঃ কৃষ্ণ! কৃষ্ণ! মহানয়ম্‌। সর্পো মাং গ্রসতে তাত! প্রপন্নং পরিমোচয়॥
৭। তস্য চাক্রন্দিতং শ্রুত্বা গোপালাঃ সহসোত্থিতাঃ। গ্রস্তঞ্চ দৃষ্ট্বা বিভ্রান্তাঃ সর্পং বিব্যধুরুল্মুকৈঃ॥
৮। অলাতৈর্দহ্যমানোঽপি নামুঞ্চত্তমুরঙ্গমঃ। তমস্পৃশৎ পদাভ্যেত্য ভগবান্‌ সাত্বতাং পতিঃ॥
৯। স বৈ ভগবতঃ শ্রীমৎপাদস্পর্শহতাশুভঃ। ভেজে সর্পবপুর্হিত্বা রূপং বিদ্যাধরার্চ্চিতম্‌॥
১০। তমপৃচ্ছদ্ধৃষীকেশঃ প্রণতং সমবস্থিতম্‌। দীপ্যমানেন বপুষা পুরুষং হেমমালিনম্‌॥
১১। কো ভবান্‌ পরয়া লক্ষ্ম্যা রোচতেঽদ্ভুতদর্শনঃ।
কথং জুগুপ্সিতামেতাং গতিং বা প্রাপিতোঽবশঃ?

সর্প উবাচ

১২। অহং বিদ্যাধরঃ কশ্চিৎ সুদর্শন ইতি শ্রুতঃ। শ্রিয়া স্বরূপসম্পত্ত্যা বিমানেনাচরং দিশঃ॥
১৩। ঋষীন্‌ বিরূপানঙ্গিরসঃ প্রাহসং রূপদর্পিতঃ। তৈরিমাং প্রাপিতো যোনিং প্রলব্ধৈঃ স্বেন পাপ্মনা॥
১৪। শাপো মেঽনুগ্রহায়ৈব কৃতস্তৈঃ করুণাত্মভিঃ। যদহং লোকগুরুণা পদা স্পৃষ্টো হতাশুভঃ॥

[কেদার-রাগ]

১ একদিন দেবযাত্রা হৈল দেবীবনে।
কৌতুকে চলিলা গোপ হরষিত-মনে॥
নন্দ-আদি গোপগণ শকটে চড়িয়া।
চলিলা অম্বিকা-বনে আনন্দ করিয়া॥

২ সরস্বতী-নদীজলে কৈলা স্নান-দানে।
হরগৌরী আরাধিলা বিবিধ-বিধানে॥

৩ গোদান, কাঞ্চনদান, বসন-ভূষণ।
ভক্ষ্য-ভোজ্য দিয়া কৈলা ব্রাহ্মণ তোষণ॥

৪ তথাই রহিলা তীর্থ-উপবাস করি'।

৫ রাত্রিকালে আইল এক সর্প মহাবলী॥
নন্দকে ধরিয়া সর্প গিলিল সত্বরে।

৬ 'ত্রাহি, ত্রাহি' করি' নন্দ ডাকে উচ্চস্বরে॥
'কৃষ্ণ! কৃষ্ণ! যোগেশ্বর! প্রপন্ন-পালন!
সর্প হৈতে কর', বাপু! মোর বিমোচন॥

৭ নন্দের ক্রন্দন শুনি' যত গোপগণে।
সর্পের উপরে কৈলা শর-বরিষণে॥

৮-৯ তবু নন্দে না তেজিল সর্প দুরাচার।
গোপকুলে শবদ উঠিল হাহাকার॥
তবে কৃষ্ণ পরশিলা বামপদ দিয়া।
দিব্যরূপ হৈল সর্প শরীর তেজিয়া॥

১০ হেম-আভরণ ধরে' দিব্য বিদ্যাধর।
তবে তা'রে জিজ্ঞাসিলা প্রভু গদাধর॥

১১ 'সর্পরূপ ধরিয়া আছিলে কি কারণে?
কোন্‌ পুণ্যে দিব্যরূপ ধরিলে এখনে?'

১২ সর্প বলে,'—'শুন, গোসাঞি! কহি বিদ্যমান।
তোমার কৃপায় মোর হৈল পরিত্রাণ॥
বিদ্যাধর ছিলুঁ মুঞি নামে সুদর্শন।

১৩ বিকৃত-আকার মুঞি দেখিলুঁ ঋষিগণ॥
তা'-সভা দেখিয়া মোর উপজিল হাস।

১৪ ক্রোধ করি' মুনিগণ মোরে দিলা শাপ॥

১৫। তং ত্বাহং ভবভীতানাং প্রপন্নানাং ভয়াপহম্। আপৃচ্ছে শাপনির্ম্মুক্তঃ পাদস্পর্শাদমীবহন্॥
১৬। প্রপন্নোঽস্মি মহাযোগিন্! মহাপুরুষ! সৎপতে! অনুজানীহি মাং দেব! সর্ব্বলোকেশ্বরেশ্বর!
১৭। ব্রহ্মদণ্ডাদ্বিমুক্তোঽহং সদ্যস্তেঽচ্যুতদর্শনাৎ॥
১৮। যন্নাম গৃহ্ণন্নখিলান্ শ্রোতৃনাত্মানমেব চ। সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য স্পৃষ্টঃ পদা হি তে?
১৯। ইত্যনুজ্ঞাপ্য দাশার্হং পরিক্রম্যাভিবন্দ্য চ। সুদর্শনো দিবং যাতঃ কৃচ্ছ্রান্নন্দশ্চ মোচিতঃ॥
২০। নিশাম্য কৃষ্ণস্য তদাত্মবৈভবং, ব্রজৌকসো বিস্মিতচেতসস্ততঃ।
সমাপ্য তস্মিন্নিয়মং পুনর্ব্রজং, নৃপাযযুস্তৎ কথয়ন্ত আদৃতাঃ॥
২১। কদাচিদথ গোবিন্দো রামশ্চাদ্ভুতবিক্রমঃ। বিজহ্রতুর্বনে রাত্র্যাং মধ্যগৌ ব্রজযোষিতাম্॥
২২। উপগীয়মানৌ ললিতং স্ত্রীজনৈর্বদ্ধসৌহৃদৈঃ। স্বলঙ্কৃতানুলিপ্তাঙ্গৌ স্রগ্বিণৌ বিরজোঽম্বরৌ॥
২৩। নিশামুখং মানয়ন্তাবুদিতোড়ুপতারকম্। মল্লিকাগন্ধমত্তালি-জুষ্টং কুমুদবায়ুনা॥
২৪। জগতুঃ সর্ব্বভূতানাং মনঃশ্রবণমঙ্গলম্। তৌ কল্পয়ন্তৌ যুগপৎ স্বরমণ্ডলমূর্চ্ছিতম্॥
২৫। গোপ্যস্তদ্গীতমাকর্ণ্য মূর্চ্ছিতা নাবিদন্নৃপ! স্রংসদ্দুকূলমাত্মানং স্রস্তকেশস্রজং ততঃ॥
২৬। এবং বিক্রীড়তোঃ স্বৈরং গায়তোঃ সম্প্রমত্তবৎ। শঙ্খচূড় ইতি খ্যাতো ধনদানুচরোঽভ্যগাৎ॥
২৭। তয়োর্নিরীক্ষতো রাজংস্তন্নাথং প্রমদাজনম্। ক্রোশন্তং কালয়ামাস দিশ্যুদীচ্যামশঙ্কিতঃ॥
২৮। ক্রোশন্তং কৃষ্ণ! রামেতি বিলোক্য স্বপরিগ্রহম্। যথা গা দস্যুনা গ্রস্তা ভ্রাতরাবন্বধাবতাম্॥

দেহের গরবে, বেটা! কর' অহঙ্কার।
সর্পজাতি হয়্যা গিয়া রহ চিরকাল॥

১৫ তোমার কৃপায় হৈল শাপ-বিমোচন।

১৬-১৭ কুযোনি-জনম-দুঃখ খণ্ডিল এখন॥
অখিল-জগতগুরু পরশে চরণে।
দ্বিজ-দণ্ড-বিমোচন হৈল তে-কারণে॥

১৮ যাঁ'র নাম শুনিলে অশেষ পাপ হরে'।
সে প্রভু চরণ দিয়া পরশে যাহারে॥
তা'র কি দুরিত-দুঃখ রহে কোনকালে?
আজ্ঞা দেহ, প্রভু! মোরে, চলি নিজ ঘরে॥'

১৯ প্রদক্ষিণ করিয়া করিল দণ্ডনতি।
আজ্ঞা শিরে ধরিয়া চলিল দিব্যগতি॥

২০ কৃষ্ণের মহিমা দেখি' ব্রজবাসিগণে।
স্নান-দান-ব্রত সমাপিলা পর দিনে॥
কৃষ্ণের মহিমা-গুণ সর্ব্বলোকে গাই।
গোকুলে চলিলা গোপ মহানন্দ পাই'॥

২১ একদিন রামকৃষ্ণ দুই সহোদর।
বৃন্দাবনে রাসকেলি রচিলা সুন্দর॥

২২-২৩ মল্লিকা-মালতী-জাতি-গন্ধ পরচার।
বিমল-যামিনী, চারু ভ্রমর-ঝঙ্কার॥
হেন অদভুত বনে রমণীমণ্ডল।
তা'র মাঝে শোভে বনমালি-হলধর॥
দিব্যগন্ধ তুলসী, লম্বিত বনমাল।
ললিত কুণ্ডল দোলে, বিলোলিত হার॥

২৪ দিব্যগন্ধ-মলয়জ-বিলেপিত অঙ্গ।
বহুবিধ মনোরথ উদিত তরঙ্গ॥
রমণীমণ্ডল-মাঝে করে' রাসকেলি।
ললিত-মধুর গীত গায় বনমালী॥

২৬ হেনকালে শঙ্খচূড় কুবের-কিঙ্কর।
সম্মুখে আসিয়া দেখা দিল নিশাচর॥

২৭ হরিয়া রমণীগণ নিল বিদ্যমানে।
গোধন হরিয়া যেন লয় দুষ্টগণে॥
চলিল উত্তর দিগে পর্ব্বত-আকার।
ভয় নাহি মনে তা'র, মহা দুরাচার॥

২৮ 'রাম-কৃষ্ণ' বলি' গোপী কান্দে উচ্চস্বরে।
রামকৃষ্ণ দুই ভাই কোন্ যুক্তি করে?

২৯। মা ভৈষ্টেত্যভয়ারাবৌ শালহস্তৌ তরস্বিনৌ। আসেদতুস্তং তরসা ত্বরিতং গুহ্যকাধমম্॥
৩০। স বীক্ষ্য তাবনুপ্রাপ্তৌ কালমৃত্যু ইবোদ্বিজন্। বিসৃজ্য স্ত্রীজনং মূঢ়ঃ প্রাদ্রবজ্জীবিতেচ্ছয়া॥
৩১। তমন্বধাবদ্গোবিন্দো যত্র যত্র স ধাবতি। জিহীর্ষুস্তচ্ছিরোরত্নং তস্থৌ রক্ষন্ স্ত্রিয়ো বলঃ॥
৩২। অবিদূর ইবাভ্যেত্য শিরস্তস্য দুরাত্মনঃ। জহার মুষ্টিনৈবাঙ্গ! সহচূড়ামণিং বিভুঃ॥
৩৩। শঙ্খচূড়ং নিহত্যৈবং মণিমাদায় ভাস্বরম্। অগ্রজায়াদদাৎ প্রীত্যা পশ্যন্তীনাঞ্চ যোষিতাম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শঙ্খচূড়বধো নাম চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৪॥

---

২৯ দুই ভাই উফাড়িলা দুই গাছ শাল।
ধর' ধর' বলিয়া ধাইলা যেন কাল॥
৩০ ভয় পায়্যা শঙ্খচূড় ছাড়ি' গোপীগণ।
পালায় পাপিষ্ঠ যক্ষ রাখিয়া জীবন॥
৩১ তা'র পাছে পাছে তবে গেলা দামোদর।
গোপীগণ-রক্ষার্থে রহিলা হলধর॥
৩২-৩৩ কথোদূরে গিয়া তা'রে ধরিলা সত্বরে।
দুই খান কৈলা শির মুষ্টিক-প্রহারে॥
তা'র শিরে আছিল বিচিত্র মণিবর।
বলরাম-হস্তে লয়্যা দিলা গদাধর॥
হেনরূপে শঙ্খচূড় বধিয়া শ্রীহরি।
রমণীমণ্ডলে কৈলা অপরূপ কেলি॥"

ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৪॥

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। গোপ্যঃ কৃষ্ণে বনং যাতে তমনুদ্রুতচেতসঃ। কৃষ্ণলীলাঃ প্রগায়ন্ত্যো নিন্যুর্দুঃখেন বাসরান্॥

শ্রীগোপ্য ঊচুঃ

২। বামবাহুকৃতবামকপোলো, বল্গিতভ্রুরধরার্পিতবেণুম্।
কোমলাঙ্গুলিভিরাশ্রিতমার্গং, গোপ্য ঈরয়তি যত্র মুকুন্দঃ॥
৩। ব্যোমযানবনিতাঃ সহ সিদ্ধৈ,-র্বিস্মিতাস্তদুপধার্য্য সলজ্জাঃ।
কামমার্গণসমর্পিতচিত্তাঃ, কশ্মলং যযুরপস্মৃতনীব্যঃ॥

[ভাটিয়ারী-রাগ]

১ "বনে বনে বনমালী গোধন চরায়।
নানা-দুঃখে গোপীগণ দিবস গোঙায়॥
সর্ব্বগোপী একত্র মিলিয়া দিনে-দিনে।
কৃষ্ণগুণ গাঞা গোপী রাখয়ে জীবনে॥
২ বাম বাহু ধরি' বাম-কপোলমণ্ডলে।
ললিত-চলিত-ভুরু, মুরলী অধরে॥
বেণুরন্ধ্রে বিলোলিত কোমল-অঙ্গুলী।
যখনে বাজায় বেণু শ্রীবনমালী॥
৩ সিদ্ধবধূগণ তা'র সঙ্গে সিদ্ধগণ।
মূরছিয়া পড়ে রথে হঞা অচেতন॥
বিগলিত নীবিবন্ধ, কামে বিমোহিতা।
লাজে-ভয়ে ব্যাকুলিতা সিদ্ধের বনিতা॥

৪। হন্ত চিত্রমবলাঃ! শৃণুতেদং, হারহাস উরসি স্থিরবিদ্যুৎ।
নন্দসূনুরয়মার্ত্তজনানাং, নর্ম্মদো যর্হি কূজিতবেণুঃ॥
৫। বৃন্দশো ব্রজবৃষা মৃগগাবো, বেণুবাদ্যহৃতচেতস আরাৎ।
দন্তদষ্টকবলা ধৃতকর্ণা, নিদ্রিতা লিখিতচিত্রমিবাসন্॥
৬। বর্হিণস্তবকধাতুপলাশৈ,-র্বদ্ধমল্লপরিবর্হবিড়ম্বঃ।
কর্হিচিৎ সবল আলি! স গোপৈ,-র্গাঃ সমাহ্বয়তি যত্র মুকুন্দঃ॥
৭। তর্হি ভগ্নগতয়ঃ সরিতো বৈ, তৎপদাম্বুজরজোঽনিলনীতম্।
স্পৃহয়তীর্বয়মিবাবহুপুণ্যাঃ, প্রেমবেপিতভুজাঃ স্তিমিতাপঃ॥
৮। অনুচরৈঃ সমনুবর্ণিতবীর্য্য, আদিপুরুষ ইবাচলভূতিঃ।
বনচরো গিরিতটেষু চরন্তী,-র্বেণুনাহ্বয়তি গাঃ স যদা হি॥
৯। বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং, ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ।
প্রণতভারবিটপা মধুধারাঃ, প্রেমহৃষ্টতনবো বরষুঃ স্ম॥
১০। দর্শনীয়তিলকো বনমালা,-দিব্যগন্ধতুলসীমধুমত্তৈঃ।
অলিকুলৈরলঘুগীতমভীষ্ট,-মাদ্রিয়ন্ যর্হি সন্ধিতবেণুঃ॥
১১। সরসি সারসহংসবিহঙ্গা,-শ্চারুগীতহৃতচেতস এত্য।
হরিমুপাসত তে যতচিত্তা, হন্ত মীলিতদৃশো ধৃতমৌনাঃ॥
১২। সহবলঃ স্রগবতংসবিলাসঃ, সানুষু ক্ষিতিভৃতো ব্রজদেব্যঃ।
হর্ষয়ন্ যর্হি বেণুরবেণ, জাতহর্ষ উপরম্ভতি বিশ্বম্॥

---

৪ শুন শুন, গোপি! আর কহি অদভুত।
করয়ে মোহন-লীলা ওহি নন্দসুত॥
অচল তড়িততুল্য উরে হার হাসে'।
আরত-জনার দুঃখ কটাক্ষে বিনাশে॥
যখনে বাজায় বেণু রহি' বৃন্দাবনে।
৫ যূথে-যূথে মৃগ-পশু মিলয়ে গোধনে॥
শ্রবণ তুলিয়া দন্তে তৃণ ধরি' রহে।
চিত্রের পুত্তলি যেন প্রভু-মুখ চাহে॥
৬ নবদল-ময়ূরচন্দ্রিকা-চারু কেশ।
বিচিত্র-পল্লবে চারু ধরে' নটবেশ॥
যখনে মুকুন্দ বেণু বাজায় মধুর।
৭ তখনে সকল নদীগতি হয় দূর॥
হরিয়া চরণরেণু আনিব পবনে।
এই মনে করিয়া থাকয়ে নদীগণে॥
৮ শিশুগণে নিজগুণ গায় চারি পাশে।
বনে-বনে বিহার করয়ে নট-বেশে॥
নাম ধরি' যবে ধেনু ডাকে বেণুস্বানে।
তখনে প্রাণীর ধর্ম্ম ধরে' তরুগণে॥
৯ সর্ব্বভূতে বৈসে হরি প্রভু দয়াময়।
লতাবলী প্রকট করিল অতিশয়॥
প্রেমভাবে পুলকিত মধুধারা বহে।
ভকতলক্ষণ ধরি' তরু-লতা রহে॥
১০ দিব্যগন্ধ তুলসী, ললিত বনমালে।
অলিকুলে বেণুরব করে' অনুকারে॥
সুধারসময় বেণু পূরয়ে সন্ধানে।
১১ হংস-সারস আসি' মিলয়ে তখনে॥
জলচর বেণুনাদে হঞা বিমোহিতে।
সরোবর তেজিয়া দাণ্ডায় চারিভিতে॥
মুদিত-নয়নে করে' চিত্ত-সমাধান।
নিশবদে রহে কৃষ্ণে করিয়া ধেয়ান॥
১২ শুন, ব্রজবধূ! আর বিচিত্র-কথনে।
রাম-কৃষ্ণ রহে গিরি-তট-উপবনে॥

১৩। মহদতিক্রমণশঙ্কিতচেতো, মন্দমন্দমনুগর্জ্জতি মেঘঃ।
সুহৃদমভ্যবর্ষৎ সুমনোভি,-শ্ছায়য়া চ বিদধৎ প্রতপত্রম্॥
১৪। বিবিধগোপচরণেষু বিদগ্ধো, বেণুবাদ্য উরুধা নিজশিক্ষাঃ।
তব সুতঃ সতি! যদাধরবিম্বে, দত্তবেণুরনয়ৎ স্বরজাতীঃ॥
১৫। সবনশস্তদুপধার্য্য সুরেশাঃ, শক্রশর্ব্বপরমেষ্ঠিপুরোগাঃ।
কবয় আনতকন্ধরচিত্তাঃ, কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ॥
১৬। নিজপদাব্জদলৈর্ধ্বজবজ্র,-নীরজাঙ্কুশবিচিত্রললামৈঃ।
ব্রজভুবঃ শময়ন্ খুরতোদং, বর্ষ্মধূর্য্যগতিরীড়িতবেণুঃ॥
১৭। ব্রজতি তেন বয়ং সবিলাস,-বীক্ষণার্পিতমনোভববেগাঃ।
কুজগতিং গমিতা ন বিদামঃ, কশ্মলেন কবরং বসনং বা॥
১৮। মণিধরঃ ক্বচিদাগণয়ন্ গা, মালয়া দয়িতগন্ধতুলস্যাঃ।
প্রণয়িনোঽনুচরস্য কদাংসে, প্রক্ষিপন্ ভুজমগায়ত যত্র?
১৯। ক্বণিতবেণুরববঞ্চিতচিত্তাঃ, কৃষ্ণমন্বসত কৃষ্ণগৃহিণ্যঃ।
গুণগণার্ণমনুগত্য হরিণ্যো, গোপিকা ইব বিমুক্তগৃহাশাঃ॥
২০। কুন্দদামকৃতকৌতুকবেষো, গোপগোধনবৃতো যমুনায়াম্।
নন্দসূনুরনঘে! তব বৎসো, নর্ম্মদঃ প্রণয়িনাং বিজহার॥

বেণুরবে জগৎ করয়ে হরষিত।

১৩ তখনে মেঘের গতি, মন্দ-গরজিত॥
ঈশ্বর-লঙ্ঘন জানি হয় কোন মতে।
মন্দ-মন্দ গরজে, গমন সাবহিতে॥
ছায়া করি' ছত্র ধরে', পুষ্প-বরিষণ।
হেন-সে মেঘের ধর্ম্ম দেখিলুঁ তখন॥

১৪ শুন, হে যশোদা! তুমি পুণ্যবতী নারী।
তোমার পুত্রের কথা কহিতে না পারি॥
বিদগধ-শিরোমণি গুণের সাগর।
কত ভাতি জানে সে-যে রসিক-নাগর॥
বিবিধ-বিনোদ-বেণু বাজায় রসাল।
তখনে দেখিলুঁ, সখি! বড় চমৎকার॥

১৫ ব্রহ্মা-ভব-পুরন্দর-আদি সুরগণে।
আসিয়া করয়ে স্তুতি বিবিধ-বিধানে॥
করযোড়, প্রণত-কন্ধর-তনুচিত্ত।
তত্ত্ব না জানিঞা দেব হয় বিমোহিত॥

১৬ ধ্বজ-বজ্র-বিরাজিত চরণকমলে।
যখন বেড়ায় কৃষ্ণ গোকুলমণ্ডলে॥

১৭ তখন দেখিয়ে তাঁ'র রূপ মনোহর।
আমি-সব তখনে না জানি নিজ-পর॥
বসন, ভূষণ, কেশ—এ-সব পাসরি'।
কেবল থাকিয়ে যেন বৃক্ষভাব ধরি'॥

১৮ নবদল-তুলসী-ললিত-বেশ ধরি'।
মণি ধরি' গোধন গণয়ে বনমালী॥
অনুচর বালকের কান্ধে বাম হাথ।
যখনে মোহন বেণু বাজায় গোপীনাথ॥

১৯ বেণুরবে বিমোহিতা বনের হরিণী।
পতি-সুত ছাড়িয়া সেবয়ে যদুমণি॥
ছাড়িলা কৃষ্ণের গুণে পতি-সুত-দয়া।
হেন প্রভু বিহরে গোপাল-বেশ হয়্যা॥

২০ কুন্দকুসুমদাম-বিলসিত বেশ।
ব্রজশিশু-মাঝে নটবর হৃষীকেশ॥

২১। মন্দবায়ুরুপবাত্যনুকূলং, মানয়ন্ মলয়জস্পর্শেন।
বন্দিনস্তমুপদেবগণা যে, বাদ্যগীতবলিভিঃ পরিবব্রুঃ॥
২২। বৎসলো ব্রজগবাং যদগগ্রো, বন্দ্যমানচরণঃ পথি বৃদ্ধৈঃ।
কৃৎস্নগোধনমুপোহ্য দিনান্তে, গীতবেণুরনুগেড়িতকীর্ত্তিঃ॥
২৩। উৎসবং শ্রমরুচাপি দৃশীনা,-মুন্নয়ন্ খুররজশ্ছুরিতস্রক্।
দিৎসয়ৈতি সুহৃদাশিষ এষ, দেবকীজঠরভূরুড়ুরাজঃ॥
২৪। মদবিঘূর্ণিতলোচন ঈষ,-ন্মানদঃ স্বসুহৃদাং বনমালী।
বদরপাণ্ডুবদনো মৃদুগণ্ডং, মণ্ডয়ন্ কনককুণ্ডললক্ষ্ম্যা॥
২৫। যদুপতির্দ্বিরদরাজবিহারো, যামিনীপতিরিবৈষ দিনান্তে।
মুদিতবক্ত্র উপযাতি দুরন্তং, মোচয়ন্ ব্রজগবাং দিনতাপম্॥

শ্রীশুক উবাচ

২৬। এবং ব্রজস্ত্রিয়ো রাজন্! কৃষ্ণলীলা নু গায়তীঃ। রেমিরেঽহঃসু তচ্চিত্তাস্তন্মনস্কা মহোদয়াঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবৃন্দাবনক্রীড়ায়াং শ্রীযুগলগীতবর্ণনং নাম
পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৫॥

যখনে তোমার পুত্র করয়ে বিহার।
হরয়ে গোপীর চিত্ত নন্দের কুমার॥
২১ তখনে মলয়বাত বহে সুশীতল।
চৌদিগে বেঢ়িয়া রহে গন্ধর্ব্ব-কিন্নর॥
কেহ নাচে, কেহ গীত সুমধুর গায়।
হেন অপরূপ-লীলা করে' যদুরায়॥
২২ গোধন চরায়্যা হরি দিন-অবশেষে।
যখনে আসিয়া হরি গোকুলে প্রবেশে॥
ব্রহ্মা-আদি সুরগণ আসিয়া তখনে।
পথে-পথে রহি' করে' চরণ-বন্দনে॥
অনুচর বালকে বেঢ়িয়া গুণ গায়।
হেনরূপে কত লীলা করে' ব্রজরায়॥
২৩ তরলিত শ্রমজল বদনমণ্ডলে।
গোধূলি-ধূসর অঙ্গ, কুটিল-কুন্তলে॥
ব্রজবধূ-নয়নের আনন্দ বাঢ়ায়।
কত ভাঁতি, কত লীলা করে' যদুরায়!!
দেবকীজঠরে দ্বিজরাজ উতপন্ন।
ওহি গোপকুলে আসি' হৈলা উপসন্ন॥
২৪ মদমত্ত গজরাজ বিহরে বিশাল।
কনক-কুণ্ডল দোলে গলে বনমাল॥
বদন সুন্দর জিনি' পূর্ণ-শশধর।
২৫ গোকুলের দিন-তাপ হরয়ে সকল॥'
২৬ এইরূপে গোপীগণ কৃষ্ণগুণ গায়।
গীত অবলম্ব করি' দিবস গোঙায়॥
কৃষ্ণ-বিনে গোপীগণে নাহি জানে আন।
গোপীনাথে নিয়োজিলা তনু-মন-প্রাণ॥
কি কহিব গোপীকুলে প্রেমের উদয়?
ক্ষণে যুগশত যা'র কৃষ্ণ-বিনে হয়॥
এই গোপী-গীত যেবা ভক্তিভাবে শুনে।
প্রেমভক্তি হয় তা'র, পুণ্য দিনে-দিনে॥"
জান গুরু-গদাধর ধীরশিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৫॥

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথ তস্যাগতো গোষ্ঠমরিষ্টো বৃষভাসুরঃ। মহীং মহাককুৎকায়ঃ কম্পয়ন্ খুরবিক্ষতাম্॥
২। রম্ভমাণঃ খরতরং পদা চ বিলিখন্ মহীম্। উদ্যম্য পুচ্ছং বপ্রাণি বিষাণাগ্রেণ চোদ্ধরন্।
কিঞ্চিৎ কিঞ্চিৎ শকৃন্মুঞ্চন্ মূত্রয়ংস্তব্ধলোচনঃ॥
৩। যস্য নিহ্রাদিতেনাঙ্গ! নিষ্ঠুরেণ গবাং নৃণাম্। পতন্ত্যকালতো গর্ভাঃ স্রবন্তি স্ম ভয়েন বৈ॥
৪। নিবিশন্তি ঘনা যস্য ককুদ্যচলশঙ্কয়া। তং তীক্ষ্ণশৃঙ্গমুদ্বীক্ষ্য গোপ্যো গোপাশ্চ তত্রসুঃ॥
৫। পশবো দুদ্রুবুর্ভীতা রাজন্! সন্ত্যজ্য গোকুলম্। কৃষ্ণ কৃষ্ণেতি তে সর্ব্বে গোবিন্দং শরণং যযুঃ॥
৬। ভগবানপি তদ্বীক্ষ্য গোকুলং ভয়বিদ্রুতম্। মা ভৈষ্টেতি গিরাশ্বাস্য বৃষাসুরমুপাহ্বয়ৎ॥
৭। গো(স)পালৈঃ পশুভির্মন্দ! ত্রাসিতৈঃ কিমসত্তম! ময়ি শাস্তরি দুষ্টানাং ত্বদ্বিধানাং দুরাত্মনাম্?
৮। ইত্যাস্ফোট্যাচ্যুতোঽরিষ্টং তলশব্দেন কোপয়ন্।
সখ্যুরংসে ভুজাভোগং প্রসার্য্যাবস্থিতো হরিঃ॥
৯। সোঽপ্যেবং কোপিতোঽরিষ্টঃ খুরেণাবনিমুল্লিখন্। উদ্যৎপুচ্ছভ্রমন্মেঘঃ ক্রুদ্ধঃ কৃষ্ণমুপাদ্রবৎ॥
১০। অগ্রন্যস্তবিষাণাগ্রঃ স্তব্ধাস্বগ্লোচনোঽচ্যুতম্। কটাক্ষিপ্যাদ্রবৎ তূর্ণমিন্দ্রমুক্তোঽশনির্যথা॥

[সারঙ্গ-রাগ]

১ "আর অদভুত-কথা শুন, সাবধানে।
বৃষাসুর-বধ-কথা কহিব এখনে॥
বৃষরূপ ধরি' এক দৈত্য মহাবল।
গোকুলে প্রবেশ কৈল মহা-ভয়ঙ্কর॥

২ লাঙ্গুলের বাড়ি মারে পর্ব্বত-উপরে।
ভাঙ্গিয়া পর্ব্বত-চূড়া পড়ে ভূমিতলে॥
যেখানে চরণ ধরে', সেখান তলায়।
গোকুলের প্রজাগণ দেখিয়া ডরায়॥
মল-মূত্র ছাড়ে বেটা, নয়ন ঢুলায়।
সেই প্রাণ ছাড়ি' মরে, যা'র দিগে চায়॥

৩ দেবলোক কম্পমান নিষ্ঠুর-গর্জ্জনে।
অকালে খসিয়া গর্ভ পড়িল তখনে॥

৪ শতে শতে মেঘগণ পর্ব্বত-গেয়ানে।
ঝোঁটের উপরে তা'রা রহে স্থানে-স্থানে॥
এইরূপ দুরন্ত অসুর মহাকায়।

৫ গোকুল ছাড়িয়া লোক তরাসে পলায়॥
গোপগোপী, গোকুলের যতেক গোধন।
কৃষ্ণের চরণে গিয়া পশিলা শরণ॥
'কৃষ্ণ! কৃষ্ণ! ভকতবৎসল ভগবান্।
নিজ পরিজন, প্রভু! কর' পরিত্রাণ॥'

৬ গোকুলের ক্রন্দন দেখিয়া দয়াময়।
আশ্বাসিলা গোপগোপী 'না করিহ ভয়'॥

৭ ডাক দিয়া বলে' কৃষ্ণ 'আরে দুরাচার!
পশুগণে ভয় দিয়া কি সুখ তোমার?
দুষ্ট-বিনাশন আমি, খল-বিনাশন।
থাকে তো'র শক্তি, বেটা! করসিয়া রণ॥'

৮ এতেক বলিয়া কৃষ্ণ মারে মালসাট।
অনুগত-স্কন্ধে প্রভু দিয়া বামহাথ॥
মরকত-গিরি যেন রহিলা দাণ্ডায়্যা।

৯ কোপে দুষ্ট দৈত্য আসে পৃথিবী কাঁপায়্যা॥
লাঙ্গুল ফিরাইয়া মেঘ কৈল খান-খান।

১০ দুই শৃঙ্গ সম্মুখে পাতিল খরসান॥
'বিন্ধিয়া মারিব কৃষ্ণে'—মনে আছে তা'র।
ধাইয়া আইল দৈত্য পর্ব্বত-আকার॥

১১। গৃহীত্বা শৃঙ্গয়োস্তং বা অষ্টাদশ পদানি সঃ। প্রত্যপোবাহ ভগবান্ গজঃ প্রতিগজং যথা॥
১২। সোঽপবিদ্ধো ভগবতা পুনরুত্থায় সত্বরঃ। আপতৎ স্বিন্নসর্ব্বাঙ্গো নিশ্বসন্ ক্রোধমূর্চ্ছিতঃ॥
১৩। তমাপতন্তং স নিগৃহ্য শৃঙ্গয়োঃ, পদা সমাক্রম্য নিপাত্য ভূতলে।
নিষ্পাড়য়ামাস যথার্দ্রমম্বরং, কৃত্বা বিষাণেন জঘান সোঽপতৎ॥
১৪। অস্রগ্বমন্ মূত্রশকৃৎ সমুৎসৃজন্, ক্ষিপংশ্চ পাদাননবস্থিতেক্ষণঃ।
জগাম কৃচ্ছ্রং নির্ঋতেরথ ক্ষয়ং, পুষ্পৈঃ কিরন্তো হরিমীড়িরে সুরাঃ॥
১৫। এবং ককুদ্মিনং হত্বা স্তূয়মানঃ স্বজাতিভিঃ। বিবেশ গোষ্ঠং সবলো গোপীনাং নয়নোৎসবঃ॥
১৬। অরিষ্টে নিহতে দৈত্যে কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা। কংসায়াথাহ ভগবান্ নারদো দেবদর্শনঃ॥
১৭। যশোদায়াঃ সুতাং কন্যাং দেবক্যাঃ কৃষ্ণমেব চ। রামঞ্চ রোহিণীপুত্রং বসুদেবেন বিভ্যতা।
ন্যস্তৌ স্বমিত্রে নন্দে বৈ যাভ্যাং তে পুরুষা হতাঃ॥
১৮। নিশম্য তদ্‌ভোজপতিঃ কোপাৎ প্রচলিতেন্দ্রিয়ঃ। নিশাতমসিমাদত্ত বসুদেবজিঘাংসয়া॥
১৯। নিবারিতো নারদেন তৎসুতৌ মৃত্যুমাত্মনঃ। জ্ঞাত্বা লোহময়ৈঃ পাশৈর্ব্বব্ধ সহ ভার্য্যয়া॥
২০। প্রতিযাতে তু দেবর্ষৌ কংস আভাষ্য কেশিনম্। প্রেষয়ামাস হন্যেতাং ভবতা রামকেশবৌ॥

---

১১ দুই শৃঙ্গ প্রভু তা'র দু'হাথে ধরিয়া।
অষ্টাদশ পদ লঞা ফেলিলা ঠেলিয়া॥
মহামত্ত গজে যেন ফেলে গজ আর।

১২ সেইক্ষণে তুরিতে উঠিল দুরাচার॥
সঘনে পবন বহে, ক্রোধে মূরছিত।

১৩ সেইরূপে আরবার ধাইল ত্বরিত॥
তবে প্রভু দুই শৃঙ্গ দুই হাথে ধরি'।
ভূমিতলে অসুরে ফেলিলা পাক মারি'॥
মোচড়িয়া, চাপিয়া রাখিলা ভূমিতলে।
আর্দ্রবস্ত্র লোক যেন চিপিয়া নিঙ্গাড়ে॥
নির্জ্জীব করিয়া দৈত্যে ঘষিলা প্রচুর।
শৃঙ্গ উফাড়িয়া বাড়ি মারিলা নিষ্ঠুর॥

১৪ হস্ত-পদ আছাড়ে, দৈত্য করি' ধড়্‌ফড়্।
মল-মূত্র ছাড়িয়া তেজিল কলেবর॥
পড়িল অরিষ্ট-দৈত্য, গেল যমঘর।
গীত-বাদ্য-নৃত্য করে' গন্ধর্ব্ব-কিন্নর॥
সুরগণে কৈলা স্তুতি, পুষ্প-বরিষণ।

১৫ জয়-জয়কার করে' গোপগোপীগণ॥
মারিয়া অরিষ্ট-দৈত্য বালক-লীলায়।
গোকুলে প্রবেশ কৈলা গোকুলের রায়॥

১৬ হেনকালে আসিয়া নারদ তপোধন।
কহিলা কংসেরে তবে মন্ত্রণা-বচন॥

১৭ 'শুন, কংস! মহারাজ! কহি সবিশেষ।
দৈবকীর পুত্র কৃষ্ণ গোকুলে প্রবেশ॥
যশোদার কন্যা যে চলিলা স্বর্গপথে।
রোহিণীর পুত্র বলরাম বলি যা'কে॥'

১৮ এ বোল শুনিঞা কংস জ্বলিল অন্তরে।
তীক্ষ্ণ খড়্গ নিল বসুদেব কাটিবারে॥

১৯-২০ তবে শ্রীনারদ তা'রে কৈলা নিবারণ।
'বৃথা বসুদেবে তুমি মার' কি কারণ?
আমার বচন শুন, বিলম্ব না কর'।
প্রকার করিয়া তুমি রাম-কৃষ্ণে মার'॥'
এতেক বলিয়া মুনি কৈলা অন্তর্দ্ধান।
তবে কংস রাজা কৈল বিবিধ সন্ধান॥
বসুদেব-দেবকীরে নিগড়ে বান্ধিয়া।
কেশী-নামে মহাসুরে কহয়ে ডাকিয়া॥
'শুন, কেশি, সখা তুমি, বান্ধব আমার।
রামকৃষ্ণে মার' গিয়া, না কর' বিচার॥'

২১। ততো মুষ্টিকচাণূরশলতোশলকাদিকান্। অমাত্যান্ হস্তিপাংশ্চৈব সমাহূয়াহ ভোজরাট্॥
২২। ভো ভো নিশম্যতামেতদ্বীরচাণূরমুষ্টিকৌ! নন্দব্রজে কিলাসাতে সুতাবানকদুন্দুভেঃ॥
২৩। রামকৃষ্ণৌ ততো মহ্যং মৃত্যুঃ কিল নিদর্শিতঃ। ভবদ্ভ্যামিহ সম্প্রাপ্তৌ হন্যেতাং মল্ললীলয়া॥
২৪। মঞ্চাঃ ক্রিয়ন্তাং বিবিধা মল্লরঙ্গপরিশ্রিতাঃ। পৌরা জানপদাঃ সর্ব্বে পশ্যন্তু স্বৈরসংযুগম্॥
২৫। মহামাত্র! ত্বয়া ভদ্র! রঙ্গদ্বার্য্যুপনীয়তাম্। দ্বিপঃ কুবলয়াপীড়ো জহি তেন মমাহিতৌ॥
২৬। আরভ্যতাং ধনুর্যাগশ্চতুর্দ্দশ্যাং যথাবিধি। বিশসন্তু পশূন্ মেধ্যান্ ভূতরাজায় মীঢুষে॥
২৭। ইত্যাজ্ঞাপ্যার্থতন্ত্রজ্ঞ আহূয় যদুপুঙ্গবম্। গৃহীত্বা পাণিনা পাণিং ততোঽক্রূরমুবাচ হ॥
২৮। ভো ভো দানপতে! মহ্যং ক্রিয়তাং মৈত্রমাদৃতঃ। নান্যস্ত্বত্তো হিততমো বিদ্যতে ভোজবৃষ্ণিষু॥
২৯। অতস্ত্বামাশ্রিতঃ সৌম্য! কার্য্যগৌরবসাধনম্। যথেন্দ্রো বিষ্ণুমাশ্রিত্য স্বার্থমধ্যগমদ্বিভুঃ॥
৩০। গচ্ছ নন্দব্রজং তত্র সুতাবানকদুন্দুভেঃ। আসাতে তাবিহানেন রথেনানয় মা চিরম্॥
৩১। নিসৃষ্টঃ কিল মে মৃত্যুর্দ্দে বৈর্বৈকুণ্ঠসংশ্রয়ৈঃ। তাবানয় সমং গোপৈর্নন্দাদ্যৈঃ সাভ্যুপায়নৈঃ॥
৩২। ঘাতয়িষ্য ইহানীতৌ কালকল্পেন হস্তিনা। যদি মুক্তৌ ততো মল্লৈর্ঘাতয়ে বৈদ্যুতোপমৈঃ॥
৩৩। তয়োর্নিহতয়োস্তপ্তান্ বসুদেবপুরোগমান্। তদ্বন্ধূন্ নিহনিষ্যামি বৃষ্ণিভোজদশার্হকান্॥

---

২১ তবে কেশী পাঠায়্যা দারুণ কংসাসুর।
ডাক দিয়া আনে দৈত্য মুষ্টিক-চাণূর॥
শল তোশল-আদি পাত্র-মিত্রগণ।
২২-২৩ 'শুন শুন, দৈত্যগণ! আমার বচন॥
বসুদেবের দুই পুত্র গোকুল-নগরে।
রাম-কৃষ্ণ-নামে তা'রা বৈসে নন্দঘরে॥
সেই সে আমার মৃত্যু—কহে সর্ব্বজনে।
কহ দেখি, কোন্ বুদ্ধি করিব এখনে?
প্রকার করিয়া তবে আন' দুই ভাই।
চাণূর-মুষ্টিক তা'রে মারিব এথাই॥
মল্ললীলা করিয়া মারিব দুইজন।
২৪ শুন শুন, মন্ত্রিগণ! আমার বচন॥
বহুবিধ মঞ্চ কর', বিবিধ সঞ্চার।
রঙ্গভূমি কর' দৃঢ়-প্রাচীর-প্রাকার॥
পুরজন-জানপদে দেখিবে সংগ্রাম।
২৫ আরে আরে মাহুত! করহ অবধান॥
কুবলয়-গজ লঞা রাখহ দুয়ারে।
হস্তী দিয়া রামকৃষ্ণে মারিবে সত্বরে॥
২৬ ধনুর্যজ্ঞ আরম্ভিয় চতুর্দ্দশী-দিনে।
বহুবিধ পশুবলি করিহ বিধানে॥
ধূপ-দীপ-গন্ধ-পুষ্প নানা উপহারে।
পশুপতি পূজা কর' বিবিধ-সম্ভারে॥'
২৭ আজ্ঞা দিয়া মন্ত্রিগণে পাঠাই' সত্বরে।
অক্রূরে আনিঞা কংস পশিল মন্দিরে॥
অক্রূরের হস্তে ধরি' বলে' কংসরাজ।
২৮ 'শুন শুন, অক্রূর! বলিয়ে নিজ কাজ॥
তুমি হেন হিতকারী বন্ধু নাহি আর।
২৯ তে-কারণে বলি কিছু কার্য্য সাধিবার॥
ইন্দ্র সুখে আছে বিষ্ণু করিয়া আশ্রয়।
তেন হিতকারী তুমি বন্ধু মহাশয়॥
৩০-৩১ বসুদেবের দুই পুত্র নন্দঘোষ-ঘরে।
রথে তুলি' রাম-কৃষ্ণে আনহ সত্বরে॥
সেই সে আমার মৃত্যু,—দেবগণে কহে।
শীঘ্র করি' চলিবে, বিলম্ব যেন নহে॥
দধি-দুগ্ধ-উপায়ন সাজিয়া অপার।
নন্দ-আদি গোপ যেন হয় আগুসার॥
৩২ রাম-কৃষ্ণে আন' তুমি রথেতে তুলিয়া।
দ্বারেতে মারিব কুবলয়-গজ দিয়া॥
তবু যদি না মরে, মারিব মল্লরণে।
৩৩ তবে বসুদেবে আমি মারিব পরাণে॥

৩৪। উগ্রসেনঞ্চ পিতরং স্থবিরং রাজ্যকামুকম্। তদ্‌ভ্রাতরং দেবকঞ্চ যে চান্যে বিদ্বিষো মম॥
৩৫। ততশ্চৈষা মহী মিত্র! ভবিত্রী নষ্টকণ্টকা। জরাসন্ধো মম গুরুর্দ্বিবিদো দয়িতঃ সখা॥
৩৬। শম্বরো নরকো বাণো ময্যেব কৃতসৌহৃদাঃ। তৈরহং সুরপক্ষীয়ান্ হত্বা ভোক্ষ্যে মহীং নৃপান্॥
৩৭। এতজ্‌জ্ঞাত্বানয় ক্ষিপ্রং রামকৃষ্ণাবিহার্ভকৌ। ধনুর্মখনিরীক্ষার্থং দ্রষ্টুং যদুপুরশ্রিয়ম্॥

শ্রীঅক্রূর উবাচ

৩৮। রাজন্! মনীষিতং সম্যক্ তব স্বাবদ্যমার্জ্জনম্। সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমং কুর্য্যাদ্দৈবং হি ফলসাধনম্॥
৩৯। মনোরথান্ করোত্যুচ্চৈর্জনো দৈবহতানপি। যুজ্যতে হর্ষশোকাভ্যাং তথাপ্যাজ্ঞাং করোমি তে॥

শ্রীশুক উবাচ

৪০। এবমাদিশ্য চাক্রূরং মন্ত্রিণশ্চ বিসৃজ্য সঃ। প্রবিবেশ গৃহং কংসস্তথাক্রূরঃ স্বমালয়ম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরসম্প্রেষণং নাম ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৬॥

তবে তা'র মারিব যতেক বন্ধুগণ।
৩৪ উগ্রসেন পিতা, তা'র লইব জীবন॥
বৃদ্ধকালে রাজ্যলোভ যা'র এত বড়।
মারিব দেবক তা'র ভাই সহোদর॥
তবে যে যে দ্বেষ-ভাব করএ আমার।
সবংশে তাহার আমি করিব সংহার॥
৩৫ তবে অকণ্টক হৈব রাজ্য-অধিকার।
জরাসন্ধ আছে গুরু সহায় আমার॥
৩৬ শম্বর, নরক, বাণ সহস্রেক-কর।
এই-আদি আছে মোর বান্ধব-সকল॥
এ-সব সহায় করি' বিপক্ষ মারিব।
সুখে বসি' রাজ্যভোগ আনন্দে করিব॥
৩৭ এ বোল বুঝিয়া তুমি চল ত্বরাত্বরি।
রাম-কৃষ্ণ দুই শিশু আন' রথে করি'॥
'রাজপুরী নাহি দেখ, তুমি থাক বনে।
যজ্ঞ-মহোৎসব আসি' দেখ দুই জনে॥'
এই ছলে ভাণ্ডিয়া আনহ দুই ভাই।
পরম-বান্ধব দেখি' তোমারে পাঠাই॥'
৩৮ তবে কিছু কহিলা অক্রূর সুপণ্ডিত।
'যে কিছু কহিলে রাজা সব সমুচিত॥
পরম-যতনে কাজ আপনার সাধি।
হয় বা না হয়, তাহে বলবান্ বিধি॥
৩৯ বিধি করিবারে পারে অঘট-ঘটনা।
যতনেহ নহে সিদ্ধি, বিধির খণ্ডনা॥
তথাপি পুরুষে কাজ সাধিব যতনে।
হউ বা না হউ সিদ্ধি বিধির ঘটনে॥
সাধিব তোমার কার্য্য যতন করিয়া।'
৪০ অক্রূর চলিলা তবে এতেক বলিয়া॥
বিদায় মাগিয়া মন্ত্রিগণ গেল ঘরে।
আজ্ঞা দিয়া কংস প্রবেশিল নিজপুরে॥"
ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৬॥

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। কেশী তু কংসপ্রহিতঃ খুরৈর্মহীং, মহাহয়ো নির্জ্জরয়ন্ মনোজবঃ।
সটাবধূতাভ্রবিমানসঙ্কুলং, কুর্ব্বন্ নভো হেষিতভীষিতাখিলঃ॥

২। তং ত্রাসয়ন্তং ভগবান্ স্বগোকুলং, তদ্ধেষিতৈর্বালবিঘূর্ণিতাম্বুদম্।
আত্মানমাজৌ মৃগয়ন্তমগ্রণী,-রূপাহ্বয়ৎ স ব্যনদন্মৃগেন্দ্রবৎ॥

৩। স তং নিশাম্যাভিমুখো মুখেন খং, পিবন্নিবাভ্যদ্রবদত্যমর্ষণঃ।
জঘান পদ্ভ্যামরবিন্দলোচনং, দুরাসদশ্চণ্ডজবো দুরত্যয়ঃ॥

৪। তদ্বঞ্চয়িত্বা তমধোক্ষজো রুষা, প্রগৃহ্য দোর্ভ্যাং পরিবিধ্য পাদয়োঃ।
সাবজ্ঞমুৎসৃজ্য ধনুঃশতান্তরে, যথোরগং তার্ক্ষ্যসুতো ব্যবস্থিতঃ॥

৫। স লব্ধসংজ্ঞঃ পুনরুত্থিতো রুষা, ব্যাদায় কেশী তরসাপতদ্ধরিম্।
সোঽপ্যস্য বক্ত্রে ভুজমুত্তরং স্মরন্, প্রবেশয়ামাস যথোরগং বিলে॥

৬। দন্তা নিপেতুর্ভগবদ্ভুজস্পৃশ,-স্তে কেশিনস্তপ্তময়ঃস্পৃশো যথা।
বাহুশ্চ তদ্দেহগতো মহাত্মনো, যথাময়ঃ সংববৃধে উপেক্ষিতঃ॥

৭। সমেধমানেন স কৃষ্ণবাহুনা, নিরুদ্ধবায়ুশ্চরণাংশ্চ বিক্ষিপন্।
প্রস্বিন্নগাত্রঃ পরিবৃত্তলোচনঃ, পপাত লেণ্ডং বিসৃজন্ ক্ষিতৌ ব্যসুঃ॥

[কানড়া-রাগ]

১-২ কংসের আদেশে কেশী ঘোড়ারূপ ধরে'।
নন্দের গোকুলে গিয়া উঠিল সত্বরে॥
পৃথিবী বিদার করে' পদখুরাঘাতে।
ত্রিভুবন কাঁপাইল হ্রেষিত-শবদে॥
সটা-ছটাছটি মেঘ কৈল খণ্ডখণ্ড।
অঙ্গভরে টলমল করে' ভূমিখণ্ড॥
বিশাল নয়ন তা'র, বিকট বদন।
মহামেঘ-কলেবর ভীম-দরশন॥
নন্দের গোকুলে বেটা হৈল আগুয়ান।
তা' দেখিয়া গোপগণ হৈলা কম্পমান॥

৩-৪ সম্মুখে দেখিল দৈত্য প্রভু যদুবর।
প্রভু দেখি' ক্রোধে তা'র জ্বলিল অন্তর॥
দুরন্ত অসুর সেই মহাপাপমতি।
দুই পদ তুলিয়া মারিল এক লাথি॥
লাথি মারিলেক বেটা বুকের উপরে।
কটাক্ষে বঞ্চিলা তাহা প্রভু গদাধরে॥
সেই দুই পদ তা'র দুই হস্তে ধরি'।
সপ্তপাক ফিরাইলা আকাশেতে তুলি'॥
অবজ্ঞাতে পাক মারি' ফেলিলা নিষ্ঠুর।
চারি শত হস্ত গিয়া পড়িল অসুর॥

৫ কথোক্ষণ রহি' বেটা উঠিল সত্বরে।
মুখখান মেলিয়া আইসে গিলিবারে॥
কোন্ বুদ্ধি কৈলা তবে প্রভু যদুবর?
বামহস্ত প্রবেশাইলা মুখের ভিতর॥
ভুজ প্রবেশায় প্রভু মুখের ভিতরে।
মহাগর্ত্তে সর্প যেন পরবেশ করে'॥

৬ দশন খসিয়া তা'র পড়িল সকল।
মহাভুজ বাঢ়ে তা'র মুখের ভিতর॥

৭ শ্রীভুজে নিরুদ্ধ কৈল এ দশ দুয়ার।
শ্বাস-রুদ্ধ হয়্যা প্রাণ ছাড়ে দুরাচার॥
দুই আঁখি উলটিল, পড়িল সঙ্কটে।
হস্ত-পদ আছাড়িয়া করে' ছট্‌ফটে॥

৮। তদ্দেহতঃ কর্কটিকাফলোপমাদ্,-ব্যসোরপাকৃষ্য ভুজং মহাভুজঃ।
অবিস্মিতোঽযত্নহতারিরুৎস্ময়ৈঃ, প্রসূনবর্ষৈর্দিবিষদ্ভিরীড়িতঃ॥
৯। দেবর্ষিরুপসঙ্গম্য ভাগবতপ্রবরো নৃপ! কৃষ্ণমক্লিষ্টকর্ম্মাণং রহস্যেতদভাষত॥
১০। কৃষ্ণ! কৃষ্ণাপ্রমেয়াত্মন্! যোগেশ! জগদীশ্বর! বাসুদেবাখিলাবাস! সাত্বতাং প্রবর! প্রভো!
১১। ত্বমাত্মা সর্ব্বভূতানামেকো জ্যোতিরিবৈধসাম্। গূঢ়ো গুহাশয়ঃ সাক্ষী মহাপুরুষ ঈশ্বরঃ॥
১২। আত্মনাত্মাশ্রয়ঃ পূর্ব্বং মায়য়া সসৃজে গুণান্। তৈরিদং সত্যসঙ্কল্পঃ সৃজস্যত্স্যবসীশ্বরঃ॥
১৩। স ত্বং ভুধরভুতানাং দৈত্যপ্রমথরক্ষসাম্। অবতীর্ণো বিনাশায় সেতুনাং রক্ষণায় চ॥
১৪। দিষ্ট্যা তে নিহতো দৈত্যো লীলয়ায়ং হয়াকৃতিঃ। যস্য হেষিতসন্ত্রস্তাস্ত্যজন্ত্যনিমিষা দিবম্॥
১৫। চাণূরং মুষ্টিকঞ্চৈব মল্লানন্যাংশ্চ হস্তিনম্। কংসঞ্চ নিহতং দ্রক্ষ্যে পরশ্বোঽহনি তে বিভো!
১৬। তস্যানু শঙ্খযবনমুরাণাং নরকস্য চ। পারিজাতাপহরণমিন্দ্রস্য চ পরাজয়ম্॥
১৭। উদ্বাহং বীরকন্যানাং বীর্য্যশুল্কাদিলক্ষণম্। নৃগস্য মোক্ষণং শাপাদ্দ্বারকায়াং জগৎপতে!
১৮। স্যমন্তকস্য চ মণেরাদানং সহ ভার্য্যয়া। মৃতপুত্রপ্রদানঞ্চ ব্রাহ্মণস্য স্বধামতঃ॥
১৯। পৌণ্ড্রকস্য বধং পশ্চাৎ কাশিপুর্য্যাশ্চ দীপনম্। দন্তবক্রস্য নিধনং চৈদ্যস্য চ মহাক্রতৌ॥

ত্রাসে মলমূত্র ছাড়ি' তেজিল পরাণ।
বিদরিয়া অঙ্গ তা'র হৈল খানখান॥

৮ কাকুড়ি ফুটিয়া যেন হৈল খণ্ড-খণ্ড।
মুখ হৈতে বাহির করিলা ভুজদণ্ড॥
ব্রহ্মা-আদি দেবগণ করয়ে স্তবন।
সুরবধূগণ কৈল পুষ্প-বরিষণ॥
দুন্দুভি-বাজনা বাজে, 'জয় জয়'-ধ্বনি।
লীলায়ে অসুর-বধ কৈলা চক্রপাণি॥

৯ নারদ আসিয়া তবে দিলা দরশন।
নিভৃতে কৃষ্ণের সঙ্গে কৈলা সম্ভাষণ॥

১০ 'কৃষ্ণ কৃষ্ণ, যোগেশ্বর! অখিলনিবাস!
বাসুদেব, ভকতবৎসল, শ্রীনিবাস!

১১ সর্ব্বভূত-আত্মা তুমি, প্রভু একরূপ।
কাষ্ঠভেদে একই বহ্নি দেখি নানারূপ॥
সর্ব্বভূতে বৈস তুমি, গূঢ়, গুহাশয়।
সর্ব্বসাক্ষী, পরিপূর্ণ, তুমি সর্ব্বময়॥

১২ আপনে আপনা কর' মায়ায় সৃজন।
আপনে সংহার কর', আপনে পালন॥

১৩ পৃথ্বীর হরিতে ভার দৈত্য বিনাশিবে।
নিত্যধর্ম্ম জগতে স্থাপিয়া যশ থুইবে॥

এই সে কারণে তুমি কৈলে অবতার।
দেখিলুঁ তাহার আজি কিছু চমৎকার॥

১৪ অশ্বরূপ মহাদৈত্য মারিলে লীলায়।
যা'র ভয়ে স্বর্গ ছাড়ি' দেবতা পলায়॥

১৫ চাণূর-মুষ্টিক আর শল-তোশল।
কুবলয়-গজ আর যত মহাবল॥
কংস-আদি আর যত দৈত্য দুরাচার।
দুইদিন ব্যাজে তুমি করিবে সংহার॥

১৬ শঙ্খ-মুর-নরক-যবন-দৈত্যক্ষয়।
পারিজাত-হরণে ইন্দ্রের পরাজয়॥

১৭ বীর্য্যমূল্য দিয়া রাজকন্যা-পরিণয়।
নৃগের মোক্ষণ, আর দ্বারকা-বিজয়॥

১৮ ভার্য্যা-সহ স্যমন্তক-মণির হরণ।
তাহার লাগিয়া প্রাণ দিবে কথোজন॥
ব্রাহ্মণের মৃতপুত্র করিবে প্রদান।

১৯ মারিবে পৌণ্ড্রক-রাজা মহাবলবান্॥
বারাণসী পোড়াইবে, মারিবে দন্তবক্র।
শিশুপাল-বধ মহাযজ্ঞের ভিতর॥

২০। যানি চান্যানি বীর্য্যাণি দ্বারকামাবসন্ ভবান্। কর্ত্তা দ্রক্ষ্যাম্যহং তানি গেয়ানি কবিভির্ভুবি ॥
২১। অথ তে কালরূপস্য ক্ষপয়িষ্ণোরমুষ্য বৈ। অক্ষৌহিণীনাং নিধনং দ্রক্ষ্যাম্যর্জ্জুনসারথেঃ ॥
২২। বিশুদ্ধবিজ্ঞানঘনং স্বসংস্থয়া, সমাপ্তসর্ব্বার্থমমোঘবাঞ্ছিতম্।
স্বতেজসা নিত্যনিবৃত্তমায়া,-গুণপ্রবাহং ভগবন্তমীমহি ॥
২৩। ত্বামীশ্বরং স্বাশ্রয়মাত্মমায়য়া, বিনির্ম্মিতাশেষবিশেষকল্পনম্।
ক্রীড়ার্থমদ্যাত্তমনুষ্যবিগ্রহং, নতোঽস্মি ধুর্য্যং যদুবৃষ্ণিসাত্বতাম্ ॥

শ্রীশুক উবাচ

২৪। এবং যদুপতিং কৃষ্ণং ভাগবতপ্রবরো মুনিঃ। প্রণিপত্যাভ্যনুজ্ঞাতো যযৌ তদ্দর্শনোৎসবঃ ॥
২৫। ভগবানপি গোবিন্দো হত্বা কেশিনমাহবে। পশূনপালয়ৎ পালৈঃ প্রীতৈর্ব্রজসুখাবহঃ ॥
২৬। একদা তে পশূন্ পালাশ্চারয়ন্তোঽদ্রিসানুষু। চক্রুর্নিলায়নক্রীড়াশ্চোরপালাপদেশতঃ ॥
২৭। তত্রাসন্ কতিচিচ্চোরাঃ পালাশ্চ কতিচিন্নৃপ! মেষায়িতাশ্চ তত্রৈকে বিজহ্রুরকুতোভয়াঃ ॥
২৮। ময়পুত্রো মহামায়ো ব্যোমো গোপালবেষধৃক্। মেষায়িতানপোবাহ প্রায়শ্চোরায়িতো বহূন্ ॥
২৯। গিরিদর্য্যাং বিনিক্ষিপ্য নীতং নীতং মহাসুরঃ। শিলয়া পিদধে দ্বারং চতুঃপঞ্চাবশেষিতাঃ ॥

---

২০ আর যত যত কর্ম্ম করিবে বিশাল।
আমি-সব কৌতুকে দেখিব তাহা ভাল ॥

২১ কালরূপ প্রভু তুমি, জগৎ সংহার'।
সংহার-কারণে তুমি কালরূপ ধর' ॥

অর্জ্জুন-সারথি হয়্যা আপনি ভারতে।
হরিবে পৃথ্বীর ভার, দেখিব সাক্ষাতে ॥

২২ যদি বল'—'শত্রু-মিত্র আছে রাগ-দ্বেষ।
আন জীব চাহি' আমি কেমনে বিশেষ?'

বিশুদ্ধ-বিজ্ঞানঘন, শুদ্ধ-সত্ত্বময়।
অমোঘবাঞ্ছিত তুমি, নিজ-সুখময় ॥

নিজ-তেজে মায়াগুণ দূরে পরিহর'।
কেবল নিষ্কল ব্রহ্ম নানাশক্তি ধর' ॥

২৩ স্বাধীন ঈশ্বর তুমি যোগমায়া-বলে।
অশেষ নির্ম্মাণ কর' তিলেক-ভিতরে ॥

ক্রীড়া করিবারে ধর' নর-কলেবর।
যদুকুলনাথ তুমি, প্রভু যদুবর ॥'

২৪ এইরূপে স্তুতি করি' দণ্ড-পরণাম।
প্রদক্ষিণ করিয়া চলিলা মতিমান্ ॥

আজ্ঞা দিয়া নারদে পাঠাইলা বনমালী।
২৫-২৬ গোকুলে প্রবেশ কৈলা অসুর সংহারি' ॥

আর দিনে শিশু-সঙ্গে প্রভু যদুরায়।
গোবর্দ্ধন-গিরি-তটে গোধন চরায় ॥

তা'তে আর এক খেলা পাতিলা কৌতুকে।
'পাইক-লুকানি'—যা'রে বলে' শিশুলোকে ॥

২৭ কেহ চোর, কেহ তা'তে পাইকরূপ ধরে।
ভেড়ারূপ ধরি' কত বালক বিহরে ॥

ভেড়া চুরি করি' চোর-শিশু লয়্যা যায়।
পাইক চোর ধরি' ভেড়া কাড়িয়া রহায় ॥

২৮ ময়দানবের পুত্র ব্যোম মহাবল।
চোররূপে প্রবেশিল চোরের ভিতর ॥

বালকের মাঝে কৈল অসুর প্রবেশ।
বুঝিয়া রহিলা মনে প্রভু হৃষীকেশ ॥

২৯ গুটি গুটি করি' বেটা বালক চোরায়।
পর্ব্বত-গহ্বরে গিয়া বালক ভরায় ॥

পাষাণে রুধিয়া তা'র দুয়ার রাখিল।
অবশেষ চারি-পাঁচ ছাওয়াল রহিল ॥

৩০। তস্য তৎ কর্ম্ম বিজ্ঞায় কৃষ্ণঃ শরণদঃ সতাম্। গোপান্ নয়ন্তং জগ্রাহ বৃকং হরিরিবৌজসা॥
৩১। স নিজং রূপমাস্থায় গিরীন্দ্রসদৃশং বলী। ইচ্ছন্ বিমোক্তুমাত্মানং নাশক্নোদ্গ্রহণাতুরঃ॥
৩২। তং নিগৃহ্যাচ্যুতো দোর্ভ্যাং পাতয়িত্বা মহীতলে। পশ্যতাং দিবি দেবানাং পশুমারমমারয়ৎ॥
৩৩। গুহাপিধানং নির্ভিদ্য গোপান্ নিঃসার্য্য কৃচ্ছ্রতঃ। স্তূয়মানঃ সুরৈর্গোপৈঃ প্রবিবেশ স্বগোকুলম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে ব্যোমাসুরবধো নাম সপ্তত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৭॥

---

৩০ দুষ্টকর্ম্ম দুষ্টের জানিঞা হৃষীকেশ।
আর শিশু লয়্যা যাইতে ধরিলা বিশেষ॥
৩১ পালাইতে না পারিয়া দৈত্য দুরাচার।
নিজরূপ ধরে তবে পর্ব্বত-আকার॥
৩২ তবে প্রভু অসুরে ফেলিয়া ভূমিতলে।
চাপিয়া বসিলা তা'র বুকের উপরে॥
মুণ্ড উপাড়িয়া স্কন্ধে প্রবেশ করায়।
টান দিঞা চারি হস্ত-পদ উপড়ায়॥
তথাই প্রবেশ করাইলা আরবারে।
পশুমারণ কৈলা, ব্যোম-দৈত্যের সংহারে॥
৩৩ মেলিয়া দিলেন প্রভু গহ্বর-দুয়ার।
তবে শিশুগণ লয়্যা কৈলা আগুসার॥
অনুগতে গায় গীত, দেবে করে' স্তুতি।
গোকুলে প্রবেশ কৈলা ত্রিভুবনপতি॥"
ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৭॥

অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অক্রূরোঽপি চ তাং রাত্রিং মধুপুর্য্যাং মহামতিঃ। উষিত্বা রথমাস্থায় প্রযযৌ নন্দগোকুলম্॥
২। গচ্ছন্ পথি মহাভাগো ভগবত্যম্বুজেক্ষণে। ভক্তিং পরামুপগত এবমেতদচিন্তয়ৎ॥
৩। কিং ময়াচরিতং ভদ্রং কিং তপ্তং পরমং তপঃ। কিং বাথাপ্যর্হতে দত্তং যদ্দ্রক্ষ্যাম্যদ্য কেশবম্?
৪। মমৈতদ্দুর্লভং মন্য উত্তমঃশ্লোকদর্শনম্। বিষয়াত্মনো যথা ব্রহ্ম-কীর্ত্তনং শূদ্রজন্মনঃ॥
৫। মৈবং মমাধমস্যাপি স্যাদেবাচ্যুতদর্শনম্। ম্রিয়মাণঃ কালনদ্যা ক্বচিৎ তরতি কশ্চন॥
৬। মমাদ্যামঙ্গলং নষ্টং ফলবাংশ্চৈব মে ভবঃ। যন্নমস্যে ভগবতো যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজম্॥

[পাহিড়া-রাগ]

১ "রজনী বঞ্চিয়া ঘরে, অক্রূর প্রভাতকালে,
গোকুলে চলিলা হরষিতে।
২ রথে করি' আরোহণ, এই চিন্তে মনে-মন,
'মোর ভাগ্য হৈল আচম্বিতে'॥
শুন শুন, নরপতি! অক্রূর সে মহামতি,
পথে-পথে এই চিন্তে মনে।
৩ 'মুঞি কোন্ তপ কৈলুঁ, মহাজনে দান দিলুঁ,
আজি কৃষ্ণ দেখিমু নয়নে॥
হেন মোর কি ঘটিব, প্রভু-দরশন পাইব,
মুঞি সে অধম মন্দমতি?
৪-১ যেন বেদে অধিকার, শূদ্রে নাহি ব্যবহার,
তেন মুঞি হীন অধোগতি॥'
৬ পুন বলে' সে অক্রূর,— 'অমঙ্গল গেল দূর,
আজি মোর জনম সফলে।
যোগী ধ্যান করে' যাঁ'র, মুঞি হৈব নমস্কার,
সে প্রভুর চরণকমলে॥

৭। কংসো বতাদ্যাকৃত মেঽত্যনুগ্রহং, দ্রক্ষ্যেঽঙ্ঘ্রিপদ্মং প্রহিতোঽমুনা হরেঃ।
কৃতাবতারস্য দুরত্যয়ং তমঃ, পূর্ব্বেঽতরন্ যন্নখমণ্ডলত্বিষা॥

৮। যদর্চ্চিতং ব্রহ্মভবাদিভিঃ সুরৈঃ, শ্রিয়া চ দেব্যা মুনিভিঃ সসাত্বতৈঃ।
গোচারণায়ানুচরৈশ্চরদ্বনে, যদ্‌গোপিকানাং কুচকুঙ্কুমাঙ্কিতম্॥

৯। দ্রক্ষ্যামি নূনং সুকপোলনাসিকং, স্মিতাবলোকারুণকঞ্জলোচনম্।
মুখং মুকুন্দস্য গুড়ালকাবৃতং, প্রদক্ষিণং মে প্রচরন্তি বৈ মৃগাঃ॥

১০। অপ্যদ্য বিষ্ণোর্মনুজত্বমীয়ুষো, ভারাবতারায় ভুবো নিজেচ্ছয়া।
লাবণ্যধাম্নো ভবিতোপলম্ভনং, মহ্যং ন ন স্যাৎ ফলমঞ্জসা দৃশঃ?

১১। য ঈক্ষিতাহংরহিতোঽপ্যসৎসতোঃ, স্বতেজসাপাস্ততমোভিদাভ্রমঃ।
স্বমায়য়াত্মন্ রচিতৈস্তদীক্ষয়া, প্রাণাক্ষধীভিঃ সদনেষ্বভীয়তে॥

১২। যস্যাখিলামীবহভিঃ সুমঙ্গলৈ,-র্বাচো বিমিশ্রা গুণকর্ম্মজন্মভিঃ।
প্রাণন্তি শুন্বন্তি পুনন্তি বৈ জগৎ, যাস্তদ্বিরক্তাঃ শবশোভনা মতাঃ॥

১৩। স চাবতীর্ণঃ কিল সাত্বতান্বয়ে, স্বসেতুপালামরবর্য্যশর্ম্মকৃৎ।
যশো বিতন্বন্ ব্রজ আস্ত ঈশ্বরো, গায়ন্তি দেবা যদশেষমঙ্গলম্॥

১৪। তন্ত্বদ্য নূনং মহতাং গতিং গুরুং, ত্রৈলোক্যকান্তং দৃশিমন্মহোৎসবম্।
রূপং দধানং শ্রিয় ঈপ্সিতাস্পদং, দ্রক্ষ্যে মমাসন্মুষসঃ সুদর্শনাঃ॥

---

৭ কংস অনুগ্রহ কৈল, গোকুলে পাঠায়্যা দিল,
পাদপদ্ম দেখিব নয়নে।
যাঁ'র নখ-মণিজ্যোতি, পায়্যা হইল দিব্যগতি,
পার হৈলা মহা মহাজনে॥

৮ ব্রহ্মা-ভব-আদি সুরে, ধ্যানে যাঁ'র পূজা করে',
লক্ষ্মীদেবী করয়ে চিন্তনে।
এমত দুর্ল্লভ পদ, বনে-বনে উপগত,
গোপীকুচ-কুঙ্কুম-মণ্ডনে॥

৯ ললিত কপোলদেশ, কুটিল অলকা-কেশ,
নব-কঞ্জ-অরুণ-লোচন।
নিশ্চয় দেখিব আজি, শ্রীমুখমণ্ডল-জ্যোতি,
প্রদক্ষিণ করে' মৃগগণ॥

১০ পৃথ্বীর হরিতে ভার, নররূপে অবতার,
অশেষ-লাবণ্য-গুণ-ধাম।
মোর ভাগ্যে তাঁ'র সনে, যদি হয় দরশনে,
তবে পূর্ণ হয় সর্ব্বকাম॥

১১ সভার হৃদয়ে থাকে, সাক্ষিরূপে সব দেখে,
অন্তর্য্যামী প্রভু নিরাকার।
হেন প্রভু করে' লীলা, গোকুলে শিশুর খেলা,
গোপরূপে গূঢ়-অবতার॥

১২ যাঁ'র গুণকর্ম্মরত, বচন সুকৃতি-যুত,
অশেষমঙ্গল গুণগানে।
জগৎ পবিত্র করে', শুনিলে আনন্দ ধরে,
সর্ব্বজীবে করে' প্রাণদানে॥

যাঁ'র গুণহীন-বাণী, যেন শব-মণ্ডলী,
হেন প্রভু বিহরে গোকুলে।

১৩ বিস্তারিয়া যশোভার, যদুকুলে অবতার,
ব্রহ্মা-আদি গায় নিরন্তরে॥

১৪ অখিল-জগদ্‌গুরু, ভকত-কলপতরু,
কমলাসেবিত-পদধূলি।
মোর শুভ দিন হৈল, শুভ রাত্রি পোহাইল,
নয়নে দেখিব বনমালী॥

১৫। অথাবরূঢ়ঃ সপদীশয়ো রথাৎ, প্রধানপুংসোশ্চরণং স্বলব্ধয়ে।
ধিয়া ধৃতং যোগিভিরপ্যহং ধ্রুবং, নমস্য আভ্যাঞ্চ সখীন্ বনৌকসঃ॥

১৬। অপ্যঙ্ঘ্রিমূলে পতিতস্য মে বিভুঃ, শিরস্যধাস্যন্নিজহস্তপঙ্কজম্।
দত্তাভয়ং কালভুজঙ্গরংহসা, প্রোদ্বেজিতানাং শরণৈষিণাং নৃণাম্?

১৭। সমর্হণং যত্র নিধায় কৌশিক,-স্তথা বলিশ্চাপ জগত্রয়েশ্বরাম্।
যদ্বা বিহারে ব্রজযোষিতাং শ্রমং, স্পর্শেন সৌগন্ধিকগন্ধ্যপানুদৎ॥

১৮। ন ময্যুপৈষ্যত্যরিবুদ্ধিমচ্যুতঃ, কংসস্য দূতঃ প্রহিতোঽপি বিশ্বদৃক্।
যোঽন্তর্ব্বহিশ্চেতস এতদীহিতং, ক্ষেত্রজ্ঞ ঈক্ষত্যমলেন চক্ষুষা॥

১৯। অপ্যঙ্ঘ্রিমূলেঽবহিতং কৃতাঞ্জলিং, মামীক্ষিতা সস্মিতমার্দ্রয়া দৃশা।
সপত্যপধ্বস্তসমস্তকিল্বিষো, বোঢ়া মুদং বীতবিশঙ্ক উজ্জিতাম্?

২০। সুহৃত্তমং জ্ঞাতিমনন্যদৈবতং, দোর্ভ্যাং বৃহদ্ভ্যাং পরিরম্স্যতেঽথ মাম্?
আত্মা হি তীর্থীক্রিয়তে তদৈব মে, বন্ধশ্চ কর্ম্মাত্মক উচ্ছ্বসিত্যতঃ॥

২১। লব্ধাঙ্গসঙ্গং প্রণতং কৃতাঞ্জলিং, মাং বক্ষ্যতেঽক্রূর! ততেত্যুরুশ্রবাঃ।
তদা বয়ং জন্মভৃতো মহীয়সা, নৈবাদৃতো যো দ্বিগমুষ্য জন্ম তৎ॥

২২। ন তস্য কশ্চিদ্দয়িতঃ সুহৃত্তমো, ন চাপ্রিয়ো দ্বেষ্য উপেক্ষ্য এব বা।
তথাপি ভক্তান্ ভজতে যথা তথা, সুরদ্রুমো যদ্বদুপাশ্রিতোঽর্থদঃ॥

---

১৫ হেন কি ঘটিব মোরে, যোগী ধ্যান করে' যাঁ'রে,
হেন পদে করিব প্রণাম?
তবে আমি ধন্য মানি, আপনে আপনা গণি,
তবে মুঞি পুরুষপ্রধান॥

১৬ দণ্ড পরণাম করি', পড়িমু চরণ ধরি',
শিরে কর দিবে কি মুরারি?

১৭ বলি দান দিয়া যাঁ'কে, পূজ্য হৈলা সর্ব্বলোকে,
ভকত-অভয়-বরধারী॥

১৮ 'কংসের আদেশ পায়্যা, আমা' নিতে আইলা ধ্যায়া',
যদি মোতে হেন জ্ঞান হয়।
যদি থাকে নিজ-পর, তাঁ'কে নাহি অগোচর,
তবে ভয় করিতে যুয়ায়॥

১৯ কর যুড়ি' ধরি' শিরে, পড়িমু চরণমূলে,
প্রভু যদি চাহিবে সদয়।
এই ত' পরমানন্দ, অশেষ-দুরিত-বন্ধ,
খসিবে, খণ্ডিবে ভবভয়॥

২০ 'আমার বান্ধব হয়, আমা বিনে না জানয়',
এ বোল বলিয়া যদুরায়।
যদি দেন আলিঙ্গন, মহাভুজ-বন্ধন,
তবে তীর্থ এই মোর কায়॥

২১ তাঁ'র অঙ্গ-সঙ্গ পায়্যা, পড়িমু প্রণত হয়্যা,
কর যুড়ি' চরণকমলে।
জ্ঞাতির সম্বন্ধ ধরি', বলিবে 'অক্রূর!' করি',
তবে মোর ধন্য কলেবরে॥

২২ নিজ-পর নাহি তাঁ'র, শত্রু-মিত্র-ব্যবহার,
তথাপি ভকত-হিতকারী।
হেন কল্পতরুবরে, যে জন আশ্রয় করে',
সেই সে ফলের অধিকারী॥

২৩। কিঞ্চাগ্রজো মাবনতং যদূত্তমঃ, স্ময়ন্ পরিষ্বজ্য গৃহীতমঞ্জলৌ।
গৃহং প্রবেশ্যাপ্তসমস্তসৎকৃতং, সম্প্রক্ষ্যতে কংসকৃতং স্ববন্ধুষু॥

শ্রীশুক উবাচ

২৪। ইতি সঞ্চিন্তয়ন্ কৃষ্ণং শ্বফল্কতনয়োঽধ্বনি। রথেন গোকুলং প্রাপ্তঃ সূর্য্যশ্চাস্তগিরিং নৃপ!

২৫। পদানি তস্যাখিললোকপাল,-কিরীটজুষ্টামলপাদরেণোঃ।
দদর্শ গোষ্ঠে ক্ষিতিকৌতুকানি, বিলক্ষিতান্যব্জযবাঙ্কুশাদ্যৈঃ॥

২৬। তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসম্ভ্রমঃ, প্রেম্ণোর্দ্ধরোমাশ্রুকলাকুলেক্ষণঃ।
রথাদবস্কন্দ্য স তেষ্বচেষ্টত, প্রভোরমূন্যঙ্ঘ্রিরজাংস্যহো ইতি॥

২৮। দদর্শ কৃষ্ণং রামঞ্চ ব্রজে গোদোহনং গতৌ। পীতনীলাম্বরধরৌ শরদম্বুরুহেক্ষণৌ॥

২৯। কিশোরৌ শ্যামলশ্বেতৌ শ্রীনিকেতৌ বৃহদ্ভুজৌ। সুমুখৌ সুন্দরবরৌ বালদ্বিরদবিক্রমৌ॥

৩০। ধ্বজবজ্রাঙ্কুশাম্ভোজৈশ্চিহ্নিতৈরঙ্ঘ্রিভির্ব্রজম্। শোভয়ন্তৌ মহাত্মানৌ সানুক্রোশস্মিতেক্ষণৌ॥

৩৩। দিশো বিতিমিরা রাজন্! কুর্ব্বাণৌ প্রভয়া স্বয়া। যথা মারকতঃ শৈলো রৌপ্যশ্চ কনকাচিতৌ॥

৩১। উদাররুচিরক্রীড়ৌ স্রগ্বিণৌ বনমালিনৌ। পুণ্যগন্ধানুলিপ্তাঙ্গৌ স্নাতৌ বিরজবাসসৌ॥

---

২৩ অগ্রজ সে বলরাম, অশেষ-মঙ্গল-ধাম,
করে ধরি' নিবে কি মন্দিরে?
আতিথ্য-বিধান করি', নন্দ-আদি গোপ মেলি',
বন্ধুবার্ত্তা পুছিবে সত্বরে?'
শ্রীঅক্রূর গুণনিধি, হেনমত শুদ্ধবুদ্ধি,
কত কত চিন্তিলা হৃদয়।"
ভাগবত-আচার্য্যবাণী, কৃষ্ণপ্রেমতরঙ্গিণী,
শুনিলে দুরিত দূর হয়॥

[ভাটিয়ারী-রাগ]

২৪ "এই মতে পথে কৃষ্ণে চিন্তিলা অন্তরে।
সন্ধ্যাকালে উত্তরিলা গোকুলনগরে॥
২৫ প্রণাম করিঞা আছে সব দেবে আসি'।
ছিন্ন-ভিন্ন হয়্যাছে মুকুট ঘষাঘষি॥
ধ্বজ-বজ্র-বিরাজিত চরণকমলে।
দেখিলা অক্রূর পদচিহ্ন আছে ধূলে॥
২৬ বাঢ়িল আনন্দ-প্রেম, ভাবে বিমোহিত।
নয়নে আনন্দজল, অঙ্গ পুলকিত॥
রথ হৈতে লম্ফ দিয়া নাম্বিলা সত্বরে।
পড়িয়া লোটায় সেই ধূলার উপরে॥
'ধন্য মুঞি, আজি মোর সফল জীবন।
সাক্ষাতে দেখিলুঁ নিজ-প্রভুর চরণ॥'
এইমতে গড়াগড়ি কথোদূর যাই'।
২৮ রামকৃষ্ণে একত্রে দেখিলা দুই ভাই॥
অখিল-জগৎ-নাথ করে' গো দোহন।
নীল-পীত-পরিধান দুহার বসন॥
শারদ-বিমল-কঞ্জ নয়ন বিশাল।
২৯ ললিত-খেলন বালদ্বিরদ-বিহার॥
কিশোর, শ্যামল-শ্বেত অঙ্গের বরণ।
৩০ ধ্বজবজ্র-বিরাজিত দুঁহার চরণ॥
হেম-মণি-রতন দুঁহার অলঙ্কার।
দুঁহে মনোহর-বেশ, বিক্রম বিশাল॥
৩৩ রজত-পর্ব্বত যেন কনকে খচিত।
মরকত-গিরি যেন রতনে ভূষিত॥
৩১ দিব্যগন্ধ-তুলসী-ললিত-বনমালা।
দুইজন মনোহর ব্রজবরবালা॥
চন্দ্রকোটি জিনি' চারু বয়ান-মণ্ডল।
কমলনিবাস দুঁহার শ্রীভুজযুগল॥
দিব্যগন্ধ-বিলেপন, ভূষণ দিব্যবেশ।
শিখণ্ড-মণ্ডিত-চূড়া, বিললিত কেশ॥

৩২। প্রধানপুরুষাবাদ্যৌ জগদ্ধেতু জগৎপতী। অবতীর্ণৌ জগত্যর্থে স্বাংশেন বলকেশবৌ ॥
৩৪। রথাত্তূর্ণমবপ্লুত্য সোঽক্রূরঃ স্নেহবিহ্বলঃ। পপাত চরণোপান্তে দণ্ডবদ্রামকৃষ্ণয়োঃ ॥
৩৫। ভগবদ্দর্শনাহ্লাদবাষ্পপর্য্যাকুলেক্ষণঃ। পুলকাচিতাঙ্গ ঔৎকণ্ঠ্যাৎ স্বাখ্যানে নাশকন্নৃপ!
৩৬। ভগবাংস্তমভিপ্রেত্য রথাঙ্গাঙ্কিতপাণিনা। পরিরেভেঽভ্যুপাকৃষ্য প্রীতঃ প্রণতবৎসলঃ ॥
৩৭। সংকর্ষণশ্চ প্রণতমুপগুহ্য মহামনাঃ। গৃহীত্বা পাণিনা পাণী অনয়ৎ সানুজো গৃহম্ ॥
৩৮। পৃষ্ট্বাথ স্বাগতং তস্মৈ নিবেদ্য চ বরাসনম্। প্রক্ষাল্য বিধিবৎ পাদৌ মধুপর্কার্হণমাহরৎ ॥
৩৯। নিবেদ্য গাঞ্চাতিথয়ে সংবাহ্য শ্রান্তমাদৃতঃ। অন্নং বহুগুণং মেধ্যং শ্রদ্ধয়োপাহরদ্বিভুঃ ॥
৪০। তস্মৈ ভুক্তবতে প্রীত্যা রামঃ পরমধর্ম্মবিৎ। মুখবাসৈর্গন্ধমাল্যৈঃ পরাং প্রীতিং ব্যধাৎ পুনঃ ॥
৪১। পপ্রচ্ছ সৎকৃতং নন্দঃ কথং স্থ নিরনুগ্রহে। কংসে জীবতি দাশার্হ! সৌনপালা ইবাবয়ঃ?
৪২। যোঽবধীৎ স্বস্বসুস্তোকান্ ক্রোশন্ত্যা অসুতৃপ্ খলঃ। কিন্নু স্বিত্তৎপ্রজানাং বঃ কুশলং বিমৃশামহে ॥
৪৩। ইত্থং সূনৃতয়া বাচা নন্দেন সুসভাজিতঃ। অক্রূরঃ পরিপৃষ্টেন জহাবধ্বপরিশ্রমম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরাগমনং নাম অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮ ॥

---

৩২ জগতের কারণ দুঁহে, জগতের গতি!
জগতের আদি-অন্ত, জগতের পতি ॥
জগত-তারণ-হেতু দুঁহা অবতার।
দুহে' গাভী দুঁহে, ব্রজবালক-বিহার ॥
হেনরূপ রামকৃষ্ণে দেখিলা গোকুলে।
৩৪ অক্রূর মজিলা তবে আনন্দসাগরে ॥
ভূমিতে পড়িয়া হৈলা দণ্ডপরণাম।
বাহ্য পাসরিলা কিছু নাহি অবধান ॥
৩৫ নয়নে আনন্দজল, পুলকিত অঙ্গ।
কহিতে না পারে কিছু, যেন জড় অন্ধ ॥
৩৬ শ্রীভুজে ধরিয়া তাঁ'রে তুলিলা শ্রীহরি।
দৃঢ় আলিঙ্গন দিলা ভুজপাশে বেড়ি' ॥
করুণাসাগর হরি, ভকতবৎসল।
ভকতের মনোরথ পূরায় সকল ॥
৩৭ দুই করে ধরিয়া অক্রূর-দুই-কর।
নিজঘরে তবে তাঁ'রে নিলা হলধর ॥
দুঁহে ধরি' আসনে বসায়্যা দিব্যজলে।
৩৮ পাখালিলা পদযুগ বিশেষ আদরে ॥
পাদ্য-অর্ঘ্য দিয়া কৈলা মধুপর্ক দান।
৩৯ কুশল-কল্যাণ তবে পুছে ভগবান্ ॥
দুই ভাই কৈলা তাঁ'র পাদ-সম্বাহন।
দিব্য অন্ন-পান দিয়া করায় ভোজন ॥
৪০ মুখবাস দিলা তবে কর্পূর-তাম্বূল।
দিব্যগন্ধ-বাস দিয়া পূজিলা প্রচুর ॥
৪১-৪২ তবে নন্দ সম্মুখে দাঁড়ায়ে মতিমান্।
কুশল জিজ্ঞাসা কিছু কৈলা সম্বিধান ॥
'তুমি-সব কুশলে কি আছ নিরাকুলে?
কংস-হেন দুরাচার, তা'র অধিকারে?
কংস-হেন খল যাহে আছে দণ্ডধর।
কি তা'র জিজ্ঞাসা করি প্রজার কুশল?
কুক্কুর পালয় যদি ভেড়া-রাখোয়াল।
তবে কি তাহার আর আছে প্রতিকার?
তুমি-সব আছ যা'তে ধন্য মহাজন।
এই পুণ্যে যেবা হয় প্রজার রক্ষণ ॥'
৪৩ এইরূপে যদি জিজ্ঞাসিলা নন্দঘোষে।
অক্রূরের পথশ্রম ঘুচিল সন্তোষে ॥

ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮ ॥

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। সুখোপবিষ্টঃ পর্য্যঙ্কে রামকৃষ্ণোরুমানিতঃ। লেভে মনোরথান্ সর্ব্বান্ পথি যান্ স চকার হ॥
২। কিমলভ্যং ভগবতি প্রসন্নে শ্রীনিকেতনে? তথাপি তৎপরা রাজন্! ন হি বাঞ্ছন্তি কিঞ্চন॥
৩। সায়ন্তনাশনং কৃত্বা ভগবান্ দেবকীসুতঃ। সুহৃৎসু বৃত্তং কংসস্য পপ্রচ্ছান্যচ্চিকীর্ষিতম্॥

শ্রীভগবানুবাচ

৪। তাত! সৌম্যাগতঃ কচ্চিৎ স্বাগতং ভদ্রমস্তু বঃ। অপি স্বজ্ঞাতিবন্ধূনামনমীবমনাময়ম্?
৫। কিন্নু নঃ কুশলং পৃচ্ছে এধমানে কুলাময়ে। কংসে মাতুলনাম্ন্যঙ্গ! স্বানাং নস্তৎপ্রজাসু চ?
৬। অহো অস্মদভূদ্ভূরি পিত্রোর্ব্বর্জিনমার্য্যয়োঃ। যদ্ধেতোঃ পুত্রমরণং যদ্ধেতোর্ব্বন্ধনং তয়োঃ॥
৭। দিষ্ট্যাদ্য দর্শনং স্বানাং মহ্যং বঃ সৌম্য! কাঙ্ক্ষিতম্। সঞ্জাতং বর্ণ্যতাং তাত! তবাগমনকারণম্॥

শ্রীশুক উবাচ

৮। পৃষ্টো ভগবতা সর্ব্বং বর্ণয়ামাস মাধবঃ। বৈরানুবন্ধং যদুষু বসুদেববধোদ্যমম্॥
৯। যৎসন্দেশো যদর্থং বা দূতঃ সংপ্রেষিতঃ স্বয়ম্। যদুক্তং নারদেনাস্য স্বজন্মানকদুন্দুভেঃ॥
১০। শ্রুত্বাক্রূরবচঃ কৃষ্ণো বলশ্চ পরবীরহা। প্রহস্য নন্দং পিতরং রাজ্ঞা দিষ্টং বিজজ্ঞতুঃ॥
১১। গোপান্ সমাদিশৎ সোঽপি গৃহ্যতাং সর্ব্বগোরসঃ। উপায়নানি গৃহ্ণীধ্বং যুজ্যন্তাং শকটানি চ॥

[ভাটিয়ারী-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা! শুন, নরেশ্বর!
অক্রূর হইলা অতি আনন্দ-অন্তর॥
শয়ন করিলা সুখে খট্টার উপরে।
পূর্ণ-মনোরথ, সুখ লভিলা অক্রূরে॥
যত মনোরথ কৈলা গান্দিনীকুমারে।
সে-সকল মনোসিদ্ধি হৈলা একবারে।

২ লক্ষ্মীনাথ পরসন্ন হয়েন যাঁহারে।
তাঁ'র কি দুর্ল্লভ আছে সংসার-ভিতরে?
তথাপি না মাগে কিছু, মাগে মাত্র ভক্তি।
দিলেহ না লয় বর—ভকতের রীতি॥

৪ দিব্যসিংহাসনে বসি' দৈবকীনন্দন।
অক্রূরের সনে তবে কৈলা সম্ভাষণ॥
'কহ তাত! কহ সৌম্য! কুশল তোমার।
জ্ঞাতিবর্গ সুখে আছে, বন্ধু-পরিবার?

৫ কেন বা জিজ্ঞাসি আমি কুশল-কল্যাণ?
কংস-হেন দুষ্ট রাজা যথা বিদ্যমান?
কুলের অধম সেই কুল-বিনাশন।
সে বাঁচিতে কা'র আছে কুশল-কল্যাণ?
নামে সে মাতুল মোর, তত্ত্বে কেহ নয়।
সে দুষ্ট থাকিতে কা'রো না ঘুচিব ভয়॥

৬ এত অপরাধ হৈল আমার কারণে।
আমার কারণে পিতামাতার বন্ধনে॥

৭ তোমা'-সহ দরশন হৈল শুভদিনে।
কহ দেখি, এথা তুমি আইলে কি কারণে?'

৮ এ বোল শুনিয়া তবে গান্দিনীনন্দন।
আদি হৈতে কহিলা সকল বিবরণ॥

৯-১১ 'দূত করি' কংস ব্রজে পাঠাইল মোরে।
কালি তোমা'-সভা লঞা যা'ব মধুপুরে॥
নন্দ-আদি গোপ সবে সাজিয়া সম্ভার।
দধি-দুগ্ধ-ঘৃত লৈব রাজ-উপহার॥
সকলে চলিয়া যা'বে রাজ-বিদ্যমান।
আর এক কথা কহি, কর' অবধান॥

১২। যাস্যামঃ শ্বো মধুপুরীং দাস্যামো নৃপতে রসান্। দ্রক্ষ্যামঃ সুমহৎ পর্ব্ব যান্তি জানপদাঃ কিল।
এবমাঘোষয়ৎ ক্ষত্রা নন্দগোপঃ স্বগোকুলে॥

১৩। গোপ্যস্তাস্তদুপশ্রুত্য বভূবুর্ব্যথিতা ভৃশম্। রামকৃষ্ণৌ পুরীং নেতুমক্রূরং ব্রজমাগতম্॥

১৪। কাশ্চিৎ তৎকৃতহৃত্তাপশ্বাসম্লানমুখশ্রিয়ঃ। স্রংসদ্দুকূলবলয়-কেশগ্রন্থ্যশ্চ কাশ্চন॥

১৫। অন্যাশ্চ তদনুধ্যাননিবৃত্তাশেষবৃত্তয়ঃ। নাভ্যজানন্নিমং লোকমাত্মলোকং গতা ইব॥

১৬। স্মরন্ত্যশ্চাপরাঃ শৌরেরনুরাগস্মিতেরিতাঃ। হৃদিস্পৃশশ্চিত্রপদা গিরঃ সংমুমুহুঃ স্ত্রিয়ঃ॥

১৭। গতিং সুললিতাং চেষ্টাং স্নিগ্ধহাসাবলোকনম্। শোকাপহানি নর্ম্মাণি প্রোদ্দামচরিতানি চ॥

১৮। চিন্তয়ন্ত্যো মুকুন্দস্য ভীতা বিরহকাতরাঃ। সমেতাঃ সঙ্ঘশঃ প্রোচুরশ্রুমুখ্যোঽচ্যুতাশয়াঃ॥

নারদে আসিয়া তত্ত্ব কহিলা তাহারে।
'রামকৃষ্ণ গোপতে থাকয়ে নন্দঘরে॥

বসুদেবের দুই পুত্র রাম-দামোদর।
সেই সে মারিলা যত দৈত্য-অনুচর॥

তোমার নাশের হেতু দেবের মন্ত্রণা।
উপায় করিয়া তাহা করহ খণ্ডনা॥'

নারদ কহিলা যদি এ-সব বচন।
ক্রোধে কংস জ্বলে যেন দীপ্ত হুতাশন॥

বসুদেবে কাটিবারে খড়্গ নিল হাতে।
নিবারিয়া নারদ রাখিলা নানামতে॥

বসুদেব-দৈবকীরে বান্ধিয়া নিগড়ে।
এইরূপে বন্ধুবর্গে পরাভব করে'॥

সভার হৃদয়ে থাক, তুমি সব জান'।
আমি কি কহিব, তুমি চিত্তে অনুমান'॥

এ-সব বচন শুনি' রাম-দামোদর।
হাসিয়া কহিলা তবে নন্দের গোচর॥

এ বোল শুনিঞা তবে নন্দঘোষ-রায়।
কোটাল পাঠায়্যা সব গোকুলে জানায়॥

ডাক দিয়া কোটাল কহয়ে ঘরে ঘরে।
'দধি-দুগ্ধ-ঘৃত লহ শকট-উপরে॥

ভেট-ঘাট সাজি' লহ যা'র যে যোগান।
চলিবে সকল গোপ কংস-বিদ্যমান॥

১২ প্রভাতে চলিবে কালি মথুরানগর।
দেখিতে রাজার পুরী বিবিধ-মঙ্গল॥

ধনুর্যজ্ঞ কংসরাজা কৈল অনুবন্ধ।
সকলে দেখিবে গিয়া কৌতুক-আনন্দ॥

অক্রূর কংসের দূত আইলা নন্দঘরে।
কালি রামকৃষ্ণে লঞা যা'বে মধুপুরে॥'

এইরূপে গোকুলে কোটাল দিলা সাড়া।
১৩ শুনিঞা চিন্তিত হৈলা যত ব্রজবালা॥

১৪ হৃদয়ে উঠিল তাপ, বদনে সোয়াস।
মলিন হইল মুখ-কমল প্রকাশ॥

১৫ কোন গোপী রহে ধ্যান করি' অবলম্ব।
খসিল দুকূল-বাস, আর কেশবন্ধ॥

চিত্রের পুত্তলি যেন কোন গোপী রহে।
কোথা আছে, কিবা করে', কিছু না জানয়ে॥

১৬ কৃষ্ণের ঈষৎ হাস্য, মধুর-বচন।
কটাক্ষ-ভঙ্গিমা কা'রো হইল স্মরণ॥

১৭-১৮ কেহ সঙরিল গতি-ললিত-বিলাস।
কোন গোপী সঙরিল মন্দ-পরিহাস॥

উদারচরিত্র কা'রো হইল স্মরণ।
সেই সেই ভাবে গোপীর হরিল চেতন॥

লাজ-ভয় পরিহরি' ব্রজপুরনারী।
এক এক স্থানে কত শতেক আভীরী॥

শ্রীগোপ্য ঊচুঃ

১৯। অহো বিধাতস্তব ন ক্বচিদ্দয়া, সংযোজ্য মৈত্র্যা প্রণয়েন দেহিনঃ।
তাংশ্চাকৃতার্থান্ বিযুনঙ্ক্ষ্যপার্থকং, বিক্রীড়িতং তেঽর্ভকচেষ্টিতং যথা॥

২০। যস্ত্বং প্রদর্শ্যাসিতকুন্তলাবৃতং, মুকুন্দবক্ত্রং সুকপোলমুন্নসম্।
শোকাপনোদস্মিতলেশসুন্দরং, করোষি পারোক্ষ্যমসাধু তে কৃতম্॥

২১। ক্রূরস্ত্বমক্রূরসমাখ্যয়া স্ম ন,-শ্চক্ষুর্হি দত্তং হরসে বতাজ্ঞবৎ।
যেনৈকদেশেঽখিলসর্গসৌষ্ঠবং, ত্বদীয়মদ্রাক্ষ্ম বয়ং মধুদ্বিষঃ॥

২২। ন নন্দসূনুঃ ক্ষণভঙ্গসৌহৃদঃ, সমীক্ষতে নঃ স্বকৃতাতুরা বত।
বিহায় গেহান্ স্বজনান্ সুতান্ পতীং,-স্তদ্দাস্যমদ্ধোপগতা নবপ্রিয়ঃ॥

২৩। সুখং প্রভাতা রজনীয়মাশিষঃ, সত্যা বভূবুঃ পুরযোষিতাং ধ্রুবম্।
যাঃ সংপ্রবিষ্টস্য মুখং ব্রজস্পতেঃ, পাস্যন্ত্যপাঙ্গোৎকলিতস্মিতাসবম্॥

২৪। তাসাং মুকুন্দো মধুমঞ্জুভাষিতৈ,-র্গৃহীতচিত্তঃ পরবান্ মনস্ব্যপি।
কথং পুনর্নঃ প্রতিযাস্যতেঽবলা, গ্রাম্যাঃ সলজ্জস্মিতবিভ্রমৈর্ভ্রমন্॥

২৫। অদ্য ধ্রুবং তত্র দৃশো ভবিষ্যতে, দাশার্হভোজান্ধকবৃষ্ণিসাত্বতাম্।
মহোৎসবঃ শ্রীরমণং গুণাস্পদং, দ্রক্ষ্যন্তি যে চাধ্বনি দেবকীসুতম্॥

সহিতে না পারি' গোপী কৃষ্ণের বিচ্ছেদ।
১৯ উচ্চস্বরে কান্দে গোপী মনে পায়্যা খেদ॥
কান্দিতে কান্দিতে কোন গোপী কহে বাণী।
'আরে রে বিধাতা, তোমা' ভাল হেন জানি॥
সখ্যভাবে পীরিতি বাঢ়ায়্যা দিলা সঙ্গ।
এমত নির্দ্দয় তুমি পাছে কর' ভঙ্গ?
না পূরাঞা পীরিতি কেমতে তাহা হর'?
ছাওয়ালের খেলা যেন ব্যর্থ যত কর'॥
যদি বোল'—'আমি কিছু নাহি করি মন্দ'।
তবে কেনে করাইলে মুকুন্দের সঙ্গ?

২০ অলকা-মণ্ডিত মন্দ-হসিত সুন্দর।
কেন বা দেখাইলে তা'র শ্রীমুখমণ্ডল?
এখনে হরিয়া লহ—এ নহে উচিত।
কেবল মূরুখ তুমি, কে বলে' পণ্ডিত?

২১ কে বলে' অক্রূর তোরে, ক্রূর দুরাচার।
হরিলি নারীর চক্ষু, এ তোর বেভার?
যদি বল'—'আমি নাহি হরিয়ে লোচন'।
কৃষ্ণে হরি' নিলে, চক্ষে কোন্ প্রয়োজন?

বিশ্ব নিরমিলে তুমি বিচিত্র-নির্ম্মাণে।
সকল দেখিয়ে তাঁ'র এক অঙ্গ-স্থানে॥
হেন কৃষ্ণে হরিলে, নয়নে কিবা কাজ?
ভাল ত' বিধাতা তুমি, কৈলে কোন্ কাজ?

২২ ভাল নন্দসুত, তাঁ'র ভাল এই রীতি।
নব-অনুরাগে গোপীর ত্যজিলে পীরিতি?
পতি-সুত-বন্ধু ত্যজি যাহার লাগিয়া।
সে কেমনে যায় গোপ-যুবতী ত্যজিয়া?

২৩-২৪ ধন্য পুরবধূ, তা'দের সফল জীবন।
শুভ-রাত্রি পোহাইল, শুভ দিন-ক্ষণ॥
মধুপুরে পরবেশ করিব মুরারি।
শ্রীমুখ দেখিব তা'রা প্রেমরসধারী॥
তা'-সভার মৃদু-মন্দ মধুর-বচনে।
হরিব কৃষ্ণের চিত্ত, আসিব কেমনে?
গ্রাম্যবধূ আমি-সব গোপী বনচারী।
আর কি আসিব পুরবধূ-প্রেম ছাড়ি'?

২৫ ধন্য হৈব আজি সব মধুপুর-লোক।
বাড়িবে সম্পদ্, দূরে যা'বে দুঃখ-শোক॥

২৬। মৈতদ্বিধস্যাকরুণস্য নাম ভূ,-দক্রূর ইত্যেতদতীবদারুণঃ।
যোঽসাবনাশ্বাস্য সুদুঃখিতং জনং, প্রিয়াৎ প্রিয়ং নেষ্যতি পারমধ্বনঃ॥
২৭। অনার্দ্রধীরেষ সমাস্থিতো রথং, তমন্বমী চ ত্বরয়ন্তি দুর্ম্মদাঃ।
গোপা অনোভিঃ স্থবিরৈরুপেক্ষিতং, দৈবঞ্চ নোঽদ্য প্রতিকূলমীহতে॥
২৮। নিবারয়ামঃ সমুপেত্য মাধবং, কিং নোঽকরিষ্যন্ কুলবৃদ্ধবান্ধবাঃ?
মুকুন্দসঙ্গান্নিমিষার্দ্ধদুস্ত্যজাদ্,-দৈবেন বিধ্বংসিতদীনচেতসাম্?
২৯। যস্যানুরাগললিতস্মিতবল্গুমন্ত্র,-লীলাবলোকপরিরম্ভণরাসগোষ্ঠ্যাম্।
নীতাঃ স্ম নঃ ক্ষণমিব ক্ষণদা বিনা তং, গোপ্যঃ কথং ন্বতিতরেম তমো দুরন্তম্?

শ্রীশুক উবাচ

৩১। এবং ব্রুবাণা বিরহাতুরা ভৃশং, ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণবিষক্তমানসাঃ।
বিসৃজ্য লজ্জাং রুরুদুঃ স্ম সুস্বরং, গোবিন্দ! দামোদর! মাধবেতি॥
৩২। স্ত্রীণামেবং রুদন্তীনামুদিতে সবিতর্য্যথ। অক্রূরশ্চোদয়ামাস কৃতমৈত্রাদিকো রথম্॥
৩৩। গোপাস্তমন্বসজ্জন্ত নন্দাদ্যাঃ শকটৈস্ততঃ। আদায়োপায়নং ভূরি কুম্ভান্ গোরসসম্ভৃতান্॥
৩৪। গোপ্যশ্চ দয়িতং কৃষ্ণমনুব্রজ্যানুরঞ্জিতাঃ। প্রত্যাদেশং ভগবতঃ কাঙ্ক্ষন্ত্যশ্চাবতস্থিরে॥
৩৫। তাস্তথা তপ্যতীর্বীক্ষ্য স্বপ্রস্থানে যদূত্তমঃ। সান্ত্বয়ামাস সপ্রেমৈরায়াস্য ইতি দৌত্যকৈঃ॥

পথে যাইতে যে দেখিব দৈবকীনন্দন।
সফল নয়ন তা'র সফল জীবন॥
২৬ হের দেখ, দারুণ অক্রূর-নাম ধরে'।
বচনেহ আমা'-সভায় সন্তোষ না করে'॥
কৃষ্ণকে হরিয়া নিবে—এই তা'র চিত।
তিলেকে হরিয়া নিবে কৃষ্ণের পীরিত॥
২৭ হের দেখ, রথে কৃষ্ণ চঢ়িল নিশ্চয়।
এমন দারুণ, লোকে বলে' দয়াময়?
যুবা গোপগণ মত্ত করয়ে ত্বরিত।
বৃদ্ধ গোপগণ কেহ না বলে' উচিত॥
এতেকে জানিলুঁ—আজি বিধি হৈলা বাম।
কি বুদ্ধি করিব, কিছু না বুঝি গেয়ান॥
২৮ ধরিয়া রাখিব, লজ্জা-ভয় পরিহরি'।
দেখি, বৃদ্ধ-গুরুগণে কি করিতে পারি?
যাহা বিনে যায় প্রাণ, তিলেক না রয়।
কেন সে করিব গুরুজনে লাজ-ভয়?
২৯ যাঁহার সঙ্গেতে রাস-বিহারমণ্ডলে।
ললিতবিলাস-হাস-কেলিকুতূহলে॥
কত কত রাত্রি গেল তিলেক সমানে।
কেমনে রাখিব প্রাণ হেন কৃষ্ণ-বিনে?'
৩১ এই বলি' গোপীগণ হইয়া ব্যাকুলি।
উচ্চস্বরে কান্দে, লজ্জা ত্যজি' 'কৃষ্ণ' বলি'॥
'গোবিন্দ! মাধব!' বলি' কান্দে উচ্চস্বরে।
৩২ রজনী প্রভাত হৈল হেন অবসরে॥
সন্ধ্যাকর্ম্ম করিয়া অক্রূর মতিমান্।
রামকৃষ্ণে রথে তুলি' হৈলা আগুয়ান॥
৩৩ শকট পূরিয়া দধি-দুগ্ধের কলসে।
গোপগণ সাজিয়া চলিলা চারি পাশে॥
৩৪ গোপীগণ চলিলা কৃষ্ণের অনুসারে।
'না জানি কি বোলে কৃষ্ণ প্রবোধে' আমারে?
৩৫ বুঝিয়া গোপীর ভাব প্রভু দয়াময়।
দূতমুখে প্রবোধিলা গোপীর হৃদয়॥
'আসিব গোকুলে আমি, শোক পরিহর'।
হৃদয়ে সন্তোষ করি' নিজঘরে চল॥'
এ-সব বচন তবে শুনি' গোপীগণে।
চিত্তেতে প্রবোধ করি' রহে সেইখানে॥

৩৬। যাবদালক্ষ্যতে কেতুর্যাবদ্রেণূ রথস্য চ। অনুপ্রস্থাপিতাত্মানো লেখ্যানীবোপলক্ষিতাঃ॥
৩৭। তা নিরাশা নিবর্তুর্গোবিন্দবিনিবর্ত্তনে। বিশোকা অহনী নিন্যুর্গায়ন্ত্যঃ প্রিয়চেষ্টিতম্॥
৩৮। ভগবানপি সম্প্রাপ্তো রামাক্রূরযুতো নৃপ! রথেন বায়ুবেগেন কালিন্দীমঘনাশিনীম্॥
৩৯। তত্রোপস্পৃশ্য পানীয়ং পীত্বা মৃষ্টং মণিপ্রভম্। বৃক্ষষণ্ডমুপব্রজ্য সরামো রথমাবিশৎ॥
৪০। অক্রূরস্তাবুপামন্ত্র্য নিবেশ্য চ রথোপরি। কালিন্দ্যা হ্রদমাগত্য স্নানং বিধিবদাচরৎ॥
৪১। নিমজ্জ্য তস্মিন্ সলিলে জপন্ ব্রহ্ম সনাতনম্।
তাবেব দদৃশেঽক্রূরো রামকৃষ্ণৌ সমন্বিতৌ॥
৪২। তৌ রথস্থৌ কথমিহ সুতাবানকদুন্দুভেঃ। তর্হি স্বিৎ স্যন্দনে ন স্ত ইত্যুন্মজ্জ্য ব্যচষ্ট সঃ॥
৪৩। তত্রাপি চ যথাপূর্ব্বমাসীনৌ পুনরেব সঃ। ন্যমজ্জদ্দর্শনং যন্মে মৃষা কিং সলিলে তয়োঃ?
৪৪। ভূয়স্তত্রাপি সোঽদ্রাক্ষীৎ স্তূয়মানমহীশ্বরম্। সিদ্ধ-চারণ-গন্ধর্ব্বৈরসুরৈর্নতকন্ধরৈঃ॥
৪৫। সহস্রশিরসং দেবং সহস্রফণমৌলিনম্। নীলাম্বরং বিসশ্বেতং শৃঙ্গৈঃ শ্বেতমিব স্থিতম্॥
৪৬। তস্যোৎসঙ্গে ঘনশ্যামং পীতকৌশেয়বাসসম্। পুরুষং চতুর্ভুজং শান্তং পদ্মপত্রারুণেক্ষণম্॥
৪৭। চারুপ্রসন্নবদনং চারুহাসনিরীক্ষণম্। সুভ্রূন্নসং চারুকর্ণং সুকপোলারুণাধরম্॥
৪৮। প্রলম্বপীবরভুজং তুঙ্গাংসোরঃস্থলশ্রিয়ম্। কম্বুকণ্ঠং নিম্ননাভিং বলিমৎপল্লবোদরম্॥

---

৩৬ যাবত দেখিলা রথ, রথের মণ্ডলী।
যাবত দেখিলা রথ, ধ্বজ-পত্রাবলী।
যাবত রথের রেণু দেখিলা নয়নে।
চিত্রের পুত্তলী যেন রহিলা ধেয়ানে॥

৩৭ তবে গোপী বাহুড়িয়া গেলা নিজঘর।
কৃষ্ণকথা কহি' জীউ রাখে নিরন্তর॥

৩৮ নন্দ-আদি গোপগণ, সঙ্গে হলধর।
কালিন্দীর তীরে উত্তরিলা দামোদর॥

৩৯ তীর্থজল পরশিয়া কৈলা জলপান।
বসিলা বৃক্ষের তলে রাম-ভগবান্॥

৪০ অক্রূর বসাইয়া কৃষ্ণে রথের উপরে।
আজ্ঞা লঞা গেলা তীর্থে স্নান করিবারে॥

৪১ ব্রহ্মমন্ত্র পঢ়িয়া অক্রূর কৈলা স্নান।
কেবল নিষ্কল ব্রহ্ম করিয়া ধেয়ান॥

৪২-৪৩ রাম-কৃষ্ণে দেখে তবে জলের ভিতরে।
বিস্ময় ভাবিয়া মনে চিন্তিলা বিস্তরে॥
বসুদেব-পুত্র দুই রথের উপরে।
তবে কেন দেখি এথা জলের ভিতরে?
রথে বা না থাকে, উঠি' দেখিএ তথাই।
দেখে সেইরূপে রথে আছে দুই ভাই॥
আরবার আসিয়া মজ্জিলা সেই জলে।

৪৪-৪৫ মহা-সর্পরাজ দেখে মৃণাল-ধবলে॥
সহস্রবদন, ফণা সহস্র উজ্জ্বল।
পর্ব্বতের শৃঙ্গ যেন শ্বেতকলেবর॥
অহিপতি করে' স্তুতি সুর-সিদ্ধগণে।
অমর, কিন্নর করে' বিবিধ স্তবনে॥

৪৬ তা'র কোলে দেখে এক শ্যাম-কলেবর।
পীতবাস পরিধান, পুরুষ-শেখর॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম শোভে চারি করে।
পদ্মপত্র-নয়ন, অরুণ মনোহরে॥

৪৭-৪৮ প্রসন্নবদন, চারু-হাস-আলোকন।
চারু কর্ণ, চারু ভুরু, কপোল শোভন॥
আজানুলম্বিত ভুজ, অরুণ অধর।
শ্রীবৎস-লক্ষণ, পীন উচ্চ-বক্ষঃস্থল॥
কম্বুকণ্ঠ, নাভি—গভীর-সরোবর।
ত্রিবলী-বলিত চারু উদর সুন্দর॥

৪৯। বৃহৎকটিতটশ্রোণি-করভোরুদ্বয়ান্বিতম্। চারুজানুযুগং চারুজঙ্ঘাযুগলসংযুতম্॥
৫০। তুঙ্গগুল্ফারুণনখ-ব্রাতদীধিতিভির্বৃতম্। নবাঙ্গুল্যঙ্গুষ্ঠদলৈর্বিলসৎপাদপঙ্কজম্॥
৫১। সুমহার্হমণিব্রাত-কিরীটকটকাঙ্গদৈঃ। কটিসূত্র-ব্রহ্মসূত্র-হার-নূপুর-কুণ্ডলৈঃ॥
৫২। ভ্রাজমানং পদ্মকরং শঙ্খচক্রগদাধরম্। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভং বনমালিনম্॥
৫৩। সুনন্দনন্দপ্রমুখৈঃ পার্ষদৈঃ সনকাদিভিঃ। সুরেশৈর্ব্রহ্মরুদ্রাদ্যৈর্নবভিশ্চ দ্বিজোত্তমৈঃ॥
৫৪। প্রহ্লাদনারদবসু-প্রমুখৈর্ভাগবতোত্তমৈঃ। স্তূয়মানং পৃথগ্‌ভাবৈর্বচোভিরমলাত্মভিঃ॥
৫৫। শ্রিয়া পুষ্ট্যা গিরা কান্ত্যা কীর্ত্ত্যা তুষ্ট্যেলয়োর্জ্জয়া। বিদ্যয়াঽবিদ্যয়া শক্ত্যা মায়য়া চ নিষেবিতম্॥
৫৬। বিলোক্য সুভৃশং প্রীতো ভক্ত্যা পরময়া যুতঃ। হৃষ্যত্তনূরুহো ভাব-পরিক্লিন্নাত্মলোচনঃ॥
৫৭। গিরা গদ্‌গদয়াস্তৌষীৎ সত্ত্বমালম্ব্য সাত্বতঃ। প্রণম্য মূর্দ্ধাঽবহিতঃ কৃতাঞ্জলিপুটঃ শনৈঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরপ্রতিযানং নাম একোনচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৩৯॥

---

৪৯ পৃথু কটিতট-শ্রোণি, উরু—গজ-শুণ্ড।
চারু জানুযুগ, চারু জঙ্ঘাযুগদণ্ড॥

৫০ তুঙ্গ গুল্‌ফ, অরুণ নখর চন্দ্রপাঁতি।
বিলসিত পদযুগ সরোজ-সুভাতি॥

৫১ মহামূল্য-মণিময় মুকুট-কুণ্ডল।
কটিসূত্র, ব্রহ্মসূত্র, হার মনোহর॥
কনক-নূপুর, চারু অঙ্গদ-কঙ্কণ।
৫২ বনমালা বিরাজিত, কৌস্তুভ-ভূষণ॥

৫৩ নন্দ-সুনন্দ-আদি পারিষদগণে।
চতুর্ম্মুখ, পঞ্চমুখ, সহস্রবদনে॥
সুরবৃন্দপতি যত সুরের প্রধান।
সনকাদি ব্রহ্ম-ঋষি নব দ্বিজোত্তম॥

৫৪ প্রহ্লাদ-নারদ-আদি ভকত-শেখর।
নানাভাবে স্তুতি করে' প্রণতকন্ধর॥

৫৫ শ্রীলা, পুষ্টি, তুষ্টি, কীর্ত্তি, কান্তি, ঊর্জ্জা, বাণী।
বিদ্যা, অবিদ্যা, মায়াশক্তি সেবে যদুমণি॥

৫৬ এইরূপ দেখিয়া কৃষ্ণে অক্রূর সুধীর।
ভক্তিযুক্ত পুলকিত হইলা শরীর॥

৫৭ ভাবে গদগদ-বাণী, কম্পিত অধর।
প্রণাম করিয়া স্তুতি করে' জোড়কর॥"

শ্রীল-গদাধর ভক্তি-রস-গুরু জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামূনচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৩৯॥

চত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীঅক্রূর উবাচ

১। নতোঽস্ম্যহং ত্বাখিলহেতুহেতুং, নারায়ণং পূরুষমাত্মমব্যয়ম্।
যন্নাভিজাতাদরবিন্দকোশাদ্,-ব্রহ্মাবিরাসীদ্‌যত এষ লোকঃ॥

২। ভূস্তোয়মগ্নিঃ পবনঃ খমাদি,-র্মহানজাদির্মন ইন্দ্রিয়াণি।
সর্ব্বেন্দ্রিয়ার্থা বিবুধাশ্চ সর্ব্বে, যে হেতবস্তে জগতোঽঙ্গভূতাঃ॥

৩। নৈতে স্বরূপং বিদুরাত্মনস্তে, হ্যজাদয়োঽনাত্মতয়া গৃহীতাঃ।
অজোঽনুবদ্ধঃ স গুণৈরজায়া, গুণাৎ পরং বেদ ন তে স্বরূপম্॥

৪। ত্বাং যোগিনো যজন্ত্যদ্ধা মহাপুরুষমীশ্বরম্। সাধ্যাত্মং সাধিভূতঞ্চ সাধিদৈবঞ্চ সাধবঃ॥

৫। ত্রয্যা চ বিদ্যয়া কেচিত্ত্বাং বৈ বৈতানিকা দ্বিজাঃ। যজন্তে বিততৈর্যজ্ঞৈর্নানারূপামরাখ্যয়া॥

৬। একে ত্বাঽখিলকর্ম্মাণি সন্ন্যস্যোপশমং গতাঃ। জ্ঞানিনো জ্ঞানযজ্ঞেন যজন্তি জ্ঞানবিগ্রহম্॥

৭। অন্যে চ সংস্কৃতাত্মানো বিধিনাভিহিতেন তে। যজন্তি ত্বন্ময়াস্ত্বাং বৈ বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকম্॥

৮। ত্বামেবান্যে শিবোক্তেন মার্গেণ শিবরূপিণম্। বহ্বাচার্য্যবিভেদেন ভগবন্! সমুপাসতে॥

৯। সর্ব্ব এব যজন্তি ত্বাং সর্ব্বদেবময়েশ্বরম্। যেঽপ্যন্যদেবতা ভক্তা যদ্যপ্যন্যধিয়ঃ প্রভো!

১০। যথাদ্রিপ্রভবা নদ্যঃ পর্জ্জন্যাপূরিতাঃ প্রভো! বিশন্তি সর্ব্বতঃ সিন্ধুং তদ্বত্ত্বাং গতয়োঽন্ততঃ॥

১১। সত্ত্বং রজস্তম ইতি ভবতঃ প্রকৃতের্গুণাঃ। তেষু হি প্রাকৃতাঃ প্রোতা আব্রহ্মস্থাবরাদয়ঃ॥

[পঠমঞ্জরী-রাগ]

১ নমো নমো আদিদেব, প্রভু নারায়ণ!
পুরাণ-পুরুষ তুমি অখিলকারণ॥
যাঁ'র নাভি-হ্রদে লোক-পদ্ম-উতপতি।
তাহাতে জন্মিলা ব্রহ্মা হয়্যা প্রজাপতি॥
যাঁহা হইতে হইল এ-লোক-রচনা।

২ পৃথিবী-পবন-বহ্নি-আকাশ-কল্পনা॥
মহত্তত্ত্ব, অহঙ্কার, ইন্দ্রিয়-সকল।
হঁহার নির্ম্মিত সব জীব, চরাচর॥

৩ এ-সব তোমার অঙ্গ, কেহ নাহি জানে।
ব্রহ্মাহ না জানে তত্ত্ব মায়ার বন্ধনে॥

৪ সাক্ষাত পুরুষরূপে ভজে যোগেশ্বরে।
অন্তর্যামি-রূপে কেহ উপাসনা করে'॥

৫ বেদযজ্ঞে পূজে তোমা' বেদজ্ঞ ব্রাহ্মণ।
নানারূপে নানাযজ্ঞে পূজে নানাজন॥

৬ কেহ কেহ সন্ন্যাস করিয়া শুদ্ধ হয়।
জ্ঞানযজ্ঞে পূজে তোমা' হয়্যা জ্ঞানময়॥

৭ কেহ কেহ গুরুমুখে লভিয়া সংস্কার।
বহুরূপে একরূপ চিন্তয়ে তোমার॥

৮ শিবপথে তোমাকেই ভজে শিবরূপে।
বহুগুরু-উপদেশ-ভেদে বহুলোকে॥

৯ সকলে তোমারে ভজে সর্ব্বদেবময়।
তোমা' বিনে আর কেহ নানা-দেব নয়॥

১০ 'তবে কেনে নানাদেবে ভজে নানাজনে?'
হেন যদি বল', প্রভু! কহিব কারণে॥
নানা নদনদী যেন নানা দিগে ধায়।
তবু তা'রা সভে গিয়া সমুদ্রে মিলায়॥
যেবা পথে যেবা চলে যেন-তেন-মনে।
অন্তকালে গতি লভে তুমি নারায়ণে॥

১১ প্রকৃতির গুণ—সত্ত্ব, রজ, তম তিন।
সেই গুণে সর্ব্বলোক করে' ভিন-ভিন॥
আব্রহ্ম-স্থাবর মায়াগুণের গাঁথনি।
কাহার শকতি আছে তাঁ'র তত্ত্ব জানি?

১২। তুভ্যং নমস্তে ত্ববিষক্তদৃষ্টয়ে, সর্ব্বাত্মনে সর্ব্বধিয়াঞ্চ সাক্ষিণে।
গুণপ্রবাহোঽয়মবিদ্যয়া কৃতঃ, প্রবর্ত্ততে দেবনৃতির্য্যগাত্মসু ॥
১৩। অগ্নির্মুখং তেঽবনিরঙ্ঘ্রিরীক্ষণং, সূর্য্যো নভো নাভিরথো দিশঃ শ্রুতিঃ।
দ্যৌঃ কং সুরেন্দ্রাস্তব বাহবোঽর্ণবাঃ, কুক্ষির্মরুৎ প্রাণবলং প্রকল্পিতম্ ॥
১৪। রোমাণি বৃক্ষৌষধয়ঃ শিরোরুহাঃ, মেঘাঃ পরস্যাস্থিনখানি তেঽদ্রয়ঃ।
নিমেষণং রাত্র্যহনী প্রজাপতি,-র্মেঢ্রস্তু বৃষ্টিস্তব বীর্য্যমিষ্যতে ॥
১৫। ত্বয্যব্যয়াত্মন্ ! পুরুষে প্রকল্পিতা, লোকাঃ সপালা বহুজীবসঙ্কুলাঃ।
যথা জলে সঞ্জিহতে জলৌকসোঽ,-প্যুদুম্বরে বা মশকা মনোময়ে ॥
১৬। যানি যানীহ রূপাণি ক্রীড়নার্থং বিভর্ষি হি। তৈরাম্নষ্টশুচো লোকা মুদা গায়ন্তি তে যশঃ ॥
১৭। নমঃ কারণমৎস্যায় প্রলয়াব্ধিচরায় চ। হয়শীর্ষ্ণে নমস্তুভ্যং মধুকৈটভমৃত্যবে।
১৮। অকূপারায় বৃহতে নমো মন্দরধারিণে। ক্ষিত্যুদ্ধারবিহারায় নমঃ শূকরমূর্ত্তয়ে ॥
১৯। নমস্তেঽদ্ভুতসিংহায় সাধুলোকভয়াপহ! বামনায় নমস্তুভ্যং ক্রান্তত্রিভুবনায় চ ॥
২০। নমো ভৃগূণাং পতয়ে দৃপ্তক্ষত্রবনচ্ছিদে। নমস্তে রঘুবর্য্যায় রাবণান্তকরায় চ ॥
২১। নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ ॥
২২। নমো বুদ্ধায় শুদ্ধায় দৈত্যদানবমোহিনে। ম্লেচ্ছপ্রায়ক্ষত্রহন্ত্রে নমস্তে কল্কিরূপিণে ॥

---

১২ সর্ব্বজীব-আত্মা তুমি, সাক্ষী, সর্ব্ববুদ্ধি।
তোমাতে প্রণাম মোর রহু নিরবধি ॥
তোমার মায়ায়ে করে' প্রপঞ্চ নির্ম্মাণ।
হেন তুমি অনাদি-নিধন ভগবান্ ॥

১৩-১৪ দহন—বদন তোমার, পৃথিবী—চরণ।
আকাশমণ্ডল—নাভি, দিনেশ—লোচন ॥
দশদিগ্—শ্রুতিযুগ, সুরলোক—শির।
ইন্দ্র-আদি সুরগণ—শ্রীভুজ, গম্ভীর।
সাগর—উদর তোমার, বৃক্ষ—রোমাবলি।
জলদ—কুন্তল, নখগণ—যত গিরি ॥
নিমিষ—রজনী-দিন, বীর্য্য—বরিষণ।
তোমাতে কল্পিত সব স্থাবর-জঙ্গম ॥

১৫ যেন জলজন্তু জলে করয়ে সঞ্চার।
উড়ুম্বর-ফলে যেন মশকবিহার ॥

১৬ যত যত রূপ ধর', যে যে অবতারে।
সে-সব মহিমা গাই' সুখে লোক তরে' ॥

১৭ নমো নমো মৎস্যরূপ আদ্য-অবতার!
প্রলয়-সাগর-জলে বিচিত্রবিহার ॥
হয়গ্রীবরূপে মধুকৈটভ-মর্দ্দন।
নমো নমো হয়গ্রীব, বেদ-বিচারণ ॥

১৮ নমো নমঃ কূর্ম্মরূপে দিব্য-অবতার।
অমৃতমথনে ক্ষীরসমুদ্র-বিহার ॥
নমো যজ্ঞ-কলেবর বরাহ-মূরতি।
দশন-শিখরে ধরি' উদ্ধারিলে ক্ষিতি ॥

১৯ নমো নরসিংহ, মহাদৈত্য-বিদারণ।
ত্রিভুবনে সাধুজনের ভয়-নিবারণ ॥
নমো নমো অদভুত-বিক্রম বামন।
বলি ছলি' পুরন্দরে দিলা ত্রিভুবন ॥

২০ নমো রাম ভৃগুপতি দ্বিজ-অবতার।
হরিলে ক্ষত্রিয় বধি' পৃথিবীর ভার ॥
নমো রাম রঘুবর রাবণমর্দ্দন।

২১ নমো বাসুদেব, কৃষ্ণ, দৈবকীনন্দন ॥
নমঃ সঙ্কর্ষণ, নমঃ প্রদ্যুম্ন-চরণে।
অনিরুদ্ধ-পদযুগ করিয়ে বন্দনে ॥

২২ নমো বুদ্ধরূপ, দৈত্য-দানব-মোহন।
কল্কিরূপে কৈলে ম্লেচ্ছকুল বিনাশন ॥

২৩। ভগবন্! জীবলোকোঽয়ং মোহিতস্তব মায়য়া। অহংমমেত্যসদ্‌গ্রাহো ভ্রাম্যতে কর্ম্মবর্ত্মসু ॥
২৪। অহঞ্চাত্মাত্মজাগারদারার্থস্বজনাদিষু। ভ্রমামি স্বপ্নকল্পেষু মূঢ়ঃ সত্যধিয়া বিভো!
২৫। অনিত্যানাত্মদুঃখেষু বিপর্য্যয়মতির্হ্যহম্। দ্বন্দ্বারামস্তমোবিষ্টো ন জানে ত্বাত্মনঃ প্রিয়ম্ ॥
২৬। যথাবুধো জলং হিত্বা প্রতিচ্ছন্নং তদুদ্ভবৈঃ। অভ্যেতি মৃগতৃষ্ণাং বৈ তদ্বৎ ত্বাহং পরাঙ্মুখঃ ॥
২৭। নোৎসহেঽহং কৃপণধীঃ কামকর্ম্মহতং মনঃ। রোদ্ধুং প্রমাথিভিশ্চাক্ষৈর্হ্রিয়মাণমিতস্ততঃ ॥
২৮। সোঽহং তবাঙ্ঘ্র্যুপগতোঽস্ম্যসতাং দুরাপং, তচ্চাপ্যহং ভবদনুগ্রহ ঈশ! মন্যে।
পুংসো ভবেদ্‌যর্হি সংসরণাপবর্গ,- স্ত্বয্যব্জনাভ! সদুপাসনয়া মতিঃ স্যাৎ ॥
২৯। নমো বিজ্ঞানমাত্রায় সর্ব্বপ্রত্যয়হেতবে। পুরুষেশপ্রধানায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
৩০। নমস্তে বাসুদেবায় সর্ব্বভূতক্ষয়ায় চ। হৃষীকেশ! নমস্তুভ্যং প্রপন্নং পাহি মাং প্রভো!

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরস্তুতির্নাম চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪০ ॥

---

২৩ তোমার মায়ায়ে সর্ব্বলোক বিমোহিত।
অসত্য ভাবিয়া কর্ম্মপথে নিয়োজিত ॥

২৪ দেহ-গেহ-পুত্র-দার স্বপন-সমানে।
সত্য বলি' আমি তা'তে করিয়ে ভ্রমণে ॥

২৫ অনিত্য এ-সব, সভে দুঃখ-মাত্র সার।
সত্যবুদ্ধ্যে করিয়ে তাহাতে অহঙ্কার ॥

হেন সে অধম মুঞি, মূর্খ অতিশয়।
তুমি আত্মা, বন্ধু ধন—হৃদয়ে না লয় ॥

২৬ তৃষিত জনের যেন হয় মতিনাশ।
তৃণ-আচ্ছাদিত জল আছে নিজপাশ ॥

তাহা ত্যজি' ধায় যেন মৃগতৃষ্ণা দেখি'।
এমত অধম তোমা' না দেখিল আঁখি ॥

২৭ কাম্যকর্ম্মে হত মন, নিরোধ না যায়।
ইন্দ্রিয় সবাই বলে বান্ধি' লয়্যা ধায় ॥

২৮ এখনে শরণ লৈলুঁ চরণকমলে।
অসৎ-দুরাপ দুই-পদ—বেদে বলে' ॥

যখনে সংসার-বন্ধ ছুটিবে যাহার।
অনায়াসে সাধুসঙ্গ মিলয়ে তাহার ॥

তবে তা'র মতি হয় তোমার চরণে।
সেই সে ঘটিল মোর, বুঝি অনুমানে ॥

২৯ নমো জ্ঞানদাতা প্রভু, পুরুষ-প্রধান!
সভার জ্ঞানের হেতু তুমি ভগবান্ ॥

৩০ তুমি বাসুদেব ব্রহ্ম অনন্ত-শকতি।
তোমার চরণে রহু অনন্ত প্রণতি ॥

মহাভয়-নিবারণ প্রপন্ন-পালন।
রক্ষ রক্ষ রক্ষ মোরে, প্রভু নারায়ণ!"

শ্রীল-গদাধর ধীর-শিরোমণি জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪০ ॥

একচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। স্তবতস্তস্য ভগবান্ দর্শয়িত্বা জলে বপুঃ। ভূয়ঃ সমাহরৎ কৃষ্ণো নটো নাট্যমিবাত্মনঃ ॥
২। সোঽপি চান্তর্হিতং বীক্ষ্য জলাদুন্মজ্জ্য সত্বরঃ। কৃত্বা চাবশ্যকং সর্ব্বং বিস্মিতো রথমাগমৎ ॥
৩। তমপৃচ্ছদ্ধৃষীকেশঃ কিং তে দৃষ্টমিবাদ্ভুতম্। ভূমৌ বিয়তি তোয়ে বা তথা ত্বাং লক্ষয়ামহে ॥

শ্রীঅক্রূর উবাচ

৪। অদ্ভুতানীহ যাবন্তি ভূমৌ বিয়তি বা জলে। ত্বয়ি বিশ্বাত্মকে তানি কিং মেঽদৃষ্টং বিপশ্যতঃ ?
৫। যত্রাদ্ভুতানি সর্ব্বাণি ভূমৌ বিয়তি বা জলে। তং ত্বামপশ্যতো ব্রহ্মন্ ! কিং মে দৃষ্টমিহাদ্ভুতম্ ?
৬। ইত্যুক্ত্বা চোদয়ামাস স্যন্দনং গান্দিনীসুতঃ। মথুরামনয়দ্রামং কৃষ্ণঞ্চৈব দিনাত্যয়ে ॥
৭। মার্গে গ্রামজনা রাজংস্তত্র তত্রোপসঙ্গতাঃ। বসুদেবসুতৌ বীক্ষ্য প্রীতা দৃষ্টিং ন চাদদুঃ ॥
৮। তাবদ্ব্রজৌকসস্তত্র নন্দগোপাদয়োঽগ্রতঃ। পুরোপবনমাসাদ্য প্রতীক্ষন্তোঽবতস্থিরে ॥
৯। তান্ সমেত্যাহ ভগবানক্রূরং জগদীশ্বরঃ। গৃহীত্বা পাণিনা পাণিং প্রশ্রিতং প্রহসন্নিব ॥
১০। ভবান্ প্রবিশতামগ্রে সহযানঃ পুরীং গৃহম্। বয়ং ত্বিহাবমুচ্যাথ ততো দ্রক্ষ্যামহে পুরীম্ ॥

শ্রীঅক্রূর উবাচ

১১। নাহং ভবদ্ভ্যাং রহিতঃ প্রবেক্ষ্যে মথুরাং প্রভো ! ত্যক্তুং নার্হসি মাং নাথ ! ভক্তং তে ভক্তবৎসল !
১২। আগচ্ছ যাম গেহান্ নঃ সনাথান্ কুর্বধোক্ষজ ! সহাগ্রজঃ সগোপালৈঃ সুহৃদ্ভিশ্চ সুহৃত্তম !

[বেলোয়ার-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা ! কহিব বিশেষ।
অক্রূরের স্তুতি শুনি' প্রভু হৃষীকেশ ॥
নিজরূপ সম্বরিয়া কৈলা অন্তর্দ্ধান।
২ জল হৈতে উঠিলা অক্রূর মতিমান্ ॥
নিত্যকর্ম্ম করিয়া উঠিলা নিজরথে।
৩ তবে তাঁ'রে কিছু জিজ্ঞাসিলা গোপীনাথে ॥
'অক্রূর ! তোমারে কিছু দেখিএ বিস্মিত।
জলে কি দেখিলে তুমি কিছু অদভুত ?'
৪ এ বোল শুনিঞা দিলা অক্রূর উত্তর।
'তোমা বিনে কি অদ্ভুত আছে, যদুবর ?
৫ যত অদভুত আছে এ মহীমণ্ডলে।
যত যত অদভুত আছে জলে স্থলে ॥
যত অদভুত আছে আকাশ-পাতালে।
শ্রীঅঙ্গের এক-দেশে আছয়ে সকলে ॥
হেন অদ্ভুতময় তোমারে দেখিল।
কোন্ অদভুত আর দরশন নৈল ?'

৬ এ বোল বলিয়া রথ চালায়্যা সত্বরে।
রাম-কৃষ্ণে লঞা গেলা মথুরা-নগরে ॥
৭ পথে-পথে যত গ্রাম নগর আছিল।
আসিয়া তাঁহারে লোকে আনন্দে দেখিল ॥
৮ বিলম্ব দেখিয়া নন্দ-আদি গোপগণে।
আগুবাড়ি রহিলা গিয়া পুর-উপবনে ॥
৯ ধীরে ধীরে বলরাম-অক্রূর-সহিতে।
দৈবকীনন্দন গিয়া উত্তরিলা রথে ॥
একত্র মিলিলা গিয়া দিন-অবসানে।
অক্রূরেরে তবে কৃষ্ণ বলিলা আপনে ॥
হাতে হাতে ধরিয়া বোলয়ে হৃষীকেশ।
১০ 'তুমি আগে কর' গিয়া পুর-পরবেশ ॥
রথে হৈথে নামিঞা রহিব এই স্থানে।
দেখিব কিরূপ পুরী বিচিত্র নির্ম্মাণে ॥'
১১ এ বোল শুনিয়া বলে' গান্দিনীকুমার।
'তোমা ছাড়ি' নাহি পুর-প্রবেশ আমার ॥

১৩। পুনীহি পাদরজসা গৃহান্ নো গৃহমেধিনাম্। যচ্ছৌচেনানুতৃপ্যন্তি পিতরঃ সাগ্নয়ঃ সুরাঃ॥
১৪। অবনিজ্যাঙ্ঘ্রিযুগলমাসীৎ শ্লোক্যো বলির্মহান্। ঐশ্বর্য্যমতুলং লেভে গতিঞ্চৈকান্তিনাস্তু যা॥
১৫। আপস্তেঽঙ্ঘ্র্যবনেজন্যস্ত্রীঁল্লোকান্ শুচয়োঽপুনন্। শিরসাধত্ত যাঃ শর্ব্বঃ স্বর্যাতাঃ সগরাত্মজাঃ॥
১৬। দেবদেব! জগন্নাথ! পুণ্যশ্রবণকীর্ত্তন! যদূত্তমোত্তমঃশ্লোক! নারায়ণ! নমোঽস্তু তে॥

শ্রীভগবানুবাচ

১৭। আয়াস্যে ভবতো গেহমহমার্য্যসমন্বিতঃ। যদুচক্রদ্রুহং হত্বা বিতরিষ্যে সুহৃৎপ্রিয়ম্॥

শ্রীশুক উবাচ

১৮। এবমুক্তো ভগবতা সোঽক্রূরো বিমনা ইব। পুরীং প্রবিষ্টঃ কংসায় কর্ম্মাবেদ্য গৃহং যযৌ॥
১৯। অথাপরাহ্ণে ভগবান্ কৃষ্ণঃ সঙ্কর্ষণান্বিতঃ। মথুরাং প্রাবিশদ্গোপৈর্দিদৃক্ষুঃ পরিবারিতঃ॥
২০। দদর্শ তাং স্ফাটিকতুঙ্গগোপুর,-দ্বারাং বৃহদ্ধেমকপাটতোরণাম্।
তাম্রারকোষ্ঠাং পরিখাদুরাসদা,-মুদ্যানরম্যোপবনোপশোভিতাম্॥
২১। সৌবর্ণশৃঙ্গাটকহর্ম্ম্যনিষ্কুটৈঃ, শ্রেণীসভাভির্ভবনৈরুপস্কৃতাম্।
বৈদূর্য্যবজ্রামলনীলবিদ্রুমৈ,-র্মুক্তাহরিদ্ভির্বলভীষু বেদিষু॥

না ছাড়, না ছাড়, নাথ! ভকতবৎসল।
১২ মোর ঘরে আইস তুমি দুই সহোদর॥
সগণ-বান্ধবে, নাথ! চল মোর ঘরে।
১৩ মোর ঘর পবিত্র করহ পদধূলে॥
১৪ এই পদ পাখালিয়া বলি দৈত্যেশ্বর।
জগৎ ভরিয়া যশ রাখিলা নির্ম্মল॥
একান্ত-ভকত-গতি লভিলা মুকতি।
এ পদ পূজিয়া ইন্দ্র হৈলা সুরপতি॥
১৫ এই পাদপদ্ম-জল—গঙ্গা পুণ্যময়ী।
ত্রৈলোক্য পবিত্র করে' নানা ভেদ হই॥
'দ্রবময় ব্রহ্ম' বলি' শিব ধরে' শিরে।
তরিলা সগরবংশ এই পদ-নীরে॥
১৬ দেব দেব জগন্নাথ! নাথ! নারায়ণ!
না ছাড়, না ছাড়, দেহ' চরণে শরণ॥'
১৭ অক্রূরের বচন শুনিঞা দয়াময়।
সন্তোষ-বচনে তা'র তুষিলা হৃদয়॥
'আসিব তোমার ঘরে দুই সহোদর।
কুলাধম কংস আমি বধিব সত্বর॥
পাছে বন্ধুগণে আমি করিব পীরিতি।
চল বাপু, ঘরে, তুমি বুদ্ধ্যে বৃহস্পতি॥'

১৮ কৃষ্ণের বচন শুনি' গান্দিনীনন্দন।
তবু মনে দুঃখ তা'র নহিল খণ্ডন॥
পুর পরবেশ করি' কংস-বিদ্যমানে।
কৃষ্ণ-আগমন-কথা কৈলা নিবেদনে॥
বিদায় মাগিয়া তবে গেলা নিজঘর।
এখনে যে কহি' তাহা শুন, নরেশ্বর!
১৯ সমান বালক-সঙ্গে রাম-দামোদর।
প্রবেশ করিলা তবে মথুরা-নগর॥
২০ স্ফটিকরচিত উচ্চ পুরের দুয়ার।
হেম-মণিময় মহা কপাট বিশাল॥
কনকরচিত চারু বিচিত্র তোরণ।
তাম্রের নির্ম্মিত কোঠা দেখি সুশোভন॥
বিষম দুর্লঙ্ঘ্য গড়খাই ভয়ঙ্কর।
উপবন-উদ্যান বিচিত্র থরে থর॥
২১ সুবর্ণকলস মহামন্দির-উপরে।
সারি সারি নগর দেখিতে মনোহরে॥
বহুমূল্য মণিরত্ন, বিবিধ বসন।
বহুমূল্য মহানিধি, রজত-কাঞ্চন॥
গন্ধ, পুষ্প, ভক্ষ্য, ভোজ্য, বিবিধ পসার।
সারি সারি দুই পাশে দিব্য পাটোয়ার॥

২২। জুষ্টেষু জালামুখরন্ধ্রকুট্টিমে,-ষ্বাবিষ্টপারাবতবর্হিনাদিতাম্।
সংসিক্তরথ্যাপণমার্গচত্বরাং, প্রকীর্ণমাল্যাঙ্কুরলাজতণ্ডুলাম্॥
২৩। আপূর্ণকুম্ভৈর্দধিচন্দনোক্ষিতৈঃ, প্রসূনদীপাবলিভিঃ সপল্লবৈঃ।
সবৃন্দরম্ভাক্রমুকৈঃ সকেতুভিঃ, স্বলঙ্কৃতদ্বারগৃহাং সপট্টকৈঃ॥
২৪। তাং সম্প্রবিষ্টৌ বসুদেবনন্দনৌ, বৃতৌ বয়স্যৈর্নরদেববর্ত্মনা।
দ্রষ্টুং সমীয়ুস্ত্বরিতাঃ পুরস্ত্রিয়ো, হর্ম্ম্যাণি চৈবারুরুহুর্নৃপোৎসুকাঃ॥
২৫। কাশ্চিদ্বিপর্য্যগ্ধৃতবস্ত্রভূষণা, বিস্মৃত্য চৈকং যুগলেষ্বথাপরাঃ।
কৃতৈকপত্রশ্রবণৈকনূপুরা, নাঙ্ক্ত্বা দ্বিতীয়ন্ত্বপরাশ্চ লোচনম্॥
২৬। অশ্নন্ত্য একাস্তদপাস্য সোৎসবা, অভ্যজ্যমানা অকৃতোপমজ্জনাঃ।
স্বপন্ত্য উত্থায় নিশম্য নিঃস্বনং, প্রপায়য়ন্ত্যোঽর্ভমপোহ্য মাতরঃ॥

নানা-ধাতুবিরচিত পসারবেদিকা।
মাঝে মাঝে শোভে ঘরে সোণার ভূমিকা॥
হেমবিরচিত সব ধনিক-মন্দির।
পুষ্পবন বেড়ি' সব সোণার পাঁচীর॥
শিল্পকার-ঘর সব বিচিত্র-নির্ম্মাণ।
নানা বর্ণের নানা লোক রহে স্থানে স্থান॥
বৈদূর্য্য-বিদ্রুম-বজ্র-নীলমণিময়।
মরকত-স্ফটিক-রচিত গৃহচয়॥

২২ ঘরের উপরে ঘর উচ্চ থরে থরে।
ময়ূর-কপোত নাদে' তাহার উপরে॥
রাজপথ, লোকপথ চন্দনে সিঞ্চিত।
মাল্য-ফুল-তণ্ডুল-অঙ্কুর-বিরাজিত॥

২৩ পূর্ণকুম্ভ দধি-গন্ধ-চন্দনে মণ্ডিত।
উজ্জ্বল প্রদীপ তা'র মাঝে সুশোভিত॥
তাহার উপরে ফল, পুষ্প, আম্রসার।
হেনরূপ পূর্ণকুম্ভ দেখিতে সুসার॥
সারি সারি কদলী দুয়ারে আরোপণ।
সফল গুবাক-বৃক্ষ, ধ্বজ সুশোভন॥
হেমপট্ট-অলঙ্কৃত দুয়ারে দুয়ারে।
বিচিত্র পতাকা উড়ে মন্দিরে-মন্দিরে॥

২৪ দেখিয়া বিচিত্র পুরী রামদামোদর।
প্রবেশ করিলা গিয়া গড়ের ভিতর॥
সমান-বয়স-বেশ শিশুগণ-সঙ্গে।
রাজপথে চলি' যায় দুই ভাই রঙ্গে॥
নগর-নাগরী শুনি' কৃষ্ণ-আগমন।
চৌদিগ্ ভরিয়া তা'রা করিলা গমন॥

২৫ রাম-কৃষ্ণ-কথা শুনি' পুরনারীগণ।
পাসরে আনন্দ-ভরে বসন-ভূষণ॥
অধোবস্ত্র পরে' কেহ অঙ্গের উপরে।
কেহ কেহ চরণ নূপুর পরে' করে॥
কেহ পাসরিলা এক আঁখির অঞ্জন।
কেহ পাসরিলা নিজ-অঙ্গ-আভরণ॥
কেহ পাসরিলা এক কর্ণের কুণ্ডল।
ভরমে বিস্মরি' কেহ না বান্ধে কুন্তল॥

২৬ ভোজন করিতে কেহ ভোজন ত্যজিয়া।
মর্দ্দন ত্যজিয়া, কেহ মজ্জন ছাড়িয়া॥
স্তন পিয়াইতে শিশু ফেলিয়া ভূমিতে।
রামকৃষ্ণ দেখিবারে চলিলা ত্বরিতে॥
বিস্মরিলা ভরমে যাহার যে যে কর্ম্ম।
বিস্মরিলা পতি-সুত-সেবা, গৃহধর্ম্ম॥
মুগধা নগরনারী চলিলা ত্বরিতে।
উঠিলা প্রাসাদোপরি হয়্যা হৃষ্টচিত্তে॥

২৭। মনাংসি তাসামরবিন্দলোচনঃ, প্রগল্‌ভলীলাহসিতাবলোকনৈঃ।
জহার মত্তদ্বিরদেন্দ্রবিক্রমো, দৃশাং দদচ্ছ্রীরমণাত্মনোৎসবম্॥
২৮। দৃষ্ট্বা মুহুঃ শ্রুতমনুদ্রুতচেতসস্তং, তৎপ্রেক্ষণোৎস্মিতসুধোক্ষণলব্ধমানাঃ।
আনন্দমূর্ত্তিমুপগুহ্য দৃশাত্মলব্ধং, হৃষ্যত্বচো জহুরনন্তমরিন্দমাধিম্॥
২৯। প্রাসাদশিখরারূঢ়াঃ প্রীত্যুৎফুল্লমুখাম্বুজাঃ। অভ্যবর্ষন্ সৌমনস্যৈঃ প্রমদা বলকেশবৌ॥
৩০। দধ্যক্ষতৈঃ সোদপাত্রৈঃ স্রগ্‌গন্ধৈরভ্যুপায়নৈঃ। তাবানর্চ্চুঃ প্রমুদিতাস্তত্র তত্র দ্বিজাতয়ঃ॥
৩১। ঊচুঃ পৌরা অহো গোপ্যস্তপঃ কিমচরন্ মহৎ। যা হ্যেতাবনুপশ্যন্তি নরলোকমহোৎসবৌ?
৩২। রজকং কঞ্চিদায়ান্তং রঙ্গকারং গদাগ্রজঃ। দৃষ্ট্বাযাচত বাসাংসি ধৌতান্যত্যুত্তমানি চ॥
৩৩। দেহ্যাবয়োঃ সমুচিতান্যঙ্গ! বাসাংসি চার্হতোঃ। ভবিষ্যতি পরং শ্রেয়ো দাতুস্তে নাত্র সংশয়ঃ॥
৩৪। স যাচিতো ভগবতা পরিপূর্ণেন সর্ব্বতঃ। সাক্ষেপং রুষিতঃ প্রাহ ভৃত্যো রাজ্ঞঃ সুদুর্ম্মদঃ॥
৩৫। ঈদৃশান্যেব বাসাংসি নিত্যং গিরিবনেচরাঃ। পরিধত্ত কিমুদ্বৃত্তা রাজদ্রব্যাণ্যভীপ্সথ?
৩৬। যাতাশু বালিশা মৈবং প্রার্থ্যং যদি জিজীবিষা। বধ্নন্তি ঘ্নন্তি লুম্পন্তি দৃপ্তং রাজকুলানি বৈ॥

---

২৭ রসিক-শেখর কৃষ্ণ জানি' সর্ব্বচিত্ত।
ভ্রূভঙ্গ-লীলাচ্ছলে চাহে চারিভিত॥
হরিলা নাগরীমন মত্তগজ-লীলা।
মোহিলা নাগরী দেখি' মনমথ-খেলা॥

২৮ আনন্দ-মূরুতি হরি শুনিলা শ্রবণে।
কেবল-লাবণ্য-ধাম দেখিলা নয়নে॥
প্রভুর কটাক্ষপাতে আনন্দ-উদয়।
গাঢ় আলিঙ্গন দিলা ধরিয়া হৃদয়॥
খণ্ডিল মদন-ব্যথা, পুলকিত অঙ্গ।
কহনে না যায়, যত বাঢ়িল আনন্দ॥

২৯ মন্দির-উপরে উঠি' পুর-নারীগণ।
আনন্দে শ্রীমুখ-পদ্ম করে' নিরীক্ষণ॥
পুষ্পবরিষণ করি' প্রভুর উপরে।
ভাসিলা নগর-নারী আনন্দসাগরে॥

৩০ পথে পথে রাম-কৃষ্ণে পূজে দ্বিজবর।
ধান্য, দূর্ব্বা, গন্ধ-পুষ্প দিয়া উপহার॥

৩১ পুরনারী বলে',—'গোপী কোন্ তপ কৈলা?
এমন আনন্দধাম সদাই দেখিলা'॥

৩২ এইরূপে যা'ন প্রভু হরষিতমনে।
পথে দরশন হৈল রজকের সনে॥
রজক দেখিয়া প্রভু মধুর-বচনে।
রজকের সঙ্গে কিছু কৈলা সম্ভাষণে॥
'শুন, হে রজক ভাই! আমার বচন।
পরিবার যোগ্য দেহ' মোদিগে বসন॥

৩৩ তোমার নিকটে হৈব পরমকল্যাণ।
পরিবার যোগ্য দেহ' দিব্যপরিধান॥'

৩৪ পরিপূর্ণ প্রভু যদি মাগিলা বসন।
রুষিল রজক বেটা, ক্রোধে অচেতন॥
সহজে অলপ-জাতি, অত্যন্ত মুখর।
রাজার কিঙ্কর, তা'র নাহি কারেও ডর॥

৩৫ 'কি বোল বলিলি, আরে শিশু, উনমত্ত।
কভু কি শুনিস্ নাঞি রাজার মহত্ত্ব?
বনে বৈস তুমি-সব গোয়াল-ছাওয়াল।
রাজ-দ্রব্য চাহিতে কি তো'র অধিকার?

৩৬ গোপজাতি শিশুমতি মূর্খ, অগেয়ান।
নিশ্চয়ে যাহ, যদি রাখিবে পরাণ॥
কাটে, ছিঁড়ে, বান্ধে, মারে রাজার কিঙ্করে।
দুষ্ট পাইলে তা'রা বিচার না করে'॥
অরণ্যে, পর্ব্বতে সদা বাস তো'-সভার।
রাজপুরে আসি' এত তো'র অহঙ্কার?'

৩৭। এবং বিকত্থমানস্য কুপিতো দেবকীসুতঃ। রজকস্য করাগ্রেণ শিরঃ কায়াদপাতয়ৎ॥
৩৮। তস্যানুজীবিনঃ সর্ব্বে বাসঃকোশান্ বিসৃজ্য বৈ।
দুদ্রুবুঃ সর্ব্বতো মার্গং বাসাংসি জগৃহেঽচ্যুতঃ॥
৩৯। বসিত্বাত্মপ্রিয়ে বস্ত্রে কৃষ্ণঃ সঙ্কর্ষণস্তথা। শেষাণ্যাদত্ত গোপেভ্যো বিসৃজ্য ভুবি কানিচিৎ॥
৪০। ততস্তু বায়কঃ প্রীতস্তয়োর্বেষমকল্পয়ৎ। বিচিত্রবর্ণৈশ্চেলৈরাকল্পৈরনুরূপতঃ॥
৪১। নানালক্ষণবেষাভ্যাং কৃষ্ণরামৌ বিরেজতুঃ। স্বলঙ্কৃতৌ বালগজৌ পর্ব্বণীব সিতেতরৌ॥
৪২। তস্য প্রসন্নো ভগবান্ প্রাদাৎ সারূপ্যমাত্মনঃ। শ্রিয়ঞ্চ পরমাং লোকে বলৈশ্বর্য্যস্মৃতীন্দ্রিয়ম্॥
৪৩। ততঃ সুদাম্নো ভবনং মালাকারস্য জগ্মতুঃ। তৌ দৃষ্ট্বা স সমুত্থায় ননাম শিরসা ভুবি॥
৪৪। তয়োরাসনমানীয় পাদ্যঞ্চার্ঘ্যার্হণাদিভিঃ। পূজাং সানুগয়োশ্চক্রে স্রক্তাম্বূলানুলেপনৈঃ॥
৪৫। প্রাহ নঃ সার্থকং জন্ম পাবিতঞ্চ কুলং প্রভো! পিতৃদেবর্ষয়ো মহ্যং তুষ্টা হ্যাগমনেন বাম্॥
৪৬। ভবন্তৌ কিল বিশ্বস্য জগতঃ কারণং পরম্। অবতীর্ণাবিহাংশেন ক্ষেমায় চ ভবায় চ॥
৪৭। নহি বাং বিষমা দৃষ্টিঃ সুহৃদোর্জগদাত্মনোঃ। সময়োঃ সর্ব্বভূতেষু ভজন্তং ভজতোরপি॥
৪৮। তাবাজ্ঞাপয়তং ভৃত্যং কিমহং করবাণি বাম্? পুংসোঽত্যনুগ্রহো হ্যেষ ভবদ্ভির্যন্নিযুজ্যতে॥

---

৩৭ রজকের বচন শুনিঞা বনমালী।
নির্ঘাত মারিলা কান্ধে অঙ্গুলির বাড়ি॥
ছিণ্ডিয়া পড়িল মুণ্ড, হৈল দুইখান।

৩৮ পলাইল সব ভৃত্য রাখিয়া পরাণ॥
বড় বড় বস্ত্র-কোষ ভূমিতে ফেলিয়া।
অনুচরগণ গেল চৌদিকে পলায়্যা॥

৩৯ বাছিয়া উত্তমবস্ত্র পরে' দামোদর।
আপনার প্রিয় বস্ত্র পরে' হলধর॥
গোপগণে দিলা বস্ত্র বিবিধ-বিশেষ।
ভূমিতে ফেলিলা আর যত ছিল শেষ॥
এইরূপে কথো দূর যায় বনমালী।
মোহন বালক-সঙ্গে করি' নানা কেলি॥

৪০ ধন্য এক তন্তুবায় তথায় আছিল।
রাম-কৃষ্ণে দেখি' তা'র আনন্দ বাঢ়িল॥
বিচিত্র-বসনে অঙ্গে কৈলা নিরমাণ।
বিবিধ ভূষণ-বেশ, বিবিধ লক্ষণ॥
সকল সৌন্দর্য্য-রূপ-লাবণ্যের ধাম।
দেখিতে বিশেষ শোভা জিনি' কোটি কাম॥

৪১ যেন শুক্ল-কৃষ্ণ বালগজ অলঙ্কৃত।
রাম-কৃষ্ণ দুই ভাই দেখি সুশোভিত॥

৪২ প্রসন্ন হইয়া বর দিলা ভগবান্।
বল-বীর্য্য-ঐশ্বর্য্য-সম্পদ্-তত্ত্বজ্ঞান॥
অন্তকালে তা'রে দিলা সারূপ্য-মুকতি।

৪৩ মালাকার-ঘরে তবে গেলা যদুপতি॥
ধন্য মহামতি সে সুদামা মালাকার।
দণ্ডবৎ হয়্যা পড়ি' কৈলা নমস্কার॥

৪৪ আদরে পূজিয়া তবে বসায়্যা আসনে।
পাদ্য-অর্ঘ্য-গন্ধ-পুষ্পে পূজিলা বিধানে॥
দিব্যমাল্যে ভূষিল দোঁহার কলেবর।
দিব্য অঙ্গ-বিলেপন, তাম্বূল মনোহর॥

৪৫ মালাকার বলে',—'মোর জনম সফল।
আজি মোর কুল হৈল পবিত্র সকল॥
পিতৃগণ তুষ্ট হৈলা, দেব-ঋষিগণ।
অখিল-ব্রহ্মাণ্ডনাথ কৈলা আগমন॥

৪৬ বিশ্ব-পরিত্রাণ-হেতু কৈলে অবতার।

৪৭ নিজ-পর-বুদ্ধি প্রভু নাহিক তোমার॥
জগতের আত্মা, প্রভু, জগত-সুহৃদ্।
সর্ব্বভূতে সমদৃষ্টি, নাহি ভিন্নরীত॥

৪৮ অনুগ্রহ এই মোকে কর' একবার।
আজ্ঞা কর'—কোন্ কর্ম্ম করিব তোমার?'

৪৯। ইত্যভিপ্রেত্য রাজেন্দ্র ! সুদামা প্রীতমানসঃ। শস্তৈঃ সুগন্ধৈঃ কুসুমৈর্মালা বিরচিতা দদৌ ॥
৫০। তাভিঃ স্বলঙ্কৃতৌ প্রীতৌ কৃষ্ণরামৌ সহানুগৌ। প্রণতায় প্রপন্নায় দদতুর্বরদৌ বরান্ ॥
৫১। সোঽপি বব্রেঽচলাং ভক্তিং তস্মিন্নেবাখিলাত্মনি। তদ্ভক্তেষু চ সৌহার্দ্দং ভূতেষু চ দয়াং পরাম্ ॥
৫২। ইতি তস্মৈ বরং দত্ত্বা শ্রিয়ঞ্চান্বয়বর্দ্ধিনীম্। বলমায়ুর্যশঃ কান্তিং নির্জগাম সহাগ্রজঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমথুরাপুরপ্রবেশো নাম একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১ ॥

---

৪৯ এতেক বচন তবে বলি' মালাকার।
সুগন্ধি কুসুমমালা দিলা পুনর্বার ॥
৫০ শিশুগণ-সঙ্গে মালা পরিয়া মুরারি।
তুষ্ট হয়্যা বর দিলা বর-অধিকারী ॥
৫১ সুদামা মাগিলা বর—চরণে ভকতি।
ভকত-জনের সহ সৌহার্দ্দ-পীরিতি ॥
সর্ব্বভূতে সমদয়া—মাগোঁ এই বর।
৫২ সেই বর দিলা তবে বরের ঈশ্বর ॥
অতুল-সম্পত্তি দিলা বল-বীর্য্য-যশ।
দীর্ঘ-পরমায়ু দিলা হয়্যা তা'র বশ ॥
বলরাম-সহ প্রভু শিশুগণ-সঙ্গে।
চলিলা মথুরাপুরী নিজ-রস-রঙ্গে ॥"

জান গুরু-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১ ॥

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথ ব্রজন্ রাজপথেন মাধবঃ, স্ত্রিয়ং গৃহীতাঙ্গবিলেপভাজনাম্।
বিলোক্য কুব্জাং যুবতীং বরাননাং, পপ্রচ্ছ যান্তীং প্রহসন্ রসপ্রদঃ ॥
২। কা ত্বং বরোর্বেতদুহানুলেপনং, কস্যাঙ্গনে ! বা কথয়স্ব সাধু নঃ ?
দেহ্যাবয়োরঙ্গবিলেপমুত্তমং, শ্রেয়স্ততস্তে ন চিরাদ্ভবিষ্যতি ॥

শ্রীসৈরন্ধ্র্যুবাচ

৩। দাস্যস্ম্যহং সুন্দর ! কংসসম্মতা, ত্রিবক্রনামা হ্যনুলেপকর্ম্মণি।
মদ্ভাবিতং ভোজপতেরতিপ্রিয়ং, বিনা যুবাং কোঽন্যতমস্তদর্হতি ?

[বসন্ত-রাগ]

১ রাজপথে যা'ন প্রভু, সঙ্গে হলধর।
চৌদিগে বালকগণ অতি মনোহর ॥
কতদূরে দেখিলা কুবজা বরনারী।
নবীন-যৌবনা সে যে পরম-সুন্দরী ॥
রসিক-নাগর-গুরু ঈষৎ হাসিয়া।
জিজ্ঞাসিলা তা'রে কিছু প্রসন্ন হইয়া ॥

২ 'কোথা হৈতে কোথা যাহ, কি নাম তোমার ?
কা'র তরে বহ' তুমি গন্ধের পসার ?
কাহার বনিতা তুমি, কোথায় বসতি ?
কহিবে স্বরূপে তুমি, ওহে রূপবতি !
অগ্রজের তরে দেহ' দিব্য বিলেপন।
কিছু গন্ধ দেহ' আমি করিব লেপন ॥
পরুক উত্তমগন্ধ মোর সখাগণে।'
৩ কুবুজী বোলয়ে তবে হরষিত-মনে ॥

৪। রূপপেশলমাধুর্য্য-হসিতালাপবীক্ষিতৈঃ। ধর্ষিতাত্মা দদৌ সান্দ্রমুভয়োরনুলেপনম্ ॥
৫। ততস্তাবঙ্গরাগেণ স্ববর্ণেতরশোভিনা। সম্প্রাপ্তপরভাগেন শুশুভাতেঽনুরঞ্জিতৌ ॥
৬। প্রসন্নো ভগবান্ কুব্জাং ত্রিবক্রাং রুচিরাননাম্। ঋজ্বীং কর্ত্তুং মনশ্চক্রে দর্শয়ন্ দর্শনে ফলম্ ॥
৭। পদ্ভ্যামাক্রম্য প্রপদে দ্ব্যঙ্গুল্যুত্তানপাণিনা। প্রগৃহ্য চিবুকেঽধ্যাত্মমুদনীনমদচ্যুতঃ ॥
৮। সা তদর্জুসমানাঙ্গী বৃহচ্ছ্রোণিপয়োধরা। মুকুন্দস্পর্শনাৎ সদ্যো বভূব প্রমদোত্তমা ॥
৯। ততো রূপগুণৌদার্য্য-সম্পন্না প্রাহ কেশবম্। উত্তরীয়ান্তমাকৃষ্য স্ময়ন্তী জাতহৃচ্ছয়া ॥
১০। এহি বীর! গৃহং যামো ন ত্বাং ত্যক্তুমিহোৎসহে। ত্বয়োন্মথিতচিত্তায়াঃ প্রসীদ পুরুষর্ষভ!
১১। এবং স্ত্রিয়া যাচ্যমানঃ কৃষ্ণো রামস্য পশ্যতঃ। মুখং বীক্ষ্যানু গোপানাং প্রহসংস্তামুবাচ হ ॥
১২। এষ্যামি তে গৃহং সুভ্রু! পুংসামাধিবিকর্শনম্। সাধিতার্থোঽগৃহাণাং নঃ পান্থানাং ত্বং পরায়ণম্ ॥
১৩। বিসৃজ্য মাধ্ব্যা বাণ্যা তাং ব্রজন্ মার্গে বণিক্পথৈঃ।
নানোপায়নতাম্বূলস্রগ্গন্ধৈঃ সাগ্রজোঽর্চ্চিতঃ ॥
১৪। তদ্দর্শনস্মরক্ষোভাদাত্মানং নাবিদন্ স্ত্রিয়ঃ। বিস্রস্তবাসঃকবর-বলয়ালেখ্যমূর্ত্তয়ঃ ॥
১৫। ততঃ পৌরান্ পৃচ্ছমানো ধনুষঃ স্থানমচ্যুতঃ। তস্মিন্ প্রবিষ্টো দদৃশে ধনুরৈন্দ্রমিবাদ্ভুতম্ ॥

'ত্রিবঙ্কা আমার নাম কংসের কিঙ্করী।
আমি ভাল গন্ধ-বিলেপন সজ্জ করি ॥
ভোজপতি পরে' এই গন্ধ সবেমাত্র।
তোমা'-সবা-বিনে আর কেবা যোগ্য পাত্র ?'

৪-৫ মধুরবচন, মধুহসিত-মূরতি।
দেখিয়া মোহিত হৈলা কুবজা যুবতী ॥
শ্যাম-অঙ্গে দিলা গন্ধ শুক্ল, সুবরণ।
শ্বেত-অঙ্গে কৃষ্ণবর্ণ দিলা বিলেপন ॥
যাঁ'র যেন যোগ্য গন্ধ দিলা শিশুগণে।
রাম-কৃষ্ণ শোভে কোটি জিনিঞা মদনে ॥

৬ 'ভাঙ্গিয়া অঙ্গের কুঁজ করিয়া সোসর।
লোকে দেখাইব নিজ-দরশনফল ॥'

৭ ভাবিয়া যুকতি মনে হয়্যা পরসন্ন।
থাবা দিয়া কুবজীরে ধরিলা সেইক্ষণ ॥
চরণে চরণ তা'র ধরিলা চাপিয়া।
বাম-হস্ত-অঙ্গুলে চিবুক পরশিয়া ॥
উবুড় করিয়া তা'র নুঙাইলা অঙ্গ।
সমরূপ হৈল তা'র তিন ঠাঞি বঙ্ক ॥

৮ দিব্য-রূপ-বেশ হৈল কৃষ্ণ-পরশনে।
নানাগুণ-শীল-বুদ্ধি হৈল সেইক্ষণে ॥

৯ অঞ্চলে ধরিলা কৃষ্ণে কামে বিমোহিতা।

১০ 'আইস মোহার ঘরে, না কর' বঞ্চিতা ॥
আকুল হৃদয় মোর তোমা'-দরশনে।
না ছাড়িমু, প্রভু! তুমি যাইবে কেমনে ?

১১ এতেক বচন শুনি' রসিক-প্রধান।
মনে লজ্জা পাইলা কিছু দেখি' বলরাম ॥

১২ 'আসিব তোমার ঘরে কার্য্যসিদ্ধি করি'।
ইহাতে অন্যথা নাহি শুনহ, সুন্দরি!
বেশ্যা-ঘর পথিকের বিশ্রামের স্থান।
না কর' বিস্ময় মনে, কহি বিদ্যমান ॥'

১৩ কুব্জারে পাঠায়্যা দিলা মধুর বচনে।
বণিক্-বর্ণের সঙ্গে পথে দরশনে ॥
দেখিয়া বণিক্বর্গ দুই মহাবীর।
আনন্দে পূরিল চিত্ত, পুলক-শরীর ॥
গন্ধ, পুষ্প, তাম্বুল, বিবিধ উপহারে।
রাম-কৃষ্ণ দুই ভাই পূজিলা আদরে ॥

১৪ মনোহর বেশ দেখি' নগর-নাগরী।
বাহ্য পাসরিলা যেন চিত্রের পুতলী ॥

১৫ পথে-পথে পুছে প্রভু দেখি' পুরজনে।
'কহ, ভাই! ধনুর মন্দির কোন্ স্থানে ?'

১৬। পুরুষৈর্বহুভির্গুপ্তমর্চ্চিতং পরমর্দ্ধিমৎ। বার্য্যমাণো নৃভিঃ কৃষ্ণঃ প্রসহ্য ধনুরাদদে ॥
১৭। করেণ বামেন সলীলমুদ্ধৃতং, সজ্যঞ্চ কৃত্বা নিমিষেণ পশ্যতাম্।
নৃণাং বিকৃষ্য প্রবভঞ্জ মধ্যতো, যথেক্ষুদণ্ডং মদকর্য্যরুক্রমম্ ॥
১৮। ধনুষো ভজ্যমানস্য শব্দঃ খং রোদসী দিশঃ। পূরয়ামাস যং শ্রুত্বা কংসস্ত্রাসমুপাগমৎ ॥
১৯। তদ্রক্ষিণঃ সানুচরাঃ কুপিতা আততায়িনঃ। গ্রহীতুকামা আবব্রুর্গৃহ্যতাং বধ্যতামিতি ॥
২০। অথ তান্ দুরভিপ্রায়ান্ বিলোক্য বলকেশবৌ। ক্রুদ্ধৌ ধনুষ আদায় শকলে তাংশ্চ জঘ্নতুঃ ॥
২১। বলঞ্চ কংসপ্রহিতং হত্বা শালামুখাত্ততঃ। নিষ্ক্রম্য চেরতুর্হৃষ্টৌ নিরীক্ষ্য পুরসম্পদঃ।
২২। তয়োস্তদদ্ভুতং বীর্য্যং নিশাম্য পুরবাসিনঃ। তেজঃ প্রাগল্ভ্যং রূপঞ্চ মেনিরে বিবুধোত্তমৌ ॥
২৩। তয়োর্বিচরতোঃ স্বৈরমাদিত্যোঽস্তমুপেয়িবান্। কৃষ্ণরামৌ বৃতৌ গোপৈঃ পুরাচ্ছকটমীয়তুঃ ॥
২৪। গোপ্যো মুকুন্দবিগমে বিরহাতুরা যা, আশাসতাশিষ ঋতা মধুপুর্য্যভূবন্।
সম্পশ্যতাং পুরুষভূষণগাত্রলক্ষ্মীং, হিত্বেতরান্ নু ভজতশ্চকমেঽয়নং শ্রীঃ ॥
২৫। অবনিক্তাঙ্ঘ্রিযুগলৌ ভুক্ত্বা ক্ষীরোপসেচনম্। ঊষতুস্তাং সুখং রাত্রিং জ্ঞাত্বা কংসচিকীর্ষিতম্ ॥
২৬। কংসস্তু ধনুষো ভঙ্গং রক্ষিণাং স্ববলস্য চ। বধং নিশম্য গোবিন্দরামবিক্রীড়িতং পরম্ ॥

পুছিতে পুছিতে গেলা তাহার নিকট।
দেখিলা ধনুক তথা প্রাচীরে প্রকট ॥
১৬ ধরাধরি করি' রাখে দ্বারেতে প্রহরী।
প্রবেশ করিলা কৃষ্ণ হুড়াহুড়ি করি' ॥
গন্ধ-পুষ্প-ধূপ-দীপে করিয়া অর্চ্চনা।
আসনেতে করিয়াছে ধনুর স্থাপনা ॥
নানা পরিচ্ছদ-দিব্যভূষণে ভূষিত।
যেন ইন্দ্রধনু শোভে জগৎ-পূজিত ॥
১৭ দেখিয়া বিচিত্র ধনু প্রভু যদুরায়।
বামহস্ত দিয়া ধনু তুলিলা লীলায় ॥
গুণ চড়াইতে ধনু হৈল দুইখান।
১৮ উঠিল শবদ, দশ দিক্ কম্পমান ॥
ধনুখান ভাঙ্গিল, শব্দ গেল দূর।
ক্ষিতিতল কাঁপিল, কাঁপিল সুরপুর ॥
কিরূপে ধরিলা ধনু, তিলেকে ভাঙ্গিল।
দেখিতে আছয়ে লোক, কিছু না বুঝিল ॥
শবদ শুনিঞা কংসের লাগিল তরাস।
১৯ যতেক রক্ষকগণ বেড়ে চারি পাশ ॥
অস্ত্র-শস্ত্র ধরে' তা'রা কোপে প্রজ্জ্বলিত।
ধর' মার' বলিয়া বেঢ়িল চারিভিত ॥

২০ ভগ্ন ধনু দুই খান ধরি' দুই ভাই।
সকল রক্ষকগণে বধিলা তথাই ॥
২১ আর যত সৈন্য পাঠাইল কংসাসুরে।
ধনুর প্রহার করি' বধিলা তাহারে ॥
বাহিরে আসিয়া কৃষ্ণ বেড়ায় নগরে।
মধুপুরী-শোভা দেখে হরিষ-অন্তরে ॥
২২ দেখিয়া কৃষ্ণের তেজ, বল, বীর্য্য, রূপ।
লীলায় ভাঙ্গিলা ধনু অতি অদভুত ॥
'সর্ব্বদেবোত্তম রাম-কৃষ্ণ দুই ভাই।'
পুরজনে এই কথা কহে ঠাঞি ঠাঞি ॥
২৩ এইরূপে খেলে বলরাম-হৃষীকেশ।
দিনমণি অস্ত গেল, সন্ধ্যা পরবেশ ॥
তথাই আছিল এক নন্দের আবাস।
তথা গিয়া গোপগণ করিলেক বাস ॥
রাম-কৃষ্ণ দুই ভাই শিশুগণ-সঙ্গে।
পথে-পথে তথা গিয়া উত্তরিলা রঙ্গে ॥
২৫ পদযুগ পাখালিলা, শ্রীঅঙ্গ মার্জ্জনে।
অমৃত ভোজন করি' করিলা শয়নে ॥
সুখে শুইয়া রজনী বঞ্চিলা গোপগণে।
২৬ ধনু ভাঙ্গা গেল, কংস শুনে নিজকাণে ॥

২৭। দীর্ঘপ্রজাগরো ভীতো দুর্নিমিত্তানি দুর্ম্মতিঃ। বহূন্যচষ্টোভয়থা মৃত্যোর্দৌত্যকরাণি চ ॥
২৮। অদর্শনং স্বশিরসঃ প্রতিরূপে চ সত্যপি। অসত্যপি দ্বিতীয়ে চ দ্বৈরূপ্যং জ্যোতিষাং তথা
২৯। ছিদ্রপ্রতীতিশ্ছায়ায়াং প্রাণঘোষানুপশ্রুতিঃ। স্বর্ণপ্রতীতির্বৃক্ষেষু স্বপদানামদর্শনম্ ॥
৩০। স্বপ্নে প্রেতপরিষ্বঙ্গঃ খরযানং বিষাদনম্। যায়ান্নলদমাল্যেকস্তৈলাভ্যক্তো দিগম্বরঃ ॥
৩১। অন্যানি চেত্থম্ভূতানি স্বপ্নজাগরিতানি চ। পশ্যন্ মরণসন্ত্রস্তো নিদ্রাং লেভে ন চিন্তয়া ॥
৩২। ব্যুষ্টায়াং নিশি কৌরব্য! সূর্য্যে চাস্তায় সমুত্থিতে।
কারয়ামাস বৈ কংসো মল্লক্রীড়ামহোৎসবম্ ॥
৩৩। আনর্চ্চুঃ পুরুষা রঙ্গং তূর্য্যভের্য্যশ্চ জঘ্নিরে।
মঞ্চাশ্চালঙ্কৃতাঃ স্রগ্‌ভিঃ পতাকাচৈলতোরণৈঃ ॥
৩৪। তেষু পৌরা জানপদা ব্রহ্মক্ষত্রপুরোগমাঃ। যথোপজোষং বিবিশূ রাজানশ্চ কৃতাসনাঃ ॥
৩৫। কংসঃ পরিবৃতোঽমাত্যৈ রাজমঞ্চ উপাবিশৎ। মণ্ডলেশ্বরমধ্যস্থো হৃদয়েন বিদূয়তা ॥
৩৬। বাদ্যমানেষু তূর্য্যেষু মল্লতালোত্তরেষু চ। মল্লাঃ স্বলঙ্কৃতা দৃপ্তাঃ সোপাধ্যায়াঃ সমাসত ॥
৩৭। চাণূরো মুষ্টিকঃ কূটঃ শলস্তোশল এব চ। ত আসেদুরুপস্থানং বল্গুবাদ্যপ্রহর্ষিতাঃ ॥

সর্ব্ব-সৈন্য রাম-কৃষ্ণ কৈলা নিপাতনে।
কংসাসুর শুনিঞা চিন্তিল মনে-মনে ॥
এই রাম-দামোদর-অদ্ভুত-বিহার।
শুনিয়া কংসের মনে লাগে চমৎকার ॥
২৭ ভয়ে নিদ্রা না যায়, জাগয়ে নিরন্তর।
মৃত্যু-হেতু কুলক্ষণ দেখিল বিস্তর ॥
২৮ দর্পণে ধরিয়া যদি নিজমুখ চায়।
আপনে আপন মাথা দেখিতে না পায় ॥
আপনার দুই মূর্ত্তি দেখে বিদ্যমানে।
চন্দ্র-সূর্য্য দুই দুই দেখে স্থানে-স্থানে ॥
২৯ আপনার নিজ-ছায়া দেখে ছিদ্রময়।
প্রাণঘোষ-ধ্বনি তা'র শ্রবণে না লয় ॥
আপনার পদযুগ না দেখে আপনে।
৩০ তবে আর নানারূপ দেখিল স্বপনে ॥
স্বপনে মরার অঙ্গ করে' আলিঙ্গন।
বিষপান, খর-যান করে' আরোহণ ॥
জবাপুষ্পমালা গলে দেখে দিগম্বর।
দেখয়ে তিতিয়া আছে তৈলে কলেবর ॥
৩১ এইরূপ দেখে কংস নানা কুলক্ষণ।
নিদ্রা নাহি গেল ভয়ে দেখিয়া মরণ ॥

৩২ রাত্রি-অবশেষে কংস উঠি' ভয় মনে।
মল্লকেলি-রচনা রচয়ে স্থানে-স্থানে ॥
৩৩ রঙ্গভূমি পূজে কংস বিবিধ-বিধানে।
শঙ্খ-ভেরী বহুবিধ বাজয়ে বাজনে ॥
মঞ্চ সব ভূষিল বিবিধ অলঙ্কারে।
পতাকা-তোরণধ্বজ তুলিল উপরে ॥
রাজমঞ্চ, নরমঞ্চ সাজিল বিস্তর।
৩৪ মঞ্চে-মঞ্চে পুরজন বসিল সকল ॥
ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য, যত শূদ্র-জাতি।
রাজমঞ্চে বসিল যতেক নরপতি ॥
৩৫ মহামঞ্চে বসিল আপনে কংস-রায়।
পাত্র-মিত্র-মন্ত্রিগণ চৌদিগে দাণ্ডায় ॥
বসিল মণ্ডলেশ্বর চিন্তিত-অন্তরে।
৩৬ তূরী-ভেরী-মৃদঙ্গ-বাজন-কোলাহলে ॥
গুরু-শিষ্য-ভেদে যত আছে মল্লগণ।
মল্লবেশ কৈল তা'রা অঙ্গের সাজন ॥
প্রবেশ করিল তা'রা দিয়া মল্লতাল।
রঙ্গভূমি টলমল, গর্জ্জন বিশাল ॥
৩৭ চাণূর, মুষ্টিক, কূট, শল ও তোশল।
আর যত মহামল্ল আছে ভয়ঙ্কর ॥

৩৮। **নন্দগোপাদয়ো গোপা ভোজরাজসমাহৃতাঃ।**
নিবেদিতোপায়নাস্তে একস্মিন্ মঞ্চ আবিশন্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে মল্লরঙ্গোপবর্ণনং নাম দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪২॥

হরিষে নাচয়ে তা'রা রঙ্গভূমি-মাঝে।
কোলাহল-শবদ, তুমুল বাদ্য বাজে॥
৩৮ নন্দ-আদি গোপগণে আনিল ডাকিয়া।
রাজারে ভেটিলা তাঁ'রা উপহার দিয়া॥
এক পাশ হয়্যা তাঁ'রা বসিলা সম্ভ্রমে।
কংসের বেভার দেখি' চমকিত-মনে॥"
জান গুরু-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪২॥

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **অথ কৃষ্ণশ্চ রামশ্চ কৃতশৌচৌ পরন্তপ! মল্লদুন্দুভিনির্ঘোষং শ্রুত্বা দ্রষ্টুমুপেয়তুঃ॥**
২। **রঙ্গদ্বারং সমাসাদ্য তস্মিন্নাগমবস্থিতম্। অপশ্যৎ কুবলয়াপীড়ং কৃষ্ণোঽম্বষ্ঠপ্রচোদিতম্॥**
৩। **বদ্ধা পরিকরং শৌরিঃ সমুহ্য কুটিলালকান্। উবাচ হস্তিপং বাচা মেঘনাদগভীরয়া॥**
৪। **অম্বষ্ঠাম্বষ্ঠ! মার্গং নৌ দেহ্যপক্রম মা চিরম্। নো চেৎ সকুঞ্জরং ত্বাদ্য নয়ামি যমসাদনম্॥**
৫। **এবং নির্ভর্ৎসিতোঽম্বষ্ঠঃ কুপিতঃ কোপিতং গজম্। চোদয়ামাস কৃষ্ণায় কালান্তকযমোপমম্॥**
৬। **করীন্দ্রস্তমভিদ্রুত্য করেণ তরসাগ্রহীৎ। করাদ্বিগলিতঃ সোঽমুং নিহত্যাঙ্ঘ্রিষ্বলীয়ত॥**
৭। **সংক্রুদ্ধস্তমচক্ষাণো ঘ্রাণদৃষ্টিঃ স কেশবম্। পরামৃশৎ পুষ্করেণ স প্রসহ্য বিনির্গতঃ॥**

[বসন্ত রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা! কর' অবধানে।
রাম-কৃষ্ণ উঠিলা রজনী-অবসানে॥
নিত্যকর্ম্ম সমাধিয়া আছেন তথাই।
মল্লঘোষ শুনিঞা উঠিলা দুই ভাই॥
২ কৌতুক দেখিতে আইলা রাজার দুয়ারে।
মহাগজ দেখে তথা পর্ব্বত-আকারে॥

[কানড়া-রাগ]

৩ দুয়ারে করিবর, দেখিয়া দামোদর,
বান্ধল দৃঢ় পরকরে।
কুটিল-কুন্তল, বান্ধল দৃঢ়তরে,
রহল যেন বীরবরে॥
মেঘ-নাদ করি', ডাকিয়া বলে' হরি,
৪ পালাহ, মাহুত! ঝাট রে।
যাবত যম-ঘরে, পাঠাও নাহি তো'রে,
তাবত ছাড়ি' দেহ' বাট রে॥ ধ্রু॥
৫ হরির কটু-বাণী, মাহুত বেটা শুনি',
জ্বলিল কোপে দুরাচার রে।
শমন-সম সে যে, টোয়াইয়া দিল গজে,
৬ ধাইল পবন-সঞ্চার রে॥
বিশাল করে ধরি', বেঢ়িল শ্রীমুরারি,
ঠাকুর চিন্তিলা উপায় রে।
খসায়্যা করবন্ধ, মুটকি পরচণ্ড,
মারিয়া চরণে লুকায় রে॥
৭ ক্রোধিত করিবরে, ফিরয়ে চারি ধারে,
দেখিল গন্ধ-অনুসারে রে।
বেঢ়িল করে ধ'রি, খসায়্যা বনমালী,
তথাই লীলায়ে বিহরে রে॥

৮। পুচ্ছে প্রগৃহ্যাতিবলং ধনুষঃ পঞ্চবিংশতিম্। বিচকর্ষ যথা নাগং সুপর্ণ ইব লীলয়া॥
৯। স পর্য্যাবর্ত্তমানেন সব্যদক্ষিণতোঽচ্যুতঃ। বভ্রাম ভ্রাম্যমাণেন গোবৎসেনেব বালকঃ।
১০। ততোঽভিমুখমভ্যেত্য পাণিনাহত্য বারণম্। প্রাদ্রবন্ পাতয়ামাস স্পৃশ্যমানঃ পদে পদে॥
১১। স ধাবন্ ক্রীড়য়া ভূমৌ পতিত্বা সহসোত্থিতঃ। তং মত্বাপতিতং ক্রুদ্ধো দন্তাভ্যাং সোঽহনৎ ক্ষিতিম্॥
১২। স্ববিক্রমে প্রতিহতে কুঞ্জরেন্দ্রোঽত্যমর্ষিতঃ। চোদ্যমানো মহামাত্রৈঃ কৃষ্ণমভ্যদ্রবদ্রুষা॥
১৩। তমাপতন্তমাসাদ্য ভগবান্ মধুসূদনঃ। নিগৃহ্য পাণিনা হস্তং পাতয়ামাস ভূতলে॥
১৪। পতিতস্য পদাক্রম্য মৃগেন্দ্র ইব লীলয়া। দন্তমুৎপাট্য তেনেভং হস্তিপাংশ্চাহনদ্ধরিঃ॥
১৫। মৃতকং দ্বিপমুৎসৃজ্য দন্তপাণিঃ সমাবিশৎ। অংসন্যস্তবিষাণোঽসৃঙ্মদবিন্দুভিরঙ্কিতঃ।
বিরূঢ়স্বেদকণিকাবদনাম্বুরুহো বভৌ॥
১৬। বৃতো গোপৈঃ কতিপয়ৈর্বলদেবজনার্দ্দনৌ। রঙ্গং বিবিশতুঃ রাজন্ গজদন্তবরায়ুধৌ॥
১৭। মল্লানামশনির্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্
গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।
মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ॥

---

৮ লাঙ্গুলে ধরি' তা'কে, মারিলা এক পাকে,
পঁচিশ ধনুর অন্তরে রে।
ফেলিলা দূর করি', লীলায়ে খেলে হরি,
গরুড়ে যেন ফণধরে রে॥
৯ বিষম গজরাজ, না পায়ে অবকাশ,
ফিরয়ে দুহে দুহা বেড়ি' রে।
১০ নিষ্ঠুর চাপড় মারি', ফেলিলা ক্ষিতি-পরি,
পলায় ত' প্রভু কুতূহলী রে॥
১১ উঠিয়া গজবর, ধাইল আরবার,
দন্ত দিল ক্ষিতিতলে রে।
১২ মাহুত দিল টোয়াইয়া, চলিল ধাইয়া ধাইয়া,
ধরিতে ধরিতে না পারে রে॥
১৩-১৪ বুঝিয়া বল তা'র, চিন্তিলা যদুবর,
ধরিলা শুণ্ড নিজ-হাথে রে।
ধরণীতলে পেলি', দশন উপাড়ি' হরি,
মারিলা দন্তের বাড়ি মাথে রে॥
সগণে গজবরে, করিলা সংহারে,
১৫ দন্ত লইয়ে শ্রীভুজে রে।
রুধির-মদ-কণ, শ্যাম নবঘন,
প্রভুর অঙ্গে বিরাজে রে॥
বদনে ঘর্ম্মজল, শোভা করে কলেবর
১৬ গোপশিশুগণ সঙ্গে রে।
রাম-শ্রীমুরারি, দন্ত করে ধরি',
প্রবেশ কৈলা মল্ল-রঙ্গে রে॥
মধুর খেলন, মধুর বোলন,
মধুর-মন্দ-গতি লীলা রে।
মধুর শিশুসঙ্গ, মধুর গতিভঙ্গ,
মধুর ব্রজ-শিশুখেলা রে॥
ললিত-গতি-বেশ, ললিত পরিবেশ,
ললিত চলিত বিলাস রে।
ললিত শিশুগণ, ললিত বিহরণ,
ললিত স্মিত মধুহাস রে॥
চকিত নিরীক্ষণ, চকিত শ্রীনয়ন,
চকিত গোপকুমার রে।
চকিত ভুরু ভাতি, চকিত মন্দ-গতি,
চকিত বিবিধ বিহার রে॥
গোপ-শিশু-বেশ, রঙ্গে পরবেশ,
জগত-জনমনো হরে রে।
দেখিয়া সব লোক, ছাড়ল ভয়শোক,
মজিল আনন্দসাগরে রে॥

১৮। হতং কুবলয়াপীড়ং দৃষ্ট্বা তাবপি দুর্জ্জয়ৌ। কংসো মনস্যপি তদা ভৃশমুদ্বিবিজে নৃপ!
১৯। তৌ রেজতুঃ রঙ্গগতৌ মহাভুজৌ, বিচিত্রবেষাভরণস্রগম্বরৌ।
যথা নটাবুত্তমবেষধারিণৌ, মনঃ ক্ষিপন্তৌ প্রভয়া নিরীক্ষতাম্॥
২০। নিরীক্ষ্য তাবুত্তমপুরুষৌ জনা, মঞ্চস্থিতা নাগররাষ্ট্রকা নৃপ!
প্রহর্ষবেগোৎকলিতেক্ষণাননাঃ, পপুর্ন তৃপ্তা নয়নৈস্তদাননম্॥
২১। পিবন্ত ইব চক্ষুর্ভ্যাং লিহন্ত ইব জিহ্বয়া। জিঘ্রন্ত ইব নাসাভ্যাং শ্লিষ্যন্ত ইব বাহুভিঃ॥
২২। ঊচুঃ পরস্পরং তে বৈ যথাদৃষ্টং যথাশ্রুতম্। তদ্রূপগুণমাধুর্য্য-প্রাগল্‌ভ্যস্মারিতা ইব॥
২৩। এতৌ ভগবতঃ সাক্ষাদ্ধরের্নারায়ণস্য হি। অবতীর্ণাবিহাংশেন বসুদেবস্য বেশ্মনি॥
২৪। এষ বৈ কিল দেবক্যাং জাতো নীতশ্চ গোকুলম্। কালমেতং বসন্ গূঢ়ো ববৃধে নন্দবেশ্মনি॥
২৫। পূতনানেন নীতান্তং চক্রবাতশ্চ দানবঃ। অর্জ্জুনৌ গুহ্যকঃ কেশী ধেনুকোঽন্যে চ তদ্বিধাঃ॥

---

১৭ কেবল বজ্র-সম, দেখিল মল্লগণ,
নৃগণে দেখে নরবর রে।
দেখিল নারীগণে, মদন মূর্ত্তিমানে,
স্বজন গোয়ালা-সকল রে॥

নৃপতি-মণ্ডল দেখিল দণ্ডধর,
স্তন্যপ শিশু মাতা-পিতা রে।
দেখিল কংস যেন, কেবল যম-সম,
বিরাট্-রূপ অগেয়াতা রে॥

পরম-তত্ত্বরূপে, যোগীন্দ্রগণ দেখে,
ইষ্টদেব দেখে বৃষ্ণিগণে রে।
রাম-হৃষীকেশে, রঙ্গে পরবেশে,
পণ্ডিত-রঘুনাথ গানে রে॥

[সুহই-রাগ]

১৮ কুবলয় পড়িল, শুনিঞা কংসরায়।
রাম-কৃষ্ণে দেখিয়া দুর্জ্জয় বজ্রকায়॥
চিন্তে' কংস—'কি আজি করিব প্রতিকার?
ইহার হস্তেতে মোর নাহিক নিস্তার॥'

১৯ রঙ্গভূমে দুই ভাই ফিরয়ে আনন্দে।
দিব্যবেশ মহাভুজ গজদন্ত স্কন্ধে॥
বিচিত্রবসন-বেশ, দিব্য অলঙ্কার।
দুই মহানট যেন চরণসঞ্চার॥
কত ভাতি, কত লীলা—নাহি পরিচ্ছেদ।
জগজন-মনোহর দেখিতে অঙ্গতেজ॥

২০ সে শ্রীঅঙ্গ নিরখিতে সর্ব্বলোক মোহে।
হরষিত-নয়নে প্রভুর মুখ চাহে॥
তৃপ্তি না হইল কারো, বাঢ়িল আনন্দ।
কহনে না যায় সে যে প্রেমের তরঙ্গ॥

২১ দেখিতে দেখিতে যেন পিয়য়ে নয়নে।
নাকে গন্ধ লয়, যেন লিহয়ে রসনে॥
বাহুপাশে বেঢ়ি' যেন দেয় আলিঙ্গন।
এইরূপে আনন্দে মজিল সর্ব্বজন॥

২২ সাতে পাঁচে মিলিয়া কৃষ্ণের কথা কয়।
কৃষ্ণ-দরশনে হৈল তত্ত্ব-পরিচয়॥

২৩ এই সে সাক্ষাৎ নারায়ণ ভগবান্।
বসুদেব-ঘরে গিয়া হৈলা উপাদান॥

২৪ দেবকী-উদরে এই দুঁহার জনম।
অবতার কৈলা আসি' জগত-কারণ॥
বসুদেব থুইলা দুঁহায় গোকুলনগরে।
গুপ্তবেশে বাঢ়িলা শ্রীনন্দ-গোপ-ঘরে॥

২৫ এই কৃষ্ণ পূতনাকে করিলা সংহার।
এই সে মারিলা চক্রবাত দুরাচার॥
এই সে ভাঙ্গিলা দুই যমল-অর্জ্জুন।
এই সে ধেনুক-দৈত্যে মারিলা দারুণ॥

২৬। গাবঃ সপালা এতেন দাবাগ্নেঃ পরিমোচিতাঃ। কালিয়ো দমিতঃ সর্প ইন্দ্রশ্চ বিমদঃ কৃতঃ॥
২৭। সপ্তাহমেকহস্তেন ধৃতোঽদ্রিপ্রবরোঽমুনা। বর্ষবাতাশনিভ্যশ্চ পরিত্রাতশ্চ গোকুলম্॥
২৮। গোপ্যোঽস্য নিত্যমুদিতহসিতপ্রেক্ষণং মুখম্। পশ্যন্ত্যো বিবিধাংস্তাপাংস্তরন্তি স্মাশ্রমং মুদা॥
২৯। বদন্ত্যনেন বংশোঽয়ং যদোঃ সুবহুবিশ্রুতঃ। শ্রিয়ং যশো মহত্ত্বঞ্চ লপ্স্যতে পরিরক্ষিতঃ॥
৩০। অয়ঞ্চাস্যাগ্রজঃ শ্রীমান্ রামঃ কমললোচনঃ। প্রলম্বো নিহতো যেন বৎসকো যে বকাদয়ঃ॥
৩১। জনেষ্বেবং ব্রুবাণেষু তূর্য্যেষু নিনদৎসু চ। কৃষ্ণরামৌ সমাভাষ্য চাণূরো বাক্যমব্রবীৎ॥
৩২। হে নন্দসূনো! হে রাম! ভবন্তৌ বীরসম্মতৌ। নিযুদ্ধকুশলৌ শ্রুত্বা রাজ্ঞাহূতৌ দিদৃক্ষুণা॥
৩৩। প্রিয়ং রাজ্ঞঃ প্রকুর্ব্বন্ত্যঃ শ্রেয়ো বিন্দন্তি বৈ প্রজাঃ। মনসা কর্ম্মণা বাচা বিপরীতমতোঽন্যথা॥
৩৫। তস্মাদ্রাজ্ঞঃ প্রিয়ং যূয়ং বয়ঞ্চ করবাম হে। ভূতানি নঃ প্রসীদন্তি সর্ব্বভূতময়ো নৃপঃ॥
৩৬। তন্নিশম্যাব্রবীৎ কৃষ্ণো দেশকালোচিতং বচঃ। নিযুদ্ধমাত্মনোঽভীষ্টং মন্যমানোঽভিনন্দ্য চ॥
৩৭। প্রজা ভোজপতেরস্য বয়ঞ্চাপি বনেচরাঃ। করবাম প্রিয়ং নিত্যং তন্নঃ পরমনুগ্রহঃ॥
৩৮। বালা বয়ং তুল্যবলৈঃ ক্রীড়িষ্যামো যথোচিতম্। ভবেন্নিযুদ্ধং মাধর্ম্মঃ স্পৃশেন্মল্লসভাসদঃ॥

কেশী-নামে দৈত্য এই বধিলা আপনে।
২৬ এই কৃষ্ণ গোধন চরায় বনে-বনে॥
এই কৃষ্ণ কৈলা পান দাব-হুতাশন।
এই কৃষ্ণ কৈলা কালী-নাগের দমন॥
এই সে ইন্দ্রের কৈলা দণ্ড-অপমান।
২৭ এই সে ধরিলা গিরি কমল-সমান॥
গোকুল রাখিলা এই বাত-বরিষণে।
২৮ নয়ন ভরিয়া এই দেখে গোপীগণে॥
এ-শ্রীমুখ নিরখিএ ব্রজে ব্রজনারী।
তরিলা সংসারদুঃখ কোন পুণ্য করি'॥
২৯ যদুবংশ ধন্য কৈলা এই নারায়ণ।
যাঁহার মহিমা-যশ গায় ত্রিভুবন॥
৩০ এই সে কৃষ্ণের ভাই জ্যেষ্ঠ হলধর।
অমল-কমল-দল শ্বেত-কলেবর॥
এই সে মারিলা দুষ্ট প্রলম্ব-অসুর।
ধেনুক মারিয়া তাল খাইলা প্রচুর॥'
৩১ এইরূপে পাঁচ সাত নরনারীগণে।
আনন্দে কৃষ্ণের কথা কহে স্থানে-স্থানে॥
হেনকালে ডাকিয়া চাণূর-বীর বলে'।
৩২ 'শুন, হে নন্দের সুত! কহিয়ে তোমারে॥
শুনিঞা তোমার বলবীর্য্য চমৎকার।
কৌতুক দেখিতে ইচ্ছা হইল রাজার॥
'গোপের ছাওয়াল হয়্যা যুদ্ধ ভাল জানে।
দেখিব সে যুদ্ধ, আন', আমা'-বিদ্যমানে॥'
রাজার আজ্ঞায়ে আইলে তুমি দুইজন।
এ বোল বুঝিয়া শুন আমার বচন॥
৩৩ রাজার পীরিতি করে' কায়-মনোবাক্যে।
সেই প্রজা কুশলে যাবতকাল থাকে॥
রাজার পীরিতি-ভক্তি যে প্রজা না করে'।
কুশল নাহিক, গুরুদ্রোহী বলি তা'রে॥
৩৫ এ বোল বুঝিয়া তুমি, আমি, সব মেলি'।
কায়-মনোবচনে রাজার প্রীতি করি॥
সর্ব্বজীব তুষ্ট হৈব, সকল দেবতা।
সর্ব্বদেবময় নৃপ, সর্ব্বলোকপিতা॥'
৩৬ চাণূরের বচন শুনিঞা সুরেশ্বর।
প্রশংসা করিয়া দিলা উচিত উত্তর॥
'ভাল ভাল, শুন, হে চাণূর বীরবর!
৩৭ রাজার কিঙ্কর তুমি, আমি বনচর॥
রাজার পীরিতি যদি আমা' হৈতে হয়।
এত বড় অনুগ্রহ ভাগ্যে সে মিলয়॥

চাণূর উবাচ

৩৯। **ন বালো ন কিশোরস্ত্বং বলশ্চ বলিনাং বরঃ। লীলয়েভো হতো যেন সহস্রদ্বিপসত্ত্বভৃৎ॥**
৪০। **তস্মাত্তবন্ত্যাং বলিভির্যোদ্ধব্যং নানয়োঽত্র বৈ। ময়ি বিক্রম বার্ষ্ণেয়! বলেন সহ মুষ্টিকঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে কুবলয়াপীড়বধো নাম ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৩॥

---

৩৮ কিন্তু আমি-সব শিশু-মতি খেলাই সদায়।
ছাওয়ালের সঙ্গে খেলি আমাকে যুয়ায়॥
ছাওয়ালের সঙ্গে খেলা করাহ আমারে।
যুদ্ধধর্ম্মে ছাওয়ালের নাহি অধিকারে॥
মহামল্ল তুমি-সব এ রাজমণ্ডলে।
অধর্ম্ম উচিত নহে ইহার ভিতরে॥'
৩৯ হাসিয়া চাণূর বলে,'—'না বল' এ বোল।
না হও ছাওয়াল তুমি, না হও কিশোর॥
কুবলয় হেন গজ মারিলে লীলায়।
৪০ তোমারে বড়র সঙ্গে যুঝিতে যুয়ায়॥
ইহাতে অধর্ম্ম নাহি, না দেখি অন্যায়।
নহিও বিমুখ, কৃষ্ণ! যুঝ সর্ব্বথায়॥
বলরাম যুঝিবে মুষ্টিক-বীর-সঙ্গে।
রাজসভা বসিয়া দেখুক যুদ্ধ-রঙ্গে॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
কৃষ্ণে মন ধর', ভাই, কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৩॥

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **এবং চর্চ্চিতসঙ্কল্পো ভগবান্ মধুসূদনঃ। আসসাদাথ চাণূরং মুষ্টিকং রোহিণীসুতঃ॥**
২। **হস্তাভ্যাং হস্তয়োর্বদ্ধ্বা পদ্ভ্যামেব চ পাদয়োঃ। বিচকর্ষতুরন্যোঽন্যং প্রসহ্য বিজিগীষয়া॥**
৩। **অরত্নী দ্বে অরত্নিভ্যাং জানুভ্যাঞ্চৈব জানুনী। শিরঃ শীর্ষ্ণোরসোরস্তাবন্যোঽন্যমভিজঘ্নতুঃ॥**
৪। **পরিভ্রামণবিক্ষেপ-পরিরম্ভাবপাতনৈঃ। উৎসর্পণাপসর্পৈশ্চান্যোঽন্যং প্রত্যরুন্ধতাম্॥**
৫। **উত্থাপনৈরুন্নয়নৈশ্চালনৈঃ স্থাপনৈরপি। পরস্পরং জিগীষন্তাবপচক্রতুরাত্মনঃ॥**
৬। **তদ্বলাবলবদ্যুদ্ধং সমেতাঃ সর্ব্বযোষিতঃ। ঊচুঃ পরস্পরং রাজন্! সানুকম্পা বরূথশঃ॥**
৭। **মহানয়ং বতাধর্ম্ম এষাং রাজসভাসদাম্। যে বলাবলবদ্যুদ্ধং রাজ্ঞোঽন্বিচ্ছন্তি পশ্যতঃ॥**

[ধানসী-রাগ]

১ শুক বলে',—"শুন, রাজা! তাহার বিধান।
চাণূরের বচন শুনিঞা ভগবান্॥
ধায়্যা গিয়া চাণূরে ধরিলা শ্রীহরি।
বলরাম মুষ্টিকে ধরিলা দৃঢ় করি'॥
২ হাথে-হাথে, পদে-পদে করিয়া বন্ধন।
ঠেলাঠেলি, পেলাপেলি, ভূমিতে পতন॥
৩-৫ আগুয়ানি, পাছুয়ানি, তোলনি, পাতনি।
দুই বীরে বাহুযুদ্ধ, কেহ নাহি জিনি॥
যেরূপে চাণূরে কৃষ্ণে বাহুযুদ্ধ করে'।
সেইরূপে যুঝয়ে মুষ্টিক-হলধরে॥
পদাঘাতে মল্লভূমি করে' থরথর।
চৌদিকে পূরিয়া লোকে চাহে নিরন্তর॥
৬ বীরের সংগ্রাম দেখি' বালকের সহে।
অন্যোঽন্যে নারীগণ মিলি' কথা কহে॥
৭ 'সভাসদে এত বড় দেখিলুঁ অধর্ম্ম!
রাজার সাক্ষাতে হয় হেন অপকর্ম্ম!!

৮। ক্ব বজ্রসারসর্ব্বাঙ্গৌ মল্লৌ শৈলেন্দ্রসন্নিভৌ। ক্ব চাতিসুকুমারাঙ্গৌ কিশোরৌ নাপ্তযৌবনৌ॥
৯। ধর্ম্মব্যতিক্রমো হ্যস্য সমাজস্য ধ্রুবং ভবেৎ। যত্রাধর্ম্মঃ সমুত্তিষ্ঠেন্ন স্তেয়ং তত্র কর্হিচিৎ॥
১০। ন সভাং প্রবিশেৎ প্রাজ্ঞঃ সভ্যদোষানমুস্মরন্। অব্রুবন্ বিব্রুবন্নজ্ঞো নরঃ কিল্বিষমশ্নুতে॥
১১। বল্গতঃ শত্রুমভিতঃ কৃষ্ণস্য বদনাম্বুজম্। বীক্ষ্যতাং শ্রমবার্য্যুপ্তং পদ্মকোশমিবাম্বুভিঃ॥
১২। কিং ন পশ্যত রামস্য মুখমাতাম্রলোচনম্। মুষ্টিকং প্রতি সামর্ষং হাসসংরম্ভশোভিতম্?
১৩। পুণ্যা বত ব্রজভুবো যদয়ং নৃলিঙ্গ,-গূঢ়ঃ পুরাণপুরুষো বনচিত্রমাল্যঃ।
গাঃ পালয়ন্ সহবলঃ ক্বণয়ংশ্চ বেণুং, বিক্রীড়য়াঞ্চতি গিরিত্ররমার্চ্চিতাঙ্ঘ্রিঃ॥
১৪। গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপং, লাবণ্যসারমসমোর্দ্ধমনন্যসিদ্ধম্।
দৃগ্ভিঃ পিবন্ত্যনুসবাভিনবং দুরাপ,-মেকান্তধাম যশসঃ শ্রিয় ঐশ্বরস্য?
১৫। যা দোহনেঽবহননে মথনোপলেপ,-প্রেঙ্খেঙ্খনার্ভরুদিতোক্ষণমার্জ্জনাদৌ।
গায়ন্তি চৈনমনুরক্তধিয়োঽশ্রুকণ্ঠ্যো, ধন্যা ব্রজস্ত্রিয় উরুক্রমচিত্তযানাঃ॥

মহাবীর মল্ল-সহে বালক যুঝায়!
হেন পুণ্যবান্ নাহি রাজারে বুঝায়॥

৮ বজ্রসার-সম অঙ্গ, পর্ব্বত-আকার।
নবদল কলেবর, স্তন্যপ ছাওয়াল॥

৯ ইহার উহার সনে যুদ্ধের ঘটনা।
কোন্ পাপী দিল আসি' হেন কুমন্ত্রণা?
রাজার সভায় হয় এ-হেন দুর্নীত।
এমত সভায় নহে বসিতে উচিত॥

১০ যে সভায় বসয়ে অধর্ম্ম-দুরাচার।
বুধজন সে সভায় না করে' সঞ্চার॥
কিছুই না বলে' যদি দেখিয়া দুর্নীত।
সভার সন্তোষে যদি না বোলে উচিত॥
দুইমতে অপরাধ দেখি' বুধজন।
এমত সভায় কভু না করে' গমন॥

১১ দেখ, দেখ কৃষ্ণ-মুখ-সরোজ-মণ্ডল।
মুকুতার ঝারা যেন শোভে শ্রমজল॥
পদ্মপত্রে জল যেন করে' ঢল-ঢল।
সেইরূপ কৃষ্ণমুখ দেখিতে সুন্দর॥

১২ হের কিনা দেখ বলভদ্রের বদন।
ক্ষণে হাস, ক্ষণে ক্রোধ, অরুণ-লোচন॥

১৩ পুণ্য-ব্রজভূমি, যা'থে কৃষ্ণের বিলাস।
পুরাণ-পুরুষ গোপরূপে পরকাশ॥
পূর্ণব্রহ্ম গূঢ়রূপে ধরে' নরবেশ।
বনে-বনে গোধন চরায় হৃষীকেশ॥
বনচিত্র-মাল্যধারী দুই সহোদর।
চরণে শিঞ্জিত মণিমঞ্জীর সুন্দর॥
অজ-ভব-রমা যাঁ'র পূজয়ে চরণ।
হেন প্রভু ব্রজকুলে চরায় গোধন॥

১৪ গোপী কোন্ তপ কৈলা, কহনে না যায়।
এমত লাবণ্যধাম দেখয়ে সদায়॥
কেবল সহজ-সিদ্ধ, অনন্য-নির্ম্মিত।
নিরন্তর নব-নব, যোগীন্দ্র-বাঞ্ছিত॥
জগতে যাঁহার নাহি অধিক-সমান।
একান্ত ঐশ্বর্য্য-যশ-সম্পদের ধাম॥
হেন রূপ গোপী-সব পিয়য়ে নয়নে।
কে করিতে পারে তা'র পুণ্য-নিরূপণে?

১৫ দোহনে, মন্থনে, গৃহ-মার্জ্জন-লেপনে।
ধান্য-অবঘাত গোপী করয়ে যখনে॥
ছাওয়াল কান্দিতে তা'র করিতে প্রবোধ।
স্নান-অঙ্গ-মারজনে যখনে সংযোগ॥
এ-সব সময়ে কৃষ্ণ গায় অনুরাগে।
অশ্রুমুখী গোপী, অঙ্গ পূরিত পুলকে॥
ধন্য ব্রজবধূ, যাঁ'র এমত চরিত্র।
কৃষ্ণ-বিনে তিলেক নহিল আন চিত্ত॥

১৬। প্রাতর্ব্রজাদ্ব্রজত আবিশতশ্চ সায়ং, গোভিঃ সমং ক্বণয়তোঽস্য নিশম্য বেণুম্।
নির্গম্য তূর্ণমবলাঃ পথি ভূরিপুণ্যাঃ, পশ্যন্তি সস্মিতমুখং সদয়াবলোকম্॥
১৭। এবং প্রভাষমাণাসু স্ত্রীষু যোগেশ্বরো হরিঃ। শত্রুং হন্তুং মনশ্চক্রে ভগবান্ ভরতর্ষভ!
১৮। সভয়াঃ স্ত্রীগিরঃ শ্রুত্বা পুত্রস্নেহশুচাতুরৌ। পিতরাবন্বতপ্যেতাং পুত্রয়োরবুধৌ বলম্॥
১৯। তৈস্তৈর্নিযুদ্ধবিধিভির্বিবিধৈরচ্যুতেতরৌ। যুযুধাতে যথান্যোঽন্যং তথৈব বলমুষ্টিকৌ॥
২০। ভগবদ্গাত্রনিষ্পাতৈর্বজ্রনিষ্পেষনিষ্ঠুরৈঃ। চাণূরো ভজ্যমানাঙ্গো মুহুর্গ্লানিমবাপ হ॥
২১। স শ্যেনবেগ উৎপত্য মুষ্টীকৃত্য করাবুভৌ। ভগবন্তং বাসুদেবং ক্রুদ্ধো বক্ষস্যবাধত॥
২২। নাচলৎ প্রহারেণ মালাহত ইব দ্বিপঃ। বাহ্বোর্নিগৃহ্য চাণূরং বহুশো ভ্রাময়ন্ হরিঃ॥
২৩। ভূপৃষ্ঠে পোথয়ামাস তরসা ক্ষীণজীবিতম্। বিস্রস্তাকল্পকেশস্রগিন্দ্রধ্বজ ইবাপতৎ॥
২৪। তথৈব মুষ্টিকঃ পূর্ব্বং স্বমুষ্ট্যাভিহতেন বৈ। বলভদ্রেণ বলিনা তলেনাভিহতো ভৃশম্॥
২৬। ততঃ কূটমনুপ্রাপ্তং রামঃ প্রহরতাং বরঃ। অবধীল্লীলয়া রাজন্! সাবজ্ঞং বামমুষ্টিনা॥
২৭। তস্যৈব হি শলঃ কৃষ্ণপদাপহতশীর্ষকঃ। দ্বিধা বিদীর্ণস্তোশলক উভাবপি নিপেততুঃ॥
২৮। চাণূরে মুষ্টিকে কূটে শলে তোশলকে হতে। শেষাঃ প্রদুদ্রুবুর্মল্লাঃ সর্ব্বে প্রাণপরীপ্সবঃ॥

---

১৬ প্রভাত-সময়ে কৃষ্ণ যায় বৃন্দাবনে।
গোকুলে আইসে পুন দিন-অবসানে॥
মুরলী অধরবর লহু লহু বা'য়।
চৌদিগে বালকগণ বেঢ়ি' গুণ গায়॥
পথে-পথে ব্রজবধূ রহিয়া তখনে।
এমত সুন্দর মুখ করে' নিরীক্ষণে॥
ধন্য-ধন্য পুণ্যতম রমণীমণ্ডল।
এমত শ্রীমুখ তাঁ'রা দেখে নিরন্তর॥'
১৭-১৮ এইমত শত শত পুরনারীগণে।
প্রেমভাবে কৃষ্ণকথা কহে স্থানে-স্থানে॥
পুত্রের মহিমা-যশ মাতা-পিতা শুনি'।
শোকেতে ব্যাকুল হৈলা তত্ত্ব নাহি জানি'॥
হেনকালে মনে কৈলা ত্রিদশ-ঈশ্বর।
শীঘ্র করি' মারি রিপু, বিলম্বে কি ফল?
১৯ যুদ্ধবিশারদ ভাল বাহুযুদ্ধ জানে।
রাম-কৃষ্ণ বাহুযুদ্ধ করয়ে বিধানে॥
চাণূর-মুষ্টিক দুই বলেতে প্রখর।
বাজিল তুমুল রণ, মহা-ভয়ঙ্কর॥
২০ চালন, পাতন, কর-তাড়ন বিশাল।
অঙ্গে-অঙ্গে ঘাত যেন বজ্রের প্রহার॥
ভাঙ্গিল দুহার অঙ্গ, নাহি পরকাশ।
টুটিল দুহার বল, অন্তরে তরাস॥
২১ দুরন্ত চাণূর মুষ্টি করি' দুই করে।
মুটকি মারিল কৃষ্ণের বুকের উপরে॥
২২ না চলিলা কৃষ্ণ তা'র মুষ্টির প্রহারে।
মত্তগজ-অঙ্গে যেন পুষ্পমালা পড়ে॥
হেনকালে প্রভু করে' কোন্ পরকার?
দুই বাহু ধরিয়া ভ্রমাইলা সাত-বার॥
২৩ ভূমিতলে পেলিয়া ঘষিলা দৃঢ় করি'।
পড়িল চাণূর বীর নিজপ্রাণ ছাড়ি'॥
২৪ এইরূপে মুষ্টিকে মারিলা বলরাম।
পড়িল দুহার অঙ্গ পর্ব্বত-সমান॥
২৬ তবে কূট-নামে বীর আইল ভয়ঙ্কর।
মুষ্টির প্রহারে তা'রে মারে হলধর॥
২৭ শল-নামে আইল বীর পর্ব্বত-প্রমাণ।
পদাঘাতে কৃষ্ণ তা'রে কৈলা দুইখান॥
দুরন্ত তোশল বীর আইল মারিবারে।
পায়ের ঠেলায় তা'রে মারিলা দামোদরে॥
২৮ চাণূর, মুষ্টিক, কূট, শল, তোশল।
এ-সব পড়িল যদি রণের ভিতর॥

২৯। গোপান্ বয়স্যানাকৃষ্য তৈঃ সংস্পৃজ্য বিজহ্রতুঃ। বাদ্যমানেষু তূর্য্যেষু বল্গন্তৌ রুতনূপুরৌ॥
৩০। জনাঃ প্রজহ্নুঃ সর্ব্বে কর্ম্মণা রামকৃষ্ণয়োঃ। ঋতে কংসং বিপ্রমুখ্যাঃ সাধবঃ সাধু সাধ্বিতি॥
৩১। হতেষু মল্লবর্য্যেষু বিদ্রুতেষু চ ভোজরাট্। ন্যবারয়ৎ স্বতূর্য্যাণি বাক্যং চেদমুবাচ হ॥
৩২। নিঃসারয়ত দুর্বৃত্তৌ বসুদেবাত্মজৌ পুরাৎ। ধনং হরত গোপানাং নন্দং বধ্নীত দুর্ম্মতিম্॥
৩৩। বসুদেবস্তু দুর্মেধা হন্যতামাশ্বসত্তমঃ। উগ্রসেনঃ পিতা চাপি সানুগঃ পরপক্ষগঃ॥
৩৪। এবং বিকত্থমানে বৈ কংসে প্রকুপিতোঽব্যয়ঃ। লঘিম্নোৎপত্য তরসা মঞ্চমুত্তুঙ্গমারুহৎ॥
৩৫। তমাবিশন্তমালোক্য মৃত্যুমাত্মন আসনাৎ। মনস্বী সহসোত্থায় জগৃহে সোঽসিচর্ম্মণী॥
৩৬। তং খড়্গপাণিং বিচরন্তমাশু, শ্যেনং যথা দক্ষিণসব্যমম্বরে।
সমগ্রহীদ্দুর্বিষহোগ্রতেজা, যথোরগং তার্ক্ষ্যসুতঃ প্রসহ্য॥
৩৭। প্রগৃহ্য কেশেষু চলৎকিরীটং, নিপাত্য রঙ্গোপরি তুঙ্গমঞ্চাৎ।
তস্যোপরিষ্টাৎ স্বয়মজ্জনাভঃ, পপাত বিশ্বাশ্রয় আত্মতন্ত্রঃ॥
৩৮। তং সম্পরেতং বিচকর্ষ ভূমৌ, হরির্যথেভং জগতো বিপশ্যতঃ।
হা হেতিশব্দঃ সুমহাংস্তদাভূ,-দুদীরিতঃ সর্ব্বজনৈর্নরেন্দ্র!

যতেক আছিল বীর মল্লের প্রধান।
চৌদিগে পলায়্যা গেল রাখিয়া পরাণ॥

২৯ তবে কৃষ্ণ ডাকিয়া আনিলা শিশুগণ।
রঙ্গভূমি-মাঝে খেলে নন্দের নন্দন॥
রাম-কৃষ্ণ দুই ভাই বিহরে আনন্দে।
চরণে নূপুর বাজে, গোপশিশু সঙ্গে॥
তূর্য্য, ভেরী, বীরঢাক, দুন্দুভি-বাজনে।
নানা রঙ্গে নাচে শিশু দেখিতে শোভনে॥

৩০ আনন্দিত সর্ব্বলোক করে' 'জয় জয়'।
আশীর্ব্বাদ করে' দ্বিজে প্রসন্ন-হৃদয়॥
'সাধু সাধু' বলিয়া বাখানে সাধুজনে।
কংসরাজা ব্যাকুলিত চিন্তে মনে-মনে॥

৩১ উচ্চস্বরে ডাক দিয়া বলে' কংসরাজ।
এথা হৈতে ঘুচাহ, বাজনে নাহি কাজ॥

৩২-৩৩ এ দুই দুরন্তে দেহ' বাহির করিয়া।
দুষ্ট নন্দঘোষে নিঞা পেলাহ বান্ধিয়া॥
গোপগণে দণ্ডিয়া সভার ধন হর'।
দুষ্ট বসুদেবে লঞা শীঘ্র করি' মার'॥
উগ্রসেন পিতা লঞা মার' ঝাট করি'।
নিরবধি থাকে সে যে রিপুপক্ষ ধরি'॥

৩৪ এইরূপ আজ্ঞা করে' কংস দুরাচার।
লম্ফ দিয়া কৃষ্ণ মঞ্চে উঠিলা তাহার॥

লম্ফ দিলা কৃষ্ণ যেন বিজুরী সঞ্চারে।
কেহ না বুঝিল, গেলা কোন্ পরকারে॥

সিংহ যেন ধরিবারে চলে করিবর।
এইরূপে গেলা কৃষ্ণ তাহার গোচর॥

৩৫ গোবিন্দে দেখিয়া কংস মঞ্চের উপরে।
সিংহাসন হৈতে ভয়ে উঠিল সত্বরে॥

কাতর নহিল বীর রণে সুপণ্ডিত।
খড়্গ-চর্ম্ম ধরিয়া উঠিল সচকিত॥

৩৬ চৌদিগে ফিরয়ে কংস মঞ্চের উপরে।
থাবা দিয়া প্রভু তা'র চুল মুষ্টে ধরে'॥
লীলায় গরুড় যেন ধরে' ফণধর।

৩৭ ধরিলা চুলের মুষ্টে দিয়া বামকর॥
সেইরূপে ঠেলিয়া পেলিলা ভূমিতলে।
আপনে পড়িলা কৃষ্ণ তাহার উপরে॥
পদ্মনাভ প্রভু সে যে বিশ্বের আশ্রয়।
নিরাধার, নিরালম্ব, অক্ষয়-অব্যয়॥

৩৯। স নিত্যদোদ্বিগ্নধিয়া তমীশ্বরং, পিবন্নদন্ বা বিচরন্ স্বপন্ শ্বসন্।
দদর্শ চক্রায়ুধমগ্রতো যত,-স্তদেব রূপং দুরবাপমাপ ॥

৪০। তস্যানুজা ভ্রাতরোঽষ্টৌ কঙ্কন্যগ্রোধকাদয়ঃ। অভ্যধাবন্নভিক্রুদ্ধা ভ্রাতুর্নির্বেশকারিণঃ ॥

৪১। তথাতিরভসাংস্তাংস্তু সংযত্তান্ রোহিণীসুতঃ। অহন্ পরিঘমুদ্যম্য পশূনিব মৃগাধিপঃ ॥

৪২। নেদুর্দুন্দুভয়ো ব্যোম্নি ব্রহ্মেশাদ্যা বিভূতয়ঃ। পুষ্পৈঃ কিরন্তস্তং প্রীতাঃ শশংসুর্ননৃতুঃ স্ত্রিয়ঃ ॥

৪৩। তেষাং স্ত্রিয়ো মহারাজ! সুহৃন্মরণদুঃখিতাঃ। তত্রাভীয়ুর্বিনিঘ্নন্ত্যঃ শীর্ষাণ্যশ্রুবিলোচনাঃ ॥

৪৪। শয়ানান্ বীরশয্যায়াং পতীনালিঙ্গ্য শোচতীঃ। বিলেপুঃ সুস্বরং নার্য্যো বিসৃজন্ত্যো মুহুঃ শুচঃ ॥

৪৫। হা নাথ! প্রিয়! ধর্ম্মজ্ঞ! করুণানাথবৎসল! ত্বয়া হতেন নিহতা বয়ং তে সগৃহপ্রজাঃ ॥

৪৬। ত্বয়া বিরহিতা পত্যা পুরীয়ং পুরুষর্ষভ! ন শোভতে বয়মিব নিবৃত্তোৎসবমঙ্গলা ॥

৪৭। অনাগসাং ত্বং ভূতানাং কৃতবান্ দ্রোহমুল্বণম্।
তেনেমাং তো দশাং নীতো ভূতধ্রুক্ কো লভেত শম্?

---

৩৮ পড়িতেই মৈল কংস জীবন ছাড়িয়া।
ভূমেতে ঘষিলা তা'রে নির্য্যাস করিয়া ॥
কংসরাজা পড়িল—সকল লোকে দেখে।
হাহাকার-শবদ উঠিল চারিদিকে ॥

৩৯ শয়ন, ভোজন, পান করিতে মজ্জন।
সতত দেখিল কংস মাত্র নারায়ণ ॥
সতত আছিল তা'র সমুদ্বিগ্ন চিত্ত।
যথা চাহে, চক্রপাণি দেখে সেই ভিত ॥
যোগীন্দ্র-দুর্ল্লভ-গতি তে-কারণে পায়।
কৃষ্ণরূপ হৈল, কৃষ্ণ চিন্তিয়া সদায় ॥

৪০ কঙ্ক-ন্যগ্রোধ-আদি অষ্ট সহোদর।
আছিল কংসের ভাই মহাভয়ঙ্কর ॥
মারিবার তরে আসি' দিল দরশন।

৪১ গদাঘাতে সংহারিলা রোহিণীনন্দন ॥

৪২ আকাশমণ্ডলে বাজে দুন্দুভি-বাজন।
ব্রহ্মা-আদি দেবে করে' পুষ্প-বরিষণ ॥
গন্ধর্ব্বে কিন্নরে গায়, নাচে বিদ্যাধরী।
উঠিল মঙ্গলধ্বনি ত্রিজগত ভরি' ॥

[পঠমঞ্জরী-রাগ]

৪৩-৪৪ বীরগণ-মরণ শুনিঞা বীরনারী।
রঙ্গস্থলে আসি' কান্দে ভূমিতলে পড়ি' ॥
শিরে কর হানে, কেশ পেলায় ছিণ্ডিয়া।
বিলাপ করিয়া কান্দে অঙ্গ আছাড়িয়া ॥
কংসের মরণ দেখি' কংসের বনিতা।
কংসে কোলে করি' কান্দে সতী পতিব্রতা ॥

৪৫ 'হা নাথ, হা প্রিয়তম, অনাথ-বৎসল!

৪৬ তোমা' বিনে শূন্য আজি মথুরা-নগর ॥
কোথা গেল উৎসব-মঙ্গল, নৃত্যগীত।
একা তোমা' বিনে সব দেখি বিপরীত ॥
উঠিয়া বোলান দেহ', আমি গৃহনারী।
কি লাগি' ছাড়িয়া যাহ হেন রাজ্য-পুরী?
সেই ভুজদণ্ড, মুখ, সেই বক্ষঃস্থল।
তিলেকে কোথাতে গেল সে-রূপ সকল?
সেই নাক, মুখ, সেই আঁখি, দন্ত-পাঁতি।
সেই ভুরু-ললাট, এখনে আন ভাতি ॥

৪৭ অকারণে কৈলে লোক-দণ্ড নিরন্তর।
পর-অপকারে অন্তকালে এই ফল ॥
দেব-দ্বিজ হিংসিলে, হিংসিলে সুরগণ।
জ্ঞাতি-বন্ধু-বান্ধব হিংসিলে অকারণ ॥
আছুক এ-সব কথা, আর পরমাদ।
নিরন্তর কৈলে তুমি কৃষ্ণ-সনে বাদ ॥

৪৮। সর্ব্বেষামিহ ভূতানামেষ হি প্রভবাপ্যয়ঃ। গোপ্তা চ তদবধ্যায়ী ন ক্বচিৎ সুখমেধতে॥

শ্রীশুক উবাচ

৪৯। রাজযোষিত আশ্বাস্য ভগবাঁল্লোকভাবনঃ। যামাহুর্লৌকিকীং সংস্থাং হতানাং সমকারয়ৎ॥
৫০। মাতরং পিতরঞ্চৈব মোচয়িত্বাথ বন্ধনাৎ। কৃষ্ণরামৌ ববন্দাতে শিরসাস্পৃশ্য পাদয়োঃ॥
৫১। দেবকী বসুদেবশ্চ বিজ্ঞায় জগদীশ্বরৌ। কৃতসংবন্দনৌ পুত্রৌ সম্বজাতে ন শঙ্কিতৌ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে কংসবধো নাম চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৪॥

---

৪৮ যে প্রভু সৃজয়ে পালে বিশ্ব-চরাচর।
সভার রক্ষিতা, পিতা, সভার ঈশ্বর॥
নাহি আদি-অন্ত যাঁ'র মৃত্যু-উতপতি।
তা'থে অপরাধী তুমি, হেন সে কুমতি॥'

৪৯ এ দীনবৎসল হরি করুণার সীমা।
আশ্বাসিয়া রাখিলা যতেক বীর-রামা॥
প্রবোধিলা তা'-সভারে কহি' তত্ত্বধর্ম্ম।
পরলোক-উচিত করাইলা সব কর্ম্ম॥

৫০ পিতামাতার বন্ধন করায়্যা বিমোচন।
দুই ভাই কৈলা তবে চরণ বন্দন॥

৫১ পুত্রের প্রভাব দেখি' জনক-জননী।
জানিলা সাক্ষাৎ এই প্রভু চক্রপাণি॥
তত্ত্ব জানি' সম্ভ্রমে নাহি কৈলা আলিঙ্গন।
বিনয়-বচনে কিছু কৈলা সম্ভাষণ॥"
জান গুরু-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৪॥

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। পিতরাবুপলব্ধার্থৌ বিদিত্বা পুরুষোত্তমঃ। মা ভূদিতি নিজাং মায়াং ততান জনমোহিনীম্॥
২। উবাচ পিতরাবেত্য সাগ্রজঃ সাত্বতর্ষভঃ। প্রশ্রয়াবনতঃ প্রীণন্নম্ব! তাতেতি সাদরম্॥
৩। নাস্মত্তো যুবয়োস্তাত! নিত্যোৎকণ্ঠিতয়োরপি। বাল্যপৌগণ্ডকৈশোরাঃ পুত্রাভ্যামভবন্ ক্বচিৎ॥
৪। ন লব্ধো দৈবহতয়োর্বাসো নৌ ভবদন্তিকে। যাং বালাঃ পিতৃগেহস্থা বিন্দন্তে লালিতা মুদম্॥
৫। সর্ব্বার্থসম্ভবো দেহো জনিতঃ পোষিতো যতঃ। ন তয়োর্যাতি নির্ব্বেশং পিত্রোর্মর্ত্ত্যঃ শতায়ুষা॥

[ধানসী-রাগ]

১ বসুদেব-দেবকীর দেখি' তত্ত্বজ্ঞান।
নিজমায়া বিস্তারিলা প্রভু ভগবান্॥

২ নিকটে দাণ্ডায়্যা বলে' দুই সহোদর।
'শুন, মাতা! শুন, তাত! যে কহি উত্তর॥

৩ 'আমি-সব পুত্র হয়্যা জন্মিলুঁ বিফলে।
মোদের কারণে দুঃখ পাইলে নিরন্তরে॥
পুত্র-সুখ কিছু নৈল আমা-সভা হনে।
না জানিলে সুখ পুত্র-লালন-পালনে॥

৪ বিধিহত আমি-সব ছাড়ি' পিতামাতা।
দৈবযোগে এতকাল বঞ্চিলাঙ কোথা॥
যেই পুত্রে বাপ-মায়ে না কৈল পালনে।
ব্যর্থ জন্ম হৈল তা'র, বিফল জীবনে॥

৫ পিতামাতা হৈতে হয় দেহ-উপাদান।
পিতামাতা করে' দুঃখে পোষণ-পালন॥

৬। যস্তয়োরাত্মজঃ কল্প আত্মনা চ ধনেন চ। বৃত্তিং ন দদ্যাৎ তং প্রেত্য স্বমাংসং খাদয়ন্তি হি॥
৭। মাতরং পিতরং বৃদ্ধং ভার্য্যাং সাধ্বীং সুতং শিশুম্।
গুরুং বিপ্রং প্রপন্নঞ্চ কল্পোঽবিভ্রচ্ছ্বসন্ মৃতঃ॥
৮। তন্নাবকল্পয়োঃ কংসাল্লিত্যমুদ্বিগ্নচেতসোঃ। মোঘমেতে ব্যতিক্রান্তা দিবসা বামনর্চ্চতোঃ॥
৯। তৎ ক্ষন্তুমর্হথস্তাত! মাতর্নৌ পরতন্ত্রয়োঃ। অকুর্ব্বতোর্বাং শুশ্রূষাং ক্লিষ্টয়োর্দুর্হৃদা ভৃশম্॥

শ্রীশুক উবাচ

১০। ইতি মায়ামনুষ্যস্য হরের্বিশ্বাত্মনো গিরা। মোহিতাবঙ্কমারোপ্য পরিষ্বজ্যাপতুর্মুদম্॥
১১। সিঞ্চন্তাবশ্রুধারাভিঃ স্নেহপাশেন চাবৃতৌ। ন কিঞ্চিদূচতু রাজন্! বাষ্পকণ্ঠৌ বিমোহিতৌ॥
১২। এবমাশ্বাস্য পিতরৌ ভগবান্ দেবকীসুতঃ। মাতামহন্তুগ্রসেনং যদূনামকরোন্নৃপম্॥
১৩। আহ চাস্মান্ মহারাজ! প্রজাশ্চাজ্ঞপ্তুমর্হসি। যযাতিশাপাদ্যদুভির্নাসিতব্যং নৃপাসনে॥
১৪। ময়ি ভৃত্য উপাসীনে ভবতো বিবুধাদয়ঃ। বলিং হরন্ত্যবনতাঃ কিমুতান্যে নরাধিপাঃ?

হেন পিতামাতায় যদি সেবে নিরন্তরে।
শুধিতে না পারে ধার শতেক বৎসরে॥

৬ পুত্র হয়্যা মাতাপিতায় যেবা না সেবিল।
ধন-প্রাণ দিয়া তা'র সন্তোষ না কৈল॥
অন্তকালে যমদূতে বান্ধি' লয়্যা যায়।
কাটিয়া তাহার মাংস তাহারে খাওয়ায়॥

৭ বৃদ্ধ মাতা-পিতা, সুত, শিশু, সতী নারী।
গুরু, দ্বিজ, প্রপন্ন, দুর্গত, হিতকারী॥
শক্ত হয়্যা এ সভার না করে' পালন।
জীয়ন্তে সে মরা, তা'র বিফল জীবন॥

৮ কংস-ভয়ে বুদ্ধি-বল না ছিল আমার।
বাপ-মায়ে না সেবিলুঁ, ব্যর্থ গেল কাল॥

৯ সে-সব যতেক দোষ ক্ষমিবা আমার।
মাতা-পিতা না লয় পুত্রের দোষভার॥

১০ মায়ার ঈশ্বর কৃষ্ণ, নানা মায়া জানে।
এতেক বচন বলি' ধরিলা চরণে॥
যাঁহার মায়ায় অজ-ভব বিমোহিত।
আনকে মোহিব, তাঁ'র এ কোন্ বিচিত্র?
তত্ত্বজ্ঞান পাসরিলা তাঁ'রা দুইজনে।
পুত্রভাবে কোলে করি' দিলা আলিঙ্গনে॥

১১ বিমোহিত হৈলা রাম-কৃষ্ণ করি' কোলে।
সিঞ্চিলা সকল অঙ্গ নয়নের জলে॥

প্রভু বলে',—'জ্ঞান হৈতে পুত্র-প্রেম বড়।
আমাতে রহিতে চাহি প্রেমভক্তি দঢ়॥'
নিজ-প্রেম দিয়া প্রভু জ্ঞান দূর করে'।
আপনার ভক্তজনে আপনে উদ্ধারে॥

১২ এইরূপে মাতাপিতায় করিয়া সন্তাষা।
বন্ধুবর্গ আনি' তবে করয়ে জিজ্ঞাসা॥
ডাক দিয়া মাতামহ উগ্রসেনে আনি'।
নৃপতি করিয়া তা'রে স্থাপিলা আপনি॥

১৩ যযাতি রাজার শাপ আছে পূর্ব্বকালে।
'যদুবংশে না করিব রাজ্য-অধিকারে'॥
সেই যদুবংশে, রাজা! জনম আমার।
তে-কারণে না করিব রাজ্য-অধিকার॥

১৪ তুমি রাজা হও, কিছু না করিহ ডর।
আমি আজ্ঞাকারী আছি, তোমার কিঙ্কর॥
পৃথিবীমণ্ডলে যত আছে নরপতি।
ধন দিয়া পদযুগে করিবে প্রণতি॥
ইন্দ্র-আদি দেবে আজ্ঞা রাখিবে তোমার।
পৃথিবী যুড়িয়া হৈবে রাজ্য-অধিকার॥
আমি-হেন ভৃত্য যা'র থাকিব নিকটে।
ত্রিভুবনে তা'র কিছু নহিব সঙ্কটে॥'
এইরূপে উগ্রসেনে করিয়া আশ্বাস।
স্থাপিলা নৃপতি করি' প্রভু শ্রীনিবাস॥

১৫। সর্ব্বান্ স্বান্ জ্ঞাতিসম্বন্ধান্ দিগ্ভ্যঃ কংসভয়াকুলান্। যদুবৃষ্ণ্যন্ধকমধুদাশার্হ-কুকুরাদিকান্॥
১৬। সভাজিতান্ সমানায্য বিদেশাবাসকর্শিতান্। ন্যবাসয়ৎ স্বগেহেষু বিত্তৈঃ সন্তর্প্য বিশ্বকৃৎ॥
১৭। কৃষ্ণসঙ্কর্ষণভুজৈর্গুপ্তা লব্ধমনোরথাঃ। গৃহেষু রেমিরে সিদ্ধাঃ কৃষ্ণরামগতজ্বরাঃ॥
১৯। তত্র প্রবয়সোঽপ্যাসন্ যুবানোঽতিবলৌজসঃ। পিবন্তোঽক্ষৈর্মুকুন্দস্য মুখাম্বুজসুধাং মুহুঃ॥
১৮। বীক্ষন্তোঽহরহঃ প্রীতা মুকুন্দবদনাম্বুজম্। নিত্যং প্রমুদিতং শ্রীমৎ সদয়স্মিতবীক্ষণম্॥
২০। অথ নন্দং সমাসাদ্য ভগবান্ দেবকীসুতঃ। সঙ্কর্ষণশ্চ রাজেন্দ্র! পরিষ্বজ্যেদমূচতুঃ॥
২১। পিতর্যুবাভ্যাং স্নিগ্ধাভ্যাং পোষিতৌ লালিতৌ ভৃশম্।
পিত্রোরভ্যধিকা প্রীতিরাত্মজেষ্বাত্মনোঽপি হি॥
২২। স পিতা সা চ জননী যৌ পুষ্ণীতাং স্বপুত্রবৎ। শিশূন্ বন্ধুভিরুৎসৃষ্টানকল্পৈঃ পোষ-রক্ষণে॥
২৩। যাত যূয়ং ব্রজং তাত! বয়ঞ্চ স্নেহদুঃখিতান্। জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখম্॥
২৪। এবং সান্ত্বয্য ভগবান্ নন্দং সব্রজমচ্যুতঃ। বাসোঽলঙ্কারকুপ্যাদ্যৈরর্হয়ামাস সাদরম্॥
২৫। ইত্যুক্তস্তৌ পরিষ্বজ্য নন্দং প্রণয়বিহ্বলঃ। পূরয়ন্নশ্রুভির্নেত্রে সহ গোপৈর্ব্রজং যযৌ॥

---

১৫ ইষ্ট, মিত্র, জ্ঞাতি, বন্ধু, বান্ধব সকল।
তা'-সভা আনিঞা কৃষ্ণ তুষিলা বিস্তর॥

১৬ কংস-ভয়ে সে-সব আছিল নানাদেশে!
দুঃখ-শোক পাইল চির-পরবাসে॥
তাহা সভা আনাইলা আশ্বাস-বচনে।
সন্তোষিয়া দিলা নানা-বসন-ভূষণে॥
মহাধন দিয়া কৈলা পীরিতি বিস্তর।
নিজঘরে নিজপুরে স্থাপিলা সকল॥

১৭ রামকৃষ্ণ-শ্রীভুজ করিয়া অবলম্ব।
খণ্ডিল সকল দুঃখ, বাঢ়িল আনন্দ॥
তা'-সভার সর্ব্ব-দুঃখ হৈল বিমোচন।
সর্ব্ব-মনোরথ-সিদ্ধি হৈল সেইক্ষণ॥

১৯ বৃদ্ধগণ যুবা হৈল, মহাবীর্য্য বল।
সর্ব্বলোক সুকুমার দেখিতে সুন্দর॥

১৮ শ্রীমুখ সতত তা'রা করে' নিরীক্ষণ।
কেবল আনন্দময় হৈল সর্ব্বজন॥

২০ তবে রাম-কৃষ্ণ গেলা নন্দ-বিদ্যমানে।
ভুজ-আলিঙ্গন দিয়া কৈলা সম্ভাষণে॥

২১ 'কি কথা কহিব, পিতা, তোমার নিয়ড়?
পুষিয়া পালিয়া তুমি কৈলে এত বড়॥
তুমি সে আমার পিতা, যশোদা জননী।
তোমা'-সভা বিনে আর কিছুই না জানি॥
পুত্রের অধিক প্রীতি কৈলে সর্ব্বক্ষণ।

২২ সেই মাতা, সেই পিতা, যে করে' পালন॥
বন্ধুগণে না পারিল পুষিতে পালিতে।
তোমার মন্দিরে আমি রহিলুঁ গোপতে॥
তুমি যত করিয়াছ পীরিতি-পালন।
পুত্রের অধিক করি' দেখিলে সর্ব্বক্ষণ॥
কোটিযুগে শুধিতে নারিব সেই ধার।
এবে আজ্ঞা দেহ', দোষ ক্ষমহ আমার॥

২৩ বন্ধুগণ দেখি' এথা কথোদিন বসি'।
তা'-সভার পীরিতি করিয়া পাছে আসি॥
গোপগণ লঞা তুমি চল নিজঘরে।
সতত আমারে তুমি দেখিবে নিয়ড়ে॥

২৪ নন্দঘোষে সন্তোষিয়া এতেক বচনে।
বহু ধন-রত্ন দিলা, বিবিধ-ভূষণে॥
নানা ধাতুপাত্র, সোণা-রূপার কলসী।
শকট ভরিয়া কত দিলা রাশি-রাশি॥

২৫ কোল দিয়া কৈলা পাছে চরণ বন্দন।
সন্তোষ করিয়া পাঠাইলা গোপগণ॥

২৬। অথ শূরসুতো রাজন্! পুত্রয়োঃ সমকারয়ৎ। পুরোধসা ব্রাহ্মণৈশ্চ যথাবদ্দ্বিজসংস্কৃতিম্॥
২৭। তেভ্যোঽদাদ্দক্ষিণা গাবো রুক্মমালাঃ স্বলঙ্কৃতাঃ।
স্বলঙ্কৃতেভ্যঃ সম্পূজ্য সবৎসাঃ ক্ষৌমমালিনীঃ॥
২৮। যাঃ কৃষ্ণরামজন্মর্ক্ষে মনোদত্তা মহামতিঃ। তাশ্চাদদাদনুস্মৃত্য কংসেনাধর্ম্মতো হৃতাঃ॥
২৯। ততশ্চ লব্ধসংস্কারৌ দ্বিজত্বং প্রাপ্য সুব্রতৌ। গর্গাদ্যদুকুলাচার্য্যাদ্গায়ত্রং ব্রতমাস্থিতৌ॥
৩০। প্রভবৌ সর্ব্ববিদ্যানাং সর্ব্বজ্ঞৌ জগদীশ্বরৌ। নান্যসিদ্ধামলং জ্ঞানং গূহমানৌ নরেহিতৈঃ॥
৩১। অথৌ গুরুকুলে বাসমিচ্ছন্তাবুপজগ্মতুঃ। কাশ্যং সান্দীপনিং নাম হ্যবন্তিপুরবাসিনম্॥
৩২। যথোপসাদ্য তৌ দান্তৌ গুরৌ বৃত্তিমনিন্দিতাম্। গ্রাহয়ন্তাবুপেতৌ স্ম ভক্ত্যা দেবমিবাদৃতৌ॥
৩৩। তয়োদ্বিজবরস্তুষ্টঃ শুদ্ধভাবানুবৃত্তিভিঃ। প্রোবাচ বেদানখিলান্ সাঙ্গোপনিষদো গুরুঃ॥
৩৪। সরহস্যং ধনুর্ব্বেদং ধর্ম্মান্ ন্যায়পথাংস্তথা। তথা চান্বীক্ষিকীং বিদ্যাং রাজনীতিঞ্চ ষড়্বিধাম্॥

নন্দ-আদি গোপগণ চলিলা গোকুলে।
অঙ্গ তিতিল সভার নয়নের জলে॥

রামকৃষ্ণ রহি' তবে মথুরামণ্ডলে।
যদুবংশ ডুবাইলা আনন্দসাগরে॥

২৬ বসুদেব বিচারিয়া কৈলা শুভক্ষণ।
পুরোহিত-আদি যত আনিলা ব্রাহ্মণ॥
ব্রহ্মমন্ত্র উপদেশ কৈলা শুভকালে।
যজ্ঞসূত্র দিলা সবে বিধি-অনুসারে॥

২৭ ব্রাহ্মণ পূজিলা দিব্য বসন-ভূষণে।
বৎস-সহ ধেনু দিলা ভূষিয়া কাঞ্চনে॥
বিবিধ দক্ষিণা দিলা, বহুবিধ ধন।
দিব্য আভরণ দিয়া পূজিলা ব্রাহ্মণ॥

২৮ বসুদেব মহামতি কৃষ্ণ-জন্ম-দিনে।
দশসহস্র ধেনু দিয়াছিলা মনে-মনে॥
সে ধেনু হরিয়া কংস লঞাছিল বলে।
সেই ধেনু আনি' দিল ব্রাহ্মণ-সকলে॥

২৯ হেনমতে কৈলা দ্বিজকুলোচিত কর্ম্ম।
শিখাইলা গর্গমুনি দ্বিজ-কুল-ধর্ম্ম॥

৩০ যাঁহা হৈতে সকল বিদ্যার উতপতি।
সর্ব্বজ্ঞশেখর, যাঁ'র ভার্য্যা সরস্বতী॥
লক্ষ্মী পরিচর্য্যা করে', ব্রহ্মাদি কিঙ্কর।
জ্ঞানময়, শুদ্ধরূপ, জগত-ঈশ্বর॥

হেন প্রভু মায়ায় ধরিয়া নরবেশ।
আন হৈতে লয় তত্ত্বজ্ঞান-উপদেশ॥

দ্বিজকুলে ধর্ম্ম আছে—'ব্রহ্মবিদ্যা লই'।
পড়িবে ব্রাহ্মণ বেদ গুরুকুলে যাই'॥'
সেই নিত্যকর্ম্ম প্রভু স্থাপিলা সংসারে।

৩১ গুরুসেবা করিতে চলিলা গুরুঘরে॥

সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত নামে সান্দীপনি।
অবন্তিনগরে ঘর, দ্বিজকুলমণি॥

তাঁ'র ঘরে গিয়া প্রভু হৈলা উপসন্ন।

৩২ আরম্ভিলা গুরুসেবা, যেন শিষ্য-ধর্ম্ম॥
শিক্ষা-গুরু ভগবান্ সর্ব্বতত্ত্ব জানে'।
আমি সে করিলে কর্ম্ম করিবেক আনে॥
সর্ব্বলোক-পিতা রাম-কৃষ্ণ যদুরায়।
আপনে করিয়া ধর্ম্ম সংসারে বুঝায়॥

৩৩ গুরু-ভক্তি, অনুভাব দুহার দেখিয়া।
সর্ব্বশাস্ত্র ব্রাহ্মণ পড়ায় তুষ্ট হয়্যা॥
সভে একবার দ্বিজ করয়ে উচ্চার।
শুনিলেহি হয় দুঁহে বিদ্যার সঞ্চার॥
সাঙ্গোপাঙ্গে চারি বেদ ব্রাহ্মণে পঢ়ায়।

৩৪ ধনুর্ব্বেদ, জ্যোতির্ব্বেদ, বিবিধ উপায়॥
তন্ত্র-মন্ত্র, ধর্ম্মশাস্ত্র, ন্যায়, অলঙ্কার।
আত্মবিদ্যা, রাজনীতি, নানা ব্যবহার॥

৩৫। সর্ব্বং নরবরশ্রেষ্ঠৌ সর্ব্ববিদ্যাপ্রবর্ত্তকৌ। সকৃন্নিগদমাত্রেণ তৌ সঞ্জগৃহতুর্নৃপ!
৩৬। অহোরাত্রৈশ্চতুঃষষ্ট্যা সংযত্তৌ তাবতীঃ কলাঃ। গুরুদক্ষিণয়াচার্য্যং ছন্দয়ামাসতুর্নৃপ!
৩৭। দ্বিজস্তয়োস্তং মহিমানমদ্ভুতং, সংলক্ষ্য রাজন্নতিমানুষীং মতিম্।
সম্মন্ত্র্য পত্ন্যা স মহার্ণবে মৃতং, বালং প্রভাসে বরয়াঞ্চভূব হ॥
৩৮। তথেত্যথারুহ্য মহারথৌ রথং, প্রভাসমাসাদ্য দুরন্তবিক্রমৌ।
বেলামুপব্রজ্য নিষীদতুঃ ক্ষণং, সিন্ধুর্বিদিত্বার্হণমাহরত্তয়োঃ॥
৩৯। তমাহ ভগবানাশু গুরুপুত্রঃ প্রদীয়তাম্। যোঽসাবিহ ত্বয়া গ্রস্তো বালকো মহতোর্ম্মিণা॥

শ্রীসমুদ্র উবাচ

৪০। নৈবাহার্ষমহং দেব! দৈত্যঃ পঞ্চজনো মহান্। অন্তর্জলচরঃ কৃষ্ণ! শঙ্খরূপধরোঽসুরঃ॥
৪১। আস্তে তেনাহৃতো নূনং তচ্ছ্রুত্বা সত্বরং প্রভুঃ। জলমাবিশ্য তং হত্বা নাপশ্যদুদরেঽর্ভকম্॥
৪২। তদঙ্গপ্রভবং শঙ্খমাদায় রথমাগমৎ। ততঃ সংযমনীং নাম যমস্য দয়িতাং পুরীম্॥
৪৩। গত্বা জনার্দ্দনঃ শঙ্খং প্রদধ্মৌ সহলায়ুধঃ। শঙ্খনির্হ্রাদমাকর্ণ্য প্রজাসংযমনো যমঃ॥

---

৩৫ একবারমাত্র বিপ্র করে' উপদেশ।
শুনিলে তখনি ধরে' রাম-হৃষীকেশ॥

৩৬ পঢ়ায় ব্রাহ্মণে শাস্ত্র পরম-সন্তোষে।
পঢ়িলা চৌষট্টি বিদ্যা চৌষট্টি দিবসে॥
সর্ব্বশাস্ত্র পঢ়ি' তবে দুই সহোদর।
দক্ষিণা দিবারে গেলা গুরুর গোচর॥
'কি দক্ষিণা দিব, গুরু! কহ বিদ্যমানে।
গুরুর কৃপাতে শিষ্য পায় পরিত্রাণে॥'

৩৭ দিতে কিছু অশক্ত না দেখি দুই জনে।
যে মাগিব, তাই দিবে—মুনি অনুমানে'॥
এতেক চিন্তিয়া বিপ্র গেলা ভার্য্যাস্থানে।
কহিলা সকল কথা ভার্য্যা-বিদ্যমানে॥
ব্রাহ্মণী চতুরা বড় কহিলা মন্ত্রণা।
'আমি যাহা বলি, সেহি মাগিহ দক্ষিণা॥
সমুদ্রে ডুবিয়া মৈল আমার কুমার।
তাহা আনি' দেহ,' সেই দক্ষিণা আমার॥'
ভার্য্যার বচন বিপ্র দঢ়াইলা চিত্তে।
সেই-মনে গেলা রাম-কৃষ্ণের সাক্ষাতে॥
'প্রভাসে ডুবিয়া মৈল আমার তনয়।
তাহা আনি' দেহ' তুমি দুই মহাশয়॥'

৩৮ গুরুর বচন শুনি' রাম-দামোদর।
রথের উপরে চঢ়ি' চলিলা সত্বর॥
সিন্ধুতীরে গিয়া যদি হৈলা উপসন্ন।
পাদ্য-অর্ঘ্য লঞা সিন্ধু আইলা তৎক্ষণ॥
পাদ্য-অর্ঘ্য দিয়া দিলা দিব্য উপহার।
মহারত্নমণি দিলা, দিব্য-অলঙ্কার॥
করজোড় করি' সিন্ধু নিকটে দাণ্ডায়।
৩৯ 'গুরুপুত্র আনি' দেহ'—বলে' যদুরায়॥
৪০ সিন্ধু বলে,'—'আমি নাহি হরিয়ে কুমার।
এহি জলে আছে এক দৈত্য দুরাচার॥
শঙ্খরূপ ধরে সেই, নামে পঞ্চজন।
৪১ সেই সে হরিল শিশু, কহিলুঁ কারণ॥
সমুদ্রের বচন শুনিঞা হৃষীকেশ।
সেইক্ষণে সিন্ধুজলে কৈলা পরবেশ॥
শঙ্খাসুরে ধরিয়া মারিলা সেই জলে।
চাহিয়া না পাইলা শিশু তাহার উদরে॥
৪২ সেই শঙ্খ লয়্যা হরি উঠিলা সত্বরে।
রথে চঢ়ি' চলিলা দু'ভাই যমপুরে॥
৪৩ দক্ষিণে যমের পুরী নামে সংযমনী।
তাহার নিকটে গিয়া কৈলা শঙ্খধ্বনি॥

৪৪। তয়োঃ সপর্য্যাং মহতীং চক্রে ভক্ত্যুপবৃংহিতাম্। উবাচাবনতঃ কৃষ্ণং সর্ব্বভূতাশয়ালয়ম্।
লীলামনুষ্যয়োর্বিষ্ণো! যুবয়োঃ করবাম কিম্?

শ্রীভগবানুবাচ

৪৫। গুরুপুত্রমিহানীতং নিজকর্ম্মনিবন্ধনম্। আনয়স্ব মহারাজ! মচ্ছাসনপুরস্কৃতঃ॥
৪৬। তথেতি তেনোপানীতং গুরুপুত্রং যদূত্তমৌ। দত্ত্বা স্বগুরবে ভূয়ো বৃণীষ্বেতি তমূচতুঃ॥

শ্রীগুরুরুবাচ

৪৭। সম্যক্ সম্পাদিতো বৎস! ভবদ্ভ্যাং গুরুনিষ্ক্রয়ঃ। কো নু যুষ্মদ্বিধগুরোঃ কামানামবশিষ্যতে?
৪৮। গচ্ছতং স্বগৃহং বীরৌ কীর্ত্তির্বামস্তু পাবনী। ছন্দাংস্যযাতযামানি ভবন্ত্বিহ পরত্র চ॥
৪৯। গুরুণৈবমনুজ্ঞাতৌ রথেনানিলরংহসা। আয়াতৌ স্বপুরং তাত! পর্জ্জন্যনিনদেন বৈ॥
৫০। সমনন্দন্ প্রজাঃ সর্ব্বা দৃষ্ট্বা রাম-জনার্দ্দনৌ। অপশ্যন্ত্যো বহ্বহানি নষ্টলব্ধধনা ইব॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে গুরুপুত্রানয়নং নাম পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৫॥

পাঞ্চজন্য-শবদ শুনিয়া অনুমানে।
৪৪ সভাসদে ধর্ম্মরাজ উঠিলা সম্ভ্রমে॥
তুরিতে চলিয়া গেলা প্রভুর গোচরে।
শিরে কর ধরিয়া পড়িলা ভূমি-পরে॥
'নমো নমো, জয় জয় ত্রিজগত-নাথ।'
পুনু উঠে, পুনঃপুনঃ করে' দণ্ডপাত॥
পদযুগ পূজিয়া বিবিধ উপহারে।
প্রণতকন্ধর হই বলে' জোড়করে॥
'লীলা-নর-অবতার, সুরাসুর-রাজ।
আজ্ঞা কর', আমা হৈতে হয় কোন্ কাজ?
৪৫ প্রভু বোলে,—'গুরুপুত্রে আনি' দেহ' ঝাটে।
কর্ম্ম-নিবন্ধনে তুমি আনিলে নিকটে॥
আমার আজ্ঞায় নহে মর্য্যাদা-লঙ্ঘন।
শীঘ্র আন' গুরুপুত্র বুঝিয়া কারণ॥'
৪৬ আজ্ঞা শিরে ধরি' যম আনিলা সত্বরে।
রাম-কৃষ্ণ গেলা তবে গুরুর গোচরে॥
পুত্র সমর্পিয়া বলে' রাম-দামোদর।
'আর কি দক্ষিণা দিব, কহ, দ্বিজবর!'
৪৭ তুষ্ট হয়্যা দ্বিজ বলে', —'না মাগিব আর।
পূর্ণ-মনোরথ, বাপ! করিলে আমার॥
তুমি-সব যেরূপ করিলে গুরুভক্তি।
ত্রিভুবনে হেন করে' কাহার শকতি?
যে তোমার গুরু, তুমি-হেন শিষ্য যা'র।
ত্রিভুবনে দুর্লভ নাহিক কিছু তা'র॥
৪৮ জগতে নির্ম্মল-কীর্ত্তি রহিল তোমার।
চিরজীবী হও, বৎস! লভ' যশোভার॥
৪৯ নিজঘরে চল, বাপু! না কর' বিলম্ব।
তোমা দেখি যদুকুলে বাড়ুক আনন্দ॥'
গুরুর বচনে কৃষ্ণ বলরাম-সাথে।
নিজপুরে চলি' গেলা বায়ু-বেগ রথে॥
৫০ আনন্দিত যদুকুল দেখি' দুই ভাই।
ঘরে-ঘরে মধুপুরে আনন্দ বাড়াই॥
এই মতে নানা কর্ম্ম করে' যদুরায়।
আপনে করিয়া কর্ম্ম জগতে বুঝায়॥"
ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরসগান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৫॥

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। বৃষ্ণীনাং প্রবরো মন্ত্রী কৃষ্ণস্য দয়িতঃ সখা। শিষ্যো বৃহস্পতেঃ সাক্ষাদুদ্ধবো বুদ্ধিসত্তমঃ॥
২। তমাহ ভগবান্ প্রেষ্ঠং ভক্তমেকান্তিনং ক্বচিৎ। গৃহীত্বা পাণিনা পাণিং প্রপন্নার্ত্তিহরো হরিঃ॥
৩। গচ্ছোদ্ধব! ব্রজং সৌম্য! পিত্রোর্নৌ প্রীতিমাবহ।
গোপীনাং মদ্বিয়োগাধিং মৎসন্দেশৈর্বিমোচয়॥
৪। তা মন্মনস্কা মৎপ্রাণা মদর্থে ত্যক্তদৈহিকাঃ। মামেব দয়িতং প্রেষ্ঠমাত্মানং মনসা গতাঃ।
যে ত্যক্তলোকধর্ম্মাশ্চ মদর্থে তান্ বিভর্ম্ম্যহম্॥
৫। ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠে দূরস্থে গোকুলস্ত্রিয়ঃ। স্মরন্ত্যোঽঙ্গ! বিমুহ্যন্তি বিরহৌৎকণ্ঠ্যবিহ্বলাঃ॥
৬। ধারয়ন্ত্যতিকৃচ্ছ্রেণ প্রায়ঃ প্রাণান্ কথঞ্চন। প্রত্যাগমনসন্দেশৈর্বল্লব্যো মে মদাত্মিকাঃ॥

শ্রীশুক উবাচ

৭। ইত্যুক্ত উদ্ধবো রাজন্! সন্দেশং ভর্ত্তুরাদৃতঃ। আদায় রথমারুহ্য প্রযযৌ নন্দগোকুলম্॥
৮। প্রাপ্তো নন্দব্রজং শ্রীমান্ নিম্লোচতি বিভাবসৌ। ছন্নযানঃ প্রবিশতাং পশূনাং খুররেণুভিঃ॥
৯। বাসিতার্থেঽভিযুধ্যদ্ভির্নাদিতং শুষ্মিভির্বৃষৈঃ। ধাবন্তীভিশ্চ বাস্রাভিরুধোভারৈঃ স্ববৎসকান্॥
১০। ইতস্ততো বিলঙ্ঘদ্ভির্গোবৎসৈর্মণ্ডিতং সিতৈঃ। গোদোহশব্দাভিরবং বেণূনাং নিঃস্বনেন চ॥

[সিন্ধুড়া রাগ]

১ "যদুকুল-প্রিয়সখা, কৃষ্ণের দয়িত।
বৃহস্পতির শিষ্য, মহাবুদ্ধি, সুচরিত॥
২ সর্ব্বলোক-প্রিয়কর, ভকতপ্রধান।
ডাক দিয়া উদ্ধবে আনিলা ভগবান্॥
হাতে হাত ধরিয়া বোলয়ে শ্রীমুরারি।
৩ 'চল তুমি, উদ্ধব! গোকুলে শীঘ্র করি'॥
জনক-জননী আছে বিরহে দুঃখিত।
মধুর-বচনে তাঁ'র করিহ পীরিত॥
গোপীগণ আছে তথা বিরহে দুঃখিনী।
জীবার কারণে জিয়ে, খায় অন্নপানি॥
কহিও আমার কথা তা'-সভার স্থানে।
খণ্ডাহ সে দুঃখ তুমি সন্দেশ-বচনে॥
৪ সতত আমাতে মন, ধরয়ে পরাণ।
আমা'-বিনে গোপী কিছু না জানয়ে আন॥
পতি-সুত না সেবে, না করে' গৃহকর্ম্ম।
আমা' লাগি' তেজিলা সকল কুলধর্ম্ম॥
আমি প্রাণ, আমি গতি, আত্মা, বন্ধু, ধন।
আমাতে সকল গোপী কৈলা সমর্পণ॥
যেবা লোক-ধর্ম্ম তেজে' আমার নিমিত্তে।
আমি তা'র সর্ব্বসিদ্ধি করি ভালমতে॥
৫ আমার বিরহে তা'রা সতত ব্যাকুলা।
সঙরি' সঙরি' মোরে সতত বিহ্বলা॥
৬ জীয়ে বা না জীয়ে গোপী, দৈবে ধরে প্রাণ।
শান্ত করি' গোপীর দুঃখ কর' সমাধান॥"
৭ শুকদেব বলে',—"শুন, নৃপতি-কেশরী!
এতেক বচন যদি বলিলা শ্রীহরি॥
আজ্ঞা শিরে ধরিয়া উদ্ধব মতিমান্।
রথে চড়ি' ব্রজপুরে করিলা পয়াণ॥
৮ দিনমণি অস্ত গেল, সন্ধ্যা পরবেশ।
হেন কালে উদ্ধব কৈলা গোকুলে প্রবেশ॥
৯ শুক্লবর্ণ মত্ত বৃষগণ করে' নাদ।
হাম্বারব করিয়া সুরভি ছাড়ে ডাক॥
ক্ষীরভরে খসিয়া পড়য়ে উধোভার।
১০ ঊর্দ্ধমুখে করে' ধেনু বাছুরে হাঁকার॥
এদিগে ওদিগে বৎস পুচ্ছ তুলি' ধায়।
গোপীগণ চৌদিগে কৃষ্ণের গুণ গায়॥

১১। গায়ন্তীভিশ্চ কর্ম্মাণি শুভানি বল-কৃষ্ণয়োঃ। স্বলঙ্কৃতাভির্গোপীভির্গোপৈশ্চ সুবিরাজিতম্ ॥
১২। অগ্ন্যর্কাতিথিগোবিপ্র-পিতৃদেবার্চ্চনান্বিতৈঃ। ধূপদীপৈশ্চ মাল্যৈশ্চ গোপাবাসৈর্মনোরমম্ ॥
১৩। সর্ব্বতঃ পুষ্পিতবনং দ্বিজালিকুলনাদিতম্। হংসকারণ্ডবাকীর্ণৈঃ পদ্মষণ্ডৈশ্চ মণ্ডিতম্ ॥
১৪। তমাগতং সমাগম্য কৃষ্ণস্যানুচরং প্রিয়ম্। নন্দঃ প্রীতঃ পরিষ্বজ্য বাসুদেবধিয়ার্চ্চয়ৎ ॥
১৫। ভোজিতং পরমান্নেন সংবিষ্টং কশিপৌ সুখম্। গতশ্রমং পর্য্যপৃচ্ছৎ পাদসংবাহনাদিভিঃ ॥
১৬। কচ্চিদঙ্গ মহাভাগ! সখা নঃ শূরনন্দনঃ। আস্তে কুশল্যপত্যাদ্যৈর্যুক্তো মুক্তঃ সুহৃদ্‌বৃতঃ?
১৭। দিষ্ট্যা কংসো হতঃ পাপঃ সানুগঃ স্বেন পাপ্মনা। সাধূনাং ধর্ম্মশীলানাং যদূনাং দ্বেষ্টি যঃ সদা ॥
১৮। অপি স্মরতি নঃ কৃষ্ণো মাতরং সুহৃদঃ সখীন্। গোপান্ ব্রজঞ্চাত্মনাথং গাবো বৃন্দাবনং গিরিম্?
১৯। অপ্যায়াস্যতি গোবিন্দঃ স্বজনান্ সকৃদীক্ষিতুম্? তর্হি দ্রক্ষ্যাম তদ্বক্ত্রং সুনসং সুস্মিতেক্ষণম্ ॥
২০। দাবাগ্নের্বাতবর্ষাচ্চ বৃষসর্পাচ্চ রক্ষিতাঃ। দুরত্যয়েভ্যো মৃত্যুভ্যঃ কৃষ্ণেন সুমহাত্মনা ॥

গোদোহন-ধ্বনি বেণু-শবদে পূরিত।
১১ দিব্য-বেশ গোপ-গোপীগণ-অলঙ্কৃত ॥
১২ গো-ব্রাহ্মণ-পিতৃদেব-অর্চ্চন-বন্দন।
হোমকর্ম্ম, সূর্য্যপূজা, অতিথি-সেবন ॥
প্রতি-ঘরে ধূপ-দীপ সুগন্ধে পূরিত।
বিচিত্র নির্ম্মিত পুর মন্দিরমণ্ডিত ॥
১৩ কুসুমিত বনবৃন্দ সর্ব্বত্র পূরিত।
বিবিধ-বিহঙ্গ-ভৃঙ্গকুল-সুনাদিত ॥
বিমলিত-জল নদনদী সরোবর।
হংসকারণ্ডব-জলচর-কোলাহল ॥
দিব্যগন্ধ পদ্মবন, পবন সুমন্দ।
হৃষ্ট-পুষ্ট সর্ব্বলোক, দেখিতে আনন্দ ॥
সুখময়, গুণময় আশ্চর্য্যের সীমা।
হেন কেবা আছে, তা'র কহিব মহিমা?
১৪ উঠিলা উদ্ধব যদি হেন ব্রজপুরে।
পরম-আনন্দে নন্দ পূজিলা সাদরে ॥
ভক্তিভাবে পূজে নন্দ কৃষ্ণবুদ্ধি করি'।
বিচিত্র-মন্দিরে নিলা ভুজে ভুজ ধরি' ॥
বসাইলা তাঁ'রে লঞা কনক-আসনে।
১৫ মিষ্ট অন্ন-পান দিয়া করাইলা ভোজনে ॥
দিব্যসিংহাসনে লঞা করাইলা শয়ন।
মুখবাস দিয়া কৈলা প্রণাম-বন্দন ॥
পাদসংবাহন নন্দ করয়ে আপনে।
পুছিতে লাগিলা তবে মধুর-বচনে ॥
১৬ 'যদুকুল-নন্দন! উদ্ধব! মহাভাগে।
কুশল জিজ্ঞাসা কিছু করিব তোমাকে ॥
বসুদেব প্রিয়-সখা আছেন কুশলে?
সপুত্র-বান্ধবে কি আছেন নিরাকুলে?
১৭ এই বড় ভাগ্য পাপ-কংস গেল ক্ষয়।
সাধুজনে হিংসে, তা'র কিছুই না রয় ॥
১৮ কদাচিৎ কৃষ্ণ কি সঙরে মাতাপিতা?
কিংবা গোপশিশুগণ, আভীরবনিতা?
ধেনু, বৃন্দাবন কিবা গোকুলনগর।
তরু-গিরি কভু কি সঙরে দামোদর?
১৯ বন্ধুগণ দেখিতে আসিব কদাচিত?
কবে আর সে-মুখ দেখিব সুশোভিত?
২০ দাবাগ্নি করিয়া পান গোকুল রাখিলা।
ঝড়-বরিষণে তুলি' পর্ব্বত ধরিলা ॥
বৃষাসুর মারিয়া সে রাখিলা গোপকুল।
কালীনাগ দমিয়া তাহারে কৈলা দূর ॥
এইরূপে কত দৈত্য করিয়া সংহার।
কতরূপে গোকুল রাখিলা কতবার ॥
কি কহিব, উদ্ধব! পুত্রের বীর্য্যবল।
কোন্ পাপে আমি-সব বঞ্চিত সকল?

২১। স্মরতাং কৃষ্ণবীর্য্যাণি লীলাপাঙ্গ-নিরীক্ষিতম্।
হসিতং ভাষিতঞ্চাঙ্গ! সর্ব্বা নঃ শিথিলাঃ ক্রিয়াঃ॥
২২। সরিচ্ছৈলবনোদ্দেশান্ মুকুন্দপদভূষিতান্। আক্রীড়ানীক্ষমাণানাং মনো যাতি তদাত্মতাম্॥
২৩। মন্যে কৃষ্ণঞ্চ রামঞ্চ প্রাপ্তাবিহ সুরোত্তমৌ। সুরাণাং মহদর্থায় গর্গস্য বচনং যথা॥
২৪। কংসং নাগাযুতপ্রাণং মল্লৌ গজপতিং তথা। অবধিষ্টাং লীলয়ৈব পশূনিব মৃগাধিপঃ॥
২৫। তালত্রয়ং মহাসারং ধনুর্যষ্টিমিবেভরাট্। বভঞ্জৈকেন হস্তেন সপ্তাহমদধাদ্গিরিম্॥
২৬। প্রলম্বো ধেনুকোঽরিষ্টস্তৃণাবর্ত্তো বকাদয়ঃ। দৈত্যাঃ সুরাসুরজিতো হতা যেনেহ লীলয়া॥

শ্রীশুক উবাচ

২৭। ইতি সংস্মৃত্য সংস্মৃত্য নন্দঃ কৃষ্ণানুরক্তধীঃ। অত্যুৎকণ্ঠোঽভবৎ তূষ্ণীং প্রেমপ্রসরবিহ্বলঃ॥
২৮। যশোদা বর্ণ্যমানানি পুত্রস্য চরিতানি চ। শৃণ্বন্ত্যশ্রূণ্যবাস্রাক্ষীৎ স্নেহস্নুতপয়োধরা॥
২৯। তয়োরিত্থং ভগবতি কৃষ্ণে নন্দযশোদয়োঃ। বীক্ষ্যানুরাগং পরমং নন্দমাহোদ্ধবো মুদা॥

শ্রীউদ্ধব উবাচ

৩০। যুবাং শ্লাঘ্যতমৌ নূনং দেহিনামিহ মানদ! নারায়ণেঽখিলগুরৌ যৎ কৃতা মতিরীদৃশী॥

---

২১ সঙরিতে তা'র বল-বীর্য্যের মহিমা।
সে-রূপ-লাবণ্য, মুখ, কটাক্ষ-ভঙ্গিমা॥
সে-মধুরহাস্য, তা'র মধুর ভাষণ।
পাসরিলা নিজধর্ম্ম গোকুলের জন॥
বিস্মরিলে কৃষ্ণগুণ নহে বিস্মরণ।
পুনঃ পুনঃ সেই গুণ হয় ত' স্মরণ॥
২২ অঙ্গনে-অঙ্গনে সেই চরণ-ভূষণ।
সেই বৃন্দাবন-গিরি, সেই শিশুগণ॥
এ-সব দেখিতে মন হয় কৃষ্ণময়।
কৃষ্ণ-বিনে আন কিছু মনে নাহি লয়॥
২৩ হেন বুঝি, রাম-কৃষ্ণ দুই সুরেশ্বর।
সুরকার্য্য সাধিতে মানুষ-কলেবর॥
গর্গের বচন আছে, ইহাতে প্রমাণ।
প্রভাব দেখিয়া আর করি অনুমান॥
২৪ কংস হেন অসুর মারিলা অবহেলে।
দশ-সহস্র মত্তগজ-সম বল ধরে॥
কুবলয়-গজ মারে কংসের সমান।
সিংহ যেন মৃগ মারে, নাহি বস্তু-জ্ঞান॥
২৫ তিন-তাল মহাসার ভাঙ্গে ধনুখণ্ডে।
গজরাজ যেন হেলে ভাঙ্গে ইক্ষুদণ্ডে॥
সপ্তদিন এক-হস্তে ধরে মহাগিরি।
২৬ প্রলম্ব-ধেনুক-বক মারে লীলা করি'॥
তৃণাবর্ত্ত-আদি যত দৈত্য দুরাচার।
এ-সব দৈত্যের কৈলা লীলায়ে সংহার॥
সুরাসুর যা'র ভয়ে কম্পিত সদায়।
হেন সব দৈত্য কৃষ্ণ বধিলা লীলায়॥'
২৭ এইরূপে নন্দ কৃষ্ণে সঙরি' সঙরি'।
কান্দে নন্দঘোষ তবে কৃষ্ণে মন ধরি'॥
আঁখি ভরি' পড়ে নীর, কান্দে উচ্চস্বরে।
ধরিতে না পারে অঙ্গ প্রেমরস-ভরে॥
২৮ এইরূপ কৃষ্ণ-গুণ শুনিয়া বর্ণনা।
কান্দিয়া যশোদা-রাণী পাসরে আপনা॥
প্রেমভরে পয়োধরে বহি' পড়ে ক্ষীর।
নয়নের জল পড়ে তিতিয়া শরীর॥
২৯ দেখিয়া দুঁহার কৃষ্ণে প্রেম-অনুরাগ।
প্রেমানন্দে পূরিলা উদ্ধব মহাভাগ॥
৩০ 'ধন্য রাণী, ধন্য নন্দ' করিয়া বাখানে।
প্রবোধ-উত্তর তবে দিলা মতিমানে॥
'অখিল-জগতগুরু, প্রভু নারায়ণ।
তাহাতে এরূপে কৈলা চিত্ত-আরোপণ॥

৩১। এতৌ হি বিশ্বস্য চ বীজযোনী, রামো মুকুন্দঃ পুরুষঃ প্রধানম্।
অন্বীয় ভূতেষু বিলক্ষণস্য, জ্ঞানস্য চেশাত ইমৌ পুরাণৌ॥
৩২। যস্মিন্ জনঃ প্রাণবিয়োগকালে, ক্ষণং সমাবেশ্য মনো বিশুদ্ধম্।
নির্হৃত্য কর্ম্মাশয়মাশু যাতি, পরাং গতিং ব্রহ্মময়োঽর্কবর্ণঃ॥
৩৩। তস্মিন্ ভবন্তাবখিলাত্মহেতৌ, নারায়ণে কারণমর্ত্ত্যমূর্ত্তৌ।
ভাবং বিধত্তাং নিতরাং মহাত্মন্, কিংবাবশিষ্টং যুবয়োঃ সুকৃত্যম্?
৩৪। আগমিষ্যত্যদীর্ঘেণ কালেন ব্রজমচ্যুতঃ। প্রিয়ং বিধাস্যতে পিত্রোর্ভগবান্ সাত্বতাং পতিঃ॥
৩৫। হত্বা কংসং রঙ্গমধ্যে প্রতীপং সর্ব্বসাত্বতাম্। যদাহ বঃ সমাগত্য কৃষ্ণঃ সত্যং করোতি তৎ॥
৩৬। মা খিদ্যতং মহাভাগৌ দ্রক্ষ্যথঃ কৃষ্ণমন্তিকে। অন্তর্হৃদি স ভূতানামাস্তে জ্যোতিরিবৈধসি॥
৩৭। ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ো বাঽস্ত্যমানিনঃ।
নোত্তমো নাধমো বাপি সমানস্যাসমোঽপি বা॥
৩৮। ন মাতা ন পিতা তস্য ন ভার্য্যা ন সুতাদয়ঃ। নাত্মীয়ো ন পরশ্চাপি ন দেহো জন্ম এব চ॥
৩৯। ন চাস্য কর্ম্ম বা লোকে সদসন্মিশ্রযোনিষু।
ক্রীড়ার্থং সোঽপি সাধূনাং পরিত্রাণায় কল্পতে॥
৪০। সত্ত্বং রজস্তম ইতি ভজতে নির্গুণো গুণান্। ক্রীড়ন্নতীতোঽপি গুণৈঃ সৃজত্যবতি হন্ত্যজঃ॥

---

৩১ বলদেব জানি—বিশ্ব-উতপতি-স্থান।
পুরুষ-পুরাণ কৃষ্ণ—বিশ্ব-উপাদান॥
সর্ব্বভূতে বেয়াপিত, জগতের ভিন্ন।
জ্ঞানময়, পুরাণ-পুরুষ, গুণহীন॥
৩২ মরণ-সময়ে যাঁ'র চরণযুগলে।
তিলেক ধরিয়া চিত্ত তেজে' কলেবরে॥
কর্ম্মবন্ধ সকল করিয়া বিনাশন।
সূর্য্যসম হয়্যা তাঁ'র বৈকুণ্ঠ-গমন॥
৩৩ হেন প্রভু নারায়ণ সর্ব্বভূতগতি।
জগত-কারণ মায়া-মানুষ-মূরতি॥
তাঁহাতে নিতান্ত-ভক্তি দেখিলুঁ তোমার।
পুণ্যফল অবশেষ কি কহিব আর?
৩৪ আসিব গোবিন্দ এথা, না করিব খেদ।
তাঁ'র সহ কভু তব নহিব বিচ্ছেদ॥
৩৫ কংস বধি' যে কহিলা রঙ্গভূমি-মাঝে।
'অবশ্য আসিব আমি গোকুল-সমাঝে'॥
সত্যবাদী প্রভু সে করিব সত্য বাণী।
৩৬ এ বোল বুঝিয়া আর খেদ কর' জানি॥
হৃদয়ে চিন্তিয়া চাহ, দেখিবে গোপাল।
সভার হৃদয়ে কৃষ্ণ থাকে সর্ব্বকাল॥
অন্তর্যামী ভগবান্ সর্ব্বভূতে বৈসে।
হৃদয়কমলে কৃষ্ণ চিন্তিলে প্রকাশে॥
কাষ্ঠের ভিতরে যেন থাকে হুতাশন।
মথিলে বেকত হয়, জানিঞে তখন॥
৩৭ উত্তম, অধম তাঁ'র নাহিক সমান।
সর্ব্বভূতে সমদৃষ্টি, এক ভগবান্॥
৩৮ পিতা-মাতা নাহি তাঁ'র প্রিয়সুতদার।
নিজ-পর নাহি তাঁ'র জনম-সংহার॥
৩৯ ধর্ম্ম-কর্ম্ম কিছু তাঁ'র নাহি ত্রিভুবনে।
অবতার করে' প্রভু সাধু-পরিত্রাণে॥
ইচ্ছা যদি করে' কৃষ্ণ করিতে বিহার।
তখনে লীলায় করে' দিব্য-অবতার॥
৪০ আপনে নির্গুণ হরি, তিন গুণ ধরে।
ব্রহ্মারূপে রজোগুণ ধরি' সৃষ্টি করে'॥
তমোগুণে রুদ্ররূপে করয়ে সংহার।
সত্ত্বগুণে সৃষ্টি পালে' বিষ্ণু-অবতার॥

৪১। যথা ভ্রমরিকাদৃষ্ট্যা ভ্রাম্যতীব মহীয়তে। চিত্তে কর্ত্তরি তত্রাত্মা কর্ত্তেবাহংধিয়া স্মৃতঃ॥

৪২। যুবয়োরেব নৈবায়মাত্মজো ভগবান্ হরিঃ।
সর্ব্বেষামাত্মজো হ্যাত্মা পিতা মাতা স ঈশ্বরঃ॥

৪৩। দৃষ্টং শ্রুতং ভূতভবদ্ভবিষ্যৎ, স্থাস্নুশ্চরিষ্ণুর্মহদল্পকঞ্চ।
বিনাচ্যুতাদ্বস্তু তরাং ন বাচ্যং, স এব সর্ব্বং পরমাত্মভূতঃ॥

৪৪। এবং নিশা সা ব্রুবতোর্ব্যতীতা, নন্দস্য কৃষ্ণানুচরস্য রাজন্!
গোপ্যঃ সমুত্থায় নিরূপ্য দীপান্, বাস্তূন্ সমভ্যর্চ্চ্য দধীন্যমন্থন্॥

৪৫। তা দীপদীপ্তৈর্মণিভির্বিরেজু, রজ্জূর্বিকর্ষদ্ভুজকঙ্কণস্রজঃ।
চলন্নিতম্বস্তনহারকুণ্ডল,-ত্বিষৎকপোলারুণকুঙ্কুমাননাঃ॥

৪৬। উদ্গায়তীনামরবিন্দলোচনং, ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্নশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো, নিরস্যতে যেন দিশামমঙ্গলম্॥

৪৭। ভগবত্যুদিতে সূর্য্যে নন্দদ্বারি ব্রজৌকসঃ। দৃষ্ট্বা রথং শাতকৌম্ভং কস্যায়মিতি চাব্রুবন্॥

৪৮। অক্রূর আগতঃ কিংবা যঃ কংসস্যার্থসাধকঃ।
যেন নীতো মধুপুরীং কৃষ্ণঃ কমললোচনঃ॥

---

৪১ কর্ত্তা নহে, কর্ম্ম করে', অজ হয়্যা জন্ম।
জগতে বুঝিতে পারে কেবা তা'র মর্ম্ম?

প্রভুর অধীন সব, কেহ কিছু নহে।
অভিমানে 'কর্ত্তা', 'ভোক্তা' আপনাকে কহে॥

ভাণ্ডরি ফিরিলে যেন ফিরয়ে ধরণী।
এইরূপে ভ্রমে' জীব আপনা না জানি'॥

৪২ সে-প্রভু তোমার পুত্র নহে কোনকালে।
জগতের পুত্র তেঁহো বন্ধু-সহোদরে॥

জগতের মাতা-পিতা, সভার ঈশ্বর।
কীট-পতঙ্গাদি জীব, যত চরাচর॥

দেখি' শুনি' ভূত-ভব্য-ভবিষ্য সকল।
৪৩ কৃষ্ণ-বিনে কিছু সত্য নহে চরাচর॥
ছোট-বড়, তৃণ-গিরি কিছু নহে আন।
যত দেখ সত্য নহে, সত্য ভগবান্॥
এ বোল বুঝিয়া তুমি স্থির কর' চিত্ত।
চিন্তিলে এথাই কৃষ্ণ দেখিবে নিশ্চিত॥'

৪৪ এইরূপে নন্দঘোষে আর উদ্ধবেতে।
রজনী বঞ্চিলা দুঁহে শ্রীকৃষ্ণ-কথাতে॥

গোপী-সব উঠিয়া রজনী-অবশেষে।
প্রদীপ জ্বালিয়া কৈলা মন্দিরে প্রবেশে॥

বাস্তুপূজা কৈলা গোপী প্রতি ঘরে-ঘরে।
দধি মন্থে' ব্রজনারী হেন অবসরে॥

৪৫ মণিময় কুণ্ডল কপোলে বিরাজিত।
ভুজযুগে কনক-কঙ্কণ বিলসিত॥

দীপ্তমণি-অলঙ্কৃত শোভে কলেবরে।
দধি মন্থে' ব্রজনারী প্রতি ঘরে-ঘরে॥

৪৬ কমলনয়ন-গুণ গায় উচ্চস্বরে।
দধিমন্থনের ধ্বনি শুনি কোলাহলে॥

শবদে শবদ মেলি' উঠিল গগনে।
দশদিক্-পাপ হরে' যাহার শ্রবণে॥

৪৭ দধি মন্থে' ব্রজনারী, গায় কৃষ্ণগুণ।
রজনী প্রভাত হৈল, উদিল অরুণ॥
দেখিলা সুবর্ণরথ নন্দের দুয়ারে।
দুই চারি গোপী মেলি' বলাবলি করে'॥
'এ রথ কাহার, কেবা আইলা ব্রজপুরে?
৪৮ সেই বা অক্রূর হয় কংস-অনুচরে?

৪৯। কিং সাধয়িষ্যত্যস্মাভির্ভর্ত্তুঃ প্রীতস্য নিষ্কৃতিম্ ?
ততঃ স্ত্রীণাং বদন্তীনামুদ্ধবোঽগাৎ কৃতাহ্নিকঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··দশমস্কন্ধে শ্রীনন্দশোকাপনয়নং নাম ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৬ ॥

---

৪৯ গোপীর জীবন কৃষ্ণ, যে নিল হরিয়া। এইরূপে গোপী-সব মিলি' কহে কথা।
কি কার্য্য সাধিব এবে গোপীগণ দিয়া ?' নিত্যকর্ম্ম করিয়া উদ্ধব আইলা তথা ॥"

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৬ ॥

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। তং বীক্ষ্য কৃষ্ণানুচরং ব্রজস্ত্রিয়ঃ, প্রলম্ববাহুং নবকঞ্জলোচনম্।
পীতাম্বরং পুষ্করমালিনং লস,-ন্মুখারবিন্দং পরিমৃষ্টকুণ্ডলম্ ॥
২। সুবিস্মিতাঃ কোঽয়মপীব্যদর্শনঃ, কুতশ্চ কস্যাচ্যুতবেষভূষণঃ ?
ইতি স্ম সর্ব্বাঃ পরিবব্রুরুৎসুকা,-স্তমুত্তমঃশ্লোকপদাম্বুজাশ্রয়ম্ ॥
৩। তং প্রশ্রয়েণাবনতাঃ সুসৎকৃতং; সব্রীড়হাসেক্ষণসূনৃতাদিভিঃ।
রহস্যপৃচ্ছন্নুপবিষ্টমাসনে, বিজ্ঞায় সন্দেশহরং রমাপতেঃ ॥
৪। জানীমস্ত্বাং যদুপতেঃ পার্ষদং সমুপাগতম্। ভর্ত্রেহ প্রেষিতঃ পিত্রোর্ভবান্ প্রিয়চিকীর্ষয়া ॥
৫। অন্যথা গোব্রজে তস্য স্মরণীয়ং ন চক্ষমহে। স্নেহানুবন্ধো বন্ধূনাং মুনেরপি সুদুস্ত্যজঃ ॥

[সিন্ধুড়া-রাগ]

"এহিরূপে গোপীগণে কহে কৃষ্ণকথা।
নিত্যকর্ম্ম করিয়া উদ্ধব গেলা তথা ॥
১ আজানুলম্বিত-ভুজ রাজীব-লোচন।
প্রফুল্ল-কমল-মালা, প্রসন্ন-বদন ॥
শ্যাম কলেবর, কটিতটে পীতবাস।
গণ্ডযুগে মণিময়-কুণ্ডল-বিলাস ॥
সর্ব্বাঙ্গসুন্দর, মহাপুরুষলক্ষণ।
২ উদ্ধবে দেখিয়া গোপী চিন্তে মনে মন ॥
'এ কোন্ পুরুষ কৃষ্ণসম বেশ ধরে ?
কোথা হইতে কোথা যায়, কি নাম ইহারে ?'
এ বোল বলিয়া গোপী বেড়ে চারি পাশে।
৩ কোন কোন গোপী গিয়া নিকটে জিজ্ঞাসে ॥
কিঞ্চিৎ লজ্জিতমুখ অবনত হই'।
সলজ্জ মধুরহাস ভুরুভঙ্গে চাই' ॥
কনক-আসনে যদি উদ্ধব বসিলা।
মধুর-বচনে তবে কহিতে লাগিলা ॥
৪ 'তোমা' ভাল জানি—পুরপতি-অনুচর।
তোমাকে পাঠাঞা দিলা গোকুল-নগর ॥
পিতা-মাতা-বন্ধুগণে করিতে পীরিতি।
ব্রজপুরে পাঠাইলা মধুপুরপতি ॥
৫ নন্দরাজ-যশোদার করিতে পীরিতি।
ইহ বহু কার্য্য আর কি আছে সম্প্রতি ?
পিতা-মাতা যদি তা'র না থাকিবে মনে।
তবে হেন বুঝি—কিছু নাহিক স্মরণে ॥

৬। অন্যেষ্বর্থকৃতা মৈত্রী যাবদর্থবিড়ম্বনম্। পুম্ভিঃ স্ত্রীষু কৃতা যদ্বৎ সুমনঃস্বিব ষট্‌পদৈঃ॥
৭। নিঃস্বং ত্যজন্তি গণিকা অকল্পং নৃপতিং প্রজাঃ। অধীতবিদ্যা আচার্য্যমৃত্বিজো দত্তদক্ষিণম্॥
৮। খগা বীতফলং বৃক্ষং ভুক্ত্বা চাতিথয়ো গৃহম্।
দগ্ধং মৃগাস্তথারণ্যং জারা ভুক্ত্বা রতাং স্ত্রিয়ম্॥
৯। ইতি গোপ্যো হি গোবিন্দে গতবাক্‌কায়মানসাঃ।
কৃষ্ণদূতে সমায়াতে উদ্ধবে ত্যক্তলৌকিকাঃ॥
১০। গায়ন্ত্যঃ প্রিয়কর্ম্মাণি রুদন্ত্যশ্চ গতহ্রিয়ঃ। তস্য সংস্মৃত্য সংস্মৃত্য যানি কৈশোর-বাল্যয়োঃ॥
১১। কাচিন্মধুকরং দৃষ্ট্বা ধ্যায়ন্তী কৃষ্ণসঙ্গমম্। প্রিয়প্রস্থাপিতং দূতং কল্পয়িত্বেদমব্রবীৎ॥

শ্রীগোপ্যুবাচ

১২। মধুপ! কিতববন্ধো! মা স্পৃশাঙ্ঘ্রিং সপত্ন্যাঃ, কুচবিলুলিতমালাকুঙ্কুমশ্মশ্রুভির্নঃ।
বহতু মধুপতিস্তন্মানিনীনাং প্রসাদং, যদুসদসি বিড়ম্ব্যং যস্য দূতস্ত্বমীদৃক্॥
১৩। সকৃদধরসুধাং স্বাং মোহিনীং পায়য়িত্বা, সুমনস ইব সদ্যস্তত্যজেঽস্মান্ ভবাদৃক্।
পরিচরতি কথং তৎপাদপদ্মং নু পদ্মা, হ্যপি বত হৃতচেতা হ্যুত্তমঃশ্লোকজল্পৈঃ?

স্নেহ-অনুবন্ধ কেহ জগতে না ছাড়ে।
মুনি যদি হয়, সেহ ছাড়িতে না পারে॥

৬ অন্য-সনে অন্যের মিত্রতা-বিড়ম্বন।
নিজকার্য্য-অবধি তাহার প্রয়োজন॥
রতিসুখ ভুঞ্জিয়া পুরুষে নারী তেজে'।
মধুপান করিয়া ভ্রমরে পুষ্প বর্জ্জে॥

৭ নির্ধন পুরুষ হৈলে বেশ্যা-নারী ছাড়ে।
দুর্ব্বল নৃপতি দেখি' প্রজা পরিহারে'॥
বিদ্যা পড়ি' শিষ্য ছাড়ে গুরু-সন্নিধান।

৮ ফল না থাকিলে বৃক্ষ তেজে' পক্ষগণ॥
অতিথি ভোজন করি' গৃহ ছাড়ি যায়।
রতিভোগ করি' জার তেজিয়া পলায়॥
মৃগ নাহি থাকয়ে দেখিলে দগ্ধবন।
জলহীন সরোবরে তেজে' হংসগণ॥
এ-সব পীরিতি নিজকার্য্য সাধিবার।
প্রয়োজন বহি কিছু কার্য্য নাহি আর॥'

৯ এইরূপে কহে গোপী উদ্ধবের আগে।
কহিতে কহিতে স্তব্ধ হৈলা অনুরাগে॥
দেহ-মনোবচন গোবিন্দে সমর্পিলা।
লজ্জা পরিহরি' গোপী কাঁদিতে লাগিলা॥

১০ মুক্তকণ্ঠ হঞা কৃষ্ণ-গুণ-কর্ম্ম গায়।
সঙরি' সঙরি' গোপী কান্দে উচ্চরায়॥

১১ কোন গোপী ক্রোধ করি' উদ্ধব-গোচরে।
ভ্রমর কল্পিয়া দূত-ছলে কিছু বলে'॥

[মল্লার-রাগ]

১২ 'সৌতিনের কুচতট-বিলোলিত-মালে।
তাহার কুঙ্কুম তো'র মুখ-লোমজালে॥
পরশ না কর', ভৃঙ্গ! চরণ আমার।
যদুকুল-বিড়ম্বন, এ দূত যাহার॥
শুন শুন! ভ্রমর, হে কিতবের মিত!
ভাল ত' বলিএ তুমি দূত সুচরিত॥
পুরনারীপ্রসাদ করুক পুররাজে।
তা'র কথা না কহিবে গোপীর সমাজে॥

১৩ সকৃত অধর-মধু করাইয়া পান।
তেজি' গেলা কৃষ্ণ যেন তুহারি সমান॥
কিরূপে কমলা দেবী সেবে পদযুগে?
এমত বঞ্চকে না বাড়াই অনুরাগে॥
হেন বুঝি তাহার উত্তম যশ শুনি'।
ভুলিলা কললাদেবী তত্ত্ব নাহি জানি'॥

১৪। কিমিহ বহু ষড়ঙ্ঘ্রে ! গায়সি ত্বং যদূনা,-মধিপতিমগৃহাণামগ্রতো নঃ পুরাণম্ ?
বিজয়সখসখীনাং গীয়তাং তৎপ্রসঙ্গঃ, ক্ষপিতকুচরুজস্তে কল্পয়ন্তীষ্টমিষ্টাঃ ॥
১৫। দিবি ভুবি চ রসায়াং কাঃ স্ত্রিয়স্তদ্দুরাপাঃ, কপটরুচিরহাস-ভ্রূবিজৃম্ভস্য যাঃ স্যুঃ।
চরণরজ উপাস্তে যস্য ভূতির্বয়ং কা, অপি চ কৃপণপক্ষে হ্যুত্তমঃশ্লোকশব্দঃ ?
১৬। বিসৃজ শিরসি পাদং বেদ্ম্যহং চাটুকারৈ,-রনুনয়বিদুষস্তেঽভ্যেত্য দৌত্যৈর্মুকুন্দাৎ।
স্বকৃত ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকা, ব্যসৃজদকৃতচেতাঃ কিং নু সন্ধেয়মস্মিন্ ?
১৭। মৃগয়ুরিব কপীন্দ্রং বিব্যধে লুব্ধধর্ম্মা, স্ত্রিয়মকৃত বিরূপাং স্ত্রীজিতঃ কামযানাম্।
বলিমপি বলিমত্বাবেষ্টয়দ্ ধ্বাঙ্ক্ষবদ্য,-স্তদলমসিতসখ্যৈর্দুস্ত্যজস্তৎকথার্থঃ ॥
১৮। যদনুচরিতলীলাকর্ণপীযূষবিপ্রুট্,-সকৃদদনবিধূতদ্বন্দ্বধর্ম্মা বিনষ্টাঃ।
সপদি গৃহকুটুম্বং দীনমুৎসৃজ্য দীনা, বহব ইহ বিহঙ্গা ভিক্ষুচর্য্যাং চরন্তি ॥
১৯। বয়মৃতমিব জিহ্মব্যাহৃতং শ্রদ্দধানাঃ, কুলিকরুতমিবাজ্ঞাঃ কৃষ্ণবধ্বো হরিণ্যঃ।
দদৃশুরসকৃদেতত্তন্নখস্পর্শতীব্র,-স্মররুজ উপমন্ত্রিন্ ! ভণ্যতামন্যবার্ত্তা ॥

---

১৪ বনচরী আমি-সব, নাহি গৃহ-পুরী।
তা'র গুণ কেন বা গাইস্ উচ্চ করি' ?

পুরপতি-কথা পুরনারী-আগে কহ।
তা'র ঠাঞি যে তোমার বাঞ্ছিত, তা' লহ ॥

অর্জ্জুনের প্রিয় কৃষ্ণ নপুংসক-সখা।
আমা-বিদ্যমানে তা'র না কহিও কথা ॥

ভ্রমর ! বলহ যদি—'এত দোষ জান'।
তবে কেন ভজিলে ?'—তাহার কথা শুন ॥

১৫ স্বর্গ-মর্ত্ত্য-পাতালে এমত নারী বৈসে।
তাহার কপট হাস-কটাক্ষ-বিলাসে ॥

সে রূপ দেখিয়া যে নহিব বিমোহিতা ?
কি দোষ আমার, যা'র কমলা বনিতা ?

১৬ পায়ে না পড়িহ, ভৃঙ্গ ! না ধর' চরণে।
বিনয়ে পণ্ডিত, সে কপট ভাল জানে' ॥

তুঞি সে তাহার দূত, জানিস্ চাতুরী।
তাহার কপট গোপী ভাণ্ডিতে না পারি ॥

পতি-সুত-গৃহ-কুল তাহা লাগি' তেজি।
সে কেন তেজিয়া যায়, মর্ম্ম নাহি বুঝি ॥

এতেকে জানিলুঁ তা'র মূর্খ-ব্যবহার।
ধর্ম্মাধর্ম্ম কিছু তা'র নাহিক বিচার ॥

১৭ বিনা অপরাধে বালি বিন্ধি' কেন মারে ?
সূর্য্যবংশে জন্মিঞা ব্যাধের কর্ম্ম করে' ॥

স্ত্রীর লাগি' বনে বনে বেড়ায় ভ্রমিয়া।
শূর্পণখার নাক-কাণ ফেলায় কাটিয়া ॥

বলিরাজা ত্রিভুবনের আছিলা ঈশ্বর।
তা'র পূজা লঞা তা'র হরয়ে সকল ॥

পাতালে বান্ধিয়া তা'রে থুইলা নাগপাশে।
কা'কে যেন বলি খাঞা সেই যজ্ঞ নাশে' ॥

নামে কালা, রূপে কালা, কালিয়া অন্তরে।
তা'র সঙ্গে পীরিতি বা কোন্ জনা করে' ?

তবু তা'র কথাখানি ছাড়ন না যায়।
না দেখিলুঁ আমি-সব তাহার উপায় ॥

যদি বল',—'তা'র কথা না কহিও আর।'
নারী হঞা কেমতে পারিব ছাড়িবার ?

১৮ সকৃত যাঁহার গুণ শুনি' ধীরগণে।
সুত-দার দুঃখিত তেজয়ে সেইক্ষণে ॥

পক্ষী যেন ভ্রমি' ভ্রমি' ভিক্ষা মাগি' খায়।
নারীজাতি আমি-সব, কি আছে উপায় ?

১৯ কুটিলের বচন মানিলুঁ সত্য করি'।
কুলিকের গীতে যেন মৃগ মরে' ভুলি' ॥

২০। প্রিয়সখ! পুনরাগাঃ প্রেয়সা প্রেষিতঃ কিং, বরয় কিমনুরুন্ধে মাননীয়োঽসি মেঽঙ্গ?
নয়সি কথমিহাস্মান্ দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্বং, সততমুরসি সৌম্য! শ্রীর্বধূঃ সাকমাস্তে?
২১। অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে, স্মরতি স পিতৃগেহান্ সৌম্য! বন্ধূংশ্চ গোপান্?
ক্বচিদপি স কথা নঃ কিঙ্করীণাং গৃণীতে, ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্যধাস্যৎ কদা নু?

শ্রীশুক উবাচ

২২। অথোদ্ধবো নিশম্যৈবং কৃষ্ণদর্শনলালসাঃ। সান্ত্বয়ন্ প্রিয়সন্দেশৈর্গোপীরিদমভাষত॥

শ্রীউদ্ধব উবাচ

২৩। অহো যূয়ং স্ম পূর্ণার্থা ভবত্যো লোকপূজিতাঃ। বাসুদেবে ভগবতি যাসামিত্যর্পিতং মনঃ॥
২৪। দানব্রততপোহোম-জপস্বাধ্যায়সংযমৈঃ। শ্রেয়োভির্বিবিধৈশ্চান্যৈঃ কৃষ্ণে ভক্তির্হি সাধ্যতে॥
২৫। ভগবত্যুত্তমঃশ্লোকে ভবতীভিরনুত্তমা। ভক্তিঃ প্রবর্ত্তিতা দিষ্ট্যা মুনীনামপি দুর্লভা॥
২৬। দিষ্ট্যা পুত্রান্ পতীন্ দেহান্ স্বজনান্ ভবনানি চ।
হিত্বাঽবৃণীত যূয়ং যৎ কৃষ্ণাখ্যং পুরুষং পরম্॥
২৭। সর্ব্বাত্মভাবোঽধিকৃতো ভবতীনামধোক্ষজে। বিরহেণ মহাভাগা মহান্ মেঽনুগ্রহঃ কৃতঃ॥
২৮। শ্রূয়তাং প্রিয়সন্দেশো ভবতীনাং সুখাবহঃ। যমাদায়াগতো ভদ্রা অহং ভর্ত্তুরহস্করঃ॥

শ্রীভগবানুবাচ

২৯। ভবতীনাং বিয়োগো মে ন হি সর্ব্বাত্মনা ক্বচিৎ। যথা ভূতানি ভূতেষু খং বায্বগ্নির্জলং মহী।
তথাহঞ্চ মনঃ প্রাণভূতেন্দ্রিয়গুণাশ্রয়ঃ॥

এবে তা'র কথা ছাড়ি' আন কথা কহ।
কিছু যদি চাহ তুমি, তাহা মাগি' লহ॥
২০ সত্য কি আসিবে হেথা সে নন্দনন্দন?
কিবা তথা লঞা যা'বে এই গোপীগণ?
২১ কিবা মধুপুরে হরি আছেন কুশলে?
পিতামাতা-বন্ধুগণ কভু কি সঙরে?
কিঙ্করীগণের কথা শুনিলে কহিতে?
শ্রীভুজ তুলিয়া আর কবে দিবে মাথে?
২২ ভৃঙ্গ লক্ষ্য করি' গোপী উদ্ধবের তরে।
এইরূপে নানা বাণী বলে' নানা ছলে॥
উদ্ধব দেখিয়া ভক্তিরস-মহোদয়।
গোপীগণে শান্তিয়া কি বলে' মহাশয়?
২৩ 'আসিবে গোবিন্দ, গোপি! চিত্ত স্থির কর'।
নিকটে দেখিবে হরি, খেদ পরিহর'॥
অহো ধন্যা, গোপি! তুমি জগতে পূজিতা।
সাধিলে সকল সিদ্ধি ত্রৈলোক্য-বন্দিতা॥
গোবিন্দে এরূপ যা'র চিত্ত-আরোপণ।
কি তা'র কহিব ভাগ্য, সফল জীবন॥
২৪ দান, ব্রত, তপ, হোম, জপ, যজ্ঞ করি'।
কোটি কোটি জন্মে যদি সাধিবারে পারি॥
২৫ তবে সে এমন ভক্তি হয় নারায়ণে।
হেন ভক্তি তুমি-সব লভিলে কেমনে?
মুনির দুর্লভ ভক্তি দেখিলুঁ তোমার।
ভাগ্যে তুমি তেজিলে বান্ধব-পরিবার॥
২৬ অহো ভাগ্য, পতি, সুত তেজিলে সকল।
কুল-শীল তেজিয়া ভজিলে দামোদর॥
পূর্ণব্রহ্ম কৃষ্ণে কৈলে সর্ব্ব সমর্পণ।
২৭ ভাগ্যে তোমা'-সভা-সঙ্গে হৈল দরশন॥
এত অনুগ্রহ কৈলা কৃষ্ণের বিরহে।
তে-কারণে দরশন তোমা'-সভা-সহে॥
২৮ শুন, গোপি! কৃষ্ণের সন্দেশ সুখময়।
যে কহিয়া আমাকে পাঠাইলা দয়াময়॥

৩০। আত্মন্যেবাত্মনাত্মানং সৃজে হন্ম্যনুপালয়ে। আত্মমায়ানুভাবেন ভূতেন্দ্রিয়গুণাত্মনা ॥
৩১। আত্মা জ্ঞানময়ঃ শুদ্ধো ব্যতিরিক্তোঽগুণান্বয়ঃ। সুষুপ্তি-স্বপ্ন-জাগ্রদ্ভির্মনোবৃত্তিভিরীয়তে ॥
৩২। যেনেন্দ্রিয়ার্থান্ ধ্যায়েত মৃষা স্বপ্নবদুত্থিতঃ। তন্নিরুন্ধ্যাদিন্দ্রিয়াণি বিনিদ্রঃ প্রত্যপদ্যত ॥
৩৩। এতদন্তঃ সমাম্নায়ো যোগঃ সাঙ্খ্যং মনীষিণাম্। ত্যাগস্তপো দমঃ সত্যং সমুদ্রান্তা ইবাপগাঃ ॥
৩৪। যত্ত্বহং ভবতীনাং বৈ দূরে বর্ত্তে প্রিয়ো দৃশাম্। মনসঃ সন্নিকর্ষার্থং মদনুধ্যানকাম্যয়া ॥
৩৫। যথা দূরচরে প্রেষ্ঠে মন আবিশ্য বর্ত্ততে। স্ত্রীণাঞ্চ ন তথা চেতঃ সন্নিকৃষ্টেঽক্ষিগোচরে ॥
৩৬। ময্যাবেশ্য মনঃ কৃৎস্নং বিমুক্তাশেষবৃত্তি যৎ। অনুস্মরন্ত্যো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথ ॥
৩৭। যা ময়া ক্রীড়তা রাত্র্যাং বনেঽস্মিন্ ব্রজ আস্থিতাঃ।
অলব্ধরাসাঃ কল্যাণ্যো মাপুর্মদ্বীর্য্যচিন্তয়া ॥

শ্রীশুক উবাচ

৩৮। এবং প্রিয়তমাদিষ্টমাকর্ণ্য ব্রজযোষিতঃ। তা ঊচুরুদ্ধবং প্রীতাস্তৎসন্দেশাগতস্মৃতীঃ ॥

---

২৯ 'সর্ব্বভাবে নাহি হয় আমার বিচ্ছেদ।
বিচারিয়া বুঝ, গোপি! পরিহর' খেদ ॥
পঞ্চভূত-বেয়াপিত সব চরাচর।
অন্তরে বাহিরে যেন আছে নিরন্তর ॥
এইরূপ তুমি-সব জানিহ নিশ্চয়।
সর্ব্বজীবে বসি আমি, সর্ব্বজীবময় ॥

৩০ আপনে আপনা সৃজি, করিয়ে সংহার।
আপনাকে আপনি পালিয়ে সর্ব্বকাল ॥
হেন আছে আমার মায়ার অনুভাব।
ব্রহ্মাদি বুঝিতে নারে অচিন্ত্যপ্রভাব ॥

৩১ জ্ঞানময় জীব নিত্য, শুদ্ধ, সুখময়।
নাহি হানি-লাভ তা'র, নাহি অতিশয় ॥

৩২ সুখ-দুঃখ যত তা'র মনের বিলাস।
জ্ঞান হৈলে সেই সব অবিদ্যা-বিনাশ ॥
মিথ্যা হেন জানি যেন জাগিলে স্বপন।
এইরূপে বিচারিলে ছুটয়ে ভরম ॥

৩৩ সকল ইন্দ্রিয় যদি রুধিয়ে যতনে।
নিত্যশুদ্ধ জীব তবে জানিয়ে তখনে ॥
এই অর্থ সর্ব্ববেদ, কহে সর্ব্বশাস্ত্র।
সাংখ্যযোগে কহে সভে এই তত্ত্বমাত্র ॥
ত্যাগ, তপ, দম, সত্য—এই মাত্র সাধি।
নদ-নদী-গতি যেন সমুদ্র-অবধি ॥

৩৪ দূরে আছি আমি, তা'র কহিয়ে কারণ।
আমার ধেয়ান যেন করে' অনুক্ষণ ॥

৩৫ যা'র প্রিয় পতি থাকে অতি দূরদেশে।
সতত নারীর চিত্ত পতিদেহে বৈসে ॥
নিকটে থাকিলে তা'র হয় অনাদর।
বিশেষে নারীর চিত্ত সহজে চপল ॥
এই সে কারণে আমি দূরদেশে বসি।
৩৬-৩৭ সতত থাকিবে চিত্ত আমাতে নিবেশি' ॥
আমা' লাগি' লোক, বেদ—সকল তেজিলে।
চিত্তবৃত্তি সকল আমাতে নিয়োজিলে ॥
আমার চরিত্র কর' সতত ধেয়ান।
আমা বিনে চিত্তে কিছু নাহি ভাব' আন ॥
সতত পীরিতি করি' আমারে ভজিলে।
এতেকেহি তুমি-সব আমারে পাইলে ॥
আমাকে পাইলে, তা'র নৈল কোন্ সিদ্ধি?
এ বোল বুঝিয়া আমা' চিন্ত' নিরবধি ॥'
এতেক বচন কৃষ্ণ কহিলা সাক্ষাতে।
তুমি-সব বুঝিয়া সন্তোষ কর' চিত্তে ॥'

৩৮ কৃষ্ণের বচন শুনি' উদ্ধবের মুখে।
শুনিঞা গোপীর চিত্ত পূরিল কৌতুকে ॥

শ্রীগোপ্য ঊচুঃ

৩৯। দিষ্ট্যাহিতো হতঃ কংসো যদূনাং সানুগোঽঘকৃৎ। দিষ্ট্যাপ্তৈর্লব্ধসর্ব্বার্থৈঃ কুশল্যাস্তেঽচ্যুতোঽধুনা॥

৪০। কচ্চিদ্গদাগ্রজঃ সৌম্য! করোতি পুরযোষিতাম্।
প্রীতিং নঃ স্নিগ্ধসব্রীড়-হাসোদারেক্ষণার্চ্চিতঃ?

৪১। কথং রতিবিশেষজ্ঞঃ প্রিয়শ্চ পুরযোষিতাম্। নানুবধ্যেত তদ্বাক্যৈর্বিভ্রমৈশ্চানুভাজিতঃ?

৪২। অপি স্মরতি নঃ সাধো! গোবিন্দঃ প্রস্তুতে ক্বচিৎ।
গোষ্ঠীমধ্যে পুরস্ত্রীণাং গ্রাম্যাঃ স্বৈরকথান্তরে?

৪৩। তাঃ কিং নিশাঃ স্মরতি যাসু তদা প্রিয়াভি,- র্বৃন্দাবনে কুমুদকুন্দশশাঙ্করম্যে।
রেমে ক্বণচ্চরণনূপুররাসগোষ্ঠ্যাং,- মস্মাভিরীড়িতমনোজ্ঞকথঃ কদাচিৎ?

৪৪। অপ্যেষ্যতীহ দাশার্হস্তপ্তাঃ স্বকৃতয়া শুচা। সঞ্জীবয়ন্ নু নো গাত্রৈর্যথেন্দ্রো বনমম্বুদৈঃ?

৪৫। কস্মাৎ কৃষ্ণ ইহায়াতি প্রাপ্তরাজ্যো হতাহিতঃ। নরেন্দ্রকন্যা উদ্বাহ্য প্রীতঃ সর্ব্বসুহৃদ্বৃতঃ?

৪৬। কিমস্মাভির্বনৌকোভিরন্যাভির্বা মহাত্মনঃ। শ্রীপতেরাপ্তকামস্য ক্রিয়েতার্থঃ কৃতাত্মনঃ?

৪৭। পরং সৌখ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা। তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়া॥

---

৩৯ এতেক বচন শুনি' ব্রজবধূগণে।
কহিতে লাগিলা কিছু হরষিত-মনে॥
'এই ভাগ্য—কংস সবংশে হইল নাশ।
রিপু সংহারিয়া কৈলা যদুকুলে বাস॥
সর্ব্বমনোরথসিদ্ধি হৈল বন্ধুগণে।
গোষ্ঠী-সহ কুশলে ত' আছেন এখনে?'

৪০ এক কথা পুছিব, উদ্ধব! মহাভাগ!
পুরবধূগণে কৃষ্ণ করে' অনুরাগ?
বিদগধ-শিরোমণি রসিক-শেখর।
মোহিব নারীর চিত্ত—কাজ কত বড়?
পীরিতি বাঢ়ায় কি নগর-নারীগণে?
তা'রা-সব পীরিতি করয়ে কেমনে?
সলজ্জ-মধুর-হাস-লীলা-নিরীক্ষণে।
আমি-সব গোবিন্দ ভজিলুঁ অনুক্ষণে॥

৪১ বিবিধলাবণ্য তা'রা জানে' পুরনারী।
রতিকলা-রস-গুরু রসিক মুরারি॥
দুঁহার পীরিতি লাগি' দুঁহার বন্ধন।
আর কি গোকুলে হরি আসিবে এখন?

৪২ পুরনারী-সমাজে বসিয়া কোনকালে।
গোষ্ঠী-মধ্যে নানাবিধ কথা-অবসরে॥
কভু কি সঙরে হরি ব্রজপুরনারী?

৪৩ কবে আর সে-রূপ দেখিব আঁখি ভরি'?
সে-সব রজনী কিবা করয়ে স্মরণে?
কুন্দ-কুমুদ-চন্দ্র-চারু-বৃন্দাবনে?
কিঙ্কিণী-কঙ্কণ-মণি নূপুর-বাজন।
মধুর বেণুর রব, মধুর ভাষণ?
রমণী-সমাজে যা'থে কৈলা রাসকেলি।
সে-সব রমণী কি সঙরে বনমালী?

৪৪ আর কি আসিব এথা সে নন্দনন্দন?
দেখা দিয়া গোপীগণের রাখিব জীবন?

৪৫ আর কেনে এথাতে আসিব শ্রীহরি?
রাজ্যপদ পাইলা রিপু নিপাতন করি'॥
বন্ধুগণ-সহ হৈলা একত্র মিলন।
বিভা করি' আনিব কৃষ্ণ রাজকন্যাগণ॥

৪৬ গোপনারী মোরা-সব বসি বনে-বনে।
কি কাজ এখন তাঁ'র আমা'-সভা-সনে?
আন নারী করি' তাঁ'র কিবা বস্তুজ্ঞান?
লক্ষ্মীপতি আপনেই পূর্ণ ভগবান্॥

৪৭ কহিল পিঙ্গলা বেশ্যা, তাহাই সঙরি।
তবু তা'র আশাখানি ছাড়িতে না পারি॥

৪৮। ক উৎসহেত সন্ত্যক্তুমুত্তমঃশ্লোকসংবিদম্। অনিচ্ছতোঽপি যস্য শ্রীরঙ্গান্ন চ্যবতে ক্বচিৎ ?
৪৯। সরিচ্ছৈলবনোদ্দেশা গাবো বেণুরবা ইমে। সঙ্কর্ষণসহায়েন কৃষ্ণেনাচরিতাঃ প্রভো !
৫০। পুনঃপুনঃ স্মারয়ন্তি নন্দগোপসুতং বত। শ্রীনিকেতৈস্তৎপদকৈর্বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ॥
৫২। হে নাথ ! হে রমানাথ ! ব্রজনাথার্ত্তিনাশন ! মগ্নমুদ্ধর গোবিন্দ ! গোকুলং বৃজিনার্ণবাৎ॥

শ্রীশুক উবাচ

৫৩। ততস্তাঃ কৃষ্ণসন্দেশৈর্ব্যপেতবিরহজ্বরাঃ। উদ্ধবং পূজয়াঞ্চক্রুর্জ্ঞাত্বাত্মানমধোক্ষজম্॥
৫৪। উবাস কতিচিন্মাসান্ গোপীনাং বিনুদন্ শুচঃ। কৃষ্ণলীলাকথা গায়ন্ রময়ামাস গোকুলম্॥
৫৫। যাবন্ত্যহানি নন্দস্য ব্রজেঽবাৎসীৎ স উদ্ধবঃ। ব্রজৌকসাং ক্ষণপ্রায়াণ্যাসন্ কৃষ্ণস্য বার্ত্তয়া॥
৫৬। সরিদ্বনগিরিদ্রোণীর্বীক্ষন্ কুসুমিতান্ দ্রুমান্ : কৃষ্ণং সংস্মারয়ন্ রেমে হরিদাসো ব্রজৌকসাম্॥

'নৈরাশ্য—পরমসুখ, আশা—দুঃখময়।'
পিঙ্গলা-বেশ্যার বাণী—সেই সত্য হয়॥

৪৮ তাহা জানি, তবু তা'র ছাড়িতে নারি আশা।
না পাসরি তিলেক তাহার গুণভাষা॥

ভজুক কমলাদেবী ইচ্ছাও না করে'।
তবু লক্ষ্মীদেবী তাঁ'র অঙ্গ নাহি ছাড়ে॥

হেন কৃষ্ণ গোপী পাসরিব কেমনে ?
৪৯ সেই যমুনার জল সেই বৃন্দাবনে॥

সেই ধেনু-বৎস, সেই শিশু বিদ্যমান।
সেই গোবর্দ্ধন-গিরি, মুরলীর স্বান॥

৫০ পুনঃ পুনঃ নন্দসুত হয়ে সঙরণে।
বিস্মরিলে কৃষ্ণগুণ, নহে বিস্মরণে॥

সেই পদকমল দেখিয়ে ভূমিতলে।
পাসরিলে দশগুণ অনুরাগ বাঢ়ে॥

৫২ হে কৃষ্ণ ! হে রমানাথ ! দুঃখ-বিনাশন।
হে গোবিন্দ ! ব্রজনাথ ! দুরিত-খণ্ডন॥

মজিল গোকুল, কৃষ্ণ ! এ-শোকসাগরে।
বারেক উদ্ধার', নাথ ! নিজ-পরিকরে॥'

৫৩ এইরূপে বিলাপ করিয়ে ব্রজনারী।
রহিলা ক্ষণেক গোপী চিত্ত স্থির করি'॥

কৃষ্ণের সন্দেশ শুনি' চিত্ত সমাধিলা।
কৃষ্ণবুদ্ধি করিয়া উদ্ধবে পূজা কৈলা॥

পাদ্য-অর্ঘ্য দিয়া তাঁ'রে পূজিলা বিধানে।
কুশল জিজ্ঞাসা কৈলা স্বাগত-বচনে॥

এইরূপে প্রতিদিন প্রত্যূষ বিহানে।
৫৪-৫৫ উদ্ধবের সঙ্গে বসি' রহে গোপীগণে॥

কৃষ্ণকথা কহিয়া গোঙায় দিন-রাতি।
কৃষ্ণ-বিনে আন কা'র নাহি অবগতি॥

দেখিয়া গোপীর প্রেম-ভক্তির উদয়।
দেহধর্ম্ম পাসরিলা উদ্ধব মহাশয়॥

দেখিয়া গোকুলবাসীর প্রেমের তরঙ্গ।
তিলে-তিলে উদ্ধবের বাড়য়ে আনন্দ॥

রাত্রি-দিন উদ্ধব গোবিন্দ-গুণ গায়।
নিরবধি গোপকুলে আনন্দ বাড়ায়॥

যতদিন উদ্ধব আছিলা ব্রজকুলে।
ক্ষণ-প্রায় গোপ-গোপী মানিলা সকলে॥

দেখিয়া গোকুলে কৃষ্ণ-প্রেমের প্রকাশ।
আজি-কালি করিয়া বঞ্চিলা চারি মাস॥

৫৬ গিরিতট-উপবন চাহিতে চাহিতে।
আনন্দে উদ্ধব লঞা বেড়ায় দেখিতে॥

বিমল যমুনাজল, কুসুমিত বন।
তরু, গিরি, নদ-নদী দেখি সুশোভন॥

বনে-বনে দেখিয়া প্রভুর পদচিহ্ন।
না বুঝিলা উদ্ধব কিছুই রাত্রি-দিন॥

৫৭। দৃষ্ট্বৈবমাদি গোপীনাং কৃষ্ণাবেশাত্মবিক্লবম্। উদ্ধবঃ পরমপ্রীতস্তা নমস্যন্নিদং জগৌ ॥
৫৮। এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো, গোবিন্দ এব নিখিলাত্মনি রূঢ়ভাবাঃ।
বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ, কিং ব্রহ্মজন্মভিরনন্তকথারসস্য ?
৫৯। কেমাঃ স্ত্রিয়ো বনচরীর্ব্যভিচারদুষ্টাঃ, কৃষ্ণে ক চৈষ পরমাত্মনি রূঢ়ভাবঃ ?
নন্বীশ্বরোঽনুভজতোঽবিদুষোঽপি সাক্ষা,-চ্ছ্রেয়স্তনোত্যগদরাজ ইবোপযুক্তঃ ॥
৬০। নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ, স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ।
রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ,-লব্ধাশিষাং য উদগাদ্ ব্রজবল্লবীনাম্ ?
৬১। আসামহো চরণরেণুজুষামহং স্যাং, বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাম্।
যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা, ভেজুর্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্ ॥
৬২। যা বৈ শ্রিয়ার্চ্চিতমজাদিভিরাপ্তকামৈ,-র্যোগেশ্বরৈরপি যদাত্মনি রাসগোষ্ঠ্যাম্।
কৃষ্ণস্য তদ্ভগবতশ্চরণারবিন্দং, ন্যস্তং স্তনেষু বিজহুঃ পরিরভ্য তাপম্ ॥

---

৫৭ গোপগোপী-বৈকল্য দেখিয়া কৃষ্ণাবেশে।
উদ্ধবের মনে কিছু না হয় প্রকাশে ॥

এইরূপে চারি মাস বঞ্চি' ব্রজপুরে।
মথুরা যাইতে ইচ্ছা জন্মিল তাহারে ॥

চলিব উদ্ধব, তবে বলে' কোন্ বাণী ?
৫৮ 'ধন্য গোপকুল, ধন্য গোকুল-রমণী ॥

তুমি-সব ক্ষিতিতলে সফল জন্মিলে।
এমত একান্ত-ভক্তি গোবিন্দে লভিলে ॥

মুনি যাহা বাঞ্ছা করে' পাঞা ভবভয়।
হেন ভক্তি গোপীগণে দেখিলুঁ উদয় ॥

আমি-সব যাহা বাঞ্ছা করি নিরন্তর।
ভক্তিশূন্য জন্ম যদি, ব্রহ্মার বিফল ॥

৫৯ বনে বৈসে গোপজাতি, গোয়ালার নারী।
ভক্তিযোগে ইহার কি অধিকার ধরি ?

কিবা এইরূপে কৃপা করয়ে ঈশ্বরে।
না জানিঞা যেবা ভজে তাহাকে উদ্ধারে ॥

না জানিঞা করে' যদি ঔষধ ভক্ষণ।
তবু তা'র রোগ যেন হয় নিবারণ ॥

বস্তুশক্তি কার্য্যের অপেক্ষা নাহি ধরে'।
ভজিলেই মাত্র কৃপা করয়ে ঈশ্বরে ॥

৬০ করিয়া নিতান্ত-রতি ভজয়ে সদায়।
লক্ষ্মী হঞা এ-মত প্রসাদ নাহি পায় ॥

পদ্মগন্ধা সুরবধূ কি বলিব তা'রে ?
এমত প্রসাদ আনে লভিতে না পারে ॥

মহারাসোৎসবে ভুজদণ্ড কণ্ঠে ধরি'।
কৃষ্ণ লঞা কৈলা রাস রসময়কেলি ॥

যেমত প্রসাদ কৃষ্ণ কৈলা গোপীগণে।
তেমত প্রসাদ কে লভিল ত্রিভুবনে ?

৬১ বৃন্দাবনে যত আছে তরুলতাগণে।
গোপীর চরণ-ধূলি করয়ে সেবনে ॥

তৃণ এক হঞা জন্ম হউ মোর তা'থে।
পদরজ গোপীর লভিব কোনমতে ॥

স্বজন, বান্ধব, আর্য্যকুল-ধর্ম্ম ছাড়ি'।
ভজিল মুকুন্দপদ দৃঢ়ভক্তি করি'।

যে পদবী অন্বেষণ করে' শ্রুতিগণে।
হেন কৃষ্ণপদ গোপী লভিলা আপনে ॥

৬২ কমলা-পূজিত পদ ব্রহ্মাদি-বন্দন।
মহাযোগেশ্বর যাঁ'র করয়ে চিন্তন ॥

হেন চরণারবিন্দ কুচে আরোপিয়া।
ছাড়িলা বিরহতাপ হৃদয়ে ধরিয়া ॥

৬৩। বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ। যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্॥

শ্রীশুক উবাচ

৬৪। অথ গোপীরনুজ্ঞাপ্য যশোদাং নন্দমেব চ। গোপানামন্ত্র্য দাশার্হো যাস্যন্নারুরুহে রথম্॥
৬৫। তং নির্গতং সমাসাদ্য নানোপায়নপাণয়ঃ। নন্দাদয়োঽনুরাগেণ প্রাবোচন্নশ্রুলোচনাঃ॥
৬৬। মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ।
বাচোঽভিধায়িনীর্নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষু॥
৬৭। কর্ম্মভির্ভ্রাম্যমাণানাং যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া। মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে॥
৬৮। এবং সভাজিতো গোপৈঃ কৃষ্ণভক্ত্যা নরাধিপ! উদ্ধবঃ পুনরাগচ্ছন্মথুরাং কৃষ্ণপালিতাম্॥
৬৯। কৃষ্ণায় প্রণিপত্যাহ ভক্ত্যুদ্রেকং ব্রজৌকসাম্।
বাসুদেবায় রামায় রাজ্ঞে চোপায়নান্যদাৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদুদ্ধবপ্রতিযানে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৭॥

---

৬৩ বন্দোঁ ব্রজবধূ-পদ-রেণু নিরন্তর।
যাঁ'র পুণ্যগুণ-কথা ভুবন-মঙ্গল॥'

৬৪ গোপীগণে আজ্ঞা মাগি' লৈলা অনুমতি।
নন্দ-যশোদার ঠাঞি করিয়া মিনতি॥
গোপগণে সম্ভাষিয়া মাগিলা বিদায়।
রথে চড়ি' উদ্ধব চলিলা মথুরায়॥

৬৫ পাছে পাছে চলিলা গোকুল-নরনারী।
নানা উপহার দিয়া কাকুবাদ করি'॥
নন্দ-আদি গোপগণে করি' জোড়করে।
কান্দিতে কান্দিতে কিছু বলে' উচ্চস্বরে॥

৬৬ 'চিত্তবৃত্তি রহু কৃষ্ণচরণ-আশ্রয়ে।
কৃষ্ণ-বিনে চিত্তে যেন আন নাহি লয়ে॥
বাণী যেন কৃষ্ণগুণ কহে নিরন্তর।
প্রণাম করিতে যেন রহে কলেবর॥

৬৭ কর্ম্মবন্ধে যথা-তথা হয় উতপতি।
জনমে-জনমে যেন রহে কৃষ্ণে রতি॥
প্রভুর ইচ্ছায় জন্ম হৌক যথা-তথা।
কভু যেন না ছাড়ি কৃষ্ণের গুণকথা॥'

৬৮ এই মতে গোপগণ কৃষ্ণে ধরি' আশা।
উদ্ধবে পাঠাঞা দিলা করিয়া সম্ভাষা॥
উদ্ধব মথুরা আসি' কৃষ্ণে সম্ভাষিলা।
৬৯ প্রণাম করিয়া সব কথা নিবেদিলা॥
বসুদেব-বলভদ্র বন্দিয়া চরণ।
রাজ-বিদ্যমানে লঞা দিলা উপায়ন॥"
'উদ্ধব-সংবাদ'—এই বুদ্ধি-অনুসারে।
কহিলুঁ প্রবন্ধবন্ধ বুঝিবার তরে॥
ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৭॥

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথ বিজ্ঞায় ভগবান্ সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ। সৈরিন্ধ্র্যাঃ কামতপ্তায়াঃ প্রিয়মিচ্ছন্ গৃহং যযৌ ॥

২। মহার্হোপস্করৈরাঢ্যং কামোপায়োপবৃংহিতম্। মুক্তাদামপতাকাভির্বিতানশয়নাসনৈঃ।
ধূপৈঃ সুরভিভির্দীপৈঃ স্রগ্‌গন্ধৈরপি মণ্ডিতম্ ॥

৩। গৃহং তমায়ান্তমবেক্ষ্য সাসনাৎ, সদ্যঃ সমুত্থায় হি জাতসম্ভ্রমা।
যথোপসঙ্গম্য সখীভিরচ্যুতং, সভাজয়ামাস সদাসনাদিভিঃ ॥

৪। তথোদ্ধবঃ সাধুতয়াভিপূজিতো, ন্যষীদদুর্ব্ব্যামভিমৃশ্য চাসনম্।
কৃষ্ণোঽপি তূর্ণং শয়নং মহাধনং, বিবেশ লোকাচরিতান্যনুব্রতঃ ॥

৫। সা মজ্জনালেপদুকূলভূষণ,-স্রগ্‌গন্ধ-তাম্বূল-সুধাসবাদিভিঃ।
প্রসাধিতাত্মোপসসার মাধবং, সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ ॥

৬। আহূয় কান্তাং নবসঙ্গমহ্রিয়া, বিশঙ্কিতাং কঙ্কণভূষিতে করে।
প্রগৃহ্য শয্যামধিবেশ্য রাময়া, রেমেঽনুলেপার্পণপুণ্যলেশয়া ॥

[বসন্ত-রাগ]

১ শুকদেব বলে,'—"রাজা! ভকত প্রধান।
আর অদভুত কহি, কর' অবধান ॥
সর্ব্বজ্ঞের শিরোমণি সর্ব্বতত্ত্ব জানে'।
সত্যবাদী প্রভু সত্য করিব পালনে ॥
সর্ব্বভূত-আত্মা পরিপূর্ণ নারায়ণ।
কুবুজীর পীরিতি করিব আছে মন ॥
কামানলে দগধে' কুব্জার কলেবর।
তে-কারণে গেলা কৃষ্ণ কুবুজার ঘর ॥
আপ্তবর্গ যদুগণ উদ্ধব-সংহতি।
কুবুজীর ঘর গেলা প্রভু যদুপতি ॥

২ দিব্য-পরিচ্ছদ, ঘর বিচিত্রনির্ম্মাণ।
বহুবিধ বসন, ভূষণ, অন্নপান ॥
বিচিত্র পাতাকা-ধ্বজ, মুকুতার ঝারা।
বিলোলিত তোরণ, বিতান, মণিমালা ॥
ধূপ-দীপ-কুসুম-গন্ধেতে বিমোহিত।
দিব্য সিংহাসন হেম-মণি-বিরাজিত ॥
দিব্য পুরমন্দির, প্রাচীর থরে-থরে।
উত্তরিলা গিয়া কৃষ্ণ কুবুজীর ঘরে ॥

৩ কৃষ্ণ-আগমন শুনি' উঠিলা সম্ভ্রমে।
ত্বরিতে চলিয়া গেলা কৃষ্ণ-বিদ্যমানে ॥
চারি পাশে সখীগণ, মাঝে দিব্য নারী।
প্রণাম করিয়া রহে করজোড় করি' ॥
দিব্য উপহার দিয়া পূজিলা বিধানে।
আনন্দে পূজিলা কৃষ্ণে সব নারীগণে ॥

৪ উদ্ধব পূজিয়া দিলা বসিতে আসন।
একে একে পূজিলা সকল সঙ্গিগণ ॥
তবে কৃষ্ণ কৈলা তা'র মন্দিরে প্রবেশ।
নরলীলা করে' প্রভু ধরি' নরবেশ ॥

৫ দিব্য-সিংহাসনে তবে বসিলা শ্রীহরি।
চন্দনে লেপিলা অঙ্গ মারজন করি' ॥
সুগন্ধি কুসুমমালা, বসন, ভূষণ।
কর্পূর, তাম্বূল দিয়া কৈলা আরাধন ॥
সলজ্জ-কটাক্ষ, ভুরুভঙ্গিম-বিলাস।
কুঞ্চিত অধরপুট, মন্দ-মধুহাস ॥
কামভাব প্রকাশিয়া নিকটে দাণ্ডায়।

৬ করে ধরি' কুবুজী আনিলা যদুরায় ॥
রমিঞা রমায় প্রভু কুবুজীর মন।
সভে পুণ্যলেশ তা'র—গন্ধ-আরোপণ ॥

৭। সানঙ্গতপ্তকুচয়োরুরসস্তথাক্ষ্ণো-র্জিঘ্রন্ত্যনন্তচরণেন রুজো মৃজন্তী।
দোর্ভ্যাং স্তনান্তরগতং পরিরভ্য কান্ত,-মানন্দমূর্ত্তিমজহাদতিদীর্ঘতাপম্॥
৮। সৈবং কৈবল্যনাথং তং প্রাপ্য দুষ্প্রাপমীশ্বরম্। অঙ্গরাগার্পণেনাহো দুর্ভগেদমযাচত॥
৯। আহোষ্যতামিহ প্রেষ্ঠ! দিনানি কতিচিন্ময়া। রমস্ব নোৎসহে ত্যক্তুং সঙ্গং তেঽম্বুরুহেক্ষণ!
১০। তস্যৈ কামবরং দত্ত্বা মানয়িত্বা চ মানদঃ। সহোদ্ধবেন সর্ব্বেশঃ স্বধামাগমদৃদ্ধিমৎ॥
১১। দুরারাধ্যং সমারাধ্য বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরম্। যো বৃণীতে মনোগ্রাহ্যমসত্ত্বাৎ কুমনীষ্যসৌ॥
১২। অক্রূরভবনং কৃষ্ণঃ সহরামোদ্ধবঃ প্রভুঃ। কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ প্রাগাদক্রূরপ্রিয়কাম্যয়া॥
১৩। স তান্ নরবরশ্রেষ্ঠানারাদ্বীক্ষ্য সবান্ধবান্। প্রত্যুত্থায় প্রমুদিতঃ পরিষ্বজ্যাভিনন্দ্য চ॥
১৪। ননাম কৃষ্ণং রামঞ্চ স তৈরপ্যভিবাদিতঃ। পূজয়ামাস বিধিবৎ কৃতাসনপরিগ্রহান্॥
১৫। পাদাবনেজনীরাপো ধারয়ন্ শিরসা নৃপ! অর্হণেনাম্বরৈর্দিব্যৈর্গন্ধস্রগ্ভূষণোত্তমৈঃ॥
১৬। অর্চ্চিত্বা শিরসানম্য পাদাবঙ্কগতৌ মৃজন্। প্রশ্রয়াবনতোঽক্রূরঃ কৃষ্ণরামাবভাষত॥
১৭। দিষ্ট্যা পাপো হতঃ কংসঃ সানুগো বামিদং কুলম্। ভবদ্ভ্যামুদ্ধৃতং কৃচ্ছ্রাদ্দুরন্তাচ্চ সমেধিতম্॥

সেই হেতু কুবুজী রমিলা রমাকান্ত।
বুঝায়—ভকত-বশ আপনে নিতান্ত॥

৭ বাহুপাশে গোবিন্দ করি' আলিঙ্গন।
কুবুজীর সর্ব্বদুঃখ কৈলা বিমোচন॥

আনন্দমূরতি, রসময় শ্রীনিবাস।
৮ কেবল-কৈবল্যেশ্বর জগত-নিবাস॥

যোগীন্দ্র-মুনীন্দ্র যাঁ'রে না পায় ধেয়ানে।
হেন কৃষ্ণ কুবুজী লভিলা গন্ধদানে॥

৯ কর জোড়ি' কুবুজী প্রভুর আগে বলে'।
'কথোদিন রহ, প্রভু! না ছাড়িহ মোরে॥'

১০ হাসিয়া গোবিন্দ তা'রে দিলা কামবর।
নিজপুরে চলি' গেলা প্রভু সুরেশ্বর॥

১১ দুঃখে আরাধিলে যাঁ'র নহে আরাধনে।
হেন কৃষ্ণ আরাধিয়া বিবিধ-বিধানে॥
বর মাগি' লয়, যে কুবুদ্ধি মূঢ় জন।
কুমতি লভিয়া লয় আপন-বন্ধন॥

১২ অক্রূরের ঘরে তবে গেলা ভগবান্।
উদ্ধব করিয়া সঙ্গে, ভাই বলরাম॥
কিছু কার্য্য সাধিব, প্রভুর আছে মনে।
অক্রূর সন্তোষ হৈলা প্রভুর দর্শনে॥

সেই সে কারণে গেলা অক্রূরের ঘরে।
১৩-১৪ অক্রূর দেখিয়া কৃষ্ণে উঠিলা সত্বরে॥

প্রণাম করিয়া কৈলা প্রেম-আলিঙ্গন।
পরম সন্তোষ হৈলা, হসিত বদন॥
বলদেব, উদ্ধব, মাধব—তিন জনে।
অক্রূরের কৈলা সবে চরণ-বন্দনে॥

১৫-১৬ আতিথ্য-বিধানে তবে পূজিলা অক্রূর।
আনন্দে প্রণতি-স্তুতি করিলা প্রচুর॥

দিব্য-সিংহাসনে বসাইলা তিনজনে।
সুবাসিত জলে কৈলা পাদ-প্রক্ষালনে॥

পীত পট্ট-অম্বর, বিবিধ অলঙ্কার।
ধূপ-দীপ, চন্দন, বিবিধ উপহার॥

বহুবিধ বিধানে পূজিলা মহামতি।
ভূমে লোটাইয়া কৈলা বহু দণ্ডনতি॥

তুলিয়া ধরিলা শিরে চরণ-কমল।
তবে আরোপিলা লঞা বুকের উপর॥

১৭ হৃদয়ে চরণ ধরি' বলে' কোন বাণী।
'পাপ কংস মৈল—এই মহাভাগ্য মানি॥
যদুকুল উদ্ধারিলে তুমি নারায়ণ।
দুরন্ত দুঃখের তুমি কৈলে বিমোচন॥

১৮। যুবাং প্রধানপুরুষৌ জগদ্ধেতু জগন্ময়ৌ। ভবদ্ভ্যাং ন বিনা কিঞ্চিৎ পরমস্তি ন চাপরম্॥
১৯। আত্মসৃষ্টমিদং বিশ্বমন্বাবিশ্য স্বশক্তিভিঃ। ঈয়তে বহুধা ব্রহ্মন্! শ্রুত-প্রত্যক্ষগোচরম্॥
২০। যথাহি ভূতেষু চরাচরেষু, মহ্যাদয়ো যোনিষু ভান্তি নানা।
এবং ভবান্ কেবল আত্মযোনি,-ষ্বাত্মাত্মতন্ত্রো বহুধা বিভাতি॥
২১। সৃজস্যথো লুম্পসি পাসি বিশ্বং, রজস্তমঃসত্ত্বগুণৈঃ স্বশক্তিভিঃ।
ন বধ্যসে তদ্‌গুণকর্ম্মভির্বা, জ্ঞানাত্মনস্তে ক্ব চ বন্ধহেতুঃ?
২২। দেহাদ্যুপাধেরনিরূপিতত্বা,-দ্ভবো ন সাক্ষান্ন ভিদাত্মনঃ স্যাৎ।
অতো ন বন্ধস্তব নৈব মোক্ষঃ, স্যাতাং নিকামস্ত্বয়ি নোঽবিবেকঃ॥
২৩। ত্বয়োদিতোঽয়ং জগতো হিতায়, যদা যদা বেদপথঃ পুরাণঃ।
বাধ্যেত পাষণ্ডপথৈরসদ্ভি,-স্তদা ভবান্ সত্ত্বগুণং বিভর্ত্তি॥
২৪। স ত্বং প্রভোঽদ্য বসুদেবগৃহেঽবতীর্ণঃ, স্বাংশেন ভারমপনেতুমিহাসি ভূমেঃ।
অক্ষৌহিণী-শতবধেন সুরেতরাংশ,-রাজ্ঞামমুষ্য চ কুলস্য যশো বিতন্বন্॥
২৫। অদ্যেশ! নো বসতয়ঃ খলু ভূরিভাগা, যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ।
যৎপাদশৌচসলিলং ত্রিজগৎ পুনাতি, স ত্বং জগদ্‌গুরুরধোক্ষজ! যাঃ প্রবিষ্টঃ॥

---

১৮ দুই ভাই তোমরা সাক্ষাৎ ভগবান্।
জগত-কারণ, দুই পুরুষ-প্রধান॥
তোমা' বিনে কিছু আর নাহি ত্রিভুবনে।
কার্য্য-কারণ নহে তোমা-সব বিনে॥
১৯ আপনে আপনা তুমি সৃজ' মায়া করি'।
সর্ব্বত্র ব্যাপিয়া আছ নানা শক্তি ধরি'॥
যত দেখি, যত শুনি, জীব চরাচর।
না জানিঞা নানারূপ কহিয়ে সকল॥
২০ এক এক পঞ্চভূত যেন দেখি নানা॥
বিবিধ-শরীরে করি বিবিধ-কল্পনা॥
বিচারিলে পঞ্চভূত বিনে নহে আন।
বিচারিলে এইরূপ তুমি ভগবান্॥
তুমি সে কেবল আত্মা, স্বতন্ত্রবিহার।
জীবরূপে কর' তুমি জগত সঞ্চার॥
এক হঞা নানারূপে করহ প্রকাশ।
তোমা বিনে আর যত মনের বিলাস॥
২১ রজোগুণে সৃজ তুমি, সত্ত্বগুণে পাল'।
তমোগুণ ধরি' তুমি জগত সংহার'॥
তবু গুণে বদ্ধ নহ, তুমি জ্ঞানময়।
কর্ম্ম কর', কর্ম্মফলে বন্ধন না হয়॥
২২ জীবের বন্ধন-মোক্ষ—সেহ সত্য নহে।
অজ, নিরঞ্জন জীব—সর্ব্বলোকে কহে॥
তোমার বন্ধন-মোক্ষ—এ কোন্ বিচার?
সকৃৎ শ্রবণে যাঁ'র খণ্ডয়ে সংসার॥
তবে মূর্ত্তি ধর', তা'র কহিব কারণ।
২৩ বেদপথ-ধর্ম্ম হয় যখনে লঙ্ঘন॥
তখনে প্রকট তুমি করহ প্রকাশ।
ধর্ম্মপথ স্থাপিয়া পাষণ্ড কর' নাশ॥
২৪ এখনে হরিতে চাহ পৃথিবীর ভার।
বসুদেবঘরে আসি' কৈলে অবতার॥
রাজবেশ ধরিয়া অসুরগণ বৈসে।
সসৈন্যে তা'-সভা তুমি বধিবে সবংশে॥
জগতে নির্ম্মল যশ করিবে বিস্তার।
সেই সে কারণে তুমি কৈলে অবতার॥
২৫ আজি ধন্য হৈল মোর এ-ঘর-বসতি।
তুমি প্রবেশিলে যা'তে ত্রিজগতপতি॥
তুমি সর্ব্ব-পিতৃদেব, ব্রাহ্মণ-মূরতি।
তুমি সে জগতগুরু, সর্ব্বলোক-গতি॥
ত্রিজগত পবিত্র যাঁহার পদজলে।
হেন প্রভু প্রবেশ করিলা মোর ঘরে॥

২৬। কঃ পণ্ডিতস্তদপরং শরণং সমীয়া,-দ্ভক্তপ্রিয়াদৃতগিরঃ সুহৃদঃ কৃতজ্ঞাৎ ?
সর্ব্বান্ দদাতি সুহৃদো ভজতোঽভিকামা,-নাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যস্য ॥
২৭। দিষ্ট্যা জনার্দ্দন! ভবানিহ নঃ প্রতীতো, যোগেশ্বরৈরপি দুরাপগতিঃ সুরেশৈঃ।
ছিন্ধ্যাশু নঃ সুতকলত্রধনাপ্তগেহ,-দেহাদিমোহ-রশনাং ভবদীয়মায়াম্ ॥
২৮। ইত্যুচ্চিতঃ সংস্তুতশ্চ ভক্তেন ভগবান্ হরিঃ। অক্রূরং সস্মিতং প্রাহ গীর্ভিঃ সম্মোহয়ন্নিব ॥

শ্রীভগবানুবাচ

২৯। ত্বং নো গুরুঃ পিতৃব্যশ্চ শ্লাঘ্যো বন্ধুশ্চ নিত্যদা।
বয়ন্তু রক্ষ্যাঃ পোষ্যাশ্চ অনুকম্প্যাঃ প্রজা হি বঃ ॥
৩০। ভবদ্বিধা মহাভাগা নিষেব্যা অর্হসত্তমাঃ। শ্রেয়স্কামৈর্নৃভির্নিত্যং দেবাঃ স্বার্থা ন সাধবঃ ॥
৩১। ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ। তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ ॥
৩২। স ভবান্ সুহৃদাং বৈ নঃ শ্রেয়ান্ শ্রেয়শ্চিকীর্ষয়া। জিজ্ঞাসার্থং পাণ্ডবানাং গচ্ছস্ব ত্বং গজাহ্বয়ম্ ॥
৩৩। পিতর্য্যুপরতে বালাঃ সহ মাত্রা সুদুঃখিতাঃ। আনীতাঃ স্বপুরং রাজ্ঞা বসন্ত ইতি শুশ্রুম ॥
৩৪। তেষু রাজাম্বিকাপুত্রো ভ্রাতৃপুত্রেষু দীনধীঃ। সমো ন বর্ত্ততে নূনং দুষ্পুত্রবশগোঽন্ধদৃক্ ॥

---

২৬ হেন কি পণ্ডিত আছে, তোমা পরিহরি'।
অন্যদেব শরণ লইব দৃঢ় করি' ?
ভকতের প্রিয় তুমি, জগত-সুহৃদ।
সত্যবাদী প্রভু, কৃত্য বুঝে সুপণ্ডিত ॥
ভজিলেই মাত্র তুমি দেহ' সর্ব্বকাম।
ভকতের তরে তুমি দেহ' আত্ম-দান ॥
তথাপি তোমার কিছু নাহি অপচয়।
তোমাকে ছাড়িয়া কি পণ্ডিতে আন লয় ?
২৭ এই ভাগ্য, প্রভু! মোর, দেখিলুঁ তোমারে।
তত্ত্বগতি যাঁ'র নাহি জানে' যোগেশ্বরে ॥
হেন প্রভু-সনে মোর হৈল দরশন।
কৃপা করি' ছিণ্ড মোর মায়ার বন্ধন।
দেহ, গেহ, সুত, বিত্ত, দারা-পরিজন।
ছিঁড় ছিঁড়, প্রভু! মোর এ-সব বন্ধন ॥'
২৮ এত স্তুতি কৈলা যদি অক্রূর সুধীর।
হাসিয়া বোলয়ে প্রভু বচন গম্ভীর ॥
২৯ 'তুমি গুরু, পিতৃব্য, আমার বন্ধুজন।
আমি-সব পুত্র হই, করিবে পালন ॥
পোষণ-রক্ষণ তুমি করিবে সর্ব্বথা।
৩০ তুমি পূজ্য, বন্দ্য—কভু এ নহে অন্যথা ॥
তুমি-সব বিশেষে জগতে সুপূজিত।
সাধুজনে তোমা'-সব সেবয়ে নিশ্চিত ॥
পুণ্যতীর্থ-বৈষ্ণব-দেবতা-আরাধন।
অবশ্য এ-সব সেবা করে' সাধুজন ॥
৩১ জলময় যত তীর্থ আছে ক্ষিতিতলে।
ধাতু-শিলাময় যত দেবমূর্ত্তি ধরে ॥
এ-সবে পবিত্র করে' কিছু চিরকালে।
দেখিলেই মাত্র সাধুজন ত্রাণ করে' ॥
পরম বৈষ্ণব তুমি, সভার পূজিত।
৩২ বিশেষে আমার তুমি পরম সুহৃদ্ ॥
একখানি কার্য্য তুমি সাধিবারে চাহ।
পাণ্ডুপুত্রে দেখিতে হস্তিনাপুরে যাহ ॥
৩৩ পঞ্চটী পাণ্ডব যুধিষ্ঠির-আদি করি'।
পরম দুঃখিত তা'রা শিশুকাল ধরি' ॥
পিতার বিয়োগ তা'দের হৈল শিশুকালে।
ধৃতরাষ্ট্র তা'-সভারে আনিল নিজপুরে ॥
তথাই থাকয়ে তা'রা—লোকমুখে শুনি।
বড় দুঃখ পায় তা'রা, হেন অনুমানি ॥
৩৪ অন্ধরাজা ধৃতরাষ্ট্র কুপুত্র-অধীন।
পালিতে না পারে রাজা বৃদ্ধ, মতিহীন ॥

৩৫। **গচ্ছ জানীহি তদ্বৃত্তমধুনা সাধ্বসাধু বা। বিজ্ঞায় তদ্বিধাস্যামো যথা শং সুহৃদাং ভবেৎ ॥**
৩৬। **ইত্যক্রূরং সমাদিশ্য ভগবান্ হরিরীশ্বরঃ। সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং বৈ ততঃ স্বভবনং যযৌ ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরগৃহগমনং নাম অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

---

৩৫ ভাল-মন্দ আপনে জানিঞা আইস তুমি। তবে আমি কুশল করিব তত্ত্ব জানি' ॥'

৩৬ এতেক বচন প্রভু বলিয়া অক্রূরে। সগণে চলিয়া তবে গেলা নিজপুরে ॥"

শ্রীযুত-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

একোনপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **স গত্বা হাস্তিনপুরং পৌরবেন্দ্রযশোঽঙ্কিতম্। দদর্শ তত্রাম্বিকেয়ং সভীষ্মং বিদুরং পৃথাম্ ॥**
২। **সহপুত্রঞ্চ বাহ্লীকং ভারদ্বাজং সগৌতমম্। কর্ণং সুযোধনং দ্রৌণিং পাণ্ডবান্ সুহৃদোঽপরান্ ॥**
৩। **যথাবদুপসঙ্গম্য বন্ধুভির্গান্দিনীসুতঃ। সম্পৃষ্টস্তৈঃ সুহৃদ্বার্ত্তাং স্বয়ঞ্চাপৃচ্ছদব্যয়ম্ ॥**
৪। **উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞো বৃত্তবিবিৎসয়া। দুষ্প্রজস্যাল্পসারস্য খলচ্ছন্দানুবর্ত্তিনঃ ॥**
৫। **তেজ ওজো বলং বীর্য্যং প্রশ্রয়াদীংশ্চ সদ্গুণান্। প্রজানুরাগং পার্থেষু ন সহদ্ভিশ্চ কীর্ষিতম্ ॥**
৬। **কৃতঞ্চ ধার্ত্তরাষ্ট্রৈর্যদ্গরদানাদ্যপেশলম্। আচখ্যৌ সর্ব্বমেবাস্মৈ পৃথা বিদুর এব চ ॥**

[শ্রী-রাগ]

১-২ শুকমুনি বলে',—"রাজা ! কহিয়ে তোমারে।
অক্রূর মিলিলা গিয়া হস্তিনা-নগরে ॥
ধৃতরাষ্ট্র-সহ গিয়া কৈলা দরশন।
দ্রোণ, ভীষ্ম, বিদুর ভেটিলা জনে জন ॥
দুঃশাসন, ভারদ্বাজ, কর্ণ, দুর্য্যোধন।
দ্রোণপুত্র, পাণ্ডুপুত্র—ভাই পঞ্চজন ॥
কুন্তী-আদি আর যত আছে বন্ধুগণ।
সভারে ভেটিলা গিয়া গান্দিনী-নন্দন ॥

৩ তা'রা-সব জিজ্ঞাসিল স্বাগত-বচনে।
পুছিল সকল বার্ত্তা করি' সম্ভাষণে ॥
অক্রূরেহো তা-সভারে পুছিলা কুশল।
অন্যোঽন্যে সভার সুখে পূরিল অন্তর ॥

৪ গুণদোষ রাজার বুঝিব দিনে দিনে।
কথোদিন অক্রূর রহিলা তে-কারণে ॥
কুপুত্র-অধীন সেহি অন্ধ হীনবল।
কপট-কুসঙ্গ-সঙ্গে রহে নিরন্তর ॥
নিজপুত্রে, পাণ্ডুপুত্রে কেমত বেভার।
অক্রূর রহিলা তত্ত্ব জানিতে তাহার ॥

৫-৬ কুন্তী-বিদুরের সহ কৈলা সম্ভাষণ।
তাঁ'রা দুহেঁ কহিলা সকল বিবরণ ॥
'পাণ্ডবের বল-বুদ্ধি, তেজ-বীর্য্য দেখি'।
ধৃতরাষ্ট্র রাজা হয় মনে বড় দুঃখী ॥
প্রজা-অনুরাগ শুনি' না পায় সন্তোষ।
তবে আর কহিব যতেক তা'র দোষ ॥
বিষ-লাড়ু খাওয়াইল মারিবার তরে।
ভীমকে বান্ধিয়া লঞা ফেলাইল জলে ॥

৭। পৃথা তু ভ্রাতরং প্রাপ্তমক্রূরমুপসৃত্য তম্। উবাচ জন্মনিলয়ং স্মরন্ত্যশ্রুকলেক্ষণা॥
৮। অপি স্মরন্তি নঃ সৌম্য! পিতরৌ ভ্রাতরশ্চ মে। ভগিন্যো ভ্রাতৃপুত্রাশ্চ জাময়ঃ সখ্য এব চ!
৯। ভ্রাত্রেয়ো ভগবান্ কৃষ্ণঃ শরণ্যো ভক্তবৎসলঃ। পৈতৃষ্বস্রেয়ান্ স্মরতি রামশ্চাম্বুরুহেক্ষণঃ?
১০। স্বপত্নমধ্যে শোচন্তীং বৃকাণাং হরিণীমিব। সান্ত্বয়িষ্যতি মাং বাক্যৈঃ পিতৃহীনাংশ্চ বালকান্॥
১১। কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্! বিশ্বাত্মন্ বিশ্বভাবন! প্রপন্নাং পাহি গোবিন্দ! শিশুভিশ্চাবসীদতীম্॥
১২। নান্যৎ তব পদাম্ভোজাৎ পশ্যামি শরণং নৃণাম্। বিভ্যতাং মৃত্যুসংসারাদীশ্বরস্যাপবর্গিকাৎ॥
১৩। নমঃ কৃষ্ণায় শুদ্ধায় ব্রহ্মণে পরমাত্মনে। যোগেশ্বরায় যোগায় ত্বামহং শরণং গতা॥

শ্রীশুক উবাচ

১৪। ইত্যনুস্মৃত্য স্বজনং কৃষ্ণঞ্চ জগদীশ্বরম্। প্রারুদদ্দুঃখিতা রাজন্ ভবতাং প্রপিতামহী॥
১৫। সমদুঃখসুখোঽক্রূরো বিদুরশ্চ মহাযশাঃ। সান্ত্বয়ামাসতুঃ কুন্তীং তৎপুত্রোৎপত্তিহেতুভিঃ॥
১৬। যাস্যন্ রাজানমভ্যেত্য বিষমং পুত্রলালসম্। অবদৎ সুহৃদাং মধ্যে বন্ধুভিঃ সৌহৃদোদিতম্॥

অগ্নি ভেজাইল নিয়া থুঞা জউ-ঘরে।
এইরূপে নানা-কর্ম্ম কৈল নানা-ছলে॥
ধৃতরাষ্ট্রপুত্র দুর্য্যোধন দুরাচার।
মারিয়া ফেলিতে করে কতেক প্রকার॥'

৭ কুন্তী বলে',—'আরে ভাই', শুনহ, অক্রূর!
আমার দুঃখের কথা কহিব প্রচুর॥'
আঁখি ভরি' পড়ে নীর গদগদ-বাণী।
কান্দিয়া কহিলা কুন্তী দুঃখের কাহিনী॥
জন্ম হৈতে কহিলা সকল বিবরণ।
তবে অক্রূরের ঠাঞি বলয়ে বচন॥

৮ 'মাতাপিতা কভু কি করয়ে সঙরণ?
বসুদেব-আদি যত আছে ভাইগণ॥
ভ্রাতৃপুত্র যত আছে, ভগিনী সকলে।
কেহ কি জিজ্ঞাসা মোরে করে' কোনকালে?

৯ ভ্রাতুষ্পুত্র আছে মোর কৃষ্ণ-বলরাম।
ভকতবৎসল তাঁ'রা, পুরুষ-পুরাণ॥
অনন্ত ধরণীধর বলভদ্র-নাম।
বসুদেবের দুই পুত্র জগতে প্রধান॥

১০ কবে রাম-কৃষ্ণ মোরে সান্ত্বিবে আসিয়া?
শত্রুগণ-মধ্যে আছি শোকাকুলী হঞা॥
ব্যাঘ্রের ভিতরে যেন থাকয়ে হরিণী।
সেইরূপ রহিঞাছো মুঞি অভাগিনী॥
এ পঞ্চ বালক আছে পিতৃহীন হঞা।
না জানি কৃষ্ণের হয় কোন্ কালে দয়া?

১১ কৃষ্ণ কৃষ্ণ, জগতপালক, যোগেশ্বর।
জগতের আত্মা, গতি, জগত-ঈশ্বর॥
রক্ষ রক্ষ, গোবিন্দ! উদ্ধার' এইবার।

১২ তুয়া পদযুগ বিনে গতি নাহি আর॥
অপবর্গ-পদদাতা—সে দুই চরণ।
ভবভীত-জন্ম-মৃত্যু-ভয়-বিনাশন॥

১৩ নমো নমো নমো কৃষ্ণ, শুদ্ধ আত্মময়।
নমো যোগেশ্বর, যোগানন্দ, যোগাশ্রয়॥"

১৪ মুনি বলে,—"শুন, রাজা! অবধান করি'।
কুন্তীর গুণের কথা কহিতে না পারি॥
তোমার প্রপিতামহী কুন্তী মহাসতী।
কৃষ্ণগুণ সঙরিয়া কান্দে দিবারাতি॥

১৫ কুন্তীর ক্রন্দনে কান্দে অক্রূর-বিদুর।
রাত্রিদিন ক্রন্দন-শবদ নহে দূর॥
কথোদিন থাকিয়া অক্রূর মহাশয়।
সান্ত্বিয়া কুন্তীরে তবে বলিলা বিনয়॥

১৬ 'মথুরা চলিব'—হেন বিচারিলা মনে।
বলিলা নিষ্ঠুর-বাণী ধৃতরাষ্ট্র-স্থানে॥
ধৃতরাষ্ট্র-রাজা আছে সভাতে বসিয়া।
ছলে কিছু অক্রূর কহিলা সম্ভাষিয়া॥

শ্রীঅক্রূর উবাচ

১৭। ভো ভো বিচিত্রবীর্য্য! ত্বং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন! ভ্রাতর্য্যুপরতে পাণ্ডাবধুনাসনমাস্থিতঃ॥
১৮। ধর্ম্মেণ পালয়ন্নুর্ব্বীং প্রজাঃ শীলেন রঞ্জয়ন্। বর্ত্তমানঃ সমঃ স্বেষু শ্রেয়ঃ কীর্ত্তিমবাপ্স্যসি॥
১৯। অন্যথা ত্বাচরঁল্লোকে গর্হিতো যাস্যসে তমঃ। তস্মাৎ সমত্বে বর্ত্তস্ব পাণ্ডবেষ্বাত্মজেষু চ॥
২০। নেহ চাত্যন্তসংবাসঃ কস্যচিৎ কেনচিৎ সহ। রাজন্! স্বেনাপি দেহেন কিমু জায়াত্মজাদিভিঃ?
২১। একঃ প্রসূয়তে জন্তুরেক এব প্রলীয়তে। একোঽনুভুঙ্‌ক্তে সুকৃতমেক এব চ দুষ্কৃতম্॥
২২। অধর্ম্মোপচিতং বিত্তং হরন্ত্যন্যেঽল্পমেধসঃ। সম্ভোজনীয়াপদেশৈর্জলানীব জলৌকসঃ॥
২৩। পুষ্ণাতি যানধর্ম্মেণ স্ববুদ্ধ্যা তমপণ্ডিতম্। তেঽকৃতার্থং প্রহিণ্বন্তি প্রাণা রায়ঃ সুতাদয়ঃ॥
২৪। স্বয়ং কিল্বিষমাদায় তৈস্ত্যক্তো নার্থকোবিদঃ। অসিদ্ধার্থো বিশত্যন্ধং স্বধর্ম্মবিমুখস্তমঃ॥
২৫। তস্মাল্লোকমিমং রাজন্! স্বপ্নমায়ামনোরথম্। বীক্ষ্যাযম্যাত্মনাত্মানং সমঃ শান্তো ভব প্রভো!

শ্রীধৃতরাষ্ট্র উবাচ

২৬। যথা বদতি কল্যাণীং বাচং দানপতে! ভবান্। তথানয়া ন তৃপ্যামি মর্ত্ত্যঃ প্রাপ্য যথামৃতম্॥
২৭। তথাপি সুনৃতা সৌম্য! হৃদি ন স্থীয়তে চলে। পুত্রানুরাগবিষমে বিদ্যুৎ সৌদামনী যথা॥

---

১৭ 'শুন শুন, ধৃতরাষ্ট্র, অম্বিকানন্দন!
বিচিত্রবীর্য্যের পুত্র, তুমি মহাজন॥
কুরুকুলে যশ তুমি স্থাপিলে নির্ম্মল।
১৮ ধর্ম্মে প্রজা পালিবে, শাসিবে ক্ষিতিতল॥
পাণ্ডুরাজা আছিলা তোমার ছোট ভাই।
দৈবযোগে হৈল তাঁ'র স্বর্গলোকে ঠাঞি॥
এবে রাজ্যে সম্প্রতি তোমার অধিকার।
হেন কর', যশ যেন রহে চিরকাল॥
আপনার পুত্র তুমি দেখ যেইরূপ।
পাণ্ডুপুত্র পাঁচটী দেখিবে সেইরূপ॥
১৯ যদি বা ইহাতে তুমি করহ অন্যথা।
লোক ভরি' অপযশ রহিবে সর্ব্বথা॥
অন্তকালে নরকে তোমার হৈবে স্থান।
এ-বোল বুঝিয়া রাজা হও সাবধান॥
২০ চিরকাল কভু হেথা কেহ না রহিব।
অবশ্য দেহের সহে বিচ্ছেদ হইব॥
ধন-পুত্র-কলত্রের কি কহিব কথা?
এ-সব স্বপন হেন, জানিহ সর্ব্বথা॥
২১ এক হৈয়া আইসে জীব, এক হৈয়া যায়।
এক হৈয়া পুণ্যপাপ, সুখ-দুঃখ পায়॥

২২ অধর্ম্ম করিয়া বিত্ত যে করে' সঞ্চিত।
অন্যে হরি' লয় তাহা, সে হয় বঞ্চিত॥

পুত্র-মিত্র-বন্ধুগণে সব ধন খায়।
অধর্ম্ম করিয়া সভে অধোগতি যায়॥

অধর্ম্ম করিয়া করে' ধন উপার্জ্জন।
আপন করিয়া পোষে দারা-পুত্রগণ॥

২৩ ধন না থাকিলে সেই ত্যজে বন্ধুগণ।
বৃথা পাপ করে' জীব তাহার কারণ॥

২৪ আপনে নরক-ভোগ করে' কুপণ্ডিত।
ব্যর্থ পরিশ্রম করি' সে হয় বঞ্চিত॥

২৫ এ-সকল যত তুমি দেখ মায়াময়।
শয়নে স্বপন যেন কিছু সত্য নয়॥

এ-বোল বুঝিয়া, রাজা, স্থিরচিত্ত হ'বে।
সমান করিয়া তুমি সভারে দেখিবে॥'

২৬-২৭ ধৃতরাষ্ট্র বোলে,—'সত্য কহিলে সকল।
তথাপি আমার চিত্ত সতত চঞ্চল॥

তুমি যত কহিলে, সকল সত্য হয়।
কি কহিব, মোর চিত্তে একই না লয়॥

২৮। ঈশ্বরস্য বিধিং কো নু বিধুনোত্যন্যথা পুমান্? ভুমের্ভারাবতারায় যোঽবতীর্ণো যদোঃ কুলে॥
২৯। যো দুর্বিমর্শপথয়া নিজমায়য়েদং, সৃষ্ট্বা গুণান্ বিভজতে তদনুপ্রবিষ্টঃ।
তস্মৈ নমো দুরববোধবিহারতন্ত্র,-সংসারচক্রগতয়ে পরমেশ্বরায়॥

শ্রীশুক উবাচ

৩০। ইত্যভিপ্রেত্য নৃপতেরভিপ্রায়ং স যাদবঃ। সুহৃদ্ভিঃ সমনুজ্ঞাতঃ পুনর্যদুপুরীমগাৎ॥
৩১। শশংস রাম-কৃষ্ণাভ্যাং ধৃতরাষ্ট্রবিচেষ্টিতম্। পাণ্ডবান্ প্রতি কৌরব্য! যদর্থং প্রেষিতঃ স্বয়ম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদক্রূরগৃহগমনং নাম একোনপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৪৯॥

---

২৮ ঈশ্বরের ইচ্ছা কভু না যায় খণ্ডন।
সেই প্রভু যদুবংশে লভিলা জনম॥
হরিতে পৃথ্বীর ভার তাঁ'র অবতার।
তাঁ'র ইচ্ছা খণ্ডিব, শকতি আছে কা'র?
যাঁহার মায়ার পথ বুঝনে না যায়।
২৯ মায়ায় ব্রহ্মাণ্ড-কোটি সৃজয়ে লীলায়॥
জগতে প্রবেশ করে' করিয়া সৃজন।
নানা-জীব নানা-পথে করে' নিয়োজন॥
তাঁহার চরণে মোর রহু নমস্কার।
অচিন্ত্যমহিমা-সিন্ধু দুর্ব্বোধ বিহার॥'
৩০ এতেক বচন যদি বলিল নৃপতি।
তা'র চিত্ত বুঝিলা অক্রূর মহামতি॥
একে একে বলিয়া সকল বন্ধুগণে।
তবে মধুপুরে তেঁহ কৈলা আগমনে॥
কহিলা সকল কথা কৃষ্ণ-বিদ্যমানে।"
ভাগবত-আচার্য্যের মধুরস-গানে॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৪৯॥

পঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অস্তিঃ প্রাপ্তিশ্চ কংসস্য মহিষ্যৌ ভরতর্ষভ। মৃতে ভর্ত্তরি দুঃখার্ত্তে ঈয়তুঃ স্মপিতুর্গৃহান্॥
২। পিত্রে মগধরাজায় জরাসন্ধায় দুঃখিতে। বেদয়াঞ্চক্রতুঃ সর্ব্বমাত্মবৈধব্যকারণম্॥
৩। স তদপ্রিয়মাকর্ণ্য শোকামর্ষযুতো নৃপ! অযাদবাং মহীং কর্ত্তুং চক্রে পরমমুদ্যমম্॥
৪। অক্ষৌহিণীভির্বিংশত্যা তিসৃভিশ্চাপি সংবৃতঃ। যদুরাজধানীং মথুরাং ন্যরুণৎ সর্ব্বতো দিশম্॥

[কর্ণাট-রাগ]

১-২ শুক মুনি বলে',—রাজা পরীক্ষিৎ শুনে।
সেই কথা কহি, লোক! শুন সাবধানে॥
"জরাসন্ধের দুই কন্যা পরম-রূপসী।
অস্তি, প্রাপ্তি—নামে—দুই কংসের মহিষী॥
স্বামীর মরণে তা'রা শোকাকুলী হঞা।
বাপের সাক্ষাতে গিয়া কহিল কান্দিঞা॥
৩ জরাসন্ধ রাজা শুনি' কংসের মরণ।
চমকি' উঠিল, ক্রোধে অরুণ লোচন॥
'প্রতিজ্ঞা করিলুঁ আজি সভার ভিতর।
অ-যাদব করিব সকল ক্ষিতিতল॥'
৪ ইহা বলি' রাজা ত্রয়োবিংশ অক্ষৌহিণী।
চতুরঙ্গ কৈল তবে সেনার সাজনী॥
কটক সাজিয়া রাজা চলিল সত্বর।
চৌদিগে বেড়িল গিয়া মথুরা-নগর॥

৫। নিরীক্ষ্য তদ্বলং কৃষ্ণ উদ্বেলমিব সাগরম্। স্বপুরং তেন সংরুদ্ধং স্বজনঞ্চ ভয়াকুলম্॥
৬। চিন্তয়ামাস ভগবান্ হরিঃ কারণমানুষঃ। তদ্দেশকালানুগুণং স্বাবতারপ্রয়োজনম্॥
৭। হনিষ্যামি বলং হ্যেতদ্ভুবি ভারং সমাহিতম্। মাগধেন সমানীতং বশ্যানাং সর্ব্বভূভুজাম্॥
৮। অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং ভটাশ্বরথকুঞ্জরৈঃ। মাগধস্তু ন হন্তব্যো ভূয়ঃ কর্ত্তা বলোদ্যমম্॥
৯। এতদর্থোঽবতারোঽয়ং ভূভারহরণায় মে। সংরক্ষণায় সাধূনাং কৃতোঽন্যেষাং বধায় চ॥
১১। এবং ধ্যায়তি গোবিন্দ আকাশাৎ সূর্য্যবর্চ্চসৌ। রথাবুপস্থিতৌ সদ্যঃ সসূতৌ সপরিচ্ছদৌ॥
১২। আয়ুধানি চ দিব্যানি পুরাণানি যদৃচ্ছয়া। দৃষ্ট্বা তানি হৃষীকেশঃ সঙ্কর্ষণমথাব্রবীৎ॥
১৩। পশ্যার্য্য! ব্যসনং প্রাপ্তং যদূনাং ত্বাবতাং প্রভো!
এষ তে রথ আয়াতো দয়িতান্যায়ুধানি চ॥
১৪। যানমাস্থায় জহ্যেতদ্ব্যসনাৎ স্বান্ সমুদ্ধর। এতদর্থং হি নৌ জন্ম সাধূনামীশ! শর্ম্মকৃৎ।
ত্রয়োবিংশত্যনীকাখ্যং ভুমের্ভারমপাকুরু॥
১৫। এবং সম্মন্ত্র্য দাশার্হৌ দংশিতৌ রথিনৌ পুরাৎ। নির্জ্জগ্মতুঃ স্বায়ুধাঢ্যৌ বলেনাল্পীয়সা বৃতৌ॥
১৬। শঙ্খং দধ্মৌ বিনির্গত্য হরির্দারুকসারথিঃ। ততোঽভুৎ পরসৈন্যানাং হৃদি বিত্রাসবেপথুঃ॥

---

৫ রিপুদলে বেঢ়িল সকল মধুপুরী।
কোলাহল-শবদ উঠিল পুরী ভরি'॥
ভয়েতে ব্যাকুল লোক, করে' হাহাকার।
রিপুদল দেখিয়া লাগিল চমৎকার॥

৬ তবে প্রভু চিন্তিতে লাগিলা মনে-মনে।
'অবতার করি আমি এই সে কারণে॥

৭ খল বিনাশিব, ধর্ম্ম করিব স্থাপন।
অবতার দেখি সবে—এই প্রয়োজন॥

৮ জরাসন্ধ রাজা এই কৈল উপকার।
আনিল অনেক সৈন্য, করিব সংহার॥
জিনিঞা নৃপতিগণে নিজবশ করি'।
মহা-সৈন্য সাজিয়া বেঢ়িল মধুপুরী॥
না মারিব জরাসন্ধ, আছে প্রয়োজন।
আনিবে অনেক সৈন্য করিয়া সাজন॥

৯ এই ত' অসুর-বল—পৃথিবীর ভার।
এখনে করিব এই সৈন্যের সংহার॥'

১১ হেনকালে দুই রথ হৈল উপসন্ন।
নাম্বিল আকাশ-হনে সূর্য্যের বরণ॥
দিব্য পরিচ্ছদ, দিব্য-ভূষণে ভূষিত।
দিব্য দিব্য ঘোড়া, দিব্য সারথি-সহিত॥

১২ শঙ্খ-চক্র-আদি যত দিব্য অস্ত্রগণ।
রহিল প্রভুর আগে দেখে সর্ব্বজন॥

তাহা দেখি' হৃষীকেশ বলেন বচন।
'শুন, দাদা বলভদ্র রোহিণীনন্দন!

১৩-১৪ এই রথে চঢ়' তুমি, এই অস্ত্র ধর'।
রিপু সৈন্য নিপাতিয়া মথুরা উদ্ধার'॥
আমি-সব জনমিলুঁ এই সে কারণে।
খল বিনাশিয়া ধর্ম্ম করিতে স্থাপনে॥

তেইশ অক্ষৌহিণী সেনা করিয়া সংহার।
প্রথমে খণ্ডাহ' কিছু পৃথিবীর ভার॥'

১৫ এইরূপে দুই ভাই করিয়া মন্ত্রণা।
অঙ্গেতে সাজনী কৈলা দিব্য-অস্ত্র নানা॥

দিব্যরথে চঢ়ি' গেলা পুরীর বাহিরে।
যেন দুই সূর্য্য দেখা দিলা একবারে॥

নিজ অস্ত্র দুই প্রভু ধরে নিজ-করে।
অলপ বাহিনী-সঙ্গে রহিলা দুয়ারে॥

১৬ শঙ্খনাদ কৈলা কৃষ্ণ, শবদ বিশাল।
সকল সৈন্যের কৈলা হৃদয় বিদার॥

১৭। তাবাহ মাগধো বীক্ষ্য হে কৃষ্ণ! পুরুষাধম! ন ত্বয়া যোদ্ধুমিচ্ছামি বালেনৈকেন লজ্জয়া।
গুপ্তেন হি ত্বয়া মন্দ! ন যোৎস্যে যাহি বন্ধুহন্!
১৮। তব রাম! যদি শ্রদ্ধা যুধ্যস্ব ধৈর্য্যমুদ্বহ। হিত্বা বা মচ্ছরৈশ্ছিন্নং দেহং স্বর্যাহি মাং জহি॥

শ্রীভগবানুবাচ

১৯। ন বৈ শূরা বিকত্থন্তে দর্শয়ন্ত্যেব পৌরুষম্। ন গৃহ্ণীমো বচো রাজন্! আতুরস্য মুমূর্ষতঃ॥

শ্রীশুক উবাচ

২০। জরাসুতস্তাবভিসৃত্য মাধবৌ, মহাবলৌঘেন বলীয়সারণোৎ।
সসৈন্যযানধ্বজবাজিসারথী, সূর্য্যানলৌ বায়ুরিবাভ্ররেণুভিঃ॥
২১। সুপর্ণ-তালধ্বজচিহ্নিতৌ রথা,-বলক্ষয়ন্ত্যৌ হরিরাময়োর্মৃধে।
স্ত্রিয়ঃ পুরাট্টালকহর্ম্ম্যগোপুরং, সমাশ্রিতাঃ সংমুমুহুঃ শুচার্দ্দিতাঃ॥
২২। হরিঃ পরানীকপয়োমুচাং মুহুঃ, শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতম্।
স্বসৈন্যমালোক্য সুরাসুরার্চ্চিতং, ব্যস্ফূর্জ্জয়চ্ছার্ঙ্গশরাসনোত্তমম্॥

---

১৭ তবে রাজা জরাসন্ধ ডাক দিয়া বলে'।
'শুন, রে পুরুষাধম কৃষ্ণ! বলি তোরে॥
তোর সনে মোর যুদ্ধ—এত বড় লাজ।
ছাওয়াল জিনিঞা বা সাধিব কোন্ কাজ?
গোপতে থাকিস্ তুই, বড় মন্দবুদ্ধি।
কপটে যুঝিস্ তুই, আরে বন্ধুবধী!
১৮ যদি রাম, যুঝিতে তোহোর আছে মন।
স্থির হঞা মোর সহে করসিঞা রণ॥
মোর অস্ত্রে কাটা গিয়া স্বর্গবাসে চল।
যদি বা পারিস্, তবে মোর প্রাণ হর'॥'
১৯ হাসিয়া শ্রীহরি তবে কি বলে' বচন?
'শূর হঞা না কহে কেহ আপন পরাক্রম॥
আপন বড়াঞি তুঞি আপান কহিস্।
এ কথা কহিয়া তুই কি সুখ পাহিস্?
তোহোর বচনে আমি না করিব রোষ।
নিকটে মরণ তোর, না লইব দোষ॥'
২০ তবে জরাসন্ধ শুনি' কৃষ্ণের বচন।
সসৈন্যে বেঢ়িল রাজা রাম-নারায়ণ॥
রাম-কৃষ্ণে বেঢ়িলেক সবল-বাহনে।
সূর্য্য যেন আচ্ছাদিল মেঘ-পরশনে॥
কোটি কোটি গজ, বাজী, রথোপরি সেনা।
কেহ কা'র, নিজ-পর, না চিনে আপনা॥
২১ পুরনারীগণ উঠে অট্টালি-উপরে।
গড়ের উপরে, কেহ উঠিল মন্দিরে॥
শোকে বিমোহিত হঞা পুরনারী চায়।
কোথা রাম-কৃষ্ণ আছে, দেখিতে না পায়॥
গরুড়ধ্বজ-লাঞ্ছন কৃষ্ণের রথখানি।
তালধ্বজ বলরামের রথ অনুমানি॥
দুই রথ বিনে কিছু চিহ্নিনে না যায়।
তাহা দেখি' পুরনারী কান্দে উচ্চরায়॥
২২ দারুণ মগধবল, মহাপরচণ্ড।
কাটিয়া গোবিন্দসৈন্য কৈল খণ্ড-খণ্ড॥
শিলীমুখ-খরতর-বাণ-বরিষণ।
বিন্ধিয়া কৃষ্ণের বল কৈল নিপাতন॥
সুর-সিদ্ধ-পূজিত প্রভুর নিজ সেনা।
রিপুসৈন্যে আসিয়া তাহাতে দিল হানা।
নিজজন-দুঃখ দেখি' করুণাসাগর।
তুলিলা শারঙ্গ-ধনু দিয়া বামকর॥

২৩। গৃহ্ণন্নিষঙ্গাদথ সন্দধচ্ছরান্, বিকৃষ্য মুঞ্চন্ শিতবাণপূগান্।
নিঘ্নন্ রথান্ কুঞ্জরবাজিপত্তীন্, নিরন্তরং যদ্বদলাতচক্রম্॥

২৪। নির্ভিন্নকুম্ভাঃ করিণো নিপেতু,-রনেকশোঽশ্বাঃ শরবৃক্ণকন্ধরাঃ।
রথা হতাশ্বধ্বজসূতনায়কাঃ, পদাতয়শ্ছিন্নভুজোরুকন্ধরাঃ॥

২৫। সংছিদ্যমানদ্বিপদেভবাজিনা,-মঙ্গপ্রসূতাঃ শতশোঽসৃগাপগাঃ।
ভুজাহয়ঃ পূরুষশীর্ষকচ্ছপা, হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ॥

২৬। করোরুমীনা নরকেশশৈবলা, ধনুস্তরঙ্গায়ুধগুল্মসঙ্কুলাঃ।
অচ্ছুরিকাবর্ত্তভয়ানকা মহা,-মণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ॥

২৭। প্রবর্ত্তিতা ভীরুভয়াবহা মৃধে, মনস্বিনাং হর্ষকরীঃ পরস্পরম্।
বিনিঘ্নতারীন্ মুষলেন দুর্ম্মদান্, সঙ্কর্ষণেনাপরিমেয়তেজসা॥

২৮। বলং তদঙ্গার্ণবদুর্গ ভৈরবং, দুরন্তপারং মগধেন্দ্রপালিতম্।
ক্ষয়ং প্রণীতং বসুদেবপুত্রয়ো,-র্বিক্রীড়িতং তজ্জগদীশয়োঃ পরম্॥

২৯। স্থিত্যুদ্ভবান্তং ভুবনত্রয়স্য যঃ, সমীহতেঽনন্তগুণঃ স্বলীলয়া।
ন তস্য চিত্রং পরপক্ষনিগ্রহ,-স্তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যতে॥

---

২৩ আঁখির নিমিষে গুণ ধনুতে চঢ়ায়।
চোখ চোখ বাছি' বাণ তিলেকে যোড়ায়॥
যুড়িতে মেলিতে বাণ বিজুরী সঞ্চারে।
অলক্ষিত-গতি, কেহ লখিতে না পারে॥
এইরূপে কৈলা কৃষ্ণ বাণ বরিষণ।
রিপুদল বিদারিয়া কৈলা নিপাতন॥

২৪ কোটি কোটি হস্তী ঘোড়া কাটা গেল বাণে।
কোটি কোটি রথ কাটি' কৈলা খান-খানে॥
কারো হাত-পাও কাটে, কারো নাক-কাণ।
কেহ রণ তেজি' গেল রাখিয়া পরাণ॥

২৫ কারো মাথা কাটা গেল, উঠিল আকাশে।
রুধিরের নদী-মাঝে কারো দেহ ভাসে॥
রকতের নদী বহে শত শত ধারে।
তরঙ্গ-কল্লোল দেখি মহাভয়ঙ্করে॥
ভুজদণ্ড হৈল সর্প নদীর ভিতরে।
গজদেহে বালিচর হৈল থরে থরে॥
নরমুণ্ড কূর্ম্ম হৈল নদীর ভিতর।
২৬ কর-পদ মৎস্য যেন করে' ধড়-ফড়॥
হয়-দেহে হৈল যেন কুম্ভীর করাল।
ধনুর তরঙ্গ বহে মহা উতরোল॥
কেশ-লোম হৈল যত নদীর শেহলা।
২৭ বায়ুর আবর্ত্তে নদী দেখি ভয়ঙ্করা॥
এইরূপে কত নদী বহিল রুধিরে।
শত শত বহে নদী রণের ভিতরে॥
যেরূপে কেশব কৈলা সৈন্য নিপাতন।
বলরাম সেইরূপে কৈলা বিনাশন॥
রিপু-সৈন্য সংহারিলা মুষল-প্রহারে।
বধিলা সকল সৈন্য দুই সহোদরে॥

২৮ জরাসন্ধ-মহাসৈন্য অপার সাগর।
দুরন্ত, গভীর নীর, মহাভয়ঙ্কর॥
লীলামাত্রে কৈলা সৈন্য-সাগর সংহার।
প্রভুর কেবল খেলা—সমর-বিহার॥

২৯ ত্রিভুবন-উতপতি-স্থিতি-পরলয়।
যে প্রভুর কেবল ইচ্ছামাত্র হয়॥
এ কোন্ বিচিত্র—শত্রু করিব বিনাশ!
তথাপি বর্ণন করি সমর-বিলাস॥

৩০। জগ্রাহ বিরথং রামো জরাসন্ধং মহাবলম্। হতানীকাবশিষ্টাসুং সিংহঃ সিংহমিবৌজসা॥
৩১। বধ্যমানং হতারাতিং পাশৈর্বারুণমানুষৈঃ। বারয়ামাস গোবিন্দস্তেন কার্য্যচিকীর্ষয়া॥
৩২। স মুক্তো লোকনাথাভ্যাং ব্রীড়িতো বীরসম্মতঃ। তপসে কৃতসঙ্কল্পো বারিতঃ পথি রাজভিঃ॥
৩৩। বাক্যৈঃ পবিত্রার্থপদৈর্নয়নৈঃ প্রাকৃতৈরপি। স্বকর্ম্মবন্ধপ্রাপ্তোঽয়ং যদুভিস্তে পরাভবঃ॥
৩৪। হতেষু সর্ব্বানীকেষু নৃপো বার্হদ্রথস্তদা। উপেক্ষিতো ভগবতা মগধান্ দুর্ম্মনা যযৌ॥
৩৫। মুকুন্দোঽপ্যক্ষতবলো নিস্তীর্ণারিবলার্ণবঃ। বিকীর্য্যমাণঃ কুসুমৈস্ত্রিদশৈরনুমোদিতঃ॥
৩৬। মাথুরৈরুপসঙ্গম্য বিজ্বরৈর্মুদিতাত্মভিঃ। উপগীয়মানবিজয়ঃ সূতমাগধবন্দিভিঃ॥
৩৭। শঙ্খদুন্দুভয়ো নেদুর্ভেরীতূর্য্যাণ্যনেকশঃ। বীণাবেণুমৃদঙ্গানি পুরং প্রবিশতি প্রভৌ॥
৩৮। সিক্তমার্গাং হৃষ্টজনাং পতাকাভিরলঙ্কৃতাম্। নির্ঘুষ্টাং ব্রহ্মঘোষেণ কৌতুকাবদ্ধতোরণাম্॥
৩৯। নিচীয়মানো নারীভির্মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ। নিরীক্ষ্যমাণঃ সস্নেহং প্রীত্যুৎকলিতলোচনৈঃ॥
৪০। আয়োধনগতং বিত্তমনন্তং বীরভূষণম্। যদুরাজায় তৎ সর্ব্বমাহৃতং প্রাদিশৎ প্রভুঃ॥

---

৩০ পড়িল সকল সৈন্য রণের ভিতরে।
সভে জরাসন্ধ মাত্র জীয়ে একেশ্বরে॥
অস্ত্র-শস্ত্র নাহি তা'র, নাহি রথ-ঘোড়া।
ভূমিতে বেড়ায় যেন পর্ব্বতের চূড়া॥
সিংহে সিংহ ধরে যেন বিক্রম করিয়া।
বলরাম জরাসন্ধে আনিলা ধরিয়া॥

৩১ নাগপাশ দিয়া যবে করয়ে বন্ধন।
নিবারিয়া কৃষ্ণ তা'রে কৈলা বিমোচন॥

৩২ তবে জরাসন্ধ রাজা পাঞা অপমান।
চলিল লজ্জিত হঞা রাখিয়া পরাণ॥
পথে রহি' জরাসন্ধ কৈল সঙ্কল্পনা।
'করিমু দুষ্কর তপ শিব-আরাধনা॥'
পথে আসি' রাজগণে কৈল নিবারণ।
'কেন, মহারাজ! তুমি চিন্ত' অকারণ?

৩৩ জয়-পরাজয়-ধর্ম্ম—যুদ্ধের বেভার।
তাহাতে না করে' বুদ্ধিমানে অহঙ্কার॥
জয়-পরাজয়—সব অদৃষ্ট-অধীন।
অদৃষ্ট মানিঞা রহে, যে হয় প্রবীণ॥
জগতে জিনিলে তুমি নিজ-ভুজবলে।
অক্ষত্রিয়-বংশ আজি অপমান করে'॥
যখনে অদৃষ্ট ভাল হৈব শুভকালে।
এই যুদ্ধ তখন জিনিবে আরবারে॥'

৩৪ চিত্ত স্থির কৈল রাজা প্রবোধ-বচনে।
নিজপুরে গেল রাজা দুঃখ পাঞা মনে॥

৩৫ রিপুদল-গভীর-সাগর পার করি'।
নিজবলে উদ্ধারিয়া আনিলা শ্রীহরি॥
পুর পরবেশ কৈলা ত্রিভুবন-রায়।
সূত, মাগধ, ভাটে জয়মালা গায়॥
প্রবাল-তণ্ডুল-ফল-লাজ-বরিষণ।

৩৬ বিবিধ মঙ্গল-যশ গায় গুরুজন॥

৩৭ শঙ্খ-দুন্দুভি বাজে, বিবিধ মঙ্গল।
বীণা-বেণু-মৃদঙ্গ-শবদ-কোলাহল॥

৩৮ সুগন্ধি-চন্দন-ছড়া প্রতি পথে-পথে।
হৃষ্টপুষ্ট রহে লোক পূর্ণমনোরথে॥
পতাকা-তোরণ-ধ্বজে পুর অলঙ্কৃত।
ব্রাহ্মণের বেদ-ঘোষ-শবদে পূরিত॥

৩৯ প্রেমসুখে পথে রহি' পুরজনে চায়।
অঙ্কুর-অক্ষত-মাল্য চৌদিগে ছিটায়॥
পুরনারীগণ করে' দধি-বরিষণ।
পুর পরবেশ কৈলা দৈবকীনন্দন॥

৪০ বীরগণে জিনিঞা আনিলা মহাধন।
অনন্ত ভূষণ-বাস, রাজ-আভরণ॥
অশেষ-সম্পদ্-দাতা প্রভু ভগবান্।
সকল আনিঞা দিলা রাজ-বিদ্যমান॥

৪১। এবং সপ্তদশকৃত্বস্তাবত্যক্ষৌহিণীবলঃ। যুযুধে মাগধো রাজা যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ॥
৪২। অক্ষিণ্বংস্তদ্বলং সর্ব্বং বৃষ্ণয়ঃ কৃষ্ণতেজসা। হতেষু স্বেষ্বনীকেষু ত্যক্তোঽগাদরিভির্নৃপঃ॥
৪৩। অষ্টাদশমসংগ্রামে আগামিনি তদন্তরা। নারদপ্রেষিতো বীরো যবনঃ প্রত্যদৃশ্যত॥
৪৪। রুরোধ মথুরামেত্য তিসৃভির্ম্লেচ্ছকোটিভিঃ। নৃলোকে চাপ্রতিদ্বন্দ্বো বৃষ্ণীন্ শ্রুত্বাত্মসম্মিতান্॥
৪৫। তং দৃষ্ট্বাচিন্তয়ৎ কৃষ্ণঃ সঙ্কর্ষণসহায়বান্। অহো যদূনাং বৃজিনং প্রাপ্তং হ্যুভয়তো মহৎ॥
৪৬। যবনোঽয়ং নিরুদ্ধেঽস্মানদ্য তাবন্মহাবলঃ। মাগধোঽপ্যদ্য বা শ্বো বা পরশ্বো বাগমিষ্যতি॥
৪৭। আবয়োর্যুধ্যতোরস্য যদ্যাগন্তা জরাসুতঃ। বন্ধূন্ হনিষ্যত্যথবা নেষ্যতে স্বপুরং বলী॥
৪৮। তস্মাদদ্য বিধাস্যামো দুর্গং দ্বিপদদুর্গমম্। তত্র জ্ঞাতীন্ সমাধায় যবনং ঘাতয়ামহে॥
৪৯। ইতি সম্মন্ত্র্য ভগবান্ দুর্গং দ্বাদশযোজনম্। অন্তঃসমুদ্রে নগরং কৃৎস্নাদ্ভুতমচীকরৎ॥

উগ্রসেন-রাজারে সকল সমর্পিয়া।
পুর পরবেশ কৈলা লোক সন্তোষিয়া॥

[মল্লার-রাগ]

৪১ শুন, রাজা পরীক্ষিৎ! অপরূপ-বাণী।
কোন্ কর্ম্ম কৈল জরাসন্ধ অভিমানী?
তেইশ অক্ষৌহিণী সেনা করিয়া সাজন।
প্রথমে যেরূপে আসি' কৈল মহারণ॥
সেইরূপ মথুরা বেঢ়িল দুরাচার।
যুঝিল কৃষ্ণের সহে সপ্তদশবার॥

৪২ ভুরুভঙ্গে কৈলা হরি বৈরী বিনাশন।
সবে জরাসন্ধ যায় রাখিয়া জীবন॥
সপ্তদশবার রাজা করিয়া সংগ্রাম।
হারিয়া হারিয়া যায় রাখিয়া পরাণ॥

৪৩ অষ্টাদশবার আসি' রণে পরবেশে'।
চতুরঙ্গ-সৈন্য কৈল সাজন-বিশেষে॥
হেনকালে কালযবন দুরাচার।

৪৪ তিন কোটি ম্লেচ্ছ-বল যা'র পাটোয়ার॥
নারদের বচনে যবন দুরাশয়।
মথুরা বেঢ়িল আসি' প্রভাত-সময়॥
নারদ কহিলা গিয়া —'শুন, মহারাজ!
আমি কিছু তোমারে সাধিয়া দিব কাজ॥
ত্রিভুবনে নাহি কেহ তোমার সমান।
কিন্তু যদুকুলে আছে বৈরী বলবান্॥
নবঘন-শ্যাম, মহাপুরুষ লক্ষণ।
শ্রীবৎস কৌস্তুভ গলে, কমললোচন॥
আজানুলম্বিত চারু ভুজ বিরাজিত।
পীতবস্ত্র-পরিধান, ভুবন-পূজিত॥
সেই মহাবৈরী আছে, বিক্রমে বিশাল।
তা'র সনে যুঝ' গিয়া না কর' বিচার॥'
এ-বোল শুনিয়া কালযবন-নৃপতি।
তিন কোটি ম্লেচ্ছ লৈয়া সাজিল কুমতি॥
মথুরা বেঢ়িয়া রহে গড়ের বাহিরে।

৪৫ বলভদ্রে লঞা কৃষ্ণ কোন্ যুক্তি করে'?
'এখনে ফলিল যদুকুলে পরমাদ।
যবনে বেঢ়িল আসি' মথুরা-সমাজ॥

৪৬ কালি কিংবা পরশ্ব আসিবে জরাসন্ধ।
তবে কোন্ উপায় করিব অনুবন্ধ?

৪৭ যবনের সহ যুদ্ধ করিতে থাকিব।
জরাসন্ধে বেঢ়িয়া সকল হরি' নিব॥
এতেকেই দেখি যদুকুলের সংহার।
এ-বোল বুঝিয়া করি রাখিতে প্রকার॥

৪৮ দুর্গম বিষম গড় নির্ম্মাণ করিয়া।
তাহার ভিতরে নিঞা বন্ধুগণে থুঞা॥
তবে কালযবন মারিব পরকারে।'

৪৯ মন্ত্রণা করিয়া হরি চলিলা সত্বরে॥
সমুদ্র-ভিতরে গড় দ্বাদশ যোজন।
তা'র মাঝে পুরী, নিরমিলা বিলক্ষণ॥

৫০। দৃশ্যতে যত্র হি ত্বাষ্ট্রং বিজ্ঞানং শিল্পনৈপুণম্। রথ্যাচত্বরবীথীভির্যথাবাস্তু বিনির্ম্মিতম্॥
৫১। সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতম্। হেমশৃঙ্গৈর্দিবিস্পৃগ্ভিঃ স্ফাটিকাট্টালগোপুরৈঃ॥
৫২। রাজতারকুটৈঃ কোষ্ঠৈর্হেমকুম্ভৈরলঙ্কৃতৈঃ। রত্নকূটৈর্গৃহৈর্হৈমৈর্মহামারকতস্থলৈঃ॥
৫৩। বাস্তোষ্পতীনাঞ্চ গৃহৈর্বলভীভিশ্চ নির্ম্মিতম্। চাতুর্ব্বর্ণ্যজনাকীর্ণং যদুদেবগৃহোল্লসৎ॥
৫৪। সুধর্ম্মাং পারিজাতঞ্চ মহেন্দ্রঃ প্রাহিণোদ্ধরেঃ। যত্র চাবস্থিতো মর্ত্ত্যো মর্ত্ত্যধর্ম্মৈর্ন যুজ্যতে॥
৫৫। শ্যামৈককর্ণান্ বরুণো হয়ান্ শুক্লান্ মনোজবান্।
অষ্টৌ নিধিপতিঃ কোশান্ লোকপালো নিজোদয়ান্॥
৫৬। যদ্‌যদ্‌ভগবতা দত্তমাধিপত্যং স্বসিদ্ধয়ে। সর্ব্বং প্রত্যর্পয়ামাসুর্হরৌ ভূমিগতে নৃপ!
৫৭। তত্র যোগপ্রভাবেণ নীত্বা সর্ব্বজনং হরিঃ। প্রজাপালেন রামেণ কৃষ্ণঃ সমনুমন্ত্রিতঃ।
নির্জগাম পুরদ্বারাৎ পদ্মমালী নিরায়ুধঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে দুর্গনিবেশনং নাম পঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫০॥

---

৫০ বিশ্বকর্ম্মা আসি' কৈলা অদভুতময়।
শ্রুতিবাণী-অগোচর, কহিলে না হয়॥

রাজপথ, উপপথ বিবিধ সঞ্চার।
৫১ বিবিধ প্রাচীর, পুর, অঙ্গন, দুয়ার॥
আকাশ পরশে হেম-মন্দির-শিখর।
স্ফটিক-অট্টালি উচ্চতর থরে থর॥
মরকত-নিরমিত বিবিধ-লক্ষণ।
কল্পদ্রুম, কল্পলতা, বন, উপবন॥
বড় বড় ঘোড়াশালা, আওরী আওরী।
৫২ রজতনির্ম্মিত তা'থে কোঠা সারি-সারি॥
মণিময় রতন-শিখর বিলসিত।
তাহার উপরে হেম-কুম্ভ বিরাজিত॥
মরকত-স্থল-বিনির্ম্মিত ক্ষিতিতল।
৫৩ দেবতা-মন্দির বিরাজিত থরে থর॥
রাজপুর, মন্দির বিচিত্র স্থানে স্থান।
ব্রহ্মাদি-দেবের অগোচর নিরমাণ॥

৫৪ সুধর্ম্মা পাঠাঞা দিল দেব পুরন্দর।
পারিজাত-সুরতরু প্রভুর গোচর॥
৫৫ দিব্য দিব্য ঘোড়া দিলা বরুণে সাজিয়া।
শ্বেতবর্ণ, শ্যামকর্ণ ভূষণে ভূষিয়া॥
ধনদ পাঠাঞা দিলা অষ্ট মহানিধি।
লোকপাল সব দিলা যা'র যে যে সিদ্ধি॥
৫৬ যে কিছু সম্পদ্ হরি দিয়াছেন যা'রে।
তা'রা তাহা আনি' দিলা প্রভুর গোচরে॥
৫৭ তবে কোন্ কর্ম্ম কৈলা প্রভু ভগবান্?
সকল মথুরা-লোক আনি' বিদ্যমান॥
যোগবলে থুইলা লঞা দ্বারকা-ভিতরে।
আসিয়া মথুরাপুরে কোন্ যুক্তি করে'?
অস্ত্র নাহি ধরে, চারি ভুজ বিরাজিত।
পদ্মমাল্য গলে দোলে', শ্রীবৎসলাঞ্ছিত॥
পুরীর বাহির হঞা দিলা এক লড়।
হেন অদভুত কর্ম্ম করে' যোগেশ্বর॥"

ভাগবত-আচার্য্যের মধুর ভাষণ।
সুখে যেন ভাগবত বুঝে সর্ব্বজন॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫০॥

একপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। তং বিলোক্য বিনিক্রান্তমুজ্জিহানমিবোড়ুপম্। দর্শনীয়তমং শ্যামং পীতকৌশেয়বাসসম্॥
২। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরম্। পৃথুদীর্ঘচতুর্ব্বাহুং নবকঞ্জারুণেক্ষণম্॥
৩। নিত্যপ্রমুদিতং শ্রীমৎসুকপোলং শুচিস্মিতম্। মুখারবিন্দং বিভ্রাণং স্ফুরন্মকরকুণ্ডলম্॥
৪। বাসুদেবো হ্যয়মিতি পুমান্ শ্রীবৎসলাঞ্ছনঃ। চতুর্ভুজোঽরবিন্দাক্ষো বনমাল্যতিসুন্দরঃ॥
৫। লক্ষণৈর্নারদপ্রোক্তৈর্নান্যো ভবিতুমর্হতি। নিরায়ুধশ্চলন্ পদ্ভ্যাং যোৎস্যেঽনেন নিরায়ুধঃ॥
৬। ইতি নিশ্চিত্য যবনঃ প্রাদ্রবন্তং পরাঙ্মুখম্। অন্বধাবজ্জিঘৃক্ষুস্তং দুরাপমপি যোগিনাম্॥
৭। হস্তপ্রাপ্তমিবাত্মানং হরিণা স পদে পদে। নীতো দর্শয়তা দূরং যবনেশোঽদ্রিকন্দরম্॥
৮। পলায়নং যদুকুলে জাতস্য তব নোচিতম্। ইতি ক্ষিপন্ননুগতো নৈনং প্রাপাহতাশুভঃ॥
৯। এবং ক্ষিপ্তোঽপি ভগবান্ প্রাবিশদ্গিরিকন্দরম্। সোঽপি প্রবিষ্টস্তত্রান্যং শয়ানং দদৃশে নরম্॥
১০। নন্বসৌ দূরমানীয় শেতে মামিহ সাধুবৎ। ইতি মত্বাচ্যুতং মূঢ়স্তং পদা সমতাড়য়ৎ॥
১১। স উত্থায় চিরং সুপ্তঃ শনৈরুন্মীল্য লোচনে। দিশো বিলোকয়ন্ পার্শ্বে তমদ্রাক্ষীদবস্থিতম্॥
১২। স তাবৎ তস্য রুষ্টস্য দৃষ্টিপাতেন ভারত! দেহজেনাগ্নিনা দগ্ধো ভস্মসাদভবৎ ক্ষণাৎ॥

[গৌরী-রাগ]

১ তবে কালযবন চিনিল অনুমানে।
'পূর্ণচন্দ্র-সম মহাপুরুষ-লক্ষণে॥
২ শ্রীবৎস-লক্ষণ উরে, কৌস্তুভ-ভূষণ।
মুদিত-বদন, নবকঞ্জ-বিলোচন॥
আজানু-লম্বিত চারু ভুজ বিরাজিত।
৩ মকরকুণ্ডল গণ্ডযুগে বিলোলিত॥
৪ এই বাসুদেব-বিনে নহে অন্যজন।
৫ নারদ কহিল যত, দেখিল লক্ষণ॥
অস্ত্র নাহি ধরে' কৃষ্ণ, পায়ে হাঁটি' যায়।
আমার তরাসে প্রাণ লইয়া পলায়॥
৬-৭ মুঞি অস্ত্র না ধরিমু, না চড়িমু রথে।
ধাঞা গিয়া এখনি ধরিমু এই মতে॥'
এতেক চিন্তিয়া কালযবন সত্বরে।
পাছে পাছে ধায় কৃষ্ণে ধরিতে না পারে॥
হাতে হাতে, পা'য় পা'য়, আপনা দেখায়।
যোগীন্দ্র-দুর্লভ কৃষ্ণে ধরিতে না পায়॥
৮ 'না পালাহ, আরে কৃষ্ণ! না হয় উচিত।
যদুকুলে জনমিয়া কর' বিপরীত?'
এহিরূপে গালি দিয়া পাছে-পাছে ধায়।
হতপুণ্য দুরাচার ধরিতে না পায়॥
৯ প্রবেশ করিলা প্রভু পর্ব্বত-কন্দরে।
একদিকে লুকাঞা রহিলা অন্ধকারে॥
যবন প্রবেশ কৈল গুহার ভিতরে।
দেখিল পুরুষ এক খট্বার উপরে॥
১০ 'দুঃখ দিয়া আমারে আনিঞা এতদূরে।
সুখে শুঞা আছ তুমি খট্বার উপরে!!'
এতেক বলিয়া সেই ম্লেচ্ছ দুরাচার।
দৃঢ় করি' দিল এক চরণপ্রহার॥
১১ জাগিয়া উঠিলা তবে পুরুষপ্রবর।
আঁখি মেলি' চারিপাশে চাহিলা সত্বর॥
সম্মুখে দেখিলা—দুষ্ট এ কাল যবন।
১২ দৃষ্টিমাত্র হৈল তাঁ'র ক্রোধ-উপসন্ন॥
ক্রোধানল জনমিল নয়ন-যুগলে।
ভস্ম হৈল পুড়িয়া যবন-কলেবরে॥

শ্রীরাজোবাচ

১৩। কো নাম স পুমান্ ব্রহ্মন্! কস্য কিংবীর্য্য এব চ।
কস্মাদ্‌গুহাং গতঃ শিশ্যে কিংতেজো যবনার্দ্দনঃ?

শ্রীশুক উবাচ

১৪। স ইক্ষ্বাকুকুলে জাতো মান্ধাতৃতনয়ো মহান্। মুচুকুন্দ ইতি খ্যাতো ব্রহ্মণ্যঃ সত্যসঙ্গরঃ॥
১৫। স যাচিতঃ সুরগণৈরিন্দ্রাদ্যৈরাত্মরক্ষণে। অসুরেভ্যঃ পরিত্রস্তৈস্তদ্রক্ষাং সোঽকরোচ্চিরম্॥
১৬। লব্ধ্বা গুহং তে স্বঃপালং মুচুকুন্দমথাব্রুবন্। রাজন্! বিরমতাং কৃচ্ছ্রাস্তবান্ নঃ পরিপালনাৎ॥
১৭। নরলোকে পরিত্যজ্য রাজ্যং নিহতকণ্টকম্। অস্মান্ পালয়তো বীর! কামাস্তে সর্ব্ব উজ্ঝিতাঃ॥
১৮। সুতা মহিষ্যো ভবতো জ্ঞাতয়োঽমাত্যমন্ত্রিণঃ। প্রজাশ্চ তুল্যকালীয়া নাধুনা সন্তি কালিতাঃ॥
১৯। কালো বলীয়ান্ বলিনাং ভগবানীশ্বরোঽব্যয়ঃ। প্রজাঃ কালয়তে ক্রীড়ন্ পশুপালো যথা পশূন্॥
২০। বরং বৃণীষ্ব ভদ্রং তে ঋতে কৈবল্যমদ্য নঃ। এক এবেশ্বরস্তস্য ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ॥
২১। এবমুক্তঃ স বৈ দেবানভিবন্দ্য মহাযশাঃ। (নিদ্রামেব ততো বব্রে স রাজা শ্রমকর্ষিতঃ।
যঃ কশ্চিন্মম নিদ্রায়া ভঙ্গং কুর্য্যাৎ সুরোত্তমাঃ! স হি ভস্মীভবেদাশু তথোক্তশ্চ সুরৈস্তদা।
স্বাপং যাতং যস্ত মধ্যে বোধয়েৎ ত্বামচেতনঃ। স ত্বয়া দৃষ্টমাত্রস্তু ভস্মীভবতু তৎক্ষণাৎ॥)
অশয়িষ্ট গুহাবিষ্টো নিদ্রয়া দেবদত্তয়া॥

---

১৩ তবে রাজা জিজ্ঞাসিলা ভাবিয়া বিস্ময়!
"কি নাম পুরুষের, তিঁহ কাহার তনয়?
কোন্ বল-বীর্য্য ধরে' দহিতে যবনে?
পর্ব্বত-গহ্বরে কেন আছিলা শয়নে?
বিশেষ ইহার, মুনি! কহিবে সকল।"

১৪ তবে ব্যাস-সুত কহে, শুনে নৃপবর॥
"সূর্য্যবংশে জনমিলা মান্ধাতা-কুমার।
মুচুকুন্দ নাম তাঁ'র, ধর্ম্ম-অবতার॥
ধৃতব্রত, সত্যবন্ত, ব্রহ্মণ্যশেখর।
আছিলা নৃপতি এই পৃথিবী-ভিতর॥

১৫ ইন্দ্র-আদি সুরগণে আসিয়া সাধিলা।
অসুর জিনিতে রাজা সুরপুরে গেলা॥
চিরকাল গেল তাঁ'র করিতে সংগ্রাম।
ক্রোধাবেশে না জানিলা রাজা বলবান্॥

১৬ সেনাপতি কার্ত্তিকে লভিয়া সুরগণে।
রাজারে রাখিল যুদ্ধ করি' নিবারণে॥
'রহ রহ, মুচকুন্দ! না কর' সংগ্রাম।
যুদ্ধ রাখি' কর', রাজা! ক্ষণেক বিশ্রাম॥

১৭ সুরগণ পালন করিতে এতকাল।
রাজ্যপথ-সুখভোগ নহিল তোমার॥

১৮ পাত্র-মিত্র, মন্ত্রিগণ, বন্ধু-সুত-দার।
তা'র কেহ নাহি, কালে করিল সংহার॥

১৯ কালরূপী—ভগবান্ সভার ঈশ্বর।
দেবের শকতি নাহি কালের উপর॥
কালে সৃজে, কালে পালে', কালে করে' নাশ।
কালের অধীন জীব, কালেতে বিনাশ॥
পশু রাখে পশুপালে, ইচ্ছা যদি করে'।
কাহো রাখে, কাহো যেন ইচ্ছায়ে সংহারে॥
এইরূপে ক্রীড়া করে' কাল মহেশ্বর।
যা'রে রাখে, যা'রে হরে,' যা'র যেন ফল॥
কালের উপরে কোন্ দেবের শকতি?
বুঝিয়া না কর' খেদ, শুন, মহামতি!

২০ বর মাগ, রাজা! তুমি মুক্তি-পদ-বিনে।
মুক্তি দিতে পারে সবে এক নারায়ণে॥'

২১ সুরগণ-বচন শুনিয়া নরেশ্বর।
দেবগণ-সাক্ষাতে মাগিলা এই বর॥

২২। যবনে ভস্মসাম্নীতে ভগবান্ সাত্বতর্ষভঃ। আত্মানং দর্শয়ামাস মুচুকুন্দায় ধীমতে॥
২৩। তমালোক্য ঘনশ্যামং পীতকৌশেয়বাসসম্। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভেন বিরাজিতম্॥
২৪। চতুর্ভুজং রোচমানং বৈজয়ন্ত্যা চ মালয়া। চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলম্॥
২৫। প্রেক্ষণীয়ং নৃলোকস্য সানুরাগস্মিতেক্ষণম্। অপীব্যবয়সং মত্তমৃগেন্দ্রোদারবিক্রমম্॥
২৬। পর্য্যপৃচ্ছন্মহাবুদ্ধিস্তেজসা তস্য ধর্ষিতঃ। শঙ্কিতঃ শনকৈ রাজা দুর্দ্ধর্ষমিব তেজসা॥

শ্রীমুচুকুন্দ উবাচ

২৭। কো ভবানিহ সম্প্রাপ্তো বিপিনে গিরিগহ্বরে। পদ্ভ্যাং পদ্মপলাশাভ্যাং বিচরস্যরুকণ্টকে?
২৮। কিং স্বিৎ তেজস্বিনাং তেজো ভগবান্ বা বিভাবসুঃ।
সূর্য্যঃ সোমো মহেন্দ্রো বা লোকপালো পরোঽপি বা?
২৯। মন্যে ত্বাং দেবদেবানাং ত্রয়াণাং পুরুষর্ষভম্। যদ্বাধসে গুহাধ্বান্তং প্রদীপঃ প্রভয়া যথা॥
৩০। শুশ্রূষতামব্যলীকমস্মাকং নরপুঙ্গব! স্বজন্ম কর্ম্ম গোত্রং বা কথ্যতাং যদি রোচতে॥

'সুখে নিদ্রা যাই যেন চির-পরিশ্রমে।
এই বর সভে আমি মাগিএ এখনে॥'
তবে সুরগণ সেই নিদ্রা-বর দিয়া।
কহিলা রাজাকে তবে পরিতুষ্ট হইয়া॥
'সুখে শুইয়া থাক তুমি পর্ব্বত-গহ্বরে।
কোন মূঢ় গিয়া যদি জাগায় তোমারে॥
তুমি দেখিলেই মাত্র হৈব ভস্মসাৎ।
মহাভাগবত তুমি, কহিলুঁ সাক্ষাৎ॥'
মুচুকুন্দ রাজা তবে বিচারিলা মনে।
'অবতার করিব আপনে নারায়ণে॥
কথোকাল রহি' আমি করিয়া শয়ন।
যাবত প্রভুর সহে নহে দরশন॥'
মহাভাগবত রাজা মনে যুক্তি করি'।
শয়ন করিয়া রহে এই আশা ধরি'॥
ভকতের ইচ্ছা প্রভু করয়ে পালন।
আপনে তথায় গেলা তাহার কারণ॥

২২ ভস্ম হঞা গেল যদি ম্লেচ্ছকুলনাথ।
আপনে হইলা কৃষ্ণ রাজার সাক্ষাৎ॥

২৩ সজল-জলদ-তনু, পীতবাস ধরে।
শ্রীবৎস-লক্ষণ উরে, বনমালা দোলে'॥

২৪ চারু-চতুর্ভুজ, গলে কৌস্তুভ-ভূষণ।
মকর-কুণ্ডল দোলে', রাজীব-লোচন॥
প্রসন্ন-বদন চন্দ্র-কোটি-পরকাশ।
বৈজয়ন্তী-মালা দুলে, মদন-বিলাস॥

২৫-২৬ মত্ত-মহাসিংহ জিনি', বিক্রমের সীমা।
অতুল-লাবণ্যধাম, ত্রিভঙ্গ-ভঙ্গিমা॥
অঙ্গতেজে দশদিক্ কৈলা পরসন্ন।
তবে রাজা জিজ্ঞাসিতে হৈলা উপসন্ন॥
মহাতেজ দেখি' রাজা সঙ্কোচ-হৃদয়।
ধীরে ধীরে পুছে কিছু করিয়া বিনয়॥

২৭ 'এথা কেন আইলে তুমি, কি নাম তোমার?
ঘোর মহাবনে কেন তোমার সঞ্চার?
পদ্মপত্র-সমতুল দু'খানি চরণ।
কণ্টক-বিজন বনে হাঁট কি কারণ?

২৮ তেজস্বীর তেজ যেন দেখি কলেবর।
কিবা চন্দ্র, সূর্য্য তুমি, অগ্নি-পুরন্দর?'

২৯ তিন দেব দেবের প্রধান হেন লখি।
সাক্ষাতে ঈশ্বর হেন, এই মনে দেখি॥
হরিলে সকল গিরিগুহা-অন্ধকার।
চন্দ্র সূর্য্য জিনি' তেজ প্রকাশ তোমার॥

৩০ জন্ম-কর্ম্ম-নাম যদি কহ মহাশয়।
কৃপা যদি কর,' তবে দেহ' পরিচয়॥

৩১। বয়স্তু পুরুষব্যাঘ্র ! ঐক্ষ্বাকাঃ ক্ষত্রবন্ধবঃ। মুচুকুন্দ ইতি প্রোক্তো যৌবনাশ্বাত্মজঃ প্রভো !
৩২। চিরপ্রজাগরশ্রান্তো নিদ্রয়াপহৃতেন্দ্রিয়ঃ। শয়েঽস্মিন্ বিজনে কামং কেনাপ্যুত্থাপিতোঽধুনা॥
৩৩। সোঽপি ভস্মীকৃতো নূনমাত্মীয়েনৈব পাপ্মনা। অনন্তরং ভবান্ শ্রীমাঁল্লক্ষিতোঽমিত্রশাতনঃ॥
৩৪। তেজসা তেঽবিষহ্যেণ ভূরি দ্রষ্টুং ন শক্নুমঃ। হতোজসো মহাভাগ ! মাননীয়োঽসি দেহিনাম্॥
৩৫। এবং সম্ভাষিতো রাজ্ঞা ভগবান্ ভূতভাবনঃ। প্রত্যাহ প্রহসন্ বাণ্যা মেঘনাদগভীরয়া॥

শ্রীভগবানুবাচ

৩৬। জন্মকর্ম্মাভিধানানি সন্তি মেঽঙ্গ ! সহস্রশঃ। ন শক্যন্তেঽনুসংখ্যাতুমনন্তত্বান্ময়াপি হি॥
৩৭। ক্বচিদ্রজাংসি বিমমে পার্থিবান্যুরুজন্মভিঃ। গুণকর্ম্মাভিধানানি ন মে জন্মানি কর্হিচিৎ॥
৩৮। কালত্রয়োপপন্নানি জন্মকর্ম্মাণি মে নৃপ ! অনুক্রমন্তো নৈবান্তং গচ্ছন্তি পরমর্ষয়ঃ॥
৩৯। তথাপ্যদ্যতনান্যঙ্গ ! শৃণুষ্ব গদতো মম। বিজ্ঞাপিতো বিরিঞ্চেন পুরাহং ধর্ম্মগুপ্তয়ে !
ভূমের্ভারায়মাণানামসুরাণাং ক্ষয়ায় চ॥
৪০। অবতীর্ণো যদুকুলে গৃহ আনকদুন্দুভেঃ। বদন্তি বাসুদেবেতি বসুদেবসুতং হি মাম্॥
৪১। কালনেমির্হতঃ কংসঃ প্রলম্বাদ্যাশ্চ সদ্দ্বিষঃ। অয়ঞ্চ যবনো দগ্ধো রাজংস্তে তিগ্মচক্ষুষা॥
৪২। সোঽহং তবানুগ্রহার্থং গুহামেতামুপাগতঃ। প্রার্থিতঃ প্রচুরং পূর্ব্বং ত্বয়াহং ভক্তবৎসলঃ॥

---

৩১ 'ইক্ষ্বাকু-নৃপতিকুলে মোর উতপতি।
মুচুকুন্দ-নাম মোর জগতে খেয়াতি॥
যুবনাশ্বপৌত্র মুঞি, মান্ধাতাতনয়।
যোগ্য যদি হঙ, তবে দেহ' পরিচয়॥

৩২ চিরকাল জাগিয়া শ্রমিত হঞাছিলুঁ।
তে-কারণে এতকাল ধরি' নিদ্রা গেলুঁ॥
কেবা আসি' মোরে জাগাইল এতকালে ?

৩৩ সেহ ভস্ম হৈল মোর নয়ন-অনলে॥
হেন অবসরে তুমি দিলে দরশন।

৩৪ তেজঃপুঞ্জ ধর', মহাপুরুষ-লক্ষণ॥
সহিতে না পারি তোমার তেজের প্রতাপ।
পুছিতে না পারি, কিছু তোমার সাক্ষাত॥'

৩৫ এতেক বচন শুনি' প্রভু গদাধর।
হাসিয়া রাজার তরে দিলেন উত্তর॥
মেঘনাদ-গম্ভীর, মধুরতর বাণী।
কহিতে লাগিলা তবে প্রভু চক্রপাণি॥

৩৬ 'জন্ম-কর্ম্ম-নামের আমার অন্ত নাই।
আমিহ কহিতে তা'র অন্ত নাহি পাই॥

৩৭ পৃথ্বীখান ধূলা করি' গণিবারে পারে।
এত বড় কেহ যদি থাকয়ে সংসারে॥
তমু ত' গণিতে নারে—নাম, গুণ, জন্ম।
কত অবতারে আমি করি কত কর্ম্ম॥

৩৮ সৃষ্টি-স্থিতি-প্রলয়ে থাকিয়ে সর্ব্বকাল।
কত নাম, গুণ, কর্ম্ম, জনম আমার॥
সৃষ্টিকালে ব্রহ্মা-আদি ঋষি উতপন্ন।
এ-সব তাঁহারা কিবা জানিবে মরম ?

৩৯-৪০ সম্প্রতি আমার জন্ম, শুন, নরেশ্বর !
ব্রহ্মা-আদি দেবে স্তুতি করিলা বিস্তর॥
পৃথ্বীর হরিতে ভার বসুদেব-ঘরে।
জনম লভিলুঁ আসি' পুণ্য যদুকুলে॥
বাসুদেব করি' লোক বলে' তে-কারণে।
এইরূপে নাম ধরি নানা স্থানে-স্থানে॥

৪১ কালনেমি কংস হঞা জনমিঞাছিল।
কংস-আদি অনেক অসুর নিপাতিল॥
তোমার নয়নতেজে দহিল যবন।

৪২ অনুগ্রহ-কারণে আমার আগমন॥

৪৩। **বরান্ বৃণীষ্ব রাজর্ষে! সর্ব্বান্ কামান্ দদামি তে।**
মাং প্রপন্নো জনঃ কশ্চিন্ন ভূয়োঽর্হতি শোচিতুম্॥

শ্রীশুক উবাচ

৪৪। **ইত্যুক্তস্তং প্রণম্যাহ মুচুকুন্দো মুদান্বিতঃ। জ্ঞাত্বা নারায়ণং দেবং গর্গবাক্যমনুস্মরন্॥**

শ্রীমুচুকুন্দ উবাচ

৪৫। **বিমোহিতোঽয়ং জন ঈশ! মায়য়া, ত্বদীয়য়া ত্বাং ন ভজত্যনর্থদৃক্।**
সুখায় দুঃখপ্রভবেষু সজ্জতে, গৃহেষু যোষিৎ পুরুষশ্চ বঞ্চিতঃ॥

৪৬। **লব্ধ্বা জনো দুর্লভমত্র মানুষং, কথঞ্চিদব্যঙ্গমযত্নতোঽনঘ!**
পাদারবিন্দং ন ভজত্যসন্মতি,-র্গৃহান্ধকূপে পতিতো যথা পশুঃ॥

৪৭। **মমৈষ কালোঽজিত! নিষ্ফলো গতো, রাজ্যশ্রিয়োন্নদ্ধমদস্য ভূপতেঃ।**
মর্ত্ত্যাত্মবুদ্ধেঃ সুতদারকোশভূ,-ষ্বাসজ্জমানস্য দুরন্তচিন্তয়া॥

৪৮। **কলেবরেঽস্মিন্ ঘটকুড্যসন্নিভে, নিরূঢ়মানো নরদেব ইত্যহম্।**
বৃতো রথেভাশ্বপদাত্যনীকপৈ,-র্গাং পর্য্যটংস্ত্বাগণয়ন্ সুদুর্ম্মদঃ॥

৪৯। **প্রমত্তমুচ্চৈরিতিকৃত্যচিন্তয়া, প্রবৃদ্ধলোভং বিষয়েষু লালসম্।**
ত্বমপ্রমত্তঃ সহসাভিপদ্যসে, ক্ষুল্লেলিহানোঽহিরিবাখুমন্তকঃ॥

পূর্ব্বকালে প্রচুর করিলে আরাধনে।
ভকতবৎসল আমি, আইলুঁ তে-কারণে॥

৪৩ বর মাগ, মহারাজ! যাহা ইচ্ছা কর'।
সর্ব্ব বর দিব আমি, বিস্ময় না ধর'॥
আমার প্রপন্ন-জন দুঃখ নাহি পায়।
বর মাগ, নরেশ্বর! যাহা মনে লয়॥

৪৪ এ-বোল শুনিঞা মুচুকুন্দ নৃপবর।
গর্গবাক্য সঙরিলা মনের ভিতর॥
জানিলা—সাক্ষাত সেই প্রভু ভগবান্।
স্তুতি করে' নরপতি মহা-মতিমান্॥

৪৫ 'বিমোহিত সর্ব্বলোক মায়াতে তোমার।
না ভজে পদারবিন্দ, চিন্তয়ে অসার॥
সুখ-হেতু গৃহবাস করে' মূঢ়জনে।
সুখলেশ নাহি তা'থে মাত্র দুঃখ বিনে॥
স্ত্রীগণের মাঝে সবে পুরুষ প্রধান।
বঞ্চিত পামর লোক, মূঢ় অগেয়ান॥

৪৬ কোটি কোটি জন্ম যা'র পুণ্য সুসঞ্চিত।
দুর্লভ মানুষ-জন্ম লভে কথঞ্চিত॥
তা'থে অবিকল অঙ্গ পাঞা মূঢ়জনে।
না ভজে পদারবিন্দ অসত্য-ধেয়ানে॥
গৃহ-অন্ধকূপে পড়ি' মরয়ে কুমতি।
তৃণ-লোভে কূপে যেন পড়ে পশুজাতি॥

৪৭ আচ্ছুক আনের কাজ, মুঞি বড় অন্ধ।
এতকাল ধরি' কৈলুঁ ব্যর্থ অনুবন্ধ॥
রাজ-অভিমানে মোর ব্যর্থ গেল কাল।
রাজ্যপদ-সম্পদে বাঢ়িল অহঙ্কার॥

৪৮ এ মোর পৃথিবী, সুত, বিত্ত, পরিজন।
এই সবে সতত চিন্তিলুঁ অকারণ॥
যেন ঘট-কুড্য এ-সকল কলেবর।
তা'থে রাজা—হেন গর্ব্ব কৈলুঁ নিরন্তর॥
তুরঙ্গ-মাতঙ্গ-রথ, চতুরঙ্গ সেনা।
সাজিয়া বেড়াঙ, কাখো না কৈলুঁ গণনা॥
ইতিকৃত্য-চিন্তায়ে না কৈলুঁ অবধান।
বিবিধ বাসনা-লোভে হরল গেয়ান॥
বিষয়লম্পট হঞা তোমা' পাসরিলুঁ।

৪৯ অসত্য ধেয়ানে, নাথ! আপনা বঞ্চিলুঁ॥

৫০। পুরা রথৈর্হেমপরিষ্কৃতৈশ্চরন্, মতঙ্গজৈর্বা নরদেবসংজ্ঞিতঃ।
স এব কালেন দুরত্যয়েন তে, কলেবরো বিট্কৃমিভস্মসংজ্ঞিতঃ॥
৫১। নির্জিত্য দিক্চক্রমভূতবিগ্রহো, বরাসনস্থঃ সমরাজবন্দিতঃ।
গৃহেষু মৈথুন্যসুখেষু যোষিতাং, ক্রীড়ামৃগঃ পুরুষ ঈশ! নীয়তে॥
৫২। করোতি কর্ম্মাণি তপঃসুনিষ্ঠিতো, নিবৃত্তভোগস্তদপেক্ষয়াদদৎ।
পুনশ্চ ভূয়াসমহং স্বরাড়িতি, প্রবৃদ্ধতর্ষো ন সুখায় কল্পতে॥
৫৩। ভবাপবর্গো ভ্রমতো যদা ভবে,-জ্জনস্য তর্হ্যচ্যুত! সৎসমাগমঃ।
সৎসঙ্গমো যহি তদৈব সদ্গতৌ, পরাবরেশে ত্বয়ি জায়তে মতিঃ॥
৫৪। মন্যে মমানুগ্রহ ঈশ! তে কৃতো, রাজ্যানুবন্ধাপগমো যদৃচ্ছয়া।
যঃ প্রার্থ্যতে সাধুভিরেকচর্য্যয়া, বনং বিবিক্ষদ্ভিরখণ্ডভূমিপৈঃ॥
৫৫। ন কাময়েঽন্যং তব পাদসেবনা,-দকিঞ্চনপ্রার্থ্যতমাদ্বরং বিভো!
আরাধ্য কস্ত্বাং হ্যপবর্গদং হরে! বৃণীত আর্য্যো বরমাত্মবন্ধনম্?

তুমি কালরূপী আছ সতত জাগিয়া।
তিলেকে ফেলিবে তুমি সংহার করিয়া॥

৫০ কনকনির্ম্মিত রথে পূরবে চড়িলুঁ।
মত্ত-মতঙ্গজ-স্কন্ধে উঠিয়া বসিলুঁ॥
নরদেব-হেন নাম ধরে' কলেবর।
অন্তকালে হৈব এহ ক্রিমি-ভস্ম-মল॥

৫১ দশদিগ জিনিঞা বসিলুঁ রাজাসনে।
রাজচক্র দাস হঞা রহিল চরণে॥
সংগ্রাম করিতে কা'রো না রাখিলুঁ বল।
নারী-ক্রীড়ামৃগ হৈলুঁ ঘরের ভিতর॥

৫২ যদি বল',—'যজ্ঞ-দান-পুণ্য-তপ কর'।
শুভকর্ম্ম করি' তুমি স্বর্গবাসে চল॥
তা'র কথা নিবেদিব চরণে তোমার।
স্বর্গবাস হৈলেও না ঘুচে অহঙ্কার॥
নানা-কর্ম্ম করে' লোক বিবিধ যতন।
মহাতপ করি' করে' শরীর শোষণ॥
সর্ব্বভোগ ত্যাগ করে' ভোগের কারণে।
দ্রব্যের আশায় করে' দ্রব্য-সমর্পণে॥
তবে যদি স্বর্গবাস হয় পুণ্যবশে।
স্বর্গ-সুখ ভোগ তা'রা করে' নানা-রসে॥
তবে ইন্দ্র হৈতে তৃষ্ণা বাঢ়ে আরবার।
সুখ নহে, দুঃখময় জানিলুঁ সংসার॥

৫৩ যখনে যাহার হৈব ভব-বিমোচন।
তখনে তাহার হয় সাধু-সমাগম॥
সাধুসঙ্গ-মাত্র যা'র হয় যেই দিনে।
তোমার চরণে মতি হয় সেই ক্ষণে॥
এই অনুগ্রহ মোরে কৈলে দয়াময়।
রাজ্যপদ গেল মোর, ভাগ্যের উদয়॥

৫৪ অখণ্ড-পৃথিবীপতি ভক্ত-রাজগণ।
পরিচর্য্যা করি' করে' একান্ত ভজন॥
বনে পরবেশ তা'রা করিবার তরে।
যে রাজ্য তেজিতে বাঞ্ছা করে' নিরন্তরে॥
হেন রাজ্যপদ মোর গেল অনায়াসে।
এতেকে জানিলুঁ কৃপা করিলে বিশেষে॥

৫৫ বর মাগিবারে, প্রভু! তুমি যে বলিলে।
বুঝিতে ভৃত্যের চিত্ত পরীক্ষা করিলে॥
তোমার পদারবিন্দ-সেবা পরিহরি'।
অন্য বর নাহি মাগোঁ, প্রভু শ্রীমুরারি!
হেন কোন্ পণ্ডিত আছয়ে ত্রিভুবনে?
কৈবল্য-সম্পদ্-দাতা করি' আরাধনে॥

৫৬। তস্মাদ্বিসৃজ্যাশিষ ঈশ ! সর্ব্বতো, রজস্তমঃসত্ত্বগুণানুবন্ধনাঃ।
নিরঞ্জনং নির্গুণমদ্বয়ং পরং, ত্বাং জ্ঞপ্তিমাত্রং পুরুষং ব্রজাম্যহম্ ॥
৫৭। চিরমিহ বৃজিনার্ত্তস্তপ্যমানোঽনুতাপৈ,-রবিতৃষষড়মিত্রো লব্ধশান্তিঃ কথঞ্চিৎ।
শরণদ ! সমুপেতস্ত্বৎপদাব্জং পরাত্মন্ ! অভয়মৃতমশোকং পাহি মাপন্নমীশ !

শ্রীভগবানুবাচ

৫৮। সার্ব্বভৌম মহারাজ ! মতিস্তে বিমলোর্জ্জিতা। বরৈঃ প্রলোভিতস্যাপি ন কামৈর্বিহতা যতঃ ॥
৫৯। প্রলোভিতো বরৈর্যৎ ত্বমপ্রমাদায় বিদ্ধি তৎ। ন ধীরেকান্তভক্তানামাশীর্ভির্ভিদ্যতে ক্বচিৎ ॥
৬০। যুঞ্জানানামভক্তানাং প্রাণায়ামাদিভির্মনঃ। অক্ষীণবাসনং রাজন্ ! দৃশ্যতে পুনরুত্থিতম্ ॥
৬১। বিচরস্ব মহীং কামং ময্যাবেশিতমানসঃ। অস্ত্বেবং নিত্যদা তুভ্যং ভক্তির্ময্যনপায়িনী ॥
৬২। ক্ষাত্রধর্ম্মস্থিতো জন্তূন্ ন্যবধীর্মৃগয়াদিভিঃ। সমাহিতস্তৎ তপসা জহ্যঘং মদুপাশ্রিতঃ ॥
৬৩। জন্মন্যনন্তরে রাজন্ ! সর্ব্বভূতসুহৃত্তমঃ। ভূত্বা দ্বিজবরস্ত্বং বৈ মামুপৈষ্যসি কেবলম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমুচুকুন্দস্তুতির্নাম একপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫১ ॥

আপনার বন্ধন মাগিয়া লৈব বর।
হেন কেবা আছে, প্রভু ! জগতে বর্ব্বর ?
৫৬ তেজিয়া সকল বর, আপন বন্ধন।
তোমার চরণে, নাথ ! লইলুঁ শরণ ॥
৫৭ চিরদিন ধরি' মুঞি দুঃখে জর-জর।
নানা অনুতাপে মোর দহে কলেবর ॥
কদাচিৎ শান্তি মোর নহিল হৃদয়ে।
ছয় রিপু দেহে মোর তুষ্ট নাহি হয়ে ॥
অভয়-পদারবিন্দ শোক-বিবর্জ্জিত।
শুদ্ধসত্ত্বময়, সর্ব্ব-ত্রিদেব-বন্দিত ॥
জানিঞা শরণ নিলুঁ চরণে তোমার।
এ-ভবযাতনা যেন নহে আরবার ॥'
৫৮ শুনিয়া ভৃত্যের বাণী প্রভু দয়াময়।
তুষ্ট হঞা বলে',—'শুন, রাজা মহাশয় !
ধন্য তুমি সার্ব্বভৌম, মহানরপতি।
বরলোভে তোমার চঞ্চল নৈল মতি ॥
৫৯ বর-লোভে ভ্রমাইয়া কৈলুঁ সাবধান।
বরে না ভুলিলে তুমি মহামতিমান্ ॥
ভকতের কামে চিত্ত হরিতে না পারে।
একান্ত-ভকতি করি' রহে নিরন্তরে ॥
৬০ যোগ-তপে বশ যা'র হঞা থাকে মন।
আমার ভকতি ছাড়ি' কর্ম্মপরায়ণ ॥
সকাম-বাসনা থাকে চিত্তের ভিতরে।
কামভোগে অবশ্য তাহার মন হরে' ॥
৬১ সুখে, রাজা, কর' তুমি পৃথ্বী পর্য্যটন।
আমার চরণে চিত্ত করি' আরোপণ ॥
আমাতে রহিল তোমার সুদৃঢ়-ভকতি।
তপ করিবারে তুমি চল, মহামতি !
৬২ রাজধর্ম্মে থাকি' যত মৃগয়া করিলে।
পশুবধ করি' দেব-পিতৃযজ্ঞ কৈলে ॥
তপ করি' কর' সে দুরিত বিনাশন।
৬৩ তবে আর জন্মে হৈবে উত্তম ব্রাহ্মণ ॥
সর্ব্বভূত-হিতকারী ভজিবে আমারে।
তবে তুমি আমারে পাইবে অন্তকালে ॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
ভক্তিভাবে শুন, ভাই, প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫১ ॥

দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ইত্থং সোঽনুগৃহীতোঽঙ্গ! কৃষ্ণেনেক্ষ্বাকুনন্দনঃ। তং পরিক্রম্য সন্নম্য নিশ্চক্রাম গুহামুখাৎ॥
২। স বীক্ষ্য ক্ষুল্লকান্ মর্ত্ত্যান্ পশূন্ বীরুদ্বনস্পতীন্। মত্বা কলিযুগং প্রাপ্তং জগাম দিশমুত্তরাম্॥
৩। তপঃশ্রদ্ধাযুতো ধীরো নিঃসঙ্গো মুক্তসংশয়ঃ। সমাধায় মনঃ কৃষ্ণে প্রাবিশদগন্ধমাদনম্॥
৪। বদর্য্যাশ্রমমাসাদ্য নরনারায়ণালয়ম্। সর্ব্বদ্বন্দ্বসহঃ শান্তস্তপসারাধয়দ্ধরিম॥
৫। ভগবান্ পুনরাব্রজ্য পুরীং যবনবেষ্টিতাম্। হত্বা মেচ্ছবলং নিন্যে তদীয়ং দ্বারকাং ধনম্॥
৬। নীয়মানে ধনে গোভির্নৃভিশ্চাচ্যুতচোদিতৈঃ। আজগাম জরাসন্ধস্ত্রয়োবিংশত্যনীকপঃ॥
৭। বিলোক্য বেগরভসং রিপুসৈন্যস্য মাধবৌ। মনুষ্যচেষ্টামাপন্নৌ রাজন্! দুদ্রুবতুর্দ্রুতম্॥
৮। বিহায় বিত্তং প্রচুরমভীতৌ ভীরুভীতবৎ। পদ্ভ্যাং পদ্মপলাশাভ্যাং চেলতুর্বহুযোজনম্॥
৯। পলায়মানৌ তৌ দৃষ্ট্বা মাগধঃ প্রহসন্ বলী। অন্বধাবদ্রথানীকৈরীশয়োরপ্রমাণবিৎ॥
১০। প্রদ্রুত্য দূরং সংশ্রান্তৌ তুঙ্গমারুহতাং গিরিম্। প্রবর্ষণাখ্যং ভগবান্ নিত্যদা যত্র বর্ষতি॥
১১। গিরৌ নিলীনাবাজ্ঞায় নাধিগম্য পদং নৃপ! দদাহ গিরিমেধোভিঃ সমন্তাদগ্নিমুৎসৃজন্॥

[দেশাগ-রাগ]

১ "তবে মুচুকুন্দ রাজা আজ্ঞা শিরে ধরি'।
প্রদক্ষিণ হঞা দণ্ড-পরণাম করি'॥
পর্ব্বত-গহ্বর হৈতে আসিয়া বাহিরে।
২ ছোট ছোট সর্ব্বজীব দেখিলা সংসারে॥
'কলিযুগ হৈল'-- হেন বুঝি অনুমানে।
চলিলা উত্তরমুখে বদরিকাশ্রমে॥
৩ গন্ধমাদনে নর-নারায়ণ-স্থান।
তথা গিয়া কৃষ্ণ আরাধিলা মতিমান্॥
৪ শ্রদ্ধাযুত হৈয়া তপ কৈলা নিরন্তর।
সর্ব্বসঙ্গ তেজিয়া ভজিলা গদাধর॥
সহিলা বিস্তর রাজা শীত-বাত-ক্লেশ।
কৃষ্ণ আরাধিয়া কৈলা কৃষ্ণে পরবেশ॥
৫ পুনরপি মথুরা আসিয়া নারায়ণ।
তিনকোটি ম্লেচ্ছবল কৈলা নিপাতন॥
৬ যতেক আছিল ধন শকট পূরিয়া।
ভারিগণে লৈল ধন বলদে ভরিয়া॥
ধন লঞা চলে কৃষ্ণ দ্বারকানগরে।
জরাসন্ধ রাজা আইল হেন অবসরে॥
তেইশ অক্ষৌহিণী সেনা করিয়া সাজন।
তাহা দেখি' কোন্ বুদ্ধি করে' নারায়ণ?
৭ নরলীলা জগতে করিতে পরচার।
৮ তেজিয়া সকল ধন দুই সহোদর॥
রড় দিয়া দুই ভাই সত্বরে পলায়।
পদ্মপত্র-কোমল চরণে বলে ধায়॥
৯ মহাভয়যুত যেন, সহজে নির্ভয়।
তাহা দেখি' জরাসন্ধ হাসে দুরাশয়॥
পশ্চাতে ধাইল রাজ সর্ব্ব সৈন্য লৈঞা।
বিস্তর প্রহর-পথ গেল খেদাড়িয়া॥
১০ তবে কৃষ্ণ কৈলা মহাগিরি আরোহণ।
প্রবর্ষণ নাম তা'র ঘোরদরশন॥
মেঘ-বরিষণ তা'থে হয় নিরন্তর।
একাদশ-যোজন পর্ব্বত উচ্চতর॥
১১ তবে জরাসন্ধ রাজা কোন্ কর্ম্ম করে'?
আগুন ভেজাঞা, তা'র চারিদিক্ পোড়ে॥
চৌদিগে কাষ্ঠের গড় বান্ধিল বন্ধনে।
পোড়ায় পর্ব্বত রাজা বিবিধ-সন্ধানে॥

১২। তত উৎপত্য তরসা দহ্যমানতটাদুভৌ। দশৈকযোজনোত্তুঙ্গান্নিপেততুরধো ভুবি ॥
১৩। অলক্ষ্যমাণৌ রিপুণা সানুগেন যদূত্তমৌ। স্বপুরং পুনরায়াতৌ সমুদ্রপরিখাং নৃপ!
১৪। সোঽপি দগ্ধাবিতি মৃষা মন্বানো বলকেশবৌ। বলমাকৃষ্য সুমহন্মগধান্ মাগধো যযৌ ॥
১৫। অনার্ত্তাধিপতিঃ শ্রীমান্ রৈবতো রেবতীং সুতাম্। ব্রহ্মণা চোদিতঃ প্রাদাদ্বলায়েতি পুরোদিতম্ ॥
১৬। ভগবানপি গোবিন্দ উপযেমে কুরূদ্বহ! বৈদর্ভীং ভীষ্মকসুতাং শ্রিয়ো মাত্রাং স্বয়ম্বরে ॥
১৭। প্রমথ্য তরসা রাজ্ঞঃ শাল্বাদীংশ্চৈদ্যপক্ষগান্। পশ্যতাং সর্ব্বলোকানাং তার্ক্ষ্যপুত্রঃ সুধামিব ॥

শ্রীরাজোবাচ

১৮। ভগবন্! ভীষ্মকসুতাং রুক্মিণীং রুচিরাননাম্। রাক্ষসেন বিধানেন উপযেম ইতি শ্রুতম্ ॥
১৯। ভগবন্! শ্রোতুমিচ্ছামি কৃষ্ণস্যামিততেজসঃ। যথা মাগধশাল্বাদীন্ জিত্বা কন্যামুপাহরৎ ॥
২০। ব্রহ্মন্! কৃষ্ণকথাঃ পুণ্যা মাধ্বীর্লোকমলাপহাঃ। কো নু তৃপ্যেত শৃণ্বানঃ শ্রুতজ্ঞো নিত্যনূতনাঃ?

শ্রীবাদরায়ণিরুবাচ

২১। রাজাসীদ্ভীষ্মকো নাম বিদর্ভাধিপতির্মহান্। তস্য পঞ্চাভবন্ পুত্রাঃ কন্যৈকা চ বরাননা ॥

---

১২ তবে রাম-কৃষ্ণ দুঁহে বিক্রমে বিশাল।
ঝাঁপ দিঞা ভূমিতলে নাম্বিলা তৎকাল ॥

১৩-১৪ জরাসন্ধ বলে',—'তা'রা পুড়িল আনলে।'
না জানিল জরাসন্ধ, গেল নিজপুরে ॥
সৈন্য লঞা নিজপুরে গেল দুরাচার।
এখনে কহিব, রাজা! দ্বারকা-বিহার ॥

১৫ আছিলা রেবত-নামে এক নরপতি।
তাঁ'র কন্যা জনমিলা মহারূপবতী ॥
পূর্ব্ব-মন্বন্তরে কন্যা হইলা উতপতি।
রেবতী তাঁহার নাম, লক্ষ্মী মূর্ত্তিমতী ॥
কন্যা লঞা গেলা রাজা ব্রহ্মার গোচর।
মাগিলা কন্যার তরে দিব্য এক বর ॥
আজ্ঞা দিলা ব্রহ্মা,—'তুমি থাক কথোকাল।
ক্ষিতিতলে হৈব অনন্তের অবতার ॥
বলরাম-নাম হৈব পুরুষ পুরাণ।
তাঁহারে করিহ তুমি কন্যা সম্প্রদান ॥'
তবে কন্যা ল'য়ে রাজা গেলা নিজপুরে।
বলভদ্র-অবতার হৈলা ক্ষিতিতলে ॥
কন্যা আনি' দিলা বলরাম-বিদ্যমান।
১৬ শুভকালে, শুভক্ষণে কৈলা কন্যাদান ॥
জন্মিলা সাক্ষাৎ লক্ষ্মী ভীষ্মক-দুহিতা।
অখিল-লাবণ্যধাম, গুণশীলযুতা ॥
আপনে গোবিন্দ গেলা কন্যা-স্বয়ম্বরে।
১৭ হরিয়া আনিলা কন্যা প্রভু গদাধরে ॥
শাল্ব জরাসন্ধ-আদি যত নৃপগণ।
হারাঞা আনিলা কন্যা দ্বারকাভুবন ॥
অমৃত হরিলা যেন বিনতানন্দন।"
১৮ তবে রাজা জিজ্ঞাসিলা মুনির চরণ ॥
"রাক্ষস-বিবাহে হরি কৈলা পরিণয়।
শাল্ব-জরাসন্ধ-আদি নৃপে করি' জয় ॥"
১৯ শুনি' পরীক্ষিৎ পুছে হইয়া বিস্ময়।
"এ বড় অদ্ভুত কথা কহ, মহাশয়!
শাল্ব-জরাসন্ধ-আদি নৃপগণে জিনি'।
কেমনে আনিলা দেবী দেব-চক্রপাণি?
২০ কৃষ্ণকথা পুণ্যময়, সর্ব্ব-পাপহরা।
শ্রবণমঙ্গল যেন অমৃতের ধারা ॥
তৃপ্তি বা কাহার হয় হরিকথা পানে?
শুনিতে শুনিতে হয় নিত্য-নূতনে ॥"
২১ তবে শুকমুনি কহে,—"শুন, ক্ষিতীশ্বরে!
আছিলা ভীষ্মক রাজা বিদর্ভনগরে ॥

২২। রুক্ম্যগ্রজো রুক্মরথো রুক্মবাহুরনন্তরঃ। রুক্মকেশো রুক্মমালী রুক্মিণ্যেষাং স্বসা সতী॥
২৩। সোপশ্রুত্য মুকুন্দস্য রূপবীর্য্যগুণশ্রিয়ঃ। গৃহাগতৈর্গীয়মানাস্তং মেনে সদৃশং পতিম্॥
২৪। তাং বুদ্ধিলক্ষণৌদার্য্যরূপশীলগুণাশ্রয়াম্। কৃষ্ণশ্চ সদৃশীং ভার্য্যাং সমুদ্বোঢ়ুং মনো দধে॥
২৫। বন্ধূনামিচ্ছতাং দাতুং কৃষ্ণায় ভগিনীং নৃপ! ততো নিবার্য্য কৃষ্ণদ্বিড্ রুক্মী চৈদ্যমমন্যত॥
২৬। তদবেত্যাসিতাপাঙ্গী বৈদর্ভী দুর্ম্মনা ভৃশম্। বিচিন্ত্যাপ্তং দ্বিজং কঞ্চিৎ কৃষ্ণায় প্রাহিণোদ্দ্রুতম্॥
২৭। দ্বারকাং স সমভ্যেত্য প্রতীহারৈঃ প্রবেশিতঃ। অপশ্যদাদ্যং পুরুষমাসীনং কাঞ্চনাসনে॥
২৮। দৃষ্ট্বা ব্রহ্মণ্যদেবস্তমবরুহ্য নিজাসনাৎ। উপবেশ্যার্হয়াঞ্চক্রে যথাত্মানং দিবৌকসঃ॥
২৯। তং ভুক্তবন্তং বিশ্রান্তমুপগম্য সতাং গতিঃ। পাণিনাভিমৃশন্ পাদাবব্যগ্রস্তমপৃচ্ছত॥
৩০। কচ্চিদ্দ্বিজবরশ্রেষ্ঠ! ধর্ম্মস্তে বৃদ্ধসম্মতঃ। বর্ত্ততে নাতিকৃচ্ছ্রেণ সন্তুষ্টমনসঃ সদা?
৩১। সন্তুষ্টো যর্হি বর্ত্তেত ব্রাহ্মণো যেন কেনচিৎ। অহীয়মানঃ স্বাদ্ধর্ম্মাৎ স হ্যস্যাখিলকামধুক্॥
৩২। অসন্তুষ্টোঽসকৃল্লোকানাপ্নোত্যপি সুরেশ্বরঃ। অকিঞ্চনোঽপি সন্তুষ্টঃ শেতে সর্ব্বাঙ্গবিজ্বরঃ॥

পঞ্চপুত্র হৈল তা'র মহাবলবান্।
২২ রুক্মী জ্যেষ্ঠ, রুক্মবাহু, রুক্মরথ-নাম॥

রুক্মকেশ, রুক্মমালী, রুক্মিণী ভগিনী।
২৩ সাক্ষাৎ কমলাদেবী জগত-জননী॥

কৃষ্ণের মহিমা, যশ, গুণ, রূপ, বল।
আসিয়া সকল লোক কহে নিরন্তর॥

নারদাদিমুখে কৃষ্ণগুণ-কথা শুনি'।
সেই সে সদৃশ বর মানিলা রুক্মিণী॥

২৪ রুক্মিণীর গুণ, শীল শুনি' রূপ-ভার।
কৃষ্ণহো সদৃশী ভার্য্যা কৈলা অঙ্গীকার॥

২৫ ভীষ্মক-রাজার পাত্র-মিত্র, বন্ধুগণ।
সভাই ইচ্ছিল বর—দেবকীনন্দন॥

কৃষ্ণদ্বেষী রুক্মী তাহা করিয়া খণ্ডন।
'শিশুপালে দিব কন্যা'—কৈল নিরূপণ॥

২৬ তাহা শুনি' মনে দুঃখ ভাবিয়া সুন্দরী।
'কি হবে উপায়, এবে কোন্ যুক্তি করি?'

আপ্ত এক বৃদ্ধ-দ্বিজে আনিলা ডাকিয়া।
আপন অক্ষরে দেবী পত্র নিরমিঞা॥

দ্বারকা পাঠাঞা দিলা ত্বরিতে ব্রাহ্মণ।
২৭ বিপ্র গিয়া উত্তরিলা দ্বারকা-ভুবন॥

দাণ্ডাঞা রহিলা বিপ্র পুরীর দুয়ারে।
দ্বারীকে পাঠাঞা দিলা কৃষ্ণের গোচরে॥

আজ্ঞা পাঞা দ্বিজ কৈলা পুর পরবেশ।
হেম-সিংহাসনে গিয়া দেখে হৃষীকেশ॥

২৮ ব্রাহ্মণ দেখিয়া দেব ব্রহ্মণ্যশেখর।
হেম-সিংহাসন হৈতে নাম্বিলা সত্বর॥

ব্রাহ্মণে ধরিয়া বসাইলা নিজাসনে।
পাদ্য-অর্ঘ্য দিয়া বিপ্রে পূজিলা বিধানে॥

২৯ দিব্য অন্ন-পান দিয়া করাইলা ভোজন।
আপনে করয়ে হরি পাদ-সংবাহন॥

৩০ তবে কৃষ্ণ জিজ্ঞাসিলা—'শুন, দ্বিজবর!
নিরাকুলে আছ তুমি, সর্ব্বত্র কুশল?

দ্বিজধর্ম্ম আছে কি তোমার ভালমতে?
নিজ-ধর্ম্মপথে আছ কুটুম্ব-সহিতে?

৩১ যেন-তেন মতে বিপ্র তুষ্ট হঞা থাকে।
দুঃখ-সুখ দূর করি' নিজধর্ম্ম রাখে॥

সেই সে ব্রাহ্মণ, তাঁ'র সর্ব্বসিদ্ধি হয়।
৩২ অসন্তুষ্ট বিপ্রের কল্যাণ কভু নয়॥

অসন্তুষ্ট হৈলে নহে ইন্দ্রপদে সুখ।
তুষ্ট হৈলে দরিদ্রের নহে কোন দুঃখ॥

৩৩। বিপ্রান্ স্বলাভসন্তুষ্টান্ সাধূন্ ভূতসুহৃত্তমান্। নিরহঙ্কারিণঃ শান্তান্ নমস্যে শিরসাসকৃৎ॥
৩৪। কচ্চিদ্বঃ কুশলং ব্রহ্মন্! রাজতো যস্য হি প্রজাঃ। সুখং বসন্তি বিষয়ে পাল্যমানাঃ স মে প্রিয়ঃ॥
৩৫। যতস্ত্বমাগতো দুর্গং নিস্তীর্য্যেহ যদিচ্ছয়া। সর্ব্বং নো ব্রূহ্যগুহ্যং চেৎ কিং কার্য্যং করবাম তে?
৩৬। এবং সংপৃষ্টসংপ্রশ্নো ব্রাহ্মণঃ পরমেষ্ঠিনা। লীলাগৃহীতদেহেন তস্মৈ সর্ব্বমবর্ণয়ৎ॥

শ্রীরুক্মিণ্যুবাচ

৩৭। শ্রুত্বা গুণান্ ভুবনসুন্দর! শৃণ্বতাং তে, নির্বিশ্য কর্ণবিবরৈর্হরতোঽঙ্গতাপম্।
রূপং দৃশাং দৃশিমতামখিলার্থলাভং, ত্বয্যচ্যুতাবিশতি চিত্তমপত্রপং মে॥
৩৮। কা ত্বা মুকুন্দ! মহতী কুলশীলরূপ,-বিদ্যাবয়োদ্রবিণধামভিরাত্মতুল্যম্।
ধীরা পতিং কুলবতী ন বৃণীত কন্যা, কালে নৃসিংহ! নরলোকমনোঽভিরামম্?
৩৯। তন্মে ভবান্ খলু বৃতঃ পতিরঙ্গ! জায়া,-মাত্মার্পিতশ্চ ভবতোঽত্র বিভো! বিধেহি।
মা বীরভাগমভিমর্শতু চৈদ্য আরাদ্,-গোমায়ুবন্মৃগপতের্বলিমম্বুজাক্ষ!
৪০। পূর্ত্তেষ্টদত্তনিয়মব্রতদেববিপ্র,-গুর্ব্বর্চ্চনাদিভিরলং ভগবান্ পরেশঃ।
আরাধিতো যদি গদাগ্রজ! এত্য পাণিং, গৃহ্লাতু মে ন দমঘোষসুতাদয়োঽন্যে॥

---

৩৩ নিজলাভে তুষ্ট, সর্ব্বভূত-হিতোত্তম।
অহঙ্কার-বিবর্জ্জিত ব্রাহ্মণসত্তম॥
নিরন্তর তা'খে আমি করি নমস্কার।

৩৪ কহ, বিপ্র! রাজাগত কুশল তোমার?
যে রাজা স্বধর্ম্মে করে' প্রজার পালন।
সেই সে আমার প্রিয়, কহিলুঁ, ব্রাহ্মণ!

৩৫ কোন্ কার্য্যে আইলে দুর্গ করিয়া লঙ্ঘন?
গুহ্য যদি নহে, তা'র কহিবে কারণ॥
আজ্ঞা কর', 'কোন্ কার্য্য করিব তোমার?'

৩৬ তবে বৃদ্ধ ব্রাহ্মণ লাগিলা কহিবার॥
'হের-দেখ, রুক্মিণীর পড়ি' পত্রখান।
শুন, দেব-দেব! কিছু কর' অবধান॥'

৩৭ 'ভুবন-সুন্দর, পদ্মপত্র-বিলোচন!
সতত তোমার গুণ কহে সর্ব্বজন॥
সর্ব্বতাপ হরে' যাঁ'র কেবল শ্রবণে।
হেন গুণ নিতি-নিতি শুনি নিজকানে॥
শুনিঞা রূপের কথা নিরুপম-ধামে।
আঁখির অখিল লাভ হয় দরশনে॥
তোমাতে, অচ্যুত! চিত্ত কৈল পরবেশ।
লজ্জা পরিহরি' ধৈর্য্য ছাড়িল বিশেষ॥

৩৮ 'স্ত্রী হৈয়া কেন তুমি লজ্জা পরিহর?'
হেন যদি বল', নাথ! অবধান কর'॥
হেন কোন্ নারী আছে কুল-শীলবতী?
সকল-লাবণ্যধাম তুমি হেন পতি॥
না বরিব তোমারে রাখিয়া নিজ মান?
হেন নারী নাহি, নরসিংহ ভগবান্!

৩৯ মুঞি তোমা' বরিলুঁ, অখিল-লোকপাল!
আত্মা সমর্পণ কৈলুঁ চরণে তোমার॥
বুঝিয়া করিবে, নাথ! যে হয় উচিত।
আপনে সকল জান', পরম-পণ্ডিত॥
পুরুষসিংহের ভাগ মুঞি এক নারী।
শিশুপাল জানি মোরে লঞা যায় হরি'॥
জম্বুকে সিংহের ভাগ যেন লঞা যায়।
বুঝিয়া করহ, নাথ! যে হয় উপায়॥

৪০ যত পুণ্য কৈলুঁ, নাথ! জন্ম-জন্মান্তরে।
দান, ব্রত, তপ, যজ্ঞ—বিবিধ-প্রকারে॥
দেব-গুরু-আরাধন, ব্রাহ্মণ-সেবন।
চরণারবিন্দে সব কৈলুঁ সমর্পণ॥
যদি আরাধিয়া থাকোঁ চরণ তোমার।
আপনে আসিয়া, নাথ! ল'বে একবার॥

৪১। শ্বোভাবিনি ত্বমজিতোদ্বহনে বিদর্ভান্, গুপ্তঃ সমেত্য পৃতনাপতিভিঃ পরীতঃ।
নির্মথ্য চৈদ্যমগধেন্দ্রবলং প্রসহ্য, মাং রাক্ষসেন বিধিনোদ্বহ বীর্য্যশুল্কাম্॥

৪২। অন্তঃপুরান্তরচরীমনিহত্য বন্ধূন্, ত্বামুদ্বহে কথমিতি প্রবদাম্যুপায়ম্।
পূর্ব্বেদ্যুরস্তি মহতী কুলদেবিযাত্রা, যস্যাং বহির্নববধূর্গিরিজামুপেয়াৎ॥

৪৩। যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজঃস্নপনং মহান্তো, বাঞ্ছন্ত্যমাপতিরিবাত্মতমোঽপহত্যৈ।
যর্হ্যম্বুজাক্ষ! ন লভেয় ভবৎপ্রসাদং, জহ্যামসূন্ ব্রতকৃশান্ শতজন্মভিঃ স্যাৎ॥

শ্রীব্রাহ্মণ উবাচ

৪৪। ইত্যেতে গুহ্যসন্দেশা যদুদেব! ময়াহৃতাঃ। বিমৃশ্য কর্ত্তুং যচ্চাত্র ক্রিয়তাং তদনন্তরম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরুক্মিণ্যুদ্বাহে দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫২॥

তুমি পাণিগ্রহণ করিবে, দয়াময়!
দুষ্ট নৃপগণ যেন সন্নিধান নয়॥
৪১ কালি মোর বিবাহের আছে সমাগম।
শীঘ্র তুমি আইস সৈন্য করিয়া সাজন॥
গোপতে আসিবে তুমি দেখিবার ছলে।
বিপক্ষ-সকলে যেন নারে লখিবারে॥
শিশুপাল-জরাসন্ধ-বল বিচারিয়া।
আঁখির নিমেষে মোরে লইবে হরিয়া॥
রাক্ষস-বিবাহে মোরে কর' পরিণয়।
বীর্য্য দেখাইয়া মোরে হর', দয়াময়'!
৪২ যদি বল,'—'কন্যা, তুমি থাক অন্তঃপুরে।
বন্ধুগণ না মারিব, হরিব তোমারে॥'
কিরূপে এ-সব কার্য্যের হইব ঘটনা?
তাহাতে আছয়ে, নাথ! উত্তম মন্ত্রণা॥
কুলদেব-যাত্রা আছে বিভার পূর্ব্বদিনে।
পুরের বাহিরে হয় কন্যার গমনে॥
দুর্গাদেবী-আরাধনা—কুলের বিধান॥
নববধূ যায় তাথে দুর্গা-সন্নিধান॥
তখনে হরিয়া তুমি নিহ অলক্ষিতে।
সকল গোচর, নাথ! তোমার সাক্ষাতে॥
৪৩ যাঁ'র পাদপদ্ম-রজ মহা-মহাজনে।
বাঞ্ছয়ে পার্ব্বতী-পতি-আদি যোগিগণে॥
হেন প্রভু-চরণ পরশ-আশা তেজে'।
সে কেন উত্তম নারী, যদি আন ভজে?
যদি, নাথ! তোমার চরণ-কৃপা নয়।
ব্রত করি' দেহ মুঞি ছাড়িমু নিশ্চয়॥
শত-শত জন্ম ধরি' তেজিমু জীবন।
যাবত পদারবিন্দ নহে দরশন॥
৪৪ এই নিবেদন কৈলুঁ অভয়-চরণে।
যে হয় উচিত, নাথ! করিবে আপনে॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
কৃষ্ণগুণ শুন, ভাই! কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫২॥

ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। বৈদর্ভ্যাঃ স তু সন্দেশং নিশম্য যদুনন্দনঃ। প্রগৃহ্য পাণিনা পাণিং প্রহসন্নিদমব্রবীৎ ॥

শ্রীভগবানুবাচ

২। তথাহমপি তচ্চিত্তো নিদ্রাঞ্চ ন লভে নিশি। বেদাহং রুক্মিণা দ্বেষান্নমোদ্বাহো নিবারিতঃ ॥
৩। তামানয়িষ্য উন্মথ্য রাজন্যাপসদান্ মৃধে। মৎপরামনবদ্যাঙ্গীমেধসোঽগ্নিশিখামিব ॥

শ্রীশুক উবাচ

৪। উদ্বাহর্ক্ষঞ্চ বিজ্ঞায় রুক্মিণ্যা মধুসূদনঃ। রথঃ সংযুজ্যতামাশু দারুকেত্যাহ সারথিম্ ॥
৫। স চাশ্বৈঃ শৈব্যসুগ্রীব-মেঘপুষ্পবলাহকৈঃ। যুক্তং রথমুপানীয় তস্থৌ প্রাঞ্জলিরগ্রতঃ ॥
৬। আরুহ্য স্যন্দনং শৌরির্দ্বিজমারোপ্য তূর্ণগৈঃ। আনর্ত্তাদেকরাত্রেণ বিদর্ভানগমদ্ধয়ৈঃ ॥
৭। রাজা স কুণ্ডিনপতিঃ পুত্রস্নেহবশানুগঃ। শিশুপালায় স্বাং কন্যাং দাস্যন্ কর্ম্মাণ্যকারয়ৎ ॥
৮। পুরং সংমৃষ্টসংসিক্ত-মার্গরথ্যাচতুষ্পথম্। চিত্রধ্বজপতাকাভিস্তোরণৈঃ সমলঙ্কৃতম্ ॥
৯। স্রগ্‌গন্ধমাল্যাভরণৈর্বিরজোঽম্বরভূষিতৈঃ। জুষ্টং স্ত্রীপুরুষৈঃ শ্রীমদ্‌গৃহৈরগুরুধূপিতৈঃ ॥
১০। পিতৃন্ দেবান্ সমভ্যর্চ্চ্য বিপ্রাংশ্চ বিধিবন্নৃপ! ভোজয়িত্বা যথান্যায়ং বাচয়ামাস মঙ্গলম্ ॥

[বেলোয়ার-রাগ]

১ শুকমুনি বলে,'—"রাজা! শুন, পরীক্ষিত!
লক্ষ্মীনারায়ণ-পুণ্য-পবিত্র-চরিত ॥
বৈদর্ভীর পত্র যদি পঢ়িলা ব্রাহ্মণ।
শুনিঞা কি বলে' তবে দেব জনার্দ্দন?
হাতে হাত ব্রাহ্মণের ধরিয়া শ্রীহরি।
হাসিয়া উত্তর তাঁ'রে দিলা বনমালী ॥
২ 'আমার তাঁহাতে চিত্ত, নিদ্রা নাহি যাই।
তাঁহার চিন্তায় আমি সন্তোষ না পাই ॥
কন্যা দিতে অঙ্গীকার কৈল বন্ধুগণে।
দ্বেষ করি' রুক্মী তাহা কৈল নিবারণে ॥
৩ আনিব রুক্মিণী আমি নৃপগণ জিনি'।'
৪ দারুকে আনিঞা আজ্ঞা দিলা চক্রপাণি ॥
'ঝাট করি' আন' রথ করিয়া সাজন।'
৫ সাজিল দারুকে রথ গরুড়লাঞ্ছন ॥
মেঘপুষ্প, বলাহক, শৈব্য, সুগ্রীব।
চারি অশ্ব মহাবেগ, গতি সুললিত ॥
আনিল সাজিয়া রথ দারুক সারথি।
করজোড় করিয়া দাণ্ডাইল মহামতি ॥
৬ ব্রাহ্মণে তুলিয়া রথে চলিলা শ্রীহরি।
রাতারাতি আইলা প্রভু বিদর্ভনগরী ॥
৭ সে রাজা কুণ্ডিনপতি পুত্রবশ হঞা।
'কন্যা দিব শিশুপালে'—নিশ্চয় করিয়া ॥
বিবাহ-মঙ্গল-কর্ম্ম করায় আপনে।
৮ ধ্বজ-পতাকায় করে' পুর-নিরমাণে ॥
রাজপথ, পুরপথ করিয়া মার্জ্জন।
সর্ব্বত্র করায় দধি-চন্দন সেচন ॥
বিচিত্র তোরণে পুর কৈল অলঙ্কৃত।
চত্বরে চত্বরে কৈল বিতানে মণ্ডিত ॥
৯ গন্ধ-মাল্য-আভরণ, বিরজ বসন।
দিব্যবেশ ধরে' পুর-নর-নারীগণ ॥
বিচিত্র মন্দির, পুর সুধূপে ধূপিত।
১০ দেব-পিতৃ-অর্চ্চন বিধান-নিয়মিত ॥
নানাদ্রব্য বিপ্রগণে করাই' ভোজন।
শুভকালে কৈল স্বস্তি-মঙ্গল-বাচন ॥

১১। সুস্নাতাং সুদতীং কন্যাং কৃতকৌতুকমঙ্গলাম্। আহতাংশুকযুগ্মেন ভূষিতাং ভূষণোত্তমৈঃ॥
১২। চক্রুঃ সামর্গ্‌যজুর্ম্মন্ত্রৈর্ব্বধ্বা রক্ষাং দ্বিজোত্তমাঃ। পুরোহিতোঽথর্ব্ববিদ্বৈ জুহাব গ্রহশান্তয়ে॥
১৩। হিরণ্যরূপ্যবাসাংসি তিলাংশ্চ গুড়মিশ্রিতান্। প্রাদাদ্ধেনূশ্চ বিপ্রেভ্যো রাজা বিধিবিদাং বরঃ॥
১৪। এবং চেদিপতী রাজা দমঘোষঃ সুতায় বৈ। কারয়ামাস মন্ত্রজ্ঞৈঃ সর্ব্বমভ্যুদয়োচিতম্॥
১৫। মদচ্যুদ্ভির্গজানীকৈঃ স্যন্দনৈর্হেমমালিভিঃ। পত্ত্যশ্বসঙ্কুলৈঃ সৈন্যৈঃ পরীতঃ কুণ্ডিনং যযৌ॥
১৬। তং বৈ বিদর্ভাধিপতিঃ সমভ্যেত্যাভিপূজ্য চ। নিবেশয়ামাস মুদা কল্পিতান্যনিবেশনে॥
১৭। তত্র শাল্বো জরাসন্ধো দন্তবক্রো বিদূরথঃ। আজগ্মুশ্চৈদ্যপক্ষীয়াঃ পৌণ্ড্রকাদ্যাঃ সহস্রশঃ॥
১৮। কৃষ্ণরামদ্বিষো যত্তাঃ কন্যাং চৈদ্যায় সাধিতুম্। যদ্যাগত্য হরেৎ কৃষ্ণো রামাদ্যৈর্যদুভির্বৃতঃ॥
১৯। যোৎস্যামঃ সংহতাস্তেন ইতি নিশ্চিতমানসাঃ। আজগ্মুর্ভূভুজঃ সর্ব্বে সমগ্রবলবাহনাঃ॥
২০। শ্রুত্বৈতদ্ভগবান্ রামো বিপক্ষীয়নৃপোদ্যমম্। কৃষ্ণঞ্চৈকং গতং হর্ত্তুং কন্যাং কলহশঙ্কিতঃ॥
২১। বলেন মহতা সার্দ্ধং ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ। ত্বরিতঃ কুণ্ডিনং প্রাগাদ্গজাশ্বরথপত্তিভিঃ॥
২২। ভীষ্মকন্যা বরারোহা কাঙ্ক্ষন্ত্যাগমনং হরেঃ। প্রত্যাপত্তিমপশ্যন্তী দ্বিজস্যাচিন্তয়ত্তদা॥

---

১১ শীতল সুগন্ধি জলে করাইল স্নান।
কৌতুক-মঙ্গলে কৈল অঙ্গ নিরমাণ॥
বিচিত্র বসনযুগ পরাইল অঙ্গে।
ভূষিয়া আনিল দিব্যকন্যা মহারঙ্গে॥

১২ বেদমন্ত্রে বধূরক্ষা কৈল দ্বিজগণে।
পুরোহিত গ্রহযজ্ঞ কৈল হুতাশনে॥

১৩ দ্বিজগণে দিল রাজা রজত-বসন।
গুড়বিমিশ্রিত-তিল, হিরণ্যভূষণ॥
বিধিবিদাম্বর রাজা সর্ব্বধর্ম্ম জানে'।
বিবিধ-দক্ষিণা দিলা, দিব্য-ধেনুদানে॥

১৪ এইরূপে দমঘোষ শিশুপাল আনি'।
সকল মঙ্গলকর্ম্ম কৈল তত্ত্ব জানি'॥
বেদজ্ঞ ব্রাহ্মণ আনি' কৈল স্বস্ত্যয়ন।
পূজিল ব্রাহ্মণগণে দিয়া বহুধন॥

১৫ মদমত্ত গজ, ঘোড়া পবন-সঞ্চার।
কাঞ্চন-নির্ম্মিত রথে কৈল পাটোয়ার॥
চতুরঙ্গ-বলে করি' সেনার সাজন।
বিবিধ কৌতুক-গীত, মঙ্গল বাজন॥
চলিল কুণ্ডিন-দেশ রাজা চেদিপতি।
পাত্র, মিত্র, পুরোহিত চলিল সংহতি॥

১৬ সাজিয়া ভীষ্মক রাজা গেলা কথোদূরে।
পূজিয়া আনিল দমঘোষে নিজপুরে॥
থুইয়াছিল দিব্যপুরী করিয়া নির্ম্মাণ।
তা'থে লঞা রহিতে তাহারে দিল স্থান॥

১৭ শাল্ব-জরাসন্ধ-দন্তবক্র-আদি করি'।
শিশুপাল-পক্ষ যত নৃপতি-কেশরী॥
সভেই সাজিয়া আইল, চতুরঙ্গ-সেনা।

১৮ 'কদাচিৎ আসি' কৃষ্ণ যদি দেয় হানা॥

১৯ সভেই মেলিয়া তবে করিব সংগ্রাম।
হারিয়া পালাবে কৃষ্ণ পাঞা অপমান॥'
এইরূপ নিশ্চয় করিয়া নৃপগণে।
আসিয়া কুণ্ডিনপুরে রহে সাবধানে॥

২০ বলভদ্র শুনিলা বিপক্ষ নৃপগণে।
সাজিয়া চলিল তা'রা বিবাদ-কারণে॥
একেশ্বর গেলা কৃষ্ণ কন্যা হরিবারে।
পাছে তা'তে কোন্ জানি পরমাদ ফলে?

২১ মহাসৈন্য সাজিয়া ঠাকুর হলধর।
ত্বরিতে চলিয়া গেলা বিদর্ভ-নগর॥

২২ বৈদর্ভী ভীষ্মকসুতা চিন্তে মনে-মনে।
'হয় বা, না হয় এথা কৃষ্ণ-আগমনে॥

২৩। অহো! ত্রিযামান্তরিত উদ্বাহো মেঽল্পরাধসঃ। নাগচ্ছত্যরবিন্দাক্ষো নাহং বেদ্ম্যত্র কারণম্।
সোঽপি নাবর্ত্ততেঽদ্যাপি মৎসন্দেশহরো দ্বিজঃ॥
২৪। অপি ময্যনবদ্যাত্মা দৃষ্ট্বা কিঞ্চিজ্জুগুপ্সিতম্। মৎপাণিগ্রহণে নূনং নায়াতি হি কৃতোদ্যমঃ?
২৫। দুর্ভগায়া ন মে ধাতা নানুকূলো মহেশ্বরঃ। দেবী বা বিমুখী গৌরী রুদ্রাণী গিরিজা সতী?
২৬। এবং চিন্তয়তী বালা গোবিন্দহৃতমানসা। ন্যমীলয়ত কালজ্ঞা নেত্রে চাশ্রুকলাকুলে॥
২৭। এবং বধ্বাঃ প্রতীক্ষন্ত্যা গোবিন্দাগমনং নৃপ! বাম উরুর্ভুজো নেত্রমস্ফুরন্ প্রিয়ভাষিণঃ॥
২৮। অথ কৃষ্ণবিনির্দ্দিষ্টঃ স এব দ্বিজসত্তমঃ। অন্তঃপুরচরীং দেবীং রাজপুত্রীং দদর্শ হ॥
২৯। সা তং প্রহৃষ্টবদনমব্যগ্রাত্মগতিং সতী। আলক্ষ্য লক্ষণাভিজ্ঞা সমপৃচ্ছচ্ছুচিস্মিতা॥
৩০। তস্যা আবেদয়ৎ প্রাপ্তং শশংস যদুনন্দনম্। উক্তঞ্চ সত্যবচনমাত্মোপনয়নং প্রতি॥
৩১। তমাগতং সমাজ্ঞায় বৈদর্ভী হৃষ্টমানসা। ন পশ্যন্তী ব্রাহ্মণায় প্রিয়মন্যন্ননাম সা॥
৩২। প্রাপ্তৌ শ্রুত্বা স্বদুহিতুরুদ্বাহপ্রেক্ষণোৎসুকৌ। অভ্যয়াৎ তূর্য্যঘোষেণ রামকৃষ্ণৌ সমর্হণৈঃ॥
৩৪। তয়োর্নিবেশনং শ্রীমদুপকল্প্য মহামতিঃ। সসৈন্যয়োঃ সানুগয়োরাতিথ্যং বিদধে যথা॥
৩৫। এবং রাজ্ঞাং সমেতানাং যথাবীর্য্যং যথাবয়ঃ। যথাবলং যথাবিত্তং সর্ব্বৈঃ কামৈঃ সমর্হয়ৎ॥

---

২৩ এতক্ষণ নহিল বিপ্রের আগমন।
না জানি কি আছে মোর অদৃষ্টে লিখন!!
সভে এক রাত্রি আছে বিবাহ-অবধি।
অরবিন্দ-লোচন না আইলা গুণনিধি॥
না জানি কি আছে মোর বিধির লিখনে।
ব্রাহ্মণ পাঠাইলুঁ, না আইলা এতক্ষণে!!

২৪ কিবা মোর কুৎসিত শুনিলা কোন স্থানে?
ঘৃণা করি' প্রভু না আইল তে-কারণে?
মোর পাণিগ্রহণে করিয়া অবজ্ঞান।
উদ্যম করিয়া না আইলা ভগবান্॥

২৫ বিধি মোরে বাম, প্রতিকূল মহেশ্বর।
বিমুখী পার্ব্বতী, না আইলা যদুবর॥'

২৬ এইরূপে চিন্তিতে লাগিলা নিরন্তর।
নিবারিতে না পারে, আঁখিতে পড়ে জল॥
সময় বুঝিয়া দুই মুদিল নয়ন।
না রহে আঁখির জল, করে' সমাধান॥

২৭ বামনেত্র, বামভুজ, বাম-উরুভাগ।
হেনকালে স্ফুরিল, বাঢ়িল অনুরাগ॥

২৮ ব্রাহ্মণ পাঠাঞা দিলা প্রভু ভগবান্।
হেনকালে আইলা দ্বিজ দেবী-বিদ্যমান॥

২৯ প্রসন্নবদন বিপ্রে দেখিয়া রুক্মিণী।
লক্ষণে জানিলা—কার্য্যসিদ্ধি অনুমানি'॥

৩০ কহিলা ব্রাহ্মণ,—'দেব দৈবকীনন্দন।
এথাতে আসিয়া তিঁহো হৈলা উপসন্ন॥
কহিলা তোমারে সত্য বচনবিশেষ।
অবশ্য তোমারে হরি' নিব হৃষীকেশ॥'

৩১ এ বোল শুনিঞা দেবী হরষিত-চিত্তা।
আনন্দে পূরিল তনু ভীষ্মক-দুহিতা॥
ব্রাহ্মণের যোগ্য দ্রব্য দিতে নাহি আর।
কেবল রুক্মিণীদেবী কৈলা নমস্কার॥

৩২ উৎসব দেখিতে রাম-কৃষ্ণ-আগমন।
শুনিঞা বিদর্ভ-রাজা হরষিত-মন॥
নৃত্য-গীতবাদ্য-ঘোষ মঙ্গল-আচারে।
চলিলা বিদর্ভ-রাজা কৃষ্ণ-আগুসারে॥

৩৪ পূরবে কল্পিয়াছিলা দিব্য মহাপুরী।
তা'থে আনি' রাম-কৃষ্ণে থুইলা ভক্তি করি'॥
রাম-কৃষ্ণে বসাইলা দিব্য-সিংহাসনে।
পূজিলা সকল সৈন্যে বিবিধ-বিধানে॥

৩৫ যত নৃপগণ আইল বিদর্ভনগরে।
যা'র যেন যোগ্য পূজা কৈলা নরেশ্বরে॥

৩৬। কৃষ্ণমাগতমাকর্ণ্য বিদর্ভপুরবাসিনঃ। আগত্য নেত্রাঞ্জলিভিঃ পপুস্তন্মুখপঙ্কজম্ ॥
৩৭। অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরা। অসাবপ্যনবদ্যাত্মা ভৈষ্ম্যাঃ সমুচিতঃ পতিঃ ॥
৩৮। কিঞ্চিৎ সুচরিতং যন্নস্তেন তুষ্টস্ত্রিলোককৃৎ। অনুগৃহ্লাতু গৃহ্লাতু বৈদর্ভ্যাঃ পাণিমচ্যুতঃ ॥
৩৯। এবং প্রেমকলাবদ্ধা বদন্তি স্ম পুরৌকসঃ। কন্যা চান্তঃপুরাৎ প্রাগাদ্ভটৈর্গুপ্তাম্বিকালয়ম্ ॥
৪০। পদ্ভ্যাং বিনির্যযৌ দ্রষ্টুং ভবান্যাঃ পাদপল্লবম্। সা চানুধ্যায়তী সম্যঙ্মুকুন্দচরণাম্বুজম্ ॥
৪১। যতবাঙ্মাতৃভিঃ সার্দ্ধং সখীভিঃ পরিবারিতা। গুপ্তা রাজভটৈঃ শূরৈঃ সন্নদ্ধৈরুদ্যতায়ুধৈঃ।
মৃদঙ্গশঙ্খপণবাস্তূর্য্যভের্য্যশ্চ জঘ্নিরে ॥
৪২। নানোপহারবলিভির্বারমুখ্যাঃ সহস্রশঃ। স্রগ্গন্ধবস্ত্রাভরণৈর্দ্বিজপত্ন্যঃ সুলঙ্কৃতাঃ ॥
৪৩। গায়ন্তশ্চ স্তুবন্তশ্চ গায়কা বাদ্যবাদকাঃ। পরিবার্য্য বধূং জগ্মুঃ সূতমাগধবন্দিনঃ ॥
৪৪। আসাদ্য দেবীসদনং ধৌতপাদকরাম্বুজা। উপস্পৃশ্য শুচিঃ শান্তা প্রবিবেশাম্বিকান্তিকম্ ॥
৪৫। তাং বৈ প্রবয়সো বালাং বিধিজ্ঞা বিপ্রযোষিতঃ। ভবানীং বন্দয়াঞ্চক্রুর্ভবপত্নীং ভবান্বিতাম্ ॥
৪৬। নমস্যে ত্বাম্বিকেঽভীক্ষ্ণং স্বসন্তানযুতাং শিবাম্। ভূয়াৎ পতির্মে ভগবান্ কৃষ্ণস্তদনুমোদতাম্ ॥
৪৭। অদ্ভির্গন্ধাক্ষতৈর্ধূপৈর্বাসঃস্রঙ্মাল্যভূষণৈঃ। নানোপহারবলিভিঃ প্রদীপাবলিভিঃ পৃথক্ ॥

---

৩৬ কৃষ্ণ-আগমন তবে শুনি' পুরজনে।
আসিয়া দেখিল কৃষ্ণে আনন্দিত-মনে ॥

৩৭ 'এই সে রুক্মিণী-যোগ্য সমুচিত পতি।
ইঁহার সেই সে যোগ্য ভার্য্যা রূপবতী ॥

৩৮ আমি-সব যত পুণ্য কৈলুঁ জন্মান্তরে।
সকল অর্পিলুঁ দেব-চরণযুগলে ॥
তুষ্ট হঞা বর দেহ', দেব মহেশ্বর!
রুক্মিণীর পতি যেন হয় যদুবর ॥'

৩৯ এইরূপে পুরজনে কহে স্থানে-স্থানে।
প্রভুর শ্রীমুখ দেখে নিশ্চল নয়নে ॥

হেনকালে আইলা কন্যা পুরের বাহিরে।
মহাভটগণ বেড়ি' ডাকে উচ্চস্বরে ॥
চলিলা অম্বিকা-পুরে সুললিত-গতি।
পূজিতে পার্ব্বতী দেবী করিয়া ভকতি ॥

৪০ মুকুন্দ-পদারবিন্দ হৃদয়ে ধেয়ায়।
অপরূপ গতিভঙ্গী, ধীরে-ধীরে যায় ॥

৪১ মৌনব্রত ধরে দেবী, দ্বিজপত্নীগণে।
চৌদিগে বেষ্টিত নিজ-সখী-পরিজনে ॥
রাজভট মহাশূর, বিক্রমে বিশাল।
খড়্গ তুলি' ধরে তা'রা দিব্য পাটোয়ার ॥

শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-বাজন আগুয়ান।

৪২ দিব্যবেশ নর-নারী বধূর যোগান ॥
দিব্যবেশ বেশ্যাগণ লঞা উপহার।
সহস্র সহস্র তা'রা যোগান সুসার ॥

গন্ধ-মাল্য-বস্ত্র-আভরণ-সুরঞ্জিত।
দ্বিজপত্নীগণে কৈল চৌদিগে বেষ্টিত ॥

৪৩ স্তাবকে স্তবন করে' বাদকে বাজন।
গায়কে মধুর গীত, নর্ত্তকে নাচন ॥

কত কত সাজন, বাজন-নৃত্য-গীত।
কত কত নর-নারী চৌদিগে বেষ্টিত ॥

৪৪ এইরূপে চলি' গেলা চণ্ডিকা-সদনে।
হস্ত-পদ পাখালিয়া কৈলা আচমনে ॥

তবে প্রবেশিলা দেবী মন্দির-ভিতরে।
প্রণাম করিলা দেবী-চরণ-নিয়ড়ে ॥

৪৫ বৃদ্ধ দ্বিজপত্নীগণে পূজায় পার্ব্বতী।
বন্দনা করায় তা'রা দুর্গা-ভগবতী ॥
পঢ়ায়া অম্বিকা-মন্ত্র করায় বন্দনা।

৪৬ হর-সহে কৈলা কন্যা দুর্গা-আরাধনা ॥

৪৭ ধূপ-দীপ-বসন-ভূষণ-উপহার।
প্রবাল-তণ্ডুল-ফল—বিবিধ সম্ভার ॥

৪৮। বিপ্রস্ত্রিয়ঃ পতিমতীস্তথা তৈঃ সমপূজয়ৎ। লবণাপূপতাম্বূল-কণ্ঠসূত্রফলেক্ষুভিঃ॥
৪৯। তস্যৈ স্ত্রিয়স্তাঃ প্রদদুঃ শেষাং যুযুজুরাশিষঃ। তাভ্যো দেব্যৈ নমশ্চক্রে শেষাঞ্চ জগৃহে বধূঃ॥
৫০। মুনিব্রতমথ ত্যক্ত্বা নিশ্চক্রামাম্বিকাগৃহাৎ। প্রগৃহ্য পাণিনা ভৃত্যাং রত্নমুদ্রোপশোভিনা॥
৫১। তাং দেবমায়ামিব ধীরমোহিনীং, সুমধ্যমাং কুণ্ডলমণ্ডিতাননাম্।
শ্যামাং নিতম্বার্পিতরত্নমেখলাং, ব্যঞ্জৎস্তনীং কুন্তলশঙ্কিতেক্ষণাম্॥
৫২। শুচিস্মিতাং বিম্বফলাধরদ্যুতি,-শোণায়মান-দ্বিজকুন্দকুড্মলাম্।
পদা চলন্তীং কলহংসগামিনীং, সিঞ্জৎকলানূপুরধামশোভিনা॥
৫৩। বিলোক্য বীরা মুমুহুঃ সমাগতা, যশস্বিনস্তৎকৃতহৃচ্ছয়ার্দ্দিতাঃ।
যাং বীক্ষ্য তে নৃপতয়স্তদুদারহাস,-ব্রীড়াবলোকহৃতচেতস উজ্ঝিতাস্ত্রাঃ॥
৫৪। পেতুঃ ক্ষিতৌ গজরথাশ্বগতা বিমূঢ়া, যাত্রাচ্ছলেন হরয়েঽর্পয়তীং স্বশোভাম্।
সৈবং শনৈশ্চলয়তী চলপদ্মকোশৌ, প্রাপ্তিং তদা ভগবতঃ প্রসমীক্ষমাণা॥

---

৪৮ লবণ-পিষ্টক-কণ্ঠসূত্র-ইক্ষুদণ্ড।
বিবিধ তাম্বূল-আদি দিয়া গুড়-খণ্ড॥

৪৯ পূজায় পার্ব্বতী দ্বিজপত্নী পতিব্রতা।
প্রণাম করায় বিধি-বিধান-পণ্ডিতা॥
আশীর্ব্বাদ করিয়া নির্ম্মাল্য দিল শিরে।
মঙ্গল-আচার কৈল কুল-অনুসারে॥
পূজিয়া রুক্মিণীদেবী দুর্গা-ভগবতী।
বর মাঙ্গে—'কৃষ্ণ যেন হয় মোর পতি॥
যদি তুষ্ট হয় মোরে পার্ব্বতী-শঙ্কর।
বসুদেবসুত কৃষ্ণ হউ মোর বর॥'
এই বর মাঙ্গি' কৈলা দণ্ড-পরণাম।
হৃদয়ে গোবিন্দপদ কৈলা প্রণিধান॥
দ্বিজপত্নীগণের কৈলা চরণবন্দন।

৫০ মৌনব্রত ত্যজি' পুনঃ কৈলা আগমন॥
রতন-অঙ্গুরি বিরাজিত বাম করে।
ধরিয়া সখীর স্কন্ধে গমন মন্থরে॥
স্বয়ম্বর-স্থানে দেবী কৈলা আগমন।

৫১-৫২ কিবা দেবমায়া আসি' দিলা দরশন!!
ধীর-বিমোহিনী দেবী পরম-রমণী।
স্খলিত-মধুরগতি ললিতগমনী॥
স্তনবিনিহিত-তনু-বসন-বিলাস।
কুণ্ডলমণ্ডিত গণ্ড, মধুস্মিত হাস॥
কুঞ্চিত কুন্তল, বিলসিত মণিমালা।
কটীতট-বিনিহিত রতন-মেখলা॥
শ্যাম কলেবর, বিরাজিত পীতবাস।
ঘন নবঘনে যেন তড়িত-বিলাস॥
বিম্বফল-অধর, সুন্দর দন্তপাঁতি।
কলহংস-চপল-গমন বহু ভাতি॥
পদযুগে বিরাজিত শিঞ্জিত মঞ্জীর।
সলজ্জ কটাক্ষগতি, চলন সুধীর॥

৫৩-৫৪ দেখিয়া সুন্দরী যত রাজার কুমার।
মহাবীর, মহাবল, মহাযশভার॥
হেন সব বীরগণ হঞা বিমোহিত।
ভূমিতে পড়িল কামশরে জর্জ্জরিত॥
গজস্কন্ধে গজপতি আছিল বিস্তর।
আছিল বিস্তর বীর রথের উপর॥
যতেক আছিল বীর তুরঙ্গ-বাহনে।
মূরছিয়া ভূমেতে পড়িল সেই-মনে॥
খসিল হস্তের খড়্গ, হরিল চেতন।
ভূমিতলে পড়িল সকল বীরগণ॥
ধীরে ধীরে যায় দেবী চরণ চালিয়া।
কৃষ্ণ-আগমন-পথ চাহে নেহারিয়া॥

৫৫। উৎসার্য্য বামকরজৈরলকানপাঙ্গৈঃ, প্রাপ্তান্ হ্রিয়ৈক্ষত নৃপান্ দদৃশেঽচ্যুতঞ্চ।
তাং রাজকন্যাং রথমারুরুক্ষতীং, জহার কৃষ্ণো দ্বিষতাং সমীক্ষতাম্॥
৫৬। রথং সমারোপ্য সুপর্ণলক্ষণং, রাজন্যচক্রং পরিভূয় মাধবঃ।
ততো যযৌ রামপুরোগমৈঃ শনৈঃ, শৃগালমধ্যাদিব ভাগহৃদ্ধরিঃ॥
৫৭। তং মানিনঃ স্বাভিভবং যশঃক্ষয়ং, পরে জরাসন্ধমুখা ন সেহিরে।
অহো ধিগস্মান্ যশ আত্তধন্বনাং, গোপৈর্হৃতং কেশরিণাং মৃগৈরিব॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরুক্মিণীহরণং নাম ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৩॥

---

৫৫ বামকর-পল্লবে অলকাবলী তুলি'।
কটাক্ষে নৃপতিগণে চাহিলা সুন্দরী॥
হেনকালে দেখিলা —অচ্যুত নিজপতি।
আপনে উঠিতে রথে চিন্তিলা যুগতি॥
তবে কৃষ্ণ হরিয়া তুলিলা নিজরথে।
বিপক্ষ নৃপতিগণ চাহে চারিভিতে॥
৫৬ গরুড়লাঞ্ছন-রথে তুলিয়া সুন্দরী।
চলিলা দ্বারকানাথ পুরুষকেশরী॥
সিংহভাগ হরে' যেন শৃগাল-মণ্ডলে।
হরিয়া রুক্মিণীদেবী সত্বরেতে চলে॥
সৈন্য লঞা তাঁ'র পাছে যান' হলধর।
৫৭ দেখিয়া নৃপতিগণ জ্বলিল অন্তর॥
জরাসন্ধ-আদি যত নৃপতিমণ্ডল।
তা'রা বলে,—'ধিক্ ধিক্, জীবন বিফল॥
বিদ্যমানে গোপে হরি' নিল বীরধন।
সিংহের ভিতরে যেন শৃগাল-বিক্রম !!"

শ্রীযুত শ্রীগদাধর-পদযুগ জান।
ভাগবত-আচার্য্যের মধু-রস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৩॥

চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ইতি সর্ব্বে সুসংরব্ধা বাহানারুহ্য দংশিতাঃ। স্বৈঃ স্বৈর্বলৈঃ পরিক্রান্তা অন্বীয়ুর্ধৃতকার্ম্মুকাঃ॥
২। তানাপতত আলোক্য যাদবানীকযূথপাঃ। তস্থুস্তৎসম্মুখা রাজন্! বিস্ফূর্জ্য স্বধনূংষি তে॥
৩। অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে রথোপস্থে চ কোবিদাঃ। মুমুচুঃ শরবর্ষাণি মেঘা অদ্রিষ্বপো যথা॥

[সিন্ধুড়া-রাগ]

১ মুনি বলে',—"শুন, রাজা! তা'র বিবরণ।
ক্রোধ করি' উঠিল সকল নৃপগণ॥
নিজ-নিজ বলে সৈন্য সাজিল বিশাল।
বিক্রম করিয়া দিল ধনুকে টঙ্কার॥
ধাইল নৃপতিগণ করিয়া সাজন।
২. বলদেব রহিলা দেখিয়া নৃপগণ॥
মহাসেনাপতিগণ হৈল আগুয়ান।
তা' দেখিয়া নৃপগণ যোড়ে চোখ বাণ॥
৩ শর-বরিষণ করে' সৈন্যের উপরে।
মেঘ বরিষয়ে যেন পর্ব্বত-শিখরে॥
রথের উপরে বিন্ধে রথের সারথি।
গজের উপরে বিন্ধে যত গজপতি॥

৪। পত্যুর্বলং শরাসারৈশ্ছন্নং বীক্ষ্য সুমধ্যমা। সব্রীড়মৈক্ষত্তদ্বক্ত্রং ভয়বিহ্বললোচনা॥
৫। প্রহস্য ভগবানাহ মাস্ম ভৈর্বামলোচনে! বিনঙ্ক্ষ্যত্যধুনৈবৈতৎ তাবকৈঃ শাত্রবং বলম্॥
৬। তেষাং তদ্বিক্রমং বীরা গদসঙ্কর্ষণাদয়ঃ। অমৃষ্যমাণা নারাচৈর্জঘ্নুর্হয়গজান্ রথান্॥
৭। পেতুঃ শিরাংসি রথিনামশ্বিনাং গজিনাং ভুবি। সকুণ্ডলকিরীটানি সোষ্ণীষাণি চ কোটিশঃ॥
৮। হস্তাঃ সাসিগজেষ্বাসাঃ করভা উরবোঽঙ্ঘ্রয়ঃ। অশ্বাশ্বতরনাগোষ্ট্র-খরমর্ত্ত্যশিরাংসি চ॥
৯। হন্যমানবলানীকা বৃষ্ণিভির্জয়কাঙ্ক্ষিভিঃ। রাজানো বিমুখা জগ্মুর্জরাসন্ধপুরঃসরাঃ॥
১০। শিশুপালং সমভ্যেত্য হৃতদারমিবাতুরম্। নষ্টত্বিষং গতোৎসাহং শুষ্যদ্বদনমব্রুবন্॥
১১। ভো ভোঃ পুরুষশার্দ্দূল! দৌর্ম্মনস্যমিদং ত্যজ। ন প্রিয়াপ্রিয়য়ো রাজন্! নিষ্ঠা দেহিষু দৃশ্যতে॥
১২। যথা দরুময়ী যোষিৎ নৃত্যতে কুহকেচ্ছয়া। এবমীশ্বরতন্ত্রোঽয়মীহতে সুখদুঃখয়োঃ॥
১৩। শৌরেঃ সপ্তদশাহং বৈ সংযুগানি পরাজিতঃ। ত্রয়োবিংশতিভিঃ সৈন্যৈর্জিগ্য একমহং পরম্॥
১৪। তথাপ্যহং ন শোচামি ন প্রহৃষ্যামি কর্হিচিৎ। কালেন দৈবযুক্তেন জানন্ বিদ্রাবিতং জগৎ॥
১৫। অধুনাপি বয়ং সর্ব্বে বীরযূথপযূথপাঃ। পরাজিতাঃ ফল্গুতন্ত্রৈর্যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ॥

ঘোড়ার উপর বিন্ধে ঘোড়া-আসোয়ার।
শর-বরিষণ কৈল করি' অন্ধকার॥

৪ সকল যাদবগণে আচ্ছাদিল শরে।
দেখিয়া কৃষ্ণের মুখ চাহে দেবী ডরে॥

৫ হাসিয়া গোবিন্দ বলে',—'না করিহ ভয়।
এখনি বিপক্ষসৈন্য সব যা'বে ক্ষয়॥'

৬ গদ-বলভদ্র-আদি সেনাপতিগণে।
রিপুপরাক্রম দেখি' ক্রোধ হৈল মনে॥
আকর্ণ পূরিয়া দিলা ধনুকে টঙ্কার।
যুড়িলা ভল্লক-বাণ পবন-সঞ্চার॥

৭ কাটিল ঘোড়ার মুণ্ড, সারথির শির।
শত-খান করিয়া কাটিলা মহাবীর॥
কাটিল রথীর শির, গজরাজ-মুণ্ড।
ভূমিতলে পড়িল বিস্তর বীরমুণ্ড॥
কিরীট-কুণ্ডলযুক্ত কোটি কোটি শির।
ভূমিতে লোটায় কত বীরের শরীর॥

৮ ধনুর্ব্বাণ, গদা, খড়্গ গড়াগড়ি যায়।
বীরের মুকুট-পাগ ভূমিতে লোটায়॥

৯ সৈন্য কাটা গেল যত দেখি' নৃপগণ।
যুদ্ধ তেজি' গেল তা'রা রাখিয়া জীবন॥

১০ হতভাগ্য শিশুপাল চিন্তিত-অন্তর।
ভূমিতে বসিয়া আছে হঞা হতবল॥
তাহার নিকটে গিয়া যত নৃপগণে।
শান্তিয়া প্রবোধ দিল সন্তোষ-বচনে॥

১১ 'শুন শুন, মহাবীর! বিষাদ না কর'।
বীর হঞা কেনে তুমি মনে দুঃখ ধর'?
প্রিয়াপ্রিয়, সুখ-দুঃখ—অদৃষ্ট-ঘটনা।
ক্ষণে হারি, ক্ষণে জিনি—বিধির যোজনা॥

১২ ঈশ্বর-ইচ্ছায় আমি-সব নৃত্য করি।
কুহকে নাচায় যেন কাষ্ঠের পুতলি॥
ঈশ্বর-অধীন সব জানিহ সংসার।
ঈশ্বর-নির্ম্মিত সুখ-দুঃখ-ব্যবহার॥

১৩ তেইশ অক্ষৌহিণী সেনা করিয়া সাজন।
অষ্টাদশবার আমি কৈলুঁ মহারণ॥
হারিয়া সকল যুদ্ধ আইলুঁ বারে বারে।
সবে একবার যুদ্ধে জিনিলুঁ তাহারে॥

১৪ তথাপি না করি শোক, না করি হরিষ।
ভাল কর্ম্ম অদৃষ্টে করায় বিমরিষ॥

১৫ সহজে অলপ লোক যদুগণে বলি'।
তাহাতে সহায় তা'র গোপজাতি হরি॥

১৬। রিপবো জিগ্যুরধুনা কাল আত্মানুসারিণি। তদা বয়ং বিজেষ্যামো যদা কালঃ প্রদক্ষিণঃ॥
১৭। এবং প্রবোধিতো মিত্রৈশ্চেদ্যোঽগাৎ সানুগঃ পুরম্।
হতশেষাঃ পুনস্তেঽপি যযুঃ স্বং স্বং পুরং নৃপাঃ॥
১৮। রুক্মী তু রাক্ষসোদ্বাহং কৃষ্ণদ্বিড়সহন্ স্বসুঃ। পৃষ্ঠতোঽন্বগমৎ কৃষ্ণমক্ষৌহিণ্যা বৃতো বলী॥
১৯। রুক্ম্যমর্ষী সুসংরব্ধঃ শৃণ্বতাং সর্ব্বভূভুজাম্। প্রতিজজ্ঞে মহাবাহুর্দংশিতঃ সশরাসনঃ॥
২০। অহত্বা সমরে কৃষ্ণমপ্রত্যুহ্য চ রুক্মিণীম্। কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি সত্যমেতদ্ব্রবীমি বঃ॥
২১। ইত্যুক্ত্বা রথমারুহ্য সারথিং প্রাহ সত্বরঃ। চোদয়াশ্বান্ যতঃ কৃষ্ণস্তস্য মে সংযুগং ভবেৎ॥
২২। অদ্যাহং নিশিতৈর্বাণৈর্গোপালস্য সুদুর্ম্মতেঃ। নেষ্যে বীর্য্যমদং যেন স্বসা মে প্রসভং হৃতা॥
২৩। বিকত্থমানঃ কুমতিরীশ্বরস্যাপ্রমাণবিৎ। রথেনৈকেন গোবিন্দং তিষ্ঠ তিষ্ঠেত্যথাহ্বয়ৎ॥
২৪। ধনুর্বিকৃষ্য সুদৃঢ়ং জঘ্নে কৃষ্ণং ত্রিভিঃ শরৈঃ। আহ চাত্র ক্ষণং তিষ্ঠ যদূনাং কুলপাংসন!
২৫। কুত্র যাসি স্বসারং মে মুষিত্বা ধ্বাঙ্ক্ষবদ্ধবিঃ।
হরিষ্যেঽদ্য মদং মন্দ! মায়িনঃ কূটযোধিনঃ॥

এই বড় অপমান, তা'র সহে রণ।
তা'থে আমি-সব হারি, বিধি-বিড়ম্বন!!
এক এক বীরে পৃথ্বী জিনিবারে পারে।
হেন বীর গোয়ালার যুদ্ধে গিয়া হারে॥

১৬ এখনে জিনিল, তা'র অদৃষ্ট প্রধান।
গোয়ালা জিনিব, তা'থে কোন্ বস্তু-জ্ঞান?
শুভকালে আমি-সব জিনিব ইঙ্গিতে।
এখনে উচিত নহে বিবাদ করিতে॥'

১৭ জরাসন্ধ-আদি করি' যত নৃপগণে।
শিশুপালে প্রবোধিল এতেক বচনে॥
যে কিছু রহিল সৈন্য রণ-অবশেষ।
তাহা লঞা নৃপগণ গেল নিজ-দেশ॥

১৮ রুক্মী ক্রোধে কম্পমান, সহিতে না পারে।
১৯ প্রতিজ্ঞা করিল গিয়া সভার ভিতরে॥
২০ 'কৃষ্ণেরে মারিয়া যদি না আনি রুক্মিণী।
না আসিমু কুণ্ডিনপুরে—মোর সত্য-বাণী॥'

২১ এ-বোল বলিয়া বীর লৈল শরাসন।
অঙ্গেতে করিল দিব্য অস্ত্রের কাছন॥
এক অক্ষৌহিণী সেনা সাজিল বাছিয়া।
চলিল ভীষ্মক-সুত প্রতিজ্ঞা করিয়া॥
রথের উপরে বীর চড়িয়া সত্বরে।
গর্ব্ব করি' ডাকিয়া বোলয়ে সারথিরে॥
'শুন রে, সারথি! রথ চালাহ সত্বর।
শীঘ্র লঞা যাহ—কৃষ্ণ-গোপের গোচর॥

২২ গোপজাতি হঞা তা'র এত অহঙ্কার।
ভগিনী হরিয়া মোর আনিল গোয়াল?
আজি দর্প মুঞি তা'র করিব সংহার।
তবে জানি—আমার বচন চমৎকার॥'

২৩ ডাকিতে ডাকিতে বীর যায় এক রথে।
'রহ রহ, আরে কৃষ্ণ! যাইবি কোন্ পথে?'

২৪ এ-বোল বলিয়া দিল ধনুকে টঙ্কার।
তিন গোটা বাণ তা'থে যুড়িল বিশাল॥
ডাকিয়া বোলয়ে তবে ভীষ্মকতনয়।
'রহ, কৃষ্ণ! আজি তোর ফলিব সংশয়॥
রহ রহ, ক্ষণেক, পলাঞা যা'বে কতি?
যদুকুলে কলঙ্ক রাখিলে মন্দমতি!!

২৫ কাকে যেন হরিয়া পলায় যজ্ঞভাগ।
ভগিনী হরিয়া মোর নিবে হেন সাধ?
কপটে যুঝিয়া তুঞি জিনিস্ সংগ্রাম।
আজি তোর দর্প চূর্ণ করোঁ বিদ্যমান॥

২৬। যাবন্ন মে হতো বাণৈঃ শয়ীথা মুঞ্চ দারিকাম্।
স্ময়ন্ কৃষ্ণো ধনুশ্ছিত্ত্বা ষড়্ভিরিব্যাধ রুক্মিণম্॥
২৭। অষ্টভিশ্চতুরো বাহান্ দ্বাভ্যাং সূতং ধ্বজং ত্রিভিঃ।
স চান্যদ্ধনুরাদায় কৃষ্ণং বিব্যাধ পঞ্চভিঃ॥
২৮। তৈস্তাড়িতঃ শরৌঘৈস্তু চিচ্ছেদ ধনুরচ্যুতঃ। পুনরন্যদুপাদত্ত তদপ্যচ্ছিনদব্যয়ঃ॥
২৯। পরিঘং পট্টিশং শূলং চর্ম্মাসী শক্তিতোমরৌ। যদ্যদায়ুধমাদত্ত তৎ সর্ব্বং সোঽচ্ছিনদ্ধরিঃ॥
৩০। ততো রথাদবপ্লুত্য খড়্গপাণির্জিঘাংসয়া। কৃষ্ণমভ্যদ্রবৎ ক্রুদ্ধঃ পতঙ্গ ইব পাবকম্॥
৩১। তস্য চাপততঃ খড়্গং তিলশশ্চর্ম্ম চেষুভিঃ। ছিত্ত্বাসিমাদদে তিগ্মং রুক্মিণং হন্তুমুদ্যতঃ॥
৩২। দৃষ্ট্বা ভ্রাতৃবধোদ্যোগং রুক্মিণী ভয়বিহ্বলা। পতিত্বা পাদয়োর্ভর্ত্তুরুবাচ করুণং সতী॥

শ্রীরুক্মিণ্যুবাচ

৩৩। যোগেশ্বরাপ্রমেয়াত্মন্! দেবদেব! জগৎপতে! হন্তুং নার্হসি কল্যাণ! ভ্রাতরং মে মহাভুজ!

শ্রীশুক উবাচ

৩৪। তয়া পরিত্রাসবিকম্পিতাঙ্গয়া, শুচাবশুষ্যন্মুখরুদ্ধকণ্ঠয়া।
কাতর্য্যবিস্রংসিতহেমমালয়া, গৃহীতপাদঃ করুণো ন্যবর্ত্তত॥

---

২৬ যাবত কাটিয়া তোর প্রাণ নাহি হরোঁ।
তাবৎ ভগিনী দেহ', প্রাণ রক্ষা করোঁ॥'
শুনিঞা এ-সব বাণী হাসে ভগবান্।
বামহস্ত দিয়া কৃষ্ণ তোলে ধনুখান॥
একবারে বাছিয়া যুড়িলা চোখ বাণ।
ছয় বাণে ধনু কাটি' কৈলা ছয়খান॥
২৭ অষ্ট বাণে রুক্মের বিন্ধিলা অষ্ট স্থানে।
চারি ঘোড়া বিন্ধিয়া মারিলা চারি বাণে॥
দুই বাণে সারথির হরিলা পরাণ।
তিন বাণে ধ্বজ কাটি' কৈলা তিনখান॥
আর এক ধনু বীর তুলিল বাছিয়া।
পঞ্চ বাণ যুড়ে তা'তে সন্ধান পূরিয়া॥
২৮ কৃষ্ণের উপরে বাণ করয়ে প্রহার।
হেনকালে ধনুখান কাটিলা তাহার॥
তবে আর ধনু লৈল, কাটিলা শ্রীহরি।
২৯ তবে আর বিশাল মুষল নিল তুলি'॥
কাটা গেল মুষল, তুলিল পট্টিখান।
কাটিয়া গোবিন্দ কৈলা তিল-পরমাণ॥
তবে শূল তুলি' আর খড়্গ-চর্ম্ম ধরে।
শক্তি-তোমর বীর তোলে বারে বারে॥
যত-যত অস্ত্র তোলে করিয়া সন্ধান।
লীলায় সকল অস্ত্র কাটে ভগবান্॥
৩০ রথে হৈতে নাম্বে তবে খড়্গ-চর্ম্ম হাতে।
ধাঞা যায় দুরাচার কৃষ্ণের সাক্ষাতে॥
খড়্গ তুলি' ধায় বীর মারিবার তরে।
পতঙ্গ মরিতে যেন ধাইল অনলে॥
৩১ তবে কৃষ্ণ ধনুকে যুড়িল চোখ বাণ।
খাণ্ডা-ঢাল কাটি' কৈলা তিল-পরমাণ॥
ক্রোধ করি' খড়্গ নিলা কাটিবার মনে।
৩২ দেখিয়া রুক্মিণীদেবী ধরিলা চরণে॥
৩৩ 'দেব-দেব, যোগেশ্বর! অমোঘ-বিহার!
না মারিহ ভাই মোর, রাখ একবার॥'
৩৪ তরাসে কম্পিত অঙ্গ, শুখায় বদন।
আউলাইল বসন-কেশ, না সরে বচন॥
চরণে পড়িয়া দেবী বলে' কাকুবাণী।
দেখিয়া দেবীর দুঃখ দেব-চক্রপাণি॥

৩৫। চৈলেন বদ্ধা তমসাধুকারিণং, সশ্মশ্রুকেশং প্রবপন্ ব্যরূপয়ৎ।
তাবন্মমর্দ্দুঃ পরসৈন্যমদ্ভুতং, যদুপ্রবীরা নলিনীং যথা গজাঃ॥
৩৬। কৃষ্ণান্তিকমুপব্রজ্য দদৃশুস্তত্র রুক্মিণম্। তথাভূতং হতপ্রায়ং দৃষ্ট্বা সঙ্কর্ষণো বিভুঃ।
বিমুচ্য বদ্ধং করুণো ভগবান্ কৃষ্ণমব্রবীৎ॥
৩৭। অসাধ্বিদং ত্বয়া কৃষ্ণ! কৃতমস্মজ্জুগুপ্সিতম্। বপনং শ্মশ্রুকেশানাং বৈরূপ্যং সুহৃদো বধঃ॥
৩৮। নৈবাস্মান্ সাধ্ব্যসূয়েথা ভ্রাতুর্বৈরূপ্যচিন্তয়া। সুখদুঃখদো ন চান্যোঽস্তি যতঃ স্বকৃতভুক্ পুমান্॥
৩৯। বন্ধুর্বধার্হদোষোঽপি ন বন্ধোর্বধমর্হতি। ত্যাজ্যঃ স্বেনৈব দোষেণ হতঃ কিং হন্যতে পুনঃ?
৪০। ক্ষত্রিয়াণামযং ধর্ম্মঃ প্রজাপতিবিনির্ম্মিতঃ। ভ্রাতাপি ভ্রাতরং হন্যাদ্যেন ঘোরতরস্ততঃ॥
৪১। রাজ্যস্য ভূমের্বিত্তস্য স্ত্রিয়ো মানস্য তেজসঃ। মানিনোঽন্যস্য বা হেতোঃ শ্রীমদান্ধাঃ ক্ষিপন্তি হি॥
৪২। তবেয়ং বিষমা বুদ্ধিঃ সর্ব্বভূতেষু দুহৃদাম্। যন্মন্যসে সদাভদ্রং সুহৃদাং ভদ্রমজ্ঞবৎ॥
৪৩। আত্মমোহো নৃণামেষ কল্প্যতে দেবমায়য়া। সুহৃদ্দুর্হৃদুদাসীন ইতি দেহাত্মমানিনাম্॥
৪৪। এক এব পরো হ্যাত্মা সর্ব্বেষামপি দেহিনাম্। নানেব গৃহ্যতে মূঢ়ৈর্যথা জ্যোতির্যথা নভঃ॥
৪৫। দেহ আদ্যন্তবানেষ দ্রব্যপ্রাণগুণাত্মকঃ। আত্মন্যবিদ্যয়া ক্লৃপ্তঃ সংসারয়তি দেহিনম্॥
৪৬। নাত্মনোঽন্যেন সংযোগো বিয়োগশ্চাসতঃ সতি!
তদ্ধেতুত্বাৎ তৎপ্রসিদ্ধের্দৃগ্রূপাভ্যাং যথা রবেঃ॥

---

৩৫ ফেলিয়া হস্তের খড়্গ প্রভু দয়াময়।
বস্ত্র দিয়া নির্য্যাসে বান্ধিলা দুরাশয়॥
বীর-আভরণ তা'র সব কৈলা দূর।
ঠাঞি ঠাঞি রাখিয়া মুণ্ডিলা দাড়ি-চুল॥
হেনকালে বলদেব সঙ্গে বীরগণ।
রুক্মীর যতেক সৈন্য কৈলা নিপাতন॥
৩৬ আসিয়া দেখিলা তবে রুক্মীর দুর্গতি।
চারিভিতে বেঢ়িয়া দাণ্ডায় সেনাপতি॥
বন্ধন খসাঞা বলে' বলভদ্র-রায়।
৩৭ 'হেন কি কুৎসিত কর্ম্ম করিতে যুয়ায়?'
বলিলা কৃষ্ণেরে কিছু ভৎর্সনা-বিশেষ।
'কেনে হেন অপকর্ম্ম কৈলে, হৃষীকেশ?
বন্ধুজন-মুণ্ডন—মরণ-সমতুল।
তুমি হঞা কেন তবে কৈলে এতদূর?'
৩৮ তবে রুক্মিণীর তরে বলে' যদুপতি।
'ক্রোধ না করিহ তুমি, কুলবতী সতী!
সুখ-দুঃখ কা'রে কেহ দিতে নাহি পারে।
সর্ব্বলোক নিজ-নিজ কর্ম্ম ভোগ করে'॥
৩৯ বধযোগ্য হয় যদি নিজ-বন্ধুজন।
তবু তা'র বধ না করিয়ে অকারণ॥
তা'র দোষে করিয়ে তাহারে পরিত্যাগ।
মরা যদি মারি, তবে কিবা কার্য্যভাগ?
৪০ কিন্তু ক্ষত্রি-কুলধর্ম্ম, ব্রহ্মার নির্ম্মাণ।
ভাই হঞা ভাই-বধ করে' বিদ্যমান॥
৪১ স্ত্রী-রাজ্য-বিত্ত-ভূমি-সম্পদ্-কারণে।
একে একে মারিয়া মরয়ে অভিমানে॥
৪২-৪৩ বিষ্ণুমায়া-কল্পিত অজ্ঞান—মোহময়।
শত্রু-মিত্র নিজ-পর নানা বুদ্ধি হয়॥
৪৪ এক আত্মা, নানা ভেদ,—দেখে মূঢ়জনে।
এক সূর্য্য দেখি যেন—নানা, স্থানে স্থানে॥
অজর-অমর আত্মা, নাহি তা'র ভেদ।
৪৫ পঞ্চভূতময় দেহে দেখি পরিচ্ছেদ॥
অজ্ঞান-কল্পিত, দেবি! জীবের সংসার।
অজর-অমর আত্মা, শুদ্ধ, অবিকার॥
৪৬ অসত্য শরীরে নাহি আত্মার সংযোগ।
দেহের বিচ্ছেদে নাহি আত্মার বিয়োগ॥

৪৭। জন্মাদয়স্তু দেহস্য বিক্রিয়া নাত্মনঃ ক্বচিৎ। কলানামিব নৈবেন্দোর্মৃতির্হ্যস্য কুহূরিব॥
৪৮। যথা শয়ান আত্মানং বিষয়ান্ ফলমেব চ। অনুভুঙ্‌ক্তেঽপ্যসত্যর্থে তথাপ্নোত্যবুধো ভবম্॥
৪৯। তস্মাদজ্ঞানজং শোকমাত্মশোষবিমোহনম্। তত্ত্বজ্ঞানেন নির্হৃত্য স্বস্থা ভব শুচিস্মিতে!

শ্রীশুক উবাচ

৫০। এবং ভগবতা তন্বী রামেণ প্রতিবোধিতা। বৈমনস্যং পরিত্যজ্য মনো বুদ্ধ্যা সমাদধে॥
৫১। প্রাণাবশেষ উৎসৃষ্টো দ্বিড়্‌ভির্হৃতবলপ্রভঃ। স্মরন্ বিরূপকরণং বিতথাত্মমনোরথঃ।
চক্রে ভোজকটং নাম নিবাসায় মহৎপুরম্॥
৫২। অহত্বা দুর্ম্মতিং কৃষ্ণমপ্রত্যূহ্য যবীয়সীম্। কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামীত্যুক্ত্বা তত্রাবসদ্রুষা॥
৫৩। ভগবান্ ভীষ্মকসুতামেবং নির্জ্জিত্য ভূমিপান্। পুরমানীয় বিধিবদুপযেমে কুরূদ্বহ!
৫৪। তদা মহোৎসবো নৃণাং যদুপুর্য্যাং গৃহে গৃহে। অভূদনন্যভাবানাং কৃষ্ণে যদুপতৌ নৃপ!
৫৫। নরা নার্য্যশ্চ মুদিতাঃ প্রমৃষ্টমণিকুণ্ডলাঃ। পারিবর্হমুপাজহ্রুর্বরয়োশ্চিত্রবাসসোঃ॥
৫৬। সা বৃষ্ণিপুর্য্যুত্তভিতেন্দ্রকেতুভি,-র্বিচিত্রমাল্যাম্বরররত্নতোরণৈঃ।
বভৌ প্রতিদ্বার্য্যুপকল্পমঙ্গলৈ,-রাপূর্ণকুম্ভাগুরুধূপদীপকৈঃ॥

দেহ-যোগ-কারণে আত্মার পরিচয়।
রবির প্রকাশে যেন চক্ষু রূপ লয়'॥

৪৭ শরীর বিকারযুক্ত, আত্মা নির্ব্বিকার।
চন্দ্রকলা জন্মে যেন, মরে আরবার॥
পরিপূর্ণ চন্দ্র তা'র নাহি বৃদ্ধি-হ্রাস।
পরিপূর্ণ আত্মা, সভে দেহের বিনাশ॥
৪৮ না বুঝিয়া ভ্রমে লোক অসত্য-সংসারে।
স্বপনে পুরুষ যেন কামভোগ করে'॥'
৪৯ এ-বোল বুঝিয়া দেবি! শোক পরিহর।
তত্ত্বজ্ঞান ধরি' তুমি চিত্ত স্থির কর'॥'
৫০ এতেক বচন বলি' প্রবোধিলা রামে।
চিত্ত নিবারিয়া দেবী কৈলা সমাধানে॥
৫১ তবে রুক্মী বলভদ্র দিলেন ছাড়িয়া
হতবুদ্ধি হঞা গেল প্রাণ-মাত্র লঞা॥
মারিলা সকল সৈন্য বলভদ্র রণে।
আত্ম-বিড়ম্বন কৈলা প্রভু ভগবানে॥
ব্যর্থ হৈল চিত্তের সকল অঙ্গীকার।
প্রাণ লঞা কেবল চলিল দুরাচার॥
ভোজকট-নামে কৈল পুরী নিরমাণ।
তথাই রহিল গিয়া পাঞা অপমান॥
৫২ 'যাবত কুমতি কৃষ্ণে প্রাণে নাহি হানোঁ।
যাবত ভগিনী উদ্ধারিয়া নাহি আনোঁ॥
তাবৎ কুণ্ডিনপুরী না দেখিব আর।
ভোজকট-পুর-বাস কৈলুঁ অঙ্গীকার॥'
এ-বোল বলিয়া কৈল পুর-পরবেশ।
৫৩ দ্বারকা-নগরে গেলা প্রভু হৃষীকেশ॥
৫৪ শুভকালে বিভা কৈলা বিধি-অনুসারে।
বিবিধ উৎসব হৈল প্রতি ঘরে-ঘরে॥
পূরিল দ্বারকাপুরী আনন্দ-মঙ্গলে।
৫৫ নরনারী হরষিত আনন্দে বিহ্বলে॥
বিবিধ যৌতুক আনি' দিল পুরজনে।
৫৬ ধ্বজ-পতাকায় কৈল পুরী নিরমাণে॥
বিচিত্র অম্বরমালা, রতন-তোরণ।
দুয়ারে দুয়ারে হেমঘট আরোপণ॥
ধূপ-দীপ বিরাজিত দ্বারকানগর।
প্রতিঘরে প্রতিপুরে আনন্দ-মঙ্গল॥

৫৭। সিক্তমার্গা মদচ্যুদ্ভিরাহূতপ্রেষ্ঠভূভুজাম্। গজৈর্দ্বাঃসু পরামৃষ্টরম্ভাপূগোপশোভিতা॥
৫৮। কুরুসৃঞ্জয়কৈকেয়বিদর্ভযদুকুন্তয়ঃ। মিথো মুমুদিরে তস্মিন্ সম্ভ্রমাৎ পরিধাবতাম্॥
৬০। দ্বারকায়ামভূদ্রাজন্! মহামোদঃ পুরৌকসাম্। রুক্মিণ্যা রময়োপেতং দৃষ্ট্বা কৃষ্ণং শ্রিয়ঃ পতিম্॥
৫৯। রুক্মিণ্যা হরণং শ্রুত্বা গীয়মানং ততস্ততঃ। রাজানো রাজকন্যাশ্চ বভূবুর্ভৃশবিস্মিতাঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরুক্মিণ্যুদ্বাহোৎসবে চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৪॥

---

৫৭ রাজপথে, পুরপথে চন্দনের ছড়া।
ফলকে ফলকে চলে নানা-বর্ণ ঘোড়া॥
মত্ত-গজ-মদ-জলে কর্দ্দম উঠিল।
৫৮ নৃপগণে যদুপুরী পূরিয়া রহিল॥
সর্ব্বলোক আনন্দিত, হসিত বদন।
৬০ নানা পরিহাস-কথা, ইষ্ট-সম্ভাষণ॥
আসিয়া বিদর্ভ-রাজা কৈলা কন্যাদান।
বিবিধ যৌতুক দিলা মহামতিমান্॥
এইরূপে বিভা হৈল লক্ষ্মী-নারায়ণে।
বিহরে দ্বারকানাথ দ্বারকা ভুবনে॥
৫৯ 'রুক্মিণী-হরণ'-কথা শুনি' নৃপগণে।
রাজপুত্র, রাজকন্যা, নরনারীগণে॥
বিস্ময় ভাবিয়া তা'রা হৈল চমকিত।
কহিল রুক্মিণীদেবী-হরণ-চরিত॥"
হরিবংশে কহিলেন করিয়া বিস্তার।
ভাগবতে কহি সার করিয়া উদ্ধার॥

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
রুক্মিণী-হরণ-কথা প্রেমতরঙ্গিণী॥

শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৪॥

পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। কামস্তু বাসুদেবাংশো দগ্ধঃ প্রাগ্রুদ্রমন্যুনা। দেহোপপত্তয়ে ভূয়স্তমেব প্রত্যপদ্যত॥
২। স এব জাতো বৈদর্ভ্যাং কৃষ্ণবীর্য্যসমুদ্ভবঃ। প্রদ্যুম্ন ইতি বিখ্যাতঃ সর্ব্বতোঽনবমঃ পিতুঃ॥
৩। তং শম্বরঃ কামরূপী হৃত্বা তোকমনির্দ্দশম্। স বিদিত্বাত্মনঃ শত্রুং প্রাস্যোদম্বত্যগাদগৃহম্॥

[বসন্ত-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা, শুন, পরীক্ষিত!
অতি অদভুত কথা দ্বারকা-চরিত॥
পূরবে আছিল কাম—বাসুদেব-অংশ।
হর-ক্রোধানলে তিঁহ হঞাছিলা ভস্ম॥
শরীর ধরিতে পুনরপি ইচ্ছা হৈল।
কৃষ্ণ-কলেবরে আসি' পরবেশ কৈল॥
২ রুক্মিণীর গর্ভে তাঁ'র হৈল অবতার।
প্রদ্যুম্ন তাঁহার নাম—কৃষ্ণের কুমার॥
৩ আছিল শম্বর-নামে এক মহাসুর।
নানা-মায়াবিশারদ, পরম নিষ্ঠুর॥
'শত্রু হঞা জনমিবে কৃষ্ণের নন্দন।'
সাবধানে আছে তা'র জানিঞা কারণ॥
জনমিলা শিশু, দশ দিন নাহি পূরে।
কামরূপ ধরি' পুর-পরবেশ করে'॥
ছাওয়াল হরিয়া নিঞা ফেলিল সাগরে।
সাগরের জলে ছাওয়াল নাহি মরে॥

৪। তং নির্জগার বলবান্ মীনঃ সোঽপ্যপরৈঃ সহ। বৃতো জালেন মহতা গৃহীতো মৎস্যজীবিভিঃ॥
৫। তং শম্বরায় কৈবর্ত্তা উপাজহ্রুরুপায়নম্। সূদা মহানসং নীত্বাবদ্যন্ সুধিতিনাদ্ভুতম্॥
৬। দৃষ্ট্বা তদুদরে বালং মায়াবত্যৈ ন্যবেদয়ন্। নারদোঽকথয়ৎ সর্ব্বং তস্যাঃ শঙ্কিতচেতসঃ।
বালস্য তত্ত্বমুৎপত্তিং মৎস্যোদরনিবেশনম্॥
৭। সা চ কামস্য বৈ পত্নী রতির্নাম যশস্বিনী। পত্যুর্নিদগ্ধদেহস্য দেহোৎপত্তিং প্রতীক্ষতী॥
৮। নিরূপিতা শম্বরেণ সা সূদৌদনসাধনে। কামদেবং শিশুং বুদ্ধা চক্রে স্নেহং তদার্ভকে॥
৯। নাতিদীর্ঘেণ কালেন স কার্ষ্ণী রূঢ়যৌবনঃ। জনয়ামাস নারীণাং বীক্ষন্তীনাঞ্চ বিভ্রমম্॥
১০। সা তং পতিং পদ্মদলায়তেক্ষণং, প্রলম্ববাহুং নরলোকসুন্দরম্।
সব্রীড়হাসোত্তভিতভ্রুবেক্ষতী, প্রীত্যোপতস্থে রতিরঙ্গসৌরতৈঃ॥
১১। তামাহ ভগবান্ কার্ষ্ণির্মাতস্তে মতিরন্যথা। মাতৃভাবমতিক্রম্য বর্ত্ততে কামিনী যথা॥

শ্রীরতিরুবাচ

১২। ভবান্ নারায়ণসুতঃ শম্বরেণ হৃতো গৃহাৎ। অহং তেঽধিকৃতা পত্নী রতিঃ কামো ভবান্ প্রভো!
১৩। এষ ত্বানির্দ্দশং সিন্ধাবক্ষিপচ্ছম্বরোঽসুরঃ। মৎস্যোঽগ্রসীৎ তদুদরাদিতঃ প্রাপ্তো ভবান্ প্রভো!

---

৪ ছাওয়ালে গিলিল এক মৎস্য বলবানে।
জালে মৎস্য বন্দী কৈল মৎস্যজীবিগণে॥

৫ মৎস্য আনি' দিল শম্বরের বিদ্যমানে।
শম্বরের চিত্তে হৈল অদ্ভুত-গেয়ানে॥
মৎস্য লঞা গেল তবে সূপকারগণে।
খড়্গ দিয়া মৎস্য কাটি' কৈল খানখানে॥

৬ মৎস্যের উদরে তা'রা ছাওয়াল দেখিল।
মায়াবতী-বিদ্যমানে শিশু নিঞা দিল॥
শিশু দেখি' মায়াবতী শঙ্কা পাইল মনে।
নারদ আসিয়া তত্ত্ব কহিলা তখনে॥
যে নাম বালক, যেন-রূপে উপাদান।
যেরূপে শম্বরে হরি' নিল বিদ্যমান॥
যেনরূপে পরবেশ মৎস্যের উদরে।
কহিলা সকল তত্ত্ব মুনি যোগেশ্বরে॥

৭ সে-বোল শুনিঞা মায়াবতী হরষিতা।
পূরবে আছিলা তেঁহো কামের বনিতা॥
রতি-নাম তাহার, পরম-রূপবতী।
অবধি করিয়া রহে—জনমিব পতি॥

৮ শম্বরের ঘরে রহে ধরি' মায়াবেশ।
শুনিলা নারদ-মুখে মরম-বিশেষ॥
জানিঞা শিশুর তত্ত্ব করয়ে পালন।
দিনে দিনে বাঢ়ে শিশু সর্ব্ব-সুলক্ষণ॥

৯ অল্প দিবসে হৈল যৌবন-সঞ্চার।
মহাভুজ, মহাবল, বিক্রমে বিশাল॥

১০ সাক্ষাৎ মদন যেন দিলা দরশন।
দেখিয়া নারীর চিত্ত মোহে সেইক্ষণ॥
অমল-কমল-পত্র-নয়ন সুন্দর।
আজানুলম্বিত ভুজ, অঙ্গ মনোহর॥
দেখিয়া স্বামীর নবযৌবন-বিলাস।
মাতৃভাব তেজি' রতি দিল পরকাশ॥
ব্যঞ্জিয়া সুরতি-রস রহে সন্নিধান।

১১ দেখিয়া কি বলে' তবে কাম পঞ্চবাণ?
'মাতৃভাব তেজিয়া কামিনীভাব ধর'।
মা হইয়া কেন তুমি হেন কর্ম্ম কর'?

১২ রতি বলে',—'তুমি, নাথ! স্বামী যে আমার।
রতি-নামে হই আমি রমণী তোমার॥

১৩ যখনে তোমার দশ দিন নাহি পূরে।
তুমি নারায়ণ-সুত, হরিল শম্বরে॥

১৪। তমিমং জহি দুর্দ্ধর্ষং দুর্জ্জয়ং শত্রুমাত্মনঃ। মায়াশতবিদং ত্বঞ্চ মায়াভির্মোহনাদিভিঃ॥
১৫। পরিশোচতি তে মাতা কুররীব গতপ্রজা। পুত্রস্নেহাকুলা দীনা বিবৎসা গৌরিবাতুরা॥
১৬। প্রভাষ্যৈবং দদৌ বিদ্যাং প্রদ্যুম্নায় মহাত্মনে। মায়াবতী মহামায়াং সর্ব্বমায়াবিনাশিনীম্॥
১৭। স চ শম্বরমভ্যেত্য সংযুগায় সমাহ্বয়ৎ। অবিষহ্যৈস্তমাক্ষেপৈঃ ক্ষিপন্ সঞ্জনয়ন্ কলিম্॥
১৮। সোঽধিক্ষিপ্তো দুর্ব্বচোভিঃ পদাহত ইবোরগঃ। নিশ্চক্রাম গদাপাণিরমর্ষাৎ তাম্রলোচনঃ॥
১৯। গদামাবিধ্য তরসা প্রদ্যুম্নায় মহাত্মনে। প্রক্ষিপ্য ব্যনদন্নাদং বজ্রনিষ্পেষনিষ্ঠুরম্॥
২০। তামাপতন্তীং ভগবান্ প্রদ্যুম্নো গদয়া গদাম্। অপাস্য শত্রবে ক্রুদ্ধঃ প্রাহিণোৎ স্বগদাং নৃপ!
২১। স চ মায়াং সমাশ্রিত্য দৈতেয়ীং ময়দর্শিতাম্। মুমুচেঽস্ত্রময়ং বর্ষং কাঙ্ক্ষৌ বৈহায়সোঽসুরঃ॥
২২। বাধ্যমানোঽস্ত্রবর্ষেণ রৌক্মিণেয়ো মহারথঃ। সত্ত্বাত্মিকাং মহাবিদ্যাং সর্ব্বমায়োপমর্দ্দিনীম্॥
২৩। ততো গৌহ্যকগান্ধর্ব্বপৈশাচোরগরাক্ষসীঃ। প্রাযুঙ্ক্ত শতশো দৈত্যঃ কার্ষ্ণির্ব্যধময়ৎ স তাঃ॥
২৪। নিশাতমসিমুদ্যম্য সকিরীটং সকুণ্ডলম্। শম্বরস্য শিরঃ কায়াত্তাম্রশ্মশ্রূজসাহরৎ॥

দৈবযোগে লাগ পাইলুঁ মৎস্যের উদরে।
১৪ তুমি গিয়া মার' এই শম্বর-অসুরে॥
শম্বর তোমার রিপু, নানা মায়া জানে।
তুমিহ মায়ায় তা'রে মারহ যতনে॥
১৫ তোমার জননী, নাথ! শোকেতে আতুরা।
হত-সুতা ধেনু যেন সতত ব্যাকুলা॥'
১৬ এতেক বচন বলি' রতি মায়াবতী।
মহামায়া-বিদ্যা তা'রে দিলা যোগগতি॥
১৭ তবে গেলা প্রদ্যুম্ন শম্বর-বিদ্যমান।
ডাকিয়া কি বলে' তবে বীরের প্রধান?
'আরে রে শম্বর! অসুর দুরাচার।
আসিয়া সংগ্রাম কর' অগ্রেতে আমার॥
নহে বা সগণে তোর হরিব জীবন।
নহে বেটা মোর সহে করসিয়া রণ॥'
১৮ অসহ্য-বচন শুনি' শম্বর-অসুর।
বীরদর্প করি' বীর ডাকিল নিষ্ঠুর॥
পদাঘাতে যেন ফণধরে ক্রোধ করে'।
ক্রোধ করি' মহাবীর উঠিল সত্বরে॥
প্রলয়-কালের যেন জ্বলন্ত অনল।
গদা হাথে করি' বীর নাম্বিলা সত্বর॥
১৯ গদাপাট তুলিয়া ভ্রময়ে মহাবীর।
'রহ রহ, আরে বেটা! রণে হও স্থির॥'
নির্ঘাত নিষ্ঠুর ঘোর শবদ করিয়া।
ফেলিয়া মারিল গদা এ বোল বলিয়া॥
২০ গদাপাট পড়িল দেখিয়া ভগবান্।
তুলিলা আপন গদা বীরের প্রধান॥
গদায় কাটিয়া গদা কৈলা খণ্ড-খণ্ড।
আকর্ণ পূরিয়া কৈলা শবদ প্রচণ্ড॥
২১ তবে কোন্ কর্ম্ম করে' দৈত্য দুরাশয়?
ময়-বিনির্ম্মিত মায়া করিয়া আশ্রয়॥
শিলা বরিষণ করে' কামের উপরে।
২২ উড়ায় রুক্মিণীসুত এ গাছ-পাথরে॥
তবে কোন্ কর্ম্ম করে' গোবিন্দনন্দন?
সত্ত্বময়ী মহাবিদ্যা কৈলা সঙরণ॥
খণ্ডিল অসুর-মায়া, শিলা-বরিষণ।
তবে নানা-মায়া করে' অসুর সৃজন॥
২৩ গন্ধর্ব্ব-অসুর-নাগ-পিশাচের মায়া।
শত শত সৃজিলেক ক্রোধপর হঞা॥
সকল আসুরী মায়া করিয়া খণ্ডন।
২৪ তীক্ষ্ণ খড়্গ লৈলা তবে কৃষ্ণের নন্দন॥

২৫। আকীর্য্যমাণো দিবিজৈঃ স্তুবদ্ভিঃ কুসুমোৎকরৈঃ। ভার্য্যয়াম্বরচারিণ্যা পুরং নীতো বিহায়সা ॥
২৬। অন্তঃপুরবরং রাজন্! ললনাশতসঙ্কুলম্। বিবেশ পত্ন্যা গগনাদ্বিদ্যুতেব বলাহকঃ ॥
২৭। তং দৃষ্ট্বা জলদশ্যামং পীতকৌশেয়বাসসম্। প্রলম্ববাহুং তাম্রাক্ষং সুস্মিতং রুচিরাননম্ ॥
২৮। স্বলঙ্কৃতমুখাম্ভোজং নীলবক্রালকালিভিঃ। কৃষ্ণং মত্বা স্ত্রিয়ো হ্রীতা নিলিল্যুস্তত্র তত্র হ ॥
২৯। অবধার্য্য শনৈরীষদ্বৈলক্ষণ্যেন যোষিতঃ। উপজগ্মুঃ প্রমুদিতাঃ সস্ত্রীরত্নং সুবিস্মিতাঃ ॥
৩০। অথ তত্রাসিতাপাঙ্গী বৈদর্ভী বল্গুভাষিণী। অস্মরৎ স্বসুতং নষ্টং স্নেহস্নুতপয়োধরা ॥
৩১। কো ন্বয়ং নরবৈদূর্য্যঃ কস্য বা কমলেক্ষণঃ? ধৃতঃ কয়া বা জঠরে কেয়ং লব্ধা ত্বনেন বা?
৩২। মম চাপ্যাত্মজো নষ্টো নীতো যঃ সূতিকাগৃহাৎ। এতত্তুল্যবয়োরূপো যদি জীবতি কুত্রচিৎ ॥
৩৩। কথন্ত্বনেন সম্প্রাপ্তং সারূপ্যং শার্ঙ্গধন্বনঃ। আকৃত্যাবয়বৈর্গত্যা স্বরহাসাবলোকনৈঃ?
৩৪। স এব বা ভবেন্নূনং যো মে গর্ভে ধৃতোঽর্ভকঃ। অমুষ্মিন্ প্রীতিরধিকা বামঃ স্ফুরতি মে ভুজঃ ॥
৩৫। এবং মীমাংসমানায়াং বৈদর্ভ্যাং দেবকীসুতঃ। দেবক্যানকদুন্দুভ্যামুত্তমঃশ্লোক আগমৎ ॥
৩৬। বিজ্ঞাতার্থোঽপি ভগবাংস্তূষ্ণীমাস জনার্দ্দনঃ। নারদোঽকথয়ৎ সর্ব্বং শম্বরাহরণাদিকম্ ॥

মুকুট-কুণ্ডল-সহে শম্বরের শির।
ভূমিতলে কাটিয়া পাড়িলা মহাবীর ॥

পড়িল শম্বর বীর, দেবের হরিষ।
শুনিঞা অসুরগণে করে' বিমরিষ ॥

২৫ দেবগণে স্তুতি করে', পুষ্প বরিষণ।
বধিলা শম্বর-বীর কৃষ্ণের নন্দন ॥

কোন্ কর্ম্ম করে' তবে রতি মায়াবতী?
চলিলা আকাশ-পথে লঞা নিজপতি ॥

আনিল দ্বারকাপুরী আঁখির নিমিষে।
২৬ রতিপতি-রতি কৈলা পুর-পরবেশে ॥

২৭ জলধর-শ্যাম তনু রাজীব-লোচন।
আজানুলম্বিত ভুজ, মুদিত-বদন ॥

পীতবস্ত্র পরিধান, মন্দ-মন্দ হাস।
২৮ বিলোল-অলকাবলি কপোল-বিলাস ॥

পুরনারী কৃষ্ণ হেন মানিঞা তাঁহারে।
লজ্জায় লুকায় তাঁ'রা, চিনিতে না পারে ॥

২৯ অলপে অলপে কৈলা ভিন্ন অনুমান।
ধীরে ধীরে নারীগণ গেলা সন্নিধান ॥

৩০ সঙরিলা রুক্মিণীদেবী আপন তনয়।
পুত্র-প্রেম উপজিল, আনন্দ-হৃদয় ॥

৩১ নিকটে দাণ্ডাঞা দেবী কি বলে' বচন?
'কোথা হৈতে আইলা এথা পুরুষ-রতন?

নবঘন-শ্যাম তনু, রাজীব-লোচন।
পরম সুন্দর, মহাপুরুষ-লক্ষণ ॥

কাহার তনয় হয়, কিবা নাম ধরে'?
কোন্ পুণ্যবতী গর্ভে ধরিল হেঁহারে?

৩২ মোর পুত্র নষ্ট হৈল, হরিল অসুরে।
যদি বা কোথাতে জীয়ে কোন পুণ্যফলে ॥

হেন হয় ইহারি সমান রূপ বেশ।
হরিল অসুরে, তা'র না পাই উদ্দেশ ॥

৩৩ ইহাতে কৃষ্ণের সম কেনে রূপ দেখি?
আকৃতি-প্রকৃতি যেন কৃষ্ণ হেন লখি ॥

৩৪ এই বা ছাওয়াল হয়, লয় মোর মতি।
ইহারে বাঢ়য়ে মোর অধিক-পীরিতি ॥'

৩৫ এইরূপে করে' দেবী নানা অনুমান।
হেনকালে গেলা তথা প্রভু ভগবান্ ॥

৩৬ দাণ্ডাঞা রহিলা গিয়া প্রভু যদুমণি।
তভু কিছু না বলিলা সর্ব্বতত্ত্ব জানি' ॥

বসুদেব, দৈবকী—যতেক পুরজনে।
সকলে দেখিতে গেলা হরষিত-মনে ॥

৩৭। তচ্ছ্রুত্বা মহদাশ্চর্য্যং কৃষ্ণান্তঃপুরযোষিতঃ। অভ্যনন্দন্ বহূনব্দান্ নষ্টং মৃতমিবাগতম্॥
৩৮। দেবকী বসুদেবশ্চ কৃষ্ণরামৌ তথা স্ত্রিয়ঃ। দম্পতী তৌ পরিষ্বজ্য রুক্মিণী চ যযুর্মুদম্॥
৩৯। নষ্টং প্রদ্যুম্নমায়াতমাকর্ণ্য দ্বারকৌকসঃ। অহো মৃত ইবায়াতো বালো দিষ্ট্যেতি হাব্রুবন্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীপ্রদ্যুম্নোৎপত্তিনিরূপণং নাম পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৫॥

কহিলা নারদ আসি' তাহার কারণ।
শম্বর-হরণ-আদি যত বিবরণ॥
৩৭ শুনিঞা সকল লোক হৈল চমকিত।
বিস্ময় ভাবিয়া পাছে হৈল হরষিত॥
৩৮ পুত্র কোলে করি' দেবী দিলা আলিঙ্গন।
হরিষে পূরিল তনু, চুম্বিলা বদন॥
বসুদেব, দৈবকী আর আপনে শ্রীহরি।
অধিক আনন্দসিন্ধু, পুত্র কোলে করি'॥
৩৯ নষ্টপুত্র প্রদ্যুম্নে লভিয়া পুরজনে।
পূজিয়া মন্দিরে নিল হরষিত-মনে॥
কহিলুঁ শম্বর-বধ, প্রদ্যুম্ন-চরিত।
শুনিলে সম্পদ্ বাঢ়ে, হরয়ে দুরিত॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
প্রদ্যুম্নচরিত্র-কথা, প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৫॥

ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। সত্রাজিতঃ স্বতনয়াং কৃষ্ণায় কৃতকিল্বিষঃ। স্যমন্তকেন মণিনা স্বয়মুদ্যম্য দত্তবান্॥

শ্রীরাজোবাচ

২। সত্রাজিতঃ কিমকরোদ্ব্রহ্মন্ কৃষ্ণস্য কিল্বিষম্? স্যমন্তকঃ কুতস্তস্য কস্মাদ্দত্তা সুতা হরেঃ?

শ্রীশুক উবাচ

৩। আসীৎ সত্রাজিতঃ সূর্য্যো ভক্তস্য পরমঃ সখা। প্রীতস্তস্মৈ মণিং প্রাদাৎ স চ তুষ্টঃ স্যমন্তকম্॥
৪। স তং বিভ্রন্মণিং কণ্ঠে ভ্রাজমানো যথা রবিঃ। প্রবিষ্টো দ্বারকাং রাজন্! তেজসা নোপলক্ষিতঃ॥
৫। তং বিলোক্য জনা দূরাত্তেজসা মুষ্টদৃষ্টয়ঃ। দীব্যতেঽক্ষৈর্ভগবতে শশংসুঃ সূর্য্যশঙ্কিতাঃ॥

[তুড়ী-রাগ]

১ সত্রাজিত অপরাধ করিতে খণ্ডন।
আপনে আনিঞা কন্যা কৈলা নিবেদন॥
স্যমন্তক-মণি দিয়া কৈলা পরিহার।
কন্যা নিলা কৃষ্ণ, মণি না লৈলা তাহার॥
২ তবে রাজা জিজ্ঞাসিলা ভাবিয়া বিস্ময়।
"সত্রাজিত কোন্ পাপ কৈলা অতিশয়?
আপনে আসিয়া কন্যা দিলা কি কারণে?
স্যমন্তক-মণি সে পাইলা কোন্ স্থানে?"
৩ মুনি বলে,'—"শুন, রাজা! হঞা সাবধান।
কহিব তোমারে স্যমন্তক-উপাখ্যান॥
আছিলা পুরুষ এক সত্রাজিত নাম।
সূর্য্যের পরম সখা, ভকতপ্রধান॥
তুষ্ট হঞা মণি তা'রে দিলা দিনকরে।
৪ মণি কণ্ঠে করি' সত্রাজিত যায় ঘরে॥
প্রবেশ করিলা গিয়া দ্বারকামণ্ডলে।
তা'র তেজ কোন লোক সহিতে না পারে॥
৫ অদভুত দেখি' লোক ধাঞা গিয়া চায়।
দূরে থাকি' তা'র তেজ সহনে না যায়॥

৬। নারায়ণ! নমস্তেঽস্তু শঙ্খচক্রগদাধর! দামোদরারবিন্দাক্ষ! গোবিন্দ! যদুনন্দন!
৭। এষ আয়াতি সবিতা ত্বাং দিদৃক্ষুর্জগৎপতে! মুষ্ণন্ গভস্তিচক্রেণ নৃণাং চক্ষূংষি তিগ্মগুঃ॥
৮। নন্বন্বিচ্ছন্তি তে মার্গং ত্রিলোক্যাং বিবুধর্ষভাঃ। জ্ঞাত্বাদ্য গূঢ়ং যদুষু দ্রষ্টুং ত্বাং যাত্যজঃ প্রভো!

শ্রীশুক উবাচ

৯। নিশম্য বালবচনং প্রহস্যাম্বুজলোচনঃ। প্রাহ নাসৌ রবির্দেবঃ সত্রাজিন্মণিনা জ্বলন্॥
১০। সত্রাজিৎ স্বগৃহং শ্রীমৎ কৃতকৌতুকমঙ্গলম্। প্রবিশ্য দেবসদনে মণিং বিপ্রৈর্ন্যবেশয়ৎ॥
১১। দিনে দিনে স্বর্ণভারানষ্টৌ স স্বজতি প্রভো! দুর্ভিক্ষমার্ত্যরিষ্টানি সর্পাধিব্যাধয়োঽশুভাঃ।
ন সন্তি মায়িনস্তত্র যত্রাস্তেঽভ্যর্চিতো মণিঃ॥
১২। স যাচিতো মণিং ক্বাপি যদুরাজায় শৌরিণা। নৈবার্থকামুকঃ প্রাদাদ্‌যাচ্ঞাভঙ্গমতর্কয়ন্॥
১৩। তমেকদা মণিং কণ্ঠে প্রতিমুচ্য মহাপ্রভম্। প্রসেনো হয়মারুহ্য মৃগয়াং ব্যচরদ্বনে॥
১৪। প্রসেনং সহয়ং হত্বা মণিমাচ্ছিদ্য কেশরী। গিরিং বিশন্ জাম্ববতা নিহতো মণিমিচ্ছতা॥
১৫। সোঽপি চক্রে কুমারস্য মণিং ক্রীড়নকং বিলে। অপশ্যন্ ভ্রাতরং ভ্রাতা সত্রাজিৎ পর্য্যতপ্যত॥
১৬। প্রায়ঃ কৃষ্ণেন নিহতো মণিগ্রীবো বনং গতঃ। ভ্রাতা মমেতি তচ্ছ্রুত্বা কর্ণে কর্ণেঽজপন্ জনাঃ॥
১৭। ভগবাংস্তদুপশ্রুত্য দুর্যশো লিপ্তমাত্মনি। মার্ষ্টুং প্রসেনপদবীমন্বপদ্যত নাগরৈঃ॥

দ্যূত-কেলি করেন আপনে ভগবান্।
ধাঞা গিয়া সর্ব্বলোক কহে বিদ্যমান॥

৬ 'নমো নারায়ণ! শঙ্খ-চক্র-গদাধর!
অরবিন্দ-লোচন, গোবিন্দ, দামোদর!

৭ নিকটে আসিয়া সূর্য্য দিলা দরশন।
তোমারে দেখিতে হৈল সূর্য্য-আগমন॥

৮ দেবগণ তোমারে দেখিতে বাঞ্ছা করে'।
ধরিয়া গোপত-বেশ আছ যদুকুলে॥'

৯ শুনিঞা লোকের বাণী হাসে নারায়ণ।
'তুমি সব তা'র কিছু না জান' মরম॥

১০ মণি লঞা সত্রাজিত যায় নিজঘরে।
স্যমন্তক-মণি তা'রে দিলা দিবাকরে॥

সত্রাজিত নিজপুরে কৈলা পরবেশ।
আনন্দ-উৎসব কৈলা মঙ্গল-বিশেষ॥

দেবঘরে মণি লঞা স্থাপিল ব্রাহ্মণে।
১১ অষ্টভার কাঞ্চন প্রসবে দিনে-দিনে॥

দুর্ভিক্ষ, অরিষ্ট, সর্প, আধি-ব্যাধি, ভয়।
সে মণি যথাতে থাকে, গ্রহপীড়া নয়॥

১২ একদিন কৃষ্ণ মণি মাগিলা আপনে।
রাজারে দিবার তরে সত্রাজিত-স্থানে॥

সত্রাজিত না দিলা ধনের লোভে মণি।
পুনরপি কিছু না বলিলা চক্রপাণি॥

১৩ প্রসেন-নামেতে সত্রাজিত-সহোদর।
মৃগয়া করিতে গেল বনের ভিতর॥

১৪ মণি কণ্ঠে ধরি', অশ্বে আরোহণ করি'।
ঘোড়া-সহ বনে তা'রে মারিল কেশরী॥

প্রসেন মারিয়া সিংহ মণি লঞা যায়।
হেনকালে জাম্ববান্ তা'র লাগ পায়॥

সিংহ মারি' মণি লঞা গেলা জাম্ববান্।
১৫ সুড়ঙ্গে প্রবেশ কৈলা বীরের প্রধান॥

ছাওয়ালে খেলিতে দিল সেই মণি লঞা।
সত্রাজিত মনে চিন্তে ভাই না দেখিয়া॥

১৬ 'অন্য কেহ নাহি বধে মোর সহোদর।
প্রসেন বধিয়া মণি নিলা গদাধর॥'

এই কথা সর্ব্বলোক জপে কাণে-কাণে।
১৭ আপনার নিন্দা কৃষ্ণ শুনিলা আপনে॥

১৮। হতং প্রসেনমশ্বঞ্চ বীক্ষ্য কেশরিণা বনে। তঞ্চাদ্রিপৃষ্ঠে নিহতমৃক্ষেণ দদৃশুর্জনাঃ॥
১৯। ঋক্ষরাজবিলং ভীমমন্ধেন তমসাবৃতম্। একো বিবেশ ভগবানবস্থাপ্য বহিঃ প্রজাঃ॥
২০। তত্র দৃষ্ট্বা মণিশ্রেষ্ঠং বালক্রীড়নকং কৃতম্। হর্ত্তুং কৃতমতিস্তস্মিন্নবতস্থেঽর্ভকান্তিকে॥
২১। তমপূর্ব্বং নরং দৃষ্ট্বা ধাত্রী চুক্রোশ ভীতবৎ। তচ্ছ্রুত্বাভ্যদ্রবৎ ক্রুদ্ধো জাম্ববান্ বলিনাং বরঃ॥
২২। স বৈ ভগবতা তেন যুযুধে স্বামিনাত্মনঃ। পুরুষং প্রাকৃতং মত্বা কুপিতো নানুভাববিৎ॥
২৩। দ্বন্দ্বযুদ্ধং সুতুমুলমুভয়োর্বিজিগীষতোঃ। আয়ুধাশ্মদ্রুমৈর্দোর্ভিঃ ক্রব্যার্থে শ্যেনয়োরিব॥
২৪। আসীত্তদষ্টাবিংশাহমিতরেতরমুষ্টিভিঃ। বজ্রনিষ্পেষপরুষৈরবিশ্রমমহর্নিশম্॥
২৫। কৃষ্ণমুষ্টিবিনিষ্পাতনিষ্পিষ্টাঙ্গোরুবন্ধনঃ। ক্ষীণসত্ত্বঃ স্বিন্নগাত্রস্তমাহাতীব বিস্মিতঃ॥
২৬। জানে ত্বাং সর্ব্বভূতানাং প্রাণ ওজঃ সহো বলম্। বিষ্ণুং পুরাণপুরুষং প্রভবিষ্ণুমধীশ্বরম্॥
২৭। ত্বং হি বিশ্বসৃজাং স্রষ্টা স্বষ্টানামপি যচ্চ সৎ।
কালঃ কলয়তামীশঃ পর আত্মা তথাত্মনাম্॥

করিবারে চাহে কৃষ্ণ দুর্যশ খণ্ডন।
চলিলা বিবিধ সৈন্য করিয়া সাজন॥

১৮ প্রসেনের পথে গেলা সেই অনুসারে।
প্রসেন পড়িয়া আছে বনের ভিতরে॥

প্রসেনে মারিয়া সিংহ লঞা গেল মণি।
সগণে চলিলা কৃষ্ণ তা'র তত্ত্ব জানি'॥

বনে-বনে যায় কৃষ্ণ সিংহ-অনুসারে।
মরা সিংহ পড়ি' আছে পর্ব্বত-শিখরে॥

সিংহ মারি' মণি লঞা গেলা জাম্ববান্।
জানিলা সকল তত্ত্ব প্রভু ভগবান্॥

১৯ বাহিরে সকল সৈন্য থুঞা হৃষীকেশ।
সুড়ঙ্গ-ভিতরে তবে কৈলা পরবেশ॥

পাতালে প্রবেশ কৈলা প্রভু যদুরায়।
২০ রাজপুরে মণি লঞা ছাওয়াল খেলায়॥

প্রভু মনে কৈলা যদি মণি হরিবারে।
২১ ধাত্রীমাতা দেখিয়া ডাকিল উচ্চস্বরে॥

এ-বোল শুনিঞা ক্রোধ কৈল জাম্ববান্।
সত্বরে চলিয়া গেল কৃষ্ণ-সন্নিধান॥

২২ দেখিয়া মানুষ-বেশ কৈল অবজ্ঞান।
যুঝিবার তরে তবে হৈল আগুয়ান॥

২৩ দুই বীরে বাজিল সমর ঘোরতর।
অস্ত্রে-অস্ত্রে কাটাকাটি মহাভয়ঙ্কর॥

গাছ পাথরেতে যুদ্ধ, খড়্গে কাটাকাটি।
শূল-ত্রিশূলের রণ, বাণ-ছুটাছুটি॥

২৪-২৫ বুকে বুকে ঠেলাঠেলি, মুষ্টির প্রহার।
বাহে বাহে জড়াজড়ি, আহব বিশাল॥

অষ্টাবিংশ দিন ধরি' আছিল সংগ্রাম।
রজনী-দিবস নাহি তিলেক বিশ্রাম॥

লীলায় যুঝয়ে হরি, নাহি পরিশ্রম।
দিনে-দিনে জাম্ববান্ হৈল অবসন্ন॥

বজ্রসম মারে কৃষ্ণ মুষ্টির প্রহার।
সন্ধিবন্ধ ছিণ্ডি' যায়, দেখে অন্ধকার॥

শ্রমজলে পূরিল সকল কলেবর।
যুঝিতে না পারে বীর, হৈল হতবল॥

২৬ তবে বীর জানিলা—সাক্ষাত ভগবান্।
'মোর সনে যুঝিতে অন্যের কোন্ প্রাণ?

জানিলুঁ—সাক্ষাত তুমি বিষ্ণু সুরপতি।
পুরাণ-পুরুষ তুমি, ত্রিজগত-গতি॥

প্রাণ, বল, তেজ, বীর্য্য—সকল তোমার।
আপনে সৃজিয়া কর' আপনে সংহার॥

২৭ ব্রহ্মা-আদি সুরে কর' আপনে সৃজন।
আপনে সংহার কর', আপনে পালন॥

২৮। যস্যেষদুৎকলিতরোষকটাক্ষমোক্ষৈ,-র্বর্ত্মাদিশৎ ক্ষুভিতনক্রতিমিঙ্গিলোঽব্ধিঃ।
সেতুঃ কৃতঃ স্বযশ উজ্জ্বলিতা চ লঙ্কা, রক্ষঃশিরাংসি ভুবি পেতুরিষুক্ষতানি॥
২৯। ইতি বিজ্ঞাতবিজ্ঞানমৃক্ষরাজানমচ্যুতঃ। ব্যাজহার মহারাজ! ভগবান্ দেবকীসুতঃ॥
৩০। অভিমৃশ্যারবিন্দাক্ষঃ পাণিনা শঙ্করেণ তম্। কৃপয়া পরয়া ভক্তং মেঘগম্ভীরয়া গিরা॥
৩১। মণিহেতোরিহ প্রাপ্তা বয়মৃক্ষপতে! বিলম্। মিথ্যাভিশাপং প্রমৃজন্নাত্মনো মণিনামুনা॥
৩২। ইত্যুক্তঃ স্বাং দুহিতরং কন্যাং জাম্ববতীং মুদা। অর্হণার্থং স মণিনা কৃষ্ণায়োপজহার হ॥
৩৩। অদৃষ্ট্বা নির্গমং শৌরেঃ প্রবিষ্টস্য বিলং জনাঃ। প্রতীক্ষ্য দ্বাদশাহানি দুঃখিতাঃ স্বপুরং যযুঃ॥
৩৪। নিশম্য দেবকী দেবী রুক্মিণ্যানকদুন্দুভিঃ। সুহৃদো জ্ঞাতয়োঽশোচন্ বিলাৎ কৃষ্ণমনির্গতম্॥
৩৫। সত্রাজিতং শপন্তস্তে দুঃখিতা দ্বারকৌকসঃ। উপতস্থুশ্চন্দ্রভাগাং দুর্গাং কৃষ্ণোপলব্ধয়ে॥
৩৬। তেষান্তু দেব্যুপস্থানাৎ প্রত্যাদিষ্টাশিষা স চ। প্রাদুর্বভূব সিদ্ধার্থঃ সদারো হর্ষয়ন্ হরিঃ॥
৩৭। উপলভ্য হৃষীকেশং মৃতং পুনরিবাগতম্। সহ পত্ন্যা মণিগ্রীবং সর্ব্বে জাতমহোৎসবাঃ॥
৩৮। সত্রাজিতং সমাহূয় সভায়াং রাজসন্নিধৌ। প্রাপ্তিঞ্চাখ্যায় ভগবান্ মণিং তস্মৈ ন্যবেদয়ৎ॥
৩৯। স চাতিব্রীড়িতো রত্নং গৃহীত্বাবাঙ্মুখস্ততঃ। অনুতপ্যমানো ভবনমগমৎ স্বেন পাপ্মনা॥

---

২৮ যাহার কিঞ্চিত ক্রোধ কটাক্ষ-পাতনে।
ভয়ে সিন্ধু পথ ছাড়ি' দিল সেইক্ষণে॥
ইচ্ছা-মাত্র হৈল সেতু-বন্ধ-নিরমাণ।
রাবণের মুণ্ড কাটি' দিলা বলিদান॥
সেই-সে জানকী-পতি—মোর প্রাণনাথ।
অশেষ-করুণাসিন্ধু দেখিলুঁ সাক্ষাত॥'

২৯ জানিলা প্রভুর তত্ত্ব যদি জাম্ববান্।
হাসিয়া উত্তর তবে দিলা ভগবান্॥

৩০ করিয়া কমল-করে অঙ্গ মারজন।
কৃপায় কি বলে' মেঘ-গম্ভীর বচন?

৩১ 'মণি-হেতু আমার এথাতে আগমন।
মিথ্যা অপযশ চাহি করিতে খণ্ডন॥'

৩২ তবে জাম্ববান্ যুক্তি কৈলা মনে-মনে।
জাম্ববতী-কন্যা আনি' কৈলা সমর্পণে॥
শুভক্ষণ করি' বীর কৈলা কন্যাদান।
কন্যার যৌতুকে দিলা রতনপ্রধান॥

৩৩ কৃষ্ণের বিলম্ব দেখি' সুড়ঙ্গ-দুয়ারে।
আছিল সকল লোক বনের ভিতরে॥
দ্বাদশ দিবস ধরি' বিলম্ব চাহিয়া।
চলিল সকল লোক দুঃখ-শোক পাঞা॥

৩৪ বসুদেব-দৈবকী-রুক্মিণী-বিদ্যমানে।
কহিল সকল লোক দ্বারকা-ভুবনে॥
সব পুরজন হৈলা শোকে অচেতন।
বিলাপ করিয়া কান্দে প্রতি জনে-জন॥

৩৫ সত্রাজিতে গালি তবে দেয় সর্ব্বলোক।
সতত আকুল হৈয়া করে' দুঃখ-শোক॥
সর্ব্বলোক মেলি' করে' দেবী-উপাসনা।

৩৬ সংকল্প করিয়া করে' দুর্গা-আরাধনা॥
হেনকালে দেব-দেব ত্রিভুবন-নাথ।
সাধিয়া সকল কাজ, কন্যা করি' সাথ॥
দ্বারকানগরে আসি' দিলা দরশন।

৩৭ দেখিয়া আনন্দ হৈলা সব পুরজন॥
ঘরে-ঘরে, পুরে-পুরে আনন্দ বাধাই।
সর্ব্বলোকে উৎসব করয়ে সর্ব্ব ঠাঞি॥

৩৮ তবে সভা করিয়া বসিলা জগন্নাথ।
সত্রাজিতে ডাক দিয়া আনিলা সাক্ষাত॥
তা'র হাতে মণি দিঞা প্রভু নারায়ণ।
আদি-হনে কহিলা সকল বিবরণ॥

৩৯ মণি পাঞা সত্রাজিত হৈলা হেঁট-মাথা।
লাজে কিছু না বলিলা মনে পাঞা ব্যথা॥

৪০। সোঽনুধ্যায়ংস্তদেবাঘং বলবদ্বিগ্রহাকুলঃ। কথং মুজাম্যাত্মরজঃ প্রসীদেদ্বাচ্যুতঃ কথম্?
৪১। কিং কৃত্বা সাধু মহ্যং স্যান্ন শপেদ্ধা জনো যথা। অদীর্ঘদর্শনং ক্ষুদ্রং মূঢ়ং দ্রবিণলোলুপম্?
৪২। দাস্যে দুহিতরং তস্মৈ স্ত্রীরত্নং রত্নমেব চ। উপায়োঽয়ং সমীচীনস্তস্য শান্তির্ন চান্যথা॥
৪৩। এবং ব্যবসিতো বুদ্ধ্যা সত্রাজিৎ স্বসুতাং শুভাম্। মণিঞ্চ স্বয়মুদ্যম্য কৃষ্ণায়োপজহার হ॥
৪৪। তাং সত্যভামাং ভগবানুপযেমে যথাবিধি। বহুভির্যাচিতাং শীল-রূপৌদার্য্যগুণান্বিতাম্॥
৪৫। ভগবানাহ ন মণিং প্রতীচ্ছামো বয়ং নৃপ! তবাস্তাং দেবভক্তস্য বয়ঞ্চ ফলভাগিনঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে স্যমন্তকোপাখ্যানে ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৬॥

মণি লঞা সত্রাজিত গেল নিজ-ঘরে।
৪০-৪১ শোকেতে ব্যাকুল হঞা চিন্তে নিরন্তরে॥
'ঈশ্বরের সনে মোর জন্মিল বিবাদ।
কিরূপে খণ্ডিবে মোর হেন অপরাধ?
কোন্ কর্ম্মে প্রসন্নতা হইবে শ্রীহরি?
কোন্ কর্ম্ম কৈলে লোকে নাহি দেয় গালি?
ধনলোভী মুঞি, মূঢ় অতি অগেয়ান।
কোন্ কর্ম্ম করিয়া তুষিব ভগবান্?
৪২ সভে মোর আছে এক এই সে উপায়।
কন্যা দিলে যদি তুষ্ট হয়ে যদুরায়॥'
৪৩ এতেক চিন্তিয়া কন্যা লঞা সত্রাজিত।
গোবিন্দ-চরণে কন্যা কৈলা সমর্পিত॥
মণি-সহে কন্যা দিয়া কৈলা পরিহার।
'মোর অপরাধ, নাথ! ক্ষেম' একবার॥'
৪৪ কন্যা লৈলা কৃষ্ণ তা'র, না লইলা মণি।
সত্যভামা বিভা কৈলা প্রভু চক্রপাণি॥
৪৫ 'না নিব তোমার মণি, লঞা চল ঘর।
থাকুক সূর্য্যের মণি তোমার গোচর॥
ফলভাগী আমি সব, চিন্তা পরিহর।
সূর্য্য-ভক্ত তুমি, মণি লঞা চল ঘর॥'
সন্তোষ করিয়া পাঠাইলা সত্রাজিত।
দেখিয়া সকল লোক হৈলা আনন্দিত॥
সত্যভামা বিভা করি' প্রভু হৃষীকেশ।
আনন্দ-মঙ্গলে কৈলা পুর-পরবেশ॥"

ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরসগান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৬॥

সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। বিজ্ঞাতার্থোঽপি গোবিন্দো দগ্ধানাকর্ণ্য পাণ্ডবান্।
কুন্তীঞ্চ কুল্যকরণে সহরামো যযৌ কুরূন্॥

[গান্ধার-রাগ]

১ মুনি বলে',—"কহি আর অদভুত কথা।
সাবধানে শুন, রাজা! কৃষ্ণ-গুণ-গাথা॥
সর্ব্বতত্ত্ব জানেন সর্ব্বজ্ঞ-চূড়ামণি।
তভু নানা নাট করে' প্রভু চক্রপাণি॥
যুধিষ্ঠির-আদি করি' পঞ্চ সহোদর।
জউঘরে পুড়ি' মৈলা—শুনি' গদাধর॥
কুল-ব্যবহার হরি করিবার তরে।
চলিলা হস্তিনাপুরে দুই সহোদরে॥

২। ভীষ্মং কৃপং সবিদুরং গান্ধারীং দ্রোণমেব চ। তুল্যদুঃখৌ চ সঙ্গম্য হা কষ্টমিতি হোচতুঃ॥
৩। লব্ধ্বা তদন্তরং রাজন্! শতধন্বানমূচতুঃ। অক্রূরকৃতবর্ম্মাণৌ মণিঃ কস্মান্ন গৃহ্যতে?
৪। যোঽস্মভ্যং সম্প্রতিশ্রুত্য কন্যারত্নং বিগর্হ্য নঃ। কৃষ্ণায়াদান্ন সত্রাজিৎ কস্মাদ্ভ্রাতরমন্বিয়াৎ?
৫। এবং ভিন্নমতিস্তাভ্যাং সত্রাজিতমসত্তমঃ। শয়ানমবধীল্লোভাৎ স পাপঃ ক্ষীণজীবিতঃ॥
৬। স্ত্রীণাং বিক্রোশমানানাং ক্রন্দন্তীনামনাথবৎ। হত্বা পশূন্ শৌনিকবন্মণিমাদায় জগ্মিবান্॥
৭। সত্যভামা চ পিতরং হতং বীক্ষ্য শুচার্পিতা। ব্যলপৎ তাত তাতেতি হা হতাস্মীতি মুহুর্মুহুঃ॥
৮। তৈলদ্রোণ্যাং মৃতং প্রাস্য জগাম গজসাহ্বয়ম্। কৃষ্ণায় বিদিতার্থায় তপ্তাশ্চখ্যৌ পিতুর্বধম্॥
৯। তদাকর্ণ্যেশ্বরৌ রাজন্নন্বস্য নৃলোকতাম্। অহো নঃ পরমং কষ্টমিত্যব্রাক্ষৌ বিলেপতুঃ॥
১০। আগত্য ভগবাংস্তস্মাৎ সভার্য্যঃ সাগ্রজঃ পুরম্। শতধন্বানমারেভে হন্তুং হর্ত্তুং মণিং ততঃ॥
১১। সোঽপি কৃষ্ণোদ্যমং জ্ঞাত্বা ভীতঃ প্রাণপরীপ্সয়া। সাহায্যে কৃতবর্ম্মাণমযাচত স চাব্রবীৎ॥
১২। নাহমীশ্বরয়োঃ কুর্য্যাং হেলনং রামকৃষ্ণয়োঃ। কো নু ক্ষেমায় কল্পেত তয়োর্বর্জিনমাচরন্?

---

২ ভীষ্ম-দ্রোণ-কৃপাচার্য্য ভেল দরশন।
বিদুর-গান্ধারী-সহে হৈল সম্ভাষণ॥
সকল বান্ধবগণে একত্র মিলিয়া।
নানা দুঃখ-শোক কৈল বিষাদ ভাবিয়া॥
ইষ্ট-মিত্র-সম্ভাষণ-কথা-অনুসারে।
কথোদিন রহিলা বান্ধবগণ-মেলে॥

৩ হেনকালে কৃতবর্ম্মা-অক্রূর মিলিয়া।
দুইজনে শতধন্বা আনিল ডাকিয়া॥
কহিল তাহারে দুঁহে মন্ত্রণাবচন।
এখনে না লহ মণি হরি' কি কারণ?

৪ প্রতিজ্ঞা করিয়া আমা-সভা-বিদ্যমান।
তবে লঞা করে' কৃষ্ণে কন্যা সম্প্রদান॥
সত্রাজিতে পাঠাহ ভাইর অনুসারে।
মণি হরি' আন গিয়া এই অবসরে॥'

৫ কৃতবর্ম্মা-অক্রূরের শুনিঞা উত্তর।
খড়্গ লঞা শতধন্বা চলিল সত্বর॥
সত্রাজিতে নিদ্রায় বধি' দুষ্টমতি।

৬ মণি লঞা দুরাচার গেল শীঘ্রগতি॥
বিলাপ করিয়া কান্দে যত নারীগণ।

৭ সত্যভামাদেবী শুনে বাপের মরণ॥
মরা বাপ দেখি' পাই' বিস্তর সন্তাপ।
'হা তাত! হা তাত!' করি' করয়ে বিলাপ॥
কাকুবাদ করি' দেবী কান্দিলা বিস্তর।

৮ তৈলদ্রোণে ধরিয়া বাপের কলেবর॥
চলিলা হস্তিনাপুরে কৃষ্ণ-বিদ্যমানে।
বাপের মরণ-কথা কৈলা নিবেদনে॥

৯ সত্রাজিত-বধ শুনি' রাম-দামোদর।
বিলাপ করিয়া দুঁহে কান্দিলা বিস্তর॥
নরবেশ ধরি' হরি করে' নর-লীলা।
বিবিধ কৌতুক করি' করে' নানা-খেলা॥
অনিত্য সংসার, ছলে জগতে বুঝায়।
সঙ্গদোষে সর্ব্বলোক সুখ-দুঃখ পায়॥

১০ তবে রাম, কৃষ্ণ, সত্যভামা—তিনজনে।
দ্বারকা চলিয়া গেলা ত্বরিত-গমনে॥
কোন্ যুক্তি করে' তবে প্রভু চক্রপাণি?
'শতধন্বা মারিয়া হরিয়া নিব মণি॥'

১১ এ-বোল শুনিঞা শতধন্বা দুরাচার।
পরাণে কাতর হঞা চিন্তে প্রতিকার॥
কৃতবর্ম্মা-স্থানে গিয়া কৈল নিবেদন।
'আমার সহায় হঞা রাখহ জীবন॥'

১২ কৃতবর্ম্মা বলে',—'ইহা না হয় উচিত।
ঈশ্বরের সহে কেনে করিব দুরিত?
তাঁ'র সনে বিবাদ করিব কোন্ জন?
কেবা নাহি মরে করি' ঈশ্বর-লঙ্ঘন?

১৩। কংসঃ সহানুগোঽপীতো যদ্দ্বেষাত্ত্যাজিতঃ শ্রিয়া। জরাসন্ধঃ সপ্তদশ-সংযুগাদ্‌বিরথো গতঃ॥
১৪। প্রত্যাখ্যাতঃ স চাক্রূরং পাঞ্চিগ্রাহমযাচত। সোঽপ্যাহ কো বিরুধ্যেত বিদ্বানীশ্বরয়োর্বলম্?
১৫। য ইদং লীলয়া বিশ্বং সৃজত্যবতি হন্তি চ। চেষ্টাং বিশ্বসৃজো যস্য ন বিদুর্মোহিতাজয়া॥
১৬। যঃ সপ্তহায়নঃ শৈলমুৎপাট্যৈকেন পাণিনা। দধার লীলয়া বাল উচ্ছিলীন্ধ্রমিবার্ভকঃ॥
১৭। নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়াদ্ভুতকর্ম্মণে। অনন্তায়াদিভূতায় কূটস্থায়াত্মনে নমঃ॥
১৮। প্রত্যাখ্যাতঃ স তেনাপি শতধন্বা মহামণিম্। তস্মিন্ ন্যস্যাশ্বমারুহ্য শতযোজনগং যযৌ॥
১৯। গরুড়ধ্বজমারুহ্য রথং রাম-জনার্দ্দনৌ। অন্বয়াতাং মহাবেগৈরশ্বৈ রাজন্! গুরুদ্রুহম্॥
২০। মিথিলায়ামুপবনে বিসৃজ্য পতিতং হয়ম্। পদ্ভ্যামধাবৎ সন্ত্রস্তঃ কৃষ্ণোঽপ্যন্বদ্রবদ্রুষা॥
২১। পদাতের্ভগবাংস্তস্য পদাতিস্তিগ্মনেমিনা। চক্রেণ শির উৎকৃত্য বাসসোর্ব্যচিনোন্মণিম্॥
২২। অলব্ধমণিরাগত্য কৃষ্ণ আহাগ্রজান্তিকম্। বৃথা হতঃ শতধনুর্মণিস্তত্র ন বিদ্যতে॥
২৩। তত আহ বলো নূনং স মণিঃ শতধন্বনা। কস্মিংশ্চিৎ পুরুষে ন্যস্তস্তমন্বেষ পুরং ব্রজ॥
২৪। অহং বৈদেহমিচ্ছামি দ্রষ্টুং প্রিয়তমং মম। ইত্যুক্ত্বা মিথিলাং রাজন্! বিবেশ যদুনন্দনঃ॥

---

১৩ যাঁ'র দ্বেষ করি' কংস হারায় পরাণ।
জরাসন্ধ হঞা কত হারিল সংগ্রাম॥
তাঁ'র সহ আমি কেনে করিব বিবাদ?
কোটি কল্পে না ঘুচে ঈশ্বর-অপরাধ॥'

১৪ তবে অক্রূরের ঠাঞি কৈল নিবেদন।
শুনিয়া অক্রূর তবে কি বোলে বচন?
'হরি হরি, হেন বাণী কহিতে যুয়ায়?
ঈশ্বরের সনে কেবা বিবাদ বাঢ়ায়?

১৫ সৃষ্টি-স্থিতি-প্রলয় লীলায় হয়ে যাঁ'র।
যাঁ'র মায়া ব্রহ্মা নাহি পারে জানিবার॥

১৬ সপ্ত বৎসরের শিশু পর্ব্বত তুলিয়া।
সপ্ত দিন রহে এক হস্তে ত' ধরিয়া॥
ছাওয়াল তুলিয়া যেন তোলে ছাতিয়ানা।
তা'র সনে বিবাদ করিব কোন্ জনা?

১৭ সে দেব-চরণে মোর রহু নমস্কার।
অনন্ত-ব্রহ্মাণ্ডপতি, অনন্ত-বিহার॥'

১৮ তবে শতধন্বা বীর কোন্ কর্ম্ম কৈল?
অক্রূরের স্থানে লঞা মণি সমর্পিল॥
শতেক যোজনগামী ঘোড়ায় চড়িয়া।
যায় শতধন্বা বীর ত্বরিতে পলাঞা॥

১৯ গরুড়-লাঞ্ছন রথে করি' আরোহণ।
তা'র পাছে ধাঞা যায় রাম-জনার্দ্দন॥
মনোজব চারি ঘোড়া শীঘ্রগতি যাঁ'র।
রথখান চলে যেন পবন-সঞ্চার॥

২০ শতধন্বা গেল যদি শতেক-প্রহর।
ঘোড়া পড়ি' মৈল তবে বনের ভিতর॥
মিথিলার উপবনে ঘোড়াকে তেজিয়া।
হাঁটিয়া পলায় বনে মনে ভয় পাঞা॥

২১ খরতর মহাচক্র নিজকরে ধরি'।
রথ হনে আপনি নাম্বিলা শ্রীহরি॥
চক্রে শির কাটিয়া বসন বিচারিল।
বস্ত্রের ভিতরে তা'র মণি না পাইল॥

২২ তবে কৃষ্ণ গিয়া কহে বলভদ্র-স্থানে।
'মিথ্যা কার্য্যে শতধন্বা বধিলুঁ পরাণে॥

২৩ মণি তা'র স্থানে নাহি, চাহিলুঁ বিচারি'।'
তবে রাম কহিলা কিঞ্চিৎ ক্রোধ করি'॥
'না জানি, কাহার স্থানে মণিরাজ থুঞা।
শতধন্বা আইল এথা মনে ভয় পাঞা॥
তথা গিয়া মণি চাহ, যাহ নিজপুরে।

২৪ আমি কথোদিন রহি' বিদেহ-নগরে॥

২৫। তং দৃষ্ট্বা সহসোত্থায় মৈথিলঃ প্রীতমানসঃ। অর্হয়ামাস বিধিবদর্হণীয়ং সমর্হণৈঃ ॥
২৬। উবাস তস্যাং কতিচিন্মিথিলায়াং সমা বিভুঃ। মানিতঃ প্রীতিযুক্তেন জনকেন মহাত্মনা।
ততোঽশিক্ষদ্গদাং কালে ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ ॥
২৭। কেশবো দ্বারকামেত্য নিধনং শতধন্বনঃ। অপ্রাপ্তিঞ্চ মণেঃ প্রাহ প্রিয়ায়াঃ প্রিয়কৃদ্বিভুঃ ॥
২৮। ততঃ স কারয়ামাস ক্রিয়া বন্ধোর্হতস্য বৈ। সাকং সুহৃদ্ভির্ভগবান্ যা যাঃ স্যুঃ সাম্পরায়িকীঃ ॥
২৯। অক্রূরঃ কৃতবর্ম্মা চ শ্রুত্বা শতধনোর্বধম্। ব্যুষতুর্ভয়বিত্রস্তৌ দ্বারকায়াঃ প্রযোজকৌ ॥
৩০। অক্রূরে প্রোষিতেঽরিষ্টান্যাসন্ বৈ দ্বারকৌকসাম্। শারীরা মানসাস্তাপা মুহুর্দৈবিকভৌতিকাঃ ॥
৩১। ইত্যঙ্গোপদিশন্ত্যেকে বিস্মৃত্য প্রাগুদাহৃতম্। মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনম্ ?
৩২। দেবেঽবর্ষতি কাশীশঃ শ্বফল্কায়াগতায় বৈ। স্বসুতাং গান্দিনীং প্রাদাত্ততোঽবর্ষৎ স্ম কাশিষু ॥
৩৩। তৎসুতস্তৎপ্রভাবোঽসাবক্রূরো যত্র যত্র হ। দেবোঽভিবর্ষতে তত্র নোপতাপা ন মারিকাঃ ॥
৩৪। ইতি বৃদ্ধবচঃ শ্রুত্বা নৈতাবদিহ কারণম্। ইতি মত্বা সমানায্য প্রাহাক্রূরং জনার্দ্দনঃ ॥

দেখিতে আমার ইচ্ছা মিথিলা-নগরী।
তুমি রথে চড়ি', কৃষ্ণ! যাহ নিজপুরী ॥
এতেক বচন কহি' হলধর রায়।
মিথিলা প্রবেশ করি' রাজপুরে যায় ॥

২৫ দেখিয়া জনক-রাজা হরষিত মনে।
পাদ্য-অর্ঘ্য দিয়া রামে পূজিলা বিধানে ॥
দিব্য গন্ধ-মাল্য দিয়া বসন-ভূষণ।
পূজিলা জনক-রাজা রামের চরণ ॥

২৬ কথোদিন তথাতে রহিলা বলরাম।
জনকের পীরিতি করিলা অবিরাম ॥
তবে সুযোধন গেলা মিথিলানগরে।
পূজিলা জনক-রাজা পরম-আদরে ॥
গদা-শিক্ষা কৈলা রাজা বলভদ্র-স্থানে ॥
কৌতুকে রহিলা রাম ইষ্ট-সম্ভাষণে ॥

২৭ কৃষ্ণ উত্তরিলা গিয়া দ্বারকা-ভুবনে।
কহিলা সকল কথা লোক-বিদ্যমানে ॥
সত্যভামা-দেবী সম্ভাষিয়া যদুবর।

২৮ পোড়াইলা নিঞা সত্রাজিত-কলেবর ॥
বন্ধুগণ দিয়া পরলোকে সমুচিত।
করায় সকল কর্ম্ম বিধানবিহিত ॥

২৯ শতধন্বা বধ কৈলা প্রভু চক্রপাণি।
কৃতবর্ম্মা, অক্রূরে শুনিল হেন বাণী ॥
ভয় পাঞা তা'রা পালাইল দুইজনে।
দ্বারকা ছাড়িয়া গেল ত্বরিত-গমনে ॥

৩০ হেনকালে দ্বারকাতে হইল উতপাত।
ভূমিকম্প, দুর্ভিক্ষ, অরিষ্ট, বজ্রপাত ॥
দ্বারকা তেজিয়া যদি অক্রূর চলিল।
বহুবিধ উতপাত দ্বারকায় হৈল ॥

৩১ না জানিঞা কহে কেহো, হেন মনে গণে।
তা'রা সব কৃষ্ণের মহিমা নাহি জানে' ॥
যাঁ'র নাম-শ্রবণে অশেষ বিঘ্ন হরে'।
হেন প্রভু বৈসে যথা যোগ-যোগেশ্বরে ॥
হেন কি তাহাতে ঘটে অরিষ্ট-সঞ্চার ?
না বুঝিয়া কেহ কেহ করে' অঙ্গীকার ॥

৩২ 'অনাবৃষ্টি পূরবে আছিল কাশীপুরে।
শ্বফল্ক আনিঞা কন্যা দিল কাশীশ্বরে ॥
তবে কাশীপুরে হৈল মেঘ-বরিষণ।

৩৩ তা'র পুত্র অক্রূর বৈষ্ণব-মহাজন ॥
যথাতে অক্রূর থাকে, নাহি উতপাত।
দুর্ভিক্ষ অরিষ্ট নহে, না হয় নির্ঘাত ॥'
এইরূপে বৃদ্ধগণে বলে' অনুক্ষণ।
পরমার্থ নহে কিছু সে-সব বচন ॥

৩৪ বৃদ্ধগণ-বচন শুনিঞা যদুরায়।
যতন করিয়া তবে অক্রূরে আনায় ॥

৩৫। পূজয়িত্বাভিভাষ্যৈনং কথয়িত্বা প্রিয়াঃ কথাঃ। বিজ্ঞাতাখিলচিত্তজ্ঞঃ স্ময়মান উবাচ হ ॥
৩৬। নন্বু দানপতে! ন্যস্তস্ত্বয়াস্তে শতধন্বনা। স্যমন্তকো মণিঃ শ্রীমান্ বিদিতঃ পূর্ব্বমেব নঃ?
৩৭। সত্রাজিতোঽনপত্যত্বাদ্‌গৃহীয়ুর্দুহিতুঃ সুতাঃ। দায়ং নিনীয়াপঃ পিণ্ডান্ বিমুচ্যর্ণঞ্চ শেষিতম্ ॥
৩৮। তথাপি দুর্দ্ধরস্ত্বন্যৈস্ত্বয্যাস্তাং সুব্রতে মণিঃ। কিন্তু মামগ্রজঃ সম্যঙ্ ন প্রত্যেতি মণিং প্রতি ॥
৩৯। দর্শয়স্ব মহাভাগ! বন্ধূনাং শান্তিমাবহ। অব্যুচ্ছিন্না মখাস্তেঽদ্য বর্ত্তন্তে রুক্মবেদয়ঃ ॥
৪০। এবং সামভিরালব্ধঃ শ্বফল্কতনয়ো মণিম্। আদায় বাসসাচ্ছন্নং দদৌ সূর্য্যসমপ্রভম্ ॥
৪১। স্যমন্তকং দর্শয়িত্বা জ্ঞাতিভ্যো রজ আত্মনঃ। বিমৃজ্য মণিনা ভূয়স্তস্মৈ প্রত্যর্পয়ৎ প্রভুঃ ॥
৪২। যস্ত্বেতদ্ভগবত ঈশ্বরস্য বিষ্ণো,-বীর্য্যাঢ্যং বৃজিনহরং সুমঙ্গলঞ্চ।
আখ্যানং পঠতি শৃণোত্যনুস্মরেদ্বা, দুষ্কীর্ত্তিং দুরিতমপোহ্য যাতি শান্তিম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে স্যমন্তকোপাখ্যানে সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৭ ॥

---

৩৫ তবে অক্রূরের সনে করি' সম্ভাষণে।
কুশল জিজ্ঞাসা কৈলা বিনয়-বচনে ॥
হাথাহাথি করিয়া কহিলা প্রিয়-কথা।
জানিঞাহ জিজ্ঞাসিলা সর্ব্ব-চিত্তজ্ঞাতা ॥

৩৬ 'শতধন্বা মণি থুইল তোমা-বিদ্যমানে।
পূরবেই আমি তাহা জানি ভাল-মনে ॥

৩৭ অনপত্য হঞা দৈবে মৈলা সত্রাজিত।
কন্যার পুত্রের হয় ন্যায় সমুচিত ॥

৩৮ তথাপি আমার তা'থে নাহি কিছু দায়।
আমার অগ্রজ ভাই প্রতীত না যায় ॥

৩৯ খসাঞা দেখাহ মণি লোক-বিদ্যমানে।
জানুক ইহার মর্ম্ম সর্ব্ব-পুরজনে ॥
কাঞ্চন-নির্ম্মিত বেদি, কাঞ্চনের ঘরে।
মণির প্রসাদে যজ্ঞ কর' নিরন্তরে ॥
হস্তে করি' সকলে দেখাহ তুমি মণি।
ভ্রাতা বলরাম যেন রহে তত্ত্ব জানি' ॥

৪০ শুনিঞা অক্রূর মনে বড় পাইলা লাজ।
কোঁচা হৈতে খসাঞা দেখায় মণিরাজ ॥
সূর্য্যসম-তেজ মণি দিলা কৃষ্ণ-হাতে।

৪১ হস্তে করি' মণি দেখাইলা জগন্নাথে ॥
আপনার অপযশ করিয়া খণ্ডনে।
পুনরপি দিলা মণি অক্রূরের স্থানে ॥
অর্থ হৈতে অনর্থ—দেখায় ভগবান্।
অর্থ হৈতে কারো কভু না হয় কল্যাণ ॥
কৃষ্ণ হৈয়া দুঃখ পাইলা অর্থের কারণে।
এ-বোল বুঝিয়া অর্থ তেজে' বুধজনে ॥
আপনে করিয়া কর্ম্ম লোকেরে বুঝায়।
অর্থের কারণে লোক এত দুঃখ পায় ॥
পুত্র হৈতে নহে কারো সুখ-উপাদান।
প্রদ্যুম্ন-হরণে দেখাইলা ভগবান্ ॥
অর্থ হৈতে অনর্থ—দেখায় মণি-ছলে।
লোক বুঝাইতে প্রভু হেন কর্ম্ম করে' ॥

৪২ অশেষ দুরিত হরে' মণি-উপাখ্যান।
কৃষ্ণের মহিমা-বীর্য্য যা'থে উপাদান ॥
শুনে বা শুনায়, যেবা করয়ে স্মরণ।
অশেষ দুরিত হরে,' দুর্যশ-খণ্ডন ॥

হরিভক্তি হয় তা'র বিষ্ণুপদে বাস।
ভাগবত-আচার্য্যের প্রবন্ধ- প্রকাশ ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৭ ॥

অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। একদা পাণ্ডবান্ দ্রষ্টুং প্রতীতান্ পুরুষোত্তমঃ। ইন্দ্রপ্রস্থং গতঃ শ্রীমান্ যুযুধানাদিভির্বৃতঃ॥
২। দৃষ্ট্বা তমাগতং পার্থা মুকুন্দমখিলেশ্বরম্। উত্তস্থুর্যুগপদ্বীরাঃ প্রাণা মুখ্যমিবাগতম্॥
৩। পরিষ্বজ্যাচ্যুতং বীরা অঙ্গসঙ্গহতৈনসঃ। সানুরাগস্মিতং বক্ত্রং বীক্ষ্য তস্য মুদং যযুঃ॥
৪। যুধিষ্ঠিরস্য ভীমস্য কৃত্বা পাদাভিবন্দনম্। ফাল্গুনং পরিরভ্যাথ যমাভ্যাং চাভিবন্দিতঃ॥
৫। পরমাসন আসীনং কৃষ্ণা কৃষ্ণমনিন্দিতা। নবোঢ়া ব্রীড়িতা কিঞ্চিচ্ছনৈরেত্যাভ্যবন্দত॥
৬। তথৈব সাত্যকিঃ পার্থৈঃ পূজিতশ্চাভিবন্দিতঃ। নিষসাদাসনেঽন্যে চ পূজিতাঃ পর্য্যুপাসত॥
৭। পৃথাং সমাগত্য কৃতাভিবাদন,-স্তয়াতিহার্দার্দ্র দৃশাভিরন্তিতঃ।
আপৃষ্টবাংস্তাং কুশলং সহস্নুষাং, পিতৃষ্বসারং পরিপৃষ্টবান্ধবঃ॥
৮। তমাহ প্রেমবৈক্লব্য-রুদ্ধকণ্ঠাশ্রুলোচনা। স্মরন্তী তান্ বহূন্ ক্লেশান্ ক্লেশাপায়াত্মদর্শনম্॥
৯। তদৈব কুশলং নোঽভূৎ সনাথাস্তে কৃতা বয়ম্।
জ্ঞাতীন্ নঃ স্মরতা কৃষ্ণ! ভ্রাতা মে প্রেষিতস্ত্বয়া॥
১০। ন তেঽস্তি স্বপরভ্রান্তিবিশ্বস্য সুহৃদাত্মনঃ। তথাপি স্মরতাং শশ্বৎ ক্লেশান্ হংসি হৃদি স্থিতঃ॥

[মল্লার-রাগ]

১ মুনি বলে,'—"অদভুত কহিব কাহিনী।
সাবধানে শুন, রাজা! কৃষ্ণ-গুণবাণী॥
পোড়া গেলা পাণ্ডব, জানিল সর্ব্বজনে।
পুনরপি আইলা তা'রা দ্রুপদ-ভবনে॥
বন্ধুগণ-সহে তথা হৈল দরশনে।
ইন্দ্রপ্রস্থে গেলা কৃষ্ণ তাহার কারণে॥
মরা পাণ্ডবের পুন আগমন শুনি'।
ইন্দ্রপ্রস্থে দেখিতে চলিলা যদুমণি॥

২ আখল-ভুবনপতি কৈলা আগমন।
বার্ত্তা পাঞা ত্বরিতে উঠিলা বীরগণ॥

৩ আগুবাড়ি' দূরে গিয়া কৈলা সম্ভাষণ।
পূজিয়া আনিলা ঘরে দিয়া আলিঙ্গন॥
অঙ্গস্পর্শে সকল দুরিত গেল দূর।
বাঢ়িল আনন্দ-রস-তরঙ্গ প্রচুর॥

৪ যুধিষ্ঠির-চরণ বন্দিয়া প্রভু হরি।
ভীমের চরণে তবে নমস্কার করি'॥
কোলাকুলি কৈলা তবে অর্জ্জুনের সহে।
বীরগণে কৃষ্ণচন্দ্র পূজিলা উৎসাহে॥
সহদেব, নকুল করিয়া পরণাম।
পূজিয়া চরণপদ্মে কৈলা প্রণিধান॥

৫ মন্দিরে বসিলা হরি কনক-আসনে।
দ্রৌপদী আসিয়া তবে কৈলা সম্ভাষণে॥

৬ সাত্যকি পূজিয়া তবে কৃষ্ণ-অনুচর।
পূজিলা সকল সৈন্য বিধান-কুশল॥

৭ কুন্তী সম্ভাষিয়া কৈলা চরণ-বন্দন।
একে একে কৈলা কৃষ্ণ ইষ্ট সম্ভাষণ॥

৮ কুন্তী কিছু কহে প্রেমে গদগদ বাণী।
পূর্ব্ব-দুঃখ সঙরিয়া চক্ষে পড়ে পানি॥

৯ 'তখনি কুশল হৈল, দুঃখ গেল দূর।
যখনে এথাতে তুমি পাঠাইলে অক্রূর॥

১০ তখনে জানিলুঁ, আছে স্মরণ তোমার।
সভার বান্ধব তুমি, পরমদয়াল॥
স্মরিলে সকল দুঃখ কর' বিমোচন।
সভার হৃদয়ে বৈস, জীবের জীবন॥'

শ্রীযুধিষ্ঠির উবাচ

১১। কিং ন আচরিতং শ্রেয়ো ন বেদাহমধীশ্বর! যোগেশ্বরাণাং দুর্দ্দর্শো যন্নো দৃষ্টঃ কুমেধসাম্॥

১২। ইতি বৈ বার্ষিকান্ মাসান্ রাজ্ঞা সোঽভ্যর্থিতঃ সুখম্।
জনয়ন্ নয়নানন্দমিন্দ্রপ্রস্থৌকসাং বিভুঃ॥

১৩। একদা রথমারুহ্য বিজয়ো বানরধ্বজম্। গাণ্ডীবং ধনুরাদায় তূণৌ চাক্ষয়সায়কৌ॥

১৪। সাকং কৃষ্ণেন সন্নদ্ধো বিহর্ত্তুং বিপিনং মহৎ। বহুব্যালমৃগাকীর্ণং প্রাবিশৎ পরবীরহা॥

১৫। তত্রাবিধ্যচ্ছরৈর্ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্।
শরভান্ গবয়ান্ খড়্গান্ হরিণান্ শশশল্লকান্॥

১৬। তান্ নিন্যুঃ কিঙ্করা রাজ্ঞে মেধ্যান্ পর্ব্বণ্যুপাগতে।
তৃট্পরীতঃ পরিশ্রান্তো বীভৎসুর্যমুনামগাৎ॥

১৭। তত্রোপস্পৃশ্য বিশদং পীত্বা বারি মহারথৌ। কৃষ্ণৌ দদৃশতুঃ কন্যাং চরন্তীং চারুদর্শনাম্॥

১৮। তামাসাদ্য বরারোহাং সুদ্বিজাং রুচিরাননাম্। পপ্রচ্ছ প্রেষিতঃ সখ্যা ফাল্গুনঃ প্রমদোত্তমাম্॥

১৯। কা ত্বং কস্যাসি সুশ্রোণি! কুতো বা কিং চিকীর্ষসি?
মন্যে ত্বাং পতিমিচ্ছন্তীং সর্ব্বং কথয় শোভনে!

শ্রীকালিন্দ্যুবাচ

২০। অহং দেবস্য সবিতুর্দুহিতা পতিমিচ্ছতী। বিষ্ণুং বরেণ্যং বরদং তপঃ পরমমাস্থিতা॥

---

১১ তবে যুধিষ্ঠির রাজা বলে' কোন্ বাণী?
'কোন্ তপ কৈলুঁ আমি, মরম না জানি॥
যোগেশ্বরগণ যাঁ'রে না পায় ধেয়ানে।
হীনমতি আমি সব দেখিলুঁ নয়নে॥'

১২ এইরূপে কৈলা রাজা স্তবন-বন্দন।
চারিমাস তথাতে রহিলা নারায়ণ॥

১৩-১৪ বানর-লাঞ্ছন-রথে চড়ি' একদিনে।
অর্জ্জুনের সনে কৃষ্ণ গেলা ঘোর বনে॥
তূণ, বাণ, গাণ্ডীব, কাছিয়া শরাসন।
অর্জ্জুন চলিলা বনে মৃগয়া-কারণ॥

১৫ বিন্ধিয়া মারিলা গণ্ডার, মহিষ, শূকর।
ব্যাঘ্র, ভল্লুক, মৃগ, গবয়, শরভ॥

১৬ যজ্ঞ-পশু লঞা গেল যত ভৃত্যগণে।
যজ্ঞকালে দিল লঞা রাজা-বিদ্যমানে॥
তৃষ্ণায় শ্রমিত হঞা দুই মহাবীর।
বায়ুবেগে রথে গেলা যমুনার তীর॥

১৭ জল পান করিয়া বসিলা দিব্যরথে।
হেনকালে দিব্য-কন্যা দেখিলা সাক্ষাতে॥

১৮ অর্জ্জুনে পাঠাঞা দিলা প্রভু যদুমণি।
'পুছ দেখি, কা'র কন্যা পরম-রমণী?
সুন্দরী, সুরূপা কন্যা, চারুদরশনা।
রমণীরতন, মহারুচির-বদনা॥'

১৯ পুছিলা অর্জ্জুন গিয়া কন্যা-বিদ্যমান।
'কা'র কন্যা, কেবা তুমি, কি তোমার নাম?
কোথা হৈতে কোথা যাহ, বৈস কোন্ স্থানে?
পতি-বাঞ্ছা কর—হেন বুঝি অনুমানে॥'

২০ এ-বোল শুনিঞা কন্যা দিলেন উত্তর।
'কহিব আপন কথা, শুন, বীরবর!
কালিন্দী আমার নাম, সূর্য্যের দুহিতা।
যমুনার জলে বসি, হঞা ব্রতযুতা॥
তপস্যা করিয়া করি কৃষ্ণ-আরাধন।
যাবত কৃষ্ণের সঙ্গে না হয় দর্শন॥

২১। নান্যং পতিং বৃণে বীর! তমৃতে শ্রীনিকেতনম্। তুষ্যতাং মে স ভগবান্ মুকুন্দোঽনাথসংশ্রয়ঃ।
২২। কালিন্দীতি সমাখ্যাতা বসামি যমুনাজলে। নির্ম্মিতে ভবনে পিত্রা যাবদচ্যুতদর্শনম্।
২৩। তথাবদদ্‌গুড়াকেশো বাসুদেবায় সোঽপি তাম্। রথমারোপ্য তদ্বিদ্বান্ ধর্ম্মরাজমুপাগমৎ॥
২৪। যদৈব কৃষ্ণঃ সন্দিষ্টঃ পার্থানাং পরমাদ্ভুতম্। কারয়ামাস নগরং বিচিত্রং বিশ্বকর্ম্মণা॥
২৫। ভগবাংস্তত্র নিবসন্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। অগ্নয়ে খাণ্ডবং দাতুমর্জ্জুনস্যাস সারথিঃ॥
২৬। সোঽগ্নিস্তুষ্টো ধনুরদাদ্ধয়ান্ শ্বেতান্ রথং নৃপ! অর্জ্জুনায়াক্ষয়ৌ তূণৌ বর্ম্ম চাভেদ্যমস্ত্রিভিঃ॥
২৭। ময়শ্চ মোচিতো বহ্নেঃ সভাং সখ্য উপাহরৎ। যস্মিন্ দুর্য্যোধনস্যাসীজ্জলস্থলদৃশি ভ্রমঃ॥
২৮। স তেন সমনুজ্ঞাতঃ সুহৃদ্ভিশ্চানুমোদিতঃ। আযযৌ দ্বারকাং ভূয়ঃ সাত্যকিপ্রমুখৈর্বৃতঃ॥
২৯। অথোপযেমে কালিন্দীং সুপুণ্যর্ক্ষে উর্জ্জিতে। বিতন্বন্ পরমানন্দং স্বানাং পরমমঙ্গলঃ॥
৩০। বিন্দানুবিন্দাবাবন্তৌ দুর্য্যোধনবশানুগৌ। স্বয়ংবরে স্ব-ভগিনীং কৃষ্ণে সক্তাং ন্যষেধতাম্॥
৩১। রাজাধিদেব্যাস্তনয়াং মিত্রবিন্দাং পিতৃষ্বসুঃ। প্রসহ্য হৃতবান্ কৃষ্ণো রাজন্! রাজ্ঞাং প্রপশ্যতাম্॥

---

২১ কৃষ্ণ-বিনে আমি বর না বরিব আন।
যতদিনে তুষ্ট হন প্রভু ভগবান্॥
২২ বাপের নির্ম্মিত ঘর জলের ভিতরে।
তথা রহি' তপ আমি করি নিরন্তরে॥'
২৩ শুনিঞা অর্জ্জুন তবে কন্যার উত্তর।
কৃষ্ণ-বিদ্যমানে গিয়া কহিলা সকল॥
কন্যা লঞা রথে তুলি' প্রভু যদুবীর।
উত্তরিলা আসি' যথা রাজা যুধিষ্ঠির॥
২৪ কহিলা সকল কথা রাজা-বিদ্যমানে।
বিশ্বকর্ম্মা আনি' কৈলা পুরী নিরমাণে॥
তবে রাজা যুধিষ্ঠির বিধানকুশল।
কন্যা আনি' থুইলা সেই পুরীর ভিতর॥
২৫ এইরূপে তথাতে আছেন যদুরায়।
দিনে-দিনে বন্ধুগণে আনন্দ বাঢ়ায়॥
ইন্দ্রের খাণ্ডব-বন খাইব হুতাশনে।
অর্জ্জুন সহায় তা'র গেলা তে-কারণে॥
কৃষ্ণ গেলা হঞা তা'র রথের সারথি।
অর্জ্জুন যুঝিলা গিয়া ইন্দ্রের সংহতি॥
২৬ খাণ্ডব পুড়িয়া তবে ভক্ষিল অনলে।
তুষ্ট হৈলা অগ্নি তবে অর্জ্জুনের তরে॥
অক্ষয়-কবচ দিলা, দিব্য তূণ-বাণ।
শ্বেত-বর্ণের ঘোড়া দিলা, ধনুক প্রধান॥
২৭ ময়-নামে দানব অছিল সেই বনে।
বনদাহে রাখিলা অর্জ্জুন বলবানে॥
দিব্য-সভা দিল ময় করিয়া নির্ম্মাণ।
অর্জ্জুন আনিঞা দিল রাজা-বিদ্যমান॥
জল-স্থল-ভ্রম যাথে পাইল দুর্য্যোধনে।
হেন সভা আনি' দিল রাজার সদনে॥
২৮ এইরূপে কথোদিন থাকিয়া শ্রীহরি।
কৌতুকে চলিলা তবে দ্বারকানগরী॥
আগুবাড়ি' কথোদূর গেলা যুধিষ্ঠির।
চৌদিগে যোগান ধরি' যায় যত বীর॥
নিজগণ-সহ কৃষ্ণ গেলা নিজপুরে।
আনন্দে পূরিল সব দ্বারকা-নগরে॥
২৯ সূর্য্যের দুহিতা বিভা কৈলা শুভক্ষণে।
উৎসবে পূরিল পুরী আনন্দ-বাজনে॥
৩০ বিন্দ-অনুবিন্দ-নামে দুই সহোদর।
অবন্তীনগরে রাজা মহাধনুর্দ্ধর॥
শিশুকাল হৈতে তা'রা ধরে কৃষ্ণদ্বেষ।
দুর্য্যোধনে রত তা'রা, তাহাতে বিশেষ॥
মিত্রবিন্দা-নামে তা'র আছিলা ভগিনী।
নিষেধ করিল কৃষ্ণে অনুরাগ শুনি'॥
৩১ রাজাধিদেবীর কন্যা—পিসাত-ভগিনী।
হরিয়া আনিঞা বিভা কৈলা চক্রপাণি॥

৩২। নগ্নজিন্নাম কৌশল্য আসীদ্রাজাতিধার্ম্মিকঃ। তস্য সত্যাভবৎ কন্যা দেবী নাগ্নজিতী নৃপ!

৩৩। ন তাং শেকুর্নৃপা বোঢ়ুমজিত্বা সপ্ত গোবৃষান্।
তীক্ষ্ণশৃঙ্গান্ সুদুর্দ্ধর্ষান্ বীরগন্ধাসহান্ খলান্॥

৩৪। তাং শ্রুত্বা বৃষজিল্লভ্যাং ভগবান্ সাত্বতাং পতিঃ। জগাম কৌশল্যপুরং সৈন্যেন মহতা বৃতঃ॥

৩৫। স কোশলপতিঃ প্রীতঃ প্রত্যুত্থানাসনাদিভিঃ। অর্হণেনাপি গুরুণা পূজয়ন্ প্রতিনন্দিতঃ॥

৩৬। বরং বিলোক্যাভিমতং সমাগতং, নরেন্দ্রকন্যা চকমে রমাপতিম্।
ভূয়াদয়ং মে পতিরাশিষোঽমলাঃ, করোতু সত্যা যদি মে ধৃতো ব্রতঃ॥

৩৭। যৎপাদপঙ্কজরজঃ শিরসা বিভর্ত্তি, শ্রীরব্জজঃ সগিরিশঃ সহ লোকপালৈঃ।
লীলাতনূঃ স্বকৃতসেতুপরীপ্সয়া যঃ, কালেঽদধৎ স ভগবান্ মম কেন তুষ্যেৎ?

৩৮। অচ্চিতং পুনরিত্যাহ নারায়ণ! জগৎপতে! আত্মানন্দেন পূর্ণস্য করবাণি কিমল্পকঃ?

শ্রীশুক উবাচ

৩৯। তমাহ ভগবান্ হৃষ্টঃ কৃতাসনপরিগ্রহঃ। মেঘগম্ভীরয়া বাচা সস্মিতং কুরুনন্দন!

শ্রীভগবানুবাচ

৪০। নরেন্দ্র-যাচ্ঞা কবিভির্বিগর্হিতা, রাজন্যবন্ধোর্নিজধর্ম্মবর্ত্তিনঃ।
তথাপি যাচে তব সৌহৃদেচ্ছয়া, কন্যাং ত্বদীয়াং ন হি শুল্কদা বয়ম্॥

---

৩২ কোশলপুরের রাজা, নামে নগ্নজিত।
পরম-ধার্ম্মিক রাজা, জ্ঞানে সুপণ্ডিত॥
সত্যা-নামে কন্যা তা'র হৈলা নাগ্নজিতী।
পরম-রূপসী কন্যা গুণ-শীলবতী॥

৩৩ সপ্ত মহাবৃষ রাজা বান্ধিলা দুয়ারে।
'সেই সে করিব বিভা, যে জিনিতে পারে'॥
তীক্ষ্ণ-ঊর্দ্ধ-শৃঙ্গ বৃষ বিষম-সন্ধান।
বীর-গন্ধ না সহে, প্রখর বলবান্॥
আসিয়া যুঝিল যত নৃপতি-সমাজ।
সবেই হারিয়া গেল মনে পাঞা লাজ॥

৩৪ এ-বোল শুনিঞা গেলা আপনে শ্রীহরি।
বীরের প্রধান সেনাপতি সঙ্গে করি'॥

৩৫ শুনিঞা কোশলপতি কৃষ্ণ-আগমন।
আগুবাড়ি' গিয়া কৈলা চরণ-বন্দন॥
পাদ্য-অর্ঘ্য দিয়া রাজা পূজিলা বিধানে।
আনিঞা বসাইলা কৃষ্ণে দিব্য-সিংহাসনে॥
নানা-উপহার দিলা করিয়া পীরিতি।
পূজিলা পদারবিন্দ করিয়া ভকতি॥

৩৬ দেখিয়া রাজার কন্যা পুরুষ-রতন।
কাম্য করি' করে' দেবী অগ্নি-আরাধন॥
'ব্রতযুক্তা যদি মুঞি হঙ তপস্বিনী।
মোর পতি হউক তবে এই চক্রপাণি॥'

৩৮ পূজিয়া কোশলপতি শ্রীহরি-চরণ।
করজোড়ে করে' কিছু আত্মনিবেদন॥
'আত্মানন্দে পরিপূর্ণ তুমি ভগবান্।
অল্পমতি কি করিব ভকতি-প্রধান?

৩৭ যাঁ'র পদরজ শিরে ধরে প্রজাপতি।
গিরীশ, সুরেশগণ কমলা, পার্ব্বতী॥
ধর্ম্ম-পরিত্রাণ-হেতু নানা-তনু ধরে।
সে প্রভু তুষিব আমি কোন্ পরকারে?'

৩৯ রাজার বচন শুনি' রাজরাজেশ্বর।
হাসিয়া দিলেন মেঘ-গম্ভীর উত্তর॥

৪০ 'ক্ষত্রিকুলে এই ধর্ম্ম না করি প্রার্থনা।
মাগিলে জগতে রহে দুর্যশ ঘোষণা॥
তথাপি তোমার কন্যা মাগি নরপতি।
তোমার সহিতে যেন বাঢ়য়ে পীরিতি॥'

শ্রীরাজোবাচ

৪১। কোঽন্যস্তেঽভ্যধিকো নাথ! কন্যাবর ইহেপ্সিতঃ। গুণৈকধাম্নো যস্যাঙ্গে শ্রীর্বসত্যনপায়িনী॥
৪২। কিন্ত্বস্মাভিঃ কৃতঃ পূর্ব্বং সময়ঃ সাত্বতর্ষভ! পুংসাং বীর্য্যপরীক্ষার্থং কন্যাবরপরীপ্সয়া॥
৪৩। সপ্তৈতে গোবৃষা বীর! দুর্দ্দান্তা দুরবগ্রহাঃ। এতৈর্ভগ্নাঃ সুবহবো ভিন্নগাত্রা নৃপাত্মজাঃ॥
৪৪। যদিমে নিগৃহীতাঃ স্যুস্ত্বয়ৈব যদুনন্দন! বরো ভবানভিমতো দুহিতুর্মে শ্রিয়ঃ পতে!
৪৫। এবং সময়মাকর্ণ্য বদ্ধা পরিকরং প্রভুঃ। আত্মানং সপ্তধা কৃত্বা ন্যগৃহ্লাল্লীলয়ৈব তান্॥
৪৬। বদ্ধা তান্ দামভিঃ শৌরির্ভগ্নদর্পান্ হতৌজসঃ। ব্যকর্ষল্লীলয়া বদ্ধান্ বালো দারুময়ান্ যথা॥
৪৭। ততঃ প্রীতঃ সুতাং রাজা দদৌ কৃষ্ণায় বিস্মিতঃ। তাং প্রত্যগৃহ্ণাদ্ভগবান্ বিধিবৎ সদৃশীং প্রভুঃ॥
৪৮। রাজপত্ন্যশ্চ দুহিতুঃ কৃষ্ণং লব্ধ্বা প্রিয়ং পতিম্। লেভিরে পরমানন্দং জাতশ্চ পরমোৎসবঃ॥
৪৯। শঙ্খভের্য্যানকা নেদুর্গীতবাদ্যদ্বিজাশিষঃ। নরা নার্য্যঃ প্রমুদিতাঃ সুবাসঃস্রগলঙ্কৃতাঃ॥
৫০। দশ ধেনুসহস্রাণি পারিবর্হমদাদ্বিভুঃ। যুবতীনাং ত্রিসাহস্রং নিষ্কগ্রীবসুবাসসাম্॥
৫১। নব নাগসহস্রাণি নাগাচ্ছতগুণান্ রথান্। রথাচ্ছতগুণানশ্বানশ্বাচ্ছতগুণান্ নরান্॥
৫২। দম্পতী রথমারোপ্য মহত্যা সেনয়া বৃতৌ। স্নেহপ্রক্লিন্নহৃদয়ো যাপয়ামাস কোশলঃ॥

---

৪১ তবে রাজা বলে' কিছু বিনয়-বচনে।
'তোমার অধিক বর নাহি ত্রিভুবনে॥

অশেষ-লাবণ্যধাম, সর্ব্বগুণ-নিধি।
লক্ষ্মী যাঁ'র পদযুগ সেবে নিরবধি॥

৪২ কিন্তু একখানি মোর সভে আছে কাজ।
বীর-বল পরীক্ষিতে কৈলু এই ব্যাজ॥

৪৩ সভে মোর সেইখানি আছে বিমরিষ।
সপ্ত-গোটা বৃষ আছে মহা দুর্দ্ধরিষ॥

অনেক নৃপতিগণ যুদ্ধভঙ্গ হই'।
প্রাণ লঞা গেল তা'রা অপমান পাই'॥

৪৪ এই সপ্তগোটা বৃষ বান্ধ' একবারে।
মোর কন্যার বর তুমি উচিত বিচারে॥'

৪৫ এতেক বচন শুনি' প্রভু দামোদর।
দৃঢ় পরিকর করি' বান্ধিলা কুন্তল॥

সপ্তরূপ আপনে ধরিয়া ভগবান্।
সপ্ত-বৃষ বান্ধে' কাষ্ঠ-পুত্তলি-সমান॥

৪৬ হতবল, হতদর্প করি' বৃষগণ।
দামদড়ি দিয়া কৈলা নির্য্যাসে বন্ধন॥

৪৭ 'ধন্য ধন্য' সর্ব্বলোকে করয়ে বাখান।
তুষ্ট হঞা তবে রাজা কৈলা কন্যাদান॥

৪৮ লক্ষ্মীকান্ত বর দেখি' রাজ-পত্নীগণে।
মঙ্গল-আচার করে' হরষিত-মনে॥

৪৯ উৎসব-আনন্দে পুরী পূরিল সকল।
শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-বাজন মনোহর॥

নরনারীগণে মেলি' বাঢ়িল প্রসাদ।
পুরোহিত দ্বিজগণে করে' আশীর্ব্বাদ॥

৫০ দশ-সহস্র ধেনু দিল কনকে মণ্ডিত।
তিন-সহস্র নারী দিল ভূষণে ভূষিত॥

৫১ মদমত্ত দিল নব-সহস্র কুঞ্জর।
তা'র শতগুণ দিল রথ মনোহর॥

তা'র শতগুণ ঘোড়া শীঘ্র-গতি যা'র।
তা'র শতগুণ দিল পাইক যুঝার॥

৫২ বর-বধূ রথে তুলি' করিয়া সাজন।
বিবিধ মঙ্গল-গীত, বিবিধ বাজন॥

চালাঞা কোশলপতি গেলা কথোদূর।
বিদায় করিয়া পাছে আইলা নিজপুর॥

৫৩। শ্রুত্বৈতদ্রুরুধুর্ভূপা নয়ন্তং পথি কন্যকাম্। ভগ্নবীর্য্যাঃ সুদুর্মর্ষা যদুভির্গোবৃষৈঃ পুরা॥
৫৪। তানস্যতঃ শরব্রাতান্ বন্ধুপ্রিয়কৃদর্জ্জুনঃ। গাণ্ডীবী কালয়ামাস সিংহঃ ক্ষুদ্রমৃগানিব॥
৫৫। পারিবর্হমুপাগৃহ্য দ্বারকামেত্য সত্যয়া। রেমে যদূনামৃষভো ভগবান্ দেবকীসুতঃ॥
৫৬। শ্রুতকীর্ত্তেঃ সুতাং ভদ্রামুপযেমে পিতৃষ্বসুঃ।
কৈকেয়ীং ভ্রাতৃভির্দত্তাং কৃষ্ণঃ সন্তর্দ্দনাদিভিঃ॥
৫৭। সুতাঞ্চ মদ্রাধিপতের্লক্ষ্মণাং লক্ষণৈর্যুতাম্। স্বয়ংবরে জহারৈকঃ স সুপর্ণঃ সুধামিব॥
৫৮। অন্যাশ্চৈবংবিধা ভার্য্যাঃ কৃষ্ণস্যাসন্ সহস্রশঃ।
ভৌমং হত্বা তন্নিরোধাদাহৃতাশ্চারুদর্শনাঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধেঽষ্টমহিষ্যুদ্বাহো নামাষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৮॥

---

৫৩ রাজগণে শুনিয়া এ-সব সমাচার।
আসিয়া বেঢ়িল তা'রা পথের মাঝার॥
যা'র যা'র দর্পভঙ্গ হৈল বৃষ-সনে।
তা'রা তা'রা আসিয়া বেঢ়িল দৃঢ়মনে॥

৫৪ বাণ বরিষণ করে' সৈন্যের উপর।
তা' দেখিয়া উঠিলা অর্জ্জুন ধনুর্দ্ধর॥
গাণ্ডীবে যুড়িয়া বীর খরশাণ বাণ।
যুঝিলা অর্জ্জুন-বীর করিয়া সন্ধান॥
বিচলিল রাজসৈন্য, গেল ভয় পাঞা।
সিংহ দেখি' মৃগ যেন যায় পলাইয়া॥

৫৫ সত্যা বিভা করি' তবে প্রভু হৃষীকেশ।
সর্ব্বসৈন্য লঞা কৈলা দ্বারকা-প্রবেশ॥
নাগ্নজিতী লঞা কৃষ্ণ বিচিত্র-মন্দিরে।
রমাপতি বিবিধ কৌতুকে রতি করে'॥

৫৬ শ্রুতকীর্ত্তি-নামে বসুদেবের ভগিনী।
তা'র কন্যা ভদ্রা-নামে পরম-রমণী॥
কেকয়-রাজার কন্যা—পিসাত-ভগিনী।
ভাইগণে দিল, বিভা কৈলা চক্রপাণি॥
সন্তর্দ্দন-আদি তা'র যত ভাইগণে।
কন্যা আনি' দিল তা'রা কৃষ্ণের চরণে॥

৫৭ মদ্রদেশে আর এক আছিল নৃপতি।
লক্ষ্মণা তাহার কন্যা মহারূপবতী॥
তা'র স্বয়ম্বর হয় শুনিঞা কেশবে।
কন্যা হরি' আনি' বিভা করিলা মাধবে॥

৫৮ যোড়শ-সহস্র আর রাজকন্যা আনি'।
নরক মারিয়া বিভা কৈলা চক্রপাণি॥
অষ্ট-মহিষী-বিভা, গোবিন্দ-চরিত।
শুনিলে সম্পদ্ বাঢ়ে, হরয়ে দুরিত॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
ভাগবত-পুণ্যকথা প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ॥ ৫৮॥

একোনষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। যথা হতো ভগবতা ভৌমো যেন চ তাঃ স্ত্রিয়ঃ। নিরুদ্ধা এতদাচক্ষ্ব বিক্রমং শার্ঙ্গধন্বনঃ॥

শ্রীশুক উবাচ

২। ইন্দ্রেণ হৃতচ্ছত্রেণ হৃতকুণ্ডলবন্ধুনা। হৃতামরাদ্রিস্থানেন জ্ঞাপিতো ভৌমচেষ্টিতম্।
সভার্য্যো গরুড়ারূঢ়ঃ প্রাগ্‌জ্যোতিষপুরং যযৌ॥

৩। গিরিদুর্গৈঃ শস্ত্রদুর্গৈর্জলাগ্ন্যনিলদুর্গমম্। মুরপাশাযুতৈর্ঘোরৈর্দৃ ঢ়ৈঃ সর্ব্বত আবৃতম্॥

৪। গদয়া নির্বিভেদাদ্রীন্ শস্ত্রদুর্গাণি সায়কৈঃ। চক্রেণাগ্নিং জলং বায়ুং মুরপাশাংস্তথাসিনা॥

৫। শঙ্খনাদেন যন্ত্রাণি হৃদয়ানি মনস্বিনাম্। প্রাকারং গদয়া গুর্ব্ব্যা নির্বিভেদ গদাধরঃ॥

৬। পাঞ্চজন্যধ্বনিং শ্রুত্বা যুগান্তাশনিভীষণম্। মুরঃ শয়ান উত্তস্থৌ দৈত্যঃ পঞ্চশিরা জলাৎ॥

৭। ত্রিশূলমুদ্যম্য সুদুর্নিরীক্ষণো, যুগান্তসূর্য্যানলরোচিরুল্বণঃ।
গ্রসংস্ত্রিলোকীমিব পঞ্চভির্মুখৈ,-রভ্যদ্রবত্তার্ক্ষ্যসুতং যথোরগঃ॥

[রামকিরী-রাগ]

১ তবে রাজা জিজ্ঞাসিলা মুনির চরণে।
"নরক-অসুর-বধ কৈলা কি কারণে?
ষোড়শ-সহস্র কন্যা করিয়া হরণ।
নরকে আনিলা কিবা তাহার কারণ?
কহ, গুরু! যদুনাথ-বিক্রম-বিস্তার।
শ্রুতি-সুখ হরিকথা অমৃতরসাল॥"

২ শুকদেব বলে',—"কহি, শুন, নরেশ্বর!
অদভুত কৃষ্ণকথা শ্রুতি-মনোহর॥
নরক ইন্দ্রের ছত্র আনিল হরিয়া।
অদিতির নিল শ্রুতি-কুণ্ডল কাড়িয়া॥
দেবের বিহার-স্থল মণিময় গিরি।
সুরগণ-সম্পদ্ সকল নিল হরি'॥
কৃষ্ণের চরণে ইন্দ্র কৈল বিজ্ঞাপন।
নরক-জনিত দুঃখ, যত নিবেদন॥
এ বোল শুনিঞা কৃষ্ণ চলিলা সত্বরে।
সত্যভামা তুলি' লৈলা গরুড়-উপরে॥
প্রাগ্‌জ্যোতিষপুরে যাই' হৈলা উপসন্ন।

৩ পর্ব্বতের গড়, পুরী চৌদিগে দুর্গম॥
অস্ত্রে-শস্ত্রে গড়, আর দেখি ভয়ঙ্কর।
বিষম জলের গড় তাহার ভিতর॥
অনলের আর গড় পরশে আকাশ।
পবনের গড় ঝড়বাত-পরকাশ॥
দৃঢ়তর মুরপাশ তাহার ভিতরে।
তবে মুরহর হরি কোন্ যুক্তি করে'?

৪ ভাঙ্গিলা পর্ব্বত-গড় গদার প্রহারে।
কাটিলা অস্ত্রের গড় খরশাণ শরে॥
অগ্নি-গড়, জল-গড়, পবনের গড়।
চক্রে কাটি' কৈলা দূর প্রভু গদাধর॥
খড়্গে মুরপাশ কাটি' কৈলা খান-খান।

৫ শঙ্খনাদে দৈত্যগণে কৈলা কম্পমান॥
মারিয়া গদার বাড়ি ভাঙ্গিলা প্রাচীর।

৬ শঙ্খনাদ শুনিঞা উঠিল মহাবীর॥
মুর-নাম ধরে, তা'র পাঁচ হয় শির।
জলের ভিতরে শুইয়া থাকে মহাবীর॥

৭ ত্রিশূল তুলিয়া বীর ধাইল সত্বরে।
প্রলয়-কালের যেন জ্বলন্ত-অনলে॥
ত্রৈলোক্য গিলিতে মুখ মেলে পঞ্চখান।
ফিরায় ত্রিশূল-পাট বজ্রের সমান॥

৮। আবিধ্য শূলং তরসা গরুত্মতে, নিরস্য বক্ত্রৈর্ব্যনদৎ স পঞ্চভিঃ।
স রোদসী সর্ব্বদিশোঽম্বরং মহান্, আপূরয়ন্নণ্ডকটাহমারণোৎ॥

৯। তদাপতদ্বৈ ত্রিশিখং গরুত্মতে, হরিঃ শরাভ্যামভিনৎ ত্রিধৌজসা।
মুখেষু তঞ্চাপি শরৈরতাড়য়,-ত্তস্মৈ গদাং সোঽপি রুষা ব্যমুঞ্চত॥

১০। তামাপতন্তীং গদয়া গদাং মৃধে, গদাগ্রজো নির্বিভিদে সহস্রধা।
উদ্যম্য বাহূনভিধাবতোঽজিতঃ, শিরাংসি চক্রেণ জহার লীলয়া॥

১১। ব্যসুঃ পপাতাম্ভসি কৃত্তশীর্ষো, নিকৃত্তশৃঙ্গোঽদ্রিরিবেন্দ্রতেজসা।
তস্যাত্মজাঃ সপ্ত পিতুর্বধাতুরাঃ, প্রতিক্রিয়ামর্ষজুষঃ সমুদ্যতাঃ॥

১২। তাম্রোঽন্তরিক্ষঃ প্রবণো বিভাবসু,-র্বসুর্নভস্বানরুণশ্চ সপ্তমঃ।
পীঠং পুরস্কৃত্য চমূপতিং মৃধে, ভৌমপ্রযুক্তা নিরগন্ ধৃতায়ুধাঃ॥

১৩। প্রাযুঞ্জতাসাদ্য শরানসীন্ গদাঃ, শক্ত্যৃষ্টিশূলান্যজিতে রুষোল্বণাঃ।
তচ্ছস্ত্রকূটং ভগবান্ স্বমার্গণৈ,-রমোঘবীর্য্যস্তিলশশ্চকর্ত্ত হ॥

১৪। তান্ পীঠমুখ্যাননয়দ্যমক্ষয়ং, নিকৃত্তশীর্ষোরুভুজাঙ্ঘ্রিবর্ম্মণঃ।
স্বানীকপানচ্যুতচক্রসায়কৈ,-স্তথা নিরস্তান্ নরকো ধরাসুতঃ॥

---

৮ গরুড়ের শিরে তুলি' মারিল ত্রিশূল।
পঞ্চমুখে কৈল মহা শবদ নিষ্ঠুর॥
দশদিক্, আকাশ পূরিল দিগন্তর।
ব্রহ্মাণ্ড-কটাহ যুড়ি' পূরিল অন্তর॥

৯ পড়িব ত্রিশূলপাট দেখিলা শ্রীহরি।
দুই শরে কাটে শূল তিনখান করি'॥
পাঁচ শরে পঞ্চমুখ বিন্ধিলা তাহার।
ক্রোধেতে জ্বলিল সে অসুর দুরাচার॥

১০ ফেলিয়া মারিল গদা কৃষ্ণের উপরে।
তবে নিজ গদা তুলি' নিলা গদাধরে॥
গদায় কাটিয়া গদা কৈলা খান-খান।
তবে দশ ভুজ তুলি' ধাইল বলবান্॥
চক্রে মাথা কাটি' তা'র প্রভু চক্রধর।
ছয়খান কৈলা বীরে রণের ভিতর॥

১১ মুর কাটা গেল—যেন পর্ব্বত-শিখর।
পড়িল দারুণ বীর জলের ভিতর॥
মুরের আছিল সপ্ত পুত্র মহাবলী।
বাপের মরণ শুনি' ধাইল ক্রোধ করি'॥

১২ তাম্র, অন্তরিক্ষ-নাম, শ্রবণ কুমার।
বিভাবসু, বসু, নভস্বান্ দুরাচার॥
অরুণ কনিষ্ঠ, জ্যেষ্ঠ পীঠ-নাম জানি।
সাত পুত্র ধাইল বাপের বধ শুনি'॥
নানা-অস্ত্র ধরে তা'রা সমরে যুঝার।

১৩ শর বরিষণ করে' খড়্গের প্রহার॥
গদা-শক্তি-ত্রিশূল-তোমর-মুদ্গর।
ক্ষেপিল সকল অস্ত্র কৃষ্ণের উপর॥
অমোঘ-বিক্রম হরি কোন্ কর্ম্ম করে'?
কাটিলা সকল অস্ত্র খরতর শরে॥
তিল-পরিমাণ করি' কৈলা খণ্ড খণ্ড।

১৪ কারো মাথা কাটিল, কারো ভুজদণ্ড॥
মাঝে মাঝে কাটা গেল কেহ খর-শরে।
সাত বীর কাটা গেল, গেল যম-ঘরে॥
শুনিঞা নরক-রাজা পৃথিবী-কুমার।
সাত বীর কাটা গেল, মহাবলী আর॥

১৫। নিরীক্ষ্য দুর্মর্ষণ আস্রবন্মদৈ,-র্গজৈঃ পয়োধিপ্রভবৈর্নিরাক্রমৎ।
দৃষ্ট্বা সভার্য্যং গরুড়োপরি স্থিতং, সূর্য্যোপরিষ্টাৎ সতড়িদ্ঘনং যথা।
কৃষ্ণং স তস্মৈ ব্যসৃজচ্ছতঘ্নীং, যোধাশ্চ সর্ব্বে যুগপৎ স্ম বিব্যধুঃ॥
১৬। তদ্ভৌমসৈন্যং ভগবান্ গদাগ্রজো, বিচিত্রবাজৈর্নিশিতৈঃ শিলীমুখৈঃ।
নিকৃত্তবাহূরুশিরোধ্রবিগ্রহং, চকার তর্হ্যেব হতাশ্বকুঞ্জরম্॥
১৭। যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাস্ত্রাণি কুরূদ্বহ! হরিস্তান্যচ্ছিনত্তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ॥
১৮। উহ্যমানঃ সুপর্ণেন পক্ষাভ্যাং নিঘ্নতা গজান্। গরুত্মতা হন্যমানাস্তুণ্ডপক্ষনখৈর্গজাঃ॥
১৯। পুরমেবাবিশন্নার্ত্তা নরকো যুধ্যযুধ্যত। দৃষ্ট্বা বিদ্রাবিতং সৈন্যং গরুড়েনার্দ্দিতং স্বকম্॥
২০। তং ভৌমঃ প্রাহরচ্ছক্ত্যা বজ্রঃ প্রতিহতো যতঃ। নাকম্পত তয়া বিদ্ধো মালাহত ইব দ্বিপঃ॥
২১। শূলং ভৌমোঽচ্যুতং হন্তুমাদদে বিতথোদ্যমঃ। তদ্বিসর্গাৎ পূর্ব্বমেব নরকস্য শিরো হরিঃ।
অপাহরদ্গজস্থস্য চক্রেণ ক্ষুরনেমিনা॥
২২। সকুণ্ডলং চারুকিরীটভূষণং, বভৌ পৃথিব্যাং পতিতং সমুজ্জ্বলৎ।
হা হেতি সাধ্বিত্যৃষয়ঃ সুরেশ্বরা, মাল্যৈর্মুকুন্দং বিকিরন্ত ঈড়িরে॥

---

১৫ প্রলয় অনল যেন ক্রোধে বীর জ্বলে।
আকর্ণ শবদ করি' উঠিল সত্বরে॥
মদমত্ত মহাগজ মেঘ-পরিমাণ।
সঙ্গে করি' লয় যত বীরের প্রধান॥
ধাঞা আইল ধরাসুত পুরের বাহিরে।
চৌদিকে বেড়িয়া তা'রা রহে মহাবীরে॥
গরুড়ের কান্ধে হরি দেখিলা অসুরে।
সতড়িত মেঘ যেন সূর্য্যের উপরে॥
দেখিয়া জ্বলিল ভূমিসুত মহাবীর।
দংশিল অধরপুট, কম্পিত শরীর॥
শতঘ্নী ফেলিয়া মারে কৃষ্ণের উপরে।
যোধগণে নানা অস্ত্র ফেলে একবারে॥
১৬ অস্ত্র-বরিষণে হৈল রণে অন্ধকার।
তবে কৃষ্ণ শিলীমুখ যুড়ে তীক্ষ্ণধার॥
সৈন্যের উপরে মেলে শিলীমুখ-বাণ।
কা'রো মাথা কাটা গেল, কা'রো নাক-কাণ॥
কেহ মাঝে কাটা গেল, কা'রো হাত-পা।
কা'রো আঁখি-মুখ, কা'রো কাটা গেল গা॥
তুরঙ্গ-মাতঙ্গ পড়ে রণের ভিতরে।
রণ-ভূমি শোভা করে' বীর-কলেবরে॥
১৭ যত বাণ ছাড়ে বীর করিয়া সন্ধান।
বাণে কাটি' করে' কৃষ্ণ তিল-পরমাণ॥
১৮ তবে কোন্ কর্ম্ম করে' বিনতা-নন্দন?
তুণ্ডের প্রহারে করে' সৈন্য-নিপাতন॥
গজকুম্ভে করে' তীক্ষ্ণ নখের প্রহার।
পাখসাটে পাড়ে ঘোড়া শীঘ্রগতি যা'র॥
তুণ্ড-নখে খণ্ড খণ্ড গজ-কলেবর।
প্রাণ লঞা পলাইল পুরের ভিতর॥
১৯ ভূমিসুত দেখি' সর্ব্ব-সৈন্য বিচলিল।
শক্তি-পাট তুলি' বীর সাত পাক দিল॥
২০ ফেলিয়া মারিল শক্তি কৃষ্ণের উপরে।
না কাঁপিলা যদুসিংহ শক্তির প্রহারে॥
কুসুমের মালা যেন পড়ে গজ-শিরে।
২১ ব্যর্থশক্তি দেখিয়া ত্রিশূল লৈলা করে॥
যাবত নরক-বীর শূল নাহি ছাড়ে।
চক্রে মাথা কাটিয়া আনিলা চক্রধরে॥
২২ মুকুট-কুণ্ডল-হার শিরের ভূষণ।
ভূমিতে পাড়িল শির দেখিতে শোভন॥
পড়িল নরকবীর রণের মাঝারে।
দৈত্যগণে শবদ উঠিল হাহাকারে॥

২৩। ততশ্চ ভূঃ কৃষ্ণমুপেত্য কুণ্ডলে, প্রতপ্তজাম্বূনদরত্নভাস্বরে।
সবৈজয়ন্ত্যা বনমালয়ার্পয়ৎ, প্রাচেতসং ছত্রমথো মহামণিম্॥
২৪। অস্তৌষীদথ বিশ্বেশং দেবী দেববরার্চিতম্। প্রাঞ্জলিঃ প্রণতা রাজন্! ভক্তিপ্রবণয়া ধিয়া॥
২৫। নমস্তে দেবদেবেশ! শঙ্খচক্রগদাধর! ভক্তেচ্ছোপাত্তরূপায় পরমাত্মন্! নমোঽস্তু তে॥
২৬। নমঃ পঙ্কজনাভায় নমঃ পঙ্কজমালিনে। নমঃ পঙ্কজনেত্রায় নমস্তে পঙ্কজাঙ্ঘ্রয়ে॥
২৭। নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় বিষ্ণবে। পুরুষায়াদিবীজায় পূর্ণবোধায় তে নমঃ॥
২৮। অজায় জনয়িত্রেঽস্য ব্রহ্মণেঽনন্তশক্তয়ে। পরাবরাত্মন্! ভূতাত্মন্! পরমাত্মন্! নমোঽস্তু তে॥
২৯। ত্বং বৈ সিসৃক্ষুরজ উৎকটং প্রভো! তমো নিরোধায় বিভর্ষ্যসংবৃতঃ।
স্থানায় সত্ত্বং জগতো জগৎপতে! কালঃ প্রধানং পুরুষো ভবান্ পরঃ॥
৩০। অহং পয়ো জ্যোতিরথানিলো নভো, মাত্রাণি দেবা মন ইন্দ্রিয়াণি চ।
কর্ত্তা মহানিত্যখিলং চরাচরং, ত্বয্যদ্বিতীয়ে ভগবন্ময়ং ভ্রমঃ॥
৩১। তস্যাত্মজোঽয়ং তব পাদপঙ্কজং, ভীতঃ প্রপন্নার্ত্তিহরোপসাদিতঃ।
তৎ পালয়েনং কুরু হস্তপঙ্কজং, শিরস্যমুষ্যাখিলকল্মষাপহম্॥

শ্রীশুক উবাচ

৩২। ইতি ভূম্যার্থিতো বাগ্‌ভির্ভগবান্ ভক্তিনম্রয়া। দত্ত্বাভয়ং ভৌমগৃহং প্রাবিশৎ সকলর্দ্ধিমৎ॥
৩৩। তত্র রাজন্যকন্যানাং ষট্‌সহস্রাধিকাযুতম্। ভৌমাহৃতানাং বিক্রম্য রাজভ্যো দদৃশে হরিঃ॥

মুনিগণে স্তুতি কৈলা দুন্দুভি বাজন।
সুরগণে কৈলা দিব্য মালা-বরিষণ॥
২৩ বৈজয়ন্তী-মালা, আর অদিতি-কুণ্ডল।
পৃথিবী আনিঞা দিলা কৃষ্ণের গোচর॥
আনিঞা ইন্দ্রের ছত্র কৈলা সমর্পণ।
মহামণি দিয়া দেবী কৈলা নিবেদন॥
২৪ প্রণাম করিয়া দেবদেবের চরণে।
করযোড় করি' স্তুতি করে' শুদ্ধমনে॥
২৫ 'নমো নমো, দেবদেব! শঙ্খ-চক্রধর!
ভকত-ইচ্ছায় ধর' দিব্য কলেবর॥
২৬ নমো, হে পঙ্কজনাভ! হে পঙ্কজ-মালি!
নমো, হে পঙ্কজনেত্র! চিত্র-গাত্রধারী!
নমো, হে পঙ্কজপদ! নমো, ভগবান্!
২৭-২৮ বাসুদেব, চক্রধর, পুরুষপুরাণ!
নমো, অজ, জগত-জনক, পূর্ণবোধ!
অনন্ত-শকতি, ভব-জলনিধি-পোত!
২৯ রজোগুণ ধরি' তুমি বিশ্ব সৃষ্টি কর'।
তমোগুণ ধরি' তুমি জগত সংহার'॥
সত্ত্বগুণ ধরি' কর' জগত পালন।
প্রকৃতি-পুরুষ, কাল, তুমি নারায়ণ॥
৩০ মুঞি পৃথ্বী, জল, জ্যোতি, আকাশ, পবন।
বিষয়, ইন্দ্রিয়-আদি, সব দেবগণ॥
জীব, জীবগতি, আর যত চরাচর।
এ-সব কল্পিত, প্রভু! ভরম কেবল॥
অদ্বৈত, পরমানন্দ, তুমি সভে সত্য।
তোমা' বিনে ভ্রম সব, কিছু নহে নিত্য॥
৩১ নরকের পুত্র এই ভয় পাঞা মনে।
চরণপঙ্কজে, নাথ! পশিল শরণে॥
প্রপন্ন-পালন, নাথ! করিবে পালন।
করপদ্ম কর' নাথ, শিরে আরোপণ॥'
৩২ এত স্তুতি কৈলা যদি ভক্তি-ভাব করি'।
পৃথিবীর তরে তুষ্ট হইলা শ্রীহরি॥
নরকের পুত্রকে অভয় বর দিয়া।
অন্তঃপুরে গেলা তবে আপনে চলিয়া॥
৩৩ ষোড়শ-সহস্র কন্যা জিনিঞা নৃপতি।
আনিঞা নরক-রাজা রাখিল দুর্ম্মতি॥

৩৪। তং প্রবিষ্টং স্ত্রিয়ো বীক্ষ্য নরবর্য্যং বিমোহিতাঃ। মনসা বব্রিরেঽভীষ্টং পতিং দৈবোপসাদিতম্॥
৩৫। ভূয়াৎ পতিরয়ং মহ্যং ধাতা তদনুমোদতাম্। ইতি সর্ব্বাঃ পৃথক্ কৃষ্ণে ভাবেন হৃদয়ং দধুঃ॥
৩৬। তাঃ প্রাহিণোদ্দ্বারবতীং সুমৃষ্টবিরজোঽম্বরাঃ। নরযানৈর্মহাকোশান্ রথাশ্বান্ দ্রবিণং মহৎ॥
৩৭। ঐরাবতকুলেভাংশ্চ চতুর্দন্তাংস্তরস্বিনঃ। পাণ্ডুরাংশ্চ চতুঃষষ্টিং প্রেষয়ামাস কেশবঃ॥
৩৮। গত্বা সুরেন্দ্রভবনং দত্ত্বাদিত্যৈ চ কুণ্ডলে। পূজিতস্ত্রিদশেন্দ্রেণ সহেন্দ্রাণ্যা চ সপ্রিয়ঃ॥
৩৯। চোদিতো ভার্য্যয়োৎপাট্য পারিজাতং গরুত্মতি।
আরোপ্য সেন্দ্রান্ বিবুধান্ নির্জিত্যোপানয়ৎ পুরম্॥
৪০। স্থাপিতঃ সত্যভামায়া গৃহোদ্যানোপশোভনঃ। অন্বগুর্ভ্রমরাঃ স্বর্গাত্তদ্গন্ধাসবলম্পটাঃ॥
৪২। অথো মুহূর্ত্ত একস্মিন্ নানাগারেষু তাঃ স্ত্রিয়ঃ। যথোপযেমে ভগবাংস্তাবদ্রূপধরোঽব্যয়ঃ॥
৪৩। গৃহেষু তাসামনপায্যতর্ক্যকৃ,-ন্নিরস্তসাম্যাতিশয়েষ্ববস্থিতঃ।
রেমে রমাভির্নিজকামসংপ্লুতো, যথেতরো গার্হকমেধিকাংশ্চরন্॥

---

৩৪ ষোড়শ-সহস্র কন্যা দেখিয়া হরি।
বিমোহিত হৈলা তা'রা লজ্জা পরিহরি'॥
মনে মনে বরিলা সকল কন্যাগণে।
'এই পতি হৌক মোর জনমে জনমে॥

৩৫ দেবগণ তুষ্ট হউ, বিধি অনুকূল।
এই পতি হয় যেন রূপের ঠাকুর॥'

৩৬ তা'-সভার হৃদয় বুঝিয়া বনমালী।
দ্বারকা পাঠাঞা দিলা নরযানে তুলি'॥
মহাধন-ভাণ্ডার, বিচিত্র রথ, ঘোড়া।
মদমত্ত গজ—যেন পর্ব্বতের চূড়া॥

৩৭ ঐরাবত-কুলজাত পাণ্ডুর-বরণ।
চারিদন্ত মনোহর, সর্ব্ব-সুলক্ষণ॥
বাছিয়া চৌষট্টি গজ আনি' গদাধরে।
সকল পাঠাঞা দিলা দ্বারকানগরে॥

৩৮ তবে কৃষ্ণ স্বর্গলোকে কৈলা আরোহণ।
ইন্দ্র-আদি দেবগণ কৈলা সম্ভাষণ॥
স্বর্গলোক পবিত্র করিতে আছে মন।
স্বর্গপুরে গেলা হরি তাহার কারণ॥
অদিতির তরে দিলা রতন-কুণ্ডল।
মহামণি-ছত্র দিলা ইন্দ্রের গোচর॥
ইন্দ্র-আদি দেবগণ পূজিলা বিধানে।
সত্যভামাদেবী পূজে দেবপত্নীগণে॥
দেবগণ-সনে হরি কৈলা সম্ভাষণ।
পুনরপি ক্ষিতিতলে করিলা গমন॥

৩৯ সত্যভামা-বচনে তুলিয়া পারিজাত।
গরুড়ের উপরে স্থাপিলা যদুনাথ॥
তবে দেবগণ-সঙ্গে বাজিল সংগ্রাম।
জিনিঞা আনিলা পারিজাত ভগবান্॥

৪০ সত্যভামাদেবী-পুরে কৈলা আরোপণ।
গন্ধ-লোভে স্বর্গ হৈতে আইল ভৃঙ্গগণ॥
হরিবংশে পারিজাত-হরণ বিস্তার।
ভাগবতে কহি সার করিয়া উদ্ধার॥

৪২ ষোড়শ-সহস্রপুরী করিয়া নির্ম্মাণ।
ষোড়শ-সহস্র কন্যা থুইলা ভগবান্॥
ষোড়শ-সহস্র রূপ ধরিয়া আপনে।
ষোড়শ-সহস্র বিভা কৈলা একি-ক্ষণে॥

৪৩ প্রতিরূপে প্রতিপুরে রহে সেই মনে।
যাঁ'র সম-অতিশয় নাহি ত্রিভুবনে॥
পুরে পুরে রামাগণ লঞা রমাপতি।
রমিঞা দেখায় গৃহসুখ-ভোগগতি॥

৪৪। ইত্থং রমাপতিমবাপ্য পতিং স্ত্রিয়স্তা, ব্রহ্মাদয়োঽপি ন বিদুঃ পদবীং যদীয়াম্।
ভেজুর্মুদাবিরতমেধিতয়ানুরাগ,-হাসাবলোক-নবসঙ্গমজল্পলজ্জাঃ ॥
৪৫। প্রত্যুদ্গমাসনবরার্হণপাদশৌচ,-তাম্বূলবিশ্রমণবীজন-গন্ধমাল্যৈঃ।
কেশপ্রসারশয়নস্নপনোপহার্য্যৈ,-র্দাসীশতা অপি বিভোর্বিদধুঃ স্ম দাস্যম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে পারিজাতহরণ-নরকবধো নামৈকোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৫৯ ॥

---

৪৪ হেন রমাপতি—পতি লঞা নারীগণে।
ব্রহ্মা-ভব-আদি যাঁ'র পথ নাহি জানে ॥
অবিরত কৈলা তাঁ'রা চরণ-ভজন।
সলজ্জ কটাক্ষপাত, মধুর ভাষণ ॥
৪৫ দূরে দেখি' ভয়ে সচকিত বধূগণে।
আসনে বসাঞা করে' পাদপ্রক্ষালনে ॥
তাম্বূল যোগায়, ক্ষণে চামর ঢুলায়।
ক্ষণে দিব্য গন্ধ-মাল্য-ভূষণ পরায় ॥
শয়ন, ভোজন, পান, কেশপ্রসাধন।
সর্ব্বভাবে বধূগণ ভজে সর্ব্বক্ষণ ॥
শত শত দাসীগণ থাকে সন্নিধানে।'
তবু তাঁ'রা পতিসেবা করয়ে আপনে ॥"

ভাগবত-আচার্য্যের মধুর-ভাষণ।
সুখে যেন ভাগবত বুঝে সর্ব্বজন ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৫৯ ॥

ষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। কহিচিৎ সুখমাসীনং স্বতল্পস্থং জগদ্গুরুম্। পতিং পর্য্যচরদ্ভৈষ্মী ব্যজনেন সখীজনৈঃ ॥
২। যস্ত্বেতল্লীলয়া বিশ্বং সৃজত্যত্ত্যবতীশ্বরঃ। স হি জাতঃ স্বসেতূনাং গোপীথায় যদুষ্বজঃ ॥
৩। তস্মিন্নন্তর্গৃহে ভ্রাজন্মুক্তাদামবিলম্বিনা। বিরাজিতে বিতানেন দীপৈর্মণিময়ৈরপি ॥
৪। মল্লিকাদামভিঃ পুষ্পৈর্দ্বিরেফকুলনাদিতে। জালরন্ধ্রপ্রবিষ্টৈশ্চ গোভিশ্চন্দ্রমসোঽমলৈঃ ॥
৫। পারিজাতবনামোদবায়ুনোদ্যানশালিনা। ধূপৈরগুরুজৈ রাজন্! জালরন্ধ্রবিনির্গতৈঃ ॥

[দেশাগ-রাগ]

১ শুকমুনি বলে,'—"রাজা! শুন সাবধানে।
আর অপরূপ কথা কহিব এক্ষণে ॥
একদিন সুখশয্যা হেম-সিংহাসনে।
বসিয়া জগদ্গুরু আছেন আপনে ॥
পরিচর্য্যা করে' দেবী ভীষ্মক-দুহিতা।
সখীগণ সঙ্গে করি' প্রেমে আনন্দিতা ॥
চামর ঢুলায়, কেহ বিবিধ সেবন।
২ যে প্রভু লীলায় করে' জগত সৃজন ॥
ধর্ম্ম-সংস্থাপন-হেতু জন্ম যদুকুলে।
হেন প্রভু পতিভাবে সেবে নিরন্তরে ॥
৩ রতননির্ম্মিত, চারু-বিতান-মণ্ডিত।
উজ্জ্বল মুকুতাদাম, তোরণ-লম্বিত ॥
মণিময় দীপগণ, রচনা সুসার।
৪ বিলোল মল্লিকামাল, ভ্রমর-ঝঙ্কার ॥
জালরন্ধ্রে চান্দের কিরণ ঝলমলি।
৫ পারিজাত-পবন, আনন্দযুত-পুরী ॥

৬। পয়ঃফেননিভে শুভ্রে পর্য্যঙ্কে কশিপূত্তমে। উপতস্থে সুখাসীনং জগতামীশ্বরং পতিম্॥
৭। বালব্যজনমাদায় রত্নদণ্ডং সখী-করাৎ। তেন বীজয়তী দেবী উপাসাঞ্চক্র ঈশ্বরম্॥
৮। সোপাচ্যুতং কণয়তী মণিনূপুরাভ্যাং, রেজেঽঙ্গুলীয়বলয়ব্যজনাগ্রহস্তা।
বস্ত্রান্তগূঢ়কুচকুঙ্কুমশোণহার,-ভাসা নিতম্বধৃতয়া চ পরার্দ্ধ্যকাঞ্চ্যা॥
৯। তাং রূপিণীং শ্রিয়মনন্যগতিং নিরীক্ষ্য, যা লীলয়া ধৃততনোরনুরূপরূপা।
প্রীতঃ স্ময়ন্নলককুণ্ডলনিষ্ককণ্ঠ,-বক্ত্রোল্লসৎস্মিতসুধাং হরিরাবভাষে॥

শ্রীভগবানুবাচ

১০। রাজপুত্রীপ্সিতা ভূপৈর্লোকপালবিভূতিভিঃ। মহানুভাবৈঃ শ্রীমদ্ভী রূপৌদার্য্যবলোর্জ্জিতৈঃ॥
১১। তান্ প্রাপ্তানর্থিনো হিত্বা চৈদ্যাদীন্ স্মরদুর্ম্মদান্। দত্তা ভ্রাত্রা স্বপিত্রা চ কস্মান্নো বরুষেঽসমান্?
১২। রাজভ্যো বিভ্যতঃ সুভ্রু! সমুদ্রং শরণং গতান্। বলবদ্ভিঃ কৃতদ্বেষান্ প্রায়স্ত্যক্তনৃপাসনান্॥
১৩। অস্পষ্টবর্ত্মনাং পুংসামলোকপথমীয়ুষাম্। আস্থিতাঃ পদবীং সুভ্রু! প্রায়ঃ সীদন্তি যোষিতঃ॥
১৪। নিষ্কিঞ্চনা বয়ং শশ্বন্নিষ্কিঞ্চন-জনপ্রিয়াঃ। তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি সুমধ্যমে!
১৫। যয়োরাত্মসমং বিত্তং জন্মৈশ্বর্য্যাকৃতির্ভবঃ। তয়োর্বিবাহো মৈত্রী চ নোত্তমাধময়োঃ ক্বচিৎ॥

অগুরু-সুগন্ধ-ধূপ-গন্ধে আমোদিত।
৬ পয়ঃফেনসম শয্যা, পর্য্যঙ্ক শোভিত॥
হেন দিব্য-পুরী, মণি-মন্দির ভিতরে।
বসিয়া আছেন সুখ-শয্যার উপরে॥
৭ রতন-রচিত দণ্ড, বিচিত্র চামর।
সখী-হস্ত হৈতে লঞা দাণ্ডায় নিয়ড়॥
উপাসনা করে' দেবী চামর-বীজনে।
৮ শিঞ্জিত মঞ্জীর-মণি রঞ্জিত-চরণে॥
রতন-অঙ্গুরী কর-অঙ্গুলী-বিলাস।
বিলোল চামর-দণ্ড করে' পরকাশ॥
কুচ-বিনিহিত তনু-বসন বিরাজ।
কুঙ্কুমরঞ্জিত শ্যামতনু তছু মাঝ॥
নিতম্ব বেষ্টিত হেম-কিঙ্কিণী বিলোল।
তরলিত অঙ্গ, প্রেম-তরঙ্গ-কল্লোল॥
৯ হেন রূপ ধরে দেবী লক্ষ্মী মূর্ত্তিমতী।
প্রভু-অনুরূপ-রূপ ধরে গুণবতী॥
তবে দেব-দেব বিদগধ-শিরোমণি।
হাসিয়া দেবীর তরে বলে' কোন্ বাণী?
১০ 'আমার বচন, শুন, রাজার কুমারি!
ইন্দ্র-চন্দ্র-সম নৃপগণ মহাবলী॥
মহা-অনুভাব, রূপ, বল-বীর্য্য ধরে।
তা'রা-সব তোমাকে বাঞ্ছিল নিরন্তরে॥
১১ বাপ-ভাই তা'-সভারে অঙ্গীকার কৈল।
কেনে না বরিলে সেই-সব মহীপাল?
তা'-সভায় তেজি' তুমি আমারে বরিলে।
নারী-বুদ্ধি তুমি, বিচারিয়া না বুঝিলে॥
১২ সে-সব রাজার আমি না হই সমান।
তা'-সভার ভয়ে আমি বড় কম্পমান॥
সমুদ্র-শরণ করি' আছি তা'র ভয়ে।
মহাবলী তা'রা-সব সতত হিংসয়ে॥
যদুকুলে নাহি প্রায় রাজ্য-অধিকার।
হেন যদুকুলে, দেবি! জনম আমার॥
১৩ লোকধর্ম্ম নাহি যা'র—সর্ব্বত্র খেয়াতি।
তাহাকে ভজিলে দুঃখ পায় নারীজাতি॥
১৪ অকিঞ্চন-প্রিয় আমি, হই অকিঞ্চন।
না ভজে আমাকে প্রায় ধনাঢ্য যে-জন॥
১৫ যা'র যা'র সমধন, সমান জনম।
সমান ঐশ্বর্য্য, বল, বীর্য্য, পরাক্রম॥
তা'র তা'র সহ যোগ্য—বিবাহ-মিত্রতা।
উত্তমের সহ নহে অধম-যোগ্যতা॥

১৬। বৈদর্ভ্যেতদবিজ্ঞায় ত্বয়াদীর্ঘসমীক্ষয়া। বৃতা বয়ং গুণৈর্হীনা ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধা॥
১৭। অথাত্মনোঽনুরূপং বৈ ভজস্ব ক্ষত্রিয়র্ষভম্। যেন ত্বমাশিষঃ সত্যা ইহামুত্র চ লপ্স্যসে॥
১৮। চৈদ্য-শাল্ব-জরাসন্ধ-দন্তবক্রাদয়ো নৃপাঃ। মম দ্বিষন্তি বামোরু! রুক্মী চাপি তবাগ্রজঃ॥
১৯। তেষাং বীর্য্যমদান্ধানাং দৃপ্তানাং স্ময়নুত্তয়ে। আনীতাসি ময়া ভদ্রে! তেজোঽপহরতাসতাম্॥
২০। উদাসীনা বয়ং নূনং ন স্ত্র্যপত্যার্থকামুকাঃ। আত্মলব্ধ্যাস্মহে পূর্ণা গেহয়োর্জ্যোতিরক্রিয়াঃ॥

শ্রীশুক উবাচ

২১। এতাবদুক্ত্বা ভগবানাত্মানং বল্লভামিব। মন্যমানামবিশ্লেষাত্তদ্দর্পঘ্ন উপারমৎ॥
২২। ইতি ত্রিলোকেশপতেস্তদাত্মনঃ, প্রিয়স্য দেব্যশ্রুতপূর্ব্বমপ্রিয়ম্।
আশ্রুত্য ভীতা হৃদি জাতবেপথু,-শ্চিন্তাং দুরন্তাং রুদতী জগাম হ॥
২৩। পদা সুজাতেন নখারুণশ্রিয়া, ভুবং লিখন্ত্যশ্রুভিরঞ্জনাসিতৈঃ।
আসিঞ্চতী কুঙ্কুমরূষিতৌ স্তনৌ, তস্থাবধোমুখ্যতিদুঃখরুদ্ধবাক্॥
২৪। তস্যাঃ সুদুঃখভয়শোকবিনষ্টবুদ্ধে,-র্হস্তাৎ শ্লথদ্বলয়তো ব্যজনং পপাত।
দেহশ্চ বিক্লবধিয়ঃ সহসৈব মুহ্যন্, রম্ভেব বায়ুবিহতা প্রবিকীর্য্য কেশান্॥
২৫। তদ্দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণঃ প্রিয়ায়াঃ প্রেমবন্ধনম্। হাস্যপ্রৌঢ়িমজানন্ত্যাঃ করুণঃ সোঽন্বকম্পত॥

---

১৬ বিচার না কৈলে তুমি অল্প গেয়ানে।
গুণহীন আমাকে বরিলে কি কারণে?
ভিক্ষুগণে সভে করে' আমার প্রশংসা।
কুল-ধন-সম্পদে আমার করে' হিংসা॥

১৭ আপনার অনুরূপ রাজার কুমার।
এখনে বুঝিয়া পতি বর' আরবার॥
হেন পতি বর' তুমি, থাক যেন সুখে।
দুঃখ যেন নহে ইহলোকে, পরলোকে॥

১৮ শিশুপাল-জরাসন্ধ-আদি নৃপগণে।
তা'রা-সব দ্বেষভাব করে' অনুক্ষণে॥
তোমার অগ্রজ রুক্মী হিংসে নিরন্তর।
এ বোল বুঝিয়া তুমি বর' যোগ্য বর॥

১৯ তা'-সভার দর্প চূর্ণ করিব—কারণে।
তোমাকে হরিয়া আমি আনিলুঁ আপনে॥

২০ উদাসীন হঞা থাকি, নাহি পরিবার।
পুত্র-দার-কামুক না হই সর্ব্বকাল॥
আপনেই পূর্ণ, দেহে-গেহে উদাসীন।
কোনকালে কর্ত্তা নহি, গুণ-কর্ম্মহীন॥'

২১ পরীক্ষার তরে বলি' এতেক বচন।
নিঃশব্দ হৈলা তবে দৈবকীনন্দন॥

সখী-হাত হনে দেবী আনিলা চামর।
সেই তা'র গর্ব্বখানি দেখি' গদাধর॥

দর্পভঙ্গ করিব, শুনিব তা'র বাণী।
তে-কারণে এতেক বলিলা যদুমণি॥

২২ শুনিঞা প্রভুর বাণী ভীষ্মক-দুহিতা।
কম্প উপজিল চিত্তে, ভয়ে সচকিতা॥

দুরন্ত-চিন্তায় নাহি মুখের উত্তর।
২৩ অরুণ-চরণ-নখে লেখে ক্ষিতিতল॥

কুচযুগ পাখালিলা নয়নের জলে।
অধোমুখে রহে দেবী, বচন না সরে'॥

২৪ দুঃখ-শোক-ভয়ে দেবী হৈলা মূরছিতা।
শিথিল বলয়াবলি, হস্ত-বিগলিতা॥

হস্ত হৈতে চামর পড়িল ভূমিতলে।
আছাড়ে পড়িলা দেবী, শরীর না ধরে॥

পবনে কম্পিয়া যেন পড়য়ে কদলী।
পড়িলা রুক্মিণীদেবী জ্ঞান পরিহরি'॥

২৫ দেখিয়া প্রিয়ার প্রেম প্রভু দয়াময়।
অনুকম্পা কৈলা তবে প্রসন্ন-হৃদয়॥

২৬। পর্য্যঙ্কাদবরুহ্যাশু তামুখাপ্য চতুর্ভুজঃ। কেশান্ সমুহ্য তদ্বক্ত্রং প্রামৃজৎ পদ্মপাণিনা॥
২৭। প্রমৃজ্যাশ্রুকলে নেত্রে স্তনৌ চোপহতৌ শুচা। আশ্লিষ্য বাহুনা রাজন্! অনন্যবিষয়াং সতীম্॥
২৮। সান্ত্বয়ামাস সান্ত্বজ্ঞঃ কৃপয়া কৃপণাং প্রভুঃ। হাস্যপ্রৌঢ়িভ্রমচ্চিত্তামতদর্হাং সতাং গতিঃ॥

শ্রীভগবানুবাচ

২৯। মা মা বৈদর্ভ্যসূয়েথা জানে ত্বাং মৎপরায়ণাম্। ত্বদ্বচঃ শ্রোতুকামেন ক্ষেল্যাচরিতমঙ্গনে!
৩০। মুখঞ্চ প্রেমসংরম্ভ-স্ফুরিতাধরমীক্ষিতুম্। কটাক্ষেপারুণাপাঙ্গং সুন্দরভ্রুকুটীতটম্॥
৩১। অয়ং হি পরমো লাভো গৃহেষু গৃহমেধিনাম্। যন্নর্ম্মৈর্নীয়তে যামঃ প্রিয়য়া ভীরু! ভামিনি!

শ্রীশুক উবাচ

৩২। সৈবং ভগবতা রাজন্! বৈদর্ভী পরিসান্ত্বিতা। জ্ঞাত্বা তৎপরিহাসোক্তিং প্রিয়ত্যাগভয়ং জহৌ॥
৩৩। বভাষ ঋষভং পুংসাং বীক্ষন্তী ভগবন্মুখম্। সব্রীড়হাসরুচির-স্নিগ্ধাপাঙ্গেন ভারত!

শ্রীরুক্মিণ্যুবাচ

৩৪। নন্বেবমেতদরবিন্দবিলোচনাহ, যদ্বৈ ভবান্ ভগবতোঽসদৃশী বিভূম্নঃ।
ক্ব স্বে মহিম্ন্যভিরতো ভগবাংস্ত্র্যধীশঃ, ক্বাহং গুণপ্রকৃতিরজ্ঞগৃহীতপাদা?
৩৫। সত্যং ভয়াদিব গুণেভ্য উরুক্রমান্তঃ, শেতে সমুদ্র উপলম্ভনমাত্র আত্মা।
নিত্যং কদিন্দ্রিয়গণৈঃ কৃতবিগ্রহস্ত্বং, ত্বৎসেবকৈর্নৃপপদং বিধুতং তমোঽন্ধম্॥

---

২৬ সিংহাসন হৈতে হরি নাম্বিলা সত্বরে।
চতুর্ভুজ হঞা—দেবী তুলি' নিলা কোলে॥
দুই হস্ত দিয়া কৈলা কেশ-প্রসাধন।
বাম হাত দিয়া দেবী কৈলা আলিঙ্গন॥
দক্ষিণ-কমল-করে মুখ সম্মার্জ্জিলা।
২৭-২৮ নয়নের জল প্রভু মুছিয়া ফেলিলা॥
কুচ মারজন করি' সান্ত্বিয়া বচনে।
বুলিতে লাগিলা তবে বিনয়-কথনে॥
২৯-৩০ 'না কর', ন কর', দেবি! দোষ-আরোপণ।
দুঃখ ছাড়ি' চিত্ত তুমি কর' নিবারণ॥
তোমার বচন, দেবি! শুনিব—কারণে।
দেখিব তোমার মুখ ক্রোধপরায়ণে॥
কুটিল কটাক্ষপাত, কম্পিত অধর।
তে-কারণে পরিহাসে বলিলুঁ উত্তর॥
৩১ এই সে পরমলাভ দেখি গৃহিজনে।
পরিহাসে যায় কাল নারী-সম্ভাষণে॥'
৩২ এতেক বচন বলি' দৈবকীনন্দন।
সান্ত্বিয়া দেবীর চিত্ত কৈলা নিবারণ॥
প্রিয়-পরিত্যাগ-ভয় তেজিয়া সুন্দরী।
৩৩ ঈষৎ কটাক্ষভঙ্গে শ্রীমুখ নেহারি'॥
সলজ্জ মধুর হাস্যে কি বলে' বচন?
৩৪ 'সত্য, সত্য, সত্য, নাথ! তোমার কথন॥
সত্য, শতপত্র-নেত্র, বচন তোমার।
তোমার সদৃশী আমি নহি যোগ্য-দার॥
নিজ মহিমায় পূর্ণ, ত্রিগুণ-ঈশ্বর।
সর্ব্ব-অন্তর্যামী তুমি, প্রকৃতির পর॥
আমি গুণময়ী মায়া প্রকৃতি-স্বরূপা।
কোন্ গুণে হৈব, নাথ! তোমার অনুরূপা?
আমার কটাক্ষপাত লভিবার তরে।
ব্রহ্মা-আদি সুরগণ পদসেবা করে'॥
হেন আমি প্রকৃতি, সকল-দোষময়ী।
কোন্ গুণে তোমার সদৃশী আমি হই?
৩৫ 'সমুদ্র-শরণ করি' আমি আছি ভয়ে।'
সেই সত্য কহিলে, অন্যথা নাহি হয়ে॥
সমুদ্র হৃদয়-পদ্ম, তা'থে বৈস তুমি।
কুপুরুষ-সঙ্গ তেজি' সুখে আছ স্বামী॥

৩৬। ত্বৎপাদপদ্মমকরন্দজুষাং মুনীনাং, বর্ত্মাস্ফুটং নৃ-পশুভির্ননু দুর্বিভাব্যম্ ॥
যস্মাদলৌকিকমিবেহিতমীশ্বরস্য, ভূমংস্তবেহিতমথো অনু যে ভবন্তম্ ॥

৩৭। নিষ্কিঞ্চনো ননু ভবান্ ন যতোঽস্তি কিঞ্চিদ্,-যস্মৈ বলিং বলিভুজোঽপি হরন্ত্যজাদ্যাঃ।
ন ত্বা বিদন্ত্যসুতৃপোঽন্তকমাদ্যতান্ধাঃ, প্রেষ্ঠো ভবান্ বলিভুজামপি তেঽপি তুভ্যম্ ॥

৩৮। ত্বং বৈ সমস্তপুরুষার্থময়ঃ ফলাত্মা, যদ্বাঞ্ছয়া সুমতয়ো বিসৃজন্তি কৃৎস্নম্।
তেষাং বিভো! সমুচিতো ভবতঃ সমাজঃ, পুংসঃ স্ত্রিয়াশ্চ রতয়োঃ সুখদুঃখিনোর্ন ॥

৩৯। ত্বং ন্যস্তদণ্ডমুনিভির্গদিতানুভাব, আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোঽসি।
হিত্বা ভবদ্ভ্রুব উদীরিতকালবেগ,-ধ্বস্তাশিষোঽব্জভব-নাকপতীন্ কুতোঽন্যে?

৪০। জাড্যং বচস্তব গদাগ্রজ! যস্ত ভূপান্, বিদ্রাব্য শাঙ্গ নিনদেন জহর্থ মাং ত্বম্।
সিংহো যথা স্ববলিমীশ! পশূন্ স্বভাগং, তেভ্যো ভয়াদ্যদুদধিং শরণং প্রপন্নঃ ॥

রাজপদ—তমোময় নরক-দুয়ার।
তাহা বস্তু-জ্ঞান করি' কি হয় তোমার?

তোমার সেবক যাহা দূরে পরিহরে।
রাজপদ অধম-পুরুষে ভোগ করে' ॥

৩৬ যে তুমি কহিলে—'আমি লোকধর্ম্ম ছাড়ি'।
তেজিয়া বেকত-বেশ গুপ্ত-বেশ ধরি ॥'

সেহো সত্য, সত্যবাদী তুমি ভগবান্।
তা'র কথা কহি কিছু তোমা'-বিদ্যমান ॥

তোমার পদারবিন্দ-মকরন্দ ভজে।
নর-পশুগণে তা'র পথ নাহি বুঝে ॥

কে বুঝিবে তোমার গুপত-পথ-ধর্ম্ম?
পূর্ণব্রহ্ম ঈশ্বরের অলৌকিক কর্ম্ম?

লোক-বাহ্য-কর্ম্ম করে' তোমার কিঙ্করে।
ঈশ্বরের পথ কেবা বুঝিবে সংসারে?

৩৭ অকিঞ্চন নাম তুমি সার্থক কহিলে।
তোমা'-বিনে কিছু নাহি ব্রহ্মাণ্ডমণ্ডলে ॥

জগত-পূজিত ব্রহ্মা-আদি দেবগণ।
তা'রা-সব করে' যাঁর চরণ সেবন ॥

ধনলোভে অন্ধ, শিশ্নোদর-পরায়ণে।
তা'রা-সব তোমারে জানিব কোন্ মনে?

৩৮ পূজিতের পূজ্য তুমি, বিধির বিধাতা।
সর্ব্বফলময় তুমি, সর্ব্বফলদাতা ॥

নৃপশিরোমণিগণে তেজিয়া সকল।
তোমাকে বাঞ্ছিয়া যায় বনের ভিতর ॥

সে-সভ-সমাজে তুমি বৈস মহাশয়।
স্ত্রী-পুরুষের সঙ্গ, নাথ! উচিত না হয় ॥

৩৯ দণ্ড ত্যাগ করি' মহামুনি যোগেশ্বর।
যাঁ'র গুণ-কীর্ত্তন করয়ে নিরন্তর ॥

জগতের আত্মা তুমি, কর' আত্ম-দান।
তে-কারণে তোমাকে বরিলুঁ, ভগবান্!

অজ-ভব-পুরন্দর-আদি দেবগণ।
ভুরুভঙ্গে তা'-সভায় কর' নিপাতন ॥

তে-কারণে তা'-সভা তেজিয়া দূরতরে।
শরণ পশিলুঁ তব চরণকমলে ॥

৪০ এই সে বচনখানি জড় হেন মানি।
ধনুক-টঙ্কারে তুমি নৃপগণ জিনি' ॥

সিংহ যেন বলি হরে', হরিলে আমারে।
'তা'-সভার ভয়ে তুমি পশিলে সাগরে ॥'

এই সে বচনখানি না ঘটে' তোমার।
আর যত কহিলে সকল বাক্য সার ॥

৪১। যদ্বাঞ্ছয়া নৃপশিখামণয়োঽঙ্গবৈণ্য,-জায়ন্ত-নাহুষ-গয়াদয় ঐকপত্যম্।
রাজ্যং বিসৃজ্য বিবিশুর্বনমম্বুজাক্ষ! সীদন্তি তেঽনুপদবীং ত ইহাস্থিতাঃ কিম্?

৪২। কান্যং শ্রয়েত তব পাদসরোজগন্ধ,-মাঘ্রায় সন্মুখরিতং জনতাপবর্গম্।
লক্ষ্ম্যালয়ন্ত্বিগণয্য গুণালয়স্য, মর্ত্ত্যা সদোরুভয়মর্থবিবিক্তদৃষ্টিঃ?

৪৩। তং ত্বানুরূপমভজং জগতামধীশ,-মাত্মানমত্র চ পরত্র কামপূরম্।
স্যান্মে তবাঙ্ঘ্রিররণং স্মৃতিভির্ভ্রমন্ত্যা, যো বৈ ভজন্তমুপযাত্যনৃতাপবর্গঃ॥

৪৪। তস্যাঃ স্যুরচ্যুত! নৃপা ভবতোপদিষ্টাঃ, স্ত্রীণাং গৃহেষু খর-গো-শ্ববিড়ালভৃত্যাঃ।
যৎকর্ণমূলমরিকর্ষণ! নোপযায়াদ্,-যুষ্মৎকথা মৃড়বিরিঞ্চিসভাসু গীতা॥

৪৫। ত্বক্শ্মশ্রুরোমনখকেশপিনদ্ধমন্ত,-র্মাংসাস্থিরক্তকৃমিবিট্কফপিত্তবাতম্।
জীবচ্ছবং ভজতি কান্তমতির্বিমূঢ়া, যা তে পদাব্জমকরন্দমজিঘ্রতী স্ত্রী॥

৪৬। অস্ত্বম্বুজাক্ষ! মম তে চরণানুরাগ, আত্মন্ রতস্য ময়ি চানতিরিক্তদৃষ্টেঃ।
যর্হ্যস্য বৃদ্ধয় উপাত্তরজোঽতিমাত্রো, মামীক্ষসে তদু হ নঃ পরমানুকম্পা॥

---

৪১ পৃথু-গয়-যযাতি নৃপতি-শিরোমণি।
একচক্রে তা'রা-সব শাসিলা মেদিনী॥

সপ্তদ্বীপেশ্বর একদণ্ড-অধিকার।
তা'রা-সব পাদপদ্ম বাঞ্ছিয়া তোমার॥

রাজ্য তেজি' বনে গেলা তোমার কারণে।
হেন মহামহেশ্বর তুমি ত্রিভুবনে॥

অভয় পদারবিন্দে করিয়া শরণ।
অবসাদ হৈব পুনঃ— এ নহে ঘটন॥

৪২ তোমার চরণ-সরোরুহ-সুধাগন্ধ।
নির্ব্বাণ-সম্পদ্-পদ, জন-তাপ-ভঙ্গ॥

সাধুজনমুখরিত কমলা-আলয়।
হেন পাদপদ্ম কেবা করিয়া নিশ্চয়॥

গুণহীন কুপুরুষ ভজিব বিচারে।
হেন কোন্ নারী আছে সংসার-ভিতরে?

৪৩ জগত-অধীশ তুমি, অনুরূপ পতি।
ইহলোক-পরলোক-ত্রিভুবন-গতি॥

সর্ব্বকামপূরক, ঈশ্বর, গুণনিধি।
চরণে শরণ তোমার লৈলুঁ নিরবধি॥

কর্ম্মবন্ধে যথা-তথা জনম লভিয়ে।
এই পদযুগ যেন গতি মোর হয়ে॥

৪৪ তুমি যে যে নৃপগণে কৈলে উপদেশ।
স্ত্রীজিত তাহারা-সব পশুনির্ব্বিশেষ॥

নিরবধি তা'রা-সব রহে নারী-ঘরে।
গর্দ্দভ-বিড়াল-ভৃত্য-সম চাটুকারে॥

সে-সব নারীর তেন পতি সমুচিত।
তা'রা-সব নাহি শুনে তোমার চরিত॥

যেবা নাহি করে' হেন যশ-রস-পান।
ব্রহ্মা-ভব-সভায় যে যশ-কথা-গান॥

৪৫ দেহের বাহিরে নখ-লোম-আচ্ছাদিত।
মল-মূত্র-রক্ত-মাংস অন্তরে পূরিত॥

জীয়ন্তেই শব-সম—নরকলেবর।
পতিভাবে নারীগণ ভজে নিরন্তর॥

মধুগন্ধ পাদপদ্ম যা'রা নাহি সেবে।
সেই নারীগণ তা'রে ভজে পতিভাবে॥

৪৬ তোমার চরণে অনুরাগ নিরন্তর।
সবে মোর রহে যেন—এই মাঙ্গো বর॥

নিজানন্দে পূর্ণ তুমি, সর্ব্ববুদ্ধি কর'॥
যদ্যপি কোথাহো তুমি পীরিতি না ধর'॥

সৃষ্টিকালে তথাপি করিবে দৃষ্টিপাত।
সেই অনুগ্রহ মোর পরম-প্রসাদ॥

৪৮। ব্যূঢ়ায়াশ্চাপি পুংশ্চল্যা মনোঽভ্যেতি নবং নবম্।
বুধোঽসতীং ন বিভৃয়াত্তাং বিভ্রদুভয়চ্যুতঃ॥

শ্রীভগবানুবাচ

৪৯। সাধ্ব্যেতচ্ছ্রোতুকামৈস্ত্বং রাজপুত্রি! প্রলম্ভিতা। ময়োদিতং যদন্বাথ সর্ব্বং তৎ সত্যমেব হি॥
৫০। যান্ যান্ কাময়সে কামান্ ময্যকামায় ভামিনি! সন্তি হ্যেকান্তভক্তায়াস্তব কল্যাণি! নিত্যদা॥
৫১। উপলব্ধং পতিপ্রেম পাতিব্রত্যঞ্চ তেঽনঘে! যদ্বাক্যৈশ্চাল্যমানায়া ন ধীর্মষ্যপকর্ষিতা॥
৫২। যে মাং ভজন্তি দাম্পত্যে তপসা ব্রতচর্য্যয়া। কামাত্মানোঽপবর্গেশং মোহিতা মম মায়য়া॥
৫৩। মাং প্রাপ্য মানিন্যপবর্গসম্পদং, বাঞ্ছন্তি যে সম্পদ এব তৎপতিম্।
তে মন্দভাগ্যা নিরয়েঽপি যে নৃণাং, মাত্রাত্মকত্বান্নিরয়ঃ সুসঙ্গমঃ॥
৫৪। দিষ্ট্যা গৃহেশ্বর্য্যসকৃন্ময়ি ত্বয়া, কৃতানুবৃত্তির্ভবমোচনী খলৈঃ।
সুদুষ্করাসৌ সুতরাং দুরাশিষো, হ্যসুম্ভরায়া নিকৃতিং জুষঃ স্ত্রিয়াঃ॥
৫৫। ন ত্বাদৃশীং প্রণয়িনীং গৃহিণীং গৃহেষু, পশ্যামি মানিনি! যয়া স্ববিবাহকালে।
প্রাপ্তান্ নৃপান্ ন বিগণয্য রহোহরো মে, প্রস্থাপিতো দ্বিজ উপশ্রুতসৎকথস্য॥
৫৬। ভ্রাতুর্বিরূপকরণং যুধি নির্জিতস্য, প্রোদ্বাহপর্ব্বণি চ তদ্বধমক্ষগোষ্ঠ্যাম্।
দুঃখং সমুত্থমসহোঽস্মদযোগভীত্যা, নৈবাব্রবীঃ কিমপি তেন বয়ং জিতাস্তে॥

---

৪৮ নব নব পুরুষে কন্যার হয় মতি।
অসুরী সদৃশী সে-যে কন্যা, নহে সতী॥
বুধজনে না করে' অসতী-পরিণয়।
যাহা হৈতে পরলোকে অধোগতি হয়॥'

৪৯ এতেক বচন শুনি' দেব-দেবেশ্বর।
সান্ত্বিয়া কি বলে' তবে পীরিতি-উত্তর?
'শুন শুন, দেবি! আমি কৈলুঁ পরিহাস।
শুনিতে তোমার কিছু বচন-বিলাস॥
তে-কারণে পরিহাস কৈলুঁ সম্ভাষণ।
চিন্তা পরিহর' তুমি, স্থির কর' মন॥
যত তুমি কহিলে, সকল সত্য-বাণী।
সর্ব্বগুণ ধর' তুমি পরম-কল্যাণী॥

৫০ যে যে বাঞ্ছা কর' তুমি, সতী পতিব্রতা।
লভিবে সকল তুমি, একান্তভকতা॥

৫১ চালনা করিতে কৈলুঁ এত পরকার।
তভু চিত্ত বিচলিত নহিল তোমার॥

৫২ তপো-ব্রত করি' করে' আমার ভজন।
অপবর্গদাতা আমি, ভৃত্য-পরায়ণ॥
কামবর মাঙ্গে যদি মায়ায় মোহিত।
হতভাগ্য সেইজন, কেবল বঞ্চিত॥

৫৩ নরকেহো কামভোগ অদৃষ্টে মিলয়।
তাহার কারণে ভজে মূর্খ দুরাশয়॥

৫৪ যত পরিচর্য্যা তুমি কৈলে গৃহেশ্বরী।
সর্ব্বভাবে আমাতে ভজিলে প্রেম করি'॥
যাহা হৈতে এই ভববন্ধ দূর হয়।
আনের শকতি —তাহা করণ না যায়॥

৫৫ তোমা'-হেন গৃহিণী না দেখি' নারীকুলে।
নৃপগণ স্বয়ম্বরে আসি' সভে মিলে'॥
তা'-সভারে না গণিলে তৃণ-বুদ্ধি করি'।
ব্রাহ্মণে পাঠাঞা দিলে গুপ্তভাব ধরি'॥

৫৬ ভাই-বিড়ম্বন তুমি সাক্ষাতে দেখিলে।
আমার প্রণয়-ভয়ে কিছু না বলিলে॥
ভ্রাতৃবধ-দুঃখ তুমি সেহ না গণিলে।
এতেকেই, দেবি! তুমি আমাকে জিনিলে॥'

শ্রীশুক উবাচ

৫৮। এবং সৌরতসংলাপৈর্ভগবান্ জগদীশ্বরঃ। স্বরতো রময়া রেমে নরলোকং বিড়ম্বয়ন্ ॥
৫৯। তথান্যাসামপি বিভুর্গৃহেষু গৃহবানিব। আস্থিতো গৃহমেধীয়ান্ ধর্ম্মান্ লোকগুরুর্হরিঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীকৃষ্ণরুক্মিণী-সংবাদো নাম ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬০ ॥

৫৮-৫৯ এতেক বচন বলি' দৈবকীনন্দন।
সান্ত্বিয়া রুক্মিণীদেবী কৈলা নিবারণ ॥
ত্রিজগত-গুরু হরি নর-অবতার।
নরলোকে গৃহকর্ম্ম করিলা প্রচার ॥
রময়ে রমণীগণ করিয়া রমণ।
নিজকামে পরিপূর্ণ প্রভু নারায়ণ ॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
ভাগবতামৃত-কথা প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬০ ॥

একষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। একৈকশস্তাঃ কৃষ্ণস্য পুত্রান্ দশ দশাবলাঃ। অজীজনন্নরবরান্ পিতুঃ সর্ব্বাত্মসম্পদা ॥
২। গৃহাদনপগং বীক্ষ্য রাজপুত্র্যোঽচ্যুতং স্থিতম্। প্রেষ্ঠং ন্যমংসত স্বং স্বং ন তত্তত্ত্ববিদঃ স্ত্রিয়ঃ ॥
৩। চার্বঞ্জকোশবদনায়তবাহুনেত্র,-সপ্রেমহাস-রসবীক্ষিতবল্গুজল্পৈঃ।
সম্মোহিতা ভগবতো ন মনো বিজেতুং, স্বৈর্বিভ্রমৈঃ সমশকন্ বনিতা বিভূম্নঃ ॥
৪। স্ত্রীণাবলোক-লবদর্শিতভাবহারি,-ভ্রূমণ্ডলপ্রহিতসৌরত-মন্ত্রশৌণ্ডৈঃ।
পত্ন্যস্তু ষোড়শসহস্রমনঙ্গবাণৈ,-র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্ন শেকুঃ ॥
৫। ইত্থং রমাপতিমবাপ্য পতিং স্ত্রিয়স্তা, ব্রহ্মাদয়োঽপি ন বিদুঃ পদবীং যদীয়াম্।
ভেজুর্মুদাবিরতমেধিতয়ানুরাগ,-হাসাবলোক-নবসঙ্গম-লালসাদ্যম্ ॥

[ধানসী-রাগ]

১ "তবে, রাজা! শুন কৃষ্ণের বংশের বিস্তার।
মহাবল-পরাক্রম, বিক্রম বিশাল ॥
এক এক রমণীর দশ দশ সুত।
কৃষ্ণসম রূপ, তেজ, সর্ব্বগুণযুত ॥

২ প্রতি পুরে-পুরে কৃষ্ণ নিরন্তর বৈসে।
রমণীগণের মন পূরায় হরিষে ॥

৩ চারু কর-কমল, বিশাল ভুজদণ্ড।
প্রেমহাস, রস-নিরীক্ষণ, ভুরুভঙ্গ ॥
অমল-কমল মুখ, বচন রসাল ॥
শতপত্র-চারু-নেত্রযুগল বিশাল ॥
দেখিয়া বনিতাগণ হৈলা বিমোহিত।
শিথিল সকল অঙ্গ, বিগলিত চিত্ত ॥

৪ সলজ্জ মধুর হাস্য, কটাক্ষবিলাস।
ভুরুভঙ্গ, ললিত-লাবণ্য-পরকাশ ॥
ষোড়শ-সহস্র বর-যুবতীমণ্ডল।
নানাভাবে রতিরস রচিলা বিস্তর ॥
তমু কৃষ্ণ-মন না পারিলা জিনিবার।
হেন কৃষ্ণ ত্রিভুবন-বিজয়-বিহার ॥

৫ রমাপতি পতি—হেন মানে' নারীগণে।
ব্রহ্মা-আদি যাঁ'র পথ-তত্ত্ব নাহি জানে' ॥

৬। প্রত্যুদ্গমাসনবরার্হণপাদশৌচ,-তাম্বূলবিশ্রমণবীজনগন্ধমাল্যৈঃ।
কেশপ্রসারশয়নস্নপনোপহার্য্যৈ,-র্দাসীশতা অপি বিভোর্বিদধুঃ স্ম দাস্যম্॥

৭। তাসাং যা দশপুত্রাণাং কৃষ্ণস্ত্রীণাং পুরোদিতাঃ। অষ্টৌ মহিষ্যস্তৎপুত্রান্ প্রদ্যুম্নাদীন্ গৃণামি তে॥

৮। চারুদেষ্ণঃ সুদেষ্ণশ্চ চারুদেহশ্চ বীর্য্যবান্। সুচারুশ্চারুগুপ্তশ্চ ভদ্রচারুস্তথাপরঃ॥

৯। চারুচন্দ্রো বিচারুশ্চ চারুশ্চ দশমো হরেঃ। প্রদ্যুম্নপ্রমুখা জাতা রুক্মিণ্যাং নাবমাঃ পিতুঃ॥

১০। ভানুঃ সুভানুঃ স্বর্ভানুঃ প্রভানুর্ভানুমাংস্তথা। চন্দ্রভানুর্বৃহদ্ভানুরতিভানুস্তথাষ্টমঃ॥

১১। শ্রীভানুঃ প্রতিভানুশ্চ সত্যভামাত্মজা দশ। সাম্বঃ সুমিত্রঃ পুরুজিচ্ছতজিচ্চ সহস্রজিৎ॥

১২। বিজয়শ্চিত্রকেতুশ্চ বসুমান্ দ্রবিড়ঃ ক্রতুঃ। জাম্ববত্যাঃ সুতা হ্যেতে সাম্বাদ্যাঃ পিতৃসম্মতাঃ॥

১৩। বীরশ্চন্দ্রোঽশ্বসেনশ্চ চিত্রগুর্বেগবান্ বৃষঃ। আমঃ শঙ্কুর্বসুঃ শ্রীমান্ কুন্তির্নাগ্নজিতীসুতাঃ॥

১৪। শ্রুতঃ কবির্বৃষো বীরঃ সুবাহুর্ভদ্র একলঃ। শান্তির্দর্শঃ পূর্ণমাসঃ কালিন্দ্যাঃ সোমকোঽবরঃ॥

১৫। প্রঘোষো গাত্রবান্ সিংহো বলঃ প্রবল ঊর্দ্ধগঃ। মাদ্র্যাঃ পুত্রা মহাশক্তিঃ সহ ওজোঽপরাজিতঃ॥

১৬। বৃকো হর্ষোঽনিলো গৃধ্রো বর্দ্ধনোঽন্নাদ এব চ। মহাংসঃ পাবনো বহ্নির্মিত্রবিন্দাত্মজাঃ ক্ষুধিঃ॥

১৭। সংগ্রামজিদ্বৃহৎসেনঃ শূরঃ প্রহরণোঽরিজিৎ। জয়ঃ সুভদ্রো ভদ্রায়া বাম আয়ুশ্চ সত্যকঃ॥

হেন কৃষ্ণ নিরবধি কৈলা আরাধন।
পতিভাবে সতত সেবিলা নারীগণ॥

৬ সহস্র সহস্র দাসী আছিলা বিস্তর।
তমু তা'রা আপনে সেবিলা নিরন্তর॥

৭ অষ্ট-মহিষীর পুত্র প্রদ্যুম্ন প্রধান।
শুন, পরীক্ষিত রাজা! কহি আর নাম॥

৮-৯ প্রদ্যুম্ন প্রথম পুত্র, সভার প্রধান।
চারুদেষ্ণ, সুদেষ্ণ কুমার বলবান্॥
চারুদেহ, চারুগুপ্ত, সুচারু সুধীর।
ভদ্রচারু, চারুচন্দ্র, বিচারু প্রবীর॥
আর পুত্র চারু-নামে এ-দশ তনয়।
রুক্মিণীর গর্ভে জনমিলা মহাশয়॥

১০-১২ ভানু, সুভানু আর স্বর্ভানু সুন্দর।
প্রভানু কুমার, ভানুমান্ মহাবল॥
চন্দ্রভানু, বৃহদ্ভানু, অতিভানু-নাম।
প্রতিভানু, শ্রীভানু কুমার বলবান্॥
সত্যভামার দশ পুত্র জগতে বিদিত।
জাম্ববতীর পুত্রের নাম শুন, পরীক্ষিত!
সাম্ব, সুমিত্র, পুরুজিৎ বলবান্।
শতজিৎ কুমার, সহস্রজিৎ-নাম॥

চিত্রকেতু, বিজয়, দ্রবিড়, বসুমান্।
ক্রতু-নামে আর পুত্র বীরের প্রধান॥

১৩ বীর, চন্দ্র, অশ্বসেন, চিত্রগু কুমার।
বেগবান্ বৃষ, আম বিক্রম অপার॥
শঙ্কু, বসু, শ্রীমান্, কুমার কুন্তি-নাম।
নাগ্নজিতীর দশ পুত্র মহাবলবান্॥

১৪ শ্রুত, কবি, বৃষ, বীর, সুবাহু তনয়।
ভদ্র একল, শান্তি দর্শ মহাশয়॥
পূর্ণমাস, আর পুত্র কালিন্দী-কুমার।
সোমক তনয় আর বিদিত সংসার॥

১৫ প্রঘোষ, তনয় গাত্রবান্, সিংহ, বল।
প্রবল, ঊর্দ্ধগ, মহাশক্তি ধনুর্দ্ধর॥
সহ, ওজ কুমার অপরাজিত নাম।
মাদ্রীদেবীর দশ পুত্র মহাবলবান্॥

১৬ বৃক, হর্ষ, কুমার অনিল, গৃধ্র-নামে।
বর্দ্ধন, অন্নাদ-নামে বিদিত ভুবনে॥
মহাংস, পাবন, বহ্নি আর ক্ষুধি-নাম।
মিত্রবিন্দার দশ পুত্র মহাবলবান্॥

১৭ অগ্রজ, সংগ্রামজিৎ, বৃহৎসেন নাম।
শূর, প্রহরণ, অরিজিৎ বলবান্॥

১৮। দীপ্তিমাংস্তাম্রতপ্তাদ্যা রোহিণ্যাস্তনয়া হরেঃ। প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধোঽভূদ্রুক্মবত্যাং মহাবলঃ।
পুত্র্যাস্তু রুক্মিণো রাজন্! নাম্না ভোজকটে পুরে॥
১৯। এতেষাং পুত্রপৌত্রাশ্চ বভূবুঃ কোটিশো নৃপ! মাতরঃ কৃষ্ণজাতানাং সহস্রাণি চ ষোড়শ॥

শ্রীরাজোবাচ

২০। কথং রুক্ম্যরিপুত্রায় প্রাদাদ্দুহিতরং যুধি। কৃষ্ণেন পরিভূতস্তং হন্তুং রন্ধ্রং প্রতীক্ষতে?
এতদাখ্যাহি মে বিদ্বন্! দ্বিষোর্বৈবাহিকং মিথঃ॥
২১। অনাগতমতীতঞ্চ বর্ত্তমানমতীন্দ্রিয়ম্। বিপ্রকৃষ্টং ব্যবহিতং সম্যক্ পশ্যন্তি যোগিনঃ॥

শ্রীশুক উবাচ

২২। বৃতঃ স্বয়ংবরে সাক্ষাদনঙ্গোঽঙ্গযুতস্তয়া। রাজ্ঞঃ সমেতান্ নির্জ্জিত্য জহারৈকরথো যুধি॥
২৩। যদ্যপ্যনুস্মরন্ বৈরং রুক্মী কৃষ্ণাবমানিতঃ। ব্যতরদ্ভাগিনেয়ায় সুতাং কুর্ব্বন্ স্বসুঃ প্রিয়ম্॥
২৪। রুক্মিণ্যাস্তনয়াং রাজন্! কৃতবর্ম্মসুতো বলী।
উপযেমে বিশালাক্ষীং কন্যাং চারুমতীং কিল॥

জয়, সুভদ্র, বাম, আয়ু, সত্য-নামে।
ভদ্রাদেবীর দশ পুত্র বিদিত ভুবনে॥

১৮ দীপ্তিমান্ তাম্র-আদি রোহিণীর সুত।
দশ পুত্র জনমিলা মহাবল-যুত॥
বিবাদ-খণ্ডন-হেতু রুক্মী নরপতি।
প্রদ্যুম্নেরে কৈল দান কন্যা রুক্মবতী॥
অনিরুদ্ধ জনমিলা তাহার উদরে।
প্রদ্যুম্নের পুত্র তেঁহো বিদিত সংসারে॥

১৯ ষোড়শ-সহস্র দেবী কৃষ্ণের রমণী।
মূর্ত্তিমতী লক্ষ্মীদেবী জগৎ-জননী॥
কোটি কোটি পুত্র-পৌত্র জন্মিলা তাঁহার।
সে সব গণিবে হেন শকতি কাহার?"

২০ তবে রাজা জিজ্ঞাসিলা মুনি-সন্নিধানে।
"অরি-পুত্রে রুক্মী কন্যা দিল কি কারণে?
কৃষ্ণেরে মারিতে করে' সতত সন্ধান।
তবে কেনে প্রদ্যুম্নেরে কৈল কন্যাদান?
বৈরিভাবে দুঁহার বিবাদ অনুক্ষণে।
বিবাহ-সম্বন্ধ দুঁহে ঘটিল কেমনে?

২১ ভূত-ভব্য-বর্ত্তমান তোমার গোচর।
জ্ঞানচক্ষে সব তুমি দেখ যোগেশ্বর॥"

২২ মুনি বলে,'—"শুন, রাজা! কহি বিবরণ।
নিরবধি করে' রুক্মী বৈরী সঙরণ॥
মনে দুঃখ নাহি ছাড়ে পাঞা অপমান।
তথাপি ভাগিনা পাঞা কৈলা কন্যাদান॥
কন্যা-বিভা দিল রুক্মী পাঞা দিব্য বর।
স্বয়ম্বর-স্থল নিরমিল মনোহর॥
নৃপগণে আসিয়া মিলিল স্বয়ম্বরে।
প্রদ্যুম্ন তাহাতে গেলা দেখিবার তরে॥
কন্যা স্বয়ম্বর-স্থানে কৈলা আগমন।
কন্যা দেখি' মোহিত হইল বীরগণ।
সাক্ষাৎ কন্দর্প দেখি' কৃষ্ণের কুমার।
প্রদ্যুম্নের গলে কন্যা দিলা রত্নমাল॥
তবে নৃপগণ-সহে বাজিল সংগ্রাম।
জিনিঞা আনিলা কন্যা বীরের প্রধান॥

২৩ তবে রুক্মী ভগিনীর করিতে পীরিতি।
প্রদ্যুম্নেরে বিভা দিলা কন্যা রুক্মবতী॥
হেনমতে রুক্মী-সহে সম্বন্ধ-বিধান।
আর কথা কহি, রাজা! কর' অবধান॥

২৪ রুক্মিণীদেবীর কন্যা চারুমতী-নামে।
কৃতবর্ম্মার পুত্রে তাহা কৈলা সম্প্রদানে॥

২৫। দৌহিত্রায়ানিরুদ্ধায় পৌত্রীং রুক্ম্যদদাদ্ধরেঃ। রোচনাং বদ্ধবৈরোঽপি স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া।
জানন্নধর্ম্মং তদ্‌যৌনং স্নেহপাশানুবন্ধনঃ॥
২৬। তস্মিন্নভ্যুদয়ে রাজন্! রুক্মিণী রামকেশবৌ। পুরং ভোজকটং জগ্মুঃ সাম্ব-প্রদ্যুম্নকাদয়ঃ॥
২৭। তস্মিন্ নিবৃত্ত উদ্বাহে কালিঙ্গপ্রমুখা নৃপাঃ। দৃপ্তাস্তে রুক্মিণং প্রোচুর্বলমক্ষৈর্বিনির্জয়॥
২৮। অনক্ষজ্ঞো হ্যয়ং রাজন্নপি তদ্ব্যসনং মহৎ। ইত্যুক্তো বলমাহূয় তেনাক্ষৈ রুক্ম্যদীব্যত॥
২৯। শতং সহস্রমযুতং রামস্তত্রাদদে পণম্। তং তু রুক্ম্যজয়ত্তত্র কালিঙ্গঃ প্রাহসদ্বলম্।
দন্তান্ সন্দর্শয়ন্নুচ্চৈর্নামৃষ্যত্তদ্ধলায়ুধঃ॥
৩০। ততো লক্ষং রুক্ম্যগৃহ্লাদ্গ্লহং তত্রাজয়দ্বলঃ। জিতবানহমিত্যাহ রুক্মী কৈতবমাশ্রিতঃ॥
৩১। মন্যুনা ক্ষুভিতঃ শ্রীমান্ সমুদ্র ইব পর্ব্বণি। জাত্যারুণাক্ষোঽতিরুষা ন্যর্ব্বুদং গ্লহমাদদে॥
৩২। তঞ্চাপি জিতবান্ রামো ধর্ম্মেণ চ্ছলমাশ্রিতঃ। রুক্মী জিতং ময়াত্রেমে বদন্তু প্রাশ্নিকা ইতি॥
৩৩। তদাব্রবীন্নভোবাণী বলেনৈব জিতো গ্লহঃ। ধর্ম্মতো বচনেনৈব রুক্মী বদতি বৈ মৃষা॥
৩৪। তামনাদৃত্য বৈদর্ভো দুষ্টরাজন্যচোদিতঃ। সঙ্কর্ষণং পরিহসন্ বভাষে কালচোদিতঃ॥

---

২৫ আছিলা রোচনা-নামে রুক্মীর নাতিনী।
রুক্মী বিভা দিল তা'রে অনিরুদ্ধে আনি'॥

বন্ধু-বৈর-কর্ম্ম রাজা তথাপি চিন্তিল।
সম্বন্ধ-বিশেষ করি' প্রীতি বাঢ়াইল॥

যদ্যপি এরূপ হয় সম্বন্ধে অধর্ম্ম।
পীরিতি-কারণে রুক্মী কৈল হেন কর্ম্ম॥

২৬ শুভকালে, শুভযোগে কৈল শুভক্ষণ।
আপনে চলিলা যা'থে দৈবকীনন্দন॥

চাললা রুক্মিণীদেবী উৎসব দেখিতে।
সাম্ব-প্রদ্যুম্ন-আদি সন্তান-সহিতে॥

বিবাহ দেখিতে গেলা প্রভু বলরাম।
চলিল অনেক সৈন্য বীরের প্রধান॥

২৭ আসিয়া মিলিল যত নৃপতিমণ্ডল।
বিবিধ উৎসব হৈল বিবাহ-মঙ্গল॥

দন্তবক্র-আদি যত মিলি' নৃপগণে।
কহিল রুক্মীর তরে মন্ত্রণা-বচনে॥

'পাশাক্রীড়া করি' তুমি জিন' বলরাম।
২৮ না জানে' পাশার মূল, নাহি অবধান॥'
এ বোল শুনিঞা রুক্মী বসিয়া সভাতে।
ডাক দিয়া বলরামে আনিল সাক্ষাতে॥

পাতিল পাশার খেড়ী কপট-সন্ধানে।
বলভদ্র খেলে খেড়ী অকপট-মনে॥

২৯ শতেক সহস্র পণ, অযুত ধরিয়া।
খেলায় রোহিণীসুত হরষিত হঞা॥

রুক্মী বলে',—'জিনিলুঁ জিনিলুঁ সব খেড়ী'।
দন্ত তুলি' দন্তবক্র হাসে উচ্চ করি'॥

৩০ তবে রাম লক্ষেক ধরিয়া আর পণ।
ক্রোধ করি' খেলে খেড়ী রোহিণীনন্দন॥

রুক্মী বলে',—'এহোবার কৈলুঁ আমি জয়'।
তবে বলভদ্র ক্রোধ কৈলা অতিশয়॥

৩১ অর্ব্বুদ করিয়া পণ খেলে আরবার।
সকল জিনিলা রাম বিপক্ষ-বিদার॥

৩২ 'জিনিলুঁ সকল' রুক্মী বলে' ছল করি'।
'সভাসদে পুছ, যদি আমি মিথ্যা বলি'॥

৩৩ অন্তরীক্ষ-বাণী হৈল হেনই সময়।
'জিনিলা সকল বলভদ্র-মহাশয়॥

৩৪ ছল ধরি' রুক্মী বলে' অসত্য-বচন।
জিনিলা সকল খেড়ী রোহিণীনন্দন॥'
সেহ বাণী না মানিল রুক্মী দুরাশয়।
ছলে পরিহাস-মন্দ বলে' অতিশয়॥

৩৫। নৈবাক্ষকোবিদা যূয়ং গোপালা বনগোচরাঃ। অক্ষৈর্দীব্যন্তি রাজানো বাণৈশ্চ ন ভবাদৃশাঃ॥
৩৬। রুক্মিণৈবমধিক্ষিপ্তো রাজভিশ্চোপহাসিতঃ। ক্রুদ্ধঃ পরিঘমুদ্যম্য জঘ্নে তং নৃণসংসদি॥
৩৭। কলিঙ্গরাজং তরসা গৃহীত্বা দশমে পদে। দন্তানপাতয়ৎ ক্রুদ্ধো যোঽহসদ্বিবৃতৈর্দ্বিজৈঃ॥
৩৮। অন্যে নির্ভিন্নবাহূরুশিরসো রুধিরোক্ষিতাঃ। রাজানো দুদ্রুবুর্ভীতা বলেন পরিঘার্দ্দিতাঃ॥
৩৯। নিহতে রুক্মিণি শ্যালে নাব্রবীৎ সাধ্বসাধু বা। রুক্মিণীবলয়ো রাজন্! স্নেহভঙ্গভয়াদ্ধরিঃ॥
৪০। ততোঽনিরুদ্ধং সহ সূর্য্যয়া বরং, রথং সমারোপ্য যযুঃ কুশস্থলীম্।
রামাদয়ো ভোজকটাদ্দশার্হাঃ, সিদ্ধাখিলার্থা মধুসূদনাশ্রয়াঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমদনিরুদ্ধ-বিবাহে রুক্মিবধো নামৈকষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬১॥

---

৩৫ 'বনে বৈস তুমি, কি পাশার ধার' দায়?
সহজে গোয়াল-জাতি গোধন চরায়॥
পাশাক্রীড়া করে' বিদগধ নৃপগণে।
গোপ-জাতি তুমি, পাশা খেলিবে কেমনে?'

৩৬ এত মন্দ বলি' রুক্মী কৈল উপহাস।
ক্রোধে রাম জ্বলে যেন জ্বলন্ত-হুতাশ॥
মারিলা রুক্মীর মুণ্ডে মুষল-প্রহার।
সভার ভিতরে রুক্মী করিলা সংহার॥

৩৭ তবে সে কলিঙ্গরাজা পলায় সত্বরে।
দশ পায় গিয়া তা'রে ধরে হলধরে॥
যে দন্ত দেখাঞা দুষ্ট পরিহাস কৈলা।
গোটে গোটে ধরি' সব দন্ত উপাড়িলা॥

৩৮ কা'রো শির ভাঙ্গিল, কাহার নাক-কাণ।
কা'রো ভুজ, কা'রো বুক কৈলা খান-খান॥
রকতে তিতিল অঙ্গ মুষল-প্রহারে।
প্রাণ লঞা নৃপগণ গেল নিজপুরে॥

৩৯ ভাল-মন্দ কিছুই না বলিলা শ্রীহরি।
বলরাম-রুক্মিণীর প্রেম রক্ষা করি'॥

৪০ তবে বর-কন্যা দিব্যরথে আরোপিয়া।
বিবিধ সাজনে গেলা চৌদিগে সাজিয়া॥
রাম-কৃষ্ণ চলি' গেলা দ্বারকামণ্ডলে।
অনিরুদ্ধ-বিবাহ বর্ণিল পরকারে॥"
বিদগধ-শিরোমণি গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬১॥

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

২। বাণঃ পুত্রশতজ্যেষ্ঠো বলেরাসীন্মহাত্মনঃ।
(যেন বামনরূপায় হরয়েঽদায়ি মেদিনী। তস্যৌরসঃ সুতো বাণঃ শিবভক্তিরতঃ সদা॥
মান্যো বদান্যো ধীমাংশ্চ সত্যসন্ধো দৃঢ়ব্রতঃ। শোণিতাখ্যে পুরে রম্যে স রাজ্যমকরোৎ পুরা।
তস্য শম্ভোঃ প্রসাদেন কিঙ্করা ইব তেঽমরাঃ॥)
সহস্রবাহুর্বাদ্যেন তাণ্ডবেঽতোষয়ন্মৃড়ম্॥

[তুড়ী-রাগ]

২ "তবে আর কথা, রাজা! শুন সাবধানে।
বলির কুমার বাণ—বিদিত ভুবনে॥
সহস্রেক ভুজ তা'র, পুত্র-শত জ্যেষ্ঠ।
বাণ রাজা আছিল—সকল নৃপশ্রেষ্ঠ॥

৩। ভগবান্ সর্ব্বভূতেশঃ শরণ্যো ভক্তবৎসলঃ। বরেণ চ্ছন্দয়ামাস স তং বব্রে পুরাধিপম্॥
৪। স একদাহ গিরিশং পার্শ্বস্থং বীর্য্যদুর্ম্মদঃ। কিরীটেনার্কবর্ণেন সংস্পৃশংস্তৎপদাম্বুজম্॥
৫। নমস্তে ত্বাং মহাদেব! লোকানাং গুরুমীশ্বরম্। পুংসামপূর্ণকামানাং কামপূরামরাঙ্ঘ্রিপম্॥
৬। দোঃসহস্রং ত্বয়া দত্তং পরং ভারায় মেঽভবৎ। ত্রিলোক্যাং প্রতিযোদ্ধারং ন লভে ত্বদৃতে সমম্॥
৭। কণ্ডূত্যা নিভৃতৈর্দোভির্যুযুৎসুর্দিগ্গজানহম্। আদ্যায়াং চূর্ণয়ন্নদ্রীন্ ভীতাস্তেঽপি প্রদুদ্রুবুঃ॥
৮। তচ্ছ্রুত্বা ভগবান্ ক্রুদ্ধঃ কেতুস্তে ভজ্যতে যদা। ত্বদ্দর্পঘ্নং ভবেন্মূঢ়! সংযুগং মৎসমেন তে॥
৯। ইত্যুক্তঃ কুমতির্হৃষ্টঃ স্বগৃহং প্রাবিশন্নৃপ! প্রতীক্ষন্ গিরিশাদেশং স্ববীর্য্যনশনং ধীঃ॥
১০। তস্যোষা নাম দুহিতা স্বপ্নে প্রাদ্যুম্নিনা রতিম্। কন্যালভত কান্তেন প্রাগদৃষ্ট-শ্রুতেন সা॥
১১। সা তত্র তমপশ্যন্তী ক্বাসি কান্তেতি-বাদিনী। সখীনাং মধ্য উত্তস্থৌ বিহ্বলা ব্রীড়িতা ভৃশম্॥
১২। বাণস্য মন্ত্রী কুম্ভাণ্ডশ্চিত্রলেখা চ তৎসুতা। সখ্যপৃচ্ছৎ সখীমূষাং কৌতুহলসমন্বিতা॥
১৩। কং ত্বং মৃগয়সে সুভ্রু! কীদৃশস্তে মনোরথঃ? হস্তগ্রাহং ন তেঽদ্যাপি রাজপুত্র্যুপলক্ষয়ে॥

বাজনে তুষিল শিব তাণ্ডব-নটনে।
ভকতবৎসল শিব, তুষিল রাজনে॥

৩ 'বর মাঙ্গ'—তা'রে যদি বলিলা শঙ্কর।
'পুরের দুয়ারী হঞা থাক নিরন্তর॥
সহস্রেক ভুজ মোরে দেহ', মহেশ্বর!
ত্রিভুবনে নহে যেন মোর সমসর॥'
এই বর বাণরাজা মাগিল শঙ্করে।
বর দিয়া শিব তা'র রহিলা দুয়ারে॥

৪ একদিন বাণরাজা করিয়া প্রণাম।
কহিতে লাগিলা কিছু শিব-বিদ্যমান॥

৫ 'নমো নমো, মহাদেব! জগত-ঈশ্বর!
কামপূর, কল্পতরু—চরণ-যুগল॥

৬ সহস্রেক ভুজ দিলে, হৈল মোর ভার।
মোর সম নাহি বীর জগতে যুঝার॥
সভে হেন বুঝি—তুমি আছ সমবল।
যুদ্ধ দিয়া কর' মোর ভুজের সফল॥

৭ দিগ্‌গজের সহে গেনু করিবারে রণ।
পালাঞা দিগ্‌গজ গেল রাখিয়া জীবন॥
চূর্ণ কৈলুঁ গিরিগণে ভুজের প্রহারে।
তে-কারণে যুদ্ধ মাঙ্গো তোমার গোচরে॥'

৮ এ বোল শুনিয়া ক্রোধ কৈলা মহেশ্বর।
'ভুজবলে দর্প বেটা করে' এত বড়?
ভাঙ্গিয়া রথের ধ্বজ পড়িব যখনে।
আমার সমান বীর মিলিব তখনে॥'

৯ এ বোল শুনিঞা বাণ হৈল হরষিত।
শিবের বচনে বাণ লভিল প্রতীত॥

১০ তা'র কন্যা ঊষা-নামে আছিলা সুন্দরী।
অনিরুদ্ধ-সনে তা'র হৈল রতি-কেলি॥

অনিরুদ্ধ-সহে রতি লভিলা স্বপনে।
১১ জাগিয়া উঠিলা কন্যা চকিত-নয়নে॥

'কতি গেলা কান্ত মোর পুরুষ-রতন?
রতি কেলি ভুঞ্জিঞা তেজিলা কি কারণ?'
সখীগণ-মাঝে কন্যা হইয়া ব্যাকুলী।
বিলাপ করিয়া কান্দে লজ্জা পরিহরি'॥

১২ আছিল বাণের মন্ত্রী কুম্ভাণ্ডক-নামে।
চিত্রলেখা তা'র কন্যা বিদিত ভুবনে॥
সর্ব্বমায়া জানে সে যে, পরম-যোগিনী।
পুছিল ঊষারে তবে বিনয়-বাদিনী॥

১৩ 'কোন্ বাঞ্ছা কর', সখি! কহ মোর আগে।
কোন্ কান্ত বাঞ্ছ তুমি চিত্ত-অনুরাগে?
যে যে মনোরথ, সখি! কর' বিদ্যমানে।
আনিঞা ভেটাব, যদি থাকে ত্রিভুবনে'॥

শ্রীঊষোবাচ

১৪। দৃষ্টঃ কশ্চিন্নরঃ স্বপ্নে শ্যামঃ কমললোচনঃ। পীতবাসা বৃহদ্বাহুর্যোষিতাং হৃদয়ঙ্গমঃ॥
১৫। তমহং মৃগয়ে কান্তং পায়য়িত্বাধরং মধু। ক্বাপি যাতঃ স্পৃহয়তীং ক্ষিপ্ত্বা মাং বৃজিনার্ণবে?

শ্রীচিত্রলেখোবাচ

১৬। ব্যসনং তেঽপকর্ষামি ত্রিলোক্যাং যদি ভাব্যতে। তমানেষ্যে বরং যস্তে মনোহর্ত্তা তমাদিশ॥
১৭। ইত্যুক্ত্বা দেব-গন্ধর্ব্ব-সিদ্ধচারণ-পন্নগান্। দৈত্যবিদ্যাধরান্ যক্ষান্ মনুজাংশ্চ যথালিখৎ॥
১৮। মনুজেষু চ সা বৃষ্ণীন্ শূরমানকদুন্দুভিম্। ব্যলিখদ্রাম-কৃষ্ণৌ চ প্রদ্যুম্নং বীক্ষ্য লজ্জিতা॥
১৯। অনিরুদ্ধং বিলিখিতং বীক্ষ্যোষাবাঙ্মুখী হ্রিয়া। সোঽসাবসাবিতি প্রাহ স্ময়মানা মহীপতে!
২০। চিত্রলেখা তমাজ্ঞায় পৌত্রং কৃষ্ণস্য যোগিনী। যযৌ বিহায়সা রাজন্! দ্বারকাং কৃষ্ণপালিতাম্॥
২১। তত্র সুপ্তং সুপর্য্যঙ্কে প্রাদ্যুম্নিং যোগমাস্থিতা। গৃহীত্বা শোণিতপুরং সখ্যৈ প্রিয়মদর্শয়ৎ॥
২২। সা চ তং সুন্দরবরং বিলোক্য মুদিতাননা। দুষ্প্রেক্ষ্যে স্বগৃহে পুংভী রেমে প্রাদ্যুম্নিনা সমম্॥
২৩। পরার্দ্ধ্যবাসঃস্রগ্‌গন্ধ-ধূপ-দীপাসনাদিভিঃ। পানভোজন-ভক্ষ্যৈশ্চ বাক্যৈঃ শুশ্রূষণার্চ্চিতঃ॥
২৪। গূঢ়ঃ কন্যাপুরে শশ্বৎ প্রবৃদ্ধস্নেহয়া তয়া। নাহর্গণান্ স বুবুধে ঊষয়াপহৃতেন্দ্রিয়ঃ॥
২৫। তাং তথা যদুবীরেণ ভুজ্যমানাং হতব্রতাম্। হেতুভির্লক্ষয়াঞ্চক্রুরাপ্রীতাং দুরবচ্ছদৈঃ॥
২৬। ভটা আবেদয়াঞ্চক্রু রাজংস্তে দুহিতুর্বয়ম্। বিচেষ্টিতং লক্ষয়ামঃ কন্যায়াঃ কুলদূষণম্॥

---

১৪ চিত্রলেখার বচন শুনিয়া রূপবতী।
কহিতে লাগিলা ঊষা হরষিত-মতি॥
'স্বপনে দেখিলুঁ এক পুরুষ-রতন।
ঘনশ্যাম-কলেবর, কমল-লোচন॥
মহাভুজ, পীতবস্ত্র, নারী-মনোহর।
স্বপনে মিলিলা যেন পুরুষ-শেখর॥
১৫ পিয়াঞা অধর-মধু গেলা পরিহরি'।
এ শোক-সাগরে, সখি! মজিল' সুন্দরী॥
১৬ চিত্রলেখা বলে',—'সখি, পরিহর খেদ।
আনিব তোমার কান্ত, নহিব বিচ্ছেদ॥'
১৭ এ বোল বলিয়া চিত্রলেখা যোগেশ্বরী।
দিব্য পট করি' লেখে চিত্রের পুতুলী॥
দেব-বিদ্যাধর-যক্ষ-গন্ধর্ব্ব-কিন্নর।
সিদ্ধ-চারণ-দৈত্য-নর-ফণধর॥
১৮ যদুবংশ-বৃষ্ণিবংশ লিখিল সুসারে।
রামকৃষ্ণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধ কুমারে॥
প্রদ্যুম্ন দেখিয়া ঊষা হইলা লজ্জিতা।
১৯ অনিরুদ্ধ দেখিয়া অধিক হরষিতা॥
'এই সেই নরবর—মোর প্রাণপতি।'
চিত্রলেখা বুঝিয়া চালল শীঘ্রগতি॥
২০ চলিল আকাশপথে দ্বারকামণ্ডলে।
পুরেতে প্রবেশ তবে কৈল যোগবলে॥
২১ অনিরুদ্ধ লঞা নারী উঠিল আকাশে।
আনিল শোণিতপুরে আঁখির নিমিষে॥
২২ অনিরুদ্ধে দিল লঞা ঊষা-বিদ্যমানে।
পতি দেখি' ঊষার সন্তোষ হৈল মনে॥
অন্তঃপুরে পতি লঞা পরবেশ করি'।
পতি-সেবা করে' ঊষা পত্নীভাব ধরি'॥
২৩-২৪ ধূপ-দীপ-গন্ধ-মাল্য-বসন-ভূষণে।
দিব্য-অন্ন-পান-ভক্ষ্য, মধুর বচনে॥
পতিসেবা করে' দেবী মহা-অনুরাগে।
কত রাত্রি-দিন যায়, হৃদয়ে না লাগে॥
ঊষায়ে হরিল চিত্ত নাহি অবধান।
অনিরুদ্ধ-চিত্তে নাহি দিবা-রাত্রি-জ্ঞান॥
২৫-২৬ বাহিরে প্রহরিগণ লখিল লক্ষণে।
কন্যা-সহে হৈল কোন পুরুষ-সঙ্গমে॥

২৭। অনপায়িভিরস্মাভিগুপ্তায়াশ্চ গৃহে প্রভো! কন্যায়া দূষণং পুম্ভির্দুষ্প্রেক্ষায়া ন বিদ্মহে ॥
২৮। ততঃ প্রব্যথিতো বাণো দুহিতুঃ শ্রুতদূষণঃ। ত্বরিতঃ কন্যকাগারং প্রাপ্তোঽদ্রাক্ষীদ্‌যদূদ্বহম্ ॥
২৯। কামাত্মজং তং ভুবনৈকসুন্দরং, শ্যামং পিশঙ্গাম্বরমম্বুজেক্ষণম্।
বৃহদ্ভুজং কুণ্ডলকুন্তলত্বিষা, স্মিতাবলোকেন চ মণ্ডিতাননম্ ॥
৩০। দীব্যন্তমক্ষৈঃ প্রিয়য়াভিনৃম্ণয়া, তদঙ্গসঙ্গস্তনকুঙ্কুমস্রজম্।
বাহ্বোর্দধানং মধুমল্লিকাশ্রিতাং, তস্যাগ্র আসীনমবেক্ষ্য বিস্মিতঃ ॥
৩১। স তং প্রবিষ্টং বৃতমাততায়িভি,-র্ভটৈরনীকৈরবলোক্য মাধবঃ।
উদ্যম্য মৌর্ব্বং পরিঘং ব্যবস্থিতো, যথান্তকো দণ্ডধরো জিঘাংসয়া ॥
৩২। জিঘৃক্ষয়া তান্ পরিতঃ প্রসর্পতঃ, শুনো যথা শূকরযূথপোঽহনৎ।
তে হন্যমানা ভবনাদ্বিনির্গতা, নিভিন্নমূর্দ্ধোরুভুজাঃ প্রদুদ্রুবুঃ ॥
৩৩। তং নাগপাশৈর্বলিনন্দনো বলী, ঘ্নন্তং স্বসৈন্যং কুপিতো ববন্ধ হ।
উষা ভৃশং শোকবিষাদবিহ্বলা, বদ্ধং নিশম্যাশ্রুকলাক্ষ্যরোৎসীৎ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে শ্রীমদনিরুদ্ধ-বন্ধো নাম দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬২ ॥

ভয়ে জানাইল গিয়া রাজা-বিদ্যমানে।
'তোমার কন্যার দেখি পুরুষ-সঙ্গমে ॥
২৭ কুলে অপযশ থুইল তোমার কুমারী।
আমি-সব বিচারিয়া লখিতে না পারি ॥'
২৮ এ বোল শুনিয়া বাণ মনে পাইল ব্যথা।
কুলের কলঙ্ক শুনি' হেঁট কৈল মাথা ॥
উঠিয়া চলিল বাণ ত্বরিত-গমনে।
কন্যাপুর-পরবেশ কৈল ক্রোধ-মনে ॥
২৯-৩০ দেখিল পুরুষবর পুরের ভিতরে।
শ্যামল-সুন্দর-তনু পীতবস্ত্র ধরে ॥
ভুবন-মোহন মহাপুরুষ-লক্ষণ।
বিকসিত-মুখপদ্ম, রাজীবলোচন ॥
কুটিল-কুন্তল, গলে দুলে বনমাল।
শ্রুতিবিনিহিত মণি-কুণ্ডল বিশাল ॥
পাশা-সারি খেলে দুহে নব-রস-রঙ্গে।
দুহার পীরিতি বাঢ়ে মদন-তরঙ্গে ॥
৩১ সম্মুখে দাণ্ডায় বাণ হেন অবসরে।
বীরগণে বেঢ়ি' লৈল পুরীর ভিতরে ॥
তা' দেখিয়া অনিরুদ্ধ উঠিলা সত্বর।
পরিঘ তুলিয়া লৈলা দিয়া বামকর ॥
৩২ বাজিল তুমুল রণ পুরের ভিতরে।
মারিলা সকল বীর পরিঘপ্রহারে ॥
কা'র মাথা ভাঙ্গিল, ছিণ্ডিল নাক-কাণ।
কেহ গেল দৈবযোগে রাখিয়া পরাণ ॥
৩৩ তা' দেখিয়া বাণ রাজা ক্রোধ কৈল মনে।
নাগপাশে অনিরুদ্ধে বান্ধিল যতনে ॥
স্বামীর বন্ধন দেখি' ব্যাকুলিতচিতা।
কান্দিতে লাগিলা ঊষা শোকে বিমোহিতা ॥"

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬২ ॥

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অপশ্যতাঞ্চানিরুদ্ধং তদ্বন্ধূনাঞ্চ ভারত! চত্বারো বার্ষিকা মাসা ব্যতীয়ুরনুশোচতাম্॥
২। নারদাত্তদুপাকর্ণ্য বার্ত্তাং বন্ধস্য কর্ম্ম চ। প্রযযুঃ শোণিতপুরং বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ॥
৩। প্রদ্যুম্নো যুযুধানশ্চ গদঃ সাম্বোঽথ সারণঃ। নন্দোপনন্দভদ্রাদ্যা রামকৃষ্ণানুবর্ত্তিনঃ॥
৪। অক্ষৌহিণীভির্দ্বাদশভিঃ সমেতাঃ সর্ব্বতো দিশম্। রুরুধুর্বাণনগরং সমন্তাৎ সাত্বতর্ষভাঃ॥
৫। ভজ্যমানপুরোদ্যান-প্রাকারাট্টালগোপুরম্। প্রেক্ষমাণো রুষাবিষ্টস্তল্যসৈন্যোঽভিনির্যযৌ॥
৬। বাণার্থে ভগবান্ রুদ্রঃ সসুতঃ প্রমথৈর্বৃতঃ। আরুহ্য নন্দিবৃষভং যুযুধে রামকৃষ্ণয়োঃ॥
৭। আসীৎ সুতুমুলং যুদ্ধমদ্ভুতং রোমহর্ষণম্। কৃষ্ণ-শঙ্করয়ো রাজন্! প্রদ্যুম্ন-গুহয়োরপি॥
৮। কুম্ভাণ্ডকূপকর্ণাভ্যাং বলেন সহ সংযুগঃ। সাম্বস্য বাণপুত্রেণ বাণেন সহ সাত্যকেঃ॥
৯। ব্রহ্মাদয়ঃ সুরাধীশা মুনয়ঃ সিদ্ধচারণাঃ। গন্ধর্ব্বাপ্সরসো যক্ষা বিমানৈর্দ্রষ্টুমাগমন্॥

[দেশাগ-রাগ]

১ অনিরুদ্ধে না দেখিয়া সব বন্ধুগণে।
শোকেতে ব্যাকুল হঞা চাহে নানাস্থানে॥
চাহিতে চাহিতে কেহ না পায় উদ্দেশ।
চারি মাস হইল অলপ অবশেষ॥

২ হেনকালে আসিয়া নারদ তপোধন।
আদি হৈতে কহিলা সকল বিবরণ॥
এ-বোল শুনিঞা যত মিলি' যদুগণে।
চতুরঙ্গ-সেনা সাজি' চলিলা সন্ধানে॥

৩-৪ সাম্ব, গদ, যুযুধান, প্রদ্যুম্ন প্রধান।
নন্দ, উপনন্দ, ভদ্র-আদি বলবান্॥
রাম-কৃষ্ণ-অনুচর যত যদুগণ।
দ্বাদশ অক্ষৌহিণী সৈন্য করিয়া সাজন॥
চলিলা শোণিতপুরে বীরের প্রধান।
চৌদিগে বেড়িলা পুরী, করিয়া সন্ধান॥

৫ ভাঙ্গিলা প্রাচীর-পুর, বাহির দুয়ার।
বড় বড় মহাগড়, কবাট দুর্ব্বার॥
তাহা দেখি' বাণ-রাজা জ্বলিল অন্তরে।
দ্বাদশ অক্ষৌহিণী সৈন্য সাজিল সত্বরে॥
যুঝিবারে আইল বীর পুরের বাহির।
আসিয়া ডাকিল বাণ—শবদ গম্ভীর॥

৬ ডাকাডাকি, বলাবলি, বাজিল সংগ্রাম।
সগণে যুঝিতে আইলা হর ভগবান্॥
পিশাচ, প্রমথগণ, সঙ্গে গণপতি।
বৃষে আরোহণ করি' কার্ত্তিক-সংহতি॥
আপনে যুঝিতে আইলা হর-মহেশ্বর।

৭ বাজিল তুমুল যুদ্ধ পৃথিবী-উপর॥
শঙ্করের সনে যুদ্ধ কৈলা নারায়ণ।
কার্ত্তিকের সহ হৈল প্রদ্যুম্নের রণ॥

৮ কুম্ভাণ্ড, বাণের মন্ত্রী কূপকর্ণ-নাম।
দুহার সংহতি যুদ্ধ কৈলা বলরাম॥
বাণের পুত্রের সঙ্গে সাম্বের সংগ্রাম।
সাত্যকির সহ যুঝে বাণ বলবান্॥

৯ ব্রহ্মা-আদি করি' ইন্দ্র, যত সুরগণে।
সুর-মুনি-সিদ্ধ-সাধ্য-গন্ধর্ব্ব-চারণে॥
যক্ষ-বিদ্যাধরগণ চড়ি' দিব্যরথে।
কৌতুকে সংগ্রাম দেখে রহি' শূন্যপথে॥

১০। শঙ্করানুচরান্ শৌরির্ভূতপ্রমথগুহ্যকান্। ডাকিনীর্যাতুধানাংশ্চ বেতালান্ সবিনায়কান্ ॥
১১। প্রেতমাতৃপিশাচাংশ্চ কুষ্মাণ্ডান্ ব্রহ্মরাক্ষসান্। দ্রাবয়ামাস তীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ শার্ঙ্গধনুশ্চ্যুতৈঃ ॥
১২। পৃথগ্বিধানি প্রাযুঙ্ক্ত পিনাক্যস্ত্রাণি শার্ঙ্গিণে। প্রত্যস্ত্রৈঃ শময়ামাস শার্ঙ্গপাণিরবিস্মিতঃ ॥
১৩। ব্রহ্মাস্ত্রস্য চ ব্রহ্মাস্ত্রং বায়ব্যস্য চ পার্ব্বতম্। আগ্নেয়স্য চ পার্জ্জন্যং নৈজং পাশুপতস্য চ ॥
১৪। মোহয়িত্বা তু গিরিশং জৃম্ভণাস্ত্রেণ জৃম্ভিতম্। বাণস্য পৃতনাং শৌরির্জঘানাসি-গদেষুভিঃ ॥
১৫। স্কন্দঃ প্রদ্যুম্নবাণৌঘৈরর্দ্দ্যমানঃ সমন্ততঃ। অস্থগ্বিমুঞ্চন্ গাত্রেভ্যঃ শিখিনাপাক্রমদ্রণাৎ ॥
১৬। কুম্ভাণ্ডঃ কূপকর্ণশ্চ পেততুর্মুষলার্দ্দিতৌ। দুদ্রুবুস্তদনীকানি হতনাথানি সর্ব্বতঃ ॥
১৭। বিশীর্য্যমাণং স্ববলং দৃষ্ট্বা বাণোঽত্যমর্ষিতঃ। কৃষ্ণমভ্যদ্রবৎ সংখ্যে রথী হিত্বৈব সাত্যকিম্ ॥
১৮। ধনূংষ্যাকৃষ্য যুগপদ্বাণঃ পঞ্চশতানি বৈ। একৈকস্মিঞ্ছরৌ দ্বৌ দ্বৌ সন্দধে রণদুর্ম্মদঃ ॥
১৯। তানি চিচ্ছেদ ভগবান্ ধনূংষি যুগপদ্ধরিঃ। সারথিং রথমশ্বাংশ্চ হত্বা শঙ্খমপূরয়ৎ ॥
২০। তন্মাতা কোটরা নাম নগ্না মুক্তশিরোরুহা। পুরোঽবতস্থে কৃষ্ণস্য পুত্রপ্রাণরিরক্ষয়া ॥
২১। ততস্তির্য্যঙ্মুখো নগ্নামনিরীক্ষন্ গদাগ্রজঃ। বাণশ্চ তাবদ্বিরথশ্ছিন্নধন্বাবিশৎ পুরম্ ॥
২২। বিদ্রাবিতে ভূতগণে জ্বরস্তু ত্রিশিরাস্ত্রিপাৎ। অভ্যধাবত দাশার্হং দহন্নিব দিশো দশ ॥

১০-১১ শিব-অনুচর যত—এ-ভূত-বেতাল।
ডাকিনী-যোগিনীগণ, প্রথম বিশাল ॥
পিশাচ, কুষ্মাণ্ড, ব্রহ্ম-রাক্ষসের সেনা।
তা'রা সব আসি' কৃষ্ণ-সৈন্যে দিল হানা ॥
তীক্ষ্ণ-শরে কৃষ্ণ তা'রে কৈলা নিবারণ।
তবে আর বাণ যুড়ে শিবের কারণ ॥

১২-১৩ নিজ-অস্ত্রে কৈলা শিব কৃষ্ণ-অস্ত্র দূর।
তবে কৃষ্ণ ব্রহ্ম-অস্ত্র মারিলা নিষ্ঠুর ॥
ব্রহ্ম-অস্ত্র শিব তবে কৈলা নিবারণ।
তবে বায়ু-অস্ত্র যুড়ে প্রভু নারায়ণ ॥
যুড়িয়া পর্ব্বত-অস্ত্র শিবে নিবারিলা।
তবে অগ্নি-অস্ত্র প্রভু সন্ধান পূরিলা ॥
শঙ্কর বরুণ-অস্ত্রে কৈলা নিবারণ।

১৪ অমোঘ-অস্ত্রে শঙ্করে মোহিলা নারায়ণ ॥
তবে বাণ-সৈন্যে কৈলা শর-বরিষণ।
গদার প্রহারে কৈলা সৈন্য-নিপাতন ॥

১৫ প্রদ্যুম্নের রণে হৈল কার্ত্তিকের ভঙ্গ।
শর-বরিষণে হৈল খণ্ড খণ্ড অঙ্গ ॥
ঝলকে-ঝলকে পড়ে অঙ্গেতে রুধির।
রণ তেজি' পালাইল কার্ত্তিক মহাবীর ॥

১৬ পড়িল কুম্ভাণ্ডবীর মুষল-প্রহারে।
কূপকর্ণে মারিলা ঠাকুর হলধরে ॥
পালাইল সর্ব্ব-সৈন্য যুদ্ধ পরিহরি'।

১৭ তবে ক্রোধে ধাঞা আইল বাণ মহাবলী ॥
সাত্যকি ছাড়িয়া বীর ধাইল সত্বরে।
রথে চড়ি' রহে গিয়া কৃষ্ণের গোচরে ॥

১৮ পঞ্চশত বাণ যুড়ে পঞ্চশত করে।
একেক ধনুতে যুড়ে দুই দুই শরে ॥
একবারে ছাড়ে রাজা দশ-শত বাণ।

১৯ লীলায় কাটিয়া কৃষ্ণ কৈলা খান-খান ॥
খণ্ড খণ্ড কৈলা রথ, রথের সারথি।
কাটিলা রথের ঘোড়া বায়ু-বেগ-গতি ॥

২০ সঙ্কট দেখিয়া দেবী হঞা দিগম্বরা।
আউলাঞা মাথার কেশ গমন-মন্থরা ॥
দাণ্ডাঞা কৃষ্ণের আগে রহিলা কোটরী।

২১ লাজে হেঁটমাথা হঞা রহিলা শ্রীহরি ॥
রথ কাটা গেল, কাটা গেল ধনুর্ব্বাণ।
পুরে প্রবেশিল বাণ রাখিয়া পরাণ ॥

২২ পালাইল ভূতগণ, ভাঙ্গিল সংগ্রাম।
হেনকালে আইল জ্বর মহাবলবান্ ॥

২৩। অথ নারায়ণো দেবস্তং দৃষ্ট্বা ব্যসৃজজ্জ্বরম্। মাহেশ্বরো বৈষ্ণবশ্চ যুযুধাতে জ্বরাবুভৌ॥
২৪। মাহেশ্বরঃ সমাক্রন্দন্ বৈষ্ণবেন বলার্দ্দিতঃ। অলব্ধ্বাভয়মন্যত্র ভীতো মাহেশ্বরো জ্বরঃ।
শরণার্থী হৃষীকেশং তুষ্টাব প্রযতাঞ্জলিঃ॥

শ্রীজ্বর উবাচ

২৫। নমামি ত্বানন্তশক্তিং পরেশং, সর্ব্বাত্মানং কেবলং জ্ঞপ্তিমাত্রম্।
বিশ্বোৎপত্তিস্থানসংরোধহেতুং, যত্তদ্ব্রহ্ম ব্রহ্মলিঙ্গং প্রশান্তম্॥
২৬। কালো দৈবং কর্ম্ম জীবঃ স্বভাবো, দ্রব্যং ক্ষেত্রং প্রাণ আত্মা বিকারঃ।
তৎসঙ্ঘাতো বীজরোহপ্রবাহ,-স্ত্বন্মায়ৈষা তন্নিষেধং প্রপদ্যে॥
২৭। নানাভাবৈর্লীলয়ৈবোপপন্নৈ,-র্দেবান্ সাধূন্ লোকসেতূন্ বিভর্ষি।
হংস্যুন্মার্গান্ হিংসয়া বর্ত্তমানান্, জন্মৈতত্তে ভারহারায় ভূমেঃ॥
২৮। তপ্তোঽহং তে তেজসা দুঃসহেন, শান্তোগ্রেণাত্যুল্বণেন জ্বরেণ।
তাবত্তাপো দেহিনাং তেঽঙ্ঘ্রিমূলং, নো সেবেরন্ যাবদাশানুবদ্ধাঃ॥

শ্রীভগবানুবাচ

২৯। ত্রিশিরস্তে প্রসন্নোঽস্মি ব্যেতু তে মজ্জ্বরাদ্ভয়ম্। যো নৌ স্মরতি সংবাদং তস্য ত্বন্ন ভবেদ্ভয়ম্॥

মহাভয়ঙ্কর জ্বর ধরে' তিন শির।
'ধর ধর' করিয়া ডাকিল মহাবীর॥

২৩ তা' দেখিয়া সৃজে হরি তবে আর জ্বর।
দুই জ্বরে যুদ্ধ হৈল মহাভয়ঙ্কর॥

২৪ জিনিলা বৈষ্ণব-জ্বরে শঙ্করের জ্বর।
কান্দিয়া রহিল গিয়া কৃষ্ণের গোচর॥
ভয় পাঞা হর-জ্বর কম্পিত-হৃদয়।
করজোড় করিয়া কৃষ্ণের আগে রয়॥

২৫ শরণ পশিয়া জ্বর কৃষ্ণের চরণে।
স্তুতি করে' হর-জ্বর ভয় পাঞা মনে॥
'নমো নমো অনন্ত-শকতি নারায়ণ!
জ্ঞানমাত্র, কেবল নির্গুণ, সনাতন॥
সকলের আত্মা তুমি, উতপতি-স্থান।
জগত-কারণ তুমি, প্রলয়-নিদান॥

২৬ তুমি কাল, তুমি জীব, তুমি দৈব, কর্ম্ম।
তুমি প্রাণ, তুমি আত্মা, তুমি দেহ-ধর্ম্ম॥
তোমার মায়ায় নাথ! জীবের সংসার।
তোমা' না ভজিয়া জীব ভবে নহে পার॥
তোমার চরণে, নাথ! পশিলুঁ শরণ।
কৃপা করি' কর' ভব-বন্ধ বিমোচন॥

২৭ নানা-লীলা কর' তুমি পুরুষ-পুরাণ।
দুষ্ট সংহারিয়া কর' শিষ্ট পরিত্রাণ॥
সম্প্রতি লীলায় তুমি কৈলে অবতার।
অসুর মারিয়া হর' পৃথিবীর ভার॥

২৮ মহাভয়ঙ্কর জ্বর তোমার সৃজিত।
তা'র তেজে মুঞি, নাথ! কেবল তাপিত॥
তাবত জীবের নহে তাপ-নিবারণ।
যাবৎ না লয়, নাথ! চরণে শরণ॥'

২৯ এইরূপে নানা স্তুতি কৈলা হর-জ্বরে।
হাসিয়া বলেন বাণী প্রভু সুরেশ্বরে॥
'শুন, হে ত্রিশির! আমি হইলুঁ পরসন্ন।
ভয় পরিহর তুমি, স্থির কর' মন॥
না করিহ আর তুমি জ্বর করি' ভয়।
সুখে গিয়া রহ তুমি, না কর' সংশয়॥
তোমায় আমায় দুহে যে হৈল সংবাদ।
যে জন সঙরে, তা'র খণ্ডিব প্রমাদ॥

৩০। ইত্যুক্তোঽচ্যুতমানম্য গতো মাহেশ্বরো জ্বরঃ। বাণস্তু রথমারূঢ়ঃ প্রাগাদ্‌যোৎস্যন্ জনার্দ্দনম্॥
৩১। ততো বাহুসহস্রেণ নানায়ুধধরোঽসুরঃ। মুমোচ পরমক্রুদ্ধো বাণাংশ্চক্রায়ুধে নৃপ!
৩২। তস্যাস্যতোঽস্ত্রাণ্যসকৃচ্চক্রেণ ক্ষুরনেমিনা। চিচ্ছেদ ভগবান্ বাহূন্ শাখা ইব বনস্পতেঃ॥
৩৩। বাহুষু ছিদ্যমানেষু বাণস্য ভগবান্ ভবঃ। ভক্তানুকম্প্যুপব্রজ্য চক্রায়ুধমভাষত॥

শ্রীরুদ্র উবাচ

৩৪। ত্বং হি ব্রহ্ম পরং জ্যোতির্গূঢ়ং ব্রহ্মণি বাঙ্ময়ে। যং পশ্যন্ত্যমলাত্মান আকাশমিব কেবলম্॥
৩৫। নাভির্নভোঽগ্নির্মুখমম্বু রেতো, দ্যৌঃ শীর্ষমাশাঃ শ্রুতিরঙ্ঘ্রিরুর্ব্বী।
চন্দ্রো মনো যস্য দৃগর্ক আত্মা, অহং সমুদ্রো জঠরং ভুজেন্দ্রঃ॥
৩৬। রোমাণি যস্যৌষধয়োঽম্বুবাহাঃ, কেশা বিরিঞ্চো ধিষণা বিসর্গঃ।
প্রজাপতির্হৃদয়ং যস্য ধর্ম্মঃ, স বৈ ভবান্ পুরুষো লোককল্পঃ॥
৩৭। তবাবতারোঽয়মকুণ্ঠধামন্, ধর্ম্মস্য গুপ্ত্যৈ জগতো ভবায়।
বয়ঞ্চ সর্ব্বে ভবতানুভাবিতা, বিভাবয়ামো ভুবনানি সপ্ত॥
৩৮। ত্বমেক আদ্যঃ পুরুষোঽদ্বিতীয়,-স্তুর্য্যঃ স্বদৃগ্‌হেতুরহেতুরীশঃ।
প্রতীয়সেঽথাপি যথাবিকারং, স্বমায়য়া সর্ব্বগুণপ্রসিদ্ধ্যৈ॥
৩৯। যথৈব সূর্য্যঃ পিহিতশ্ছায়য়া স্বয়া, ছায়াঞ্চ রূপাণি চ সঞ্চকাস্তি।
এবং গুণেনাপিহিতো গুণাংস্ত্ব,-মাত্মপ্রদীপো গুণিনশ্চ ভূমন্!

---

৩০ না যাইহ, জ্বর তুমি, তা'র সন্নিধান।'
বর পাঞা হর-জ্বর গেলা নিজস্থান॥
তবে বাণ পুনরপি আইল রথে চড়ি'।
যুঝিল কৃষ্ণের সহ নানা অস্ত্র ধরি'॥

৩১ সহস্রেক ভুজে আনি' গাছ-পাথর।
ক্রোধ করি' ফেলি' মারে কৃষ্ণের উপর॥

৩২-৩৩ অস্ত্র-বরিষণ বাণ কৈল ভয়ঙ্কর।
এক চক্রে কাটিলা সকল সুরেশ্বর॥
তবে তা'র কাটিলা সকল ভুজদণ্ড।
ভূমিতে পড়িল ভুজ হঞা খণ্ড খণ্ড॥
কাটা গেল ডাল, যেন রহে তরুবর।
তবে কৃষ্ণ-আগে গিয়া দাণ্ডায় শঙ্কর॥

৩৪ ভকতবৎসল শিব কর যুড়ি' শিরে।
ভক্তিভাব করিয়া প্রভুরে স্তুতি করে'॥
'সত্য ব্রহ্ম, প্রভু! তুমি' নিগম-গোপিত।
গূঢ়রূপে, নরবেশে জগতে বিদিত॥
কিরূপে তোমারে, নাথ! জানিব অসুরে?
ধ্যানযোগে যোগী যাঁ'রে জানিতে না পারে॥

৩৫-৩৬ আকাশ—তোমার নাভি, মুখ—হুতাশন।
ত্রিদিব—তোমার শির, পৃথিবী—চরণ॥
দশদিগ্—শ্রুতিগণ, মন—শশধর।
মুঞি শিব—আত্মা যাঁ'র, আঁখি—দিনকর॥
সমুদ্র—জঠর যাঁ'র, বৃক্ষ—রোমাবলি।
মেঘগণ—কেশ যাঁ'র, ব্রহ্মা—বুদ্ধি বলি॥
হৃদয়—যাঁহার ধর্ম্ম, লিঙ্গ—প্রজাপতি।
লোকময় প্রভু তুমি, সর্ব্বলোক-গতি॥

৩৭ অবতার করি' কর' সাধু পরিত্রাণ।
ধর্ম্ম-রক্ষা-হেতু নরলোকে উপাদান॥
তুমি, নাথ! কর' আমা'-সভার পালন।
তে-কারণে আমি-সব ধরি ত্রিভুবন॥

৩৮ তুমি এক পুরুষ, নির্গুণ, নিরাধার।
অদ্বৈত, পরমানন্দ, বিচিত্র-বিহার॥
নানা ভেদে, বহুরূপে, করহ প্রকাশ।
আপন মায়ায় কর' আপনে বিলাস॥

৩৯ আপন ছায়ায় যেন সূর্য্য আচ্ছাদিত।
তভু নিজতেজ লোকে করে' প্রকাশিত॥

৪০। যন্মায়ামোহিতধিয়ঃ পুত্রদারগৃহাদিষু। উন্মজ্জন্তি নিমজ্জন্তি প্রসক্তা বৃজিনার্ণবে ॥
৪১। দেবদত্তমিমং লব্ধ্বা নৃলোকমজিতেন্দ্রিয়ঃ। যো নাদ্রিয়েত ত্বৎপাদৌ স শোচ্যো হ্যাত্মবঞ্চকঃ ॥
৪২। যস্ত্বাং বিসৃজতে মর্ত্ত্য আত্মানং প্রিয়মীশ্বরম্। বিপর্য্যয়েন্দ্রিয়ার্থার্থং বিষমত্ত্যমৃতং ত্যজন্ ॥
৪৩। অহং ব্রহ্মাথ বিবুধা মুনয়শ্চামলাশয়াঃ। সর্ব্বাত্মনা প্রপন্নাস্ত্বামাত্মানং প্রেষ্ঠমীশ্বরম্ ॥
৪৪। তং ত্বা জগৎস্থিত্যুদয়ান্তহেতুং, সমং প্রশান্তং সুহৃদাত্মদৈবম্।
অনন্যমেকং জগদাত্মকেতং, ভবাপবর্গায় ভজাম দেবম্ ॥
৪৫। অয়ং মমেষ্টো দয়িতোঽনুবর্ত্তী, ময়াভয়ং দত্তমমুষ্য দেব!
সম্পাদ্যতাং তদ্ভবতঃ প্রসাদো, যথা হি তে দৈত্যপতৌ প্রসাদঃ ॥

শ্রীভগবানুবাচ

৪৬। যদাথ ভগবংস্ত্বন্নঃ করবাম প্রিয়ং তব। ভবতো যদ্ব্যবসিতং তন্মে সাধ্বনুমোদিতম্ ॥
৪৭। অবধ্যোঽয়ং মমাপ্যেষ বৈরোচনিসুতোঽসুরঃ। প্রহ্লাদায় বরো দত্তো ন বধ্যো মে তবান্বয়ঃ ॥
৪৮। দর্পোপশমনায়াস্য প্রবৃক্ণা বাহবো ময়া। সূদিতঞ্চ বলং ভূরি যচ্ছ ভারায়িতং ভুবঃ ॥
৪৯। চত্বারোঽস্য ভুজাঃ শিষ্টা ভবিষ্যত্যজরামরঃ। পার্ষদমুখ্যো ভবতো ন কুতশ্চিদ্ভয়োঽসুরঃ ॥

সেইরূপে কর' নানা মায়ায়ে রচনা।
আপন মায়ায়, নাথ! আচ্ছাদ' আপনা ॥
আমি-সব কেহ, নাথ! নহি তোমা' বিনে।
নানা রূপ ধরি' তুমি বিহর আপনে ॥

৪০ সর্ব্বজীব বিমোহিত মায়ায়ে তোমার।
দুঃখময় সংসারে ভ্রময়ে বারবার ॥
পুত্র-দার-গৃহময় গভীর সাগরে।
তোমার মায়ায়ে জীব মজে নিরন্তরে ॥

৪১ মানুষ-জনম, নাথ! লভিয়া যতনে।
তোমার পদারবিন্দ না ভজে যে জনে ॥
সে জন কেবল, নাথ! অধম, বঞ্চিত ॥
তোমার মায়ায় তা'রে জানিলুঁ মোহিত ॥

৪২ যে পুন তোমারে ছাড়ে নরদেহ পাঞা।
অমৃত ত্যজিয়া যেন মরে বিষ খাঞা ॥

৪৩ মুঞি মহেশ্বর, নাথ! ব্রহ্মা প্রজাপতি।
মুনিগণ, সুরগণ, যত শুদ্ধমতি ॥
সর্ব্বভাবে আমি-সব পশিলুঁ শরণে।
অন্যগতি নাহি, প্রভু! তুমি নাথ বিনে ॥

৪৪ জগতের উতপতি, প্রলয়, পালন।
সর্ব্বজীব-পতি তুমি, সভার জীবন ॥
জগতের আত্মা তুমি, পতি, গতি, প্রাণ।
চরণ ভজিলুঁ, নাথ! কর' অবধান ॥

৪৫ এ-মোর কিঙ্কর, নাথ! প্রিয় অনুচর।
মুঞি, নাথ! ইহাকে দিয়াছো এক বর ॥
পূরবে অভয় বর দিলুঁ তুষ্ট হঞা।
মোর সত্য রাখ, নাথ! যদি কর' দয়া ॥
যদি বল',—'অসুরে না করি বর-দান'।
প্রহ্লাদ তোমার ভৃত্য, তাহাতে প্রমাণ ॥'

৪৬ এতেক বচন শুনি' প্রভু চক্রপাণি।
শঙ্করের তরে তবে বলে' প্রিয়বাণী ॥
'সত্য সত্য, শিব! তুমি কহিলে নিশ্চয়।
তোমার বচন যেন কভু মিথ্যা নয় ॥

৪৭ প্রহ্লাদের তরে আমি এই বর দিল।
অবধ্য তোমার বংশ আজি-হনে হৈল ॥
সেই বংশে বাণরাজা হইল উৎপন্ন।
আমার অবধ্য এহ হৈল তে-কারণ ॥

৪৮ ভুজগণ কাটিয়া হরিলুঁ বল-দর্প।
পুনরপি আর যেন না করয়ে গর্ব্ব ॥

৪৯ চারিভুজ রাখিয়া অভয় বর দিল।
আজি হৈতে তোমার কিঙ্কর মুখ্য হৈল ॥

৫০। **ইতি লব্ধাভয়ং কৃষ্ণং প্রণম্য শিরসাসুরঃ। প্রাদ্যুম্নিং রথমারোপ্য স বধ্বা সমুপানয়ৎ॥**
৫১। **অক্ষৌহিণ্যা পরিবৃতং সুবাসঃসমলঙ্কৃতম্। সপত্নীকং পুরস্কৃত্য যযৌ রুদ্রানুমোদিতঃ॥**
৫২। **স্বরাজধানীং সমলঙ্কৃতাং ধ্বজৈঃ, সতোরণৈরুক্ষিতমার্গচত্বরাম্।**
বিবেশ শঙ্খানকদুন্দুভিস্বনৈ,-রভ্যুদ্যতঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ॥
৫৩। **য এবং কৃষ্ণবিজয়ং শঙ্করেণ চ সংযুগম্। সংস্মরেৎ প্রাতরুত্থায় ন তস্য স্যাৎ পরাজয়ঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে বাণাসুরসংগ্রামে শ্রীকৃষ্ণবিজয়ো নাম ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৩॥

অজর, অমর হঞা রহিল সংসারে।
এই বর দিলুঁ, শিব! তোমার গোচরে॥'
৫০ বর পাঞা বাণরাজা কৈলা সন্নিধান।
অভয়-পদারবিন্দে করিয়া প্রণাম॥
রথে তুলি' অনিরুদ্ধ আনিল গোচরে।
কন্যা দিয়া নিবেদিল চরণ-যুগলে॥
৫১ এক অক্ষৌহিণী সৈন্য, দিল বহুধন।
বিবিধ যৌতুক দিল, বসন-ভূষণ॥
বিদায় মাগিয়া শিব রহিলা সগণে।
আনন্দে চলিলা হরি দ্বারকাভুবনে॥
৫২ মহারথে বর-কন্যা করি' আগুয়ান।
দ্বারকা বিজয় তবে কৈলা ভগবান্॥
শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-দুন্দুভি-কোলাহল।
বহুবিধ নৃত্যগীত আনন্দ-মঙ্গল॥
দ্বারকা প্রবেশ কৈলা ত্রিজগত-রায়।
ত্রিভুবনে শঙ্কর-বিজয়-যশ গায়॥
৫৩ বাণযুদ্ধ, মহাযশ, শঙ্কর-বিজয়।
যে জন সঙরে নিতি প্রভাত-সময়॥
রণে ভঙ্গ নহে তা'র, নহে ভব-ভয়।
বিষ্ণু-ভক্তি হয় তা'র, খণ্ডয়ে সংশয়॥"
হরিবংশে কহিয়াছে করিয়া বিস্তার।
ভাগবতে কহি সার করিয়া উদ্ধার॥
জান গুরু-গদাধর ধীরশিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৩॥

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। **একদোপবনং রাজন্! জগ্মুর্যদুকুমারকাঃ। বিহর্ত্তুং সাম্ব-প্রদ্যুম্ন-চারুভানুগদাদয়ঃ॥**
২। **ক্রীড়িত্বা সুচিরং তত্র বিচিন্বন্তঃ পিপাসিতাঃ। জলং নিরুদকে কূপে দদৃশুঃ সত্ত্বমদ্ভুতম্॥**
৩। **কৃকলাসং গিরিনিভং বীক্ষ্য বিস্মিতমানসাঃ। তস্য চোদ্ধরণে যত্নং চক্রুস্তে কৃপয়ান্বিতাঃ॥**
৪। **চর্ম্মজৈস্তান্তবৈঃ পাশৈর্বদ্ধা পতিতমর্ভকাঃ। নাশক্নুবন্ সমুদ্ধর্ত্তুং কৃষ্ণায়াচখ্যুরুৎসুকাঃ॥**

[সুহই-রাগ]

১ মুনি বলে',—"শুন, রাজা! অদভুত-বাণী।
কহিব তোমারে তবে বিচিত্র-কাহিনী॥
এক দিন কৃষ্ণের কুমারগণ মেলি'।
সাম্ব-প্রদ্যুম্ন-ভানু-গদ-আদি করি'॥
উপবনে শিশুগণে করে' নানা খেলা।
২-৪ খেলা-রসে রহিলা, বিস্তর হৈল বেলা॥
তৃষ্ণায় আকুল শিশু বনে-বনে ধায়।
জল চাহে শিশুগণ, জল নাহি পায়॥

৫। তত্রাগত্যারবিন্দাক্ষো ভগবান্ বিশ্বভাবনঃ। বীক্ষ্যোজ্জহার বামেন তং করেণ স লীলয়া॥
৬। স উত্তমঃশ্লোককরাভিমৃষ্টো, বিহায় সদ্যঃ কৃকলাসরূপম্।
সন্তপ্তচামীকরচারুবর্ণঃ, স্বর্গ্যদ্ভুতালঙ্করণাম্বরস্রক্॥
৭। পপ্রচ্ছ বিদ্বানপি তন্নিদানং, জনেষু বিখ্যাপয়িতুং মুকুন্দঃ।
কস্ত্বং মহাভাগ! বরেণ্যরূপো, দেবোত্তমং ত্বাং গণয়ামি নূনম্॥
৮। দশামিমাং বা কতমেন কর্ম্মণা, সম্প্রাপিতোঽস্যতদর্হঃ সুভদ্র?
আত্মানমাখ্যাহি বিবিৎসতাং নো, যন্মন্যসে নঃ ক্ষমমত্র বক্তুম্॥

শ্রীশুক উবাচ

৯। ইতি স্ম রাজা সম্পৃষ্টঃ কৃষ্ণেনানন্তমূর্ত্তিনা। মাধবং প্রণিপত্যাহ কিরীটেনার্কবর্চ্চসা॥

শ্রীনৃগ উবাচ

১০। নৃগো নাম নরেন্দ্রোঽহমিক্ষ্বাকুতনয়ঃ প্রভো! দানিষ্বাখ্যায়মানেষু যদি তে কর্ণমস্পৃশম্॥
১১। কিং নু তেঽবিদিতং নাথ! সর্ব্বভূতাত্মসাক্ষিণঃ। কালেনাব্যাহতদৃশো বক্ষ্যেঽথাপি তবাজ্ঞয়া॥
১২। যাবত্যঃ সিকতা ভূমের্যাবত্যো দিবি তারকাঃ। যাবত্যো বর্ষধারাশ্চ তাবতীরদদং স্ম গাঃ॥
১৩। পয়স্বিনীস্তরুণীঃ শীলরূপ-গুণোপপন্নাঃ কপিলা হেমশৃঙ্গীঃ।
ন্যায়ার্জ্জিতা রূপ্যখুরাঃ সবৎসা, দুকূলমালাভরণা দদাবহম্॥

সম্মুখে দেখিলা—এক কূপ ভয়ঙ্কর।
জল নাহি তা'থে, মহা-গভীর, প্রসর॥
এক মহাপ্রাণী তা'থে পর্ব্বত-আকার।
দেখিয়া বিস্মিত হৈলা যতেক ছাওয়াল॥
চর্ম্ম-দড়ি দিয়া তা'রে বান্ধিলা যতনে।
টানাটানি পাড়ে তবে যত শিশুগণে॥
আছুক তুলিবার কাজ, নাড়িতে না পারে।
কৌতুকে ছাড়িয়া গেলা যতেক ছাওয়ালে॥
কহিলা কৃষ্ণের আগে সব বিবরণ।
৫ আপনে চলিয়া তথা গেলা নারায়ণ॥
পরশিয়া মাত্র প্রভু দিয়া বামকর।
লীলায় তুলিলা তা'রে কূপের উপর॥
৬ কৃষ্ণ-পরশনে তা'র সর্ব্বপাপ হরে'।
কৃকলাস মূর্ত্তি ছাড়ি' দিব্যমূর্ত্তি ধরে॥
তপত-কাঞ্চন জিনি' দীপ্ত কলেবর।
রতন-কুণ্ডল-হার-মুকুট সুন্দর॥
৭ জানেন ত' সকল তত্ত্ব, জ্ঞানি-শিরোমণি।
তথাপি পুছিলা তা'রে দেব চক্রপাণি॥
লোক বুঝাইতে জিজ্ঞাসিলা নারায়ণ।
'কহ, হে পুরুষ! তুমি নিজ-বিবরণ॥
৮ কোন্ পাপে আছিল তোমার অধোগতি?
কোন্ পুণ্যে দিব্যরূপ ধরিলে সম্প্রতি?
আপনার জন্ম-কর্ম্ম কহ, মহাশয়!
কি নাম তোমার, তুমি কাহার তনয়?
ইচ্ছা যদি কর, সব কহিবে কারণ।'
৯ তবে নৃগরাজা কহে পূর্ব্ব-বিবরণ॥
১০ 'ইক্ষ্বাকু-তনয় আমি, রাজা নৃগ-নামে।
১১ সকল বিদিত, নাথ! তোমার চরণে॥
সর্ব্বভূত-সাক্ষী তুমি, সর্ব্বজ্ঞ-শেখর।
সকল জীবের কর্ম্ম তোমাতে গোচর॥
তথাপি তোমারে কহি আজ্ঞা শিরে ধরি'।
মোর ভাগ্যে তুমি জিজ্ঞাসিলে কৃপা করি'॥
১২ যতেক পৃথ্বীর রেণু, আকাশের তারা।
যতেক মেঘের হয় বরিষণ-ধারা॥
তত ধেনু দিলুঁ দান কাঞ্চনে ভূষিয়া।
১৩ তরুণী কপিলা হেমময় শৃঙ্গ দিয়া॥

১৪। স্বলঙ্কৃতেভ্যো গুণশীলবদ্ভ্যঃ, সীদৎকুটুম্বেভ্য ঋতব্রতেভ্যঃ।
তপঃশ্রুতব্রহ্মবদান্যসদ্ভ্যঃ, প্রাদাং যুবভ্যো দ্বিজপুঙ্গবেভ্যঃ॥
১৫। গো-ভূ-হিরণ্যায়তনাশ্বহস্তিনঃ, কন্যাঃ সদাসীস্তিলরূপ্যশয্যাঃ।
বাসাংসি রত্নানি পরিচ্ছদান্ রথা,-নিষ্টঞ্চ যজ্ঞৈশ্চরিতঞ্চ পূর্ত্তম্॥
১৬। কস্যচিদ্দ্বিজমুখ্যস্য ভ্রষ্টা গৌর্মম গোধনে। সংপৃক্তাবিদুষা সা চ ময়া দত্তা দ্বিজাতয়ে॥
১৭। তাং নীয়মানাং তৎস্বামী দৃষ্ট্বোবাচ মমেতি তম্।
মমেতি প্রতিগ্রাহ্যাহ নৃগো মে দত্তবানিতি॥
১৮। বিপ্রৌ বিবদমানৌ মামূচতুঃ স্বার্থসাধকৌ। ভবান্ দাতাপহর্ত্তেতি তচ্ছ্রুত্বা মেঽভবদ্ভ্রমঃ॥
১৯। অনুনীতাবুভৌ বিপ্রৌ ধর্ম্মকৃচ্ছ্রগতেন বৈ।
গবাং লক্ষং প্রকৃষ্টানাং দাস্যাম্যেষা প্রদীয়তাম্॥
২০। ভবন্তাবনুগৃহ্লীতাং কিঙ্করস্যাবিজানতঃ। সমুদ্ধরতং মাং কৃচ্ছ্রাৎ পতন্তং নিরয়েঽশুচৌ॥
২১। নাহং প্রতীচ্ছে বৈ রাজন্নিত্যুক্ত্বা স্বাম্যপাক্রমৎ। নান্যদ্গবামপ্যযুতমিচ্ছামীত্যপরো যযৌ॥
২২। এতস্মিন্নন্তরে যাম্যৈর্দূতৈর্নীতো যমক্ষয়ম্। যমেন পৃষ্টস্তত্রাহং দেবদেব! জগৎপতে!

রজতের চারি খুর, ধর্ম্ম অরজিতা।
পট্টপট-মাল্য-আভরণ-বৎসযুতা॥

১৪-১৫ যুবক ব্রাহ্মণ যত বিপ্রের প্রধান।
কুল-শীল-গুণযুক্ত মহা-মতিমান্॥
সত্যব্রত, তপোযুক্ত, বেদবিদাম্বর।
কাঞ্চনে ভূষিয়া তাঁ'র পুণ্য-কলেবর॥
হেনরূপ দ্বিজগণ আনি' বিদ্যমান।
নিতি-নিতি লক্ষ-লক্ষ করি ধেনু-দান॥
রজত-কাঞ্চন, কন্যা, তিল, ভূমি, জল।
কনক-নির্ম্মিত রথ, তুরঙ্গ, কুঞ্জর॥
বসন-ভূষণ, শয্যা, রতন-রচনা।
কত কোটি-কোটি তাহা কে জানে' গণনা?
কত মহাদান, মহা-বিপুল মন্দির।
কত যজ্ঞ, দীঘি, সরোবর পুণ্য-নীর॥

১৬ এইরূপে নানা দান করি নিরবধি।
দৈবযোগে একদিন বাম হৈলা বিধি॥
এক ব্রাহ্মণের ধেনু পলাইয়া আসি'।
অজানিতে রহে গিয়া গোষ্ঠে পরবেশি'॥
সেই ধেনু দিলুঁ আমি অন্য ব্রাহ্মণেরে।
ধেনু লঞা ব্রাহ্মণ চলিল নিজ-ঘরে॥

১৭ চাহিতে বেড়ায় বিপ্র, পথে আসি' দেখে।
'মোর মোর' বলিয়া ব্রাহ্মণ ধেনু রাখে॥

১৮ বিবাদ করিয়া তা'রা আইলা দুই জন।
ভৎর্সিয়া আমার ঠাঞি কৈলা নিবেদন॥
'তুমি ধেনু দিলে, বিপ্র হরি' লঞা যায়।'
ইহা শুনি' ভয় হৈ'ল আমার হিয়ায়॥

১৯-২০ তবে দুই ব্রাহ্মণের ধরিনু চরণে।
বিস্তর সান্ত্বিনু মুঞি বিনয়-বচনে॥
'অনুগ্রহ দুহেঁ কর', না কর' বিবাদ।
না জানিয়া কৈলুঁ মুঞি, ক্ষেম' অপরাধ॥
কিঙ্করের অপরাধ কভু নাহি লয়।
হেন কর্ম্ম কর', মোর নরক না হয়॥
কৃপা করি' এক বিপ্র ধেনু ছাড়ি' দেহ'।
ইহার বদলে এক লক্ষ ধেনু লেহ॥

২১ এ-বোল শুনিঞা দুই বলিলা ব্রাহ্মণ।
'আর ধেনু লঞা কিছু নাহি প্রয়োজন॥'
এ-বোল বলিয়া দুই বিপ্র গেলা ঘরে।

২২ মৃত্যুকাল হৈল মোর কত দিনান্তরে॥
যমদূত লঞা গেল যম-বিদ্যমান।
ধর্ম্মরাজে দেখি' মুঞি করিলুঁ প্রণাম॥

২৩। পূর্ব্বং ত্বমশুভং ভুঙ্ক্ষ্ব উতাহো নৃপতে! শুভম্? নান্তং দানস্য ধর্ম্মস্য পশ্যে লোকস্য ভাস্বতঃ॥
২৪। পূর্ব্বং দেবাশুভং ভুঙ্গ ইতি প্রাহ পতেতি সঃ। তাবদদ্রাক্ষমাত্মানং কৃকলাসং পতন্ প্রভো!
২৫। ব্রহ্মণ্যস্য বদান্যস্য তব দাসস্য কেশব! স্মৃতির্নাদ্যাপি বিধ্বস্তা ভবৎসন্দর্শনার্থিনঃ॥
২৬। স ত্বং কথং মম বিভোঽক্ষিপথঃ পরাত্মা, যোগেশ্বরৈঃ শ্রুতিদৃশামলহৃদ্বিভাব্যঃ।
সাক্ষাদধোক্ষজ! উরুব্যসনান্ধবুদ্ধেঃ, স্যান্মেঽনুদৃশ্য ইহ যস্য ভবাপবর্গঃ॥
২৭। দেবদেব জগন্নাথ! গোবিন্দ পুরুষোত্তম! নারায়ণ হৃষীকেশ! পুণ্যশ্লোকাচ্যুতাব্যয়!
২৮। অনুজানীহি মাং কৃষ্ণ! যান্তং দেবগতিং প্রভো! যত্র ক্বাপি সতশ্চেতো ভূয়ান্মে ত্বৎপদাস্পদম্॥
২৯। নমস্তে সর্ব্বভাবায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে। কৃষ্ণায় বাসুদেবায় যোগানাং পতয়ে নমঃ॥
৩০। ইত্যুক্ত্বা তং পরিক্রম্য পাদৌ স্পৃষ্ট্বা স্বমৌলিনা। অনুজ্ঞাতো বিমানাগ্র্যমারুহৎ পশ্যতাং নৃণাম্॥
৩১। কৃষ্ণঃ পরিজনং প্রাহ ভগবান্ দেবকীসুতঃ। ব্রহ্মণ্যদেবো ধর্ম্মাত্মা রাজন্যাননুশিক্ষয়ন্॥
৩২। দুর্জ্জরং বত ব্রহ্মস্বং ভুক্তমগ্নের্মনাগপি। তেজীয়সোঽপি কিমুত রাজ্ঞামীশ্বরমানিনাম্?
৩৩। নাহং হালাহলং মন্যে বিষং যস্য প্রতিক্রিয়া। ব্রহ্মস্বং হি বিষং প্রোক্তং নাস্য প্রতিবিধির্ভুবি॥
৩৪। হিনস্তি বিষমত্তারং বহ্নিরদ্ভিঃ প্রশাম্যতি। কুলং সমূলং দহতি ব্রহ্মস্বারণিপাবকঃ॥

সম্ভাষিয়া ধর্ম্মরাজ আজ্ঞা দিলা মোরে।
২৩ 'পাপ ভোগ কর' ' তুমি এই অবসরে॥
পাছে পুণ্য ভোগ তুমি করহ সকল।
তোমার পুণ্যের অন্ত নাহি, নরেশ্বর!

২৪ অঙ্গীকার কৈলুঁ মুঞি যমের বচনে।
'পড়' হেন বাণী যম বলিলা তখনে॥
সেইক্ষণে পড়িলুঁ মুঞি কূপের ভিতর।
কৃকলাস-রূপ ধরি' আছি এতকাল॥

২৫ দানশীল রাজা আমি, তোমার কিঙ্কর।
কূপে পড়ি' ছিলুঁ, নাথ! বিস্তর বৎসর॥
তোমার পদারবিন্দ করিয়া স্মরণ।
আশা ধরি' ছিলুঁ, নাথ! হৈল দরশন॥

২৬ যোগীন্দ্র-মুনীন্দ্র যাঁ'র চরণ ধেয়ায়।
হৃদয়ে চিন্তয়ে মাত্র, দেখিতে না পায়॥
অপবর্গ-পদ যাঁ'র চরণ-যুগল।
হেন প্রভু হৈলা মোর নয়ন-গোচর॥

২৭-২৮ সংসারে পতিত মুঞি অন্ধ মূঢ়মতি।
দরশন দিয়ে, নাথ! ঘুচা'লে দুর্গতি॥
গোবিন্দ, মাধব, দেবদেব, জগন্নাথ!
নারায়ণ, হৃষীকেশ, শ্রীবাস সাক্ষাত!

অচ্যুত, কেশব, পুণ্যশ্লোক-শিখামণি!
আজ্ঞা দেহ' দুর্গতের তত্ত্ব-গতি জানি'॥
যথা-তথা থাকি, যেন বুদ্ধিভ্রম নহে।
চরণারবিন্দে যেন সবে মতি রহে॥

২৯ নমো বাসুদেব, কৃষ্ণ, অনন্ত-শকতি!
নমো ত্রিজগতনাথ, ব্রজকুলপতি!'
৩০ প্রদক্ষিণ করি' কৈল চরণে প্রণাম।
আজ্ঞা লঞা দিব্য-রথে চড়ি' মতিমান্॥
সর্ব্বলোক-বিদ্যমানে গেলা স্বর্গবাস।
৩১ হাসিয়া কি বলে' তবে প্রভু শ্রীনিবাস?
ব্রহ্মণ্যশেখর হরি, লোক-শিক্ষা করে'।
বুঝায় বিবিধ-ধর্ম্ম বিবিধ-প্রকারে॥
৩২ 'অলপ ব্রহ্মস্ব যদি ভুঞ্জয়ে অনলে।
অগ্নি হেন হঞা তেঁহো জারিতে না পারে॥
৩৩ হলাহল-বিষ বিষ না বলিব তা'রে।
প্রতিকার আছে তা'র কত পরকারে॥
ব্রহ্মস্ব-সদৃশ বিষ নারি বলিবার।
কোনমতে নাহি তা'র কোন প্রতিকার॥
৩৪ বিষ খাইলে সবে মাত্র মরে সেইজন।
জল দিলে আপনে নিভয়ে হুতাশন॥

৩৫। ব্রহ্মস্বং দুরনুজ্ঞাতং ভুক্তং হন্তি ত্রিপুরুষম্। প্রসহ্য তু বলাদ্ভুক্তং দশ পূর্ব্বান্ দশাপরান্॥
৩৭। গৃহ্ণন্তি যাবতঃ পাংশূন্ ক্রন্দতামশ্রুবিন্দবঃ। বিপ্রাণাং হৃতবৃত্তীনাং বদান্যানাং কুটুম্বিনাম্॥
৩৮। রাজানো রাজকুল্যাশ্চ তাবতোঽব্দান্ নিরঙ্কুশাঃ। কুম্ভীপাকেষু পচ্যন্তে ব্রহ্মদায়াপহারিণঃ॥
৩৯। স্বদত্তাং পরদত্তাং বা ব্রহ্মবৃত্তিং হরেচ্চ যঃ। ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ॥
৪০। ন মে ব্রহ্মধনং ভূয়াদ্যদ্গৃদ্ধাল্লায়ুষো নরাঃ। পরাজিতাশ্চ্যুতা রাজ্যাদ্ভবন্ত্যুদ্বেজিনোঽহয়ঃ॥
৪১। বিপ্রং কৃতাগসমপি নৈব দ্রুহ্যত মামকাঃ। ঘ্নন্তং বহু শপন্তং বা নমস্কুরুত নিত্যশঃ॥
৪২। যথাহং প্রণমে বিপ্রাননুকালং সমাহিতঃ। তথা নমত যূয়ঞ্চ যোঽন্যথা মে স দণ্ডভাক্॥
৪৩। ব্রাহ্মণার্থো হ্যপহৃতো হর্ত্তারং পাতয়ত্যধঃ। অজানন্তমপি হ্যেনং নৃগং ব্রাহ্মণগৌরিব॥
৪৪। এবং বিশ্রাব্য ভগবান্ মুকুন্দো দ্বারকৌকসঃ। পাবনঃ সর্ব্বলোকানাং বিবেশ নিজমন্দিরম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীনৃগোপাখ্যানং নাম চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৪॥

ব্রহ্মস্ব-আগুনি যা'থে পরবেশ করে'।
সমূলে সকল তা'র কুল পুড়ি' মারে॥

৩৫ সকৃৎ ব্রহ্মস্ব যদি কোনমতে হরে'।
ত্রিপুরুষ-সহ সেহ নিরয়েতে পড়ে॥
বলে যদি ব্রহ্মস্ব করয়ে অপহার।
দশ পূর্ব্ব, দশ পর পুরুষ তাহার॥
নরকে পড়য়ে তা'র নাহি কোন গতি।
ব্রহ্মস্ব হরয়ে মহাদুষ্ট, পাপমতি॥

৩৭-৩৮ ব্রাহ্মণের বৃত্তি যদি হরে' কোন জন।
দুঃখ-শোক পাঞা যদি কান্দয়ে ব্রাহ্মণ॥
যত ধূলা তিতে তাঁ'র নয়নের জলে।
ততেক বৎসর ধরি' দুঃখ ভোগ করে'॥
কুম্ভীপাকে পড়ে, তা'র নাহি পরিত্রাণ।
কেহ জানি করয়ে ব্রাহ্মণ-অবজ্ঞান॥

৩৯ পরে দিয়া থাকে, কি আপনে দিয়া থাকে।
ব্রাহ্মণের বৃত্তি যদি হরে' কোন পাকে॥
ষাটি-সহস্র ধরি' বৎসর-অবধি।
কৃমি হঞা বিষ্ঠাতে থাকয়ে নিরবধি॥

৪০ ব্রাহ্মণের ধন যেন কভু কারো নয়।
রাজ্যভ্রষ্ট হঞা পুন সর্পযোনি হয়॥

৪১ শাপুক ব্রাহ্মণে, কিংবা মারুক ব্রাহ্মণে।
তবু জানি কেহ করে' ব্রাহ্মণ-লঙ্ঘনে॥
শাপেতে, মারিতে যেবা করে' নমস্কার।
সে-জন আমার প্রিয়, বান্ধব আমার॥

৪২ ব্রাহ্মণে প্রণাম আমি করি সর্ব্বকাল।
ব্রাহ্মণ-অধিক কেহ পূজ্য নাহি আর॥
যে জন অন্যথা করে', করি তা'র দণ্ড।
বিপ্র-অবজ্ঞান পাপ—মহাপরচণ্ড॥

৪৩ কভু জানি কারো হয় দ্বিজধনে লোভ।
নৃগ হেন হঞা তা'র এত দুঃখভোগ॥
এ-বোল বুঝিয়া, লোক, হও সাবধান।
কেহ জানি করে' কভু দ্বিজ-অবজ্ঞান॥'

৪৪ এতেক বচন বলি' প্রভু হৃষীকেশ।
আপনে দ্বারকাপুরী কৈলা পরবেশ॥"
শ্রীযুত-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৪॥

পঞ্চষষ্টিতমোধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। বলভদ্রঃ কুরুশ্রেষ্ঠ ! ভগবান্ রথমাস্থিতঃ। সুহৃদ্দিদৃক্ষুরুৎকণ্ঠঃ প্রযযৌ নন্দগোকুলম্ ॥
২। পরিষ্বক্তশ্চিরোৎকণ্ঠৈর্গোপৈর্গোপীভিরেব চ। রামোঽভিবাদ্য পিতরাবাশীর্ভিরভিনন্দিতঃ ॥
৩। চিরং নঃ পাহি দাশার্হ ! সানুজো জগদীশ্বরঃ। ইত্যারোপ্যাঙ্কমালিঙ্গ্য নেত্রৈঃ সিষিচতুর্জলৈঃ ॥
৪। গোপবৃদ্ধাংশ্চ বিধিবদ্‌যবিষ্ঠৈরভিবন্দিতঃ। যথাবয়ো যথাসখ্যং যথাসম্বন্ধমাত্মনঃ ॥
৫। সমুপেত্যাথ গোপালান্ হাস্যহস্তগ্রহাদিভিঃ। বিশ্রান্তং সুখমাসীনং পপ্রচ্ছুঃ পর্য্যুপাগতাঃ ॥
৬। পৃষ্টাশ্চানাময়ং স্বেষু প্রেমগদ্গদয়া গিরা। কৃষ্ণে কমলপত্রাক্ষে সংন্যস্তাখিলরাধসঃ ॥
৭। কচ্চিন্নো বান্ধবা রাম ! সর্ব্বে কুশলমাসতে ? কচ্চিৎ স্মরথ নো রাম ! যূয়ং দারসুতান্বিতাঃ ?
৮। দিষ্ট্যা কংসো হতঃ পাপো দিষ্ট্যা মুক্তাঃ সুহৃজ্জনাঃ।
নিহত্য নির্জিত্য রিপূন্ দিষ্ট্যা দুর্গং সমাশ্রিতাঃ ॥
৯। গোপ্যো হসন্ত্যঃ পপ্রচ্ছু রামসন্দর্শনাদৃতাঃ। কচ্চিদাস্তে সুখং কৃষ্ণঃ পুরস্ত্রীজনবল্লভঃ ?
১০। কচ্চিৎ স্মরতি বা বন্ধূন্ পিতরং মাতরঞ্চ সঃ ? অপ্যসৌ মাতরং দ্রষ্টুং সকৃদপ্যাগমিষ্যতি ?
অপি বা স্মরতেঽস্মাকমনুসেবাং মহাভুজঃ ?
১১। মাতরং পিতরং ভ্রাতৃন্ পতীন্ পুত্রান্ স্বসৃরপি। যদর্থে জহিম দাশার্হ ! দুস্ত্যজান্ স্বজনান্ প্রভো!
১২। তা নঃ সদ্যঃ পরিত্যজ্য গতঃ সঞ্ছিন্নসৌহৃদঃ। কথং নু তাদৃশং স্ত্রীভির্ন শ্রদ্ধীয়েত ভাষিতম্ ?

[ধানসী-রাগ]

১ "শুন, রাজা ! কহি আর অদভুত কথা।
অনন্ত-ধরণীধর বলভদ্র-গাথা ॥
রথে আরোহণ করি' বলভদ্র-রায়।
বন্ধুগণ দেখিতে গোকুলে চলি' যায় ॥

২ উত্তরিলা রাম যদি নন্দের গোকুলে।
গোপ-গোপী শুনি' আইলা হইয়া ব্যাকুলে ॥
গোপ-গোপীগণে আসি' দিলা আলিঙ্গন।
নন্দ-যশোদার রাম বন্দিলা চরণ ॥

৩ আশীর্ব্বাদ দিলা তাঁ'রা শিরে দিয়া হাত।
'রক্ষ রক্ষ নিজজন, ব্রজকুলনাথ !'

৪ বৃদ্ধ গোপগণে রাম কৈলা নমস্কার।
মাথে হাত দিয়া তাঁ'রা কৈলা আশীর্ব্বাদ ॥
যাঁ'র যেন যোগ্য রাম কৈলা সম্ভাষণে।
তাঁ'রা সব যথাযোগ্য পূজিলা বিধানে ॥

৫-৬ হাতাহাতি ধরিয়া বসিলা সবা' মেলি'।
কুশল জিজ্ঞাসা কৈলা কৃষ্ণে মন ধরি' ॥

৭ 'সভে কি কুশলে, রাম ! আছ নিরাকুলে ?
পুত্র-দার-সহ কি আছেন কৃষ্ণ ভালে ?

৮ ভাগ্যে পাপ কংস মৈল, কুলের অঙ্গার।
ভাগ্যবশে বন্ধুগণ পাইল প্রতিকার ॥'

৯ গোপীগণে প্রেমভাবে করিয়া সম্ভাষা।
কিঞ্চিত হাসিয়া করে' কৃষ্ণের জিজ্ঞাসা ॥
'পুরনারী-বল্লভ সম্প্রতি বনমালী।
কুশলে আছেন কি দ্বারকা-অধিকারী ?

১০ কখন কি পিতা-মাতা সঙরে নিজজনে ?
কভু কি সঙরে আমা'-সভা গোপীগণে ?

১১-১২ পতি-সুত, পিতা-মাতা—সকল তেজিলুঁ।
কুলধর্ম্ম তেজি' তাঁ'র চরণ ভজিলুঁ ॥
তথাপি তেজিয়া গেলা ছাড়িয়া পীরিতি।
কে তাঁ'র বচনে আর করিব প্রতীতি ?

১৩। কথং নু গৃহ্ণন্ত্যনবস্থিতাত্মনো, বচঃ কৃতঘ্নস্য বুধাঃ পুরস্ত্রিয়ঃ।
গৃহ্ণন্তি বৈ চিত্রকথস্য সুন্দর,-স্মিতাবলোকোচ্ছ্বসিতস্মরাতুরাঃ?
১৪। কিং নস্তৎকথয়া গোপ্যঃ কথাঃ কথয়তাপরাঃ? যাত্যস্মাভির্বিনা কালো যদি তস্য তথৈব নঃ॥
১৫। ইতি প্রহসিতং শৌরের্জল্পিতং চারু বীক্ষিতম্। গতিং প্রেমপরিষ্বঙ্গং স্মরন্ত্যো রুরুদুঃ স্ত্রিয়ঃ॥
১৬। সঙ্কর্ষণস্তাঃ কৃষ্ণস্য সন্দেশৈর্হৃদয়ঙ্গমৈঃ। সান্ত্বয়ামাস ভগবান্ নানানুনয়কোবিদঃ॥
১৭। দ্বৌ মাসৌ তত্র চাবাৎসীন্মধুং মাধবমেব চ। রামঃ ক্ষপাসু ভগবান্ গোপীনাং রতিমাবহন্॥
১৮। পূর্ণচন্দ্রকলামৃষ্টে কৌমুদীগন্ধবায়ুনা। যমুনোপবনে রেমে সেবিতে স্ত্রীগণৈর্বৃতঃ॥
১৯। বরুণপ্রেষিতা দেবী বারুণী বৃক্ষকোটরাৎ। পতন্তী তদ্বনং সর্ব্বং স্বগন্ধেনাধ্যবাসয়ৎ॥
২০। তং গন্ধং মধুধারায়া বায়ুনোপহৃতং বলঃ। আঘ্রায়োপগতস্তত্র ললনাভিঃ সমং পপৌ॥
২১। উপগীয়মানো গন্ধর্ব্বৈর্বনিতাশোভিমণ্ডলে। রেমে করেণুযূথেশো মাহেন্দ্র ইব বারণঃ॥
২২। নেদুর্দুন্দুভয়ো ব্যোম্নি বব্রুষুঃ কুসুমৈর্মুদা। গন্ধর্ব্বা মুনয়ো রামং তদ্বীর্য্যৈরীড়িরে তদা॥
২৩। উপগীয়মানচরিতো বনিতাভির্হলায়ুধঃ। বনেষু ব্যচরৎ ক্ষীবো মদবিহ্বললোচনঃ॥
২৪। স্রগ্ব্যেককুণ্ডলো মত্তো বৈজয়ন্ত্যা চ মালয়া। বিভ্রৎস্মিতমুখাম্ভোজং স্বেদপ্রালেয়ভূষিতম্॥
২৫। স আজুহাব যমুনাং জলক্রীড়ার্থমীশ্বরঃ। নিজং বাক্যমনাদৃত্য মত্ত ইত্যাপগাং বলঃ।
অনাগতাং হলাগ্রেণ কুপিতো বিচকর্ষ হ॥

---

১৩ বলে' আন, করে' আন, কৃত্য নাহি বুঝে।
কোন কালে ভজিলে যুবতী নারী তেজে'॥
বিচিত্র-কথন, তা'র সুন্দর বদন।
কটাক্ষেতে নারীর হরিতে পারে মন॥

১৪ কি তা'র কথাতে কাজ, আন কথা কহি।
এতদিন যায় তা'র আমা'-সভা বহি'॥
যদি তা'র কাল যায় আমা'-সভা বিনে।
যাইবে আমার কাল দেহ-সমাধানে॥'

১৫ এতেক বলিয়া গোপী রহিলা ধেয়ানে।
কৃষ্ণের ললিত-লীলা সঙরিয়া মনে॥
চারু হাস, চারু মুখ, বচন সঙরি'।
কান্দিতে লাগিলা গোপী লজ্জা পরিহরি'॥

১৬ দেখিয়া গোপীর প্রেম রাম হলধর।
বিনয়-বচনে গোপী সান্ত্বিলা বিস্তর॥

১৭ চৈত্র-বৈশাখ ধরি' প্রভু পূর্ণকাম।
দুইমাস তথাতে রহিলা বলরাম॥

১৮ নিরমল-রজনী, কুমুদ বহে গন্ধ।
অখণ্ড-পূর্ণিমা শশী, পবন সুমন্দ॥
কুসুমিত বনে নব-রমণীমণ্ডলে।
রাসকেলি করে' রাম বিবিধ-মঙ্গলে॥

১৯ বরুণে পাঠাঞা দিল বারুণী মদিরা।
বৃক্ষের কোটর হৈতে পড়ে মধুধারা॥

২০ তা'র গন্ধে দশদিগ্ হৈল আমোদিত।
মধুপান করে' রাম হঞা হরষিত॥

২১-২৩ গন্ধর্ব্ব-কিন্নরে গায়, দুন্দুভি-বাজন।
দিব্য-বিদ্যাধরী নাচে, পুষ্প-বরিষণ॥
সুরগণে আনন্দে রামের গুণ গায়।
দিব্য-রাসকেলি করে' বলভদ্র-রায়॥

২৪ বৈজয়ন্তী-মালা গলে, মত্ত হলধর।
বিহ্বল-লোচন, একশ্রবণে কুণ্ডল॥

২৫ সম্মুখে যমুনা দেখি' মত্ত বলরাম।
ডাকিয়া বলিলা—'নদি! আইস সন্নিধান'॥
রামের বচনে নদী না কৈলা আদর।
ক্রোধে তবে লাঙ্গল তুলিলা হলধর॥

২৬। পাপে! ত্বং মামবজ্ঞায় যন্নায়াসি ময়াহৃতা। নেষ্যে ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা কামচারিণীম্ ॥
২৭। এবং নির্ভৎ্সিতা ভীতা যমুনা যদুনন্দনম্। উবাচ চকিতা বাচং পতিতা পাদয়োর্নৃপ!
২৮। রাম রাম মহাবাহো! ন জানে তব বিক্রমম্।
যস্যৈকাংশেন বিধৃতা জগতী জগতঃ পতে!
২৯। পরং ভাবং ভগবতো ভগবন্! মামজানতীম্।
মোক্তুমর্হসি বিশ্বাত্মন্! প্রপন্নাং ভক্তবৎসল!
৩০। ততো ব্যমুঞ্চদ্যমুনাং যাচিতো ভগবান্ বলঃ। বিজগাহ জলং স্ত্রীভিঃ করেণুভিরিবেভরাট্ ॥
৩১। কামং বিহৃত্য সলিলাদুত্তীর্ণায়াসিতাম্বরে। ভূষণানি মহার্হাণি দদৌ কান্তিঃ শুভাং স্রজম্ ॥
৩২। বসিত্বা বাসসী নীলে মালামামুচ্য কাঞ্চনীম্। রেজে স্বলঙ্কৃতো লিপ্তো মাহেন্দ্র ইব বারণঃ ॥
৩৩। অদ্যাপি দৃশ্যতে রাজন্! যমুনা কৃষ্টবর্ত্মনা। বলস্যানন্তবীর্য্যস্য বীর্য্যং সূচয়তীব হি ॥
৩৪। এবং সর্ব্বা নিশা যাতা একেব রমতো ব্রজে। রামস্যাক্ষিপ্তচিত্তস্য মাধুর্য্যৈর্ব্রজযোষিতাম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবলদেববিজয়ে শ্রীযমুনাকর্ষণং নাম পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৫ ॥

---

২৬ 'আরে রে পাপিনি! মোরে কৈলি অবজ্ঞান।
লাঙ্গলে বিন্ধিয়া তোরে করি শতখান ॥'
২৭ এ-বোল শুনিয়া ভয়ে সূর্য্যের কুমারী।
চরণে পড়িলা আসি' দণ্ডবত করি ॥
২৮ 'রাম রাম! মহাভুজ, ত্রিভুবন-গতি।
না জানি তোমার তত্ত্ব মুঞি হীনমতি ॥
এক-অংশে ধরে যা'র ধরণীমণ্ডল।
কে তা'র জানিব তত্ত্ব ব্রহ্মাণ্ড-ভিতর?
২৯ ছাড় ছাড়, প্রাণনাথ, প্রপন্ন-পালন।'
তবে বলরাম তা'রে হৈলা পরসন্ন ॥
৩০ জলকেলি করে' রাম যমুনার জলে।
জল-ছিটাছিটি করে' রমণীমণ্ডলে ॥
৩১ বিহরিয়া উঠে তবে বলভদ্র-রায়।
লক্ষ্মীদেবী দিব্যমালা আনিঞা যোগায় ॥
৩২ বহুবিধ বসন-ভূষণ, দিব্য-গন্ধ।
দেখিয়া রামের হৈল হৃদয়ে আনন্দ ॥
নীল বস্ত্র পরি' রাম, দিব্য মণিমালা।
গজীগণ-সঙ্গে যেন মত্ত-গজ-খেলা ॥
দিব্য গন্ধ পরি' অঙ্গ ভূষিলা ভূষণে।
রূপার পর্ব্বত যেন জড়িত কাঞ্চনে ॥
হেনরূপে কৈলা রাম বিচিত্র বিহার।
জগতে রহিল যশ বড়-চমৎকার ॥
৩৩ টান দিয়া যমুনা আনিলা বলরাম।
অদ্যাপি রামের যশ আছে বিদ্যমান ॥
৩৪ এইরূপে রাসকেলি করে' হলধরে।
রমণীমণ্ডলে রাম আনন্দে বিহরে ॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
রামগুণ শুন, ভাই! রামে ধর' আশা ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৫ ॥

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। নন্দব্রজং গতে রামে করূষাধিপতির্নৃপ ! বাসুদেবোঽহমিত্যজ্ঞো দূতং কৃষ্ণায় প্রাহিণোৎ ॥
২। ত্বং বাসুদেবো ভগবানবতীর্ণো জগৎপতিঃ। ইতি প্রস্তোভিতো বালৈর্মেনে আত্মানমচ্যুতম্ ॥
৩। দূতঞ্চ প্রাহিণোন্মন্দঃ কৃষ্ণায়াব্যক্তবর্ত্মনে। দ্বারকায়াং যথা বালো নৃপো বালকৃতোঽবুধঃ ॥
৪। দূতস্তু দ্বারকামেত্য সভায়ামাস্থিতং প্রভুম্। কৃষ্ণং কমলপত্রাক্ষং রাজসন্দেশমব্রবীৎ ॥
৫। বাসুদেবোঽবতীর্ণোঽহমেক এব ন চাপরঃ। ভূতানামনুকম্পার্থং ত্বন্তু মিথ্যাভিধাং ত্যজ ॥
৬। যানি ত্বমস্মচ্চিহ্নানি মৌঢ্যাদ্বিভর্ষি সাত্বত ! ত্যক্ত্বৈহি মাং ত্বং শরণং নো চেদ্দেহি মমাহবম্ ॥

শ্রীশুক উবাচ

৭। কথনং তদুপাকর্ণ্য পৌণ্ড্রকস্যাল্পমেধসঃ। উগ্রসেনাদয়ঃ সভ্যা উচ্চকৈর্জহসুস্তদা ॥
৮। উবাচ দূতং ভগবান্ পরিহাসকথামনু। উৎস্রক্ষ্যে মূঢ় ! চিহ্নানি যৈস্ত্বমেবং বিকত্থসে ॥
৯। মুখং তদপিধায়াজ্ঞ ! কঙ্কগৃধ্রবটৈর্বৃতঃ। শয়িষ্যসে হতস্তত্র ভবিতা শরণং শুনাম্ ॥
১০। ইতি দূতস্তমাক্ষেপং স্বামিনে সর্ব্বমাহরৎ। কৃষ্ণোঽপি রথমাস্থায় কাশীমুপজগাম হ ॥
১১। পৌণ্ড্রকোঽপি তদুদ্যোগমুপলভ্য মহারথঃ। অক্ষৌহিণীভ্যাং সংযুক্তো নিশ্চক্রাম পুরাদ্দ্রুতম্ ॥
১২। তস্য কাশিপতির্মিত্রং পার্ষ্ণিগ্রাহোঽন্বয়ান্নৃপ ! অক্ষৌহিণীভিস্তিসৃভিরপশ্যৎ পৌণ্ড্রকং হরিঃ ॥

[বেলোয়ার-রাগ]

১-৩ "করূষ-রাজ্যের রাজা আছিল দুর্ম্মতি।
বাসুদেব-নাম ধরে দুষ্টগণ-পতি ॥
নিজগণে বাঢ়ায় তাহার অহঙ্কার।
আপনে বোলয়ে 'আমি কৃষ্ণ-অবতার' ॥
দূত পাঠাইয়া দিল দ্বারকা-ভুবনে।
উত্তরিল গিয়া দূত কৃষ্ণ-বিদ্যমানে ॥

৪ বিচিত্র মন্দির দিব্য-সভার ভিতর।
বসিয়া আছেন হেম-খট্টার উপর ॥
কমল-লোচন কৃষ্ণে দেখিয়া নয়নে।
ডাকিয়া কি বলে' দূত রাজার বচনে ॥

৫ 'বাসুদেব আমি সবে, কেহ নাহি আর।
লোক-পরিত্রাণ-হেতু কৈলুঁ অবতার ॥
তুমি কৃষ্ণ ! আপনার মিথ্যা নাম তেজ'।
কৃষ্ণ-চিহ্ন তেজিয়া আমাকে আসি' ভজ ॥
আমার শরণ লঞা রহ গিয়া সুখে।
নহে যুদ্ধ দেহ', যেন সর্ব্বলোক দেখে ॥'

৭ শুনিঞা দুষ্টের দুষ্ট বচন-প্রকাশ।
সভাসদে উপজিল হাস-পরিহাস ॥

৮ হাসিয়া আপনে বলে' প্রভু ভগবান্।
'কহ গিয়া, দূত ! তোমার রাজা-বিদ্যমান ॥
যে-চিহ্ন ধরিয়া করে' এত বড় গর্ব্ব।
সে-চিহ্ন ঘুচাঞা তা'র খণ্ডাইব দর্প ॥

৯ রণভূমি-মাঝে তা'রে করা'ব শয়ন।
শৃগাল-কুক্কুর যেন করয়ে ভক্ষণ ॥'

১০ শুনি' দুরাচার দূত কৃষ্ণের বচন।
কহিল স্বামীর আগে সব বিবরণ ॥
তবে কৃষ্ণ রথে চড়ি' পুরুষ-কেশরী।
বারাণসীপুরে প্রভু গেলেন শ্রীহরি ॥

১১ শুনিয়া পৌণ্ড্রক রাজা কৃষ্ণ-আগমন।
বাছিয়া বাছিয়া কৈল সৈন্যের সাজন ॥
দুই অক্ষৌহিণী সেনা সাজিয়া যুঝার।
ত্বরিতে চলিল রাজা যুদ্ধ করিবার ॥

১২ কাশীরাজ তা'র মিত্র কৈলা আগুসার।
তিন অক্ষৌহিণী সেনা করি' পাটোয়ার ॥

১৬। শূলৈর্গদাভিঃ পরিঘৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসতোমরৈঃ। অসিভিঃ পট্টিশৈর্বাণৈঃ প্রাহরন্নরয়ো হরিম্ ॥
১৩। শঙ্খার্য্যসিগদাশার্ঙ্গ-শ্রীবৎসাদ্যুপলক্ষিতম্। বিভ্রাণং কৌস্তুভমণিং বনমালাবিভূষিতম্ ॥
১৪। কৌশেয়বাসসী পীতে বসানং গরুড়ধ্বজম্। অমূল্যমৌল্যাভরণং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥
১৫। দৃষ্ট্বা তমাত্মনস্তুল্যং বেষং কৃত্রিমমাস্থিতম্। যথা নটং রঙ্গগতং বিজহাস ভৃশং হরিঃ ॥
১৭। কৃষ্ণস্তু তৎপৌণ্ড্রককাশিরাজয়োঃ,-র্বলং গজস্যন্দন-বাজিপত্তিমৎ।
গদাসিচক্রেষুভিরার্দয়দ্ভৃশং, যথা যুগান্তে হুতভুক্ পৃথক্ প্রজাঃ ॥
১৮। আয়োধনং তদ্রথবাজিকুঞ্জর,-দ্বিপৎখরোষ্ট্রৈররিণাবখণ্ডিতৈঃ।
বভৌ চিতং মোদবহং মনস্বিনা,-মাক্রীড়নং ভূতপতেরিবোল্বণম্ ॥
১৯। অথাহ পৌণ্ড্রকং শৌরির্ভো ভো পৌণ্ড্রক! যদ্ভবান্। দূতবাক্যেন মামাহ তান্যস্ত্রাণ্যুৎসৃজামি তে॥
২০। ত্যাজয়িষ্যেঽভিধানং মে যৎ ত্বয়াজ্ঞ! মৃষা ধৃতম্। ব্রজামি শরণং তেঽদ্য যদি নেচ্ছামি সংযুগম্॥
২১। ইতি ক্ষিপ্ত্বা শিতৈর্বাণৈর্বিরথীকৃত্য পৌণ্ড্রকম্।
শিরোঽবৃশ্চদ্রথাঙ্গেন বজ্রেণেন্দ্রো যথা গিরেঃ ॥
২২। তথা কাশিপতেঃ কায়াচ্ছির উৎকৃত্য পত্রিভিঃ। ন্যপাতয়ৎ কাশিপুর্য্যাং পদ্মকোশমিবানিলঃ ॥
২৩। এবং মৎসরিণং হত্বা পৌণ্ড্রকং সসখং হরিঃ। দ্বারকামাবিশৎ সিদ্ধৈর্গীয়মানকথামৃতঃ ॥

---

১৬ দেখাদেখি' বলাবলি' বাজিল সমর।
অস্ত্রে-অস্ত্রে কাটাকাটি, রণ ভয়ঙ্কর ॥
শূলে-শূলে বিন্ধাবিন্ধি মুষলে-মুদ্গরে।
বাজিল সংগ্রাম, খড়্গ-পরিঘ-তোমরে ॥

১৩-১৫ তবে কৃষ্ণ দেখিল পৌণ্ড্রক মতিনাশ।
শ্রীবৎস-লাঞ্ছন ধরে, পরে' পীতবাস ॥
শঙ্খ-চক্র-গদাপদ্ম শোভে চারি করে।
বনমালা ভূষণ, কৌস্তুভমণি গলে ॥
দিব্য আভরণ পরে', মকর-কুণ্ডলে।
দেখিয়া কৃত্রিমবেশ হাসে গদাধরে ॥

১৭ কাটিলা সকল সৈন্য তীক্ষ্ণ চক্রবাণে।
গদার প্রহারে সৈন্য কৈলা নিপাতনে ॥
ভূমি-তলে পড়িয়া লোটায় বীর-মুণ্ড।
১৮ কত কোটি রথ, কত কোটি গজ-শুণ্ড ॥
কত কোটি লোটায় বীরের কলেবর।
কত কোটি-কোটি ঘোড়া, মহিষ-কুঞ্জর ॥
দীপ্ত করে' রণভূমি, দেখি ভয়ঙ্কর।
হেন মহারণ হৈল পৃথিবী-ভিতর ॥
কাটিয়া দুহাঁর সৈন্য প্রভু চক্রপাণি।
১৯ গভীর শবদ করি' বলে' কোন্ বাণী ?
'শুন শুন, আরে রে, পৌণ্ড্রক দুরাচার!
দূত-মুখে মহিমা কহিলি আপনার ॥
মিথ্যা নাম ধরিয়া ডাকিল অতিশয়।
তা'র শাস্তি করোঁ আজি, আরে মতিক্ষয়!
২০ নহে বা রাখহ প্রাণ পশিয়া শরণ।
নহে বেটা মোর সনে করসিয়া রণ ॥'
২১ এতেক বচন বলি' প্রভু যদুরায়।
রথে হৈতে টান দিয়া পৌণ্ড্রক নামায়।
চক্রে মাথা কাটিয়া ফেলিলা ভূমি-তলে।
বজ্রে যেন পর্ব্বত কাটিলা পুরন্দরে ॥
২২ তবে কাশীরাজ-শির কাটিয়া ফেলিল।
কাশীপুরে গিয়া মাথা উড়িয়া পড়িল ॥
২৩ সগণে পৌণ্ড্রক মারি' দেব-শিরোমণি।
দ্বারকা প্রবেশ কৈলা প্রভু চক্রপাণি ॥
সিদ্ধ-বিদ্যাধরগণে নিজ-গুণ গায়।
দ্বারকা-প্রবেশ কৈলা প্রভু যদুরায় ॥

২৪। স নিত্যং ভগবদ্ধ্যানপ্রধ্বস্তাখিলবন্ধনঃ। বিভ্রাণশ্চ হরে রাজন্! স্বরূপং তন্ময়োঽভবৎ॥
২৫। শিরঃ পতিতমালোক্য রাজদ্বারে সকুণ্ডলম্। কিমিদং কস্য বা বক্ত্রমিতি সংশিশ্যিরে জনাঃ॥
২৬। রাজ্ঞঃ কাশিপতের্জ্ঞাত্বা মহিষ্যঃ পুত্রবান্ধবাঃ। পৌরাশ্চ হা হতা রাজন্! নাথ! নাথেতি প্রারুদন্॥
২৭। সুদক্ষিণস্তস্য সুতঃ কৃত্বা সংস্থাবিধিং পিতুঃ। নিহত্য পিতৃহন্তারং যাস্যাম্যপচিতিং পিতুঃ॥
২৮। ইত্যাত্মনাভিসন্ধায় সোপাধ্যায়ো মহেশ্বরম্। সুদক্ষিণোঽর্চ্চয়ামাস পরমেণ সমাধিনা॥
২৯। প্রীতোঽভিমুক্তে ভগবাংস্তস্মৈ বরমদাদ্ভবঃ। পিতৃহন্তৃবধোপায়ং স বব্রে বরমীপ্সিতম্॥
৩০। দক্ষিণাগ্নিং পরিচর ব্রাহ্মণৈঃ সমমৃত্বিজম্। অভিচারবিধানেন স চাগ্নিঃ প্রমথৈর্বৃতঃ॥
৩১। সাধয়িষ্যতি সঙ্কল্পমব্রহ্মণ্যে প্রযোজিতঃ। ইত্যাদিষ্টস্তথা চক্রে কৃষ্ণায়াভিচরন্ ব্রতী॥
৩২। ততোঽগ্নিরুত্থিতঃ কুণ্ডান্মূর্ত্তিমানতিভীষণঃ। তপ্ততাম্রশিখাশ্মশ্রুরঙ্গারোদ্গারিলোচনঃ॥
৩৩। দংষ্ট্রোগ্রভ্রুকুটীদণ্ডকঠোরাস্যঃ স্বজিহ্বয়া। আলিহন্ সৃক্কণী নগ্নো বিধুন্বংস্ত্রিশিখং জ্বলৎ॥
৩৪। পদ্ভ্যাং তালপ্রমাণাভ্যাং কম্পয়ন্নবনীতলম্।
সোঽভ্যধাবদ্বৃতো ভূতৈর্দ্বারকাং প্রদহন্ দিশঃ॥

---

২৪ ধরিল পৌণ্ড্রক রাজা নারায়ণ-বেশ।
ধ্যানযোগে সতত চিন্তিল হৃষীকেশ॥
বৈরিভাবে কৃষ্ণে ধ্যান কৈল নিরন্তর।
কৃষ্ণময় হৈল রাজা তেজি' কলেবর॥

২৫ উড়িয়া পড়িল মাথা পুরীর ভিতরে।
'একি, একি' বলি' লোক বেঢ়িল সত্বরে॥

২৬ চিনিঞা রাজার মাথা কান্দে পুরজন।
মহাদেবীগণ কান্দে, পুত্র-মিত্রগণ॥
'হা নাথ, হা নাথ! তাত! কৈলে কোন্ কর্ম্ম?
ঈশ্বর লঙ্ঘন কৈলে না জানিঞা মর্ম্ম॥'

২৭-২৮ আছিল তাহার পুত্র সুদক্ষিণ-নামে।
বাপের মরণ দেখি' ক্রোধ হৈল মনে॥
পরলোক-কর্ম্ম কৈল বিধি-অনুসারে।
প্রতিজ্ঞা করিয়া গেল শঙ্কর-মন্দিরে॥
'শুধিব বাপের ধার'—এই আছে মনে।
প্রতিজ্ঞা করিয়া গেল শিব-সন্নিধানে॥
গুরু-সহে করে' বীর শিব-আরাধন।
সমাধি করিয়া শিব চিন্তে অনুক্ষণ॥

২৯ তবে তুষ্ট হঞা বর দিলা মহেশ্বর।
সুদক্ষিণ বলে',—'নাথ! মাগি এই বর॥
মারিব বাপের রিপু, হেন আছে মনে।
এই বর দেহ', শিব! মাগিলুঁ চরণে॥'

৩০-৩১ শিব বলে',—'শুন, বীর! আমার বচন।
দক্ষিণ-আগুনি তুমি কর' আরাধন॥
ব্রাহ্মণ-সহিত যজ্ঞ কর' অভিচার।
সেই যজ্ঞে ইষ্টসিদ্ধি করিব তোমার॥
কিন্তু, বীর, কহিএ তোমারে উপদেশ।
ব্রাহ্মণ-ভকত-জনে না করিহ দ্বেষ॥
তবে কৃত্য হৈব সব সফল তোমার।
এ-বোল বুঝিয়া কর' যজ্ঞ অভিচার॥'

৩২ অভিচার-যজ্ঞ তবে কৈল সুদক্ষিণ।
আগুনে বেঢ়িয়া বীর করে' প্রদক্ষিণ॥
হেনকালে কুণ্ড হৈতে হঞা মূর্ত্তিমান্।
উঠিল পুরুষ এক আগুনি-সমান॥
প্রতপ্ত তাম্রের বর্ণ, ধরে দাড়ি-চুল।
অঙ্গার উগারে আঁখি, শবদ নিষ্ঠুর॥

৩৩ বিকট দশন, মুখ, ভ্রূকুটি কুটিল।
তিন গোটা শিখা ধরে জ্বলন্ত শরীর॥
তিন গোটা শিখা ধরে জ্বলন্ত-আগুনি।

৩৪ পদভরে মহাবীর কাঁপায় মেদিনী॥
সত্বরে চলিল বীর দ্বারকা-উদ্দেশে।

৩৫। তমাভিচারদহনমায়ান্তং দ্বারকৌকসঃ। বিলোক্য তত্রসুঃ সর্ব্বে বনদাহে মৃগা যথা॥
৩৬। অক্ষৈঃ সভায়াং ক্রীড়ন্তং ভগবন্তং ভয়াতুরাঃ।
ত্রাহি ত্রাহি ত্রিলোকেশ! বহ্নেঃ প্রদহতঃ পুরম্॥
৩৭। শ্রুত্বা তজ্জনবৈক্লব্যং দৃষ্ট্বা স্বানাঞ্চ সাধ্বসম্। শরণ্যঃ সম্প্রহস্যাহ মা ভৈষ্টেত্যবিতাস্ম্যহম্॥
৩৮। সর্ব্বস্যান্তর্বহিঃসাক্ষী কৃত্যাং মাহেশ্বরীং বিভুঃ।
বিজ্ঞায় তদ্বিঘাতার্থং পার্শ্বস্থং চক্রমাদিশৎ॥
৩৯। তৎ সূর্য্যকোটিপ্রতিমং সুদর্শনং, জাজ্বল্যমানং প্রলয়ানলপ্রভম্।
স্বতেজসা খং ককুভোঽথ রোদসী, চক্রং মুকুন্দাস্ত্রমথাগ্নিমার্দ্দয়ৎ॥
৪০। কৃত্যানলঃ প্রতিহতঃ স রথাঙ্গপাণে,-রস্ত্রৌজসা স নৃপ ভগ্নমুখো নিবৃত্তঃ।
বারাণসীং পরিসমেত্য সুদক্ষিণং তং, সর্ত্বিগ্‌জনং সমদহৎ স্বকৃতোঽভিচারঃ॥
৪১। চক্রঞ্চ বিষ্ণোস্তদনু প্রবিষ্টং, বারাণসীং সাট্টসভালয়াপণাম্।
সগোপুরাট্টালক-কোষ্ঠসঙ্কুলাং, সকোশহস্ত্যশ্বরথান্নশালিনীম্॥
৪২। দগ্ধ্বা বারাণসীং সর্ব্বাং বিষ্ণোশ্চক্রং সুদর্শনম্। ভূয়ঃ পার্শ্বমুপাতিষ্ঠৎ কৃষ্ণস্যাক্লিষ্টকর্ম্মণঃ॥
৪৩। য এনং শ্রাবয়েন্মর্ত্ত্য উত্তমঃশ্লোকবিক্রমম্। সমাহিতো বা শৃণুয়াৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে পৌণ্ড্রকাদিবধো নাম ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৬॥

---

৩৫ সর্ব্বলোক আঁখি মুদি' রহিল তরাসে॥
৩৬ দ্যূত-ক্রীড়া সভাতে করেন ভগবান্।
জানায় সকল লোক প্রভু-বিদ্যমান॥
'রক্ষ রক্ষ, মহাপ্রভু, ত্রিজগতনাথ!
আগুনে পুড়িয়া মরি তোমার সাক্ষাত॥
নিজজন পরিত্রাণ কর', যোগেশ্বর!'
৩৭ হাসিয়া গোবিন্দ বলে',—'না করিহ ডর॥
ভয় পরিহর', লোক! দেখ বিদ্যমান।
এখনে করিব আমি দুঃখ-সমাধান॥'
৩৮ জানেন সকল তত্ত্ব দেব-চূড়ামণি।
সভার অন্তর-বাহ্য দেখে চক্রপাণি॥
শঙ্করের কৃত্যা প্রভু জানেন আপনে।
আছিল নিকটে চক্র প্রভু-বিদ্যমানে॥
সূর্য্যকোটি-সম তেজ প্রলয়-অনল।
নিজ-চক্র দেখি' আজ্ঞা দিলা সুরেশ্বর॥
৩৯ আজ্ঞা শিরে ধরি' চক্র চলিলা সত্বরে।
কৃত্যা-ভঙ্গ কৈলা চক্র নিজ-তেজোবলে॥
৪০ চক্র-তেজ কৃত্যানল সহিতে না পারি'।
বাহুড়িয়া গেল পুন বারাণসীপুরী॥
সুদক্ষিণ পুড়িল, যতেক পুরজন।
পুড়িয়া মরিল যত যাজ্ঞিক ব্রাহ্মণ॥
৪১ তবে চক্র বারাণসী পরবেশ করি'।
সমূলে বিনাশ কৈল বারাণসীপুরী॥
৪২ পুনরপি গেল চক্র কৃষ্ণ-সন্নিধানে।
হেন অদভুত কর্ম্ম করে' ভগবানে॥
৪৩ কৃষ্ণের বিক্রম যে-বা শুনে, যে শুনায়।
সর্ব্বপাপ হরে' তা'র, বিষ্ণুলোকে যায়॥"
ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৬॥

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। ভূয়োঽহং শ্রোতুমিচ্ছামি রামস্যাদ্ভুতকর্ম্মণঃ। অনন্তস্যাপ্রমেয়স্য যদন্যৎ কৃতবান্ প্রভুঃ॥

শ্রীশুক উবাচ

২। নরকস্য সখা কশ্চিদ্দ্বিবিদো নাম বানরঃ। সুগ্রীবসচিবঃ সোঽথ ভ্রাতা মৈন্দস্য বীর্য্যবান্॥
৩। সখ্যুঃ সোঽপচিতিং কুর্ব্বন্ বানরো রাষ্ট্রবিপ্লবম্। পুরগ্রামাকরান্ ঘোষানদহদ্বহ্নিমুৎসৃজন্॥
৪। ক্বচিৎ স শৈলানুৎপাট্য তৈর্দেশান্ সমচূর্ণয়ৎ। আনর্ত্তান্ সুতরামেব যত্রাস্তে মিত্রহা হরিঃ॥
৫। ক্বচিৎ সমুদ্রমধ্যস্থো দোর্ভ্যামুৎক্ষিপ্য তজ্জলম্। দেশান্ নাগাযুতপ্রাণো বেলাকূলে ন্যমজ্জয়ৎ॥
৬। আশ্রমানৃষিমুখ্যানাং কৃত্বা ভগ্নবনস্পতীন্। অদূষয়চ্ছকৃন্মূত্রৈরগ্নীন্ বৈতানিকান্ খলঃ॥
৭। পুরুষান্ যোষিতো দৃপ্তঃ ক্ষ্মাভৃদ্দ্রোণীগুহাসু সঃ।
নিক্ষিপ্য চাপ্যধাচ্ছৈলৈঃ পেশস্কারীব কীটকম্॥
৮। এবং দেশান্ বিপ্রকুর্ব্বন্ দূষয়ংশ্চ কুলস্ত্রিয়ঃ। শ্রুত্বা সুললিতং গীতং গিরিং রৈবতকং যযৌ॥
৯। তত্রাপশ্যদ্যদুপতিং রামং পুষ্করমালিনম্। সুদর্শনীয়সর্ব্বাঙ্গং ললনাযূথমধ্যগম্॥
১০। গায়ন্তং বারুণীং পীত্বা মদবিহ্বললোচনম্। বিভ্রাজমানং বপুষা প্রভিন্নমিব বারণম্॥

[গৌরী-রাগ]

১ তবে রাজা জিজ্ঞাসিলা হঞা হরষিত।
"পুনরপি কহ, মুনি! রামের চরিত॥
আর কিবা কর্ম্ম কৈলা প্রভু হলধর?
রামের বিক্রম কহ শ্রবণ-মঙ্গল॥"

২ মুনি বলে',—"শুন, রাজা! রামের মহিমা।
বিপক্ষ-বিদার রাম বিক্রমের সীমা॥
আছিল দ্বিবিদ-নামে একটা বানর।
মৈন্দ-নামে বানরের ভাই সহোদর॥
নরকের সখা সেহি, সুগ্রীব-কিঙ্কর।
উপদ্রব করিয়া বেড়ায় নিরন্তর॥

৩ নরকের ধার কিছু শুধিবারে চায়।
গ্রামে-গ্রামে, পুরে-পুরে আগুনি ভেজায়॥

৪ উপাড়িয়া বড় বড় গাছ-পাথর।
পাক দিয়া ফেলে দূর দেশের উপর॥
যে-দেশে চাপিয়া পড়ে, ধূলা হঞা যায়।
এইরূপে উৎপাত করিয়া বেড়ায়॥

আনর্ত্ত-নগরে গিয়া উঠিল বানর।
যথাতে আছেন মহাপ্রভু হলধর॥

৫ সাগরে নাম্বিয়া জল দুই হস্তে তোলে।
ডুবায় সকল দেশ তীরের উপরে॥

৬ মুনির আশ্রম-ঘর ফেলায় ভাঙ্গিয়া।
ছন্ন করে' উপবন বৃক্ষ উপাড়িয়া॥
বিষ্ঠা-মূত্র ছাড়ে যজ্ঞকুণ্ডের উপর।

৭ নারী হরি' লঞা যায় বনের ভিতর॥
নর-নারী প্রবেশায় পর্ব্বত-গহ্বরে।
দ্বার রোধ করি' রাখে গাছ-পাথরে॥

৮ এইরূপে দুষ্ট কর্ম্ম করে' নিরন্তর।
দশ-সহস্র ধরে' মদমত্ত-গজ-বল॥
রৈবত-পর্ব্বতে গিয়া কৈল আরোহণ।

৯-১০ তথাতে দেখিল রাম রাজীব-লোচন॥
অমল-কমল-মালা, পরে' নীলবাস।
মনোহর কলেবর, মন্দ-মধু হাস॥
বারুণী-মদিরা-পানে তরলিত অঙ্গ।
যুবতী-সমাজে বাঢ়ে মদন-তরঙ্গ॥

১১। দুষ্টঃ শাখামৃগঃ শাখামারূঢ়ঃ কম্পয়ন্ দ্রুমান্। চক্রে কিলকিলাশব্দমাত্মানং সম্প্রদর্শয়ন্॥
১২। তস্য ধার্ষ্ট্যং কপের্বীক্ষ্য তরুণ্যো জাতিচাপলাঃ। হাস্যপ্রিয়া বিজহসুর্বলদেবপরিগ্রহাঃ॥
১৩। তা হেলয়ামাস কপির্ভ্রূক্ষেপৈঃ সম্মুখাদিভিঃ। দর্শয়ন্ স্বগুদং তাসাং রামস্য চ নিরীক্ষতঃ॥
১৪। তং গ্রাবণা প্রাহরৎ ক্রুদ্ধো বলঃ প্রহরতাং বরঃ। স বঞ্চয়িত্বা গ্রাবাণং মদিরাকলশং কপিঃ॥
১৫। গৃহীত্বা হেলয়ামাস ধূর্ত্তস্তং কোপয়ন্ হসন্। নির্ভিদ্য কলশং দুষ্টো বাসাংস্যাস্ফালয়দ্বলম্।
কদর্থীকৃত্য বলবান্ বিপ্রচক্রে মদোদ্ধতঃ॥
১৬। তং তস্যাবিনয়ং দৃষ্ট্বা দেশাংশ্চ তদুপদ্রুতান্। ক্রুদ্ধো মুষলমাদত্ত হলঞ্চারিজিঘাংসয়া॥
১৭। দ্বিবিদোঽপি মহাবীর্য্যঃ শালমুদ্যম্য পাণিনা। অভ্যেত্য তরসা তেন বলং মূর্দ্ধন্যতাড়য়ৎ॥
১৮। তন্তু সঙ্কর্ষণো মূর্দ্ধ্নি পতন্তমচলো যথা। প্রতিজগ্রাহ বলবান্ সুনন্দেনাহনচ্চ তম্॥
১৯। মুষলাহতমস্তিষ্কো বিরেজে রক্তধারয়া। গিরির্যথা গৈরিকয়া প্রহারং নানুচিন্তয়ন্॥
২০। পুনরন্যং সমুৎক্ষিপ্য কৃত্বা নিষ্পত্রমোজসা। তেনাহনৎ সুসংক্রুদ্ধস্তং বলঃ শতধাচ্ছিনৎ॥
২১। ততোঽন্যেন রুষা জঘ্নে তঞ্চাপি শতধাচ্ছিনৎ॥
২২। এবং যুধ্যন্ ভগবতা ভগ্নে ভগ্নে পুনঃপুনঃ। আকৃষ্য সর্ব্বতো বৃক্ষান্ নির্বৃক্ষমকরোদ্বনম্॥

বিমত্ত-বারণ জিনি' মনোহর-লীলা।
রমণীমণ্ডলে খেলে অপরূপ খেলা॥

১১ হেনরূপে রামে গিয়া দেখিল বানর।
লম্ফ দিয়া উঠে দুষ্ট বৃক্ষের উপর॥
নিষ্ঠুর শবদ করে', গাছ কাঁপায়।
ভ্রূকুটি করিয়া দুষ্ট আপনা দেখায়॥

১২ সহজে চপল-জাতি, বেড়ি' চারি পাশে।
তা'র কর্ম্ম দেখিয়া যুবতীগণ হাসে॥

১৩ সম্মুখে দাণ্ডাঞা গুহ্য দেখায় বানর।
লজ্জা পাঞা নারীগণ পালায় সত্বর॥

১৪-১৫ তবে প্রভু বলভদ্র বিপক্ষ-বিদার।
ক্রোধ করি' কৈলা এক শিলার প্রহার॥
এড়াইয়া রহিল দুষ্ট নিকটে দাণ্ডায়।
মদিরা-কলস ধরি' ঠেলিয়া ফেলায়॥
হাসে দুষ্ট বানর, কলস ভাঙ্গি' যায়।
টান দিয়া নারীগণের বসন খসায়॥
তুলিয়া অঙ্গের বস্ত্র নেহারিয়া চায়।
ভ্রূকুটি করিয়া দুষ্ট সত্বরে পালায়॥

১৬ তবে ক্রোধ কৈলা রাম মারিবার তরে।
লাঙ্গল-মুষল তুলি' লৈলা দুই করে॥

১৭ তবে শাল উপাড়িয়া তুলিল বানর।
ফেলিয়া মারিল বলরামের উপর॥

১৮ শাল-গাছ পড়িব দেখিয়া বলরাম।
বামহস্তে ধরিয়া ভাঙ্গিলা বৃক্ষখান॥
তা'র মুণ্ডে মারে রাম মুষলের বাড়ি।
তবু দুষ্ট বানর রহিল ক্রোধ করি'॥

১৯ ভাঙ্গিল দুষ্টের মাথা মুষল-প্রহারে।
অঙ্গ বাহি' রুধির পড়য়ে শতধারে॥

২০ তবে আর শালবৃক্ষ তুলিয়া বিশাল।
মোচড়িয়া ফেলিল গাছের পাতা-ডাল॥
ক্রোধ করি' ফেলিয়া মারিল বৃক্ষখান।
শত খণ্ড করিয়া ফেলিলা বলরাম॥

২১ তবে আর শাল-বৃক্ষ তুলিল বানর।
ফেলিয়া মারিল বলভদ্রের উপর॥
সেই বৃক্ষ বলরাম কৈলা শতখান।

২২ পুন আর গাছ লঞা হৈল আগুয়ান॥
সেহ বৃক্ষ কাটা গেল, আর বৃক্ষ তোলে।
নিবারণ করে' রাম সে-বৃক্ষ মুষলে॥

২৩। ততোঽমুঞ্চচ্ছিলাবর্ষং বলস্যোপর্য্যমর্ষিতঃ। তৎ সর্ব্বং চূর্ণয়ামাস লীলয়া মুষলায়ুধঃ॥
২৪। স বাহূ তালসঙ্কাশৌ মুষ্টীকৃত্য কপীশ্বরঃ। আসাদ্য রোহিণীপুত্রং তাভ্যাং বক্ষস্যরুরুজৎ॥
২৫। যাদবেন্দ্রোঽপি তং দোর্ভ্যাং ত্যক্ত্বা মুষললাঙ্গলে। জত্রাবভ্যর্দ্দয়ৎ ক্রুদ্ধঃ সোঽপতদ্রুধিরং বমন্॥
২৬। চকম্পে তেন পততা সটঙ্কঃ সবনস্পতিঃ। পর্ব্বতঃ কুরুশার্দ্দূল! বায়ুনা নৌরিবাম্ভসি॥
২৭। জয়শব্দো নমঃশব্দঃ সাধু সাধ্বিতি চাম্বরে। সুরসিদ্ধমুনীন্দ্রাণামাসীৎ কুসুমবর্ষিণাম্॥
২৮। এবং নিহত্য দ্বিবিদং জগদ্ব্যতিকরাবহম্। সংস্তূয়মানো ভগবান্ জনৈঃ স্বপুরমাবিশৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে দ্বিবিদ বধো নাম সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৭॥

তুলিল সকল বৃক্ষ, শূন্য হৈল বন।
২৩ তবে আর করে' দুষ্ট শিলা-বরিষণ॥
সেহ চূর্ণ কৈলা রাম মুষল-প্রহারে।
২৪ তবে দুই বাহু তুলি' ধাইল সত্বরে॥
মারিল রামের বুকে মুষ্টির প্রহার।
২৫ তবে বলভদ্র রাম চিন্তিলা প্রকার॥
তেজিয়া মুষল-হল মুষ্টি করি' কর।
কর্ণমূলে মুটকি মারিলা হলধর॥
কর্ণমূল ভাঙ্গিয়া রুধির পড়ে ধারে।
কাঁপিয়া পড়িল বীর মুষ্টির প্রহারে॥
২৬ নদ-নদী, গিরি, কম্পিল সাগর।
পড়িল ছাড়িয়া প্রাণ দ্বিবিদ-বানর॥
২৭ 'জয় জয়'-শবদ উঠিল সুরগণে।
'সাধু সাধু' করিয়া বাখানে মুনিগণে॥
২৮ দ্বিবিদ-বানর বধ কৈলা হলধরে।
নিজপুরে রহি' রাম আনন্দে বিহরে॥

ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৭॥

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। দুর্য্যোধনসুতাং রাজন্! লক্ষ্মণাং সমিতিঞ্জয়ঃ। স্বয়ংবরস্থামহরৎ সাম্বো জাম্ববতীসুতঃ॥
২। কৌরবাঃ কুপিতা উচুর্দুর্বিনীতোঽয়মর্ভকঃ। কদর্থীকৃত্য নঃ কন্যামকামামহরদ্বলাৎ॥

[কেদার-রাগ]

১ শুকমুনি বলে',—"শুন, রাজা পরীক্ষিত!
ভুবনপাবন বলরামের চরিত॥
আছিলা লক্ষ্মণা-নামে দুর্য্যোধন-সুতা।
দিব্যরূপ-বেশ ধরে, সর্ব্বগুণযুতা॥
যত রাজকুমার আনিল দুর্য্যোধনে।
স্বয়ম্বর-স্থল রাজা রচিল বিধানে॥
স্বয়ম্বর-স্থানেতে কন্যার আগমন।
হেনকালে গেলা তথা কৃষ্ণের নন্দন॥
জাম্ববতী-সুত সাম্ব কোন্ যুক্তি করে?
রথে তুলি' কন্যা হরি' লৈলা একেশ্বরে॥
২ তা' দেখিয়া কুপিল সকল কুরুসেনা।
'দেখ-দেখ, হেন কর্ম্ম করে' কোন্ জনা?
শিশু হঞা এত বড় করে' অহঙ্কার।
কন্যা হরি' লঞা যায় কৃষ্ণের কুমার?
শিশু হঞা দিল আসি' রাজপুরে হানা।
মহাবল বীরগণে করি' কদর্থনা!

৩। বধ্নীতেমং দুর্বিনীতং কিং করিষ্যন্তি বৃষ্ণয়ঃ। যেঽস্মৎপ্রসাদোপচিতাং দত্তাং নো ভুঞ্জতে মহীম্ ?
৪। নিগৃহীতং সুতং শ্রুত্বা যদ্যেষ্যন্তীহ বৃষ্ণয়ঃ। ভগ্নদর্পাঃ শমং যান্তি প্রাণা ইব সুসংযতাঃ॥
৫। ইতি কর্ণঃ শলো ভূরির্যজ্ঞকেতুঃ সুযোধনঃ। সাম্বমারেভিরে বদ্ধুং কুরুবৃদ্ধানুমোদিতাঃ॥
৬। দৃষ্ট্বানুধাবতঃ সাম্বো ধার্তরাষ্ট্রান্ মহারথঃ। প্রগৃহ্য রুচিরং চাপং তস্থৌ সিংহঃ ইবৈকলঃ॥
৭। তং তে জিঘৃক্ষবঃ ক্রুদ্ধাস্তিষ্ঠ তিষ্ঠেতি-ভাষিণঃ। আসাদ্য ধন্বিনো বাণৈঃ কর্ণাগ্রণ্যঃ সমাকিরন্॥
৮। সোঽপবিদ্ধঃ কুরুশ্রেষ্ঠ ! কুরুভির্যদুনন্দনঃ। নামৃষ্যত্তদচিন্ত্যার্ভঃ সিংহঃ ক্ষুদ্রমৃগৈরিব॥
৯। বিস্ফূর্জ্য রুচিরং চাপং সর্ব্বান্ বিব্যাধ সায়কৈঃ। কর্ণাদীন্ ষড়্রথান্ বীরস্তাবদ্ভির্যুগপৎ পৃথক্॥
১০। চতুর্ভিশ্চতুরো বাহানেকৈকেন চ সারথীন্। রথিনশ্চ মহেষ্বাসাংস্তস্য তেঽভ্যপূজয়ন্॥
১১। তস্য তে বিরথং চক্রুশ্চত্বারশ্চতুরো হয়ান্। একস্য সারথিং জঘ্নে চিচ্ছেদান্যঃ শরাসনম্॥
১২। তং বদ্ধ্বা বিরথীকৃত্য কৃচ্ছ্রেণ কুরবো যুধি। কুমারং স্বস্য কন্যাঞ্চ স্বপুরং জয়িনোঽবিশন্॥
১৩। তচ্ছ্রুত্বা নারদোক্তেন রাজন্ সঞ্জাতমন্যবঃ। কুরূন্ প্রত্যুদ্যমং চক্রুরুগ্রসেনপ্রচোদিতাঃ॥
১৪। সান্ত্বয়িত্বা তু তান্ রামঃ সন্নদ্ধান্ বৃষ্ণিপুঙ্গবান্।
নৈচ্ছৎ কুরূণাং বৃষ্ণীনাং কলিং কলিমলাপহঃ॥

---

৩ বান্ধিয়া বালক গিয়া আন ঝাট করি'।
দেখি যদুবংশে তা'র কি করিতে পারি ?
৪ পুত্রের বন্ধন শুনি' যদুগণ মেলি'।
যদি তা'রা যুঝিবারে আসে দর্প করি'॥
দর্পভঙ্গ হঞা যা'বে পাঞা অপমান।
প্রাণ লঞা পালাইবে তেজিয়া সংগ্রাম॥'
৫ এতেক বচন বলি' রাজা দুর্য্যোধন।
ভীষ্ম, দ্রোণ, কর্ণ, যজ্ঞকেতু—চারি জন॥
ভূরিশ্রবা, শল্য—এই ছয়জন মেলি'।
৬ মহারথিগণ সবে ধাইল রথে চড়ি'॥
৭ 'রহ রহ, আরে রে ছাওয়াল ! দুরাচার !
কন্যা লঞা যাইবি, তোর এত অহঙ্কার !!'
৮ এতেক বচন শুনি' কৃষ্ণের নন্দন।
বামহস্তে ধরিয়া তুলিলা শরাসন॥
ফিরিয়া রহিলা যেন সিংহ মহাবল।
একেশ্বর কৈলা বীর তুমুল সমর॥
৯ ছয় মহাবীর কৈল শর-বরিষণ।
সকল সহিলা বীর কৃষ্ণের নন্দন॥
তবে জাম্ববতী-সুত বিক্রমে বিশাল।
আকর্ণ পূরিয়া দিলা ধনুকে টঙ্কার॥
ছয় বীরে বিন্ধে বীর, ছয় ছয় বাণে।
১০ চারি ঘোড়া, চারি বাণে বিন্ধিলা সন্ধানে॥
এক এক সারথি বিন্ধিলা এক শরে।
শর বরিষণ বীর কৈলা একবারে॥
১১ তবে ছয় বীর তা'র দেখিয়া সংগ্রাম।
ধনুকে টঙ্কার দিয়া যোড়ে চোখ বাণ॥
চারি ঘোড়া চারি জনে কাটে চারি বাণে।
এক শরে সারথি কাটিল এক জনে॥
১২ ছয় মহাবীর তবে যতন করিয়া।
রথে হৈতে কৃষ্ণসুতে নাম্বায় ধরিয়া॥
বান্ধিয়া ছাওয়াল তবে নিল নিজপুরে।
১৩ নারদ কহিলা গিয়া দ্বারকানগরে॥
তা' শুনিঞা ক্রোধ কৈলা যত যদুগণে।
সাজিলা বিষম সৈন্য রাজা উগ্রসেনে॥
বাছিয়া বাছিয়া সৈন্য করিয়া সাজন।
বিক্রম করিয়া চলে' মহাবীরগণ॥
১৪ বীরের বিক্রম দেখি' হলধর রায়।
বিনয়-বচনে প্রভু সান্ত্বিয়া বুঝায়॥
'বন্ধুগণ-সহে কেনে বিবাদ বাঢ়াই ?
রহ সব, বীরগণ ! আমি চলি' যাই॥'

১৫। জগাম হাস্তিনপুরং রথেনাদিত্যবর্চ্চসা। ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈশ্চ বৃতশ্চন্দ্র ইব গ্রহৈঃ॥
১৬। গত্বা গজাহ্বয়ং রামো বাহ্যোপবনমাস্থিতঃ। উদ্ধবং প্রেষয়ামাস ধৃতরাষ্ট্রং বুভুৎসয়া॥
১৭। সোঽভিবন্দ্যাম্বিকাপুত্রং ভীষ্মং দ্রোণঞ্চ বাহ্লিকম্। দুর্য্যোধনঞ্চ বিধিবদ্রামমাগতমব্রবীৎ॥
১৮। তেঽতিপ্রীতাস্তমাকর্ণ্য প্রাপ্তং রামং সুহৃত্তমম্। তমর্চ্চয়িত্বাভিযযুঃ সর্ব্বে মঙ্গলপাণয়ঃ॥
১৯। তং সঙ্গম্য যথান্যায়ং গামর্ঘ্যঞ্চ ন্যবেদয়ন্।
তেষাং যে তৎপ্রভাবজ্ঞাঃ প্রণেমুঃ শিরসা বলম্॥
২০। বন্ধূন্ কুশলিনঃ শ্রুত্বা পৃষ্ট্বা শিবমনাময়ম্। পরস্পরমথো রামো বভাষেঽবিক্লবং বচঃ॥
২১। উগ্রসেনঃ ক্ষিতীশেশো যদ্বু আজ্ঞাপয়ৎ প্রভুঃ। তদব্যগ্রধিয়ঃ শ্রুত্বা কুরুধ্বমবিলম্বিতম্॥
২২। যদূয়ূয়ং বহবস্ত্বেকং জিত্বাধর্ম্মেণ ধার্ম্মিকম্। অবধ্নীতাথ তন্মৃষ্যে বন্ধূনামৈক্যকাম্যয়া॥
২৩। বীর্য্যশৌর্য্যবলোন্নদ্ধমাত্মশক্তিসমং বচঃ। কুরবো বলদেবস্য নিশম্যোচুঃ প্রকোপিতাঃ॥
২৪। অহো মহচ্চিত্রমিদং কালগত্যা দুরত্যয়া। আরুরুক্ষত্যুপানদ্বৈ শিরো মুকুটসেবিতম্॥
২৫। এতে যৌনেন সম্বদ্ধাঃ সহশয্যাসনাশনাঃ। বৃষ্ণয়স্তুল্যতাং নীতা অস্মদ্দত্তনৃপাসনাঃ॥

---

১৫ সান্ত্বিয়া রাখিলা সব বীরের প্রধান।
রথে চড়ি' আপনে চলিলা বলরাম॥
কুলবৃদ্ধ জ্ঞাতিগণ চৌদিকে বেষ্টিত।
সঙ্গে করি' লৈলা কত কুলপুরোহিত॥

১৬ চলিলা হস্তিনাপুরে প্রভু বলরাম।
উত্তরিলা গিয়া যদি পুর-সন্নিধান॥
আপনে রহিলা রাম বাহ্য-উপবনে।
উদ্ধবে পাঠাঞা দিলা রাজ-বিদ্যমানে॥
ধৃতরাষ্ট্রে বুঝাইতে রামের মন্ত্রণা।
উদ্ধবে পাঠাঞা করে' বিবাদ-খণ্ডনা॥

১৭ পুরেতে প্রবেশ গিয়া উদ্ধব করিলা।
ধৃতরাষ্ট্র-ভীষ্ম-দ্রোণ-চরণ বন্দিলা॥

১৮ সভাসদে কহিলা রামের আগমন।
তা শুনিঞা আনন্দিত হৈল বীরগণ॥
পাদ্য-অর্ঘ্য দিয়া তা'রা উদ্ধবে পূজিল।
দিব্য উপহার লঞা আনন্দে চলিল॥
পাদ্য-অর্ঘ্য দিয়া কৈল চরণ-বন্দন।
দিব্য উপহার আনি' কৈল নিবেদন॥

১৯ মধুর-বচনে কৈল রাম-সম্ভাষণ।
একে একে সকলে পূজিল জনে জন॥

২০ অন্যোঽন্য সভার সহে করিয়া সম্ভাষা।
বিনয় বচনে করে' কুশল-জিজ্ঞাসা॥
তবে রাম বলে', —'শুন, সর্ব্ব বীরগণ!
সাবধান হঞা শুন আমার বচন॥

২১ উগ্রসেন ক্ষিতিপতি নৃপতি-প্রধান।
তাঁ'র আজ্ঞা কহি তোমা'-সবা-বিদ্যমান॥
আজ্ঞা শিরে ধরি' কর্ম্ম কর' সাবধানে।
ইহাতে অন্যথা কিছু না করিহ মনে॥

২২ তোমরা বিস্তরে মিলি' জিনিলে ছাওয়াল।
অধর্ম্মে বালক বান্ধি' কর' অহঙ্কার॥
বন্ধুবর্গ দেখিয়া ক্ষেমিলুঁ অপরাধ।
পীরিতি-কারণে আমি না কৈলুঁ বিবাদ॥'

২৩ রামের অসহ্য বাণী শুনি' কুরুগণে।
ক্রোধ করি' বলে' তা'রা ঘূর্ণিতলোচনে॥

২৪ 'হরি হরি, এত বড় বিচিত্র কথন!
কালগতি এত বড়, না যায় লঙ্ঘন!!
পায়ের পানই উঠে মস্তক-উপর।
যদুকুলে দুর্নীত বাঢ়িল এত বড়!!

২৫ যোনিগত সম্বন্ধ করিয়া তা'র সনে।
আপনার তুল্য করি' বাঢ়াই আপনে॥

২৬। চামরব্যজনে শঙ্খমাতপত্রঞ্চ পাণ্ডুরম্। কিরীটমাসনং শয্যাং ভুঞ্জন্ত্যস্মদপেক্ষয়া॥
২৭। অলং যদূনাং নরদেবলাঞ্ছনৈ,-র্দাতুঃ প্রতীপৈঃ ফণিনামিবামৃতম্।
যেঽস্মৎপ্রসাদোপচিতা হি যাদবা, আজ্ঞাপয়ন্ত্যুচ্চ গতত্রপা বত॥
২৮। কথমিন্দ্রোঽপি কুরুভির্ভীষ্মদ্রোণার্জ্জুনাদিভিঃ। অদত্তমবরুন্ধীত সিংহগ্রস্তমিবোরণঃ?

শ্রীবাদরায়ণিরুবাচ

২৯। জন্মবন্ধুশ্রিয়োন্মদ্ধমদাস্তে ভরতর্ষভ! আশ্রাব্য রামং দুর্বাচ্যমসভ্যাঃ পুরমাবিশন্॥
৩০। দৃষ্ট্বা কুরূণাং দৌঃশীল্যং শ্রুত্বাবাচ্যানি চাচ্যুতঃ।
অবোচৎ কোপসংরব্ধো দুষ্প্রেক্ষ্যঃ প্রহসন্ মুহুঃ॥
৩১। নূনং নানামদোন্মদ্ধাঃ শান্তিং নেচ্ছন্ত্যসাধবঃ। তেষাং হি প্রশমো দণ্ডঃ পশূনাং লগুড়ো যথা॥
৩২। অহো যদূন্ সুসংরব্ধান্ কৃষ্ণঞ্চ কুপিতং শনৈঃ। সান্ত্বয়িত্বাহমেতেষাং শমমিচ্ছন্নিহাগতঃ॥
৩৩। ত ইমে মন্দমতয়ঃ কলহাভিরতাঃ খলাঃ। তং মামবজ্ঞায় মুহুর্দুর্ভাষান্ মানিনোঽব্রুবন্॥
৩৪। নোগ্রসেনঃ কিল বিভুর্ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বরঃ। শক্রাদয়ো লোকপালা যস্যাদেশানুবর্ত্তিনঃ॥
৩৫। সুধর্ম্মাক্রম্যতে যেন পারিজাতোঽমরাজ্ঘ্রিপঃ। আনীয় ভুজ্যতে সোঽসৌ ন কিলাধ্যাসনার্হণঃ!
৩৬। যস্য পাদযুগং সাক্ষাচ্ছ্রীরুপাস্তেঽখিলেশ্বরী। স নার্হতি কিল শ্রীশো নরদেবপরিচ্ছদান্!
৩৭। যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজোঽখিললোকপালৈ,-র্মৌল্যুত্তমৈর্ধৃতমুপাসিত-তীর্থতীর্থম্।
ব্রহ্মা ভবোঽহমপি যস্য কলাঃ কলায়াঃ, শ্রীশ্চোদ্বহেম চিরমস্য নৃপাসনং ক?

---

২৬ ধ্বজ, ছত্র, চামর—রাজার আভরণ।
বসন, ভূষণ, শয্যা, মুকুট, আসন॥
উপেক্ষিয়া কথোখানি দিলুঁ রাজ্যখণ্ড।
কৃপা করি' আমি সব দিলুঁ ছত্রদণ্ড॥

২৭ নির্লজ্জ যাদবগণ হেন অগেয়ান!
আমার প্রসাদে ধরে রাজা হেন নাম॥
আজ্ঞা দিয়া আমারে পাঠায় কোন্ লাজে?
আমি ক্রোধ করিব, তাহাতে কোন্ কাজে?

২৮ ইন্দ্র-আদি দেবেরে না করি বস্তুজ্ঞান।
যদুবংশে জনমিঞা বলে' অপমান!!'

২৯ ভৎর্সিয়া রামেরে তবে দুর্ব্বাচ্য-বচনে।
পুরেতে প্রবেশ কৈল সর্ব্ব বীরগণে॥

৩০ শুনিঞা ঠাকুর রাম দুর্ব্বাচ্য-বচন।
দুষ্টমতি দেখিয়া সকল কুরুগণ॥
ক্রোধে যেন জ্বলে রাম জ্বলন্ত অনল।
হাসিয়া কি বলে' তবে কম্পিত-অধর?

৩১ 'ঐশ্বর্য্য-সম্পদে যা'র বাঢ়য়ে উন্মাদ।
দণ্ড-বিনে কভু তা'র নহে অবসাদ॥
পশু নিবারিতে যেন দণ্ড ধরি' করে।
দণ্ড করি' দুষ্টজনে নিবারে ঈশ্বরে॥

৩২-৩৩ ক্রোধ করি' সাজিয়া আসিব যদুগণ।
ক্রোধ করি' আপনে আসিব নারায়ণ॥
তা'-সবারে সান্ত্বিয়া আপনে আইলুঁ এথা।
দুষ্টমতি খলগণে কহে নানা-কথা॥
দুর্ব্বাচ্য-বচন বলে' আমা'-বিদ্যমান।
অল্পলোক হঞা এত বড় অপমান!!

৩৪ উগ্রসেন রাজচক্রবর্ত্তী হেন রাজা।
ইন্দ্র-আদি সুরগণ করে' যাঁ'র পূজা॥

৩৫ সুধর্ম্মা-সভাতে যাঁ'র বসিয়া দেওয়ান।
পারিজাত-পুষ্প যাঁ'র ঘরে উপাদান॥
ইন্দ্রের সম্পদ্ আনি' ভুঞ্জে ক্ষিতিতলে।
সে নহে রাজার যোগ্য—দুষ্টগণ বলে'!!

৩৬ যাঁ'র পদযুগ সেবে লক্ষ্মী-ঠাকুরাণী।
দেবের ঈশ্বরী দেবী জগত-জননী॥

৩৭ চরণপঙ্কজ যাঁ'র বাঞ্ছে লোকনাথে।
যোগীন্দ্র-মুনীন্দ্র যাঁ'রে চিন্তে ধ্যানপথে॥

৩৮। ভুঞ্জতে কুরুভির্দত্তং ভুখণ্ডং বৃষ্ণয়ঃ কিল। উপানহঃ কিল বয়ং স্বয়ন্তু কুরবঃ শিরঃ ?
৪০। অদ্য নিষ্কৌরবাং পৃথ্বীং করিষ্যামীত্যমর্ষিতঃ। গৃহীত্বা হলমুত্তস্থৌ দহন্নিব জগত্ত্রয়ম্ ॥
৪১। লাঙ্গলাগ্রেণ নগরমুদ্বিদার্য্য গজাহ্বয়ম্। বিচকর্ষ স গঙ্গায়াং প্রহরিষ্যন্নমর্ষিতঃ ॥
৪২। জলযানমিবাঘূর্ণং গঙ্গায়াং নগরং পতৎ। আকৃষ্যমাণমালোক্য কৌরবা জাতসম্ভ্রমাঃ ॥
৪৩। তমেব শরণং জগ্মুঃ সকুটুম্বা জিজীবিষবঃ। সলক্ষ্মণং পুরস্কৃত্য সাম্বং প্রাঞ্জলয়ঃ প্রভুম্ ॥
৪৪। রাম রামাখিলাধার! প্রভাবং ন বিদাম তে। মূঢ়ানাং নঃ কুবুদ্ধীনাং ক্ষন্তুমর্হস্যতিক্রমম্ ॥
৪৫। স্থিত্যুৎপত্ত্যপ্যয়ানাং ত্বমেকো হেতুর্নিরাশ্রয়ঃ। লোকান্ ক্রীড়নকানীশ! ক্রীড়তস্তে বদন্তি হি ॥
৪৬। ত্বমেব মূর্দ্ধ্নীদমনন্ত! লীলয়া, ভূমণ্ডলং বিভর্ষি সহস্রমূর্দ্ধন্!
অন্তে চ যঃ স্বাত্মনিরুদ্ধবিশ্বঃ, শেষেঽদ্বিতীয়ঃ পরিশিষ্যমাণঃ ॥
৪৭। কোপস্তেঽখিলশিক্ষার্থং ন দ্বেষান্ন চ মৎসরাৎ। বিভ্রতো ভগবন্! সত্ত্বং স্থিতিপালনতৎপরঃ ॥
৪৮। নমস্তে সর্ব্বভূতাত্মন্! সর্ব্বশক্তিধরাব্যয়! বিশ্বকর্ম্মন্! নমস্তেঽস্তু ত্বাং বয়ং শরণং গতাঃ ॥
৪৯। এবং প্রপন্নৈঃ সংবিগ্নৈর্বেপমানায়নৈর্বলঃ। প্রসাদিতঃ সুপ্রসন্নো মা ভৈষ্টেত্যভয়ং দদৌ ॥
৫০। দুর্য্যোধনঃ পারিবর্হং কুঞ্জরান্ ষষ্টিহায়নান্। দদৌ চ দ্বাদশশতান্যযুতানি তুরঙ্গমান্ ॥

তীর্থ সেবি' তীর্থ যাঁ'র চরণ-কমল।
প্রজাপতি ভৃত্য যাঁ'র, শঙ্কর কিঙ্কর ॥
বিরিঞ্চি, শঙ্কর, আমি, সহস্র-বদন।
এ-সব যাঁহার অংশ-অংশের সৃজন ॥
হেন পরিপূর্ণ কৃষ্ণ, প্রভু ভগবান্।
রাজাসন করি' তাঁ'র কোন্ বস্তুজ্ঞান ?

৩৮ ইহারা সে কথোখানি দিল রাজ্যখণ্ড।
তা'থে সব যদুগণে ধরে নৃপদণ্ড !!
আমি-সব পানই, এ-সব হয়ে মাথা !!
করিমু ইহার দণ্ড, এ নহে অন্যথা ॥

৪০ কুরু-নাম না থুইমু এ-মহীমণ্ডলে।'
এ-বোল বলিয়া রাম উঠিলা সত্বরে ॥
জগত-দহন-তেজ তুলিলা লাঙ্গল।

৪১ লাঙ্গলের অগ্র দিয়া উপাড়ে নগর ॥
তুলিয়া হস্তিনাপুর গঙ্গাতে ফেলায়।
ভয়ে পুরজন গিয়া রাজারে জানায় ॥

৪২-৪৩ ভয়েতে ব্যাকুল হঞা সর্ব্ব-পুরজন।
সপুত্র-বান্ধবে নিল রামের শরণ ॥
কন্যা-সহে সাম্বে আনি' দিল বিদ্যমান।
প্রণাম করিয়া স্তুতি কৈল সর্ব্বজন ॥

৪৪ 'অনন্ত-ধরণীধর, প্রভু বলরাম !
হীনমতি আমি-সব মূঢ় অগেয়ান ॥

৪৫ তোমা'-হনে উতপতি, প্রলয়, পালন।
তুমি, নাথ ! কর' সব মায়াতে সৃজন ॥

৪৬ সহস্র ফণার এক ফণার উপর।
লালায় ধরিছ, নাথ ! এ-মহীমণ্ডল ॥
অন্তকালে ধর' তুমি ব্রহ্মাণ্ড উদরে।
অবশেষে তুমি মাত্র থাক অন্তকালে ॥

৪৭ তুমি ক্রোধ করি' খল-দুষ্ট শিক্ষা কর'।
দ্বেষভাব করি', প্রভু ! দণ্ড নাহি ধর' ॥

৪৮ নমো, বিশ্বনাথ রাম ! সর্ব্বভূতপতি !
সর্ব্বশক্তিধর, নাথ ! সর্ব্বলোকগতি !
চরণে শরণ, নাথ ! পশিলুঁ তোমার।
কৃপা করি' কর' দীনজন-প্রতিকার ॥'

৪৯ এইরূপ স্তুতি কৈল ভয়ে কম্পমান।
কুরুগণ-ক্রন্দন দেখিয়া বলরাম ॥
প্রসন্ন হইয়া বলে' প্রভু কৃপাময়।
'তুষ্ট হৈলুঁ, তুমি সব, না করিহ ভয় ॥'

৫০ তবে রাজা দুর্য্যোধন ভয় পরিহরি'।
কন্যার যৌতুক আনি' দিল ভক্তি করি' ॥

৫১। রথানাং ষট্সহস্রাণি রৌক্মাণাং সূর্য্যবর্চ্চসাম্। দাসীনাং নিষ্ককণ্ঠীনাং সহস্রং দুহিতৃবৎসলঃ॥
৫২। প্রতিগৃহ্য তু তৎ সর্ব্বং ভগবান্ সাত্বতর্ষভঃ। সস্নুষঃ সস্নুষঃ প্রায়াৎ সুহৃদ্ভিরভিনন্দিতঃ॥
৫৩। ততঃ প্রবিষ্টঃ স্বপুরং হলায়ুধঃ, সমেত্য বন্ধূননুরক্তচেতসঃ।
শশংস সর্ব্বং যদুপুঙ্গবানাং, মধ্যে সভায়াং কুরুষু স্বচেষ্টিতম্॥
৫৪। অদ্যাপি চ পুরং হ্যেতৎ সূচয়দ্রামবিক্রমম্। সমুন্নতং দক্ষিণতো গঙ্গায়ামনুদৃশ্যতে॥
ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে হাস্তিনপুরকর্ষণরূপ-শ্রীসঙ্কর্ষণবিজয়ো নামাষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৮॥

দুইশত-সহস্র কুঞ্জর আশুসার।
অযুত-অযুত ঘোড়া শীঘ্রগতি আর॥
৫১ ষট্সহস্র রথ দিল কাঞ্চনে নির্ম্মিত।
সহস্রেক দাসী দিল ভূষণে ভূষিত॥
৫২ পুত্রবধূ সঙ্গে করি' প্রভু বলরাম।
চলিলা দ্বারকাপুরে পুরুষপুরাণ॥
৫৩ প্রবেশ করিলা গিয়া দ্বারকা-নগরে।
কহিলা সকল কথা সভার ভিতরে॥
৫৪ এখনে রামের আছে বিক্রমের চিহ্ন।
দক্ষিণে উঠিল পুরী, গঙ্গাতীরে নিম্ন॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
রামগুণ শুন, ভাই, রামে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ॥ ৬৮॥

একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। নরকং নিহতং শ্রুত্বা তথোদ্বাহঞ্চ যোষিতাম্। কৃষ্ণেনৈকেন বহ্বীনাং তদ্দিদৃক্ষুঃ স্ম নারদঃ॥
২। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ॥
৩। ইত্যুৎসুকো দ্বারবতীং দেবর্ষির্দ্রষ্টুমাগমৎ। পুষ্পিতোপবনারাম-দ্বিজালিকুলনাদিতাম্॥
৪। উৎফুল্লেন্দীবরাম্ভোজ-কহ্লারকুমুদোৎপলৈঃ। ছুরিতেষু সরঃসূচ্চৈঃ কূজিতাং হংস-সারসৈঃ॥
৫। প্রাসাদলক্ষৈর্নবভির্জুষ্টাং স্ফাটিকরাজতৈঃ। মহামরকতপ্রখ্যৈঃ স্বর্ণরত্নপরিচ্ছদৈঃ॥
৬। বিভক্তরথ্যাপথচত্বরাপণৈঃ, শালাসভাভী রুচিরাং সুরালয়ৈঃ।
সংসিক্তমার্গাঙ্গনবীথিদেহলীং, পতৎপতাকধ্বজবারিতাতপাম্॥

[সুহই-রাগ]

১ মুনি বলে',—"কহি, শুন, রাজা পরীক্ষিৎ!
অতি অদভুত কথা কৃষ্ণের চরিত॥
শুনিঞা নরক-বধ, কন্যার হরণ।
ষোড়শ-সহস্র বিভা কৈলা নারায়ণ॥
২ ষোড়শ-সহস্র বিভা কৈলা একবারে।
ষোড়শ-সহস্র পুরে থাকে একেশ্বরে॥
৩-৬ কৌতুকে নারদ গেলা দ্বারকা-ভুবন।
দেখিব কৃষ্ণের লীলা ব্রহ্মার নন্দন॥
নব-লক্ষ দিব্য-পুরী রজতে রচিত।
মহা-মরকত-হেম-স্ফটিক-নির্ম্মিত॥
রাজপথ, পুরপথ, বিচিত্র চৌতরা।
বিবিধ পসার-ঘর, দিব্য সভাশালা॥
সাধু ঘর, সুর-ঘর, আওয়ারী আওয়ারী।
রতন-নির্ম্মিত-ঘর শোভে সারি-সারি॥
অঙ্গনে-অঙ্গনে গন্ধ চন্দনের ছড়া।
ফলকে ফলকে চলে নানাবর্ণ ঘোড়া॥

৭। তস্যামন্তঃপুরং শ্রীমদর্চ্চিতং সর্ব্বধিষ্ণ্যপৈঃ।
হরেঃ স্বকৌশলং যত্র ত্বষ্ট্রা কার্ৎস্ন্যেন দর্শিতম্॥
৮। তত্র ষোড়শভিঃ সদ্মসহস্রৈঃ সমলঙ্কৃতম্। বিবেশৈকতমং শৌরেঃ পত্নীনাং ভবনং মহৎ॥
৯। বিষ্টব্ধং বিদ্রুমস্তম্ভৈর্বৈদূর্য্যফলকোত্তমৈঃ। ইন্দ্রনীলময়ৈঃ কুড্যৈর্জগত্যা চাহতত্বিষা॥
১০। বিতানৈর্নিমিতৈস্ত্বষ্ট্রা মুক্তাদামবিলম্বিভিঃ। দান্তৈরাসনপর্য্যঙ্কৈর্মণ্যুত্তমপরিষ্কৃতৈঃ॥
১১। দাসীভির্নিষ্ককণ্ঠীভিঃ সুবাসোভিরলঙ্কৃতম্। পুম্ভিঃ সকঞ্চুকোষ্ণীষ-সুবস্ত্রমণিকুণ্ডলৈঃ॥
১২। রত্নপ্রদীপনিকরদ্যুতিভির্নিরস্ত,-ধ্বান্তং বিচিত্রবলভীষু শিখণ্ডিনোঽঙ্গ!
নৃত্যন্তি যত্র বিহিতাগুরুধূপমক্ষৈ,-র্নির্যান্তমীক্ষ্য ঘনবুদ্ধয় উন্নদন্তঃ॥
১৩। তস্মিন্ সমানগুণরূপবয়ঃসুবেশ,-দাসীসহস্রযুতয়ানুসবং গৃহিণ্যা।
বিপ্রো দদর্শ চমরব্যজনেন রুক্ম,-দণ্ডেন সাত্বতপতিং পরিবীজয়ন্ত্যা॥
১৪। তং সন্নিরীক্ষ্য ভগবান্ সহসোত্থিতঃ শ্রী,-পর্য্যঙ্কতঃ সকলধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
আনম্য পাদযুগলং শিরসা কিরীট,-জুষ্টেন সাঞ্জলিরবীবিশদাসনে স্বে॥

ছত্র-ধ্বজে নিবারিত রবির কিরণ।
অলিকুল-বিলসিত কুসুমিত বন॥

বিমল-তরল-জল দীঘি-সরোবর।
প্রফুল্ল-কুমুদ-কঞ্জ, নীল উতপল॥

কূজিত সারস-হংস, পবন সুমন্দ।
ভ্রমর-ঝঙ্কৃত, সব কুসুম সুগন্ধ॥

৭-৮ এইরূপে নবলক্ষপুরী বিনির্ম্মিত।
তা'র মধ্যে মহাপুরীগণ বিরচিত॥

ষোল যে সহস্র পুরী মধ্যে নিরমাণ।
বিশ্বকর্ম্মার নিজগুণ যা'থে উপাদান॥

৯-১১ কনক-মন্দির মণি-রতনে খচিত।
বিলোল-মুকুতাদাম, বিতান-মণ্ডিত॥

ইন্দ্রনীলমণি-ঘর উজ্জ্বল জগতী।
বিদ্রুম-রচিত স্তম্ভ জ্বলে বহুভাতি॥
বৈদূর্য্য-কবাট, হেম-রতন-দুয়ার।
দিব্য-বেশ-নরনারী-গমন-সঞ্চার॥
ষোড়শ-সহস্র পুরী পুরীর মাঝার।
তথা গিয়া উত্তরিলা ব্রহ্মার কুমার॥
দেখিয়া নারদমুনি মনে চমকিত।
এক পুরে প্রবেশিলা হঞা আনন্দিত॥

১২ অগুরু-সুধূম পুর-গবাক্ষ-সঞ্চার।
মণিদীপনিকর-নিহত অন্ধকার॥

ঘরের উপরে ঘর, কত কত তালা।
তাহার উপরে শোভে হেমঘটমালা॥

ময়ূর-পায়রা নাচে তাহার উপর।
দিব্য-বেশ নরনারী, দেখিতে সুন্দর॥

হেন দিব্যপুরী-মাঝে দিব্য-নারীঘর।
দিব্য মহাসিংহাসন তাহার উপর॥

তাহার উপরে প্রভু জলধর-শ্যাম।
সর্ব্বগুণ-নিধান, লাবণ্যময়-ধাম॥

১৩ সমরূপ-গুণ-বেশ দাসীগণযুতা।
পরিচর্য্যা করে' দেবী হঞা আনন্দিতা॥

কনকরচিত-দণ্ড চামর ঢুলায়।
রমণীমণ্ডল মেলি' চৌদিগে দাণ্ডায়॥
হেনরূপ সাক্ষাতে দেখিয়া ভগবান্।
পাসরিলা নারদ আপন গুণ-গান॥

১৪ নারদে দেখিয়া কৃষ্ণ উঠিলা সত্বরে।
সিংহাসন তেজিয়া নাম্বিলা ভূমিতলে॥
ভূমিতে পড়িয়া কৈলা চরণে প্রণাম।
করযোড়ে করে' তবে স্তুতি-প্রণিধান॥

১৫। তস্যাবনিজ্য চরণৌ তদপঃ স্বমূর্দ্ধ্না, বিভ্রজ্জগদ্‌গুরুতমোঽপি সতাং পতির্হি।
ব্রহ্মণ্যদেব ইতি যদ্‌গুণনাম যুক্তং, তস্যৈব যচ্চরণশৌচমশেষতীর্থম্॥

১৬। সম্পূজ্য দেবঋষিবর্য্যমৃষিঃ পুরাণো, নারায়ণো নরসখো বিধিনোদিতেন।
বাণ্যাভিভাষ্য মিতয়ামৃতমিষ্টয়া তং, প্রাহ প্রভো! ভগবতে করবাম হে কিম্?

শ্রীনারদ উবাচ

১৭। নৈবাদ্ভুতং ত্বয়ি বিভোঽখিললোকনাথে, মৈত্রী জনেষু সকলেষু দমঃ খলানাম্।
নিঃশ্রেয়সায় হি জগৎস্থিতিরক্ষণাভ্যাং, স্বৈরাবতার! উরুগায়! বিদাম সুষ্ঠু॥

১৮। দৃষ্টং তবাঙ্ঘ্রিযুগলং জনতাপবর্গং, ব্রহ্মাদিভির্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং, ধ্যায়ংশ্চরাম্যনুগৃহাণ যথা স্মৃতিঃ স্যাৎ॥

১৯। ততোঽন্যদাবিশদ্‌গেহং কৃষ্ণপত্ন্যাঃ স নারদঃ। যোগেশ্বরেশ্বরস্যাঙ্গ! যোগমায়াবিবিৎসয়া॥

২০। দীব্যন্তমক্ষৈস্তত্রাপি প্রিয়য়া চোদ্ধবেন চ। পূজিতঃ পরয়া ভক্ত্যা প্রত্যুত্থানাসনাদিভিঃ॥

২১। পৃষ্টশ্চাবিদুষেবাসৌ কদায়াতো ভবানিতি। ক্রিয়তে কিং নু পূর্ণানামপূর্ণৈরস্মদাদিভিঃ?

২২। অথাপি ব্রূহি নো ব্রহ্মন্! জন্মৈতচ্ছোভনং কুরু। স তু বিস্মিত উত্থায় তূষ্ণীমন্যদগাদ্‌গৃহম্॥

তুলিয়া বসাইলা মুনি নিজ-সিংহাসনে।
১৫ পুণ্যজলে পদযুগ পাখালে আপনে॥
ব্রাহ্মণের পদজল নিজ-শিরে ধরে।
নিজ-গৃহে পরিজনে অভিষেক করে'॥
শান্তজন-পতিগতি ত্রিজগত-গুরু।
ব্রহ্মণ্যশেখর, ভক্তকুল-কল্পতরু॥
আপনে করিয়া কর্ম্ম জগতে বুঝায়।
ব্রহ্মা-ভব-আদি যাঁ'র চরণ ধেয়ায়॥
যাঁ'র পদধৌত-জল সর্ব্বতীর্থসার।
হেন প্রভু দ্বিজভক্তি করেন প্রচার॥
১৬ পাদ্য-অর্ঘ্য দিয়া মুনি পূজিলা বিধানে।
জিজ্ঞাসিলা হিত মিত-অমৃত বচনে॥
'কি করিব কহ, আমি কিঙ্কর তোমার।
ব্রাহ্মণ আমার গুরু, পূজ্য সর্ব্বকাল॥'
১৭ এতেক বচন শুনি' ব্রহ্মার তনয়।
কহিতে লাগিলা মনে ভাবিয়া বিস্ময়॥
'কিছু অদভুত, নাথ! না হয় তোমার।
অখিল-জগত-গুরু, সর্ব্বলোকপাল॥
নিজজনে কর' তুমি মিত্র-ব্যবহার।
খলজনে দণ্ড কর' উচিত তোমার॥
জগত-রক্ষণ-হেতু অবতার কর'।
দোষ-গুণ বুঝিয়া উচিত ফল ধর'॥
আপন মায়ায় তুমি আপনে আচ্ছাদ।
নরলীলা করিয়া জগত-কার্য্য সাধ'॥
১৮ দেখিলুঁ তোমার, নাথ! চরণকমল।
ব্রহ্মাদিবন্দিত, সর্ব্বজন-তাপ-হর॥
সংসারে পতিত-পরিত্রাণ-অবলম্ব।
মহাভয়-বিনাশন, সর্ব্বদুঃখ-ভঙ্গ॥
সবে, নাথ! মুঞি এই অনুগ্রহ চাঙ।
তব পদযুগ যেন সতত ধেয়াঙ॥
সবে এই মাঙ্গো, নাথ! চরণযুগলে।
স্মৃতিভঙ্গ মোর যেন নহে কোনকালে॥'
১৯ এতেক বলিয়া মহামুনি যোগেশ্বর।
আর এক পুরে মুনি চলিলা সত্বর॥
যোগমায়া প্রভুর বুঝিতে তপোধন।
আর এক পুরে গিয়া হৈলা উপসন্ন॥
২০-২২ দেখিলা তথাতে গিয়া প্রভু বনমালী।
উদ্ধবের সহ হরি খেলে পাশাসারি॥
নারদে দেখিয়া কৃষ্ণ উঠিলা সত্বরে।
পাদ্য-অর্ঘ্য দিয়া মুনি পূজিলা সাদরে॥

২৩। তত্রাপ্যচষ্ট গোবিন্দং লালয়ন্তং সুতান্ শিশূন্। ততোঽন্যস্মিন্ গৃহেঽপশ্যন্মজ্জনায় কৃতোদ্যমম্॥
২৪। জুহ্বন্তঞ্চ বিতানাগ্নীন্ যজন্তং পঞ্চভির্মখৈঃ। ভোজয়ন্তং দ্বিজান্ ক্বাপি ভুঞ্জানমবশেষিতম্॥
২৫। ক্বাপি সন্ধ্যামুপাসীনং জপন্তং ব্রহ্ম বাগ্যতম্। একত্র চাসিচর্ম্মভ্যাং চরন্তমসিবর্ত্মসু॥
২৬। অশ্বৈর্গজৈ রথৈঃ ক্বাপি বিচরন্তং গদাগ্রজম্। ক্বচিচ্ছয়ানং পর্য্যঙ্কে স্তূয়মানঞ্চ বন্দিভিঃ॥
২৭। মন্ত্রয়ন্তঞ্চ কস্মিংশ্চিন্মন্ত্রিভিশ্চোদ্ধবাদিভিঃ। জলক্রীড়ারতং ক্বাপি বারমুখ্যাবলাবৃতম্॥
২৮। কুত্রচিদ্দ্বিজমুখ্যেভ্যো দদতং গাঃ স্বলঙ্কৃতাঃ। ইতিহাস-পুরাণানি শৃণ্বন্তং মঙ্গলানি চ॥
২৯। হসন্তং হাস্যকথয়া কদাচিৎ প্রিয়য়া গৃহে। ক্বাপি ধর্ম্মং সেবমানমর্থকামৌ চ কুত্রচিৎ॥
৩০। ধ্যায়ন্তমেকমাসীনং পুরুষং প্রকৃতেঃ পরম্। শুশ্রূষন্তং গুরূন্ ক্বাপি কামৈর্ভোগৈঃ সপর্য্যয়া॥
৩১। কুর্ব্বন্তং বিগ্রহং কৈশ্চিৎ সন্ধিঞ্চান্যত্র কেশবম্। কুত্রাপি সহ রামেণ চিন্তয়ন্তং সতাং শিবম্॥
৩২। পুত্রাণাং দুহিতৃণাঞ্চ কালে বিধ্যুপযাপনম্। দারৈর্বৈরস্তৎসদৃশৈঃ কল্পয়ন্তং বিভূতিভিঃ॥
৩৩। প্রস্থাপনোপানয়নৈরপত্যানাং মহোৎসবান্।
বীক্ষ্য যোগেশ্বরেশস্য যেষাং লোকা বিসিস্মিরে॥

না জানিঞা কৃষ্ণ যেন পুছিলা তাঁহারে।
'কোথা হৈতে আইলে, মুনি! আমার মন্দিরে?
আপনেই পূর্ণ তুমি, সর্ব্বশক্তিধর।
সফল জনম, যদি অনুগ্রহ কর'॥
কিবা আরাধন আমি করিবারে পারি?
তথাপি করিবে আজ্ঞা মোরে দয়া করি'॥
এতেক বচন শুনি' ভাবিয়া বিস্ময়।
নিঃশবদে চলিলা নারদ-মহাশয়॥

২৩ আর এক পুরে গিয়া কৈলা পরবেশ।
তথা গিয়া নারদ দেখিলা হৃষীকেশ॥
শিশু কোলে করি' হরি করয়ে লালন।
তবে আর পুরে গেলা ব্রহ্মার নন্দন॥

২৪ তথা গিয়া দেখিলা পূজার অনুবন্ধ।
আর এক পুরে দেখে যজ্ঞের আরম্ভ॥
কোথায় ব্রহ্মণ্যদেব ব্রাহ্মণ ভুঞ্জায়।
আপনে বিপ্রের অবশেষ অন্ন খায়॥

২৫ কোথায় করেন হরি সন্ধ্যা-উপাসনা।
কোথাহ জপেন মন্ত্র, ঈশ্বর-ভাবনা॥
খড়্গ-চর্ম্ম ধরি' হরি ধায় কোন পুরে।
রঙ্গভূমি-মাঝে হরি মল্লক্রীড়া করে'॥

২৬ কোন স্থানে গজ-স্কন্ধে, কোন স্থানে রথে।
কোন ঠাঞি অশ্ব-পৃষ্ঠে ধায় রাজপথে॥
কোথাহ আছেন প্রভু করিয়া শয়ন।
ভাটগণে গায় গুণ, স্তাবকে স্তবন॥

২৭ জলক্রীড়া কোথাও করেন দিব্য-জলে।
বেশ্যাগণ-সঙ্গে রঙ্গে কৌতুকে বিহরে॥

২৮ কোথাহো ব্রাহ্মণ আনি' করেন গো-দান।
কোথাহ পণ্ডিত-মুখে শুনেন পুরাণ॥

২৯ কোন ঠাঞি হাস্য-পরিহাস-কথা কহে।
কোন ঠাঞি ধর্ম্মপরায়ণ হঞা রহে॥
কোন ঠাঞি করে' হরি সুখ-উপভোগ।
কোন ঠাঞি করে' ধন-অরজন-যোগ॥

৩০ আপনাকে আপনে ধেয়ায় কোন স্থানে।
কোন ঠাঞি গুরু-সেবা করে' দৃঢ়মনে॥

৩১ কোন ঠাঞি করে' হরি সাজিয়া সংগ্রাম।
মন্ত্রিগণ লঞা করে' মন্ত্রণা-বিধান॥

৩২ কন্যা-বর আনিঞা করয়ে শুভক্ষণে।
পুত্র-কন্যা-বিবাহ দেওয়ান কোনস্থানে॥

৩৩ অপত্য-উৎসব করে' আনন্দ-মঙ্গলে।
কন্যা আনি' কোথাহ পাঠায় পতি-ঘরে॥

৩৪। যজন্তং সকলান্ দেবান্ ক্বাপি ক্রতুভিরুর্জ্জিতৈঃ। পূর্ত্তয়ন্তং ক্বচিদ্ধর্ম্মং কূপারাম-মঠাদিভিঃ॥
৩৫। চরন্তং মৃগয়াং ক্বাপি হয়মারুহ্য সৈন্ধবম্। ঘ্নন্তং তত্র পশূন্ মেধ্যান্ পরীতং যদুপুঙ্গবৈঃ॥
৩৬। অব্যক্তলিঙ্গং প্রকৃতিষ্বন্তঃপুরগৃহাদিষু। ক্বচিচ্চরন্তং যোগেশং তত্তদ্ভাববুভুৎসয়া॥
৩৭। অথোবাচ হৃষীকেশং নারদঃ প্রহসন্নিব। যোগমায়োদয়ং বীক্ষ্য মানুষীমীয়ুষো গতিম্॥

৩৮। বিদাম যোগমায়াস্তে দুর্দর্শা অপি মায়িনাম্।
যোগেশ্বরাত্মন্! নির্ভাতা ভবৎপাদনিষেবয়া॥

৩৯। অনুজানীহি মাং দেব! লোকাংস্তে যশসাপ্লুতান্।
পর্য্যটামি তবোদ্গায়ন্ লীলা ভুবনপাবনীঃ॥

শ্রীভগবানুবাচ

৪০। ব্রহ্মন্! ধর্ম্মস্য বক্তাহং কর্ত্তা তদনুমোদিতা।
তচ্ছিক্ষয়ন্ লোকমিমমাস্থিতঃ পুত্র! মা খিদঃ॥

শ্রীশুক উবাচ

৪১। ইত্যাচরন্তং সদ্ধর্ম্মান্ পাবনান্ গৃহমেধিনাম্। তমেব সর্ব্বগেহেষু সন্তমেকং দদর্শ হ॥
৪২। কৃষ্ণস্যানন্তবীর্য্যস্য যোগমায়ামহোদয়ম্। মুহুর্দৃষ্ট্বা ঋষিরভূদ্বিস্মিতো জাতকৌতুকঃ॥
৪৩। ইত্যর্থকামধর্ম্মেষু কৃষ্ণেন শ্রদ্ধিতাত্মনা। সম্যক্ সভাজিতঃ প্রীতস্তমেবানুস্মরন্ যযৌ॥

৪৪। এবং মনুষ্যপদবীমনুবর্ত্তমানো, নারায়ণোঽখিলভবায় গৃহীতশক্তিঃ।
রেমেঽঙ্গ! ষোড়শসহস্রবরাঙ্গনানাং, সব্রীড়সৌহৃদনিরীক্ষণহাসজুষ্টঃ॥

---

৩৪ দেবযজ্ঞ কোথাহ করেন যজ্ঞ করি'।
কোন ঠাঞি গৃহকর্ম্ম করে' বনমালী॥
কোন ঠাঞি দেন হরি দীঘি-সরোবর।

৩৫ কোথাতে মৃগয়া করে' বনের ভিতর॥

৩৬ কোন ঠাঞি গোপনে থাকিয়া নারায়ণ।
গূঢ়রূপে পরীক্ষা করেন মন্ত্রিগণ॥

৩৭ এইরূপে যোগমায়া দেখি' মহোদয়।
দেখিয়া নারদমুনি ভাবিলা বিস্ময়॥

৩৮ 'কে, নাথ! বুঝিব যোগমায়া-অনুভাব?
অচিন্ত্য-পরমানন্দ, অনন্ত-প্রভাব॥

৩৯ এই আজ্ঞা কর', নাথ! যদি কর' দয়া।
জগতে ভ্রমিঞা ফেরোঁ লীলাযশ গাঞা॥
কি মোর শকতি, মায়া বুঝিব তোমার?
সবে গুণ গাঞা যেন বেড়াঙ সংসার॥'

৪০ নারদের বচন শুনিঞা যোগেশ্বর।
কহিলা মুনিরে তবে প্রবোধ-উত্তর॥
'শুন, শুন, নারদ! বিস্ময় পরিহর'।
আমার বচনে তুমি অবধান কর'॥

আমি সে ধর্ম্মের কর্ত্তা, বক্তা, অধিকারী।
লোক-শিক্ষা-হেতু আমি এত কর্ম্ম করি॥

খেদ পরিহর', মুনি! চিত্ত কর' স্থির।
মহাভাগবত তুমি, পরম সুধীর॥'

৪১ কৃষ্ণের বচন শুনি' ব্রহ্মার নন্দন।
বিস্ময় ভাবিয়া কৈলা চিত্ত-নিবারণ॥

৪২ এক কৃষ্ণ নানারূপ দেখি' স্থানে-স্থানে।
বিস্ময় ভাবিয়া মুনি রহিলা ধেয়ানে॥

৪৩ এইরূপে নরলীলা করেন নারায়ণ।
অখিল-শকতিধর, জগত-কারণ॥

চলিলা নারদমুনি আজ্ঞা শিরে ধরি'।

৪৪ ষোড়শ-সহস্রপুরে বিহরে শ্রীহরি॥

৪৫। **যানীহ বিশ্ববিলয়োদ্ভববৃত্তিহেতুঃ, কর্ম্মাণ্যনন্যবিষয়াণি হরিশ্চকার।**
যস্ত্বঙ্গ ! গায়তি শৃণোত্যনুমোদতে বা, ভক্তির্ভবেদ্ভগবতি হ্যপবর্গমার্গে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীকৃষ্ণগার্হস্থ্যদর্শনং নামৈকোনসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৬৯॥

প্রভুর অনন্ত গুণ, পরম পবিত্র।　　যেবা শুনে, যেবা কহে, যে করে' কীর্ত্তন।
৪৫ অজ-ভব-আদি যাঁ'র না বুঝে চরিত্র॥　　হরিভক্তি হয় তা'র, বৈকুণ্ঠ-গমন॥"

পণ্ডিত-মুকুট-মণি গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৬৯॥

সপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **অথোষস্যুপবৃত্তায়াং কুক্কুটান্ কুজতোঽশপন্। গৃহীতকণ্ঠ্যঃ পতিভির্মাধব্যো বিরহাতুরাঃ॥**
২। **বয়াংস্যরোরুবন্ কৃষ্ণং বোধয়ন্তীব বন্দিনঃ। গায়ৎস্বলিম্বনির্দ্রাণি মন্দারবনবায়ুভিঃ॥**
৪। **ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় বার্য্যুপস্পৃশ্য মাধবঃ। দধ্যৌ প্রসন্নকরণ আত্মানং তমসঃ পরম্॥**
৫। **একং স্বয়ংজ্যোতিরনন্যমব্যয়ং, স্বসংস্থয়া নিত্যনিরস্তকল্মষম্।**
ব্রহ্মাখ্যমস্যোদ্ভবনাশহেতুভিঃ, স্বশক্তিভিলক্ষিতভাবনির্বৃতিম্॥
৬। **অথাপ্লুতোঽম্ভস্যমলে যথাবিধি, ক্রিয়াকলাপং পরিধায় বাসসী।**
চকার সন্ধ্যোপগমাদি সত্তমো, হুতানলো ব্রহ্ম জজাপ বাগ্যতঃ॥
৭। **উপস্থায়ার্কমুদ্যন্তং তর্পয়িত্বাত্মনঃ কলাঃ। দেবানৃষীন্ পিতৄন্ বৃদ্ধান্ বিপ্রানভ্যর্চ্চ্য চাত্মবান্॥**
৮। **ধেনূনাং রুক্মশৃঙ্গীণাং সাধ্বীনাং মৌক্তিকস্রজাম্। পয়স্বিনীনাং গৃষ্টীনাং সবৎসানাং সুবাসসাম্॥**
৯। **দদৌ রূপ্যখুরাগ্রাণাং ক্ষৌমাজিনতিলৈঃ সহ। অলঙ্কৃতেভ্যো বিপ্রেভ্যো বদ্ধং বদ্ধং দিনে দিনে॥**

[আহীর-রাগ]

"ষোড়শ-সহস্র পুরী দ্বারকা-নগরে।
রমণী-সমাজে হরি আনন্দে বিহরে॥
১-২ সহিতে না পারে কেহ তিলেক বিচ্ছেদ।
রজনী-প্রভাত দেখি' মনে পায় খেদ॥
পক্ষিগণ-শবদ শুনিঞা দেয় গালি।
বিহরে রমণীগণ লঞা বনমালী॥
৪-৫ শয়ন তেজিয়া হরি উঠে রাত্রি-শেষে।
হস্ত-পদ পাখালিয়া রহে শুদ্ধবেশে॥
প্রসন্ন হৃদয় করি' করয়ে ধেয়ান।
আপনে আপন রূপ চিন্তে ভগবান্॥
অদ্বৈত, পরমানন্দ, নিত্য-পরকাশ।
নিজরূপ চিন্তে প্রভু আনন্দ-বিলাস॥
৬ প্রভাত-সময়ে হরি করিয়া মজ্জন।
যথাবিধি সন্ধ্যাকর্ম্ম করে' সমাপন॥
তবে দিব্যবস্ত্র প্রভু করি' পরিধান।
যথাবিধি হোমকর্ম্ম করে' সমাধান॥
মৌন আচরিয়া করে' ব্রহ্মমন্ত্র জাপ।
৭-৯ সূর্য্য উপস্থান করে' ত্রিজগতনাথ॥
নিজ-অংশে দেব-ঋষি-পিতৃ-আরাধন।
বৃদ্ধ-মান্য-গুরুজন-ব্রাহ্মণ-বন্দন॥

১০। গোবিপ্রদেবতাবৃদ্ধ-গুরূন্ ভূতানি সর্ব্বশঃ। নমস্কৃত্যাত্মসম্ভূতীর্মঙ্গলানি সমস্পৃশৎ॥
১১। আত্মানং ভূষয়ামাস নরলোকবিভূষণম্। বাসোভির্ভূষণৈঃ স্বীয়ৈর্দিব্যস্রগনুলেপনৈঃ॥
১২। অবেক্ষ্যাজ্যং তথাদর্শং গোবৃষদ্বিজদেবতাঃ। কামাংশ্চ সর্ব্ববর্ণানাং পৌরান্তঃপুরচারিণাম্।
প্রদাপ্য প্রকৃতীঃ কামৈঃ প্রতোষ্য প্রত্যনন্দত॥
১৩। সংবিভজ্যাগ্রতো বিপ্রান্ স্রক্তাম্বূলানুলেপনৈঃ।
সুহৃদঃ প্রকৃতীর্দারানুপায়ুঙ্ক্ত ততঃ স্বয়ম্॥
১৪। তাবৎ সূত উপানীয় স্যন্দনং পরমাদ্ভুতম্। সুগ্রীবাদ্যৈর্হয়ৈর্যুক্তং প্রণম্যাবস্থিতোঽগ্রতঃ॥
১৫। গৃহীত্বা পাণিনা পাণী সারথেস্তমথারুহৎ। সাত্যক্যুদ্ধবসংযুক্তঃ পূর্ব্বাদ্রিমিব ভাস্করঃ॥
১৭। সুধর্ম্মাখ্যাং সভাং সর্ব্বৈর্বৃষ্ণিভিঃ পরিবারিতঃ। প্রাবিশদ্যন্নিবিষ্টানাং ন সন্ত্যঙ্গ! ষড়ূর্ম্ময়ঃ॥
১৮। তত্রোপবিষ্টঃ পরমাসনে বিভু,-র্বভৌ স্বভাসা ককুভোঽবভাসয়ন্।
বৃতো নৃসিংহৈর্যদুভির্যদূত্তমো, যথোড়ুরাজো দিবি তারকাগণৈঃ॥
১৯। তত্রোপমন্ত্রিণো রাজন্! নানাহাস্যরসৈর্বিভুম্। উপতস্থুর্নটাচার্য্যা নর্ত্তক্যস্তাণ্ডবৈঃ পৃথক্॥
২০। মৃদঙ্গবীণামুরজ-বেণুতালদরস্বনৈঃ। ননৃতুর্জগুস্তুষ্টুবুশ্চ সূতমাগধবন্দিনঃ॥

হেম-শৃঙ্গ-মুকুতা-মালিনী ক্ষীরবতী।
পট্টপট-ভূষণ-রতন-যুতা সতী॥
বৎসযুতা, তরুণী, রজত-খুরময়ী।
অজিন, কম্বল, তিল, পট্টবস্ত্র দেই॥
এইমত অষ্ট-কোটি-নববই-অর্ব্বুদ।
চৌরাশী-অধিক-ত্রয়োদশ-লক্ষযুত॥
এইরূপে ধেনুগণ আনি' প্রতিদিনে।
সর্ব্বগুণযুত বিপ্রে ভূষিয়া ভূষণে॥
পুরে-পুরে প্রতিদিন করে' প্রভু দান।
হেন মহেশ্বর হরি, পূর্ণ ভগবান্॥

১০ গো-ব্রাহ্মণ, দেব-গুরু করিয়া বন্দন।
বৃদ্ধগণ, গুরুগণ করিয়া বন্দন॥
তবে প্রভু পরশে মঙ্গল-দ্রব্য আনি'।
অঙ্গ-বিভূষণ তবে করে' চক্রপাণি॥

১১ নরলোক-বিভূষণ নিজ কলেবর।
দিব্য-বেশ-ভূষণ করয়ে মনোহর॥

১২ ঘৃত দেখি' দেখে প্রভু দর্পণে বদন।
গো, বৃষ, দেবতা, দ্বিজ করে' দরশন॥
তবে প্রভু পূরায় সকল-লোক-কাম।
নিজ পুরজনে ক'রে মনোরথ দান॥

পুরনারীগণে তবে করিয়া পীরিতি।
সর্ব্বলোক ভূষণে ভূষিলা সুরপতি॥

১৩ বিভজিয়া অন্নপান দিয়া সর্ব্বজনে।
গন্ধ-মাল্য-তাম্বূল করিয়া বিভজনে॥
দাসদাসীগণে প্রভু দিয়া অন্নপান।
তবে পাছে করে' প্রভু আপনে ভোজন॥

১৪ সাজিয়া সারথি, রথ আনিঞা যোগায়।
রথে আরোহণ করি' ত্রিজগত-রায়॥

১৫ উদ্ধবাদি মন্ত্রিগণ করিয়া সংহতি।
পুরের বাহির তবে হয় সুরপতি॥

১৭ সুধর্ম্মা-সভার মাঝে দিব্য সিংহাসন।
তাহার উপরে তবে বৈসে নারায়ণ॥

১৮ নিজ অঙ্গতেজে দশদিগ্ বিরাজিত।
যদুসিংহগণে করে' চৌদিগ্ বেষ্টিত॥

১৯ আসিয়া উৎকলগণ নিকটে দাণ্ডায়।
হাস্যরস-কথা কহি' সভারে হাসায়॥
নর্ত্তক-নর্ত্তকীগণ-নটন-বিলাস।
বহুবিধ রস-কথা, হাস-পরিহাস॥

২০ শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-মুরজ-কোলাহল।
বহুবিধ নৃত্য-গীত, বাজন মঙ্গল॥

২১। তত্রাহুর্ব্রাহ্মণাঃ কেচিদাসীনা ব্রহ্মবাদিনঃ। পূর্ব্বেষাং পুণ্যযশসাং রাজ্ঞাঞ্চাকথয়ন্ কথাঃ॥
২২। তত্রৈকঃ পুরুষো রাজন্নাগতোঽপূর্ব্বদর্শনঃ। বিজ্ঞাপিতো ভগবতে প্রতীহারৈঃ প্রবেশিতঃ॥
২৩। স নমস্কৃত্য কৃষ্ণায় পরেশায় কৃতাঞ্জলিঃ। রাজ্ঞামাবেদয়দ্দুঃখং জরাসন্ধনিরোধজম্॥
২৪। যে চ দিগ্বিজয়ে তস্য সন্নতিং ন যযুর্নৃপাঃ। প্রসহ্য রুদ্ধাস্তেনাসন্নযুতে দ্বে গিরিব্রজে॥

রাজান ঊচুঃ

২৫। কৃষ্ণ! কৃষ্ণাপ্রমেয়াত্মন্! প্রপন্নভয়ভঞ্জন! বয়ং ত্বাং শরণং যামো ভবভীতাঃ পৃথগ্ধিয়ঃ॥
২৬। লোকো বিকর্ম্মনিরতঃ কুশলে প্রমত্তঃ, কর্ম্মণ্যয়ং ত্বদুদিতে ভবদর্চ্চনে স্বে॥
যস্তাবদস্য বলবানিহ জীবিতাশাং, সদ্যশ্ছিনত্ত্যনিমিষায় নমোঽস্তু তস্মৈ॥
২৭। লোকে ভবান্ জগদিনঃ কলয়াবতীর্ণঃ, সদ্রক্ষণায় খলনিগ্রহণায় চান্যঃ।
কশ্চিত্ত্বদীয়মতিযাতি নিদেশমীশ! কিংবা জনঃ স্বকৃতমৃচ্ছতি তন্ন বিদ্মঃ॥
২৮। স্বপ্নায়িতং নৃপসুখং পরতন্ত্রমীশ, শশ্বদ্ভয়েন মৃতকেন ধুরং বহামঃ।
হিত্বা তদাত্মনি সুখং ত্বদনীহলভ্যং, ক্লিশ্যামহেঽতিকৃপণাস্তব মায়য়েহ॥
২৯। তন্নো ভবান্ প্রণতশোকহরাঙ্ঘ্রিযুগ্মো, বন্ধান্ বিযুঙ্ক্ষ্ব মগধাহ্বয়কর্ম্মপাশাৎ।
যো ভূভুজোঽযুতমতঙ্গজবীর্য্যমেকো, বিভ্রদ্রুরোধ ভবনে মৃগরাড়িবাবীঃ॥

---

২১ স্তাবকে স্তবন করে', মন্ত্রীতে মন্ত্রণা।
উচ্চনাদে ভট্টগণে পঠয়ে ভট্টমা॥
বেদজ্ঞ ব্রাহ্মণ-সব করে' বেদধ্বনি।
কথকে পুরাণ-কথা কহে পুণ্যবাণী॥

২২ হেনকালে আইল এক পুরুষ দুয়ারে।
দুয়ারী কহিল গিয়া প্রভুর গোচরে॥
আজ্ঞা পাঞা প্রবেশিল পুরীর ভিতর।
প্রণাম করিয়া কহে যুড়ি' দুই কর॥

২৩ 'ধরণীমণ্ডল জিনি' জরাসন্ধ রাজা।
বশ হঞা নৃপগণ করে' তা'র পূজা॥

২৪ বশ হঞা না রহিল যতেক নৃপতি।
বান্ধিয়া আনিল তা'রে করিয়া শকতি॥

২৫ সে-সব নৃপতি, নাথ! তোমার কিঙ্কর।
তা'র নিবেদন করি তোমার গোচর॥
কৃষ্ণ কৃষ্ণ, নিজজন-দুরিত-ভঞ্জন!
চরণারবিন্দে, নাথ! পশিলুঁ শরণ॥
ভবভীত আমি-সব, অধম, বঞ্চিত।
তোমার পদারবিন্দে সকল বিদিত॥

২৬ তোমার অর্চ্চন-বিনে আর যত কর্ম্ম।
সে-সকল, দীননাথ! কেবল বিকর্ম্ম॥
বিকর্ম্মে সকল লোক রত নিরন্তর।
তোমার পদারবিন্দে বঞ্চিত সকল॥
কালরূপে কর' তুমি সে-সব সংহার।
অনন্ত-শকতি তুমি, অনন্ত-বিহার॥
নমো নমো, জগত-নিবাস, হৃষীকেশ।
নমো নমো, কালরূপ, দিব্য-নর বেশ॥

২৭ খল-নিবারণ-হেতু, ভকত-রক্ষণ।
অবতার কর' নাথ! এই সে কারণ॥
যে তোমার আজ্ঞা, নাথ! না করে' পালন।
কোন্ গতি হৈব তা'র না বুঝি কারণ॥

২৮ পরাধীন-নৃপসুখ—স্বপন-সমান।
নিরবধি ভয়, শোক, লোভে অগেয়ান॥
তা'থে অভিমান করি' কেবল বঞ্চিত।
আমি-সব তোমার মায়ায় বিমোহিত॥

২৯ প্রণতবৎসল, শোকহর-পদদ্বন্দ্ব।
ছিণ্ডিয়া উদ্ধার কর' জরাসন্ধ-বন্ধ॥

৩০। যো বৈ ত্বয়া দ্বিনবকৃত্ব উদাত্তচক্র! ভগ্নো মৃধে খলু ভবন্তমনন্তবীর্য্যম্।
জিত্বা নৃলোকনিরতং সকৃদূঢ়দর্পো, যুষ্মৎপ্রজা রুজতি নোঽজিত! তদ্বিধেহি॥

শ্রীদূত উবাচ

৩১। ইতি মাগধসংরুদ্ধা ভবদ্দর্শনকাঙ্ক্ষিণঃ। প্রপন্নাঃ পাদমূলং তে দীনানাং শং বিধীয়তাম্॥

শ্রীশুক উবাচ

৩২। রাজদূতে ব্রুবত্যেবং দেবর্ষিঃ পরমদ্যুতিঃ। বিভ্রৎ পিঙ্গজটাভারং প্রাদুরাসীদ্যথা রবিঃ॥
৩৩। তং দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণঃ সর্ব্বলোকেশ্বরেশ্বরঃ। ববন্দ উত্থিতঃ শীর্ষ্ণা সসভ্যঃ সানুগো মুদা॥
৩৪। সভাজয়িত্বা বিধিবৎ কৃতাসনপরিগ্রহম্। বভাষে সুনৃতৈর্বাক্যৈঃ শ্রদ্ধয়া তর্পয়ন্ মুনিম্॥

৩৫। অপিস্বিদদ্য লোকানাং ত্রয়াণামকুতোভয়ম্।
ননু ভূয়ান্ ভগবতো লোকান্ পর্য্যটতো গুণঃ?
৩৬। ন হি তেঽবিদিতং কিঞ্চিল্লোকেষ্বীশ্বরকর্তৃষু।
অথ পৃচ্ছামহে যুষ্মান্ পাণ্ডবানাং চিকীর্ষিতম্॥

শ্রীনারদ উবাচ

৩৭। দৃষ্টা ময়া তে বহুশো দুরত্যয়া, মায়া বিভো! বিশ্বসৃজশ্চ মায়িনঃ।
ভূতেষু ভূমংশ্চরতঃ স্বশক্তিভি,-র্বহ্নেরিব চ্ছন্নরুচো ন মেঽদ্ভুতম্॥
৩৮। তবেহিতং কোঽর্হতি সাধু বেদিতুং, স্বমায়য়েদং সৃজতো নিযচ্ছতঃ।
যদ্বিদ্যমানাত্মতয়াবভাসতে, তস্মৈ নমস্তে স্ববিলক্ষণাত্মনে॥

দশ-সহস্র ধরে মত্ত-মতঙ্গজ-বল।
এক চক্রে শাসিল সকল ক্ষিতিতল॥
মহাবল জরাসন্ধ জিনিঞা সংসার।
আমা-সভা বান্ধিয়া রাখিল দুরাচার॥
৩০ অষ্টাদশবার তুমি জিনিলে সংগ্রাম।
একবার যুদ্ধ জিনি' করে' অভিমান॥
আমি-সব তোমার কিঙ্কর হেন জানে'।
নিজ-ঘরে বান্ধিয়া রাখিল তে-কারণে॥
সকল বিদিত, নাথ! চরণে তোমার।
বুঝিয়া করিবে কৃপা, কি কহিব আর?'
৩১ এইরূপে রাজদূত করে' নিবেদন।
৩২ হেনকালে আইলা নারদ তপোধন॥
সূর্য্যসম তেজস্বী, পিঙ্গল জটাভার।
মৃণাল-ধবল মুনি, পরে' বৃক্ষছাল॥
হরিগুণকীর্ত্তন-আনন্দে গতি মন্দ।
দেখিয়া নারদ-মুনি সভার আনন্দ॥
৩৩ সভাসদে উঠিলা অখিল-লোকনাথ।
শিরে পদ পরশিয়া কৈলা দণ্ডপাত॥
৩৪ পাদ্য-অর্ঘ্য দিয়া মুনি পূজিলা বিধানে।
অতিথি-সম্ভাষা কৈলা বিনয়-বচনে॥
৩৫ 'আপনে করিয়া তুমি লোক-পর্য্যটন।
জগতের দুঃখ-শোক কর' নিবারণ॥
৩৬ জগতে তোমার কিছু নাহি অগোচর।
পঞ্চ-পাণ্ডবের কহ কিরূপ কুশল?'
৩৭ প্রভুর বচন শুনি' ব্রহ্মার নন্দন।
হাসিয়া বলেন মুনি প্রভুর চরণ॥
'হরি হরি, বিষ্ণুমায়া বুঝনে না যায়।
ব্রহ্মা-ভব-আদি যাঁ'র অন্ত নাহি পায়॥
সর্ব্বশক্তি ধরে প্রভু, সর্ব্বজীবে বৈসে।
সমভাব ধরি' হরি সর্ব্বত্র প্রকাশে'॥
৩৮ তভু যেন কিছুই না জানে'—হেন বলে'।
কে বুঝে কৃষ্ণের মায়া ভুবনমণ্ডলে?

৪১। যক্ষ্যতি ত্বাং মখেন্দ্রেণ রাজসূয়েন পাণ্ডবঃ। পারমেষ্ঠ্যকামো নৃপতিস্তদ্ভবাননুমোদতাম্॥
৪২। তস্মিন্ দেব! ক্রতুবরে ভবন্তং বৈ সুরাদয়ঃ। দিদৃক্ষবঃ সমেষ্যন্তি রাজানশ্চ যশস্বিনঃ॥
৪৩। শ্রবণাৎ কীর্ত্তনাদ্ধ্যানাৎ পূয়ন্তেঽন্তেবসায়িনঃ। তব ব্রহ্মময়স্যেশ! কিমুতেক্ষাভিমর্শিনঃ॥
৪৪। যস্যামলং দিবি যশঃ প্রথিতং রসায়াং, ভূমৌ চ তে ভুবনমঙ্গল! দিগ্বিতানম্।
মন্দাকিনীতি দিবি ভোগবতীতি চাধো, গঙ্গেতি চেহ চরণাম্বু পুনাতি বিশ্বম্॥

শ্রীশুক উবাচ

৪৫। তত্র তেষ্বাত্মপক্ষেষ্বগৃণৎসু বিজিগীষয়া। বাচঃপেশৈঃ স্ময়ন্ ভৃত্যমুদ্ধবং প্রাহ কেশবঃ॥

শ্রীভগবানুবাচ

৪৬। ত্বং হি নঃ পরমং চক্ষুঃ সুহৃন্মন্ত্রার্থতত্ত্ববিৎ। অথাত্র ব্রূহ্যনুষ্ঠেয়ং শ্রদ্দধ্মঃ করবাম তৎ॥
৪৭। ইত্যুপামন্ত্রিতো ভর্ত্রা সর্ব্বজ্ঞেনাপি মুগ্ধবৎ। নিদেশং শিরসাধায় উদ্ধবঃ প্রত্যভাষত॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীভগবৎপ্রশ্নো নাম সপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭০॥

---

৪১ কিন্তু রাজা যুধিষ্ঠির ধর্ম্ম-কলেবর।
মহাযজ্ঞ করিব জিনিঞা ক্ষিতিতল॥
যজ্ঞ করি' করিব তোমার আরাধন।
পূজিব তোমার অংশ যত দেবগণ॥
সার্ব্বভৌম নরপতি হৈব মহীপাল।
জগতে তোমার যশ করিব বিস্তার॥

৪২ আপনে চলিবে তুমি যজ্ঞ-মহোৎসবে।
দেখিবে তোমারে আসি' যত-সব দেবে॥
রাজগণ আসিয়া দেখিব পাদপদ্ম।
কপটে বিহর তুমি ধরি' নরছদ্ম॥

৪৩ পতিত চণ্ডাল হয় শ্রবণে পবিত্র।
দেখিলে তরিব তা'থে এ কোন্ বিচিত্র?

৪৪ যাঁ'র যশ ক্ষিতিতলে, পাতালে, আকাশে।
দ্রবময়ী হঞা গঙ্গা জগতে প্রকাশে॥
ভুবনপাবন যাঁ'র পদনখজল।
বুঝিয়া করিবে আজ্ঞা, প্রভু মহেশ্বর!'

৪৫ মুনির বচন শুনি' সভাসদগণে।
কহিতে লাগিলা যা'র যেন লয় মনে॥
উদ্ধবের তরে তবে পুছিলা শ্রীহরি।

৪৬ 'কহ, হে উদ্ধব! তুমি—কোন্ যুক্তি করি?'

৪৭ কৃষ্ণের বচন শুনি' উদ্ধব সুধীর।
আজ্ঞা শিরে ধরি' মনে যুক্তি কৈলা স্থির॥
করযোড় করিয়া প্রভুর বিদ্যমান।
চিন্তিয়া উদ্ধব কহে ভকতপ্রধান॥"

গদাধর-পণ্ডিত-মুকুটমণি জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭০॥

একসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ইত্যুদীরিতমাকর্ণ্য দেবর্ষেরুদ্ধবোঽব্রবীৎ। সভ্যানাং মতমাজ্ঞায় কৃষ্ণস্য চ মহামতিঃ॥

শ্রীউদ্ধব উবাচ

২। যত্ত্বয়োক্তমৃষিণা দেব! সাচিব্যং যক্ষ্যতস্ত্বয়া। কার্য্যং পৈতৃষ্বসেয়স্য রক্ষা চ শরণৈষিণাম্॥

৩। যষ্টব্যং রাজসূয়েন দিক্‌চক্রজয়িনা বিভো! অতো জরাসুতজয় উভয়ার্থো মতো মম॥

৪। অস্মাকঞ্চ মহানর্থো হ্যেতেনৈব ভবিষ্যতি। যশশ্চ তব গোবিন্দ! রাজ্ঞো বন্ধান্ বিমুঞ্চতঃ॥

৫। স বৈ দুর্বিষহো রাজা নাগায়ুতসমো বলে। বলিনামপি চান্যেষাং ভীমং সমবলং বিনা॥

৭। ব্রহ্মবেষধরো গত্বা তং ভিক্ষেত বৃকোদরঃ। হনিষ্যতি ন সন্দেহো দ্বৈরথে তব সন্নিধৌ॥

৯। গায়ন্তি তে বিশদকর্ম্ম গৃহেষু দেব্যো, রাজ্ঞাং স্বশত্রুবধমাত্মবিমোক্ষণঞ্চ।
গোপ্যশ্চ কুঞ্জরপতের্জনকাত্মজায়াঃ, পিত্রোশ্চ লব্ধশরণা মুনয়ো বয়ঞ্চ॥

১০। জরাসন্ধবধঃ কৃষ্ণ! ভূর্য্যর্থায়োপকল্পতে। প্রায়ঃ পাকবিপাকেন তব চাভিমতঃ ক্রতুঃ॥

[ভূপালী-রাগ]

"সর্ব্বতত্ত্ব জান' তুমি, সর্ব্বভূতে বৈস।
জানিঞা আমারে তুমি কপটে জিজ্ঞাস॥

১ তথাপি তোমার আজ্ঞা শিরের উপরে।
কহিব সাক্ষাতে, নাথ! বুদ্ধি-অনুসারে॥

২ সাক্ষাতে নারদ-মুনি কৈলা নিবেদন।
দূতমুখে নৃপগণের শুনিলে বচন॥
অবশ্য করিতে চাহ নৃপগণ-রক্ষা।
করাইতে চাহ যুধিষ্ঠির-যজ্ঞদীক্ষা॥
দুঁহার করিতে চাহ অবশ্য নিস্তার।
তাহাতে উত্তম দেখি—এই যুক্তি-সার॥

৩ আগে যুধিষ্ঠির-মহোৎসবে চলি' যাহ।
যজ্ঞ-অনুবন্ধ গিয়া রাজারে করাহ॥
দশদিগ্ জিনিয়া আনিব নরেশ্বর।
জরাসন্ধ-বধ হৈব তাহার ভিতর।
এইরূপে নৃপগণে পাইব পরিত্রাণ।
এক-কার্য্যে দুই কার্য্য হৈব উপাদান॥

৪ জরাসন্ধ-বধ হৈব, ভকত-উদ্ধার।
সেবকের যশ হৈব জগতে বিস্তার॥
সর্ব্বলোক সুখী হ'বে, সভার পীরিতি।
সকল ভুবন ভরি' রহিবে খেয়াতি॥

আগে গিয়া হও ইন্দ্রপ্রস্থে উপসন্ন।
যুধিষ্ঠির জিনিয়া আনিব নৃপগণ॥

৫ জরাসন্ধ রাজা হয় অজয়, অমর।
দশ-সহস্র ধরে মত্তগজেন্দ্রের বল॥

৭ দ্বিজবেশে ভীম নিয়া করিব সংগ্রাম।
দ্বন্দ্বযুদ্ধে তবে তা'র হরিব পরাণ॥
তোমার সাক্ষাতে তা'রে করিব সংহার।
সর্ব্বলোক-সাক্ষী তুমি, জগত-আধার॥

৯ রাজার মহিষীগণ নিজ-নিজ ঘরে।
তোমার নির্ম্মল যশ গায় উচ্চস্বরে॥
পতিগণ উদ্ধারিব রিপুবধ করি'।
রহিব প্রভুর যশ ত্রিভুবন ভরি'॥
রাজার মহিষীগণ এই গুণ গায়।
মুনিগণে নিরবধি চরণ ধেয়ায়॥
হরি-অবতারে কৈলা গজেন্দ্র-মোক্ষণ।
জানকী উদ্ধার কৈলা বধিয়া রাবণ॥
এইরূপে নানাযশ গায় ত্রিভুবনে।
এখনে যে কর্ম্ম কর' গাইবে সর্ব্বজনে॥

১০ যজ্ঞ আরম্ভিয়া কর' যশের প্রকাশ।
দৈবে তা'র মধ্যে হ'বে জরাসন্ধ-নাশ॥'

শ্রীশুক উবাচ

১১। ইত্যুদ্ধববচো রাজন্! সর্ব্বতোভদ্রমচ্যুতম্। দেবর্ষির্যদুবৃদ্ধাশ্চ কৃষ্ণশ্চ প্রত্যপূজয়ন্॥
১২। অথাদিশৎ প্রয়াণায় ভগবান্ দেবকীসুতঃ। ভৃত্যান্ দারুকজৈত্রাদীননুজ্ঞাপ্য গুরূন্ বিভুঃ॥
১৩। নির্গমষ্যাবরোধান্ স্বান্ সসুতান্ সপরিচ্ছদান্। সঙ্কর্ষণমনুজ্ঞাপ্য যদুরাজঞ্চ শত্রুহন্।
সূতোপনীতং স্বরথমারুহদ্গরুড়ধ্বজম্॥

১৪। ততো রথদ্বিপভটসাদিনায়কৈঃ, করালয়া পরিবৃত আত্মসেনয়া।
মৃদঙ্গভের্য্যানকশঙ্খগোমুখৈঃ, প্রঘোষঘোষিৎ(ত)ককুভো নিরক্রমৎ॥

১৫। নৃ-বাজিকাঞ্চনশিবিকাভিরচ্যুতং, সহাত্মজাঃ পতিমনু সুব্রতা যযুঃ।
বরাম্বরাভরণবিলেপনস্রজঃ, সুসংবৃতা নৃভিরসিচর্ম্মপাণিভিঃ॥

১৬। নরোষ্ট্রগোমহিষখরাশ্বতর্য্যনঃ,-করেণুভিঃ পরিজনবারযোষিতঃ।
স্বলঙ্কৃতাঃ কটকুটিকম্বলাম্বরা,-দ্যুপস্করা যযুরধিযুজ্য সর্ব্বতঃ॥

১৭। বলং বৃহদ্ধ্বজপটছত্রচামরৈ,-র্বরায়ুধাভরণকিরীটবর্ম্মভিঃ।
দিবাংশুভিস্তুমুলরবং বভৌ রবে,-র্যথার্ণবঃ ক্ষুভিততিমিঙ্গিলোর্ম্মিভিঃ॥

১৮। অথো মুনির্যদুপতিনা সভাজিতঃ, প্রণম্য তং হৃদি বিদধদ্বিহায়সা।
নিশম্য তদ্ব্যবসিতমাহৃতার্হণো, মুকুন্দসন্দর্শননির্বৃতেন্দ্রিয়ঃ॥

---

১১ এতেক বচন যদি বলিলা উদ্ধবে।
'ধন্য ধন্য' বলিয়া বাখানে লোক সবে॥

১২ আপনে করিয়া হরি উদ্ধবে প্রশংসা।
গুরুজন-আজ্ঞা লৈলা করিয়া সম্ভাষা॥

দারুকে আনিঞা আজ্ঞা দিলা ভগবান্।
'ঝাট করি' আন' রথ করিয়া সাজন॥

সর্ব্বসৈন্য চলুক, সামন্ত-মন্ত্রিগণ।
পাত্র-মিত্র চলুক, সকল পরিজন॥

১৩ দেবীগণ চলুক বিবিধ পরিচ্ছদে।
রথ, গজ, তুরঙ্গ চলুক নিজ-সাজে॥'

আজ্ঞা মাগি' নিলা দেব বলভদ্র-স্থানে।
উগ্রসেন সম্ভাষিয়া চলিলা আপনে॥

দারুক আনিলা রথ গরুড়-লাঞ্ছন।
আপনে শ্রীহরি গিয়া কৈলা আরোহণ॥

১৪ চলিল রথের আগে ঘোড়া আসোয়ার।
দুই পাশে চলে' সব সৈন্য পাটোয়ার॥

মত্তগজগণ পাছে করিল যোগান।
মহাভট, মহারথ হৈল আগুয়ান॥

শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-শবদ-কোলাহল।
চৌদিগ্ ভরিয়া হৈল আনন্দ-মঙ্গল॥

১৫ নরযান, খরযান, কাঞ্চন-বিমানে।
চলিলা মহিষীগণ আনন্দ-বিধানে॥

সপুত্র-বান্ধবে দেবীগণ আগে যায়।
চৌদিগে বেড়িয়া মহাভটগণ ধায়॥

১৬ দিব্যবেশ বেশ্যাগণ ধরিল যোগান।
পুরনারীগণ যায় হঞা আগুয়ান॥

অম্বর-নির্ম্মিত ঘর, কম্বলনির্ম্মাণ।
শিল্পিগণে কৈল গিয়া পুরীর বিধান॥

১৭ বিচিত্র-পতাকা উড়ে, ছত্র-ধ্বজ-বানা।
কোটি-কোটি রথ, গজ, কোটি-কোটি সেনা॥

১৮ কৃষ্ণের চরণে মুনি করিয়া প্রণাম।
নারদ চলিয়া গেলা হঞা অন্তর্দ্ধান॥

১৯। রাজদূতমুবাচেদং ভগবান্ প্রীণয়ন্ গিরা। মা ভৈষ্ট দূত! ভদ্রং বো ঘাতয়িষ্যামি মাগধম্॥
২০। ইত্যুক্তঃ প্রস্থিতো দূতো যথাবদবদন্নৃপান্। তেঽপি সন্দর্শনং শৌরেঃ প্রত্যৈক্ষন্ বন্ধমুক্তবঃ॥
২১। আনর্ত্তসৌবীরমরুংস্তীর্ত্বা বিনশনং হরিঃ। গিরীন্ নদীরতীয়ায় পুরগ্রামব্রজাকরান্॥
২২। ততো দৃষদ্বতীং তীর্ত্বা মুকুন্দোঽথ সরস্বতীম্। পঞ্চালানথ মৎস্যাংশ্চ শক্রপ্রস্থমথাগমৎ॥
২৩। তমুপাগতমাকর্ণ্য প্রীতো দুর্দর্শনং নৃণাম্। অজাতশত্রুর্নিরগাৎ সোপাধ্যায়ঃ সুহৃদ্বৃতঃ॥
২৪। গীতবাদিত্রঘোষেণ ব্রহ্মঘোষেণ ভূয়সা। অভ্যয়াৎ স হৃষীকেশং প্রাণাঃ প্রাণমিবাদৃতঃ॥
২৫। দৃষ্ট্বা বিক্লিন্নহৃদয়ঃ কৃষ্ণং স্নেহেন পাণ্ডবঃ। চিরাদ্দৃষ্টং প্রিয়তমং সস্বজেঽথ পুনঃ পুনঃ॥
২৬। দোর্ভ্যাং পরিষ্বজ্য রমামলালয়ং, মুকুন্দগাত্রং নৃপতির্হতাশুভঃ।
লেভে পরাং নির্বৃতিমশ্রুলোচনো, হৃষ্যত্তনুর্বিস্মৃতলোকবিভ্রমঃ॥
২৭। তং মাতুলেয়ঃ পরিরভ্য নির্বৃতো, ভীমঃ স্মযন্ প্রেমজবাকুলেন্দ্রিয়ঃ।
যমৌ কিরীটী চ সুহৃত্তমং মুদা, প্রবৃদ্ধবাষ্পাঃ পরিরেভিরেঽচ্যুতম্॥
২৮। অর্জ্জুনেন পরিষ্বক্তো যমাভ্যামভিবাদিতঃ॥
২৯। ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য বৃদ্ধেভ্যশ্চ যথার্হতঃ। মানিনো মানয়ামাস কুরুসৃঞ্জয়কৈকয়ান্।
সূতমাগধগন্ধর্ব্বা বন্দিনশ্চোপমন্ত্রিণঃ॥
৩০। মৃদঙ্গশঙ্খপটহ-বীণাপণবগোমুখৈঃ। ব্রাহ্মণাশ্চারবিন্দাক্ষং তুষ্টুবুর্নৃতুর্জগুঃ॥
৩১। এবং সুহৃদ্ভিঃ পর্য্যস্তঃ পুণ্যশ্লোকশিখামণিঃ। সংস্তূয়মানো ভগবান্ বিবেশালঙ্কৃতং পুরম্॥

---

১৯ রাজদূতে প্রবোধিয়া বলেন শ্রীহরি।
'ভয় পরিহর', দূত! জরাসন্ধ করি'॥
জরাসন্ধে মারিয়া আনিব নৃপগণ।
কহ গিয়া, দূত! তুমি এই বিবরণ॥'

২০ প্রণাম করিয়া দূত সত্বরে চলিল।
নৃপগণ-বিদ্যমানে সকল কহিল॥
'কৃষ্ণ-দরশন হৈব, বন্ধ-বিমোচন'।
আনন্দিত হঞা সব রহে নৃপগণ॥

২১ চতুরঙ্গ-সেনা সাজি' চলিলা শ্রীহরি।
আনর্ত্ত-সৌবীর-মরুদেশ গেলা তরি'॥
নদ-নদী, পর্ব্বত, তরিয়া নানাদেশ।
কুরুক্ষেত্র তরিয়া চলিলা হৃষীকেশ॥

২২ দৃষদ্বতী তরিয়া, তরিলা সরস্বতী।
তরিয়া পঞ্চাল দেশ গেলা যদুপতি॥
ইন্দ্রপ্রস্থে গেলা প্রভু মৎস্যদেশ তরি'।
বাহ্য উপবনে গিয়া রহিলা শ্রীহরি॥

২৩ কৃষ্ণ-আগমন শুনি' রাজা যুধিষ্ঠির।
বাহ্য পাসরিলা রাজা, পুলক-শরীর॥
ভীম-অর্জ্জুনের হৈল হরষিত চিত্ত।
সহদেব-নকুল শুনিঞা আনন্দিত॥
কৃষ্ণ-আগুসারে রাজা চলিলা ত্বরিতে।
পাত্র-মিত্র-পুরোহিত-সামন্ত-সহিতে॥

২৪ বহুবিধ নৃত্য-গীত-বাজন-মঙ্গল।
'জয় জয়', বেদঘোষ, শব্দ-কোলাহল॥

২৫ দেখিয়া সাক্ষাতে কৃষ্ণ ধর্ম্মের নন্দন।
ভুজপাশে ধরি' রাজা দিলা আলিঙ্গন॥

২৬ মজিলা ধর্ম্মের পুত্র আনন্দসাগরে।
বাহ্য পাসরিলা রাজা, শরীর না ধরে॥

২৭ আলিঙ্গন দিয়া ভীম আনন্দে মজিলা।
কোল দিয়া অর্জ্জুন সকল পাসরিলা॥
সহদেব-নকুলের হরল গেয়ান।
পঞ্চ-পাণ্ডবের নাহি বাহ্য অবধান॥

২৮ অর্জ্জুনের সঙ্গে কৃষ্ণ কৈলা অঙ্গসঙ্গ।
সহদেব-নকুল বন্দিলা পদদ্বন্দ্ব॥

২৯ বৃদ্ধ মান্য-দ্বিজগণে কৈলা নমস্কার।
কুশল-বচনে কৈলা লোক-পুরস্কার॥

৩২। সংসিক্তবর্ত্ম করিণাং মদগন্ধতোয়ৈ,-শ্চিত্রধ্বজৈঃ কনকতোরণপূর্ণকুম্ভৈঃ।
মৃষ্টাত্মভির্নবদুকূলবিভূষণস্রগ্,-গন্ধৈর্নৃভির্যুবতিভিশ্চ বিরাজমানম্॥
৩৩। উদ্দীপ্তদীপবলিভিঃ প্রতিসদ্মজাল,-নির্যাতধূপরুচিরং বিলসৎপতাকম্।
মূর্দ্ধন্যহেমকলশৈ রজতোরুশৃঙ্গৈ,-র্জুষ্টং দদর্শ ভবনৈঃ কুরুরাজধাম॥
৩৪। প্রাপ্তং নিশম্য নরলোচনপানপাত্র,-মৌৎসুক্যবিশ্লথিতকেশদুকূলবন্ধাঃ।
সদ্যো বিসৃজ্য গৃহকর্ম্ম পতীংশ্চ তল্পে, দ্রষ্টুং যযুর্যুবতয়ঃ স্ম নরেন্দ্রমার্গে॥
৩৫। তস্মিন্ সুসঙ্কুল ইভাশ্বরথদ্বিপদ্ভিঃ, কৃষ্ণং সভার্য্যমুপলভ্য গৃহাধিরূঢ়াঃ।
নার্য্যো বিকীর্য্য কুসুমৈর্মনসোপগুহ্য, সুস্বাগতং বিদধুরুৎস্ময়বীক্ষিতেন॥
৩৬। ঊচুঃ স্ত্রিয়ঃ পথি নিরীক্ষ্য মুকুন্দপত্নী,-স্তারা যথোড়ুপসহাঃ কিমকার্য্যমূভিঃ।
যচ্চক্ষুষাং পুরুষমৌলিরুদারহাস,-লীলাবলোক-কলয়োৎসবমাতনোতি?
৩৭। তত্র তত্রোপসঙ্গম্য পৌরা মঙ্গলপাণয়ঃ। চক্রুঃ সপর্য্যাং কৃষ্ণায় শ্রেণীমুখ্যা হতৈনসঃ॥
৩৮। অন্তঃপুরজনৈঃ প্রীত্যা মুকুন্দঃ ফুল্ললোচনৈঃ। সসম্ভ্রমৈরভ্যুপেতঃ প্রাবিশদ্রাজমন্দিরম্॥

সূত-মাগধ গায় কৃষ্ণের মহিমা।
উচ্চনাদে ভট্টগণে পঢ়য়ে ভাটমা॥

৩০-৩১ শঙ্খ, ভেরী, মৃদঙ্গ, বিবিধ-বাদ্য বাজে'।
প্রভুর চৌদিগ ভরি' বন্ধুগণ সাজে'॥

বহুবিধ নৃত্য-গীত, চলন সুসার।
আগে পাছে মহাবীরগণ পাটোয়ার॥

পুর-পরবেশ কৈলা ত্রিজগতরায়।
বেদমন্ত্র পঢ়িয়া ব্রাহ্মণে গুণ গায়॥

৩২-৩৩ পুর-পথে রাজপথে চন্দনের ছড়া।
ফলকে ফলকে চলে নানাবর্ণের ঘোড়া॥

মত্তগজ-মদজলে উঠিল কর্দ্দম।
রতন-তোরণগণে দেখি মনোরম॥

সারি-সারি হেমকুম্ভ, রম্ভা-আরোপণ।
প্রবাল-তণ্ডুল-ফল-পুষ্প-বরিষণ॥

ছত্র-ধ্বজ-পতাকা বিবিধ বানা উড়ে।
বিচিত্র বিতান-জাল প্রতি ঘরে-ঘরে॥

দিব্যবেশ নরনারী, পুর বিরাজিত।
প্রতি-ঘরে ধূপ-দীপ, বিতান-মণ্ডিত॥

মণিময় দীপগণ দিনমণি-আভা।
হেম-ঘটে, মণি-ঘটে সারি-সারি শোভা॥

হেন পুরে উত্তরিলা দৈবকীনন্দন।
সুখময় সাগরে মজিলা পুরজন॥

৩৪ কৃষ্ণ-আগমন শুনি' পুরনারীগণে।
গৃহকর্ম্ম পাসরিলা কৃষ্ণ-দরশনে॥

কেহ পতি কোলে করি' আছিলা শয়নে।
কেহ অঙ্গ-মারজন-মজ্জন-ভোজনে॥

সেই ক্ষণে সকল তেজিয়া পুরনারী।
আনন্দে চলিলা কৃষ্ণপদে মন ধরি'॥

৩৫ ঘরের উপরে কেহ করি' আরোহণ।
কৃষ্ণের উপরে করে' পুষ্প-বরিষণ॥

প্রবাল, তণ্ডুল, ফল, বিলসিত-মালা।
যেন বরিষণ হয় মলয়জ-ধারা॥

লজ্জা পারহরি' করে' কুশল জিজ্ঞাসা।
স্বাগত-বচনে করে' অতীত-সম্ভাষা॥

৩৬ কৃষ্ণপত্নীগণ দেখি' বলে' পুরনারী।
'এ-সভে লভিলা কৃষ্ণে কোন্ পুণ্য করি'?
পুরুষশেখর কৃষ্ণ, কমলানিবাস।
তাঁহার শ্রীমুখ দেখি, নয়ন-বিলাস॥

৩৭-৩৮ এইরূপে যায় কৃষ্ণ পুর পরবেশি'।
পথে পথে কৃষ্ণ হেরে সর্ব্বলোকে আসি'॥

৩৯। পৃথা বিলোক্য ভ্রাত্রেয়ং কৃষ্ণং ত্রিভুবনেশ্বরম্। প্রীতাত্মোত্থায় পর্য্যঙ্কাৎ সম্ভ্রমা পরিষস্বজে ॥
৪০। গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ। পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহৃতো নৃপঃ ॥
৪১। পিতৃষ্বসুর্গুরুস্ত্রীণাং কৃষ্ণশ্চক্রেঽভিবাদনম্। স্বয়ঞ্চ কৃষ্ণয়া রাজন্! ভগিন্যা চাভিবন্দিতঃ ॥
৪২। শ্বশ্ত্রা সঞ্চোদিতা কৃষ্ণা কৃষ্ণপত্নীশ্চ সর্ব্বশঃ। আনর্চ্চ রুক্মিণীং সত্যাং ভদ্রাং জাম্ববতীং তথা ॥
৪৩। কালিন্দীং মিত্রবিন্দাঞ্চ শৈব্যাং নাগ্নজিতীং সতীম্। অন্যাশ্চাভ্যাগতা যাস্তু বাসঃস্রঙ্মণ্ডনাদিভিঃ ॥
৪৪। সুখং নিবাসয়ামাস ধর্ম্মরাজো জনার্দ্দনম্। সসৈন্যং সানুগামাত্যং সভার্য্যঞ্চ নবং নবম্ ॥
৪৬। উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষয়া। বিহরন্ রথমারুহ্য ফাল্গুনেন ভটৈর্বৃতঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীকৃষ্ণস্যেন্দ্রপ্রস্থগমনং নামৈকসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭১ ॥

মঙ্গল ধরিয়া করে, করে' নিবেদন।
প্রভুর পদারবিন্দ করিয়া বন্দন ॥
এইরূপে দেখে লোক নয়ন ভরিয়া।
প্রভুর পদারবিন্দ হৃদয়ে ধরিয়া ॥
পুর-পরবেশ তবে করিলা শ্রীহরি।
৩৯ আনন্দে পূরিলা কুন্তী কৃষ্ণে কোলে করি' ॥
ত্রিভুবন-নাথ হরি, দেব-দেবেশ্বর।
৪০ করে ধরি' নিল, রাজা পুরের ভিতর ॥
কি দিয়া পূজিব কৃষ্ণ, হৃদয় না ধরে।
আনন্দে মজিয়া রাজা আপনা পাসরে ॥
৪১ কুন্তীর চরণ কৃষ্ণ করিয়া বন্দন।
সর্ব্বগুরুপত্নীগণের বন্দিলা চরণ ॥
৪২-৪৩ তবে আদেশিলা কুন্তী দ্রৌপদীর তরে।
কৃষ্ণপত্নীগণ যত পূজিলা সাদরে ॥
সত্যভামা, রুক্মিণী, কালিন্দী, জাম্ববতী।
মিত্রবিন্দা, শৈব্যাদেবী, আর নাগ্নজিতী ॥
ষোড়শ-সহস্র আর মহাদেবীগণ।
একে একে সকল পূজিলা জনে জন ॥
৪৪ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির বিধিবিদাংবর।
দিব্য-অন্নপানে লোক পূজিলা সকল ॥
সসৈন্যে পূজিলা কৃষ্ণে বিবিধ-বিধানে।
নব-নব পীরিতি বাঢ়য়ে দিনে-দিনে ॥
৪৬ পাণ্ডুপুত্রে পীরিতি করিতে বনমালী।
চারিমাস তথাতে রহিলা কৃপা করি' ॥
অর্জ্জুনের সঙ্গে প্রভু চড়ি' দিব্য-রথে।
বিবিধ বিহার করি' ফিরয়ে কৌতুকে ॥"
পণ্ডিতমুকুটমণি গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭১ ॥

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। একদা তু সভামধ্যে আস্থিতো মুনিভির্বৃতঃ। ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈর্ভ্রাতৃভিশ্চ যুধিষ্ঠিরঃ ॥
২। আচার্য্যৈঃ কুলবৃদ্ধৈশ্চ জ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ। শৃণ্বতামেব চৈতেষামাভাষ্যেদমুবাচ হ ॥

[শ্রীরাগ]

১ "একদিন সভামধ্যে বসি' নরপতি।
ভ্রাতৃ-মিত্র-বন্ধুগণ করিয়া সংহতি ॥
২ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, কুলপুরোহিত।
কুলবৃদ্ধ জ্ঞাতিগণ চৌদিগে বেষ্টিত ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ

৩। ক্রতুরাজেন গোবিন্দ! রাজসূয়েন পাবনীঃ। যক্ষ্যে বিভূতীর্ভবতস্তৎ সম্পাদয় নঃ প্রভো!

৪। ত্বৎপাদুকে অবিরতং পরি যে চরন্তি, ধ্যায়ন্ত্যভদ্রনশনে শুচয়ো গৃণন্তি।
বিন্দন্তি তে কমলনাভ! ভবাপবর্গ,-মাশাসতে যদি ত আশিষ ঈশ! নান্যে॥

৫। তদ্দেবদেব! ভবতশ্চরণারবিন্দ,-সেবানুভাবমিহ পশ্যতু লোক এষঃ।
যে ত্বাং ভজন্তি ন ভজন্ত্যত বোভয়েষাং, নিষ্ঠাং প্রদর্শয় বিভো! কুরুসৃঞ্জয়ানাম্॥

৬। ন ব্রহ্মণঃ স্বপরভেদমতিস্তব স্যাৎ, সর্ব্বাত্মনঃ সমদৃশঃ স্বসুখানুভূতেঃ।
সংসেবতাং সুরতরোরিব তে প্রসাদঃ, সেবানুরূপমুদয়ো ন বিপর্য্যয়োঽত্র॥

শ্রীভগবানুবাচ

৭। সম্যগ্ ব্যবসিতং রাজন্! ভবতা শত্রুকর্শন! কল্যাণী যেন তে কীর্ত্তির্লোকাননুভবিষ্যতি॥

৮। ঋষীণাং পিতৃদেবানাং সুহৃদামপি নঃ প্রভো। সর্ব্বেষামপি ভূতানামীপ্সিতঃ ক্রতুরাড়য়ম্॥

৯। বিজিত্য নৃপতীন্ সর্ব্বান্ কৃত্বা চ জগতীং বশে। সম্ভৃত্য সর্ব্বসম্ভারানাহরস্ব মহাক্রতুম্॥

১০। এতে তে ভ্রাতরো রাজন্! লোকপালাংশসম্ভবাঃ।
জিতোঽস্ম্যাত্মবতা তেঽহং দুর্জয়ো যোঽকৃতাত্মভিঃ॥

কৃষ্ণ সম্ভাষিয়া রাজা বলে' কোন্ বাণী ?

৩ 'শুন, হে গোবিন্দদেব! লোকশিখামণি!
এই নিবেদন, নাথ! চরণ-যুগলে।
'রাজসূয়'-যজ্ঞ করি' ভজিব তোমারে॥
নিজ-ভৃত্য মুঞি, নাথ! করোঁ নিবেদন।
আজ্ঞা কর', যজ্ঞ যেন হয় সমাপন॥

৪ তোমার পাদুকাযুগ যে করে' ধেয়ান।
যেই জন কীর্ত্তন করয়ে অবিরাম॥
তা'রা সে লভিতে পারে অপবর্গ-গতি।
যদি বা সম্পদ্ বাঞ্ছে, লভে সর্ব্বসিদ্ধি॥

৫ তোমার পদারবিন্দ-সেবা-অনুভাব।
দেখুক সকল লোকে অতুলপ্রভাব॥
যে ভজে, তাহার হয় সর্ব্বত্র কল্যাণ।
যে না ভজে, তা'র কভু নহে পরিত্রাণ॥
দেখুক সকল লোক আশ্চর্য্যের সীমা।
ভকত জনের তুমি বাড়াহ মহিমা॥

৬ যদি বল',—'নিজ-পর নাহিক আমার'।
তা'র কথা কহি, নাথ! চরণে তোমার॥
পরিপূর্ণ ব্রহ্ম তুমি, সর্ব্বজীবে বৈস।
সকলের আত্মা তুমি, সর্ব্বত্র প্রকাশ॥
নিজ-পর-ভেদ তুমি যদ্যপি না কর'।
তথাপি ভকতজনে অনুগ্রহ ধর'॥
আশ্রিত ভরণ কর' যেন কল্পতরু।
সেইরূপ প্রভু তুমি, ত্রিজগৎ-গুরু॥
সেবা-অনুরূপ কর' ফলের উদয়।
ইহাতে না কর' আর কিছু বিপর্য্যয়॥'

৭ রাজার বচন শুনি' প্রভু গুণনিধি।
কহিতে লাগিলা তবে সর্ব্বযজ্ঞবিধি॥
'শুন, পাণ্ডুপুত্র! তুমি ধর্ম্ম-অবতার।
ভুবন ভরিয়া যশ রহিব তোমার॥

৮ শুভকালে কর' তুমি যজ্ঞ-অনুবন্ধ।
দেব-ঋষি-পিতৃগণ বাড়িব আনন্দ॥
সবার সন্তোষ-হেতু আমার পীরিতি।
কিন্তু একখানি আছে, কহি এ যুগতি॥

৯ জগত করিয়া বশ, নৃপগণ জিনি'।
সকল পৃথ্বীর ধন জড় করি' আনি'॥
তবে যজ্ঞ কর' তুমি' চিন্তা পরিহর'।

১০ ভ্রাতৃগণে পাঠাইয়া জগত বশ কর'॥
আপনে সাক্ষাতে আমি আছি বিদ্যমান।
জগত জিনিবে তা'থে কোন্ বস্তু-জ্ঞান ?

১১। ন কশ্চিন্মৎপরং লোকে তেজসা যশসা শ্রিয়া। বিভূতিভির্বাভিভবেদ্দেবোঽপি কিমু পার্থিবঃ?

শ্রীশুক উবাচ

১২। নিশম্য ভগবদ্গীতং প্রীতঃ ফুল্লমুখাম্বুজঃ। ভ্রাতৄন্ দিগ্বিজয়েঽযুঙ্ক্ত বিষ্ণুতেজোপবৃংহিতান্॥

১৩। সহদেবং দক্ষিণস্যামাদিশৎ সহ সৃঞ্জয়ৈঃ। দিশি প্রতীচ্যাং নকুলমুদীচ্যাং সব্যসাচিনম্।
প্রাচ্যাং বৃকোদরং মৎস্যৈঃ কেকয়ৈঃ সহ মদ্রকৈঃ॥

১৪। তে বিজিত্য নৃপান্ বীরা আজহ্রুর্দিগ্ভ্য ওজসা। অজাতশত্রবে ভূরি দ্রবিণং নৃপ! যক্ষ্যতে॥

১৫। শ্রুত্বাজিতং জরাসন্ধং নৃপতের্ধ্যায়তো হরিঃ। আহোপায়ং তমেবাদ্য উদ্ধবো যমুবাচ হ॥

১৬। ভীমসেনোঽর্জ্জুনঃ কৃষ্ণো ব্রহ্মলিঙ্গধরাস্ত্রয়ঃ। জগ্মুর্গিরিব্রজং তাত! বৃহদ্রথসুতো যতঃ॥

১৭। তে গত্বাতিথ্যবেলায়াং গৃহেষু গৃহমেধিনম্। ব্রহ্মণ্যং সমযাচেরন্ রাজন্যা ব্রহ্মলিঙ্গিনঃ॥

১৮। রাজন্! বিদ্ধ্যতিথীন্ প্রাপ্তানর্থিনো দূরমাগতান্। তন্নঃ প্রযচ্ছ ভদ্রং তে যদ্বয়ং কাময়ামহে॥

১৯। কিং দুর্ম্মর্ষং তিতিক্ষূণাং কিমকার্য্যমসাধুভিঃ? কিং ন দেয়ং বদান্যানাং কঃ পরঃ সমদর্শিনাম্?

২০। যোঽনিত্যেন শরীরেণ সতাং গেয়ং যশো ধ্রুবম্। নাচিনোতি স্বয়ং কল্পঃ স বাচ্যঃ শোচ্য এব সঃ॥

২১। হরিশ্চন্দ্রো রন্তিদেব উঞ্ছবৃত্তিঃ শিবির্বলিঃ। ব্যাধঃ কপোতো বহবো হ্যধ্রুবেণ ধ্রুবং গতাঃ॥

---

১১ যেন তেন করে' যদি আমার আশ্রয়।
ত্রিভুবনে তবে তা'র পরাভব নয়॥
আছুক মানুষ, দেবে না হয় সমান।
সকল-দেবের পূজ্য, সবার প্রধান॥'

১২ প্রভুর বচন শুনি' রাজা যুধিষ্ঠির।
আনন্দে পূরিল তনু, পুলক-শরীর॥
ভ্রাতৃগণে পাঠাইলা জিনিতে ক্ষিতিতল।
কৃষ্ণ-তেজে তা'রা সব হৈলা মহাবল॥

১৩ সহদেবে দক্ষিণে পাঠাইলা সৈন্য দিয়া।
পশ্চিমে নকুল বীর চলিলা সাজিয়া॥
সব্যসাচী ধনঞ্জয় চলিলা উত্তরে।
পূর্ব্বদিগে বৃকোদর চলিলা সত্বরে॥
মৎস্য-কেকয়ে সৈন্য করিয়া সাজন।
চারিদিগে ত্বরিতে চলিলা বীরগণ॥

১৪ জিনিঞা আনিলা সভে পৃথিবীর ধন।
দশদিগ্ জিনিঞা আনিলা নৃপগণ॥
সব সমর্পিলা লঞা রাজার চরণে।

১৫ জরাসন্ধ না জিনিলা, শুনিলা শ্রবণে॥
চিন্তিতে লাগিলা রাজা মনে পাঞা ভয়।
'জরাসন্ধ না জিনিলে কোন্ গতি হয়?'
বুঝিয়া রাজার মন কহে জগন্নাথ।
'উপায় করিব আমি, না কর' বিষাদ॥'

১৬ এতেক বচন তবে বলিয়া শ্রীহরি।
তিন জন মিলিয়া ব্রাহ্মণবেশ ধরি'॥
ভীমার্জ্জুনে লঞা প্রভু চলিলা আপনে।
রাজগিরি-পর্ব্বতে উঠিলা তিনজনে॥

১৭ আতিথ্য-বেলায় গেলা রাজার গোচর।
মাগিয়া লইলা ভিক্ষা তিন দ্বিজবর॥

১৮ 'ব্রাহ্মণ-ভকত তুমি, নৃপতি সত্তম।
আমি-সব ব্রাহ্মণ-অতিথি উপসন্ন॥
সন্ধ্যাকালে অতিথি না তেজে' মতিমান্।
আমি-সব যে মাগিব, না করিবে আন॥

১৯ ত্যাগশীল-জনে কি না করে' পরিত্যাগ?
অসাধু জনের কিবা নহে মন্দ কাজ?
দানশীল-জনে কি না করে' দ্রব্য দান?
সমদৃষ্টি-জনের না দেখি পর-জ্ঞান॥

২০ অনিত্য শরীরে যেবা না সাধিল নিত্য।
সর্ব্বগুণযুক্ত যদি, কেবল বঞ্চিত॥

২১ হরিশ্চন্দ্র, রন্তিদেব, রাজা শিবি, বলি।
ব্যাধ, কপোত, উঞ্ছবৃত্তি-আদি করি'॥

শ্রীশুক উবাচ

২২। স্বরৈরাকৃতিভিস্তাংস্তু প্রকোষ্ঠৈর্জ্যাহতৈরপি। রাজন্যবন্ধূন্ বিজ্ঞায় দৃষ্টপূর্ব্বানচিন্তয়ৎ॥
২৩। রাজন্যবন্ধবো হ্যেতে ব্রহ্মলিঙ্গানি বিভ্রতি। দদানি ভিক্ষিতং তেভ্য আত্মানমপি দুস্ত্যজম্॥
২৪। বলেনূর্ণ শ্রূয়তে কীর্ত্তির্বিততা দিক্ষ্বকল্মষা। ঐশ্বর্য্যাদ্ভ্রংশিতস্যাপি বিপ্রব্যাজেন বিষ্ণুনা॥
২৫। শ্রিয়ং জিহীর্ষতেন্দ্রস্য বিষ্ণবে দ্বিজরূপিণে। জানন্নপি মহীং প্রাদাদ্বার্য্যমাণোঽপি দৈত্যরাট্॥
২৬। জীবতা ব্রাহ্মণার্থায় কো স্বর্থঃ ক্ষত্রবন্ধুনা। দেহেন পতমানেন নেহতা বিপুলং যশঃ?
২৭। ইত্যুদারমতিঃ প্রাহ কৃষ্ণার্জ্জুনবৃকোদরান্। হে বিপ্রা ব্রিয়তাং কামো দদাম্যাত্মশিরোঽপি বঃ॥

শ্রীভগবানুবাচ

২৮। যুদ্ধং নো দেহি রাজেন্দ্র! দ্বন্দ্বশো যদি মন্যসে।
যুদ্ধার্থিনো বয়ং প্রাপ্তা রাজন্যা নান্যকাঙ্ক্ষিণঃ॥
২৯। আসৌ বৃকোদরঃ পার্থস্তস্য ভ্রাতার্জ্জুনো হ্যয়ম্।
অনয়োর্মাতুলেয়ং মাং কৃষ্ণং জানীহি তে রিপুম্॥
৩০। এবমাবেদিতো রাজা জহাসোচ্চৈঃ স্ম মাগধঃ। আহ চামর্ষিতো মন্দা যুদ্ধং তর্হি দদামি বঃ॥
৩১। ন ত্বয়া ভীরুণা যোৎস্যে যুধি বিক্লবচেতসা। মথুরাং স্বপুরীং ত্যক্ত্বা সমুদ্রং শরণং গতঃ॥
৩২। অয়ন্তু বয়সা তুল্যো নাতিসত্ত্বো ন মে সমঃ। অর্জ্জুনো ন ভবেদ্‌যোদ্ধা ভীমস্তুল্যবলো মম॥
৩৩। ইত্যুক্ত্বা ভীমসেনায় প্রাদায় মহতীং গদাম্। দ্বিতীয়াং স্বয়মাদায় নির্জগামাশু পুরাদ্বহিঃ॥

অধ্রুবে সাধিয়া ধ্রুব এ-সব চলিল।
ভুবন ভরিয়া তা'দের পুণ্য-কীর্ত্তি হৈল॥'

২২ তবে রাজা জরাসন্ধ চিন্তে মনে-মনে।
'এ-সব ব্রাহ্মণ নহে বুঝিল লক্ষণে॥

২৩ তথাপি ব্রাহ্মণ বেশ রহিল গোচরে।
শির যদি চাহে, তভু না হৈব কাতরে॥

২৪ মায়ায়ে ব্রাহ্মণবেশ ধরি' নারায়ণ।
মাগিলা বলির আগে কপটে বামন॥

২৫ জানি' তাহা-বলি তা'র না কৈলা খণ্ডনা।
জগতে রহিল তা'র যশের ঘোষণা॥
গুরুর বচন বলি করিয়া লঙ্ঘন।
দান দিয়া যশে পূরাইলা ত্রিভুবন॥

২৬ জীয়ন্তে না কৈল যে ব্রাহ্মণ-উপকার।
জীয়ন্তেই মরা, ব্যর্থ সকল তাহার॥'

২৭ তবে জরাসন্ধ বলে',—'শুন, হে ব্রাহ্মণ!
কি মাগিবে, মাগ তাহা দিব এইক্ষণ॥
তুমি-সব যে মাগিবে, না করিব আন।
শির যদি মাগ', তমু নাহি বস্তু-জ্ঞান॥'

২৮ তবে কৃষ্ণ বলে',—'রাজা! শুন বিবরণ।
যুদ্ধ মাগি আমি-সব দেহসিয়া রণ॥

২৯ এ দুই অর্জ্জুন-ভীম, আমি কৃষ্ণ নাম।
যুদ্ধ মাগি আমি-সব, দেহ যুদ্ধদান॥'

৩০ এ বোল শুনিঞা জরাসন্ধ মতিক্ষয়।
উচ্চনাদ করিয়া হাসিল অতিশয়॥
ক্রোধ করি' কহে বীর—'করিব সংগ্রাম।

৩১ তুমি অল্পবল, কৃষ্ণ! নহিবে সমান॥
যুদ্ধ-ভয়ে তুমি কৃষ্ণ মথুরা তেজিয়া।
সমুদ্রে শরণ পশি' আছ লুকাইয়া॥

৩২ বয়সে অর্জ্জুন তুল্য নহে সমবল।
অর্জ্জুনের সনে মুঞি না করোঁ সমর॥
ভীম তুল্যবল মোর, বয়সে সমান।
ইহা-সহ যুদ্ধে মোর নাহি অপমান॥'

৩৩ এ বোল বলিয়া বীর তোলে গদাপাট।
ফেলাইয়া দিল গদা মারি' মালসাট॥
আর গদা আপনে লইল মহাবল।
দুই বীরে সংগ্রাম বাধিল ভয়ঙ্কর॥

৩৪। ততঃ সমেখলে বীরৌ সংযুক্তাবিতরেতরম্। জঘ্নতুর্বজ্রকল্পাভ্যাং গদাভ্যাং রণদুর্ম্মদৌ॥
৩৫। মণ্ডলানি বিচিত্রাণি সব্যং দক্ষিণমেব চ। চরতোঃ শুশুভে যুদ্ধং নটয়োরিব রঙ্গিণোঃ॥
৩৬। ততশ্চটচটাশব্দো বজ্রনিষ্পেষসন্নিভঃ। গদয়োঃ ক্ষিপ্তয়ো রাজন্! দন্তয়োরিব দন্তিনোঃ॥
৩৭। তে বৈ গদে ভুজজবেন নিপাত্যমানে, অন্যোহন্যতোঽংসকটিপাদকরোরুজত্রন্।
চূর্ণীবভূবতুরুপেত্য যথার্কশাখে, সংযুধ্যতোর্দ্বিরদয়োরিব দীপ্তমন্যোঃ॥
৩৮। ইত্থং তয়োঃ প্রহতয়োর্গদয়োর্নৃবীরৌ, ক্রুদ্ধৌ স্বমুষ্টিভিরয়ঃস্পর্শৈরপিষ্টাম্।
শব্দস্তয়োঃ প্রহরতোরিভয়োরিবাসী,-ন্নির্ঘাতবজ্রপরুষস্তলতাড়নোত্থঃ॥
৩৯। তয়োরেবং প্রহরতোঃ সমশিক্ষাবলৌজসোঃ। নির্ব্বিশেষমভূদ্যুদ্ধমক্ষীণজবয়োর্নৃপ!
(এবং তয়োর্মহারাজ! যুধ্যতোঃ সপ্তবিংশতিঃ। দিনানি নিরগংস্তত্র সুহৃদ্বন্নিশি তিষ্ঠতোঃ॥
একদা মাতুলেয়ং বৈ প্রাহ রাজন্! বৃকোদরঃ। ন শক্তোঽহং জরাসন্ধং নির্জ্জেতুং যুধি মাধব!)
৪০। শত্রোর্জন্মমৃতী বিদ্বান্ জীবিতঞ্চ জরাকৃতম্। পার্থমাপ্যায়য়ন্ স্বেন তেজসাচিন্তয়দ্ধরিঃ॥
৪১। সঞ্চিন্ত্যারিবধোপায়ং ভীমস্যামোঘদর্শনঃ। দর্শয়ামাস বিটপং পাটয়ন্নিব সংজ্ঞয়া॥
৪২। তদ্বিজ্ঞায় মহাসত্ত্বো ভীমঃ প্রহরতাং বরঃ। গৃহীত্বা পাদয়োঃ শত্রুং পাতয়ামাস ভূতলে॥
৪৩। একং পাদং পদাক্রম্য দোর্ভ্যামন্যং প্রগৃহ্য সঃ। গুদতঃ পাটয়ামাস শাখামিব মহাগজঃ॥
৪৪। একপাদোরুবৃষণ-কটিপৃষ্ঠস্তনাংসকে। একবাহ্বক্ষিভ্রূকর্ণে শকলে দদৃশুঃ প্রজাঃ॥
৪৫। হাহাকারো মহানাসীন্নিহতে মগধেশ্বরে। পূজয়ামাসতুর্ভীমং পরিরভ্য জয়াচ্যুতৌ॥

৩৪-৩৬ গদায়-গদায় যুদ্ধ শবদ-বিশেষ।
শিরে-শিরে যুদ্ধ যেন যুঝে দুই মেষ॥
বাহে-বাহে যুদ্ধ যেন দুই ত' মাতঙ্গ।
পদে-পদে যুদ্ধ যেন যুঝয়ে তুরঙ্গ॥
গদাতে-গদাতে যুদ্ধ তুমুল নির্ঘাত।
'চট্ চট্'-শব্দ উঠে যেন বজ্রপাত॥

৩৭ হস্ত-পদ ভাঙ্গিল, ভাঙ্গিল নাক-কাণ।
দুইপাট গদা ভাঙ্গি' হৈল খান-খান॥
অঙ্গেতে বাজিয়া গদা মেলিল বিদার।
শিথিল হইল যেন আকন্দের ডাল॥

৩৮ ভাঙ্গিল দোঁহার গদা, দোঁহে কোপে জ্বলে।
দুই বীরে যুঝে তবে মুষ্টির প্রহারে॥
চড়-চাপড়েতে যুদ্ধ, শবদ নিষ্ঠুর।
দুই অঙ্গে পড়ে যেন বজ্র-সমতুল॥

৩৯ সম-শিক্ষা, সম-বল, সম-পরাক্রম।
দুই বীরে যুঝে, কারো নাহি জয়-ভঙ্গ॥

৪০ জনম-মরণ তা'র জানেন শ্রীহরি।
বাঢ়ায় ভীমের বল নিজ তেজ ধরি'॥

৪১ মরণ-প্রকার তা'র চিন্তিয়া আপনে।
চিরিয়া বেণার পাতা দেখান তখনে॥

৪২ মহাবল ভীম তা'র সন্ধান বুঝিয়া।
ভূমিতে ফেলিয়া শত্রু ধরিলা চাপিয়া॥

৪৩ দুই পাও দিয়া তা'র এক পাও ধরি'।
দুই হাথে আরো পাও টান দিয়া তুলি'॥
নির্ঘাসে তুলিয়া তাহে দিলা এক টান।
দুই ভাগে জরাসন্ধ হৈল দুইখান॥

৪৪ এক ভুজ, এক আঁখি, এক ভুরু-শির।
এক অঙ্গ, দুই ভাগে হৈল দুই চির॥

৪৫ রাজপুরে হাহাকার-শবদ উঠিল।
'সাধু সাধু' বলি' লোক ভীমে প্রশংসিল॥
তবে কৃষ্ণ অর্জ্জুন ভীমেরে দিলা কোল।
ভুবন ভরিয়া হৈল 'জয় জয়' রোল॥

৪৬। **সহদেবং ততনয়ং ভগবান্ ভূতভাবনঃ। অভ্যষিঞ্চদমেয়াত্মা মগধানাং পতিং প্রভুঃ।**
মোচয়ামাস রাজন্যান্ সংরুদ্ধা মাগধেন যে ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে জরাসন্ধবধো নাম দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭২ ॥

৪৬ সহদেব তা'র পুত্রে অভিষেক করি'। জরাসন্ধ-বধকথা, কৃষ্ণ-গুণ-বাণী।
রাজ্য-অধিকার দিয়া স্থাপিলা শ্রীহরি ॥ ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭২ ॥

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **অযুতে দ্বে শতান্যষ্টৌ নিরুদ্ধা যুধি নির্জিতাঃ। তে নির্গতা গিরিদ্রোণ্যাং মলিনা মলবাসসঃ ॥**
২। **ক্ষুৎক্ষামাঃ শুষ্কবদনাঃ সংরোধপরিকর্শিতাঃ। দদৃশুস্তে ঘনশ্যামং পীতকৌশেয়বাসসম্ ॥**
৩। **শ্রীবৎসাঙ্কং চতুর্ব্বাহুং পদ্মগর্ভারুণেক্ষণম্। চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥**
৪। **পদ্মহস্তং গদাশঙ্খরথাঙ্গৈরুপলক্ষিতম্। কিরীটহারকটক-কটিসূত্রাঙ্গদাঞ্চিতম্ ॥**
৫। **ভ্রাজদ্বরমণিগ্রীবং নিবীতং বনমালয়া। পিবন্ত ইব চক্ষুর্ভ্যাং লিহন্ত ইব জিহ্বয়া ॥**
৬। **জিঘ্রন্ত ইব নাসাভ্যাং রম্ভন্ত ইব বাহুভিঃ। প্রণেমুর্হতপাপ্মানো মূর্দ্ধভিঃ পাদয়োর্হরেঃ ॥**
৭। **কৃষ্ণসন্দর্শনাহ্লাদ-ধ্বস্তসংরোধনক্লমাঃ। প্রশশংসুর্হৃষীকেশং গীর্ভিঃ প্রাঞ্জলয়ো নৃপাঃ ॥**

শ্রীরাজান ঊচুঃ

৮। **নমস্তে দেবদেবেশ! প্রপন্নার্ত্তিহরাব্যয়! প্রপন্নান্ পাহি নঃ কৃষ্ণ! নিবিণ্ণান্ ঘোরসংসৃতেঃ ॥**
৯। **নৈনং নাথানুসূয়ামো মাগধং মধুসূদন! অনুগ্রহো যদ্ভবতো রাজ্ঞাং রাজ্যচ্যুতির্বিভো!**

[সিন্ধুড়া-রাগ]

১ দুই অযুত অষ্ট-শতেক নরপতি। বান্ধিয়া রাখিয়াছিল রাজা দুষ্টমতি ॥
পর্ব্বত-গহ্বর হৈতে আনিল বাহিরে।
২-৩ সাক্ষাতে আসিয়া তা'রা কৃষ্ণরূপ হেরে ॥
নবঘন-শ্যাম-তনু, শ্রীবৎস-লাঞ্ছন।
পীতবাস পরিধান, রাজীবলোচন ॥
৪-৫ শঙ্খ-চক্র-গদা-পদ্ম শোভে চারি করে।
হার বিরাজিত উরে, বনমালা গলে ॥
কিরীট-কটক-কটিসূত্র-বিরাজিত।
মণিময়-মকর-কুণ্ডল বিলোলিত ॥
৬ হেন অপরূপ হরি দেখি' নৃপগণে।
দণ্ড পরণাম করি' পড়িল চরণে ॥
৭ কৃষ্ণ-দরশনে হৈল আনন্দ-উদয়।
বন্ধনজনিত দুঃখ সব গেল ক্ষয় ॥
স্তুতি করে' নৃপগণ শিরে ধরি' কর।
৮ 'নমো নমো, দেবদেব! ভকতবৎসল!
প্রপন্ন-পালন প্রভু! কর' প্রতিকার।
এ ঘোর সংসার-দুঃখ হর' একবার ॥
৯ অনুগ্রহ কৈল এই রাজা জরাসন্ধ।
তে-কারণে দেখিলুঁ তোমার পদদ্বন্দ্ব ॥
অনুগ্রহ-লেশ থাকে যাহাতে তোমার।
সে রাজার নষ্ট হয় রাজ্য-অধিকার ॥

১০। রাজ্যৈশ্বর্য্যমদোন্নদ্ধো ন শ্রেয়ো বিন্দতে নৃপঃ।
ত্বন্মায়ামোহিতোঽনিত্যা মন্যতে সম্পদোঽচলাঃ॥
১১। মৃগতৃষ্ণাং যথা বালা মন্যন্ত উদকাশয়ম্। এবং বৈকারিকীং মায়ামযুক্তা বস্তু চক্ষতে॥
১২। বয়ং পুরা শ্রীমদনষ্টদৃষ্টয়ো, জিগীষয়াস্যা ইতরেতরস্পৃধঃ।
ঘ্নন্তঃ প্রজাঃ স্বা অতিনির্ঘৃণাঃ প্রভো! মৃত্যুং পুরস্ত্বাবিগণয্য দুর্ম্মদাঃ॥
১৩। ত এব কৃষ্ণাদ্য গভীররংহসা, দুরন্তবীর্য্যেণ বিচালিতাঃ শ্রিয়ঃ।
কালেন তন্বা ভবতোঽনুকম্পয়া, বিনষ্টদর্পাশ্চরণৌ স্মরাম তে॥
১৪। অথো ন রাজ্যং মৃগতৃষ্ণিরূপিতং, দেহেন শশ্বৎ পততা রুজাং ভুবা।
উপাসিতব্যং স্পৃহয়ামহে বিভো! ক্রিয়াফলং প্রেত্য চ কর্ণরোচনম্॥
১৫। তৎ নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ। স্মৃতির্যথা ন বিরমেদপি সংসরতামিহ॥
১৬। কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে। প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥

শ্রীশুক উবাচ

১৭। সংস্তূয়মানো ভগবান্ রাজভির্মুক্তবন্ধনৈঃ। তানাহ করুণস্তাত! শরণ্যঃ শ্লক্ষ্ণয়া গিরা॥

শ্রীভগবানুবাচ

১৮। অদ্য প্রভৃতি বো ভূপা ময্যাত্মন্যখিলেশ্বরে। সুদৃঢ়া জায়তে ভক্তির্বাঢ়মাশংসিতং তথা॥
১৯। দিষ্ট্যা ব্যবসিতং ভূপা ভবন্ত ঋতভাষিণঃ। শ্রিয়ৈশ্বর্য্যমদোন্নাহং পশ্য উন্মাদকং নৃণাম্॥

---

১০ তোমার মায়ায়ে বিমোহিত যে-যে জনে।
অনিত্য সম্পদ্ সেই নিত্য করি' মানে॥'

১১ পিপাসিত জন যেন জলের কারণে।
মৃগতৃষ্ণা জল বলি' ধায় অগেয়ানে॥

১২ নষ্টবুদ্ধি আমি-সব বুঝিলুঁ এখনে।
অন্যোঽন্যে যুঝিয়া মৈলুঁ ভূমির কারণে॥
প্রজা-বধ কৈলুঁ, দেব! তেজি' দয়া-ধর্ম্ম।
সঙ্গে সঙ্গে মৃত্যু তা'র, না বুঝিলুঁ মর্ম্ম॥

১৩ কালযোগে এখনে সম্পদ্ হৈল নাশ।
তে-কারণে কৈলে তুমি কৃপা পরকাশ॥
দর্পভঙ্গ হৈল, নাথ! খণ্ডিল কুবুদ্ধি।
তে-কারণে পাদপদ্ম চিন্তি নিরবধি॥

১৪ যদি বল',—'রাজ্যপদ দিব আরবার'।
তবে নিবেদন করি চরণে তোমার॥
'মৃগতৃষ্ণা-সমতুল এ-সব সম্পদ্।
শ্রুতিসুখ-স্বর্গভোগ বিপদের পদ॥
পতিত-কল্প তনু দুঃখ-রোগময়।
আর যেন কভু, নাথ! রাজ্যপদ নয়॥

১৫ এই কৃপা মাগোঁ, নাথ! চরণে তোমার।
স্মৃতিভঙ্গ কভু যেন নহে আরবার॥
কর্ম্মবন্ধে জন্ম যদি যথা-তথা হয়।
চরণ-স্মরণ-ভঙ্গ কভু যেন নয়॥

১৬ নমো, বাসুদেব কৃষ্ণ! প্রণত-পালন!
নমো নমো, নারায়ণ! দুরিত-ভঞ্জন!'

১৭ এইরূপে স্তুতি যদি কৈল নৃপগণে।
কহিতে লাগিলা কৃষ্ণ মধুর-বচনে॥

১৮ 'আজি হৈতে আমাতে রহিল দৃঢ়মতি।
রহিল পদারবিন্দে সুদৃঢ়-ভকতি॥

১৯ ভাল ভাল, তুমি-সব করিলে নিশ্চয়।
আমার ভকতি-বিনে কিছু সত্য নয়॥
রাজ্যপদ-সম্পদ্—বিপদ্ হেন জান'।
উন্মাদ-কারণ এ-সকল অনুমান'॥

২০। হৈহয়ো নহুষো বেণো রাবণো নরকোঽপরে। শ্রীমদাদ্ভ্রংশিতাঃ স্থানাদ্দেবদৈত্যনরেশ্বরাঃ॥
২১। ভবন্ত এতদ্বিজ্ঞায় দেহাদ্যুৎপাদ্যমন্তবৎ। মাং যজন্তোঽধ্বরৈর্যুক্তাঃ প্রজা ধর্ম্মেণ রক্ষথ॥
২২। সন্তন্বন্তঃ প্রজাতন্তূন্ সুখং দুঃখং ভবাভবৌ। প্রাপ্তং প্রাপ্তঞ্চ সেবন্তো মচ্চিত্তা বিচরিষ্যথ॥
২৩। উদাসীনাশ্চ দেহাদাবাত্মারামা ধৃতব্রতাঃ। ময্যাবেশ্য মনঃ সম্যঙ্মামন্তে ব্রহ্ম যাস্যথ॥

শ্রীশুক উবাচ

২৪। ইত্যাদিশ্য নৃপান্ কৃষ্ণো ভগবান্ ভুবনেশ্বরঃ। তেষাং ন্যযুঙ্ক্ত পুরুষান্ স্ত্রিয়ো মজ্জনকর্ম্মণি॥
২৫। সপর্য্যাং কারয়ামাস সহদেবেন ভারত! নরদেবোচিতৈর্ব্বস্ত্রৈর্ভূষণৈঃ স্রগ্বিলেপনৈঃ॥
২৬। ভোজয়িত্বা বরান্নেন সুস্নাতান্ সমলঙ্কৃতান্। ভোগৈশ্চ বিবিধৈর্যুক্তাংস্তাম্বূলাদ্যৈর্নৃপোচিতৈঃ॥
২৭। তে পূজিতা মুকুন্দেন রাজানো মৃষ্টকুণ্ডলাঃ। বিরেজুর্মোচিতাঃ ক্লেশাৎ প্রাবৃড়ন্তে যথা গ্রহাঃ॥
২৮। রথান্ সদশ্বানারোপ্য মণিকাঞ্চনভূষিতান্। প্রীণয্য সূনৃতৈর্বাক্যৈঃ স্বদেশান্ প্রত্যযাপয়ৎ॥
২৯। ত এবং মোচিতাঃ কৃচ্ছ্রাৎ কৃষ্ণেন সুমহাত্মনা। যযুস্তমেব ধ্যায়ন্তঃ কৃতানি চ জগৎপতেঃ॥
৩০। জগদুঃ প্রকৃতিভ্যস্তে মহাপুরুষচেষ্টিতম্। যথাদ্বশাসন্তগবাংস্তথা চক্রুরতন্দ্রিতাঃ॥

---

২০ নরক, রাবণ, বেণ, নহুষ নৃপতি।
শ্রী-মদে তা'রা-সব গেল অধোগতি॥

২১ তুমি-সব হেন জান'—সকল অনিত্য।
সর্ব্বভাবে আমার চরণে ধর' চিত্ত॥
পুনরপি রাজা হঞা যজ্ঞ-দান কর'।
ধর্ম্মে প্রজা পালিয়া আমাতে চিত্ত ধর'॥

২২ সুখ-দুঃখ, ভাল-মন্দ চিত্তে না ধরিহ।
যখন যে হয়, তাহা মনে না ভাবিহ॥
দেহ-গেহ-সুত-দারে হঞা উদাসীন।
বিষ্ণুব্রত করি' ধর' বৈষ্ণবের চিহ্ন॥

২৩ আমাতে ধরিয়া চিত্ত রহ যথা-তথা।
সাধুসঙ্গে শুনিহ আমার গুণগাথা॥
রাজ্যভোগ কর' লঞা এই উপদেশ।
তনু তেজি' আমাতে করিবে পরবেশ॥'

২৪ এতেক বলিয়া হরি করুণা-সাগর।
অখিল-ভুবনপতি, মহামহেশ্বর॥
করাঞা নাপিত-কর্ম্ম, অঙ্গ-মারজন।
নারীগণ নিয়োজিয়া করায় মজ্জন॥

২৫-২৬ সহদেবে আনিঞা আপন-বিদ্যমানে।
পূজায় নৃপতিগণে বিবিধ-বিধানে॥
রাজযোগ্য বসন-ভূষণ-বিলেপন।
বহুবিধ অন্ন-পান, তাম্বূল, চন্দন॥

কৃষ্ণের আজ্ঞায় সহদেব মতিমান্।
পূজিলা নৃপতিগণে হঞা সাবধান॥

২৭ দীপ্ত করে' রাজগণ ভূষণে ভূষিত।
কুণ্ডলমণ্ডিত গণ্ড, চন্দনে চর্চ্চিত॥
দীপ্ত করে' নৃপগণ দেখিতে সুন্দর।
বরিষা খণ্ডিলে যেন নক্ষত্রমণ্ডল॥

২৮ দিব্য রথ, দিব্য ঘোড়া আনিল সাজিয়া।
মহামত্ত গজগণ কাঞ্চনে ভূষিয়া॥
চতুরঙ্গ-বলে করি' সেনার সাজন।
বিনয়-বচনে সম্ভাষিয়া নৃপগণ॥
নিজ-নিজ দেশে তবে পূজিয়া পাঠায়।

২৯ কৃষ্ণ-রূপ-গুণ চিন্তি' নৃপগণ যায়॥
নিজ-নিজ রাজ্যে গেলা সব নৃপগণ।

৩০ পুরজনে কহিল সকল বিবরণ॥
জরাসন্ধ বধ কৈলা যেমতে শ্রীহরি।
যেরূপে পূজিলা বন্ধ বিমোচন করি'॥
কহিল সকল কথা সভা-বিদ্যমানে।
আজ্ঞা শিরে ধরিয়া বসিলা রাজাসনে॥

৩১। জরাসন্ধং ঘাতয়িত্বা ভীমসেনেন কেশবঃ। পার্থাভ্যাং সংযুতঃ প্রায়াৎ সহদেবেন পূজিতঃ॥
৩২। গত্বা তে খাণ্ডবপ্রস্থং শঙ্খান্ দধ্মুর্জিতারয়ঃ। হর্ষয়ন্তঃ স্বসুহৃদো দুর্হৃদাঞ্চাসুখাবহাঃ॥
৩৩। তচ্ছ্রুত্বা প্রীতমনস ইন্দ্রপ্রস্থনিবাসিনঃ। মেনিরে মাগধং শান্তং রাজা চাপ্তমনোরথঃ॥
৩৪। অভিবন্দ্যাথ রাজানং ভীমার্জ্জুনজনার্দ্দনাঃ। সর্ব্বমাশ্রাবয়াঞ্চক্রুরাত্মনা যদনুষ্ঠিতম্॥
৩৫। নিশম্য ধর্ম্মরাজস্তৎ কেশবেনানুকম্পিতম্। আনন্দাশ্রুকলাং মুঞ্চন্ প্রেম্ণা নোবাচ কিঞ্চন॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে শ্রীরাজমোক্ষণং নাম ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৩॥

---

৩১ জরাসন্ধ বধ করি' দেব জনার্দ্দন।
সহদেবে রাজা করি' দিলা রাজাসন॥
ভীমার্জ্জুন লইয়া চলিলা হৃষীকেশ।
ইন্দ্রপ্রস্থে তিনজন কৈলা পরবেশ॥
৩২-৩৩ তিন বীর একবারে কৈলা শঙ্খধ্বনি।
সর্ব্বলোক হরষিত রিপু-বধ শুনি'॥
জরাসন্ধ-বধ শুনি' রাজা যুধিষ্ঠির।
আনন্দে পূরিল তনু, পুলক শরীর॥
৩৪ ভীম-অর্জ্জুন আর শ্রীহরি আপনে।
যুধিষ্ঠির-চরণ বন্দিলা তিনজনে॥
সভামধ্যে কহিলা সকল বিবরণ।
৩৫ শুনিঞা বিস্মিত হইল সর্ব্বপুরজন॥
নয়নে আনন্দজল, পুলকিত অঙ্গ।
কিছু না বলিলা রাজা, হৈল স্বরভঙ্গ॥"
ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৩॥

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। এবং যুধিষ্ঠিরো রাজা জরাসন্ধবধং বিভোঃ। কৃষ্ণস্য চানুভাবং তং শ্রুত্বা প্রীতস্তমব্রবীৎ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ

২। যে স্যুস্ত্রৈলোক্যগুরবঃ সর্ব্বে লোকাঃ সহেশ্বরাঃ। বহন্তি দুর্লভং লব্ধ্বা শিরসৈবানুশাসনম্॥
৩। স ভবানরবিন্দাক্ষো দীনানামীশমানিনাম্। ধত্তেঽনুশাসনং ভূমংস্তদত্যন্তবিড়ম্বনম্॥
৪। ন হ্যেকস্যাদ্বিতীয়স্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ। কর্ম্মভির্বর্দ্ধতে তেজো হ্রসতে চ যথা রবেঃ॥
৫। ন বৈ তেঽজিত! ভক্তানাং মমাহমিতি মাধব! ত্বং তবেতি চ নানাধীঃ পশূনামিব বৈকৃতী॥

[সারঙ্গ-রাগ]

১ তবে যুধিষ্ঠির বলে' হঞা প্রেমযুত।
"হরি হরি, এত বড় হয় অদভুত!
২ ত্রিভুবন-গুরু রাজা, সর্ব্ব-অধিকারী।
তা'রা-সব যাঁ'র আজ্ঞা বহে শিরে ধরি'॥
শঙ্কর, বিধাতা যাঁ'র না বুঝয়ে মর্ম্ম।
৩ মোর আজ্ঞা ধরি' হেন প্রভু করে' কর্ম্ম!!
তথাপি প্রভুর কিছু না টুটে মহিমা।
কিন্তু মুঞি অধমের বড় বিড়ম্বনা॥
৪ অদ্বৈত পরমব্রহ্ম, এক ভগবান্।
সকলের আত্মা প্রভু, সর্ব্বত্র সমান॥
কর্ম্মে হৈতে তাঁ'র তেজ না টুটে, না বাড়ে।
সমভাব হঞা যেন এক সূর্য্য নড়ে॥
৫ আছুক তোমার কথা, ত্রিভুবন-মাঝে।
ভকতজনের কেহ মহিমা না বুঝে॥

শ্রীশুক উবাচ

৬। ইত্যুক্ত্বা যজ্ঞিরে কালে বব্রে যুক্তান্ স ঋত্বিজঃ। কৃষ্ণানুমোদিতঃ পার্থো ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ॥
৭। দ্বৈপায়নো ভরদ্বাজঃ সুমন্তুর্গৌতমোঽসিতঃ। বসিষ্ঠশ্চ্যবনঃ কণ্বো মৈত্রেয়ঃ কবষস্ত্রিতঃ॥
৮। বিশ্বামিত্রো বামদেবঃ সুমতির্জৈমিনিঃ ক্রতুঃ। পৈলঃ পরাশরো গর্গো বৈশম্পায়ন এব চ॥
৯। অথর্ব্বা কশ্যপো ধৌম্যো রামো ভার্গব আসুরিঃ।
বীতিহোত্রো মধুচ্ছন্দা বীরসেনোঽকৃতব্রণঃ॥
১০। উপহূতাস্তথা চান্যে দ্রোণভীষ্মকৃপাদয়ঃ। ধৃতরাষ্ট্রঃ সহসুতো বিদুরশ্চ মহামতিঃ॥
১১। ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা শূদ্রা যজ্ঞদিদৃক্ষবঃ। তত্রেয়ুঃ সর্ব্বরাজানো রাজ্ঞাং প্রকৃতয়ো নৃপ!
১২। ততস্তে দেবযজনং ব্রাহ্মণাঃ স্বর্ণলাঙ্গলৈঃ। কৃষ্ট্বা তত্র যথাম্নায়ং দীক্ষয়াঞ্চক্রিরে নৃপম্॥
১৩। হৈমাঃ কিলোপকরণা বরুণস্য যথা পুরা। ইন্দ্রাদয়ো লোকপালা বিরিঞ্চভবসংযুতাঃ॥
১৪। সগণাঃ সিদ্ধগন্ধর্ব্বা বিদ্যাধরমহোরগাঃ। মুনয়ো যক্ষরক্ষাংসি খগকিন্নরচারণাঃ॥
১৫। রাজানশ্চ সমাহূতা রাজপত্ন্যশ্চ সর্ব্বশঃ। রাজসূয়ং সমীয়ুঃ স্ম রাজ্ঞঃ পাণ্ডুসুতস্য বৈ।
মেনিরে কৃষ্ণভক্তস্য সূপপন্নমবিস্মিতাঃ॥
১৬। অযাজয়ন্ মহারাজং যাজকা দেববর্চ্চসঃ। রাজসূয়েন বিধিবৎ প্রচেতসমিবামরাঃ॥
১৭। সূত্যেঽহন্যবনীপালো যাজকান্ সদসস্পতীন্। অপূজয়ন্ মহাভাগান্ যথাবৎ সুসমাহিতঃ॥

তোমার ভকতজনে নাহি অভিমান।
পশুবৎ 'তোর, মোর' নাহি অগেয়ান॥"

৬ এতেক বচন বলি' ধর্ম্মের নন্দন।
শুভকালে বরিলা যাজ্ঞিক দ্বিজগণ॥

৭ বেদব্যাস, ভরদ্বাজ, সুমন্তু, গোতম।
বশিষ্ঠ, মৈত্রেয়, কণ্ব, অসিত, চ্যবন॥

৮-৯ বিশ্বামিত্র, বামদেব, জৈমিনি, সুমতি।
পৈল, পরাশর, গর্গ, রাম ভৃগুপতি॥
অথর্বা, কশ্যপ, ধৌম্য, ক্রতু, অকৃতব্রণ।
মধুচ্ছন্দা, বীতিহোত্র-আদি মুনিগণ॥
বরিলা নৃপতিসিংহ ভার্গব আসুরি।
তবে যত ব্রাহ্মণ আনিলা আজ্ঞা করি'॥

১০ ভীষ্ম, দ্রোণ, কৃপাচার্য্য, ধৃতরাষ্ট্র রাজা।
সপুত্র-বান্ধব, পাত্র-মিত্র, সব প্রজা॥

১১ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র-আদি করি'।
যজ্ঞ দেখিবারে গেল সব নরনারী॥

১২ তবে যত দ্বিজগণে করি' শুভক্ষণ।
সূত্র ধরি' যজ্ঞস্থান কৈলা নিরূপণ॥

সুবর্ণ-লাঙ্গলে তবে তাহে দিলা চাষ।
তবে যজ্ঞ-বেদী, ঘর কৈলা পরকাশ॥
তবে যুধিষ্ঠির রাজা আনি' শুভক্ষণে।
যজ্ঞ-দীক্ষা করাইলা সর্ব্বদ্বিজগণে॥

১৩-১৪ কনক-রচিত পাত্রে যজ্ঞের সম্ভার।
বরুণের যজ্ঞ যেন দেখি চমৎকার॥
ইন্দ্র-আদি দেবগণ, সগণে শঙ্কর।
গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, সিদ্ধ, বিদ্যাধর॥
আপনে বিরিঞ্চি-দেব মিলিলা সগণে।
পন্নগ-চারণগণ সবল-বাহনে॥

১৫ পূজিয়া আনিলা রাজা বিবিধ-বিধানে।
রাজপত্নীগণ যত পুরনারীগণে॥
পাণ্ডুপুত্র-মহাযজ্ঞে হৈল উপসন্ন।
ধর্ম্মপুত্র রাজসিংহ ভকত-প্রধান॥
যজ্ঞ সাঙ্গ কৈলা হেন সর্ব্বলোকে ভান।

১৬ যাজ্ঞিক ব্রাহ্মণে যজ্ঞ করায় বিধানে॥
রাজসূয়যজ্ঞ রাজা করে' হর্ষ-মনে।

১৭ সোম-অভিষব-দিনে পাঞা শুভফল।
পূজিব প্রধানগণ চিন্তে মহীপাল॥

১৮। সদস্যাগ্র্যার্হণার্হং বৈ বিমৃশন্তঃ সভাসদঃ। নাধ্যগচ্ছন্নৈকান্ত্যাৎ সহদেবস্তদাব্রবীৎ ॥
১৯। অর্হতি হ্যচ্যুতঃ শ্রৈষ্ঠ্যং ভগবান্ সাত্বতাং পতিঃ। এষ বৈ দেবতাঃ সর্ব্বা দেশকালধনাদয়ঃ ॥
২০। যদাত্মকমিদং বিশ্বং ক্রতবশ্চ যদাত্মকাঃ। অগ্নিরাহুতয়ো মন্ত্রাঃ সাঙ্খ্যং যোগশ্চ যৎপরঃ ॥
২১। এক এবাদ্বিতীয়োঽসাবৈতদাত্ম্যমিদং জগৎ। আত্মনাত্মাশ্রয়ঃ সভ্যাঃ সৃজত্যবতি হন্ত্যজঃ ॥
২২। বিবিধানীহ কর্ম্মাণি জনয়ন্ যদবেক্ষয়া। ঈহতে যদয়ং সর্ব্বঃ শ্রেয়ো ধর্ম্মাদিলক্ষণম্ ॥
২৩। তস্মাৎ কৃষ্ণায় মহতে দীয়তাং পরমার্হণম্। এবং চেৎ সর্ব্বভূতানামাত্মনশ্চার্হণং ভবেৎ ॥
২৪। সর্ব্বভূতাত্মভূতায় কৃষ্ণায়ানন্যদর্শিনে। দেয়ং শান্তায় পূর্ণায় দত্তস্যানন্ত্যমিচ্ছতা ॥
২৫। ইত্যুক্ত্বা সহদেবোঽভূৎ তূষ্ণীং কৃষ্ণানুভাববিৎ।
তচ্ছ্রুত্বা তুষ্টুবুঃ সর্ব্বে সাধু সাধ্বিতি সত্তমাঃ ॥
২৬। শ্রুত্বা দ্বিজেরিতং রাজা জ্ঞাত্বা হার্দ্দং সভাসদাম্। সমর্হয়দ্ধৃষীকেশং প্রীতঃ প্রণয়বিহ্বলঃ ॥
২৭। তৎপাদাববনিজ্যাপঃ শিরসা লোকপাবনীঃ। সভার্য্যঃ সানুজামাত্যঃ সকুটুম্বো বহন্ মুদা ॥
২৮। বাসোভিঃ পীতকৌষেয়ৈর্ভূষণৈশ্চ মহাধনৈঃ। অর্হয়িত্বাশ্রুপূর্ণাক্ষো নাশকৎ সমবেক্ষিতুম্ ॥

---

১৮ 'সভাতে প্রধান আছে বিরিঞ্চি, শঙ্কর।
মহামুনিগণ, চন্দ্র, সূর্য্য, পুরন্দর ॥
আপনে সাক্ষাতে যা'থে ত্রিভুবন-রায়।
কাহারে পূজিব আগে, কি করি উপায় ?'
চিন্তে রাজা যুধিষ্ঠির মনে পাঞা ভয়।
সহদেব বলে' তবে,—'শুন, মহাশয় !

১৯ সাক্ষাতে অচ্যুত-দেব দেবের প্রধান।
সর্ব্বদেবময় এই এক ভগবান্ ॥
সর্ব্বযজ্ঞময় এই, দেশ-কালময়।
সর্ব্বলোক-গতি-পতি এই মহাশয় ॥

২০ মন্ত্র-তন্ত্র-সাঙ্খ্য-যোগ এই সর্ব্বরূপ।
এই সর্ব্বময়, আর নহে সত্যরূপ ॥

২১ আপনে আপনা সৃজে, পালয়ে, সংহরে।
এই প্রভু নানা রূপে নানা কর্ম্ম করে' ॥

২২ এই প্রভু জগতে করায় নানা কর্ম্ম।
ইঁহার কৃপায় লোক সাধে নানা ধর্ম্ম ॥
হেন প্রভু থাকিতে সাক্ষাতে মহেশ্বর।
কাহারে পূজিবে আগে সভার ভিতর ?

২৩ সর্ব্বলোক-পূজা হয় ইঁহারে পূজিলে।
সর্ব্বলোক তুষ্ট হয়, ইঁহ তুষ্ট হৈলে ॥
এ বোল বুঝিয়া তুমি আগে কৃষ্ণ পূজ'।
সর্ব্বলোকনাথ এই, সর্ব্বভাবে ভজ' ॥

২৪ পূর্ণব্রহ্ম, শুদ্ধসত্ত্ব, নিত্য, শান্তময়।
এ দেব পূজিলে সর্ব্বদেব-পূজা হয় ॥'

২৫ এতেক বলিয়া সহদেব মহামতি।
নিঃশব্দে রহিলা বুঝিয়া ধর্ম্মগতি ॥
সহদেব-বচন শুনিঞা সর্ব্বজনে।
সভাসদে 'সাধু সাধু' বলিয়া বাখানে ॥

২৬ বুঝিয়া সভার মন রাজা যুধিষ্ঠির।
নয়নে আনন্দজল, পুলক-শরীর ॥
পীরিতে পূজিলা রাজা, প্রণয়ে বিহ্বল।

২৭ পুণ্যজলে পাখালিলা চরণযুগল ॥
সকুটুম্বে সগণে বান্ধবগণ মেলি'।
কৃষ্ণপদ-জল মাথে নিলা কুতূহলী ॥

২৮ বিবিধ-বিধানে পীত-বসন পরায়।
দিব্য অলঙ্কায় দিয়া শ্রীঅঙ্গ সাজায় ॥
মণিময় ভূষণ, বিবিধ মহাধন।
দিব্য বেশে করে' রাজা অঙ্গের সাজন ॥
নয়নে আনন্দজল পড়ে শতধারে।
ভূষণ পরায় রাজা, চাহিতে না পারে' ॥

২৯। ইত্থং সভাজিতং বীক্ষ্য সর্ব্বে প্রাঞ্জলয়ো জনাঃ। নমো জয়েতি নেমুস্তং নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ॥
৩০। ইত্থং নিশম্য দমঘোষসুতঃ স্বপীঠা,-দুত্থায় কৃষ্ণগুণবর্ণনজাতমন্যুঃ।
উৎক্ষিপ্য বাহুমিদমাহ সদস্যমর্ষী, সংশ্রাবয়ন্ ভগবতে পরুষাণ্যভীতঃ॥
৩১। ঈশো দুরত্যয়ঃ কাল ইতি সত্যবতী শ্রুতিঃ। বৃদ্ধানামপি যদ্‌বুদ্ধির্বালবাক্যৈর্বিভিদ্যতে॥
৩২। যূয়ং পাত্রবিদাং শ্রেষ্ঠা মা মন্যধ্বং বালভাষিতম্।
সদসস্পতয়ঃ সর্ব্বে কৃষ্ণো যৎ সম্মতোঽর্হণে॥
৩৩। তপোবিদ্যাব্রতধরান্ জ্ঞানবিধ্বস্তকল্মষান্। পরমর্ষীন্ ব্রহ্মনিষ্ঠান্ লোকপালৈশ্চ পূজিতান্॥
৩৪। সদস্পতীনতিক্রম্য গোপালঃ কুলপাংসনঃ। যথা কাকঃ পুরোডাশং সপর্য্যাং কথমর্হতি?
৩৫। বর্ণাশ্রমকুলাপেতঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ। স্বৈরবর্ত্তী গুণৈর্হীনঃ সপর্য্যাং কথমর্হতি?
৩৬। যযাতির্নৈষাং হি কুলং সপ্তং সদ্ভির্বহিষ্কৃতম্। বৃথাপানরতং শশ্বৎ সপর্য্যাং কথমর্হতি?
৩৭। ব্রহ্মর্ষিসেবিতান্ দেশান্ হিত্বৈতেঽব্রহ্মবর্চ্চসম্। সমুদ্রং দুর্গমাশ্রিত্য বাধন্তে দস্যবঃ প্রজাঃ॥
৩৮। এবমাদীন্যভদ্রাণি বভাষে নষ্টমঙ্গলঃ। নোবাচ কিঞ্চিদ্ভগবান্ যথা সিংহঃ শিবারুতম্॥

---

২৯ ব্রহ্মা, ভব, পুরন্দর যুড়ি' দুই কর।
সুর-মুনিগণ সব আনন্দ-অন্তর॥
'নমো নমো, জয় জয়'—করে' সর্ব্বজন।
দুন্দুভি-বাজন, বাজে, পুষ্প-বরিষণ॥
সুরগণে, মুনিগণে 'জয় জয়'-বাণী।
ত্রিভুবন ভরিয়া উঠিল জয়ধ্বনি॥

৩০ তবে দমঘোষ-সুত রাজা শিশুপাল।
কৃষ্ণ-গুণ-বর্ণন শুনিয়া দুরাচার॥
উঠিল আসন হৈতে চিত্তে ক্রোধ করি'।
উচ্চস্বরে ডাকিয়া বলয়ে বাহু তুলি'॥
ভৎর্সিয়া কৃষ্ণকে গালি দিল অতিশয়।
সভার ভিতরে থাকি' বলে' দুরাশয়॥

৩১ 'সত্য সত্য, কালগতি না যায় বুঝনে।
বৃদ্ধ মতিভ্রষ্ট হয় ছাওয়াল-বচনে॥
তুমি-সব পাত্র-শ্রেষ্ঠ, বৃদ্ধ মহাজন।
৩২-৩৫ হেন হৈয়া তথ্য ধর' শিশুর বচন!!
সভাপতি তুমি-সব আছ বিদ্যমান।
হেন সভা-মাঝে কর' গোয়াল প্রধান?
ব্রত-বিদ্যা-তপোময় মহামুনিগণ।
দিব্যজ্ঞান, ব্রহ্মনিষ্ঠ, ভুবন-পাবন॥
এ-সব থাকিতে মহাঋষি যোগেশ্বর।
ব্রহ্মা, ভব, চন্দ্র, সূর্য্য, যাহে পুরন্দর॥
তাহাতে উত্তম পাত্র হয় কি গোয়াল?
কুল-শীল-বিবর্জ্জিত আশ্রম আচার॥
কুল-বিনাশন, সর্ব্বধর্ম্ম-বহিষ্কৃত।
স্বচ্ছন্দ-আচার, সর্ব্বগুণ-বিবর্জ্জিত॥
হেন গোপজাতি কৃষ্ণ পূজিতে যুয়ায়?
কাকে যেন যজ্ঞ-ভাগ-আগে বলি খায়!!

৩৬ যযাতি-রাজার শাপ আছে যদুকুলে।
যদুবংশে না করিব রাজ্য-অধিকারে॥
হেন যদুকুলে জন্ম, লোক-বহিষ্কৃত।
বৃথাপানরত, সাধুজন-বিবর্জ্জিত॥

৩৭ ধন্যজন-সেবিত ছাড়িয়া পুণ্যদেশ।
গড় বান্ধি' করে' গিয়া সাগরে প্রবেশ॥
হেন কৃষ্ণ হয় কি পূজার অধিকারী?'
৩৮ এইরূপে শিশুপাল দিল নানা গালি॥
যত গালি দিল শিশুপাল দুষ্টমতি।
সেই স্তুতি করিয়া বর্ণিলা সরস্বতী॥
কিছু না বলিলা তা'থে প্রভু শ্রীনিবাসে।
শৃগাল-শবদে যেন কেশরী না রোষে'॥

৩৯। ভগবন্নিন্দনং শ্রুত্বা দুঃসহং তৎসভাসদঃ। কর্ণৌ পিধায় নির্জগ্মুঃ শপন্তশ্চেদিপং রুষা॥
৪০। নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা। ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥
৪১। ততঃ পাণ্ডুসুতাঃ ক্রুদ্ধা মৎস্যকৈকয়-সৃঞ্জয়াঃ। উদায়ুধাঃ সমুত্তস্থুঃ শিশুপালজিঘাংসবঃ॥
৪২। ততশ্চৈদ্যস্তসম্ভ্রান্তো জগৃহে খড়্গচর্ম্মণী। ভর্ৎসয়ন্ কৃষ্ণপক্ষীয়ান্ রাজ্ঞঃ সদসি ভারত!
৪৩। তাবদুত্থায় ভগবান্ স্বান্ নিবার্য্য স্বয়ং রুষা। শিরঃ ক্ষুরান্তচক্রেণ জহারাপততো রিপোঃ॥
৪৪। শব্দঃ কোলাহলোঽথাসীচ্ছিশুপালে হতে মহান্। তস্যানুযায়িনো ভূপা দুদ্রুবুর্জীবিতৈষিণঃ॥
৪৫। চৈদ্যদেহোত্থিতং জ্যোতির্বাসুদেবমুপাবিশৎ। পশ্যতাং সর্ব্বভূতানামুল্কেব ভুবি খাচ্চ্যুতা॥
৪৬। জন্মত্রয়ানুগুণিত-বৈরসংরব্ধয়া ধিয়া। ধ্যায়ংস্তন্ময়তাং যাতো ভাবো হি ভবকারণম্॥
৪৭। ঋত্বিগ্ভ্যঃ সসদস্যেভ্যো দক্ষিণাং বিপুলামদাৎ। সর্ব্বান্ সম্পূজ্য বিধিবচ্চক্রেঽবভৃথমেকরাট্॥
৪৮। সাধয়িত্বা ক্রতুং রাজ্ঞঃ কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ। উবাস কতিচিন্মাসান্ সুহৃদ্ভিরভিযাচিতঃ॥
৪৯। ততোঽনুজ্ঞাপ্য রাজানমনিচ্ছন্তমপীশ্বরঃ। যযৌ সভার্য্যঃ সামাত্যঃ স্বপুরং দেবকীসুতঃ॥
৫০ বর্ণিতং তদুপাখ্যানং ময়া তে বহুবিস্তরম্। বৈকুণ্ঠবাসিনোর্জন্ম বিপ্রশাপাৎ পুনঃ পুনঃ॥
৫১। রাজসূয়াবভৃথ্যেন স্নাতো রাজা যুধিষ্ঠিরঃ। ব্রহ্মক্ষত্রসভামধ্যে শুশুভে সুররাড়িব॥

---

৩৯ কৃষ্ণনিন্দা শুনিয়া উঠিল সভাসদে।
দুই কর্ণে হস্ত দিয়া চলিল নিঃশবদে॥

৪০ কৃষ্ণ নিন্দা শুনে, কিংবা সাধুনিন্দা শুনে।
কর্ণ ধরি' যে জন না চলে তথা-হনে॥
অধোগতি হয়, তা'র পূর্ব্বপুণ্য ক্ষয়।
সাধু-নিন্দা-সম পাপ কহনে না যায়॥

৪১ তবে পাণ্ডুসুত-আদি মহাবীরগণে।
ক্রোধ করি', অস্ত্র ধরি' উঠিলা তখনে॥

৪২ খড়্গ-চর্ম্ম ধরিয়া উঠিল শিশুপাল।
কৃষ্ণপক্ষ বীরগণ ভর্ৎসিল অপার॥

৪৩ তবে হরি বীরগণে করি' নিবারণ।
চক্র ধরি' আপনে উঠিলা নারায়ণ॥
ক্ষুরধার চক্রে মাথা কাটিয়া ফেলিল।

৪৪ হাহাকার কোলাহল-শবদ উঠিল॥
শিশুপাল-পক্ষ যত আছিল নৃপতি।
প্রাণ লঞা তা'রা-সব গেল নানাভিতি॥

৪৫ তা'র অঙ্গজ্যোতি গিয়া উঠিল গগনে।
তড়িত-সঞ্চার যেন দেখে সর্ব্বজনে॥
প্রবেশ করিল জ্যোতি গোবিন্দচরণে।
নয়ন মুদিয়া লোক রহিল ধেয়ানে॥

৪৬ বৈরভাব ধরে' দৈত্য তিন জন্ম ধরি'।
সতত চিন্তিল কৃষ্ণে বৈরিভাব করি'॥
কৃষ্ণধ্যান করি' দৈত্য হৈল কৃষ্ণময়।
যে সে-রূপে চিন্তিলে গোবিন্দরূপ হয়॥

৪৭ তবে যজ্ঞ সমাধিলা ধর্ম্মের নন্দন।
বিবিধ-দক্ষিণা দিয়া পূজিলা ব্রাহ্মণ॥
বিধি-অনুসারে কৈলা সর্ব্বলোক-পূজা।
যজ্ঞ সমাধিলা তবে যুধিষ্ঠির রাজা॥

৪৮ মহাযোগ-যোগেশ্বর প্রভু ভগবান্।
যুধিষ্ঠির-যজ্ঞ করাইলা সমাধান॥
বন্ধুগণে রাখিলা ধরিয়া পদযুগে।
কথোদিন রহিলা বান্ধব-অনুরাগে॥

৪৯ কথোদিন রহি' বন্ধুগণ সম্ভাষিয়া।
চলিলা দ্বারকাপুরে নিজগণ লঞা॥

৫০ হেন অপরূপ কর্ম্ম করিলা শ্রীহরি।
অনন্ত কৃষ্ণের কর্ম্ম কে কহিতে পারি?

৫১ যজ্ঞ সমাপিয়া রাজা ধর্ম্মের নন্দন।
যজ্ঞশেষ পুণ্যজলে করিয়া মজ্জন॥
আসনে বসিলা রাজা যেন পুরন্দর।
ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য রচিল মণ্ডল॥

৫২। রাজ্ঞা সভাজিতাঃ সর্ব্বে সুরমানবখেচরাঃ। কৃষ্ণং ক্রতুঞ্চ শংসন্তঃ স্বধামানি যযুর্মুদা॥
৫৩। দুর্য্যোধনমৃতে পাপং কলিং কুরুকুলাময়ম্। যো ন সেহে শ্রিয়ং স্ফীতাং দৃষ্ট্বা পাণ্ডুসুতস্য তাম্॥
৫৪। য ইদং কীর্ত্তয়েদ্বিষ্ণোঃ কর্ম্ম চৈদ্যবধাদিকম্। রাজমোক্ষং বিতানঞ্চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শিশুপালবধো নাম চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৪॥

---

৫২ সুর, মুনি, গন্ধর্ব্ব, কিন্নর, নর-নারী।
চলিল সকল লোক কৃষ্ণে মন ধরি'॥
৫৩ আনন্দে চলিলা লোক যজ্ঞ প্রশংসিয়া।
তবে দুর্য্যোধন গেল মনে দুঃখ পাঞা॥
৫৪ শিশুপাল-বধ, নৃপগণ-বিমোচন।
মহাযজ্ঞ-পুণ্যকথা যে করে' কীর্ত্তন॥
কৃষ্ণগুণ-কথা পুণ্য-যশ-পরকাশ।
সর্ব্বপাপ হরে' তা'র বিষ্ণুপদে বাস॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
চিত্ত দিয়া শুন, লোক, প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৪॥

পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। অজাতশত্রোস্তং দৃষ্ট্বা রাজসূয়মহোদয়ম্। সর্ব্বে মুমুদিরে ব্রহ্মন্! নৃদেবা যে সমাগতাঃ॥
২। দুর্য্যোধনং বর্জ্জয়িত্বা রাজানঃ সর্ষয়ঃ সুরাঃ। ইতি শ্রুতং নো ভগবংস্তত্র কারণমুচ্যতাম্॥

শ্রীবাদরায়ণিরুবাচ

৩। পিতামহস্য তে যজ্ঞে রাজসূয়ে মহাত্মনঃ। বান্ধবাঃ পরিচর্য্যায়াং তস্যাসন্ প্রেমবন্ধনাঃ॥
৪। ভীমো মহানসাধ্যক্ষো ধনাধ্যক্ষঃ সুযোধনঃ। সহদেবস্তু পূজায়াং নকুলো দ্রব্যসাধনে॥
৫। সতাং শুশ্রূষণে জিষ্ণুঃ কৃষ্ণঃ পাদাবনেজনে। পরিবেষণে দ্রুপদজা কর্ণো দানে মহামনাঃ॥

[তুড়ী-রাগ]

১-২ তবে রাজা জিজ্ঞাসিলা মুনি-সন্নিধান।
"দুর্য্যোধন-রাজা কিবা পাইল অপমান?
মহাযজ্ঞ দেখি' লোক পাইল আনন্দ।
দুর্য্যোধন-রাজা কেন হৈল নিরানন্দ?
কহ গুরু, যোগেশ্বর! ইহার কারণ।"
তবে শুকমুনি বলে' সব বিবরণ॥
৩ "পিতামহ তোমার আছিলা যুধিষ্ঠির।
মহাযজ্ঞ আরম্ভিলা নৃপতি সুধীর॥
পরিচর্য্যা করিতে আনিঞা বন্ধুগণ।
যা'র যেন যোগ্য কার্য্য, কৈলা নিয়োজন॥
৪ ভীম অধিকার পাইলা করিতে রন্ধন।
ধন-অধিপতি করি' দিলা দুর্য্যোধন॥
সহদেবে লোকপূজা-কর্ম্মে নিয়োজিলা।
দ্রব্য আনি' যোগাইতে নকুলে স্থাপিলা॥
৫ সাধু-সেবা করিতে স্থাপিলা ধনঞ্জয়।
পদ-পাখালিতে দিলা কৃষ্ণ মহাশয়॥
অন্ন-পরিবেষণে দিলা দ্রুপদ-কুমারী।
কর্ণ মহাদাতা দিলা দানে অধিকারী॥

৬। যুযুধানো বিকর্ণশ্চ হার্দ্দিক্যো বিদুরাদয়ঃ। বাহ্লীকপুত্রা ভূর্য্যাদ্যা যে চ সন্তর্দ্দনাদয়ঃ॥
৭। নিরূপিতা মহাযজ্ঞে নানাকর্ম্মসু তে তদা। প্রবর্ত্তন্তে স্ম রাজেন্দ্র! রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষবঃ॥
৮। ঋত্বিক্‌সদস্যবহ্বিৎসু সুহৃত্তমেষু, স্বিষ্টেষু সূনৃতসমর্হণদক্ষিণাভিঃ।
চৈদ্যে চ সাত্বতপতেশ্চরণং প্রবিষ্টে, চক্রুস্ততস্ত্ববভৃথস্নপনং দ্যুনদ্যাম্॥
৯। মৃদঙ্গশঙ্খপণব-ধুন্ধুর্য্যানকগোমুখাঃ। বাদিত্রাণি বিচিত্রাণি নেদুরাবভৃথোৎসবে॥
১০। নর্ত্তক্যো ননৃতুর্হৃষ্টা গায়কা যূথশো জগুঃ। বীণাবেণুতলোন্নাদস্তেষাং স দিবমস্পৃশৎ॥
১১। চিত্রধ্বজপতাকাগ্রৈরিভেন্দ্রস্যন্দনার্ব্বভিঃ। স্বলঙ্কৃতৈর্ভটৈর্ভূপা নির্যযু রুক্মমালিনঃ॥
১২। যদুসৃঞ্জয়কাম্বোজ-কুরুকেকয়কোশলাঃ। কম্পয়ন্তো ভুবং সৈন্যৈর্যজমানপুরঃসরাঃ॥
১৩। সদস্যর্ত্বিগ্‌দ্বিজশ্রেষ্ঠা ব্রহ্মঘোষেণ ভূয়সা। দেবর্ষিপিতৃগন্ধর্ব্বাস্তুষ্টুবুঃ পুষ্পবর্ষিণঃ॥
১৪। স্বলঙ্কৃতা নরা নার্য্যো গন্ধস্রগ্‌ভূষণাম্বরৈঃ। বিলিম্পন্ত্যোঽভিষিঞ্চন্ত্যো বিজহ্রুর্বিবিধৈ রসৈঃ॥
১৫। তৈলগোরসগন্ধোদ-হরিদ্রাসান্দ্রকুঙ্কুমৈঃ। পুম্ভির্লিপ্তাঃ প্রলিম্পন্ত্যো বিজহ্রুর্বারযোষিতঃ॥
১৬। গুপ্তা নৃভির্নিরগমন্নুপলব্ধুমেত,-দ্দেব্যো যথা দিবি বিমানবরৈর্নৃদেব্যঃ।
তা মাতুলেয়সখিভিঃ পরিষিচ্যমানাঃ, সব্রীড়হাসবিকসদ্বদনা বিরেজুঃ॥
১৭। তা দেবরানুত সখীন্ সিষিচুর্দৃতীভিঃ, ক্লিন্নাম্বরা বিবৃতগাত্রকুচোরুমধ্যাঃ।
ঔৎসুক্যমুক্তকবরাচ্যবমানমাল্যাঃ, ক্ষোভং দধুর্মলধিয়াং রুচিরৈর্বিহারৈঃ॥

---

৬ যুযুধান, বিরাট্, বিদুর, সন্তর্দ্দন।
নানাকর্ম্মে নিয়োজিলা যত মহাজন॥

৭ এইরূপে যজ্ঞ কৈল ধর্ম্মের নন্দন।
সর্ব্বভাবে সর্ব্বলোক কৈলা আরাধন॥

৮ যজ্ঞ সমাপিয়া দিলা বিবিধ দক্ষিণা।
যা'র যেন পীরিতি, না করিলা লঙ্ঘনা॥
দমঘোষসুত যদি সভা-বিদ্যমানে।
প্রবেশ করিল গিয়া গোবিন্দচরণে॥
তবে যজ্ঞে পূর্ণা দিয়া কৈলা সমাধান।
সগণ চলিয়া গিয়া কৈলা গঙ্গাস্নান॥

৯ দুন্দুভি-মৃদঙ্গ-বাদ্য বাজে' শঙ্খ-ভেরী।
বিবিধ বাজন বাজে' আনক-ধুন্ধুরী॥

১০ নর্ত্তক-নর্ত্তকী নাচে, নানা নৃত্যগীত।
বিবিধ মঙ্গল-রোল চৌদিগে পূরিত॥

১১ বিবিধ পতাকা-ধ্বজ উড়ে ছত্র-বানা।
নানা বর্ণে দিব্য ঘোড়া, নানা বর্ণে সেনা॥

১২ মহাগজ, মহারথ কাঞ্চনে নির্ম্মিত।
দিব্য-বেশ নরনারী ভূষণে ভূষিত॥

কত কত রাজা যায় রাজার গোচর।
সৈন্যভরে পৃথিবী করয়ে টলমল॥

১৩ যাজ্ঞিক ব্রাহ্মণগণে করে' বেদধ্বনি।
দেব, ঋষি, পিতৃগণ স্তুতি, জয়বাণী॥
গন্ধর্ব্বে, কিন্নরে গায়, নাচে বিদ্যাধরী।
পুষ্প বরিষণ করে' দিব্য-নরনারী॥

১৪ চন্দন ছিটায়, কেহ গন্ধ-বিলেপন।
নানা রসে কেহ কেহ করয়ে সেচন॥

১৫ কেহ গন্ধজল, কেহ কুঙ্কুম ছিটায়।
হরিদ্রা, গোরস কেহ তুলিয়া ফেলায়॥
আগে দেবীগণ যায় চড়িয়া বিমানে।
চৌদিগে বেষ্টিত তা'র মহাভটগণে॥

১৬ হাস-পরিহাসে গন্ধ-চন্দন-সেচন।
চর্ম্মকোষ ভরি' করে' জল বরিষণ॥

১৭ স্তনবিনিহিত তনু-বসন-বিলাস।
কেশপাশ বিগলিত, কুচ-পরকাশ॥
রুচির বিহার, রসময় গতিভঙ্গ।
দেখিয়া কামুক-জনে মদন-তরঙ্গ॥

১৮। স সম্রাড্‌রথমারূঢ়ঃ সদশ্বং রুক্মমালিনম্। ব্যরোচত স্বপত্নীভিঃ ক্রিয়াভিঃ ক্রতুরাড়িব ॥
১৯। পত্নীসংযাজাবভৃথ্যৈশ্চরিত্বা তে তমৃত্বিজঃ। আচান্তং স্নাপয়াঞ্চক্রুর্গঙ্গায়াং সহ কৃষ্ণয়া ॥
২০। দেবদুন্দুভয়ো নেদুর্নরদুন্দুভিভিঃ সমম্। মুমুচুঃ পুষ্পবর্ষাণি দেবর্ষিপিতৃমানবাঃ ॥
২১। সস্নুস্তত্র ততঃ সর্ব্বে বর্ণাশ্রমযুতা নরাঃ। মহাপাতক্যপি যতঃ সদ্যো মুচ্যেত কিল্বিষাৎ ॥
২২। অথ রাজাহতে ক্ষৌমে পরিধায় স্বলঙ্কৃতঃ। ঋত্বিক্‌সদস্যবিপ্রাদীনানর্চ্চাভরণাম্বরৈঃ ॥
২৩। বন্ধূন্ জ্ঞাতীন্ নৃপান্ মিত্রসুহৃদোঽন্যাংশ্চ সর্ব্বশঃ। অভীক্ষ্ণং পূজয়ামাস নারায়ণপরো নৃপঃ ॥
২৪। সর্ব্বে জনাঃ সুররুচো মণিকুণ্ডলস্রগ্-গুঞ্চীষকঞ্চুকদুকূলমহার্ঘ্যহারাঃ।
নার্য্যশ্চ কুণ্ডলযুগালকবৃন্দজুষ্ট-বক্ত্রশ্রিয়ঃ কনকমেখলয়া বিরেজুঃ ॥
২৫। অথর্ত্বিজো মহাশীলাঃ সদস্যা ব্রহ্মবাদিনঃ। ব্রহ্মক্ষত্রিয়বিট্‌শূদ্রা রাজানো যে সমাগতাঃ ॥
২৬। দেবর্ষিপিতৃভূতানি লোকপালাঃ সহানুগাঃ। পূজিতাস্তমনুজ্ঞাপ্য স্বধামানি যযুর্নৃপ!
২৭। হরিদাসস্য রাজর্ষে রাজসূয়মহোদয়ম্। নৈবাতৃপ্যন্ প্রশংসন্তঃ পিবন্ মর্ত্ত্যোঽমৃতং যথা ॥
২৮। ততো যুধিষ্ঠিরো রাজা সুহৃৎসম্বন্ধিবান্ধবান্। প্রেম্ণা নিবাসয়ামাস কৃষ্ণঞ্চ ত্যাগকাতরঃ ॥

---

১৮ হেম-বিনির্ম্মিত রথে করি' আরোহণ।
চৌদিগে বেষ্টিত মহাভট্ট বীরগণ ॥
রথ-গজ-তুরঙ্গ রাজার আগুয়ান।
দুই পাশে নৃপগণে করিয়া যোগান ॥

১৯ উত্তরিলা গিয়া রাজা সুরনদী-তীরে।
অভিষেক কৈলা আগে যজ্ঞশেষ-নীরে ॥
মহা-অভিষেক আছে যজ্ঞের বিধান।
সপত্নীক হঞা তাহা কৈলা সমাধান ॥
আচমন করিয়া মজ্জিলা গঙ্গাজলে।
অভিষেক কৈলা রাজা বিধি-অনুসারে ॥

২০ দেববাদ্য, নরবাদ্য, দুন্দুভি-বাজন।
'জয় জয়' স্তুতিবাণী, পুষ্প-বরিষণ ॥

২১ দেব-ঋষি-গন্ধর্ব্ব-কিন্নর-পিতৃগণ।
মহা-অভিষেক-জলে করিয়া মজ্জন ॥
সর্ব্বলোক আনন্দিত, হৈল পাপক্ষয়।
মহাপাতকীর যা'থে পাতক না রয় ॥

২২ মহা-অভিষেক করি' ধর্ম্মের কুমার।
উঠিয়া পরিলা বাস, রাজ-অলঙ্কার ॥
যাজ্ঞিক ব্রাহ্মণগণে বসন-ভূষণে।
বিবিধ-দক্ষিণা দিয়া পূজিলা বিধানে ॥

২৩ জ্ঞাতি-বন্ধু-বান্ধব সকল নৃপগণে।
একে একে পূজিলা সকলে জনে-জনে ॥
ভকতসত্তম রাজা, বিধিবিদাংবর।
যা'র যেন যোগ্য পূজা, পূজিলা সকল ॥

২৪ বসন-ভূষণে সর্ব্বলোক বিরাজিত।
মুকুট-কুণ্ডল-হার-চন্দন-চর্চ্চিত ॥
বিবিধ বরণে পাগ, অঙ্গের কাচনি।
বহুবিধ ভূষণে ভূষিত নর-নারী ॥

২৫ যাজ্ঞিক ব্রাহ্মণ, যত সদস্য-ব্রাহ্মণ।
বেদজ্ঞ ব্রাহ্মণ, যত ক্ষিতিপতিগণ ॥

২৬ দেব, ঋষি, পিতৃগণ, গন্ধর্ব্ব, কিন্নর।
ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, যত নারী-নর ॥
সভাই চলিল করি' রাজারে সম্ভাষা।

২৭ মহাযজ্ঞ, মহোৎসব করিয়া প্রশংসা ॥
সর্ব্বলোক গেল তবে নিজ-নিজ ধাম।
আনন্দে রহিলা রাজা ভকতপ্রধান ॥

২৮ ভাই-বন্ধু-বান্ধব-সুহৃদ্-মিত্রগণ।
স্নেহভাব করিয়া রাখিলা সর্ব্বজন ॥
চরণে ধরিয়া কৃষ্ণে রাখিলা যতনে।
নব নব, দিনে-দিনে পূজিলা বিধানে ॥

২৯। ভগবানপি তত্রাঙ্গ! ন্যবাৎসীত্তৎপ্রিয়ঙ্করঃ। প্রস্থাপ্য যদুবীরাংশ্চ সাম্বাদীংশ্চ কুশস্থলীম্॥
৩০। ইত্থং রাজা ধর্ম্মসুতো মনোরথমহার্ণবম্। সুদুস্তরং সমুত্তীর্য্য কৃষ্ণেনাসীদ্গতজ্বরঃ॥
৩১। একদান্তঃপুরে তস্য বীক্ষ্য দুর্য্যোধনঃ শ্রিয়ম্। অতপ্যদ্রাজসূয়স্য মহিত্বঞ্চাচ্যুতাত্মনঃ॥
৩২। যস্মিন্ নরেন্দ্রদিতিজেন্দ্রসুরেন্দ্রলক্ষ্মী,-র্নানা বিভান্তি কিল বিশ্বসৃজোপকৃপ্তাঃ।
তাভিঃ পতীন্ দ্রুপদরাজসুতোপতস্থে, যস্যাং বিষক্তহৃদয়ঃ কুরুরাড়তপ্যৎ॥
৩৩। যস্মিংস্তদা মধুপতের্মহিষীসহস্রং, শ্রোণীভরেণ শনকৈঃ ক্বণদঙ্ঘ্রিশোভম্।
মধ্যে সুচারুকুচকুঙ্কুমশোণহারং, শ্রীমন্মুখং প্রচলকুণ্ডলকুন্তলাঢ্যম্॥
৩৪। সভায়াং ময়কৃপ্তায়াং ক্বাপি ধর্ম্মসুতোঽধিরাট্। বৃতোঽনুজৈর্বন্ধুভিশ্চ কৃষ্ণেনাপি স্বচক্ষুষা॥
৩৫। আসীনঃ কাঞ্চনে সাক্ষাদাসনে মঘবানিব। পারমেষ্ঠ্যশ্রিয়া জুষ্টঃ স্তূয়মানশ্চ বন্দিভিঃ॥
৩৬। তত্র দুর্য্যোধনো মানী পরীতো ভ্রাতৃভির্নৃপ! কিরীটমালী ন্যবিশদসিহস্তঃ ক্ষিপন্ রুষা॥
৩৭। স্থলেঽভ্যগৃহ্ণাদ্বস্ত্রান্তং জলং মত্বা স্থলেঽপতৎ। জলে চ স্থলবদ্ভ্রান্ত্যা ময়মায়াবিমোহিতঃ॥
৩৮। জহাস ভীমস্তং দৃষ্ট্বা স্ত্রিয়ো নৃপতয়োঽপরে। নিবার্য্যমাণা অপ্যঙ্গ! রাজ্ঞা কৃষ্ণানুমোদিতাঃ॥

---

২৯ রাজার পীরিতি হরি করিবারে চায়।
সব যদুগণ আনি' দ্বারকা পাঠায়॥
আপনে রহিলা প্রভু রাজার মন্দিরে।
পাঠাঞা সকল লোক দিলা নিজপুরে॥

৩০ ধর্ম্মসুত—রাজসিংহ, মহাগুণনিধি।
সুখময়-সাগরে মজিলা নিরবধি॥

৩১ একদিন দুর্য্যোধন গেল অন্তঃপুরে।
রাজপুর-শোভা দেখি' জ্বলিল অন্তরে॥

৩২-৩৪ সুরেন্দ্র-নরেন্দ্র-লক্ষ্মী যা'থে নানা-ভাতি।
ত্রিভুবন-সম্পদ্ একত্র মূর্ত্তিমতী॥
ময়দানবের সভা বিচিত্রনির্ম্মাণ।
তাহাতে বসিয়া আছে নৃপতিপ্রধান॥
দিব্যবেশ দাসীগণ নিজ-সঙ্গে করি'।
পরিচর্য্যা করে' যথা দ্রুপদকুমারী॥
অতুল-সম্পদ্ দেখি' মহা-অনুভাব।
দুর্য্যোধন-হৃদয়ে উঠিল অনুতাপ॥
ষোড়শ-সহস্র যথা কৃষ্ণের রমণী।
শিঞ্জিত মঞ্জীর-পদ, রণিত কিঙ্কিণী॥

৩৫ রাজসিংহাসনে রাজা ধর্ম্মের নন্দন।
চৌদিগে বেড়িয়া আছে ভাইবন্ধুগণ॥
ইন্দ্রপুরে ইন্দ্র যেন ত্রিদিব-সমাজে।
দীপ্ত করে' নরপতি দিব্যসভা-মাঝে॥

নর্ত্তকে নর্ত্তন করে', স্তাবকে মহিমা।
উচ্চনাদে ভাটগণ পড়য়ে ভট্টিমা॥

৩৬ হেনকালে গেলা তথা রাজা দুর্য্যোধন।
চৌদিগে বেড়িয়া তা'র আছে ভাইগণ॥

দেখিয়া সম্পদ্ রাজা ক্রোধে হৈল অন্ধ।
হাতে হাত কচলায়, দশনে পিষে দন্ত॥

ক্রোধে অচেতন রাজা, হরল গেয়ান।
৩৭ স্থলে জল জ্ঞান করি' তোলে পরিধান॥

জলে স্থল ভরমে না তোলে নিজ-বাস।
৩৮ তা' দেখিয়া নারীগণ করে' উপহাস॥

কটাক্ষে ঠারিঞা দিলা দৈবকীনন্দন।
ভীম-আদি করি' যত হাসে নৃপগণ॥

ভয়ে যুধিষ্ঠির রাজা করে' নিবারণ॥
হাসে সর্ব্বলোক, কেহ না ধরে বচন॥

আপনে রসিক যা'থে দেব শ্রীহরি।
আনের শকতি তা'থে কি করিতে পারি?

৩৯। স ব্রীড়িতোঽবাগ্বদনো রুষা জ্বলন্, নিষ্ক্রম্য তূষ্ণীং প্রযযৌ গজাহ্বয়ম্।
হাহেতি-শব্দঃ সুমহানভূৎ সতা,-মজাতশত্রুর্বিমনা ইবাভবৎ।
বভুব তূষ্ণীং ভগবান্ ভুবো ভরং, সমুজ্জিহীর্ষুর্ভ্রমতি স্ম যদ্দৃশা॥
৪০। এতত্তেঽভিহিতং রাজন্! যৎপৃষ্টোঽহমিহ ত্বয়া। সুযোধনস্য দৌরাত্ম্যং রাজসূয়ে মহাক্রতৌ॥
ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে দুর্য্যোধনমানভঙ্গো নাম পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৫॥

---

৩৯ লজ্জা পাঞা দুর্য্যোধন গেলা নিঃশবদে।
'হাহাকার'-শবদ উঠিল সভাসদে॥
বিষাদ ভাবিয়া রহে ধর্ম্মের নন্দন।
নিঃশবদে রহিলা ঠাকুর নারায়ণ॥
পৃথিবীর ভার হরি হরিবারে চায়।
অন্যোঽন্যে বিবাদ করি' বৈরতা বাঢ়ায়॥
৪০ যে কিছু পুছিলে, রাজা! কহিলুঁ সাক্ষাতে।
দুর্য্যোধন কুমতি বাঢ়িল যেন মতে॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
দুর্য্যোধন-মানভঙ্গ প্রেমতরঙ্গিণী॥
ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৫॥

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথান্যদপি কৃষ্ণস্য শৃণু কর্ম্মাদ্ভুতং নৃপ! ক্রীড়ানরশরীরস্য যথা সৌভপতির্হতঃ॥
২। শিশুপালসখঃ শাল্বো রুক্মিণ্যুদ্বাহ আগতঃ। যদুভির্নির্জ্জিতঃ সঙ্খ্যে জরাসন্ধাদয়স্তথা॥
৩। শাল্বঃ প্রতিজ্ঞামকরোৎ শৃণ্বতাং সর্ব্বভূভুজাম্। অযাদবাং ক্ষমাং করিষ্যে পৌরুষং মম পশ্যত॥
৪। ইতি মূঢ়ঃ প্রতিজ্ঞায় দেবং পশুপতিং প্রভুম্। আরাধয়ামাস নৃপ! পাংশুমুষ্টিং সকৃদ্গ্রসন্॥
৫। সংবৎসরান্তে ভগবানাশুতোষ উমাপতিঃ। বরেণ চ্ছন্দয়ামাস শাল্বং শরণমাগতম্॥
৬। দেবাসুরমনুষ্যাণাং গন্ধর্ব্বোরগরক্ষসাম্। অভেদ্যং কামগং বব্রে স যানং বৃষ্ণিভীষণম্॥

[কর্ণাট-রাগ]

১ তবে মুনি বলে',—"রাজা! শুন, পরীক্ষিত!
অদভুত আর কথা গোবিন্দ-চরিত॥
ক্রীড়া-নরকলের নরলীলা করি'।
শাল্ব-নামে অসুর বধিলা শ্রীমুরারি॥
২ শিশুপাল-সখা শাল্ব আছিল অসুর।
সমরে যুঝায় বীর পরম-নিষ্ঠুর॥
রুক্মিণী-হরণে গেলা যখনে শ্রীহরি।
তখনে আসিয়াছিল শাল্ব মহাবলী॥
সংগ্রামে হারিয়া বীর পলাইল তখনে।
৩ প্রতিজ্ঞা করিল শাল্ব সভা-বিদ্যমানে॥
'অযাদব পৃথিবী করিব বাহুবলে।
মোর যশ রহে যেন ধরণীমণ্ডলে॥'
৪ প্রতিজ্ঞা করিয়া এই চলিল দুরন্ত।
শিব আরাধিল গিয়া বৎসর পর্য্যন্ত॥
একমুষ্টি পাংশু খায় দিন-অবসানে।
৫ তুষ্ট হঞা মহাদেব আইলা বিদ্যমানে॥
আনন্দিত হঞা শাল্ব মাগে' এই বর।
৬ 'কামগতি এক রথ দেহ', মহেশ্বর!

৭। তথেতি গিরিশাদিষ্টো ময়ঃ পরপুরঞ্জয়ঃ। পুরং নির্ম্মায় শাল্বায় প্রাদাৎ সৌভময়ন্ময়ম্॥
৮। স লব্ধ্বা কামগং যানং তমোধাম দুরাসদম্। যযৌ দ্বারবতীং শাল্বো বৈরং বৃষ্ণিকৃতং স্মরন্॥
৯। নিরুধ্য সেনয়া শাল্বো মহত্যা ভরতর্ষভ! পুরীং বভঞ্জোপবনান্যুদ্যানানি চ সর্ব্বশঃ॥
১০। সগোপুরাণি দ্বারাণি প্রাসাদাট্টালতোলিকাঃ। বিহারান্ স বিমানাগ্র্যান্নিপেতুঃ শস্ত্রবৃষ্টয়ঃ॥
১১। শিলা দ্রুমাশ্চাশনয়ঃ সর্পা আসারশর্করাঃ। প্রচণ্ডশ্চক্রবাতোঽভূদ্রজসাচ্ছাদিতা দিশঃ॥
১৩। প্রদ্যুম্নো ভগবান্ বীক্ষ্য বধ্যমানা নিজাঃ প্রজাঃ। মা ভৈষ্টেত্যভ্যধাদ্বীরো রথারূঢ়ো মহাযশাঃ॥
১৪। সাত্যকিশ্চারুদেষ্ণশ্চ সাম্বোঽক্রূরঃ সহানুজঃ। হার্দ্দিক্যো ভানুবিন্দশ্চ গদশ্চ শুকসারণৌ॥
১৫। অপরে চ মহেষ্বাসা রথযূথপযূথপাঃ। নির্যযুর্দংশিতা গুপ্তা রথেভাশ্বপদাতিভিঃ॥
১৬। ততঃ প্রববৃতে যুদ্ধং শাল্বানাং যদুভিঃ সহ। যথাসুরাণাং বিবুধৈস্তুমুলং লোমহর্ষণম্॥
১৭। তাংশ্চ সৌভপতের্মায়া দিব্যাস্ত্রৈ রুক্মিণীসুতঃ। ক্ষণেন নাশয়ামাস নৈশং তম ইবোষ্ণগুঃ॥
১৮। বিব্যাধ পঞ্চবিংশত্যা স্বর্ণপুঙ্খৈরয়োমুখৈঃ। শাল্বস্য ধ্বজিনীপালং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ॥
১৯। শতেনাতাড়য়চ্ছাল্বমেকৈকেনাস্য সৈনিকান্। দশভির্দশভির্নেতৃন্ বাহনানি ত্রিভিস্ত্রিভিঃ॥

গন্ধর্ব্ব-কিন্নর-সিদ্ধ-নর-সুরাসুরে।
ত্রিভুবনে কেহ যেন ভাঙ্গিতে না পারে॥
ত্রিভুবন জিনিয়া আসিমু এক রথে।
হেন রথ মাগোঁ, নাথ! তোমার সাক্ষাতে॥'
অলক্ষিত-গতি রথ, লোক-ভয়ঙ্কর।
৭ তুষ্ট হঞা পশুপতি দিলা সেই বর॥
ময়-নামে দানব আনিয়া বিদ্যমান।
আজ্ঞা দিলা 'দেহ' রথ করিয়া নির্ম্মাণ'॥
রথ নিরমিয়া ময় দিল সচকিত।
সৌভ-নামে রথখান লোহার নির্ম্মিত॥
৮ অন্ধকারময় রথ, অলক্ষিত-গতি।
তাহাতে চড়িয়া শাল্ব চলিল দুর্ম্মতি॥
৯ বেড়িল দ্বারকাপুরী লঞা মহাসেনা।
গড়ের বাহিরে গিয়া বেড়ি' দিল হানা॥
বন-উপবন ভাঙ্গে, প্রাচীর, দুয়ার।
১০ গোপুর, মন্দির ভাঙ্গে, বিমান, বিহার॥
অস্ত্র বরিষণ, পড়ে গাছ-পাথর।
১১ বজ্রপাত, নিষ্ঠুর গর্জ্জন-ফণধর॥
পরচণ্ড চক্রবাত, ধূলা-বরিষণ।
দশদিগ্ আচ্ছাদিল, ঘন গরজন॥

১৩ দেখিয়া প্রদ্যুম্ন বীর, কৃষ্ণের তনয়।
সান্ত্বিয়া রাখিলা লোকে—'না করিহ ভয়'॥
এ বোল বুলিয়া বীর মহারথে চড়ি'।
১৪ মহাসেনাপতিগণ নিজ-সঙ্গ করি'॥
সাত্যকি, অক্রূর, গদ, শুক, সারণ।
সাম্ব, ভানুবিন্দ-আদি মহাবীরগণ॥
১৫ আর যত সেনাপতি মহাধনুর্দ্ধর।
মহাভট, মহারথ, তুরঙ্গ, কুঞ্জর॥
চলিলা প্রদ্যুম্ন বীর সাজি' যদুসেনা।
নানা বর্ণের হাতী, ঘোড়া, ছত্র, ধ্বজ, বানা॥
১৬ বাজিল শাল্বের সহে তুমুল সংগ্রাম।
নহিল, নহিব যুদ্ধ তাহার সমান॥
১৭ ধনুকে টঙ্কার দিয়া যোড়ে তীক্ষ্ণ শর।
কাটিলা শাল্বের মায়া কৃষ্ণের কোঙর॥
তিলেকে শাল্বের মায়া সব গেল নাশ।
সূর্য্য-দরশনে যেন তমের বিনাশ॥
১৮ বিন্ধিলা পঁচিশ বাণে শাল্ব-সেনাপতি।
দশ দশ বাণে আর বিন্ধিলা সারথি॥
১৯ বিন্ধিলা শতেক বাণে শাল্ব-কলেবর।
তিন তিন বাণে ঘোড়া কৈলা জর-জর॥

২১। বহুরূপৈকরূপং তদ্‌দৃশ্যতে ন চ দৃশ্যতে। মায়াময়ং ময়কৃতং দুর্বিভাব্যং পরৈরভূৎ॥
২২। ক্বচিদ্‌ভূমৌ ক্বচিদ্ব্যোম্নি গিরিমূর্দ্ধ্নি জলে ক্বচিৎ।
অলাতচক্রবদ্‌ভ্রাম্যৎ সৌভং তদ্দুরবস্থিতম্॥
২৩। যত্র যত্রোপলক্ষ্যেত সসৌভঃ সহসৈনিকঃ। শাল্বস্ততস্ততোঽমুঞ্চন্ শরান্ সাত্বতযূথপাঃ॥
২৪। শরৈরগ্ন্যর্কসংস্পর্শৈরাশীবিষদুরাসদৈঃ। পীড্যমানপুরানীকঃ শাল্বোঽমুহ্যৎ পরেরিতৈঃ॥
২৫। শাল্বানীকপশস্ত্রৌঘৈর্বৃষ্ণিবীরা ভৃশার্দ্দিতাঃ। ন তত্যজূ রণং স্বং স্বং লোকদ্বয়জিগীষবঃ॥
২৬। শাল্বামাত্যো দ্যুমান্ নাম প্রদ্যুম্নং প্রাক্‌প্রপীড়িতঃ।
আসাদ্য গদয়া মৌর্ব্ব্যা ব্যাহত্য ব্যনদদ্বলী॥
২৭। প্রদ্যুম্নং গদয়া শীর্ণ-বক্ষঃস্থলমরিন্দমম্। অপোবাহ রণাৎ সূতো ধর্ম্মবিদ্দারুকাত্মজঃ॥
২৮। লব্ধসংজ্ঞো মুহূর্ত্তেন কার্ষ্ণিঃ সারথিমব্রবীৎ। অহো অসাধ্বিদং সূত! যদ্রণান্মেঽপসর্পণম্॥
২৯। ন যদূনাং কুলে জাতঃ শ্রূয়তে রণবিচ্যুতঃ। বিনা মৎ ক্লীবচিত্তেন সূতেন প্রাপ্তকিল্বিষাৎ॥
৩০। কিং নু বক্ষ্যেঽভিসঙ্গম্য পিতরৌ রামকেশবৌ।
যুদ্ধাৎ সম্যগপক্রান্তঃ পৃষ্টস্তত্রাত্মনঃ ক্ষমম্?
৩১। ব্যক্তং মে কথয়িষ্যন্তি হসন্ত্যো ভ্রাতৃজায়য়ঃ।
ক্লৈব্যং কথং কথং বীর! তবান্যৈঃ কথ্যতাং মৃধে॥

---

২১ একরূপ, বহুরূপ, নানারূপ ধরে।
অলক্ষিত রথ, কেহ লখিতে না পারে॥
মায়াময় রথখান দেখিতে না দেখি।
কিরূপে কোথাতে থাকে, লখিতে না লখি॥

২২ ক্ষণে জলে, ক্ষণে স্থলে, আকাশ-মণ্ডলে।
ক্ষণে বনে, ক্ষণে গিরি-শিখরেতে চলে॥

২৩ যথা যথা চিন্তে রথ, আছে সেই ঠাঞি।
কোথা শাল্ব, কোথা সৈন্য, দেখিতে না পাই॥
যত সেনাপতি যদুকুলের প্রধান।
ধনুকে টঙ্কার দিয়া যোড়ে চোখা বাণ॥

২৪ বিন্ধিয়া শাল্বের সৈন্য কৈলা জর-জর।
তবে কোন্ যুক্তি করে' শাল্ব মহাবল?

২৫ একধারে করে' তীক্ষ্ণ বাণ-বরিষণ।
তবু যদুবীরগণে না তেজিলা রণ॥

২৬ আছিল শাল্বের মন্ত্রী, মন্ত্রীর প্রধান।
দ্যুমান্ তাহার নাম মহা-বলবান্॥
প্রদ্যুম্নের বাণে বেটা সংগ্রাম ছাড়িয়া।
ভূমেতে পড়িয়াছিল মূরছিত হঞা॥
আবার উঠিল ডাকিয়া ভয়ঙ্কর।
তুলিয়া লোহার গদা ধাইল সত্বর॥

২৭ প্রদ্যুম্নের বুকে গিয়া মারে এক বাড়ি।
মূর্চ্ছিত হইয়া কাম পড়ে ধনু ছাড়ি'॥
দারুক-নন্দন তা'র রথের সারথি।
রথখান বাহিরে আনিলা মহামতি॥
রণে হৈতে রথ লঞা আইলা বাহির।
যুদ্ধধর্ম্ম জানে' সে যে পরম-সুধীর॥

২৮ উঠিলা চৈতন্য পাঞা কৃষ্ণের নন্দন।
সারথি দেখিয়া তবে কি বলে' বচন?
'কেন হেন কর্ম্ম তুমি কৈলে বিপরীত?
সংগ্রাম তেজিতে বীরে না হয় উচিত॥

২৯ যুদ্ধ তেজি' পলায়ন—নহে বীর-ধর্ম্ম।
যদুবংশে কেহ হেন নাহি করে' কর্ম্ম॥

৩০ কি বলিয়া রহিব কৃষ্ণের বিদ্যমানে?
কি বোল বলিবে মোরে ভাই-বন্ধুগণে?

৩১ বধূগণ হাসিয়া করিব উপালম্ভ।
পুরজনে দেখিয়া বলিব মোরে মন্দ॥'

সারথিরুবাচ

৩২। **ধর্ম্মং বিজানতায়ুষ্মন্! কৃতমেতন্ময়া বিভো! সূতঃ কৃচ্ছ্রগতং রক্ষেদ্রথিনং সারথিং রথী॥**
৩৩। **এতদ্বিদিত্বা তু ভবান্ ময়াপোবাহিতো রণাৎ। উপস্থষ্টঃ পরেণেতি মূর্চ্ছিতো গদয়া হতঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শাল্বযুদ্ধং নাম ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৬॥

---

৩২ এতেক বচন শুনি' দারুক-তনয়।
কহিতে লাগিলা ধর্ম্ম জানিঞা নির্ণয়॥
'শুন, মহাপুরুষ! ধর্ম্মের বিবরণ।
আমি নাহি করি যুদ্ধ-ধর্ম্ম-বিলঙ্ঘন॥
সঙ্কটে পড়িলে বীর, রাখিব সারথি।
সারথির প্রতিকার করে' মহারথী॥

৩৩ এ বোল বুঝিয়া কৈলুঁ রণের বাহির।
দুঃখ পরিহর' তুমি, মতি কর' স্থির॥'
এতেক বচন যদি বলিলা সারথি।
চিত্ত স্থির করিয়া রহিলা মহামতি॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
হরিকথা বিনে আর না করিহ আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৬॥

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **স উপস্পৃশ্য সলিলং দংশিতো ধৃতকার্ম্মুকঃ। নয় মাং দ্যুমতঃ পার্শ্বং বীরস্যেত্যাহ সারথিম্॥**
২। **বিধমন্তং স্বসৈন্যানি দ্যুমন্তং রুক্মিণীসুতঃ। প্রতিহত্য প্রত্যবিধ্যন্নারাচৈরষ্টভিঃ স্মযন্॥**
৩। **চতুর্ভিশ্চতুরো বাহান্ সূতমেকেন চাহনৎ। দ্বাভ্যাং ধনুশ্চ কেতুঞ্চ শরেণান্যেন বৈ শিরঃ॥**
৪। **গদসাত্যকি-সাম্বাদ্যা জঘ্নুঃ সৌভপতের্বলম্। পেতুঃ সমুদ্রে সৌভেয়াঃ সর্ব্বে সঞ্ছিন্নকন্ধরাঃ॥**
৫। **এবং যদূনাং শাল্বানাং নিঘ্নতামিতরেতরম্। যুদ্ধং ত্রিনবরাত্রং তদভূৎ তুমুলমুল্বণম্॥**
৬। **ইন্দ্রপ্রস্থং গতঃ কৃষ্ণ আহূতো ধর্ম্মসূনুনা। রাজসূয়েঽথ নির্বৃত্তে শিশুপালে চ সংস্থিতে॥**

[সিন্ধুড়া-রাগ]

১ "উঠিয়া বসিলা বীর রুক্মিণীনন্দন।
হস্ত-পদ পাখালিয়া কৈলা আচমন॥
ধনুকে টঙ্কার দিয়া যুড়ে চোখ বাণ।
ডাক দিয়া বলে' তবে বীরের প্রধান॥
'আরে রে সারথি! রথ সত্বরে চালাও।
কোথাতে দ্যুমান্ বীর, তুরিতে দেখাও॥'

২ এতেক বচন বলি' বেড়ি' চারি পাশে।
বিন্ধিলা দ্যুমান্ বীরে অষ্ট বাণে রোষে॥

৩ চারি-বাণে চারি-ঘোড়া বিন্ধিলা সন্ধানে।
ধনুখান কাটিয়া ফেলিলা এক-বাণে॥
দুই-বাণে কাটে ধ্বজ, সারথির মাথা।
চারি-বাণে কাটিলা রথের চারি-চাকা॥
এক-বাণে কাটে তবে দ্যুমানের শির।
'সাধু, সাধু' বলিয়া ডাকিলা সব বীর॥

৪ তবে গদ, সাম্ব, শুক, সাত্যকি, সারণ।
চৌদিকে বেড়িয়া যুঝে সব বীরগণ॥
কাটিয়া শাল্বের সৈন্য ফেলিলা সাগরে।
ছিন্ন-ভিন্ন হঞা কত রহিল সমরে॥

৫ এইরূপে দুই সৈন্য যুঝে নিরন্তর।
সাতাইশ দিবস যুদ্ধ পৃথিবী-ভিতর॥

৬ ইন্দ্রপ্রস্থে তখনে আছিলা শ্রীহরি।
ধর্ম্মপুত্র নিঞাছিলা নিমন্ত্রণ করি'॥

৭। কুরুবৃদ্ধাননুজ্ঞাপ্য মুনীংশ্চ সসুতাং পৃথাম্। নিমিত্তান্যতিঘোরাণি পশ্যন্ দ্বারবতীং যযৌ॥
৮। আহ চাহমিহায়াত আর্য্যমিশ্রাভিসঙ্গতঃ। রাজন্যাশ্চৈদ্যপক্ষীয়া নূনং হন্যুঃ পুরীং মম॥
৯। বীক্ষ্য তৎ কদনং স্বানাং নিরূপ্য পুররক্ষণম্। সৌভঞ্চ শাল্বরাজঞ্চ দারুকং প্রাহ কেশবঃ॥
১০। রথং প্রাপয় মে সূত! শাল্বস্যান্তিকমাশু বৈ। সম্ভ্রমস্তে ন কর্ত্তব্যো মায়াবী সৌভরাড়য়ম্॥
১১। ইত্যুক্তশ্চোদয়ামাস রথমাস্থায় দারুকঃ। বিশন্তং দদৃশুঃ সর্ব্বে স্বে পরে চারুণানুজম্॥
১২। শাল্বশ্চ কৃষ্ণমালোক্য হতপ্রায়বলেশ্বরঃ। প্রাহরৎ কৃষ্ণসূতায় শক্তিং ভীমরবাং মৃধে॥
১৩। তামাপতন্তীং নভসি মহোল্কামিব রংহসা।
ভাসয়ন্তীং দিশঃ শৌরিঃ সায়কৈঃ শতধাচ্ছিনৎ॥
১৪। তঞ্চ ষোড়শভির্বিদ্ধা বাণৈঃ সৌভঞ্চ খে ভ্রমৎ। অবিধ্যচ্ছরসন্দোহৈঃ খং সূর্য্য ইব রশ্মিভিঃ॥
১৫। শাল্বঃ শৌরেস্তু দোঃ সব্যং সশার্ঙ্গং শার্ঙ্গধন্বনঃ। বিভেদ ন্যপতদ্ধস্তাচ্ছার্ঙ্গমাসীত্তদদ্ভুতম্॥
১৬। হাহাকারো মহানাসীদ্ভূতানাং তত্র পশ্যতাম্। নিনদ্য সৌভরাড়ুচ্চৈরিদমাহ জনার্দ্দনম্॥
১৭। যৎ ত্বয়া মূঢ়! নঃ সখ্যুর্ভ্রাতুর্ভার্য্যা হৃতেক্ষতাম্। প্রমত্তঃ স সভামধ্যে ত্বয়া ব্যাপাদিতঃ সখা॥
১৮। তং ত্বাদ্য নিশিতৈর্বাণৈরপরাজিতমানিনম্। নয়াম্যপুনরাবৃত্তিং যদি তিষ্ঠের্মমাগ্রতঃ॥

রাজসূয়-যজ্ঞ যদি কৈলা সমাধান।
শিশুপাল সংহার করিয়া ভগবান্॥
৭ দুর্লক্ষণ দেখিয়া বিস্ময় হৈল চিতে।
বন্ধুগণ সম্ভাষিয়া চলিলা ত্বরিতে॥
৮ 'বন্ধুগণ-সহ আসি' এথা উপস্থিত।
না জানি, কি হয় তথা কার্য্য বিপরীত॥
শিশুপাল-পক্ষ, যত বিপক্ষ-নৃপতি।
না জানি, কি করে' তা'রা পুরীর দুর্গতি॥'
এতেক বচন বলি' প্রভু হৃষীকেশ।
দ্বারকা-নগরে আসি' কৈলা পরবেশ॥
৯ নিজজন-কদন দেখিয়া শ্রীহরি।
সারথিরে আজ্ঞা তবে দিলা ত্বরা করি'॥
১০ 'চালাহ, সারথি! রথ, না কর' বিলম্ব।
শাল্বের মায়ায় জানি যুদ্ধে দেহ' ভঙ্গ॥
যথা শাল্ব, তথা রথ চালাহ সত্বরে।
সগণে মারিব তা'রে রণের ভিতরে॥'
১১ তবে রথ সারথি চালাঞা দিলা ঝাটে।
আঁখির নিমিষে নিলা শাল্বের নিকটে॥
হেনকালে তথাতে গরুড় দেখা দিল।
দেখিয়া সকল সৈন্য চমকিত হৈল॥
১২ তবে কোন্ কর্ম্ম করে' শাল্ব দুরাচার?
শক্তিপাট তুলিয়া ফিরায় সাতবার॥
ফেলিয়া মারিল শক্তি সারথির শিরে।
১৩ উল্কাপাত হৈল যেন আকাশ-উপরে॥
শক্তিপাট পড়িব দেখিয়া ভগবান্।
তীক্ষ্ণবাণে কাটিয়া করিলা শতখান॥
১৪ বিন্ধিল ষোড়শ বাণে শাল্বের শরীরে।
রথখান জরজর কৈলা শরজালে॥
১৫ তবে কোন্ কর্ম্ম করে' শাল্ব দুরাচার?
আকর্ণ পূরিয়া দিল ধনুকে টঙ্কার॥
বাম হাত কৃষ্ণের বিন্ধিল তীক্ষ্ণ বাণে।
খসিয়া পড়িল ধনু নিজ হাত-হনে॥
পড়িল সারঙ্গ-ধনু, দেখি চমৎকার।
১৬ ত্রিভুবনে শবদ উঠিল হাহাকার॥
ডাকিয়া বোলয়ে শাল্ব,—'আরে রে গোয়াল!
১৭-১৮ আজি মোর হাতে তো'র নহিব নিস্তার॥
মোর সখা, তোর ভাই হয় শিশুপাল।
তা'র ভার্য্যা সাক্ষাতে হরিলি, দুরাচার॥
তো'-সম নির্লজ্জ কেহ নাহি ত্রিভুবনে।
সভা-মধ্যে ভাই-বধ কৈলি অগেয়ানে!

শ্রীভগবানুবাচ

১৯। বৃথা ত্বং কত্থসে মন্দ! ন পশ্যস্ত্যন্তিকেঽন্তকম্। পৌরুষং দর্শয়ন্তি স্ম শূরা ন বহুভাষিণঃ॥
২০। ইত্যুক্ত্বা ভগবান্ শাল্বং গদয়া ভীমবেগয়া। ততাড় জত্রৌ সংরব্ধঃ স চকম্পে বমন্নসৃক্॥
২১। গদায়াং সন্নিবৃত্তায়াং শাল্বস্ত্বন্তরধীয়ত। ততো মুহূর্ত্ত আগত্য পুরুষঃ শিরসাচ্যুতম্।
দেবক্যা প্রহিতোঽস্মীতি নত্বা প্রাহ বচো রুদন্॥
২২। কৃষ্ণ কৃষ্ণ! মহাবাহো! পিতা তে পিতৃবৎসল! বদ্ধাপনীতঃ শাল্বেন সৌনিকেন যথা পশুঃ॥
২৩। নিশম্য বিপ্রিয়ং কৃষ্ণো মানুষীং প্রকৃতিং গতঃ। বিমনস্কো ঘৃণী স্নেহাদ্বভাষে প্রাকৃতো যথা॥
২৪। কথং রামমসম্ভ্রান্তং জিত্বাজেয়ং সুরাসুরৈঃ। শাল্বেনাল্পীয়সা নীতঃ পিতা মে বলবান্ বিধিঃ?
২৫। ইতি ব্রুবাণে গোবিন্দে সৌভরাট্ প্রত্যুপস্থিতঃ। বসুদেবমিবানীয় কৃষ্ণং চেদমুবাচ সঃ॥
২৬। এষ তে জনিতা তাতো যদর্থমিহ জীবসি। বধিষ্যে বীক্ষতস্তেঽমুমীশশ্চেৎ পাহি বালিশ!
২৭। এবং নির্ভর্ৎস্য মায়াবী খড়্গেনানকদুন্দুভেঃ। উৎকৃত্য শির আদায় খস্থং সৌভং সমাবিশৎ॥
২৮। ততো মুহূর্ত্তং প্রকৃতাবুপপ্লুতঃ, স্ববোধ আস্তে স্বজনানুষঙ্গতঃ।
মহানুভাবস্তদবুধ্যদাসুরীং, মায়াং স শাল্বপ্রসৃতাং ময়োদিতাম্॥

তীক্ষ্ণ বাণে আজি তোর হরিব পরাণ।
রণে স্থির হঞা রহ' মোর বিদ্যমান॥'

১৯ শাল্বের বচন শুনি' বলেন শ্রীহরি।
'কেন বেটা এতেক বলিস্ দর্প করি'?
শূর হঞা বিক্রম দেখায় আপনার।
বীর হঞা বচনে না করে' অহঙ্কার॥'

২০ এ বোল বলিয়া হরি গদাপাট তুলি'।
মারিল শাল্বের গালে তীক্ষ্ণ এক বাড়ি॥
কাঁপিয়া উঠিল শাল্ব রক্ত পড়ে ধারে।

২১ অন্তরীক্ষ হঞা গেল আকাশ-উপরে॥
ক্ষণেক অন্তরে এক পুরুষ আসিয়া।
রহিল কৃষ্ণের আগে প্রণাম করিয়া॥
'দৈবকী তোমার মাতা পাঠাইলা মোরে।
নিবেদন করোঁ, নাথ! তোমার গোচরে॥

২২ কৃষ্ণ কৃষ্ণ, মহাবাহু! প্রমাদ ঘটিল।
বান্ধিয়া তোমার পিতা শাল্বে লৈয়া গেল॥
কোন্ বুদ্ধি করিবে, কি হইবে প্রতিকার?
কোন্‌রূপে করিবে পিতার উদ্ধার?'

২৩ এ বোল শুনিঞা কৃষ্ণ ভাবিয়া বিস্ময়।
দুঃখ-শোক পাঞা হরি চিন্তে অতিশয়॥
মানুষ-প্রকৃতি-লীলা প্রকট করিয়া।
কহিতে লাগিলা কিছু বিস্ময় ভাবিয়া॥

২৪ জ্যেষ্ঠ ভাই তথাতে থাকিতে বলরাম।
ত্রিভুবনে নাহি বীর তাঁহার সমান॥
অল্পবল শাল্ব হরি' পিতা লঞা যায়!
বিধি বাম হৈলে লোকে কত দুঃখ পায়!!

২৫ হেনকালে শাল্ব আসি' দিল দরশন।
বসুদেব করে' ধরি' কি বলে' বচন?

২৬ 'হের দেখ, কৃষ্ণ! তোর বসুদেব পিতা।
এইক্ষণে তোর বিদ্যমানে কাটোঁ মাথা॥
যদি, কৃষ্ণ! পারিস্ বাপের রক্ষা কর'।
নহে হের, মাথা কাটি তোমার গোচর॥'

২৭ এতেক বলিয়া শাল্ব খড়্গে কাটি' শির।
আকাশে উড়িয়া গেল শাল্ব মহাবীর॥

২৮ ক্ষণেক রহিলা কৃষ্ণ হঞা মুরছিত।
মানুষ-স্বভাবে চিত্ত করে' নিয়োজিত॥
যদ্যপি পরমানন্দ, শুদ্ধ-জ্ঞানময়।
সঙ্গদোষে তথাপি সকল দোষ হয়॥
এই বুঝাইতে প্রভু নরলীলা করি'।
বুঝায় সকল লোকে এই শিক্ষা ধরি'॥

২৯। ন তত্র দূতং ন পিতুঃ কলেবরং, প্রবুদ্ধ আজৌ সমপশ্যদচ্যুতঃ।
স্বাপ্নং যথা চাম্বরচারিণং রিপুং, সোভস্থমালোক্য নিহন্তমুদ্যতঃ॥
৩০। এবং বদন্তি রাজর্ষে! ঋষয়ঃ কেচনান্বিতাঃ। যৎ স্ববাচো বিরুধ্যেত নূনং তে ন স্মরন্ত্যুত॥
৩১। ক্ব শোকমোহৌ স্নেহো বা ভয়ং বা যেঽজ্ঞসম্ভবাঃ?
ক্ব চাখণ্ডিতবিজ্ঞান-জ্ঞানৈশ্বর্য্যস্বখণ্ডিতঃ?
৩২। যৎপাদসেবোর্জ্জিতয়াত্মবিদ্যয়া, হিন্বন্ত্যনাদ্যাত্মবিপর্য্যয়গ্রহম্।
লভন্ত আত্মীয়মনন্তমৈশ্বরং, কুতো নু মোহঃ পরমস্য সদ্গতেঃ?
৩৩। তং শস্ত্রপূগৈঃ প্রহরন্তমোজসা, শাল্বং শরৈঃ শৌরিরমোঘবিক্রমঃ।
বিদ্ধ্বাচ্ছিনদ্বর্ম্ম ধনুঃ শিরোমণিং, সোভঞ্চ শত্রোর্গদয়া রুরোজ হ॥
৩৪। তৎ কৃষ্ণহস্তেরিতয়া বিচূর্ণিতং, পপাত তোয়ে গদয়া সহস্রধা।
বিসৃজ্য তদ্ভুতলমাস্থিতো গদা,-মুদ্যম্য শাল্বোঽচ্যুতমভ্যগাদ্দ্রুতম্॥
৩৫। আধাবতঃ সগদং তস্য বাহুং, ভল্লেন ছিত্ত্বাথ রথাঙ্গমদ্ভুতম্।
বধায় শাল্বস্য লয়ার্কসন্নিভং, বিভ্রদ্বভৌ সার্ক ইবোদয়াচলঃ॥
৩৬। জহার তেনৈব শিরঃ সকুণ্ডলং, কিরীটযুক্তং পুরুমায়িনো হরিঃ।
বজ্রেণ বৃত্রস্য যথা পুরন্দরো, বভুব হাহেতি বচস্তদা নৃণাম্॥

---

২৯ তবে কৃষ্ণ উঠিলা মেলিয়া দুই আঁখি।
জানিলা শাল্বের মায়া সর্ব্বলোক-সাক্ষী॥
নাহি দূত তথাতে, বাপের কলেবর।
তিলেকে শাল্বের মায়া খণ্ডিলা সকল॥
আকাশে দেখিলা শাল্বে সৌভের উপরে।
ক্রোধ করি' জগন্নাথ উঠিলা সত্বরে॥
৩০ এইরূপ বলে' কোন কোন মুনিগণ।
আপনা আপনে তা'রা না বুঝে বচন॥
৩১ কোথা শোক, কোথা মোহ, কোথা প্রেমভয়?
কোথা বা পরমানন্দ, শুদ্ধ-জ্ঞানময়?
৩২ যাঁহার পদারবিন্দ-সেবা-অনুভাব।
অবিদ্যা বিনাশ করে', হরে' ভবতাপ॥
শান্তজন-গতি-পতি, পুরুষ-পুরাণ।
তবে শোক, তা'র মোহ, কি হয় প্রমাণ?
এইরূপ কেহ কেহ কহে অগেয়ানে।
তা'রা-সব কৃষ্ণের মহিমা নাহি জানে'॥
৩৩ অস্ত্র-শস্ত্রে করে' শাল্ব শর-বরিষণ।
তা' দেখিয়া ক্রোধ কৈলা দৈবকীনন্দন॥
অঙ্গের কবচ কাটি' কৈলা জর-জর।
আর বাণে কাটিলা হাতের ধনু-শর॥
কাটিলা মাথার মণি খরতর শরে।
রথখান চূর্ণ কৈলা গদার প্রহারে॥
৩৪ খণ্ড খণ্ড হঞা রথ পড়িল সাগরে।
লম্ফ দিয়া তবে শাল্ব পড়ে ভূমিতলে॥
গদাপাট তুলি' শাল্ব হৈল আগুয়ান।
৩৫ গদা-সহ বাহু কাটি' কৈলা দুইখান॥
ভল্লাস্ত্রে কাটিলা ভুজ প্রভু চক্রধর।
তবে চক্র তোলে, যেন প্রলয়-অনল॥
চক্র করে ধরি' হরি জ্বলে অতিশয়।
উদয়-পর্ব্বতে যেন সূর্য্যের উদয়॥
৩৬ চক্রে মাথা কাটিলা শাল্বের চক্রধর।
ভূমিতে পড়িল মাথা, মুকুট, কুণ্ডল॥
বজ্রে যেন পর্ব্বত কাটিলা পুরন্দরে।
'হাহাকার' শবদ উঠিল ক্ষিতিতলে॥

৩৭। তস্মিন্ নিপতিতে পাপে সৌভে চ গদয়া হতে। নেদুর্দুন্দুভয়ো রাজন্! দিবি দেবগণেরিতাঃ।
সখীনামপচিতিং কুর্ব্বন্ দন্তবক্রো রুষাভ্যগাৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে সৌভবধো নাম সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৭॥

---

৩৭ সৌভ-সহে শাল্ব যদি পড়িল সংগ্রামে। ধীর-শিরোমণি শ্রীল-গদাধর জান।
তবে যুঝিবারে আইলা দন্তবক্র-নামে॥" ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৭॥

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। শিশুপালস্য শাল্বস্য পৌণ্ড্রকস্যাপি দুর্ম্মতিঃ। পরলোকগতানাঞ্চ কুর্ব্বন্ পারোক্ষ্যসৌহৃদম্॥
২। একঃ পদাতিঃ সংক্রুদ্ধো গদাপাণিঃ প্রকম্পয়ন্। পদ্ভ্যামিমাং মহারাজ! মহাসত্ত্বো ব্যদৃশ্যত॥
৩। তং তথায়ান্তমালোক্য গদামাদায় সত্বরঃ। অবপ্লুত্য রথাৎ কৃষ্ণঃ সিন্ধুং বেলেব প্রত্যধাৎ॥
৪। গদামুদ্যম্য কারূষো মুকুন্দং প্রাহ দুর্ম্মদঃ। দিষ্ট্যা দিষ্ট্যা ভবানদ্য মম দৃষ্টিপথং গতঃ॥
৫। ত্বং মাতুলেয়ো নঃ কৃষ্ণ! মিত্রধ্রুঙ্ মাং জিঘাংসসি। অতস্ত্বাং গদয়া মন্দ! হরিষ্যে বজ্রকল্পয়া॥
৬। তস্যাঽনৃণ্যমুপৈম্যজ্ঞ! মিত্রাণাং মিত্রবৎসলঃ। বন্ধুরূপমরিং হত্বা ব্যাধিং দেহচরং যথা॥
৭। এবং রূক্ষৈস্তুদন্ বাক্যৈঃ কৃষ্ণং তোত্রৈরিব দ্বিপম্। গদয়াতাড়য়ন্মূর্দ্ধি সিংহবদ্ব্যনদচ্চ সঃ॥
৮। গদয়াভিহতোঽপ্যাজৌ ন চচাল যদূদ্বহঃ। কৃষ্ণোঽপি তমহন্ গুর্ব্ব্যা কৌমোদক্যা স্তনান্তরে॥
৯। গদানিভিন্নহৃদয় উদ্বমন্ রুধিরং মুখাৎ। প্রসার্য্য কেশবাহ্বঙ্ঘ্রীন্ ধরণ্যাং ন্যপতদ্ব্যসুঃ॥

[কর্ণাট-রাগ]

১ "শিশুপাল, শাল্ব যদি পড়িল সংগ্রামে।
পড়িল পৌণ্ড্রক যদি তীক্ষ্ণ চক্রবাণে॥
শুধিবারে আইল বীর বন্ধুগণ-ধার।
দন্তবক্র-নামে এক মহা-দুরাচার॥

২ পদভরে পৃথিবী করয়ে টলমল।
গদা লঞা আইল বীর করিতে সমর॥

৩ গদা-হাতে দৈত্যেরে দেখিয়া গদাধর।
গদা ধরি' রথ হৈতে ঝাম্পিলা সত্বর॥

৪ গদাধর দেখিয়া কি বলে' দন্তবক্র?
"ভাল, কৃষ্ণ! আজি তোর দূর করো দর্প॥

৫ ভাল, মিত্রদ্রোহী তুঞি, মাতুলেয় মোর।
গদার প্রহারে তোরে করিব সংহার॥

৬ তবে আজি শুধিব বান্ধবগণ-ঋণ।
বন্ধুরূপে শত্রু তুমি, ধর' নর-চিহ্ন॥'

৭ এইরূপে রূক্ষবাণী বলি' অতিশয়।
সিংহনাদ করিয়া ডাকিল দুরাশয়॥
মারিল গদার বাড়ি কৃষ্ণের উপরে।

৮ তবু না টলিলা হরি গদার প্রহারে॥
তবে কৌমোদকী গদা তুলিয়া শ্রীহরি।
বুকের উপরে তা'র মারে এক বাড়ি॥

৯ বুক ভাঙ্গি' দন্তবক্র হৈল দুই চির।
ঝলকে-ঝলকে পড়ে মুখেতে রুধির॥
হস্ত-পদ আছাড়িয়া তেজিল শরীর।
ভূমিতলে পড়িল দারুণ মহাবীর॥

১০। ততঃ সূক্ষ্মতরং জ্যোতিঃ কৃষ্ণমাবিশদদ্ভুতম্। পশ্যতাং সর্ব্বভূতানাং যথা চৈদ্যবধে নৃপ!
১১। বিদূরথস্তু তদ্‌ভ্রাতা ভ্রাতৃশোকপরিপ্লুতঃ। আগচ্ছদসিচর্ম্মভ্যামুচ্ছ্বসংস্তজ্জিঘাংসয়া॥
১২। তস্য চাপততঃ কৃষ্ণশ্চক্রেণ ক্ষুরনেমিনা। শিরো জহার রাজেন্দ্র! সকিরীটং সকুণ্ডলম্॥
১৩। এবং সৌভঞ্চ শাল্বঞ্চ দন্তবক্রং সহানুজম্। হত্বা দুর্ব্বিষহানন্যৈরীড়িতঃ সুরমানবৈঃ॥
১৪। মুনিভিঃ সিদ্ধগন্ধর্ব্বৈর্বিদ্যাধরমহোরগৈঃ। অপ্সরোভিঃ পিতৃগণৈর্যক্ষৈঃ কিন্নরচারণৈঃ॥
১৫। উপগীয়মানবিজয়ঃ কুসুমৈরভিবর্ষিতঃ। বৃতশ্চ বৃষ্ণিপ্রবরৈর্বিবেশালঙ্কৃতাং পুরীম্॥
১৬। এবং যোগেশ্বরঃ কৃষ্ণো ভগবান্ জগদীশ্বরঃ। ঈয়তে পশুদৃষ্টীনাং নির্জ্জিতো জয়তীতি সঃ॥
১৭। শ্রুত্বা যুদ্ধোদ্যমং রামঃ কুরূণাং সহ পাণ্ডবৈঃ। তীর্থাভিষেকব্যাজেন মধ্যস্থঃ প্রযযৌ কিল॥
১৮। স্নাত্বা প্রভাসে সন্তর্প্য দেবর্ষিপিতৃমানবান্। সরস্বতীং প্রতিস্রোতং যযৌ ব্রাহ্মণসংবৃতঃ॥
১৯। পৃথূদকং বিন্দুসরস্ত্রিতকূপং সুদর্শনম্। বিশালাং ব্রহ্মতীর্থঞ্চ চক্রং প্রাচীং সরস্বতীম্॥
২০। যমুনামনু যান্যেব গঙ্গামনু চ ভারত! জগাম নৈমিষং যত্র ঋষয়ঃ সত্রমাসতে॥

---

১০ সূক্ষ্ম তেজ উঠিল দৈত্যের দেহ-হনে।
কৃষ্ণে পরবেশ কৈল, দেখে সর্ব্বজনে॥

১১ বিদূরথ তা'র ভাই, শোকেতে ব্যাকুল।
খড়্গ-চর্ম্ম ধরি' বীর ডাকিল নিষ্ঠুর॥

১২ কৃষ্ণে মারিবারে বীর হৈল আগুসার।
চক্রে মাথা কাটি' তা'রে করিল সংহার॥
কিরীট-কুণ্ডল-সহে বিদূরথ-শির।
ভূমিতে পড়িয়া তা'র লোটায় শরীর॥

১৩-১৫ এইরূপে সৌভ, শাল্ব, দন্তবক্র কাটি'।
বিদূরথ-আদি আর বীর কোটি-কোটি॥
দ্বারকা প্রবেশ কৈলা দৈবকীনন্দন।
সুরগণে স্তুতি করে', পুষ্প-বরিষণ॥
গন্ধর্ব্ব-কিন্নরে গায়, নাচে বিদ্যাধরী।
সিদ্ধ-মুনিগণে স্তুতি করে' মন্ত্র পড়ি'॥
পিতৃগণ, যক্ষগণ, বিদ্যাধরগণ।
কৃষ্ণের মহিমা-যশ করয়ে কীর্ত্তন॥
চৌদিকে বেষ্টিত প্রভু যদুশ্রেষ্ঠগণে।
দ্বারকা প্রবেশ কৈলা সবল-বাহনে॥

১৬ মহাযোগেশ্বর হরি, পূর্ণ ভগবান্।
জগত-ঈশ্বর, প্রভু, সর্ব্বগুণধাম॥
বিচারে না দেখি' যাঁ'র জয়-পরাজয়।
পশুবুদ্ধি-জনে তা'থে করয়ে নির্ণয়॥

১৭ কুরুবংশে পাণ্ডুবংশে বাজিব সংগ্রাম।
দুইগণে বিস্তর শান্তিলা বলরাম॥
আপনে মধ্যস্থ হঞা কৈলা নিবারণ।
নিবারিতে না পারিলা কৃষ্ণের ঘটন॥
তীর্থ-পর্য্যটন গেলা প্রভু বলরাম।
প্রথমে প্রভাসে গিয়া কৈলা তীর্থস্নান॥

১৮ দেব-ঋষি-পিতৃগণ করিয়া তর্পণ।
তবে সরস্বতী-তীরে কৈলা আগমন॥
তবে প্রতিস্রোতা-নদী-জলে করি' স্নান।

১৯ পৃথূদক-নাম-তীর্থে গেলা বলরাম॥
বিন্দুসর, ত্রিতকূপ, তবে সুদর্শন।
বিশালা-নদীর জলে করিয়া মজ্জন॥
ব্রহ্মতীর্থ, চক্রতীর্থ প্রাচী-সরস্বতী।

২০ তবে যমুনার তীরে গেলা যদুপতি॥
গঙ্গাস্নান করি' গেলা নৈমিষ-অরণ্যে।
ষাটি-সহস্র তথা বৈসে মুনিগণে॥
যজ্ঞ লক্ষ্য করি' তথা আছে মুনিগণে।
তা'-সভার সহে রাম কৈলা সম্ভাষণ॥

২১। তমাগতমভিপ্রেত্য মুনয়ো দীর্ঘসত্রিণঃ। অভিনন্দ্য যথান্যায়ং প্রণম্যোত্থায় চার্চ্চয়ন্॥
২২। সোঽচ্চিতঃ সপরীবারঃ কৃতাসনপরিগ্রহঃ। রোমহর্ষণমাসীনং মহর্ষেঃ শিষ্যমৈক্ষত॥
২৩। অপ্রত্যুত্থায়িনং সূতমকৃতপ্রহ্বণাঞ্জলিম্। অধ্যাসীনঞ্চ তান্ বিপ্রাংশ্চুকোপোদ্বীক্ষ্য মাধবঃ॥
২৪। কস্মাদসাবিমান্ বিপ্রানধ্যাস্তে প্রতিলোমজঃ। ধর্ম্মপালাংস্তথৈবাস্মান্ বধমর্হতি দুর্ম্মতিঃ?
২৫। ঋষের্ভগবতো ভুত্বা শিষ্যোঽধীত্য বহূনি চ। সেতিহাসপুরাণানি ধর্ম্মশাস্ত্রাণি সর্ব্বশঃ॥
২৬। অদান্তস্যাবিনীতস্য বৃথাপণ্ডিতমানিনঃ। ন গুণায় ভবন্তি স্ম নটস্যেবাজিতাত্মনঃ॥
২৭। এতদর্থো হি লোকেঽস্মিন্নবতারো ময়া কৃতঃ।
বধ্যা মে ধর্ম্মধ্বজিনস্তে হি পাতকিনোঽধিকাঃ॥
২৮। এতাবদুক্ত্বা ভগবান্ নিবৃত্তোঽসদ্বধাদপি। ভাবিত্বাৎ তং কুশাগ্রেণ করস্থেনাহনৎ প্রভুঃ॥
২৯। হাহেতি-বাদিনঃ সর্ব্বে মুনয়ঃ খিন্নমানসাঃ। ঊচুঃ সঙ্কর্ষণং দেবমধর্ম্মস্তে কৃতঃ প্রভো!
৩০। অস্য ব্রহ্মাসনং দত্তমস্মাভির্যদুনন্দন! আয়ুশ্চাত্মাক্লমং তাবদ্যাবৎ সত্রং সমাপ্যতে॥
৩১। অজানতৈবাচরিতস্ত্বয়া ব্রহ্মবধো যথা। যোগেশ্বরস্য ভবতো নাম্নায়োঽপি নিয়ামকঃ॥
৩২। যদ্যেতদ্ব্রহ্মহত্যায়াঃ পাবনং লোকপাবন! চরিষ্যতি ভবান্ লোকসংগ্রহোঽনন্যচোদিতঃ॥

---

২১ উঠিয়া প্রণাম কৈলা যত মুনিগণ।
পাদ্য-অর্ঘ্য দিয়া পূজে রামের চরণ॥

২২ পূজিয়া বসায় রামে কনক-আসনে।
সগণে পূজিলা রামে আতিথ্য-বিধানে॥
বেদব্যাস-শিষ্য তথা রোমহরষণ।
সভার ভিতরে আছে করিয়া আসন॥

২৩ পুরাণ বাখানে সূত মুনি-বিদ্যমানে।
আসন তেজিয়া না উঠিল সভা-হনে॥
তবে ক্রোধ কৈলা রাম দেখিয়া দুর্নয়।

২৪ 'শূদ্র হঞা ব্রাহ্মণে পঢ়ায় দুরাশয়॥
ধর্ম্মপাল আমি, শাস্তি করিব উচিত।

২৫ ব্যাস-শিষ্য হঞা হেন করয়ে দুর্নীত!!
ধর্ম্মশাস্ত্র, পুরাণ, যতেক ইতিহাস।
সকল পঢ়িয়া এত বড় মতিনাশ!!

২৬ বিনয়বিহীন, দুষ্টমতি, দম্ভময়।
দুষ্টগণ-গুণ কভু শুভ-হেতু নয়॥

২৭ এই সে কারণে আমি কৈলুঁ অবতার।
পাষণ্ডী, দুর্জ্জন জনে করিব সংহার॥'

২৮ এতেক বচন বলি' প্রভু বলরাম।
ক্রোধ তেজি' দিলা তবে চিত্তে সমাধান।

অসৎ-দুর্গতি-বধে কোন্ প্রয়োজন?
তভু তা'র আছে এই অদৃষ্টে লিখন॥

কুশ-অগ্র দিয়া মাত্র অঙ্গ পরশিল।
সেইক্ষণে ব্যাস-শিষ্য প্রাণ ছাড়ি' গেল॥

২৯ 'হাহাকার'-শবদ উঠিল মুনিগণে।
বিষাদ ভাবিয়া মুনি চিন্তে মনে-মনে॥

অধর্ম্ম করিলে, রাম! না করিলে ভাল।
আপনে ঈশ্বর হঞা কৈলা দুরাচার?

৩০ ব্রহ্মাসন দিয়া আছি সভার ভিতরে।
পরমায়ু, বুদ্ধি, বল দিলুঁ কলেবরে॥

সভাতে বসিয়া সূত পড়িব পুরাণ।
যাবত মুনির যজ্ঞ হয় সমাধান॥

৩১ ব্রহ্মবধ তুমি, নাথ! কৈলে অজানিত।
ঈশ্বরের কর্ম্ম কভু নহে বিপরীত॥

যদ্যপি ঈশ্বর নহে বেদের বাধিত।
৩২ তথাপি করিব ব্রহ্মবধ-প্রায়শ্চিত্ত॥

বেদপথ-রক্ষা-হেতু ঈশ্বরের কর্ম্ম।
ঈশ্বরে সে বুঝায় সকল লোক-ধর্ম্ম॥

শ্রীভগবানুবাচ

৩৩। চরিষ্যে বধনির্ব্বেশং লোকানুগ্রহকাম্যয়া। নিয়মঃ প্রথমে কল্পে যাবান্ স তু বিধীয়তাম্॥
৩৪। দীর্ঘমায়ুর্ব্বলৈতস্য সত্ত্বমিন্দ্রিয়মেব চ। আশাসিতং যত্তৎক্রত সাধয়ে যোগমায়য়া॥

শ্রীঋষয় ঊচুঃ

৩৫। অস্ত্রস্য তব বীর্য্যস্য মৃত্যোরস্মাকমেব চ। যথা ভবেদ্বচঃ সত্যং তথা রাম! বিধীয়তাম্॥

শ্রীভগবানুবাচ

৩৬। আত্মা বৈ পুত্র উৎপন্ন ইতি বেদানুশাসনম্। তস্মাদস্য ভবেদ্বক্তা আয়ুরিন্দ্রিয়সত্ত্ববান্॥
৩৭। কিং বঃ কামো মুনিশ্রেষ্ঠা ব্রূতাহং করবাণ্যথ। অজানতস্ত্বপচিতিং যথা মে চিন্ত্যতাং বুধাঃ!

শ্রীঋষয় ঊচুঃ

৩৮। ইল্বলস্য সুতো ঘোরো বল্বলো নাম দানবঃ। স দূষয়তি নঃ সত্রমেত্য পর্ব্বণি পর্ব্বণি॥
৩৯। তং পাপং জহি দাশার্হ! তন্নঃ শুশ্রূষণং পরম্। পূয়শোণিতবিণ্মূত্র-সুরামাংসাভিবর্ষিণম্॥
৪০। ততশ্চ ভারতং বর্ষং পরীত্য সুসমাহিতঃ। চরিত্বা দ্বাদশ মাসাংস্তীর্থস্নায়ী বিশুধ্যসে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবলদেবচরিত্রে বল্বলবধোপক্রমো নামাষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৮॥

---

৩৩ তবে প্রভু বলরাম বলে' কোন্ বাণী ?
'কহ ব্রহ্মবধ-প্রায়শ্চিত্ত-তত্ত্ব, মুনি !
প্রথমে করিব কিবা নিয়ম-আচার ?
যে-যে-রূপে হয় ব্রহ্মবধ-প্রতিকার ?
৩৪ দীর্ঘ পরমায়ু, বল, দিব তত্ত্ব-জ্ঞান।
যোগবলে সকল সাধিব বিদ্যমান॥'
৩৫ রামের বচন শুনি' বলে' মুনিগণ।
'শুন, রাম মহাভুজ ! মোদের বচন॥
অস্ত্রের সাফল্য তুমি করিবে সর্ব্বথা।
সূতের মরণ কভু নহিব অন্যথা॥
মুনিগণ-বচন করিতে চাহ তথ্য।
হেন কর্ম্ম কর', যাথে সব হয় সত্য॥'
৩৬ তবে বলরাম বলে',—'শুন, মুনিগণ !
পুত্ররূপে হয় গিয়া পিতার জনম॥
'আত্মা বৈ জায়তে পুত্রঃ' ইতি বেদবাণী।
তে-কারণে ধর্ম্মসার কহি তত্ত্ব জানি'॥
ইঁহার তনয় আছে উগ্রশ্রবা নাম।
মুনির সভাতে বসি' পঢ়ুক পুরাণ॥
দীর্ঘ পরমায়ু দিলুঁ মহা-বুদ্ধিবল।
৩৭ কহ, মুনিগণ ! আর বিধিবিদাংবর॥
৩৮ মুনিগণ বলে',—'শুন, প্রভু হলধারী !
দুষ্ট বিনাশিয়া সাধু-পরিত্রাণকারী॥
ইল্বলের পুত্র আছে বল্বল অসুর।
রক্ত-মাংস বরিষয়ে, গর্জ্জয়ে নিষ্ঠুর॥
পর্ব্বে-পর্ব্বে আসি' করে' যজ্ঞের দূষণ।
৩৯ রক্ত-মাংস-মল-মূত্র করে' বরিষণ॥
তাহাকে মারিয়া কর' তীর্থ-পর্য্যটন।
৪০ ভারতবরিষ আইস করিয়া ভ্রমণ॥
তীর্থস্নান করি' হইব শুদ্ধ কলেবর।'
এই বোল শুনিয়া তবে রহিলা হলধর॥"
ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৮॥

একোনাশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। ততঃ পর্ব্বণ্যুপাবৃত্তে প্রচণ্ডঃ পাংশুবর্ষণঃ। ভীমো বায়ুরভূদ্রাজন্! পূয়গন্ধস্তু সর্ব্বশঃ॥
২। ততোঽমেধ্যময়ং বর্ষং বল্বলেন বিনির্ম্মিতম্। অভবদ্‌যজ্ঞশালায়াং সোঽন্বদৃশ্যত শূলধৃক্॥
৩। তং বিলোক্য বৃহৎকায়ং ভিন্নাঞ্জনচয়োপমম্। তপ্ততাম্রশিখাশ্মশ্রুং দংষ্ট্রোগ্রভ্রুকুটীমুখম্॥
৪। সস্মার মুষলং রামঃ পরসৈন্যবিদারণম্। হলঞ্চ দৈত্যদমনং তে তূর্ণমুপতস্থতুঃ॥
৫। তমাকৃষ্য হলাগ্রেণ বল্বলং গগনেচরম্। মুষলেনাহনৎ ক্রুদ্ধো মূর্দ্ধ্নি ব্রহ্মদ্রুহং বলঃ॥
৬। সোঽপতদ্ভুবি নির্ভিন্ন-ললাটোঽসৃক্ সমুৎসৃজন্। মুঞ্চন্নার্ত্তস্বরং শৈলো যথা বজ্রহতোঽরুণঃ॥
৭। সংস্তুত্য মুনয়ো রামং প্রযুজ্যাবিতথাশিষঃ। অভ্যষিঞ্চন্ মহাভাগা বৃত্রঘ্নং বিবুধা যথা॥
৮। বৈজয়ন্তীং দদুর্ম্মালাং শ্রীধামাম্লানপঙ্কজাম্। রামায় বাসসী দিব্যে দিব্যান্যাভরণানি চ॥
৯। অথ তৈরভ্যনুজ্ঞাতঃ কৌশিকীমেত্য ব্রাহ্মণৈঃ। স্নাত্বা সরোবরমগাদ্‌যতঃ সরযূরাস্রবৎ॥
১০। অনুস্রোতেন সরযুং প্রয়াগমুপগম্য সঃ। স্নাত্বা সন্তর্প্য দেবাদীন্ জগাম পুলহাশ্রমম্॥
১১। গোমতীং গণ্ডকীং স্নাত্বা বিপাশাং শোণ আপ্লুতঃ। গয়াং গত্বা পিতৃনিষ্ট্বা গঙ্গাসাগরসঙ্গমে॥

[সিন্ধুড়া-রাগ]

১ "তবে পর্ব্বকাল আসি' দিল দরশন।
যজ্ঞের উপরে হৈল ধূলা-বরিষণ॥
বিপরীত-গন্ধ বহে, বায়ু ভয়ঙ্কর।
২ বিষ্ঠামূত্র বরিষয়ে যজ্ঞের উপর॥
তবে রাম বল্বলে দেখিলা শূন্যপথে।
আকাশে ভ্রময়ে দৈত্য শূল ধরি' হাথে॥
৩ দন্ত-মুখ বিকট, পিঙ্গল জটাভার।
ধূম্রবর্ণ কলেবর, পর্ব্বত-আকার॥
৪ তবে রাম সঙরিল শ্রীহল-মুষল।
পরচক্র-বিদারণ, প্রলয়-অনল॥
সেইক্ষণে দুই অস্ত্র দিলা দরশন।
৫ লাঙ্গল তুলিলা রাম দুষ্ট-বিনাশন॥
মুষল ধরিয়া রাম আকাশে ফিরায়।
লাঙ্গল লাগাঞা গলে টানিয়া নাম্বায়॥
ক্রোধ করি' মাইলা এক মুষলের বাড়ি।
৬ ভূমেতে পড়িল দৈত্য আর্ত্তনাদ করি'॥
ভাঙ্গিল দৈত্যের মাথা, হৈল শতখান।
রুধির উগারে ধারে, তেজিল পরাণ॥
মারিলা বল্বল-দৈত্য প্রভু হলধর।
বজ্রে যেন পর্ব্বত কাটিলা পুরন্দর॥
৭ মুনিগণ স্তুতি করে' 'জয় জয়' নাদ।
শিরে হাত দিয়া মুনি করে' আশীর্ব্বাদ॥
পুণ্যজলে অভিষেক কৈলা মুনিগণে।
বৃত্রবধে ইন্দ্র যেন দেবের সদনে॥
৮ অমল-কমল-মালা, দিলা দিব্য-বাস।
বৈজয়ন্তী মালা দিলা তড়িত-বিলাস॥
দিব্য-গন্ধ-চন্দন, বিবিধ অলঙ্কার।
রামের চরণে দিলা নানা উপহার॥
৯ আজ্ঞা দিলা মুনিগণ তীর্থ-পর্য্যটনে।
চলিলা রোহিণী-সুত মুনির বচনে॥
প্রথমে কৌশিকী-জলে করিয়া মজ্জন।
তবে সরোবর-তীরে হৈলা উপসন্ন॥
যাহা হৈতে সরযূ-নদীর উপাদান।
হেন পুণ্যজলে গিয়া কৈলা স্নান-দান॥
১০ প্রয়াগে আসিয়া তবে রোহিণী-নন্দন।
পুণ্যজলে কৈলা স্নান, দেবতা-তর্পণ॥
১১ পুলহ-আশ্রমে গেলা গোমতীর তীরে।
তবে স্নান কৈলা গিয়া গণ্ডকীর জলে॥

১২। উপস্পৃশ্য মহেন্দ্রাদৌ রামং দৃষ্ট্বাভিবাদ্য চ।
সপ্তগোদাবরীং বেণ্বাং পম্পাং ভীমরথীং ততঃ॥
১৩। স্কন্দং দৃষ্ট্বা যযৌ রামঃ শ্রীশৈলং গিরিশালয়ম্।
দ্রবিড়েষু মহাপুণ্যং দৃষ্ট্বাদ্রিং বেঙ্কটং প্রভুঃ॥
১৪। কামকোষ্ণীং পুরীং কাঞ্চীং কাবেরীঞ্চ সরিদ্বরাম্।
শ্রীরঙ্গাখ্যং মহাপুণ্যং যত্র সন্নিহিতো হরিঃ॥
১৫। ঋষভাদ্রিং হরেঃ ক্ষেত্রং দক্ষিণাং মথুরাং তথা। সামুদ্রং সেতুমগমন্মহাপাতকনাশনম্॥
১৬। তত্রাযুতমদাদ্ধেনূর্ব্রাহ্মণেভ্যো হলায়ুধঃ। কৃতমালাং তাম্রপর্ণীং মলয়ঞ্চ কুলাচলম্॥
১৭। তত্রাগস্ত্যং সমাসীনং নমস্কৃত্যাভিবাদ্য চ। যোজিতস্তেন চাশীভিরনুজ্ঞাতো গতোঽর্ণবম্।
দক্ষিণং তত্র কন্যাখ্যাং দুর্গাং দেবীং দদর্শ সঃ॥
১৮। ততঃ ফাল্গুনমাসাদ্য পঞ্চাপ্সরসমুত্তমম্। বিষ্ণুঃ সন্নিহিতো যত্র স্নাত্বাস্পর্শদ্গবাযুতম্॥
১৯। ততোঽভিব্রজ্য ভগবান্ কেরলাংস্তু ত্রিগর্ত্তকান্।
গোকর্ণাখ্যং শিবক্ষেত্রং সান্নিধ্যং যত্র ধূর্জ্জটেঃ॥
২০। আর্য্যাং দ্বৈপায়নীং দৃষ্ট্বা শূর্পারকমগাদ্বলঃ।
তাপীং পয়োষ্ণীং নির্ব্বিন্ধ্যামুপস্পৃশ্যাথ দণ্ডকম্॥

বিপাশা তরিয়া কৈলা শোন-নদে স্নান।
তবে গয়ায় কৈলা গিয়া পিতৃপিণ্ড দান॥

তবে গঙ্গা-সাগর-সঙ্গমে স্নান করি'।
১২ মহেন্দ্র-পর্ব্বতে গেলা দুর্গ পথ তরি'॥

রাম দরশন করি' বন্দিয়া চরণ।
সপ্ত-গোদাবরী-জলে করিলা মজ্জন॥

বেণ্বা-পম্পা-ভীমরথী মজ্জন করিয়া।
১৩ শ্রীশৈল-পর্ব্বতে গেলা কার্ত্তিক দেখিয়া॥

দ্রাবিড়ে চলিলা শিব দরশন করি'।
তবে গেলা বেঙ্কট-পর্ব্বতরাজে তরি'॥

১৪ কামকোষ্ঠী তবে রাম গেলা কাঞ্চীপুরী।
কাবেরী তরিয়া গেলা স্নান-দান করি'॥

শ্রীরঙ্গ দেখিলা তবে মহাপুণ্য-স্থান।
আপনে যাহাতে হরি নিত্য-সন্নিধান॥

১৫ হরিক্ষেত্র তরি' গেলা ঋষভ-পর্ব্বতে।
দক্ষিণ-মথুরা তবে গেলা পুণ্যপথে॥

সেতুবন্ধে গিয়া স্নান কৈলা সিন্ধুজলে।
১৬ অযুত গো-দান কৈলা ব্রাহ্মণের তরে॥

কৃতমালা, তাম্রপর্ণী, মলয় তরিলা।
১৭ কুলাচলে গিয়া তবে অগস্ত্য দেখিলা॥

মুনির চরণে রাম কৈলা দণ্ডপাত।
চলিলা দক্ষিণমুখে লঞা আশীর্ব্বাদ॥

দক্ষিণ সাগরে গিয়া হৈলা উপসন্ন।
তথা গিয়া কন্যাদেবী কৈলা দরশন॥

১৮ অর্জ্জুন দেখিয়া তবে গেলা পঞ্চাপ্সর।
অযুত গো-দান তথা কৈলা হলধর॥

বিষ্ণু সন্নিহিত তথা, মহা পুণ্যস্থান।
তথা গিয়া বলরাম কৈলা মহাদান॥

১৯ কেরল, ত্রিগর্ত্তদেশ করিয়া লঙ্ঘন।
গোকর্ণে শঙ্কর গিয়া কৈলা দরশন॥

২০ আর্য্যাদেবী দ্বৈপায়নী দরশন করি'।
তবে রাম গেলা সূর্পারক-তীর্থ তরি'॥

২১। প্রবিশ্য রেবামগমদ্‌যত্র মাহিষ্মতী পুরী। মনুতীর্থমুপস্পৃশ্য প্রভাসং পুনরাগমৎ॥
২২। শ্রুত্বা দ্বিজৈঃ কথ্যমানং কুরুপাণ্ডবসংযুগে। সর্ব্বরাজন্যনিধনং ভারং মেনে হৃতং ভুবঃ॥
২৩। স ভীমদুর্য্যোধনয়োর্গদাভ্যাং যুধ্যতোর্মৃধে। বারয়িষ্যন্ বিনশনং জগাম যদুনন্দনঃ॥
২৪। যুধিষ্ঠিরস্তু তং দৃষ্ট্বা যমৌ কৃষ্ণার্জ্জুনাবপি। অভিবাদ্যাভবংস্তূষ্ণীং কিং বিবক্ষুরিহাগতঃ?
২৫। গদাপাণী উভৌ দৃষ্ট্বা সংরব্ধৌ বিজয়ৈষিণৌ। মণ্ডলানি বিচিত্রাণি চরন্তাবিদমব্রবীৎ॥
২৬। যুবাং তুল্যবলৌ বীরৌ হে রাজন্! হে বৃকোদর!
একং প্রাণাধিকং মন্যে উতৈকং শিক্ষয়াধিকম্॥
২৭। তস্মাদেকতরস্যেহ যুবয়োঃ সমবীর্য্যয়োঃ। ন লক্ষ্যতে জয়োঽন্যো বা বিরমত্বফলো রণঃ॥
২৮। ন তদ্বাক্যং জগৃহতুর্বদ্ধবৈরৌ নৃপার্থবৎ। অনুস্মরন্তাবন্যোঽন্যং দুরুক্তং দুষ্কৃতানি চ॥
২৯। দিষ্টং তদনুমন্বানো রামো দ্বারবতীং যযৌ। উগ্রসেনাদিভিঃ প্রীতৈর্জ্ঞাতিভিঃ সমুপাগতঃ॥
৩০। তং পুনর্নৈমিষং প্রাপ্তমৃষয়োঽযাজয়ন্মুদা। ক্রত্বঙ্গং ক্রতুভিঃ সর্ব্বৈর্নিবৃত্তাখিলবিগ্রহম্॥
৩১। তেভ্যো বিশুদ্ধং বিজ্ঞানং ভগবান্ ব্যতরদ্বিভুঃ। যেনৈবাত্মন্যদো বিশ্বমাত্মানং বিশ্বগং বিদুঃ॥

তাপী-নদী, পয়োষ্ণী, নির্ব্বিন্ধ্যা করি' স্নান।
দণ্ডক-অরণ্যে তবে গেলা বলরাম॥

২১ তবে রেবাতীরে গেলা মাহিষ্মতী পুরী।
মনুতীর্থ-পুণ্যজলে স্নান-দান করি'॥
প্রভাসে আসিয়া রাম তবে উত্তরিলা।

২২ ভারত-যুদ্ধের কথা তথায় শুনিলা॥
বন্ধুগণ-নিধন শুনিঞা দ্বিজমুখে।
ক্ষণেক চিন্তিয়া রাম রহে দুঃখশোকে॥
জানিলা পৃথ্বীর ভার হরিলা শ্রীহরি।
বুঝিয়া রহিলা রাম শোক পরিহরি'॥

২৩ গদাযুদ্ধ করি' যুঝে ভীম-দুর্য্যোধন।
লোকমুখে শুনিলা এ-সব বিবরণ॥
কুরুক্ষেত্রে গেলা রাম যুদ্ধ নিবারিতে।

২৪ যুধিষ্ঠির দেখিয়া সন্তোষ পাইলা চিতে॥
সহদেব, নকুল করিয়া সম্ভাষণ।
ভক্তিভাবে পূজে দোঁহে রামের চরণ॥
কৃষ্ণ-অর্জ্জুনের সহে করিয়া সম্ভাষা।
সর্ব্ব বীরগণে কৈলা কুশল জিজ্ঞাসা॥
'কোন্ কার্য্যে এখানে রামের আগমন?'
নিঃশবদে রহিল সকল বীরগণ॥

২৫ ভীম-দুর্য্যোধনে যুদ্ধ গদার প্রহারে।
দুই বীরে গদাযুদ্ধ করে' নিরন্তরে॥
দুই বীরে যুঝে, কারো নাহি জয়-ভঙ্গ।
ক্রোধে মুরছিত দোঁহে, বজ্রসম অঙ্গ॥

২৬ তা' দেখিয়া বলে' রামে 'আরে দুর্য্যোধন!
শুন শুন, বৃকোদর, আমার বচন॥
দুর্য্যোধন শিষ্য মোর, প্রাণ-সমতুল।
প্রাণের অধিক ভীম, এহ নহে দূর॥

২৭ সমবল দুঁহে, যুদ্ধ কর' কি কারণ?
ব্যর্থ যুদ্ধ করি' কেন পাও পরিশ্রম?
দুঁহে যুদ্ধ ছাড়ি' রহ আমার বচনে।'

২৮ তবু যুদ্ধ না ছাড়িল তা'রা দুই জনে॥

২৯ অদৃষ্ট মানিঞা রাম রহি' নিঃশবদে।
দ্বারকা চলিয়া রাম গেলা এই মতে॥
রামে দেখি' আনন্দে উঠিল বন্ধুগণে।

৩০ পুনরপি গেলা রাম নৈমিষ-অরণ্যে॥
যজ্ঞ করাইল তবে মুনিগণ মেলি'।
যজ্ঞময়, যজ্ঞপতি, যজ্ঞ-অধিকারী॥

৩১ তুষ্ট হৈঞা তবে রাম দিলা তত্ত্বজ্ঞান।
যাহা হৈতে জানি—সব তড়িত-সমান॥

৩২। **স্বপত্ন্যাবভৃথস্নাতো জ্ঞাতিবন্ধুসুহৃদ্বৃতঃ। রেজে স্বজ্যোৎস্নয়েবেন্দুঃ সুবাসাঃ সুষ্ঠ্বলঙ্কৃতঃ॥**
৩৩। **ঈদৃগ্বিধান্যসংখ্যানি বলস্য বলশালিনঃ। অনন্তস্যাপ্রমেয়স্য মায়ামর্ত্যস্য সন্তি হি॥**
৩৪। **যোঽনুস্মরেত রামস্য কর্ম্মাণ্যদ্ভুতকর্ম্মণঃ। সায়ং প্রাতরনন্তস্য বিষ্ণোঃ স দয়িতো ভবেৎ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবলদেব-তীর্থযাত্রানিরূপণং নামৈকোনাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৭৯॥

---

৩২ যজ্ঞ সমাপিয়া রাম অভিষেক করি'।
দীপ্তি করে' যেন চন্দ্র, দিব্যবাস পরি'॥
৩৩ এইরূপে অনন্তের অনন্ত-মহিমা।
ব্রহ্মা-ভব-আদি যাঁ'র দিতে নারে সীমা॥
৩৪ রামের চরিত্র যেবা প্রভাতে সঙরে।
শুনয়ে শুনায়, যেবা গায় উচ্চস্বরে॥
কৃষ্ণভক্তি হয় তা'র, খণ্ডয়ে দুরিত।
কৃষ্ণ-পারিষদ হয়, কৃষ্ণের দয়িত॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
বলরাম-পুণ্যকথা প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৭৯॥

অশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। **ভগবন্! যানি চান্যানি মুকুন্দস্য মহাত্মনঃ। বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য শ্রোতুমিচ্ছাম হে প্রভো!**
২। **কো নু শ্রুত্বা সকৃদ্ব্রহ্মন্! উত্তমঃশ্লোক-সৎকথাঃ। বিরমেত বিশেষজ্ঞো বিষণ্ণঃ কামমার্গণৈঃ?**
৩। **সা বাগ্ যয়া তস্য গুণান্ গৃণীতে, করৌ চ তৎকর্ম্মকরৌ মনশ্চ।**
স্মরেদ্বসন্তং স্থিরজঙ্গমেষু, শৃণোতি তৎপুণ্যকথাঃ স কর্ণঃ॥
৪। **শিরস্তু তস্যোভয়লিঙ্গমানমেৎ, তদেব যৎ পশ্যতি তদ্ধি চক্ষুঃ।**
অঙ্গানি বিষ্ণোরথ তজ্জনানাং, পাদোদকং যানি ভজন্তি নিত্যম্॥

[বসন্ত-রাগ]

১ তবে রাজা জিজ্ঞাসিলা মুনির চরণে।
"আর কি কি কর্ম্ম কৈলা প্রভু নারায়ণে?
অনন্ত-চরিত্র হরি, অনন্ত-বিহার।
তাঁ'র গুণ-কথা কহ করিয়া বিস্তার॥
২ কৃষ্ণ-কথা সুখময়ী, অমৃতের ধারা।
পদে পদে, নব-নব, শ্রুতি-মনোহরা॥
তৃপ্তি কাহার হয় কৃষ্ণকথা-পানে?
বিশেষে যে জন জরজর কাম-বাণে॥
৩ সেই বাণী—কৃষ্ণগুণ গায় নিরন্তর।
কৃষ্ণকর্ম্ম করে' যদি, সেই দুই কর॥
সেই মন—গোবিন্দ সঙরে নিরবধি।
স্থাবর-জঙ্গমে দেখে হরি গুণনিধি॥
সেই মন—আন না সঙরে কৃষ্ণ-বিনে।
সেই শ্রুতিযুগ—যদি কৃষ্ণ-কথা শুনে॥
৪ সেই উত্তম শির জানিব প্রধান।
কৃষ্ণ বৈষ্ণবের করে' চরণে প্রণাম॥
সেই সে জানিব দুই সফল লোচন।
কৃষ্ণমূর্ত্তি দেখে, আর দেখে সাধুজন॥
কৃষ্ণ-বৈষ্ণবের যদি ধরে পদ-নীর।
সেই সে জানিব ধন্য, সফল শরীর॥"

শ্রীসূত উবাচ

৫। বিষ্ণুরাতেন সম্পৃষ্টো ভগবান্ বাদরায়ণিঃ। বাসুদেবে ভগবতি নিমগ্নহৃদয়োঽব্রবীৎ ॥

শ্রীশুক উবাচ

৬। কৃষ্ণস্যাসীৎ সখা কশ্চিদ্‌ব্রাহ্মণো ব্রহ্মবিত্তমঃ। বিরক্ত ইন্দ্রিয়ার্থেষু প্রশান্তাত্মা জিতেন্দ্রিয়ঃ ॥
৭। যদৃচ্ছয়োপপন্নেন বর্ত্তমানো গৃহাশ্রমী। তস্য ভার্য্যা কুচৈলস্য ক্ষুৎক্ষামা চ তথাবিধা ॥
৮। পতিব্রতা পতিং প্রাহ ম্লায়তা বদনেন সা। দরিদ্রা সীদমানা বৈ বেপমানাভিগম্য চ ॥
৯। ননু ব্রহ্মন্! ভগবতঃ সখা সাক্ষাচ্ছ্রিয়ঃ পতিঃ। ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ ভগবান্ সাত্বতর্ষভঃ ॥
১০। তমুপৈহি মহাভাগ! সাধূনাঞ্চ পরায়ণম্। দাস্যতি দ্রবিণং ভূরি সীদতে তে কুটুম্বিনে ॥
১১। আস্তেঽধুনা দ্বারবত্যাং ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বরঃ। স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি।
কিং স্বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্‌গুরুঃ ॥
১২। স এবং ভার্য্যয়া বিপ্রো বহুশঃ প্রার্থিতো মুহুঃ। অয়ং হি পরমো লাভ উত্তমশ্লোকদর্শনম্ ॥
১৩। ইতি সঞ্চিন্ত্য মনসা গমনায় মতিং দধে। অপ্যস্ত্যুপায়নং কিঞ্চিদ্‌গৃহে কল্যাণি! দীয়তাম্ ॥
১৪। যাচিত্বা চতুরো মুষ্টীন্ বিপ্রান্ পৃথুকতণ্ডুলান্।
চৈলখণ্ডেন তান্ বদ্ধা ভর্ত্রে প্রাদাদুপায়নম্ ॥

---

৫ শুক মহামুনি শুনি' রাজার বচন।
কহিতে লাগিলা তবে ব্যাসের নন্দন ॥
হরি-চরণারবিন্দে মগন হৃদয়।
আনন্দিত হৈয়া মুনি কৃষ্ণ-কথা কয় ॥

৬-৭ "আছিলা কৃষ্ণের এক সখা দ্বিজবর।
শান্ত-দান্ত, ব্রতযুত, ব্রহ্মণ্য-শেখর ॥
বিষয়-বৈরাগ্যযুত গৃহাশ্রমে বৈসে।
যথালাভে তুষ্ট বিপ্র, পূর্ণ জ্ঞানরসে ॥
কুচেল মলিন দ্বিজ, শীর্ণ-কলেবর।
জিতকাম, জিতক্রোধ, বেদবিদাংবর ॥
তা'র ভার্য্যা সেইরূপ গুণ-শীল ধরে।
কুচেল, মলিন অঙ্গ, জীর্ণ-পট পরে' ॥

৮ পতিব্রতা, পতিসেবা-ধর্ম্মপরায়ণা।
কম্পে থর-থর অঙ্গ, মলিন-বদনা ॥
কহিতে লাগিলা কিছু পতি-সন্নিধান।
'মোর নিবেদন, নাথ! কর' অবধান ॥

৯ সাক্ষাতে তোমার সখা ভুবন-ঈশ্বর।
লক্ষ্মীকান্ত ভগবান্ ব্রহ্মণ্যশেখর ॥
সম্প্রতি দ্বারকাপুরে বৈসে যদুপতি।
ভকতবৎসল প্রভু, দীনজন-গতি ॥

১০-১১ চরণ শরণ যদি করি কোন পাকে।
আপনাকে দিয়া তবে বশ হঞা থাকে ॥
অর্থ, কাম দিব, তাঁ'র কোন্ বস্তুজ্ঞান?
অখিল-ভুবন-গুরু, পুরুষ-পুরাণ ॥'

১২ এইরূপে ভার্য্যা যদি বলিলা বিস্তর।
আনন্দিত হৈলা দ্বিজ পুণ্য-কলেবর ॥
'এই ত' উত্তম লাভ, ভাগ্যের উদয়।
যদি কোনমতে কৃষ্ণ-দরশন হয় ॥
ভাল পতিব্রতা তুমি, কুলবতী নারী।
তোমার প্রসাদে গিয়া দেখিব শ্রীহরি ॥

১৩ যদি কিছু দিতে পার', শীঘ্র চলি' যাই।
প্রভুর চরণে গিয়া নিবেদিতে চাই ॥'
এ বোল শুনিয়া ভার্য্যা চলিলা সত্বরে।

১৪ মাগিয়া আনিলা ভিক্ষা ব্রাহ্মণের ঘরে ॥
ভাজা তণ্ডুলের খুদ আনিলা মাগিয়া।
যতনে বান্ধিলা ভগ্ন বহির্ব্বাস দিয়া ॥

১৫। স তানাদায় বিপ্রাগ্র্যঃ প্রযযৌ দ্বারকাং কিল। কৃষ্ণসন্দর্শনং মহ্যং কথং স্যাদিতি চিন্তয়ন্॥
১৬। ত্রীণি গুল্মান্যতীয়ায় তিস্রঃ কক্ষাশ্চ সদ্বিজঃ। বিপ্রোঽগম্যান্ধকবৃষ্ণীনাং গৃহেষ্বচ্যুতধর্ম্মিণাম্॥
১৭। গৃহং দ্ব্যষ্টসহস্রাণাং মহিষীণাং হরের্দ্বিজঃ। বিবেশৈকতমং শ্রীমদ্ব্রহ্মানন্দং গতো যথা॥
১৮। তং বিলোক্যাচ্যুতো দূরাৎ প্রিয়াপর্য্যঙ্কমাস্থিতঃ। সহসোত্থায় চাভ্যেত্য দোর্ভ্যাং পর্য্যগ্রহীন্মুদা॥
১৯। সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষেরঙ্গসঙ্গাতিনির্ব্বৃতঃ। প্রীতো ব্যমুঞ্চদব্বিন্দূন্ নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ॥
২০। অথোপবেশ্য পর্য্যঙ্কে স্বয়ং সখ্যুঃ সমর্হণম্। উপহৃত্যাবনিজ্যাস্য পাদৌ পাদাবনেজনীঃ॥
২১। অগ্রহীচ্ছিরসা রাজন্! ভগবান্ লোকপাবনঃ। ব্যলিম্পদ্দিব্যগন্ধেন চন্দনাগুরুকুঙ্কুমৈঃ॥
২২। ধূপৈঃ সুরভিভির্মিত্রং প্রদীপাবলিভির্মুদা। অর্চ্চিত্বাবেদ্য তাম্বূলং গাঞ্চ স্বাগতমব্রবীৎ॥
২৩। কুচেলং মলিনং ক্ষামং দ্বিজং ধমনিসন্ততম্। দেবী পর্য্যচরৎ সাক্ষাচ্চামরব্যজনেন বৈ॥
২৪। অন্তঃপুরজনো দৃষ্ট্বা কৃষ্ণেনামলকীর্ত্তিনা। বিস্মিতোঽভূদতিপ্রীত্যা অবধূতং সভাজিতম্॥
২৫। কিমনেন কৃতং পুণ্যমবধূতেন ভিক্ষুণা। শ্রিয়া হীনেন লোকেঽস্মিন্ গর্হিতেনাধমেন চ॥
২৬। যোঽসৌ ত্রিলোকগুরুণা শ্রীনিবাসেন সম্ভৃতঃ।
পর্য্যঙ্কস্থাং শ্রিয়ং হিত্বা পরিষ্বক্তোঽগ্রজো যথা?

ব্রাহ্মণের হাতে আনি' দিলা উপায়ন।
১৫ তাহা লঞা দ্বারকাতে চলিলা ব্রাহ্মণ॥
কৃষ্ণ-দরশন মোর হয় কোন্ মতে?
চিন্তিতে চিন্তিতে বিপ্র যায় পথে-পথে॥
১৬ তিন থানা লঙ্ঘিয়া ব্রাহ্মণ চলি' যায়।
ত্বরাত্বরি করিয়া চারি দুয়ার এড়ায়॥
তবে বিপ্র দুর্গম প্রহরিগণ তরি'।
তবে গিয়া উতরিলা দ্বারকানগরী॥
১৭ ষোড়শ-সহস্র পুরী নির্ম্মাণ বিশেষ।
তা'র এক পুরে গিয়া কৈলা পরবেশ॥
আনন্দ-সাগরে যেন মজিলা ব্রাহ্মণ।
১৮-১৯ বিপ্র দেখি' সত্বরে উঠিলা নারায়ণ॥
কনক-পর্য্যঙ্কে কৃষ্ণ আছিলা বসিয়া।
ত্বরিতে উঠিলা হরি ব্রাহ্মণ দেখিয়া॥
বিপ্র-দরশনে হৈল আনন্দ বিশেষ।
একে প্রিয় সখা, তা'থে দ্বিজ-মুনিবেশ॥
ভুজপাশে ধরি' দিলা দৃঢ় আলিঙ্গন।
পুলকে পূরিত তনু, সজল নয়ন॥
২০ পর্য্যঙ্কে তুলিয়া হরি ব্রাহ্মণে বসায়।
পাদ্য, অর্ঘ্য দিয়া বিপ্রে পূজে যদুরায়॥
পুণ্যজল দিয়া দুই পাখালে চরণ।
২১ সেই জল শিরে ধরে ত্রিলোক-পাবন॥
দিব্য-গন্ধ-চন্দনে লেপিয়া কলেবর।
২২ ধূপ-দীপ দিয়া পূজে ব্রহ্মণ্যশেখর॥
দিব্য-অন্ন-পান দিয়া করায় ভোজন।
আচমন-জল দিয়া তাম্বুল-অর্পণ॥
স্বাগত-বচনে কৈলা আতিথ্য-সম্ভাষা।
বিনয়-বচনে কৈলা কুশল জিজ্ঞাসা॥
২৩ কুচেল, মলিন, দ্বিজ ক্ষীণ কলেবর।
আপনে আসিয়া দেবী ঢুলায় চামর॥
২৪ পরিচর্য্যা করে' দেবী, দেখে পুরজন।
আপনে করয়ে হরি পাদ-সংবাহন॥
দেখি' সব-লোক বলে',—'হেন অদভুত!
২৫-২৬ কোথা হৈতে আইল এনা দ্বিজ অবধূত!
দুর্গত, মলিন-তনু, ভিক্ষুক ব্রাহ্মণ।
অধম, নিন্দিত, ক্ষীণ-তনু, কুলক্ষণ॥
পরিচর্য্যা করে' তা'র আপনে শ্রীহরি।
পর্য্যঙ্ক তেজিয়া, নিজপ্রিয়া পরিহরি'॥
কোন্ পুণ্য কৈলা দ্বিজ জন্ম-জন্মান্তরে?
আপনে জগতগুরু পরিচর্য্যা করে'?'

২৭। কথয়াঞ্চক্রতুর্গাথাঃ পূর্ব্বা গুরুকুলে সতোঃ। আত্মনোর্ললিতা রাজন্! করৌ গৃহ্য পরস্পরম্॥

শ্রীভগবানুবাচ

২৮। অপি ব্রহ্মন্! গুরুকুলাদ্ভবতা লব্ধদক্ষিণাৎ। সমাবৃত্তেন ধর্ম্মজ্ঞ! ভার্য্যোঢ়া সদৃশী ন বা?
২৯। প্রায়ো গৃহেষু তে চিত্তমকামবিহতং তথা। নৈবাতিপ্রীয়সে বিদ্বন্! ধনেষু বিদিতং হি মে॥
৩০। কেচিৎ কুর্ব্বন্তি কর্ম্মাণি কামৈরহতচেতসঃ। ত্যজন্তঃ প্রকৃতীর্দৈবীর্যথার্হং লোকসংগ্রহম্॥
৩১। কচ্চিদ্‌গুরুকুলে বাসং ব্রহ্মন্! স্মরসি নৌ যতঃ।
দ্বিজো বিজ্ঞায় বিজ্ঞেয়ং তমসঃ পারমশ্নুতে?
৩২। স বৈ সৎকর্ম্মণাং সাক্ষাদ্দ্বিজাতেরিহ সম্ভবঃ।
আদ্যোঽঙ্গ! যত্রাশ্রমিণাং যথাহং জ্ঞানদো গুরুঃ॥
৩৩। নন্বর্থকোবিদা ব্রহ্মন্! বর্ণাশ্রমবতামিহ। যে ময়া গুরুণা বাচা তরন্ত্যঞ্জো ভবার্ণবম্॥
৩৪। নাহমিজ্যাপ্রজাতিভ্যাং তপসোপশমেন বা। তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা॥
৩৫। অপি নঃ স্মর্য্যতে ব্রহ্মন্! বৃত্তং নিবসতাং গুরৌ। গুরুদারৈশ্চোদিতানামিন্ধনানয়নে ক্বচিৎ?
৩৬। প্রবিষ্টানাং মহারণ্যমপর্ত্তৌ সুমহদ্দ্বিজ! বাতবর্ষমভূৎ তীব্রং নিষ্ঠুরাঃ স্তনয়িত্নবঃ॥

---

২৭ হাতাহাতি করিয়া বসিলা চক্রপাণি।
কহিতে লাগিলা তবে পূরব-কাহিনী॥
২৮ 'কহ, দ্বিজ! গুরুকুলে বেদ সমাপিলে।
বিনয়ে দক্ষিণা দিয়া গুরু সন্তোষিলে॥
বেদ পড়ি' গৃহধর্ম্মে আছ নিরাকুলে?
আপন-সদৃশী ভার্য্যা কিবা বিভা কৈলে?
২৯ প্রায় হেন জানি, তুমি পুরুষ নিষ্কাম।
বনবাসে চিত্ত তুমি ধর' অবিরাম॥
গৃহবাসে নাহি দেখি সন্তোষ তোমার।
তে-কারণে এতেক জিজ্ঞাসি বারবার॥
৩০ কেহ কেহ কর্ম্ম করে' তেজি' কর্ম্মফল।
অবিদ্যা বিনাশ করে' হঞা কর্ম্মপর॥
আপনে করিয়া কর্ম্ম লোকেরে বুঝায়।
কর্ম্ম তেজি' কেহ যেন বিকর্ম্মে না ধায়॥
৩১ এখনে, ব্রাহ্মণ! কি সঙর' গুরুবাস?
যাহা হৈতে তত্ত্বজ্ঞান হয় পরকাশ॥
অবিদ্যা বিনাশ হয় ভব-অন্ধকার।
হেন গুরুবাস মনে আছে কি তোমার?
৩২ পিতা—গুরু, প্রথমে জনম যাহা হৈতে।
জনক প্রথম-গুরু জানিবা সাক্ষাতে॥
দ্বিতীয়ে ব্রাহ্মণ—গুরু, করে' দশ-কর্ম্ম।
বেদ শিক্ষা করায়ে, লওয়ায় কুলধর্ম্ম॥
জ্ঞানদাতা গুরুরূপে আমি ভগবান্।
তিন গুরু কহিলুঁ তোমার বিদ্যমান॥
৩৩ সর্ব্ববর্ণে, সর্ব্বধর্ম্মে এহি সুনিশ্চিত।
তত্ত্ব-উপদেশ লয়, যে হয় পণ্ডিত॥
উপদেশ করি আমি গুরুরূপ ধরি'।
গুরু-উপদেশে লোক যায় ভব তরি'॥
গুরুকে সাক্ষাত হেন ঈশ্বর করি' মানে'।
সেই সে আমার প্রিয়, সর্ব্বতত্ত্ব জানে'॥
৩৪ জপ, তপ, যজ্ঞ, দান, বিবিধ-দক্ষিণা।
শম-দম সাধে, কিবা সমাধি-ধারণা॥
তথাপি তাহারে তুষ্ট তত বড় নই।
গুরুসেবা হৈতে যত বড় সুখী হই॥
৩৫ তুমি কি সঙর', বিপ্র! পূর্ব্ব-বিবরণ?
গুরুবাসে কৈলুঁ যে যে গুরু-আরাধন?
গুরুপত্নী আজ্ঞা কৈলা কাষ্ঠ আনিবারে।
৩৬ সভেই গেলাঙ মহা-বনের ভিতরে॥
অকালে নিষ্ঠুর হৈল ঝড়-বরিষণ।
বজ্রপাত, মহা-ঘোর-ঘন-গরজন॥

৩৭। সূর্য্যশ্চাস্তং গতস্তাবত্তমসা চাবৃতা দিশঃ। নিম্নং কুলং জলময়ং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন॥
৩৮। বয়ং ভৃশং তত্র মহানিলাম্বুভি,-র্নিহন্যমানা মুহুরম্বুসংপ্লবে।
দিশোঽবিদন্তোঽথ পরস্পরং বনে, গৃহীতহস্তাঃ পরিবভ্রিমাতুরাঃ॥
৩৯। এতদ্বিদিত্বা উদিতে রবৌ সান্দীপনির্গুরুঃ। অন্বেষমাণো নঃ শিষ্যানাচার্য্যোঽপশ্যদাতুরান্॥
৪০। অহো হে পুত্রকা! যূয়মস্মদর্থেঽতিদুঃখিতাঃ। আত্মা বৈ প্রাণিনাং প্রেষ্ঠস্তমনাদৃত্য মৎপরাঃ॥
৪১। এতদেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতম্। যদ্বৈ বিশুদ্ধভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরৌ॥
৪২। তুষ্টোঽহং ভো দ্বিজশ্রেষ্ঠাঃ! সত্যাঃ সন্তু মনোরথাঃ। ছন্দাংস্যযাতযামানি ভবন্ত্বিহ পরত্র চ॥
৪৩। ইত্থংবিধান্যনেকানি বসতাং গুরুবেশ্মনি। গুরোরনুগ্রহেণৈব পুমান্ পূর্ণঃ প্রশান্তয়ে॥

শ্রীব্রাহ্মণ উবাচ

৪৪। কিমস্মাভিরনির্ব্বৃত্তং দেবদেব! জগদ্গুরো! ভবতা সত্যকামেন যেষাং বাসো গুরাবভূৎ?
৪৫। যস্য চ্ছন্দোময়ং ব্রহ্ম দেহ আবপনং বিভো! শ্রেয়সাং তস্য গুরুষু বাসোঽত্যন্তবিড়ম্বনম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে শ্রীদামচরিতেঽশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮০॥

---

৩৭ অস্ত গেল দিবাকর, ঘোর অন্ধকার।
দশদিগ্ আচ্ছাদিল, না দেখি সঞ্চার॥
উচ্চ-নীচ কিছুই না দেখি, জলময়।
কে কোথা আছিল, হেন না ছিল নির্ণয়॥

৩৮ আমি-সব বেয়াকুল ঝড়-বরিষণে।
পথ না চিনিঞা তবে ভ্রমি বনে-বনে॥
হাতাহাতি করিয়া ভ্রমিএ নিরন্তর।
শীত-বাতে কম্পিত সকল কলেবর॥

৩৯ বাত-বরিষণ গেল, উদিত ভাস্কর।
তবে সান্দীপনি গুরু জানিলা সকল॥
চাহিতে বেড়ায় গুরু প্রতি বনে বন।
কথোদূরে গিয়া তবে পাইল দর্শন॥

৪০ অদ্ভুত দেখিয়া গুরু বোলে শিষ্যগণে।
'এত বড় দুঃখ পাইলে আমার কারণে?
প্রাণে ত অধিক প্রিয় কেহ কা'র নয়।
প্রাণ-পণে গুরু-সেবা কৈলে অতিশয়॥

৪১ এইরূপে গুরুসেবা করয়ে যে-জন।
সর্ব্বভাবে করে' যেবা আত্মসমর্পণ॥
হরি-গুরু-চরণ সমান করি' ধরে।
সেই সে এ-ঘোর ভব-অন্ধকার তরে'॥

৪২ তুষ্ট হৈলুঁ, শিষ্যগণ! কর' সমাধান।
মনোরথ পূর্ণ হৌক, সর্ব্বত্র কল্যাণ॥
সর্ব্ববিদ্যা স্ফুরুক, সকল মন্ত্র-তন্ত্র।
ইহলোকে, পরলোকে হও নিরাতঙ্ক॥'

৪৩ 'এইরূপে কতমতে গুরুসেবা কৈলুঁ।
সর্ব্বশিষ্য মিলি' গুরুকুলেতে আছিলুঁ॥
গুরু-অনুগ্রহে হয় সর্ব্বত্র কল্যাণ।
বিনে গুরু ভজিলে, না হয় পরিত্রাণ॥'

৪৪ তবে বিপ্র বোলে,—'দেবদেব নারায়ণ!
ত্রিজগত-গুরু তুমি, জগত-জীবন॥
তোমার কৃপায় পূর্ণ হৈল গুরুবাস।
গুরুসেবা-ধর্ম্ম তুমি কৈলে পরকাশ॥

৪৫ বেদময় প্রভু তুমি, দেবমূর্ত্তি ধর'।
সকল-সম্পদ্দাতা নানা লীলা কর'॥
অখিল-জগত-গুরু, গুরুকুলে বাস।
এত বড় বিড়ম্বন হৃদয়ে প্রকাশ॥'

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮০॥

একাশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। স ইত্থং দ্বিজমুখ্যেন সহ সংকথয়ন্ হরিঃ। সর্ব্বভূতমনোঽভিজ্ঞঃ স্ময়মান উবাচ তম্ ॥
২। ব্রহ্মণ্যো ব্রাহ্মণং কৃষ্ণো ভগবান্ প্রহসন্ প্রিয়ম্। প্রেম্ণা নিরীক্ষণেনৈব প্রেক্ষন্ খলু সতাংগতিঃ ॥

শ্রীভগবানুবাচ

৩। কিমুপায়নমানীতং ব্রহ্মন্! মে ভবতা গৃহাৎ। অণ্বপ্যুপাহৃতং ভক্তৈঃ প্রেম্ণা ভূর্য্যেব মে ভবেৎ।
ভূর্য্যপ্যভক্তোপহৃতং ন মে তোষায় কল্পতে ॥
৪। পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি। তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥
৫। ইত্যুক্তোঽপি দ্বিজস্তস্মৈ ব্রীড়িতঃ পতয়ে শ্রিয়ঃ। পৃথুকপ্রস্থতিং রাজন্! ন প্রাযচ্ছদবাঙ্মুখঃ ॥
৬। সর্ব্বভূতাত্মদৃক্ সাক্ষাত্তস্যাগমনকারণম্। বিজ্ঞায়াচিন্তয়ন্নাযং শ্রীকামো মাভজৎ পুরা ॥
৭। পত্ন্যাঃ পতিব্রতায়াস্তু সখা প্রিয়চিকীর্ষয়া। প্রাপ্তো মামস্য দাস্যামি সম্পদোঽমর্ত্ত্যদুর্লভাঃ ॥
৮। ইত্থং বিচিন্ত্য বসনাচ্চীরবদ্ধান্ দ্বিজন্মনঃ। স্বয়ং জহার কিমিদমিতি পৃথুকতণ্ডুলান্ ॥
৯। নন্বেতদুপনীতং মে পরমপ্রীণনং সখে! তর্পয়ন্ত্যঙ্গ! মাং বিশ্বমেতে পৃথুকতণ্ডুলাঃ ॥
১০। ইতি মুষ্টিং সকৃজ্জগ্ধ্বা দ্বিতীয়াং জগ্ধুমাদদে। তাবচ্ছ্রীর্জগৃহে হস্তং তৎপরা পরমেষ্ঠিনঃ ॥

[শ্রী-রাগ]

১ "এইরূপে নানা-কথা কহে চক্রপাণি।
সর্ব্বতত্ত্ব জানেন সর্ব্বজ্ঞ-চূড়ামণি ॥
২ সাধুজন-গতি-পতি, ব্রহ্মণ্যশেখর।
হাসিয়া কি বোলে প্রভু,—'শুন, দ্বিজবর!
৩ কি দ্রব্য এনেছ, সখা! মোর তরে দেহ'।
সঙ্কোচ মানিঞা কেনে গুপ্ত করি' রহ?
ভকতে যে-কিছু করে' অল্প নিবেদন।
সে হয় বিস্তর মোর পীরিতি-কারণ ॥
যদি বা বিস্তর দেই ভক্তিহীন জনে।
আমার সন্তোষ তা'থে নাহি কোন মনে ॥
৪ পত্র-পুষ্প যে-কিছু ভকত-জনে ধরে।
ভকতি করিয়া মোর চরণ-যুগলে ॥
পীরিতি করিয়া সেই করিয়ে ভোজন।
ভকত-বান্ধব আমি, ভকত-জীবন ॥'
৫ এতেক বচন যদি বলিলা শ্রীহরি।
লাজ পাঞা রহে বিপ্র হেঁটমাথা করি' ॥
৬ জ্ঞানময় প্রভু, জানে' সবার হৃদয়।
আগমন-কারণ বুঝিয়া মহাশয় ॥
চিন্তিয়া কি বোলে প্রভু তবে দ্বিজরাজে?
'সম্পদ্ বাঞ্ছিয়া বিপ্র কভু নাহি ভজে ॥
৭ কিন্তু পতিব্রতা-নারী-পীরিতি-কারণে।
আমা' দেখিবারে বিপ্র আইলা শুদ্ধমনে ॥
দুর্লভ সম্পদ্ দিব, দেবের বাঞ্ছিত।
হেন বুদ্ধি করি, যেন না হয় বিদিত ॥'
৮ এতেক বচন বলি' পুরুষ-পুরাণ।
ভগ্নবস্ত্রখানি ধরি' দিলা এক টান ॥
'একি? একি?' বলি' হরি পোটলী খসায়।
ভাজা তণ্ডুলের খুদ বিচারিয়া পায় ॥
৯ 'ভাল ভাল, সখা! এই দিব্য উপায়ন।
এই সে আমার হয় পীরিতি-কারণ ॥
এই ত' তণ্ডুলে হৈব আমার পীরিতি।
বিশ্ব-সহে তুষ্ট হৈব আমি বিশ্বপতি ॥'
১০ এ-বোল বলিয়া হরি কোন্ কর্ম্ম করে'?
এক মুষ্টি খুদ খাঞা আর-মুষ্টি তোলে ॥
তাহা দেখি' শৈব্যাদেবী লক্ষ্মী মূর্ত্তিমতী।
ধরিয়া প্রভুর হস্তে বলে' মহাসতী ॥

১১। এতাবতালং বিশ্বাত্মন্! সর্ব্বসম্পৎসমৃদ্ধয়ে। অস্মিন্ লোকেঽথবামুষ্মিন্ পুংসস্ত্বত্তোষকারণম্॥
১২। ব্রাহ্মণস্তান্তু রজনীমুষিত্বাচ্যুতমন্দিরে। ভুক্ত্বা পীত্বা সুখং মেনে আত্মানং স্বর্গতিং যথা॥
১৩। শ্বোভূতে বিশ্বভাবেন স্বসুখেনাভিবন্দিতঃ। জগাম স্বালয়ং তাত! পথ্যনুব্রজ্য নন্দিতঃ॥
১৪। স চালব্ধ্বা ধনং কৃষ্ণান্ন তু যাচিতবান্ স্বয়ম্। স্বগৃহান্ ব্রীড়িতোঽগচ্ছন্মহদ্দর্শননির্বৃতঃ॥
১৫। অহো ব্রহ্মণ্যদেবস্য দৃষ্টা ব্রহ্মণ্যতা ময়া। যদ্দরিদ্রতমো লক্ষ্মীমাশ্লিষ্টো বিভ্রতোরসি॥
১৬। কাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ? ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ!
১৭। নিবাসিতঃ প্রিয়াজুষ্টে পর্য্যঙ্কে ভ্রাতরো যথা। মহিষ্যা বীজিতঃ শ্রান্তো বালব্যজনহস্তয়া॥
১৮। শুশ্রূষয়া পরময়া পাদসংবাহনাদিভিঃ। পূজিতো দেবদেবেন বিপ্রদেবেন দেববৎ॥
১৯। স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাম্। সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনম্॥
২০। অধনোঽয়ং ধনং প্রাপ্য মাদ্যন্মুচ্চৈর্ন মাং স্মরেৎ।
ইতি কারুণিকো নূনং ধনং মেঽভূরি নাদদাৎ॥
২১। ইতি তচ্চিন্তয়ন্নন্তঃ প্রাপ্তো নিজগৃহান্তিকম্। সূর্য্যানলেন্দুসঙ্কাশৈর্বিমানৈঃ সর্ব্বতো বৃতম্॥
২২। বিচিত্রোপবনোদ্যানৈঃ কূজদ্দ্বিজকুলাকুলৈঃ। প্রোৎফুল্লকুমুদাম্ভোজ-কহ্লারোৎপলবারিভিঃ॥

---

১১ 'সকল সম্পদ্-হেতু হয়, এ'ত দূরে।
তোমার সন্তোষ-হেতু সর্ব্বফল ধরে॥
তুমি তুষ্ট হৈলে, তুষ্ট হয় ত্রিভুবন।
তবে যদি কর' তা'রে আত্মসমর্পণ॥
তবু তুমি শুধিতে নারিবে তা'র ধার।
হেন কৃপাময় তুমি, বিচিত্র-বিহার॥'

১২ নিঃশবদে রহে কৃষ্ণ এ বোল শুনিঞা।
ব্রাহ্মণ চলিলা তবে রজনী বঞ্চিয়া॥
সুখে পান-ভোজন করিয়া দ্বিজবরে।
আনন্দে আছিলা বিপ্র অচ্যুত-মন্দিরে॥

১৩ প্রভাতে উঠিয়া ঘরে চলিলা ব্রাহ্মণ।
সন্তোষিয়া ব্রাহ্মণে পাঠায় নারায়ণ॥

১৪ বিপ্র ধন না মাগিলা, না দিলা শ্রীহরি।
লজ্জা পাঞা যায় বিপ্র চিন্তা পরিহরি'॥

১৫ আপনে ব্রহ্মণ্যদেব জানে' সর্ব্বধর্ম্ম।
দ্বিজভক্তি লওয়াইতে করে' নানা কর্ম্ম॥
ব্রাহ্মণ-অধম মুঞি, দরিদ্র, বঞ্চিত।

১৬ কপট, মলিন-বেশ, এ-লোক-গর্হিত॥
লক্ষ্মীকান্ত হৈয়া লক্ষ্মী তেজিয়া শয়নে।
আলিঙ্গন দিলা মোকে নাম্বিয়া আপনে॥

১৭-১৯ দেববৎ পূজিয়া বসায় নিজাসনে।
পাদ-সংবাহন হরি করয়ে আপনে॥
স্বর্গ, অপবর্গ, সর্ব্ব-সম্পদের হেতু।
যাঁ'র পাদপদ্ম ঘোর-ভবসিন্ধু-সেতু॥
হেন প্রভু হঞা মোরে করে' এত বড়!
আপনে কমলাদেবী ঢুলায় চামর!!

২০ অধম দরিদ্র হ'য়ে দুঃখিত ব্রাহ্মণ।
ধন পাঞা না করিব আমাকে সঙরণ॥
করুণাসাগর হরি এই কৃপা করি'।
তে-কারণে ধন মোকে না দিলা শ্রীহরি॥'

২১ এই মনে চিন্তিয়ে ব্রাহ্মণ চলি' যায়।
আপনার নিজঘর-নিকটে দাণ্ডায়॥
বিচিত্র বিমান-বর চৌদিগে বেষ্টিত।
সূর্য্যকোটি-সম-তেজ, কনক-নির্ম্মিত॥

২২ অলিকুল-বিনাদিত বন-উপবন।
কোলাহল-শবদ, বিবিধ খগগণ॥
প্রফুল্ল কমলদল, কুমুদ, কহ্লার।
বহুবিধ-জলচর-শবদ-সঞ্চার॥

২৩। জুষ্টং স্বলঙ্কৃতৈঃ পুম্ভিঃ স্ত্রীভিশ্চ হরিণাক্ষিভিঃ।
কিমিদং কস্য বা স্থানং কথং তদিদমিত্যভূৎ ?
২৪। এবং মীমাংসমানং তং নরা নার্য্যোঽমরপ্রভাঃ। প্রত্যগৃহ্লন্ মহাভাগং গীতবাদ্যেন ভূয়সা॥
২৫। পতিমাগতমাকর্ণ্য পত্ন্যুদ্ধর্ষাতিসম্ভ্রমা। নিশ্চক্রাম গৃহাৎ তূর্ণং রূপিণী শ্রীরিবালয়াৎ॥
২৬। পতিব্রতা পতিং দৃষ্ট্বা প্রেমোৎকণ্ঠাশ্রুলোচনা। মীলিতাক্ষ্যনমদ্বুদ্ধ্যা মনসা পরিষস্বজে॥
২৭। পত্নীং বীক্ষ্য বিস্ফুরন্তীং দেবীং বৈমানিকীমিব।
দাসীনাং নিষ্ককণ্ঠীনাং মধ্যে ভান্তীং স বিস্মিতঃ॥
২৮। প্রীতঃ স্বয়ং তয়া যুক্তঃ প্রবিষ্টো নিজমন্দিরম্। মণিস্তম্ভশতোপেতং মহেন্দ্রভবনং যথা॥
২৯। পয়ঃফেননিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ। পর্য্যঙ্কা হেমদণ্ডানি চামরব্যজনানি চ॥
৩০। আসনানি চ হৈমানি মৃদূপস্তরণানি চ। মুক্তাদামবিলম্বীনি বিতানানি দ্যুমন্তি চ॥
৩১। স্বচ্ছস্ফটিককুড্যেষু মহামারকতেষু চ। রত্নদীপান্ ভ্রাজমানান্ ললনারত্ন-সংযুতাঃ॥
৩২। বিলোক্য ব্রাহ্মণস্তত্র সমৃদ্ধীঃ সর্ব্বসম্পদাম্। তর্কয়ামাস নির্ব্যগ্রঃ স্বসমৃদ্ধিমহৈতুকীম্॥
৩৩। নূনং বতৈতন্মম দুর্ভগস্য, শশ্বদ্দরিদ্রস্য সমৃদ্ধিহেতুঃ।
মহাবিভূতেরবলোকতোঽন্যো, নৈবোপপদ্যেত যদূত্তমস্য॥

---

২৩ দিব্য-বেশ নর-নারী চৌদিগে বেষ্টিত।
কনকনির্ম্মিত ঘর, রতনে মণ্ডিত॥
'এ কি অদভুত, কিবা হয় কা'র স্থান ?
কোথা হৈতে হেনরূপ হৈল উপাদান ?'

২৪ এইরূপে মনে মনে করয়ে নির্ণয়!
চিন্তিতে চিন্তিতে বিপ্র পড়িলা সংশয়॥
তবে নরনারীগণে ভূষিত ভূষণে।
চৌদিগে বেঢ়িল আসি' মঙ্গল-বাজনে॥
বহুবিধ নৃত্য-গীত, চতুরঙ্গ-সেনা।
দিব্যরথ, গজ, ঘোড়া, ছত্র-ধ্বজ-বানা॥

২৫ লক্ষ্মী মূর্ত্তিমতী যেন বিপ্রের ব্রাহ্মণী।
পতি-দরশনে আইলা পরম-রমণী॥

২৬ পতি দেখি' প্রণাম করিয়া পতিব্রতা।
মনে মনে আলিঙ্গন দিলা সুপণ্ডিতা॥
পাদ্য-অর্ঘ্য দিয়া পত্নী পূজিলা ব্রাহ্মণ।
ধূপ-দীপ দিয়া কৈলা পতির বন্দন॥

২৭ দিব্যবেশ দাসীগণে চৌদিগে বেষ্টিতা।
দিব্যবস্ত্র পরিধান, ভূষণে ভূষিতা॥
দেখিয়া ব্রাহ্মণ হৈলা অন্তরে বিস্মিত।
কোথা হৈতে এরূপ ঘটিল আচম্বিত !!

২৮ সগণে পূজিয়া পত্নী পতি লঞা যায়।
পুর-পরবেশ তবে ব্রাহ্মণী করায়॥
পুর নিরখিয়া চাহে চকিত নয়নে।
আশ্চর্য্য দেখিয়া বিপ্র চিন্তে মনে-মনে॥
রতনে নির্ম্মিত ঘর, যেন সুরপুরী।
শত শত মণিময় স্তম্ভ সারি-সারি॥

২৯ পয়ঃফেন-সম-শয্যা হেম-বিনির্ম্মিত।
দন্ত-বিনিহিত, মণি-রতনে মণ্ডিত॥

৩০ ললিত বিতানজাল, মুকুতা-তোরণ।
বিলোল চামরজাল, কনক-আসন॥

৩১ স্ফটিক-রচিত ঘর, মরকত-স্থল।
রতন-প্রদীপ জ্বলে মন্দির-ভিতর॥

৩২ অতুল সম্পদ্ দেখি' কি বোলে ব্রাহ্মণ ?

৩৩ 'সকল সম্পদ-হেতু—কৃষ্ণ-দরশন॥
অধম দরিদ্র মুঞি, দুর্গত দেখিয়া।
দুঃখ নিবারিলা মোর মহাধন দিয়া॥

৩৪। নন্বব্রুবাণো দিশতে সমক্ষং, যাচিষ্ণবে ভূর্য্যপি ভূরিভোজঃ।
পর্জ্জন্যবত্তৎ স্বয়মীক্ষমাণো, দাশার্হকাণামৃষভঃ সখা মে॥
৩৫। কিঞ্চিৎ করোত্যুর্ব্বপি যৎ স্বদত্তং, সুহৃৎকৃতং ফল্গ্বপি ভূরিকারী।
ময়োপনীতং পৃথুকৈকমুষ্টিং, প্রত্যগ্রহীৎ প্রীতিযুতো মহাত্মা॥
৩৬। তস্যৈব মে সৌহৃদসখ্যমৈত্রী,-দাস্যং পুনর্জ্জন্মনি জন্মনি স্যাৎ।
মহানুভাবেন গুণালয়েন, বিষজ্জতস্তৎপুরুষপ্রসঙ্গঃ॥
৩৭। ভক্তায় চিত্রা ভগবান্ হি সম্পদো, রাজ্যং বিভূতীর্ন সমর্থয়ত্যজঃ।
অদীর্ঘবোধায় বিচক্ষণঃ স্বয়ং, পশ্যন্ নিপাতং ধনিনাং মদোদ্ভবম্॥
৩৮। ইত্থং ব্যবসিতো বুদ্ধ্যা ভক্তোঽতীব জনার্দ্দনে। বিষয়ান্ জায়য়া ত্যক্ষন্ বুভুজে নাতিলম্পটঃ॥
৪০। এবং স বিপ্রো ভগবৎসুহৃত্তদা, দৃষ্ট্বা স্বভৃত্যৈরজিতং পরাজিতম্।
তদ্ধ্যানবেগোদ্গ্রথিতাত্মবন্ধন,-স্তদ্ধাম লেভেঽচিরতঃ সতাং গতিম্॥
৪১। এতদ্ব্রহ্মণ্যদেবস্য শ্রুত্বা ব্রহ্মণ্যতাং নরঃ। লব্ধভাবো ভগবতি কর্ম্মবন্ধাদ্বিমুচ্যতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে পৃথুকোপাখ্যানং নামৈকাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮১॥

---

৩৪ আছুক মাগিলে দিব এ ধন সম্পদ্।
আপনে পূরায় প্রভু ভক্ত-মনোরথ॥
ইন্দ্র বরিষয়ে যেন বুঝিয়া সময়।
ভক্ত-কাম আপনে পূরায় দয়াময়॥
৩৫ আপনে বিস্তর দিয়ে মানে' অল্প ফল।
ভকতে অলপ দিলে মানয়ে বিস্তর॥
এক-মুষ্টি খুদ মুঞি দিতে ইচ্ছা কৈলুঁ।
অল্প দেখিয়া মুঞি লুকায়্যা রাখিলুঁ॥
আপনে কাঢ়িয়া খায় পীরিতি-কারণে।
ভকতবৎসল-গুণ দেখায় ভুবনে॥
৩৬ প্রেম-মৈত্রী মোর যেন হয় তাঁ'র সনে।
দাস্য-সখ্য রহে যেন জনমে-জনমে॥
কোনকালে নহে যেন মোর স্মৃতিভঙ্গ।
ভকতজনের সহে হয় যেন সঙ্গ॥
৩৭ ভকতের না বাঢ়ায় এ-ধন-সম্পদ্।
সুখভোগ না বাঢ়ায়, না দেই রাজ্যপদ॥
আপনেহি বিচক্ষণ, জগত-নিবাস।
ধনমদ হৈলে হয় ভকতি-বিনাশ॥
তে-কারণে ভকতের না বাঢ়ায় ধন।
ভকতের হিতকারী, মহা-বিচক্ষণ॥'
৩৮ এইরূপে মনে মনে চিন্তে মহাবুদ্ধি।
কৃষ্ণে মন ধরি' বিপ্র রহে নিরবধি॥
এইরূপে মনে-মনে ভাবিয়া নিশ্চয়।
বিষয়-লম্পট বিপ্র নহে অতিশয়॥
সুখ-ভোগ করে' বিপ্র মনে পরিহরি'।
কৃষ্ণভক্তি সাধে বিপ্র কৃষ্ণে মন ধরি'॥
৪০ ভকতসত্তম বিপ্র এইরূপে বৈসে।
পূর্ণ-কলেবর বিপ্র কৃষ্ণধ্যান-রসে॥
ভক্তিভাব করি' কৈলা কৃষ্ণ-আরাধন।
বৈকুণ্ঠে চলিলা বিপ্র, খসিল বন্ধন॥
৪১ শুনয়ে, শুনায় যেবা এ-পুণ্য-চরিত।
ভক্তিযুক্ত হয়, তা'র খণ্ডয়ে দুরিত॥"

ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮১॥

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথৈকদা দ্বারবত্যাং বসতো রামকৃষ্ণয়োঃ। সূর্য্যোপরাগঃ সুমহানাসীৎ কল্পক্ষয়ে যথা॥
২। তং জ্ঞাত্বা মনুজা রাজন্! পুরস্তাদেব সর্ব্বতঃ। স্যমন্তপঞ্চকং ক্ষেত্রং যযুঃ শ্রেয়োবিধিৎসয়া॥
৩। নিঃক্ষত্রিয়াং মহীং কুর্ব্বন্ রামঃ শস্ত্রভৃতাং বরঃ। নৃপাণাং রুধিরৌঘেণ যত্র চক্রে মহাহ্রদান্॥
৫। মহত্যাং তীর্থযাত্রায়াং তত্রাগন্ ভারতীঃ প্রজাঃ। বৃষ্ণয়শ্চ তথাক্রূর-বসুদেবাহুকাদয়ঃ॥
৬। যযুর্ভারত! তৎক্ষেত্রং স্বমঘং ক্ষপয়িষ্ণবঃ। গদপ্রদ্যুম্ন-সাম্বাদ্যাঃ সুচন্দ্র-শুকসারণৈঃ।
আস্তেঽনিরুদ্ধো রক্ষায়াং কৃতবর্ম্মা চ যুথপঃ॥
৭। তে রথৈর্দেবধিষ্ণ্যাভৈর্হয়ৈশ্চ তরলপ্লবৈঃ। গজৈর্নদদ্ভিরভ্রাভৈর্ভূতিবিদ্যাধরদ্যুভিঃ॥
৮। ব্যরোচন্ত মহাতেজাঃ পথি কাঞ্চনমালিনঃ। দিব্যস্রগ্বস্ত্রসন্নাহাঃ কলত্রৈঃ খেচরা ইব॥
৯। তত্র স্নাত্বা মহাভাগা উপোষ্য সুসমাহিতাঃ। ব্রাহ্মণেভ্যো দদুর্ধেনূর্বাসঃস্রগ্রুক্মমালিনীঃ॥
১০। রামহ্রদেষু বিধিবৎ পুনরাপ্লুত্য বৃষ্ণয়ঃ। দদুঃ স্বন্নং দ্বিজাগ্রেভ্যঃ কৃষ্ণে নো ভক্তিরস্ত্বিতি॥
১১। স্বয়ঞ্চ তদনুজ্ঞাতা বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ। ভুক্ত্বোপবিবিশুঃ কামং স্নিগ্ধচ্ছায়াঙ্ঘ্রিপাঙ্ঘ্রিষু॥

[শ্রী-রাগ]

১ এইরূপে বৈসে হরি দ্বারকানগরে।
সূর্য্য-উপরাগ হৈল হেন অবসরে॥
কল্পক্ষয় হৈল, যেন মহা-অন্ধকার।
দেখিয়া সকল লোকে লাগে চমৎকার॥

২ স্যমন্ত-পঞ্চক-ক্ষেত্র তীর্থ-চূড়ামণি।
সর্ব্বলোক গেল তথা উপরাগ শুনি'॥

৩ নিঃক্ষত্রিয় কৈলা পৃথ্বী ভৃগুপতি রাম।
মহাহ্রদ কৈলা যথা রুধিরে নির্ম্মাণ॥

৫ তথাতে চলিল সব ভারতের প্রজা।
সপুত্র-বান্ধবে গেলা পৃথিবীর রাজা॥
যদুবংশ, বৃষ্ণিবংশ চলিলা সকল।
সগণে চলিলা তথা দ্বারকা-মণ্ডল॥

৬ সাম্ব, গদ, প্রদ্যুম্ন, সুচন্দ্র সঙ্গে দিয়া।
অনিরুদ্ধে দ্বারকা-রক্ষক করি' থুইঞা॥
কৃতবর্ম্মা সঙ্গে তা'র দিয়া সেনাপতি।
আপনে চলিয়া গেলা ত্রিজগত-পতি॥

৭ তুরঙ্গ সুরঙ্গ-গতি, পবন-সঞ্চার।
মহামত্ত গজগণ পর্ব্বত-আকার॥
কোটি-কোটি মহারথ সুরপুরী জিনি'।
চলিলা শ্রীহরি সৈন্য করিয়া সাজনি॥

৮ দিব্য গন্ধ-চন্দন, ভূষণ মনোহর।
পথে-পথে চলে লোক দেখিতে সুন্দর॥

৯-১০ উত্তারলা গিয়া কৃষ্ণ, সঙ্গে যদুগণ।
উপবাস কৈলা তীর্থে করিয়া মজ্জন॥
পরদিন রামহ্রদে করিয়া মজ্জন।
যথাবিধি পিতৃদেব করিয়া তর্পণ॥
গ্রহণ-সময়ে দান দিলা দ্বিজগণে।
বিবিধ দক্ষিণা, ধেনু ভূষিয়া কাঞ্চনে॥
দিব্য-অন্নপান দিলা, বহুমূল্য ধন।
মহারথ, মহাগজ, দিব্য আভরণ॥
যদুগণ, বৃষ্ণিগণ ভক্তেতে প্রধান।
'কৃষ্ণভক্তি হউক' বলি' দিলা নানা দান॥
দিব্য অন্ন-পানে বিপ্র করিলা ভোজন।
বিবিধ দক্ষিণা দিয়া তুষিলা ব্রাহ্মণ॥

১১ কৃষ্ণভক্ত যদুগণ আজ্ঞা শিরে ধরি'।
পারণা করিলা তবে স্নান-দান করি'॥
তবে কৃষ্ণ বসিলা শীতল তরুতলে।
চারিপাশে যদুগণ বসিলা মণ্ডলে॥

১২। তত্রাগতাংস্তে দদৃশুঃ সুহৃৎসম্বন্ধিনো নৃপান্। মৎস্যোশীনরকৌশল্য-বিদর্ভকুরুসৃঞ্জয়ান্ ॥
১৩। কাম্বোজকৈকয়ান্ মদ্রান্ কুন্তীনানর্ত্ত-কেরলান্। অন্যাংশ্চৈবাত্মপক্ষীয়ান্ পরাংশ্চ শতশো নৃপ !•
নন্দাদীন্ সুহৃদো গোপান্ গোপীশ্চোৎকণ্ঠিতাশ্চিরম্ ॥
১৪। অন্যোঽন্যসন্দর্শনহর্ষরংহসা, প্রোৎফুল্লহৃদ্বক্ত্রসরোরুহশ্রিয়ঃ।
আশ্লিষ্য গাঢ়ং নয়নৈঃ শ্রবজ্জলা, হৃষ্যত্ত্বচো রুদ্ধগিরো যযুর্মুদম্ ॥
১৫। স্ত্রিয়শ্চ সংবীক্ষ্য মিথোঽতিসৌহৃদ,-স্মিতামলাপাঙ্গদৃশোঽভিরেভিরে।
স্তনৈঃ স্তনান্ কুঙ্কুমপঙ্করূষিতান্, নিহত্য দোভিঃ প্রণয়াশ্রুলোচনাঃ ॥
১৬। ততোঽভিবাদ্য তে বৃদ্ধান্ যবিষ্ঠৈরভিবাদিতাঃ। স্বাগতং কুশলং পৃষ্ট্বা চক্রুঃ কৃষ্ণকথা মিথঃ ॥
১৭। পৃথা ভ্রাতৃন্ স্বসৃর্বীক্ষ্য তৎপুত্রান্ পিতরাবপি। ভ্রাতৃপত্নীর্মুকুন্দঞ্চ জহৌ সঙ্কথয়া শুচঃ ॥

শ্রীকুন্ত্যুবাচ

১৮। আর্য্য ! ভ্রাতরহং মন্যে আত্মানমকৃতাশিষম্। যদ্বা আপৎসু মদ্বার্ত্তাং নানুস্মরথ সত্তমাঃ ॥
১৯। সুহৃদো জ্ঞাতয়ঃ পুত্রা ভ্রাতরঃ পিতরাবপি। নানুস্মরন্তি স্বজনং যস্য দৈবমদক্ষিণম্ ॥

শ্রীবসুদেব উবাচ

২০। অম্ব ! মাস্মানসূয়েথা দৈবক্রীড়নকান্ নরান। ঈশস্য হি বশে লোকঃ কুরুতে কার্য্যতেঽথবা ॥
২১। কংসপ্রতাপিতাঃ সর্ব্বে বয়ং যাতা দিশং দিশম্। এতর্হ্যেব পুনঃ স্থানং দৈবেনাসাদিতাঃ স্বসঃ !

১২-১৩ সাক্ষাতে আসিয়া কৃষ্ণে দেখিলা নয়নে।
নৃপগণ গেল তথা কৃষ্ণ-দরশনে ॥
নানাদেশী যত লোক মিলিল সত্বর।
আত্মপক্ষ, পরপক্ষ যত নারী-নর ॥
নন্দ আদি করি' যত গোপগোপীগণ।
বিকসিত মুখপদ্ম, সরোজ-নয়ন ॥
কৌতুকে সভেই গেলা দেখিতে শ্রীহরি।
বেড়িয়া রহিল লোক চারিদিগ্ ভরি' ॥

১৪ হরি-দরশনে লোকে বাঢ়িল আনন্দ।
নয়নে গলয়ে নীর, পুলকিত অঙ্গ ॥
কৃষ্ণ দেখি' নারীগণে না ধরে শরীর।
মুখে বাণী না সরে', নয়নে ঝরে নীর ॥
আলিঙ্গন দিলা হরি হৃদয়ে ধরিয়া।

১৫ ধেয়ানে রহিলা নারী বাহু পাসরিয়া ॥
নারীগণে নারীগণ করি' আলিঙ্গন।
স্তনে স্তনে বিলেপিত কুঙ্কুম-লেপন।

১৬ কনিষ্ঠ জ্যেষ্ঠের কৈলা চরণ-বন্দন।
স্বাগত-বচনে কৈলা ইষ্ট-সম্ভাষণ ॥
নরগণে নারীগণে একত্র মিলিয়া।
কৃষ্ণকথা কহে সভে হরষিত হঞা ॥

১৭ কুন্তী আসি' বন্ধুগণে কৈলা সম্ভাষণ।
বসুদেব সম্ভাষিয়া করে' নিবেদন ॥

১৮ 'শুন, ভাই বসুদেব ! তুমি মহাশয়।
জিজ্ঞাসা না কৈলে মোর বিপদ-সময় ॥

১৯ এতেকে জানিলুঁ মুঞি অধম বঞ্চিতা।
বন্ধুগণে না সঙরে, বিমুখ বিধাতা ॥'

২০ বসুদেব বলে,'—'ভগ্নি ! না করিহ রোষ।
অগ্রে বিচারিয়া তুমি, পাছে দেহ' দোষ ॥
অদৃষ্ট-অধীন লোক, অদৃষ্টে সঞ্চরে।
ঈশ্বর ইচ্ছায় লোক ভাল-মন্দ করে' ॥

২১ কংস-ভয়ে আমি-সব যাঞা দেশে-দেশে।
প্রাণ রক্ষা করিয়া আছিলুঁ গুপ্তবেশে ॥
দৈবযোগে এখনে ঘটিল দরশন।
যখনে যে হয়, তাহে অদৃষ্ট কারণ ॥'

শ্রীশুক উবাচ

২২। বসুদেবোগ্রসেনাদ্যৈর্যদুভিস্তেঽর্চ্চিতা নৃপাঃ। আসন্নচ্যুতসন্দর্শ-পরমানন্দনির্বৃতাঃ॥
২৩। ভীষ্মো দ্রোণোঽম্বিকাপুত্রো গান্ধারী সসুতা তথা। সদারাঃ পাণ্ডবাঃ কুন্তী সঞ্জয়ো বিদুরঃ কৃপঃ॥
২৪। কুন্তিভোজো বিরাটশ্চ ভীষ্মকো নগ্নজিন্মহান্। পুরুজিদ্দ্রুপদঃ শল্যো ধৃষ্টকেতুঃ স কাশিরাট্॥
২৫। দমঘোষো বিশালাক্ষো মৈথিলো মদ্রকেকয়ৌ। যুধামন্যুঃ সুশর্ম্মা চ সসুতা বাহ্লিকাদয়ঃ॥
২৬। রাজানো যে চ রাজেন্দ্র! যুধিষ্ঠিরমনুব্রতাঃ। শ্রীনিকেতং বপুঃ শৌরেঃ সস্ত্রীকং বীক্ষ্য বিস্মিতাঃ॥
২৭। অথ তে রামকৃষ্ণাভ্যাং সম্যক্ প্রাপ্তসমর্হণাঃ। প্রশশংসুর্মুদা যুক্তা বৃষ্ণীন্ কৃষ্ণপরিগ্রহান্॥
২৮। অহো ভোজপতে! যূয়ং জন্মভাজো নৃণামিহ। যৎ পশ্যথাসকৃৎ কৃষ্ণং দুর্দ্দর্শমপি যোগিনাম্॥
২৯। যদ্বিশ্রুতিঃ শ্রুতিনুতেদমলং পুনাতি, পাদাবনেজনপয়শ্চ বচশ্চ শাস্ত্রম্।
ভূঃ কালভর্জ্জিতভগাপি যদঙ্ঘ্রিপদ্ম,-স্পর্শোত্থশক্তিরভিবর্ষতি নোঽখিলার্থান্॥
৩০। তদ্দর্শনস্পর্শনানুপথপ্রজল্প,-শয্যাসনাশনসযোনসপিণ্ডবন্ধঃ।
যেষাং গৃহে নিরয়বর্ত্মনি বর্ত্ততাং বঃ, স্বর্গাপবর্গবিরমঃ স্বয়মাস বিষ্ণুঃ॥

শ্রীশুক উবাচ

৩১। নন্দস্তত্র যদূন্ প্রাপ্তান্ জ্ঞাত্বা কৃষ্ণপুরোগমান্। তত্রাগমদ্ব্রতো গোপৈরনঃস্থার্থৈর্দিদৃক্ষয়া॥
৩২। তং দৃষ্ট্বা বৃষ্ণয়ো হৃষ্টাস্তন্বঃ প্রাণমিবোত্থিতাঃ। পরিষস্বজিরে গাঢ়ং চিরদর্শনকাতরাঃ॥
৩৩। বসুদেবঃ পরিষ্বজ্য সম্প্রীতঃ প্রেমবিহ্বলঃ। স্মরন্ কংসকৃতান্ ক্লেশান্ পুত্রন্যাসঞ্চ গোকুলে॥

---

২২ বসুদেব, উগ্রসেন যদুকুল মেলি'।
পূজিলা সকল লোক স্তুতি-ভক্তি করি'॥
২৩ ভীষ্ম, দ্রোণ, ধৃতরাষ্ট্র, পূজিলা গান্ধারী।
দুর্য্যোধন-আদি কুরুকুল-নরনারী॥
রাজা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুনাদি করি'।
সঞ্জয়, বিদুর, কৃপ, দ্রুপদ-কুমারী॥
২৪ কুন্তিভোজ, বিরাট্, ভীষ্মক, নগ্নজিৎ।
ধৃষ্টকেতু, কাশীরাজ, শল্য, পুরুজিৎ॥
২৫ দমঘোষ, বিদর্ভ, দ্রুপদ নরপতি।
যুধামন্যু, মদ্রক, কেকয়, মহামতি॥
সুশর্ম্মা, বাহ্লিক-আদি নৃপতিমণ্ডল।
২৬ কৃষ্ণ দেখি' আনন্দে পূরিল কলেবর॥
২৭ প্রশংসিয়া নৃপগণে কি বলে' বচন?
'ধন্য ধন্য পুণ্যযুত তুমি যদুগণ॥
২৮ সাক্ষাতে ঈশ্বর দেখ নরদেহ ধরি'।
মহাযোগিগণে যাঁ'কে চিত্তে ধ্যান করি॥
২৯ যাঁ'র যশ শ্রুতিগণে গায় নিরন্তর।
জগত পবিত্র করে' যাঁ'র পদ-জল॥
বেদ-শাস্ত্র হৈল যাঁ'র বেদময়-বাণী।
অখিল-মঙ্গলধাম, দেব-চূড়ামণি॥
চরণ-পরশ যাঁ'র পাঞা ক্ষিতিতলে।
ধন্য পুণ্যময় হৈল, সর্ব্বশক্তি ধরে॥
৩০ হেন নারায়ণ-সহে নিরন্তর বাস।
শয়ন, ভোজন, পান, গমন, বিলাস॥
তাঁ'র সহ সখ্য-মৈত্রী করিয়া সম্বন্ধ।
গৃহবাসে সুখে বৈসে হঞা নিরাতঙ্ক॥
দুঃখময় গৃহবাস,—নরক-দুয়ার।
তা'থে বসি' তুমি-সব ভবে হৈলে পার॥'
৩১ এইরূপে স্তুতি যদি কৈল নৃপগণ।
তবে নন্দঘোষ আসি' দিলা দরশন॥
গোপগোপীগণ সব শকটে চড়িয়া।
কৃষ্ণ-দরশনে আইলা কৃষ্ণগুণ গাঞা॥
৩২ ভুজপাশে ধরি' দিলা যদুগণে কোল।
'হরি হরি'-শবদ উঠিল উতরোল॥
৩৩ নন্দ দেখি' বসুদেব দিলা আলিঙ্গন।
পুলকে পূরিল তনু, বিহ্বল লোচন॥

৩৪। কৃষ্ণরামৌ পরিষ্বজ্য পিতরাবভিবাদ্য চ। ন কিঞ্চনোচতুঃ প্রেম্ণা সাশ্রুকণ্ঠৌ কুরূদ্বহ!
৩৫। তাবাত্মাসনমারোপ্য বাহুভ্যাং পরিরভ্য চ। যশোদা চ মহাভাগা সুতৌ বিজহতুঃ শুচঃ॥
৩৬। রোহিণী দেবকী চাথ পরিষ্বজ্য ব্রজেশ্বরীম্। স্মরন্ত্যৌ তৎকৃতাং মৈত্রীং বাষ্পকণ্ঠ্যৌ সমূচতুঃ॥
৩৭। কা বিস্মরেত বাং মৈত্রীমনিবৃত্তাং ব্রজেশ্বরি! অবাপ্যাপ্যৈন্দ্রমৈশ্বর্য্যং যস্যা নেহ প্রতিক্রিয়া?
৩৮। এতাবদৃষ্টপিতরৌ যুবয়োঃ স্ম পিত্রোঃ, সম্প্রীণনাভ্যুদয়-পোষণপালনানি।
প্রাপ্যোষতুর্ভবতি পক্ষ্ম হ যদ্বদক্ষ্ণো,-র্ন্যস্তাবকুত্র চ ভয়ৌ ন সতাং পরঃ স্বঃ॥

শ্রীশুক উবাচ

৩৯। গোপ্যশ্চ কৃষ্ণমুপলভ্য চিরাদভীষ্টং, যৎপ্রেক্ষণে দৃশিষু পক্ষ্মকৃতং শপন্তি।
দৃগ্‌ভির্হৃদীকৃতমলং পরিরভ্য সর্ব্বা,-স্তদ্ভাবমাপুরপি নিত্যযুজাং দুরাপম্॥
৪০। ভগবাংস্তাস্তথাভূতা বিবিক্ত উপসঙ্গতঃ। আশ্লিষ্যানাময়ং পৃষ্ট্বা প্রহসন্নিদমব্রবীৎ॥
৪১। অপি স্মরথ নঃ সখ্যঃ স্বানামর্থচিকীর্ষয়া। গতাংশ্চিরায়িতান্ শত্রুপক্ষক্ষপণচেতসঃ?
৪২। অপ্যবধ্যায়থাস্মান্ স্বিদকৃতজ্ঞাবিশঙ্কয়া? নূনং ভূতানি ভগবান্ যুনক্তি বিযুনক্তি চ॥

পূর্ব্ব-বিবরণ দুহেঁ সঙরি' সঙরি'।
মূরছিত হৈলা দুহেঁ কোলাকোলি করি'॥

৩৪ রাম-কৃষ্ণে নন্দঘোষ করি' আলিঙ্গন।
বাহ্য পাসরিলা নন্দ, না সরে' বচন॥
নন্দ-যশোদার দোঁহে চরণ বন্দিয়া।
কিছু না বলিলা দুহেঁ অশ্রুমুখী হঞা॥

৩৫ রাম-কৃষ্ণ দুই পুত্রে ভুজপাশে ধরি'।
গাঢ় আলিঙ্গন দুহেঁ দিলা কোলে করি'॥
আনন্দে মজিলা নন্দ, যশোদা সুন্দরী।
কত প্রেম উপজিল কহিতে না পারি॥

৩৬ রোহিণী-দেবকী আসি' কৈলা সম্ভাষণ।
যশোদা করিয়া কোলে দিলা আলিঙ্গন॥
সঙরি' পূরব-গুণ দুহেঁ বিমোহিতা।
নয়নে গলয়ে নীর, অঙ্গ পুলকিতা॥

৩৭ শুন, হে যশোদা! তোমার কি কহিব গুণে?
বিসরিতে নারি গুণ, দুঃখ উঠে মনে॥
যত উপকার তুমি কৈলে, ব্রজেশ্বরি!
ত্রিভুবন দিলে ধার শুধিতে না পারি॥

৩৮ এই দুই ছাওয়াল তুমি পুত্রবৎ করি'।
পোষণ, পালন কৈলে দিঠে দিঠে ধরি'॥
এত বড় কেবা কা'র করে' উপকার।
ত্রিভুবন দিলেহো শুধিতে নারি ধার॥

৩৯ চিরদিনে গোপীগণ দেখিলা শ্রীহরি।
যাহা বিনে তিলেক মানিলা যুগ করি'॥
আঁখির নিমিষ, সেহো না গেল সহন।
যেন কৃষ্ণ-সহে চিরদিনে দরশন॥
বাহ্য পাসরিলা গোপী গোবিন্দ দেখিয়া।
দৃঢ় আলিঙ্গন দিলা হৃদয়ে ধরিয়া॥

৪০ তবে কৃষ্ণ গোপতে আনিঞা গোপীগণ।
ভুজদণ্ডে ধরি' দিলা দৃঢ় আলিঙ্গন॥
হাসিয়া কি বোলে কৃষ্ণ?—'শুন, ব্রজরামা!

৪১ আমার পূরব-দোষ যদি কর' ক্ষমা॥
তোমা'-সভা তেজি' আমি নিজ প্রিয়তমা।
বন্ধুগণ-দুঃখ-শোক করিতে খণ্ডনা॥
কংস বধিবারে আমি যাই মধুপুরে।
সে দোষ, রমণীগণ! না দিহ আমারে॥

৪২ এ-বিচ্ছেদে অকৃতজ্ঞ আশঙ্কা করিয়া।
নিন্দা নাহি কর' মোরে এই দোষ দিয়া॥
শুন শুন, ব্রজাঙ্গনা! আমার বচন।
পরম-কারণ শুনি' না কর' হেলন॥

৪৩। বায়ুর্যথা ঘনানীকং তৃণং তূলং রজাংসি চ। সংযোজ্যাক্ষিপতে ভূয়স্তথা ভূতানি ভূতকৃৎ ॥
৪৪। ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে। দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ ॥
৪৫। অহং হি সর্ব্বভূতানামাদিরন্তোঽন্তরং বহিঃ। ভৌতিকানাং যথা খং বার্ভূর্বায়ুর্জ্যোতিরঙ্গনাঃ ॥
৪৬। এবং হ্যেতানি ভূতানি ভূতেষ্বাত্মাত্মনা ততঃ। উভয়ং ময্যথ পরে পশ্যতাভাতমক্ষরে ॥

শ্রীশুক উবাচ

৪৭। অধ্যাত্মশিক্ষয়া গোপ্য এবং কৃষ্ণেন শিক্ষিতাঃ। তদনুস্মরণধ্বস্তজীবকোশাস্তমধ্যগন্ ॥
৪৮। আহুশ্চ তে নলিননাভ! পদারবিন্দং, যোগেশ্বরৈর্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং, গেহং জুষামপি মনস্যুদিয়াৎ সদা নঃ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীবৃষ্ণি-গোপসঙ্গমো নাম দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮২ ॥

সর্ব্বভূতে নিয়োজিত বৈসে ভগবান্।
সেই ভগবান্-বিনে কেহ নাহি আন ॥

ইশ্বর-অধীন লোক, ঈশ্বরে ভ্রমায়।
সংযোগ-বিচ্ছেদ, গোপি! ঈশ্বরে করায় ॥

৪৩ যেণ তৃণ, যেন রেণু, যেন মেঘচয়।
পবনে সঞ্চারে যেন, পবনে মিলায় ॥

এইরূপে জগত ভ্রমায় নারায়ণে।
না বুঝিয়া দোষ জানি দেহ' অকারণে ॥

৪৪ এই বড় ভাগ্য, গোপি! সাধিলে ভকতি।
ভক্তিভাবে কৈলে তুমি আমারে পীরিতি ॥

তোমা'-সবাকার হৈল বড় ভাগ্যোদয়।
বল্লভ-বিচ্ছেদে প্রেম কৈলে অতিশয় ॥

অতএব তুমি-সব মোরে পাইলে, ধন্য।
তোমা'-সভা বিনে আমি নাহি জানি অন্য ॥

৪৫ সর্ব্বভূতে বসি আমি, অন্তর-বাহিরে।
আমি-বিনে কিছু সত্য না হয় সংসারে ॥

যেন জল, যেন মহী, পবন-আকাশ।
সভে এই সত্য-মাত্র, সভে যায় নাশ ॥

৪৬ এইরূপে আমি সত্য, আর সব মিছা।
নানা চন্দ্র দেখি, যেন এক চন্দ্র সাঁচা ॥'

৪৭ এইরূপ নানা-তত্ত্ব-জ্ঞান উপদেশে।
কৃষ্ণময় হঞা গোপী কৃষ্ণ পাইলা শেষে ॥

জীবকোষে যে উপাধি, তাহা দূরে গেল।
নিরুপাধি-প্রেমে গোপী কহিতে লাগিল ॥

৪৮ 'হে কৃষ্ণ! নলিননাভ! কমল-লোচন!
যোগেশ্বর ব্রহ্মাদির চিন্তিতচরণ ॥

ভবকূপ-পতিত-তরণ-অবলম্ব।
গৃহসেবী গোপী মোরা, নাহি যোগগন্ধ ॥

গৃহেতে আসক্ত মোরা, থাকি গৃহাশ্রমে।
চরণ-উদয় সদা কর' মোদের মনে ॥"

এইরূপ কৃষ্ণপ্রতি গোপিকার বাণী।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮২ ॥

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। তথানুগৃহ্য ভগবান্ গোপীনাং স গুরুর্গতিঃ। যুধিষ্ঠিরমথাপৃচ্ছৎ সর্ব্বাংশ্চ সুহৃদোঽব্যয়ম্॥
২। ত এবং লোকনাথেন পরিপৃষ্টাঃ সুসৎকৃতাঃ। প্রত্যূচুর্হৃষ্টমনসস্তৎপাদেক্ষাহতাংহসঃ॥
৩। কুতোঽশিবং ত্বচ্চরণাম্বুজাসবং, মহন্মনস্তো মুখনিঃসৃতং ক্বচিৎ।
পিবন্তি যে কর্ণপুটৈরলং প্রভো, দেহং ভৃতাং দেহকৃদসৃতিচ্ছিদম্॥
৪। হিত্বাত্মধামবিধূতাত্ম-কৃতত্র্যবস্থ,-মানন্দসংপ্লবমখণ্ডমকুণ্ঠবোধম্।
কালোপসৃষ্টনিগমাবন আত্তযোগ,-মায়াকৃতিং পরমহংসগতিং নতাঃ স্ম॥

শ্রীঋষিরুবাচ

৫। ইত্যুত্তমঃশ্লোকশিখামণিং জনে,-ষ্বভিষ্টুবৎস্বন্ধক-কৌরবস্ত্রিয়ঃ।
সমেত্য গোবিন্দকথা মিথোঽগৃণং,-স্ত্রিলোকগীতাঃ শৃণু বর্ণয়ামি তে॥

শ্রীদ্রৌপদ্যুবাচ

৬। হে বৈদর্ভ্যচ্যুতো ভদ্রে! হে জাম্ববতি কৌশলে!
হে সত্যভামে! কালিন্দি! শৈব্যে রোহিণি লক্ষ্মণে!
৭। হে কৃষ্ণপত্ন্য এতন্নো ব্রূত বো ভগবান্ স্বয়ম্। উপযেমে যথা লোকমনুকুর্ব্বন্ স্বমায়য়া॥

শ্রীরুক্মিণ্যুবাচ

৮। চৈদ্যায় মার্পয়িতুমুদ্যতকার্ম্মুকেষু, রাজস্বজেয়ভটশেখরিতাঙ্ঘ্রিরেণুঃ।
নিন্যে মৃগেন্দ্র ইব ভাগমজাবিযূথা,-স্তচ্ছ্রীনিকেতচরণোঽস্তু মমার্চ্চনায়॥

[শ্রী-রাগ]

১ গোপিকার গতি কৃষ্ণ, গোপী-প্রাণনাথ।
গোপীগণ সম্ভাষিয়া কৈলা আত্মসাৎ॥
তবে কৃষ্ণ যদুচন্দ্র আনন্দিত-মনে।
যুধিষ্ঠির-রাজারে করিলা সম্ভাষণে॥
তবে আর বন্ধুগণে করিয়া সম্ভাষা।
মধুর বচনে কৈলা কুশল জিজ্ঞাসা॥
২ একে একে কুশল পুছিলা হৃষীকেশ।
সব লোকে উপজিল আনন্দ বিশেষ॥
কৃষ্ণ-দরশনে সব খণ্ডিল দুরিত।
প্রত্যুত্তর দিল লোক হঞা হরষিত॥
৩ "তোমার পদারবিন্দ-মধু পান করে'।
সাধু-মুখ-মুখরিত শ্রবণ-বিবরে॥
তা'র কোন্ সিদ্ধি নহে, রহে অকুশল?
গতাগত-শ্রম-ধ্বংস—চরণকমল॥

৪ নমো নমো, নরমায়া-লীলা-কলেবর।
পরমহংসের গতি চরণযুগল॥
অখণ্ড-পরমানন্দ, সর্ব্বগুণনিধি।
নমো নমো, গোবিন্দ-চরণ নিরবধি॥'
৫ এইরূপে সর্ব্বলোকে কৃষ্ণকথা কহে।
অন্যোঽন্যে মিলিয়া লোক যূথে-যূথে রহে॥
নারীগণে নারীগণে করি' হাতাহাতি।
কৃষ্ণকথা কহে তা'রা, শুন, ক্ষিতিপতি!
৬ দ্রৌপদী পুছিলা,—"শুন, ভীষ্মক-নন্দিনি!
শুন, ভদ্রা! জাম্ববতি! কালিন্দি! রোহিণি!
শুন, সত্যভামা! শৈব্যা! কৌশল্যা! লক্ষ্মণা!
৭ শুন, কৃষ্ণপত্নীগণ! গোবিন্দ-জীবনা॥
নরলীলা প্রকটিয়া দেব-শিরোমণি।
কি কি রূপে বিভা কৈলা কহ দেখি—শুনি॥"
৮ শুনিঞা রুক্মিণীদেবী দ্রৌপদীর বাণী।
কহিতে লাগিলা নিজ-বিবাহ-কাহিনী॥

শ্রীসত্যভামোবাচ

৯। যো মে সনাভিবধতপ্তহৃদা ততেন, লিপ্তাভিশাপমপমার্ষ্টুমুপাজহার।
জিত্বাক্ষরাজমথ রত্নমদাৎ স তেন, ভীতঃ পিতাদিশত মাং প্রভবেঽপি দত্তাম্॥

শ্রীজাম্ববত্যুবাচ

১০। প্রাজ্ঞায় দেহকৃদমুং নিজনাথদৈবং, সীতাপতিং ত্রিনবহান্যযুনাভ্যযুধ্যৎ।
জ্ঞাত্বা পরীক্ষিত উপাহরদর্হণং মাং, পাদৌ প্রগৃহ্য মণিনাহমমুষ্য দাসী॥

শ্রীকালিন্দ্যুবাচ

১১। তপশ্চরন্তী মাজ্ঞায় স্বপাদস্পর্শনাশয়া। সখ্যোপেত্যাগ্রহীৎ পাণিং যোঽহং তদ্গৃহমার্জ্জনী॥

শ্রীভদ্রোবাচ

১২। যো মাং স্বয়ংবর উপেত্য বিজিত্য ভূপান্, নির্ঘ্নে শ্বযূথগমিবাত্মবলিং দ্বিপারিঃ।
ভ্রাতৃংশ্চ মেঽপকুরুতঃ স্বপুরং শ্রিয়ৌক,-স্তস্যাস্ত মেঽনুভবমঙ্ঘ্র্যবনেজনত্বম্॥

শ্রীসত্যোবাচ

১৩। সপ্তোক্ষণোঽতিবলবীর্য্যসুতীক্ষ্ণশৃঙ্গান্, পিত্রা কৃতান্ ক্ষিতিপ-বীর্য্যপরীক্ষণায়।
তান্ বীরদুর্ম্মদহনস্তরসা নিগৃহ্য, ক্রীড়ন্ ববন্ধ হ যথা শিশবোঽজতোকান্॥

"শিশুপালে বিভা দিতে করিয়া মন্ত্রণা।
রাজগণ সাজি' আইল চতুরঙ্গ সেনা॥
ধনুকে টঙ্কার দিয়া বেড়ি' চারিপাশে।
হেন সৈন্য বিচালিলা আঁখির নিমিষে॥
লীলায় হরিয়া মোরে ভুরু-ভঙ্গে আনে'।
সিংহ-ভাগ হরে' যেন ফেরুপাল হনে॥
এমত বৎসল, গুণময় শ্রীনিবাস।
চরণ-অর্চ্চনমাত্র সভে মোর আশ॥"

৯ সত্যভামা বলে',—"শুন, দ্রুপদ-দুহিতা!
ভাইর মরণ দেখি' সত্রাজিত পিতা॥
মণি-হেতু দিলা বাপে কৃষ্ণে পরিবাদ।
জাম্ববান্ জিনি' প্রভু আনে' মণিরাজ॥
বাপে বিভা দিলা আনি' অপরাধ-ভয়ে।
দাস্যপদ মাগি মাত্র ওই দুই পা'য়ে॥"

১০ জাম্ববতী বলে',—"দেবি! কর' অবধান।
পাতালে আছিলা মোর পিতা জাম্ববান্॥
সপ্তবিংশতি-দিন হৈল মহারণ।
তবে বাপ জানিলা—সাক্ষাত নারায়ণ॥
জানকীবল্লভ রাম—জানিলা সাক্ষাতে।
ভূমিতে পড়িয়া পিতা কৈলা দণ্ডপাতে॥
মণি-সহ আমা' আনি' কৈলা সমর্পণ।
দাসী হঞা করি আমি মন্দির-মার্জ্জন॥"

১১ কালিন্দী কি বোলে,—"শুনহ, দ্রৌপদি!
এই বাঞ্ছা করি' তপ করি নিরবধি॥
চরণ-পরশ যদি হয় কোনকালে।
অর্জ্জুনে পাঠাঞা হরি আনিলা সত্বরে॥
তবে আমা' পাণিগ্রহ করিলা শ্রীহরি।
দাসী হঞা আমি গৃহ-মারজন করি॥"

১২ ভদ্রা বলে',—"প্রভু মোরে স্বয়ম্বর-স্থলে।
নৃপগণ জিনিঞা আনিলা একেশ্বরে॥
সিংহভাগ হরে' যেন জম্বুকের মাঝে।
বীরগণ জিনিঞা আনিলা দেবরাজে॥
এই বর মাগোঁ সবে ও-দুই চরণে।
চরণ পাখালোঁ যেন জনমে-জনমে॥

১৩ সত্যা বলে',—"শুন, দেবি! মোর বিবরণ।
তীক্ষ্ণশৃঙ্গ সাত-বৃষ দিল দরশন॥
বীরবল পরীক্ষিতে বাপে আনি' রাখি।
পলায় সকল বীর সাত-বৃষ দেখি'॥
কৌতুকে চলিলা হরি এ বোল শুনিঞা।
একবারে সাত-বৃষ ফেলিলা বান্ধিয়া॥

১৪। য ইত্থং বীর্য্যশুল্কাং মাং দাসীভিশ্চতুরঙ্গিণীম্। পথি নির্জ্জিত্য রাজন্যান্ নিন্যে তদ্দাস্যমস্তু মে॥

শ্রীমিত্রবিন্দোবাচ

১৫। পিতা মে মাতুলেয়ায় স্বয়মাহূয় দত্তবান্। কৃষ্ণে কৃষ্ণায় তচ্চিত্তামক্ষৌহিণ্যা সখীজনৈঃ॥

১৬। অস্য মে পাদসংস্পর্শো ভবেজ্জন্মনি জন্মনি। কর্ম্মভির্ভ্রাম্যমাণায়া যেন তচ্ছ্রেয় আত্মনঃ॥

শ্রীলক্ষ্মণোবাচ

১৭। মমাপি রাজ্যচ্যুতজন্মকর্ম্ম, শ্রুত্বা মুহুর্নারদগীতমাস হ।
চিত্তং মুকুন্দে কিল পদ্মহস্তয়া, বৃতঃ সুসংমৃশ্য বিহায় লোকপান্॥

১৮। জ্ঞাত্বা মম মতং সাধ্বি! পিতা দুহিতৃবৎসলঃ। বৃহৎসেন ইতি খ্যাতস্তত্রোপায়মচীকরৎ॥

১৯। যথা স্বয়ংবরে রাজ্ঞি! মৎস্যঃ পার্থেপ্সয়া কৃতঃ। অয়ন্তু বহিরাচ্ছন্নো দৃশ্যতে স জলে পরম্॥

২০। শ্রুত্বৈতৎ সর্ব্বতো ভূপা আযযুর্মৎপিতুঃ পুরম্। সর্ব্বাস্ত্র-শস্ত্রতত্ত্বজ্ঞাঃ সোপাধ্যায়াঃ সহস্রশঃ॥

২১। পিত্রা সম্পূজিতাঃ সর্ব্বে যথাবীর্য্যং যথাবয়ঃ। আদদুঃ সশরং চাপং বেদ্ধুং পর্ষদি মদ্ধিয়ঃ॥

২২। আদায় ব্যসৃজন্ কেচিৎ সজ্যং কর্ত্তুমনীশ্বরাঃ। আকোষ্ঠং জ্যাং সমুৎকৃষ্য পেতুরেকেঽমুনাহতাঃ॥

২৩। সজ্যং কৃত্বাপরে বীরা মাগধাম্বষ্ঠচেদিপাঃ। ভীমো দুর্য্যোধনঃ কর্ণো নাবিদংস্তদবস্থিতিম্॥

হেন অদভুত-কর্ম্ম করে' যদুরায়।
অজাশিশু বান্ধি' যেন ছাওয়ালে ফেলায়॥

১৪ তবে বাপে বিভা দিলা কৌতুক-মঙ্গলে।
পথে নৃপগণ জিনি' আনিলা মন্দিরে॥
এই বর মাগোঁ মুঞি ও-দুই চরণে।
দাস্যভাব রহে যেন জনমে জনমে॥"

১৫ মিত্রবিন্দা বলে',—"মোর পিতা মতিমান্।
আপনে আনিঞা কৃষ্ণে কৈলা কন্যাদান॥
এক অক্ষৌহিণী সৈন্য করিয়া সাজন।
কন্যা সমর্পিয়া দিলা বহুমূল্য ধন॥

১৬ কর্ম্মবশে যথা তথা না হয় জনম।
সবে-মাত্র সেবি যেন ও-দুই চরণ॥"

১৭ লক্ষ্মণা বোলয়ে বাণী,—"শুন সাবধানে।
কহিব আমার কথা তোমা'-বিদ্যমানে॥
নারদাদি মুখে শুনি' কৃষ্ণের মহিমা।
আমার হৃদয়ে আর না ছিল ভাবনা॥
শুনিলুঁ—কমলাদেবী পদ্মহস্তে করি'।
আপনে বরিলা—সব দেব পরিহরি'॥
ব্রহ্মা-আদি দেবে করে' সতত ধেয়ান।
তে-কারণে চিত্তে আমি না ভাবিয়ে আন॥

১৮ বৃহৎসেন পিতা মোর হৃদয় বুঝিয়া।
মৎস্যধ্বজ নিরমিলা উপায় করিয়া॥

১৯ তোমার জনক যেন অর্জ্জুনের তরে।
মৎস্য নিরমাণ যেন কৈলা স্বয়ম্বরে॥
আছে নাহি মৎস্য—কেহ লখিতে না পারে।
সভে মৎস্য দেখি মাত্র জলের ভিতরে॥

২০ এতেক বচন শুনি' যত ক্ষিতিপাল।
অস্ত্র-শস্ত্র ধরি' গেল মৎস্য বিন্ধিবার॥
সবল-বাহনে সৈন্য করিয়া সাজন।
পৃথিবী পূরিয়া সব আইল নৃপগণ॥

২১ পূজিলা নৃপতিগণ করিয়া বিনয়।
যার' যেন যোগ্য পূজা, পিতা মহাশয়॥
খরতর শর যুড়ি' দিব্য শরাসনে।
আকর্ণ পূরিয়া বাণ ছাড়ে বীরগণে॥

২২ গুণ চঢ়াইতে কেহ পড়িল আছাড়ে।
কেহ নিজ শরাঘাতে প্রাণ ছাড়ি' পড়ে॥

২৩ কেহ গুণ চঢ়াইল অনেক যতনে।
ভীম, দুর্য্যোধন, কর্ণ-আদি বীরগণে॥

২৪। মৎস্যাভাসং জলে বীক্ষ্য জ্ঞাত্বা চ তদবস্থিতিম্।
পার্থো যত্তোঽস্যজদ্বাণং নাচ্ছিনৎ পস্পৃশে পরম্॥
২৫। রাজন্যেষু নিবৃত্তেষু ভগ্নমানেষু মানিষু। ভগবান্ ধনুরাদায় সজ্যং কৃত্বাথ লীলয়া॥
২৬। তস্মিন্ সন্ধায় বিশিখং মৎস্যং বীক্ষ্য সকৃজ্জলে। ছিত্ত্বেষুণাপাতয়ত্তং সূর্য্যে চাভিজিতি স্থিতে॥
২৭। দিবি দুন্দুভয়ো নেদুর্জয়শব্দযুতা ভুবি। দেবাশ্চ কুসুমাসারান্ মুমুচুর্হর্ষবিহ্বলাঃ॥
২৮। তদ্রঙ্গমাবিশমহং কলনূপুরাভ্যাং, পদ্ভ্যাং প্রগৃহ্য কনকোজ্জ্বলরত্নমালাম্।
নূত্নে নিবীয় পরিধায় চ কৌশিকাগ্র্যে, সব্রীড়হাসবদনা কবরীধৃতস্রক্॥
২৯। উন্নীয় বক্ত্রমুরুকুন্তলকুণ্ডলত্বিড়্,-গণ্ডস্থলং শিশিরহাসকটাক্ষমোক্ষৈঃ।
রাজ্ঞো নিরীক্ষ্য পরিতঃ শনকৈর্মুরারে,-রংসেঽনুরক্তহৃদয়া নিদধে স্বমালাম্॥
৩০। তাবন্মৃদঙ্গপটহাঃ শঙ্খভের্য্যানকাদয়ঃ। নিনেদুর্নটনর্ত্তক্যো ননৃতুর্গায়কা জগুঃ॥
৩১। এবং ব্রুতে ভগবতি ময়েশে নৃপযূথপাঃ। ন সেহিরে যাজ্ঞসেনি! স্পর্দ্ধন্তো হৃচ্ছয়াতুরাঃ॥
৩২। মাং তাবদ্রথমারোপ্য হয়রত্নচতুষ্টয়ম্। শার্ঙ্গমুদ্যম্য সন্নদ্ধস্তস্থাবাজৌ চতুর্ভুজঃ॥
৩৩। দারুকশ্চোদয়ামাস কাঞ্চনোপস্করং রথম্। মিষতাং ভূভুজাং রাজ্ঞে মৃগাণাং মৃগরাড়িব॥
৩৪। তেঽন্বসজ্জন্ত রাজন্যা নিষেদ্ধুং পথি কেচন। সংযত্তা উদ্ধৃতেষাসা গ্রামসিংহা যথা হরিম্॥

---

২৪ জলে মৎস্য দেখি' কেহ বিন্ধিল আকাশে।
অর্জ্জুনের শর মাত্র কিঞ্চিৎ পরশে॥

২৫ এইরূপে নৃপগণ ভগ্নদর্প হঞা।
কেহ গৈল, কেহ গেল অপমান পাঞা॥
এ-বোল শুনিঞা হরি পুরুষ-কেশরী।
ধনুকে টঙ্কার দিলা লীলায়ে করে ধরি'॥

২৬ সকৃৎ দেখিয়া জলে ছাড়ে তীক্ষ্ণবাণ।
আকাশে কাটিয়া মৎস্য কৈলা দুই খান॥
দ্বিতীয়-প্রহর বেলা, অভিজিৎ-ক্ষণে।
কাটা গেল যদি মৎস্য গোবিন্দের বাণে॥

২৭ আকাশ-মণ্ডলে বাজে দুন্দুভি-বাজন।
'জয় জয়'-শব্দ হৈল, পুষ্প-বরিষণ॥

২৮ তবে স্বয়ম্বরে মুঞি কৈলুঁ পরবেশ।
বিগলিত মল্লীমালা, বিলোলিত কেশ॥
রতন-মঞ্জীর, চারু চরণে শিঞ্জিত।
উজ্জ্বল-কনক-মালা, কবরী-বিলসিত॥
কটিতটে পট্টবস্ত্র, পুরট-ভূষণ।
কিঞ্চিৎ কুঞ্চিত হাস, মুদিত বদন॥

২৯ হেন দিব্যবেশে মুঞি কৈলু পরবেশ।
কুন্তলমণ্ডিত গণ্ড, বিলোলিত কেশ॥
ভুরুভঙ্গে নিরখিয়া নৃপতি-মণ্ডল।
ধীরে ধীরে গেলুঁ মুঞি প্রভুর গোচর॥
রত্নমালা তুলিয়া প্রভুর দিলুঁ গলে।

৩০ দুন্দুভি-বাজন হৈল আকাশমণ্ডলে॥
শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-বাজন, কোলাহল।
নর্ত্তক-নর্ত্তকী নাচে, গীত মনোহর॥

৩১ এইরূপে মুঞি যদি বরিলুঁ শ্রীহরি।
উঠিল নৃপতিগণ সহিতে না পারি॥

৩২ তবে কৃষ্ণ মোরে লঞা তুলি' নিজরথে।
তুলিয়া শারঙ্গ ধনু লৈলা প্রভু হাথে॥
চতুর্ভুজ হঞা মোরে দুই হাতে ধরি'॥
দুই হাত দিয়া শর বরিষণ করি'॥

৩৩ খেদাঞা নৃপতিগণ চলে' যদুরায়।
সিংহ-দরশনে যেন হরিণ পলায়॥

৩৪ সাজিয়া বেঢ়িল পথে কোন বীরগণ।
কুক্কুরে কেশরী যেন বেঢ়ে অকারণ॥

৩৫। তে শার্ঙ্গচ্যুতবাণৌঘৈঃ কৃত্তবাহ্বঙ্ঘ্রি-কন্ধরাঃ। নিপেতুঃ প্রধনে কেচিদেকে সন্ত্যজ্য দুদ্রুবুঃ॥
৩৬। ততঃ পুরীং যদুপতিরত্যলঙ্কৃতাং, রবিচ্ছদধ্বজ-পটচিত্রতোরণাম্।
কুশস্থলীং দিবি ভুবি চাভিসংস্তুতাং, সমাবিশত্তরণিরিব স্বকেতনম্॥
৩৭। পিতা মে পূজয়ামাস সুহৃৎসম্বন্ধিবান্ধবান্। মহার্হবাসোঽলঙ্কারৈঃ শয্যাসনপরিচ্ছদৈঃ॥
৩৮। দাসীভিঃ সর্ব্বসম্পদ্ভির্ভটেভ-রথবাজিভিঃ। আয়ুধানি মহার্হাণি দদৌ পূর্ণস্য ভক্তিতঃ॥
৩৯। আত্মারামস্য তস্যেমা বয়ং বৈ গৃহদাসিকাঃ। সর্ব্বসঙ্গনিবৃত্ত্যাদ্ধা তপসা চ বভূবিম॥

শ্রীমহিষ্য ঊচুঃ

৪০। ভৌমং নিহত্য সগণং যুধি তেন রুদ্ধা, জ্ঞাত্বাথ নঃ ক্ষিতিজয়ে জিতরাজকন্যাঃ।
নির্ম্মুচ্য সংসৃতিবিমোক্ষমনুস্মরন্তীঃ, পাদাম্বুজং পরিণিনায় য আপ্তকামঃ॥
৪১। ন বয়ং সাধ্বি! সাম্রাজ্যং স্বারাজ্যং ভৌজ্যমপ্যুত।
বৈরাজ্যং পারমেষ্ঠ্যঞ্চ আনন্ত্যং বা হরেঃ পদম্॥
৪২। কাময়ামহ এতস্য শ্রীমৎপাদরজঃ শ্রিয়ঃ। কুচকুঙ্কুমগন্ধাঢ্যং মূর্দ্ধ্না বোঢ়ুং গদাভৃতঃ॥
৪৩। ব্রজস্ত্রিয়ো যদ্বাঞ্ছন্তি পুলিন্দ্যস্তৃণবীরুধঃ। গাবশ্চারয়তো গোপাঃ পাদস্পর্শং মহাত্মনঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে তীর্থযাত্রানুবর্ণনং নাম ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৩॥

---

৩৫ শারঙ্গ যুড়িয়া কৈলা শর বরিষণ।
লীলায়ে সকল সৈন্য কৈলা নিপাতন॥
হস্তপদ কাটা গেল, কা'র নাক-কাণ।
রণ তেজি' গেল কেহ রাখিয়া পরাণ॥

৩৬ রিপু-সৈন্য নিবারিয়া প্রভু হৃষীকেশ।
দ্বারকা-মণ্ডলে তবে কৈলা পরবেশ॥
বিতান-তোরণ-জাল, ধ্বজ-ছত্র-বানা।
বিচিত্র-নির্ম্মাণ পুরী বিবিধ-ভূষণা॥
দ্বারকা প্রবেশ কৈলা ত্রিভুবনরায়।

৩৭ পিতা মোর ভক্তিভাবে পূজিয়া পাঠায়॥
মহামূল্য ধন দিলা, দিব্য অলঙ্কার।
আসন, ভূষণ, শয্যা, নানা-উপহার॥

৩৮ দাসীগণ দিলা দিব্য ভূষণে ভূষিয়া।
রথ, গজ, ঘোড়া দিলা রতনে খচিয়া॥
অস্ত্র-শস্ত্র দিলা, আর মহামূল্য ধন।
ভক্তিভাবে কৈলা পিতা কৃষ্ণ আরাধন॥

৩৯ হেন পরিপূর্ণ হরি নিত্য সুখানন্দ।
কহিতে প্রভুর গুণ কেবা পায় অন্ত?
এই বর মাগোঁ সবে জন্ম-জন্মান্তরে।
গৃহদাসী হঞা যেন থাকোঁ নিরন্তরে॥

৪০ ষোড়শ সহস্র দেবী কি বোলে বচন?
"শুনহ, দ্রৌপদি! দেবি! কহি বিবরণ॥
আছিল নরক রাজা জিনিয়া সংসার।
আমা'-সভা হরিয়া আনিল দুরাচার॥
ষোড়শ সহস্র আমি-সব রাজকন্যা।
কুলশীল-গুণবতী, সর্ব্বলোক-ধন্যা॥
নরক বধিয়া হরি নিজপুরে আনি'।
ষোড়শ সহস্র বিভা কৈলা চক্রপাণি॥

৪১ স্বর্গভোগ, রাজ্যপদ, অশেষ-সম্পদ্।
ব্রহ্মপদ না মাগিব, কিবা বিষ্ণুপদ॥

৪২ সভে ওই চরণ-পঙ্কজে ধরি' আশা।

৪৩ ভকতবৎসল প্রভু, সকলে ভরসা॥

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৩॥

চতুরশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। শ্রুত্বা পৃথা সুবলপুত্র্যথ যাজ্ঞসেনী, মাধব্যথ ক্ষিতিপপত্ন্য উত স্বগোপ্যঃ।
কৃষ্ণেঽখিলাত্মনি হরৌ প্রণয়ানুবন্ধং, সর্ব্বা বিসিস্মুরলমশ্রুকলাকুলাক্ষ্যঃ॥
২। ইতি সম্ভাষমাণাসু স্ত্রীভিঃ স্ত্রীষু নৃভির্নৃষু। আযযুর্মুনয়স্তত্র কৃষ্ণরাম-দিদৃক্ষয়া॥
৩। দ্বৈপায়নো নারদশ্চ চ্যবনো দেবলোঽসিতঃ। বিশ্বামিত্রঃ শতানন্দো ভরদ্বাজোঽথ গৌতমঃ॥
৪। রামঃ সশিষ্যো ভগবান্ বশিষ্ঠো গালবো ভৃগুঃ। পুলস্ত্যঃ কশ্যপোঽত্রিশ্চ মার্কণ্ডেয়ো বৃহস্পতিঃ॥
৫। দ্বিতস্ত্রিতশ্চৈকতশ্চ ব্রহ্মপুত্রাস্তথাঙ্গিরাঃ। অগস্ত্যো যাজ্ঞবল্ক্যশ্চ বামদেবাদয়োঽপরে॥
৬। তান্ দৃষ্ট্বা সহসোত্থায় প্রাগাসীনা নৃপাদয়ঃ। পাণ্ডবাঃ কৃষ্ণরামৌ চ প্রণেমুর্বিশ্ববন্দিতান্॥
৭। তানানর্চ্চুর্যথা সর্ব্বে সহরামোঽচ্যুতোঽর্চ্চয়ৎ। স্বাগতাসনপাদ্যার্ঘ্যমাল্যধূপানুলেপনৈঃ॥
৮। উবাচ সুখমাসীনান্ ভগবান্ ধর্ম্মগুপ্তনুঃ। সদসস্তস্য মহতো যতবাচোঽনুশৃণ্বতঃ॥

শ্রীভগবানুবাচ

৯। অহো বয়ং জন্মভৃতো লব্ধং কার্ৎস্ন্যেন তৎফলম্। দেবানামপি দুষ্প্রাপং যদ্‌যোগেশ্বরদর্শনম্॥
১০। কিং স্বল্পতপসাং নৃণামর্চ্চায়াং দেবচক্ষুষাম্। দর্শনস্পর্শন-প্রশ্ন-প্রহ্ব-পাদার্চ্চনাদিকম্?
১১। ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ। তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ॥

[বসন্ত-রাগ]

১ এতেক বচন শুনি' দ্রুপদ-নন্দিনী।
কুন্তী-আদি আর যত রাজার রমণী॥
গোপীগণ, আর যত কুলবতী নারী।
বিস্ময় ভাবিয়া রহে কৃষ্ণে মন ধরি'॥

২-৫ এইরূপে নারীগণে নারীগণে মেলি'।
পুরুষে পুরুষে কথা হাস্যরস করি'॥
হেনকালে মুনিগণ ভুবন-পাবন।
কৃষ্ণ-দরশন-হেতু কৈলা আগমন॥
বেদব্যাস, নারদ, চ্যবন যোগেশ্বর।
বিশ্বামিত্র, শতানন্দ, অসিত, দেবল॥
বামদেব, ভরদ্বাজ, ভৃগুপতি রাম।
বশিষ্ঠ, গৌতম, ভৃগু, যাজ্ঞবল্ক্য-নাম॥
পুলস্ত্য, কশ্যপ, অত্রি, মুনি বৃহস্পতি।
মার্কণ্ডেয়, বীতিহোত্র-আদি মহামতি॥
অগস্ত্য, অঙ্গিরা, মুনি সনকাদি করি।
কৃষ্ণ দেখিবারে গেলা মুনিগণে মেলি'॥

৬ দেখিয়া সম্ভ্রমে লোক উঠিলা সকল।
যুধিষ্ঠির-আদি যত নৃপতি-শেখর॥
রামকৃষ্ণ, বসুদেব উঠিলা সত্বরে।
দণ্ড-পরণাম কৈলা চরণ-নিয়ড়ে॥

৭ পাদ্য-অর্ঘ্য দিয়া দিলা সুগন্ধি-চন্দন।
ধূপ-দীপ দিয়া কৈলা প্রদীপ-বন্দন॥
আসনে বসাঞা হরি পূজিলা বিধানে।

৮ কহিতে লাগিলা কিছু বিনয়-বচনে॥

৯ "আমি-সব ধন্য হৈলাঙ, সফল জনম।
মহাযোগেশ্বর-সহে হৈল দরশন॥

১০ সাধুজন-দরশন—দেবের দুর্লভ।
ভাগ্যে আজি ঘটে হেন অখিল-সম্পদ্॥
অল্পতপ আমি-সব, অল্প-বুদ্ধি ধরি।
স্বভাবে মানুষ-জাতি, অল্প-অধিকারী॥
প্রতিমাতে দেববুদ্ধি, নহে সাধুজনে।
মতিহীন আমি-সব সাধু-অবজ্ঞানে॥

১১ জলময়—তীর্থ, দেব—ধাতু-শিলাময়।
এ-সবে পবিত্র করে', কিন্তু শীঘ্র নয়॥

১২। নাগ্নির্ন সূর্য্যো ন চ চন্দ্রতারকা, ন ভূর্জলং খং শ্বসনোঽথ বাঙ্মনঃ।
উপাসিতা ভেদকৃতো হরন্ত্যঘং, বিপশ্চিতো ঘ্নন্তি মুহূর্ত্তসেবয়া॥
১৩। যস্যাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে, স্বধীঃ কলত্রাদিষু ভৌম ইজ্যধীঃ।
যত্তীর্থবুদ্ধিঃ সলিলে ন কর্হিচি,-জ্জনেষ্বভিজ্ঞেষু স এব গোখরঃ॥

শ্রীশুক উবাচ

১৪। নিশম্যেত্থং ভগবতঃ কৃষ্ণস্যাকুণ্ঠমেধসঃ। বচো দুরন্বয়ং বিপ্রাস্তূষ্ণীমাসন্ ভ্রমদ্ধিয়ঃ॥
১৫। চিরং বিমৃশ্য মুনয় ঈশ্বরস্যেশিতব্যতাম্। জনসংগ্রহ ইত্যূচুঃ স্ময়ন্তস্তং জগদ্গুরুম্॥

শ্রীমুনয় ঊচুঃ

১৬। যন্মায়য়া তত্ত্ববিদুত্তমা বয়ং, বিমোহিতা বিশ্বসৃজামধীশ্বরাঃ।
যদীশিতব্যায়তি গূঢ় ঈহয়া, অহো বিচিত্রং ভগবদ্বিচেষ্টিতম্॥
১৭। অনীহ এতদ্বহুধৈক আত্মনা, সৃজত্যবত্যত্তি ন বধ্যতে যথা।
ভৌমৈর্হি ভূমির্বহুনামরূপিণী, অহো বিভূম্নশ্চরিতং বিড়ম্বনম্॥
১৮। অথাপি কালে স্বজনাভিগুপ্তয়ে, বিভর্ষি সত্ত্বং খলনিগ্রহায় চ।
স্বলীলয়া বেদপথং সনাতনং, বর্ণাশ্রমাত্মা পুরুষঃ পরো ভবান্॥

দরশন-মাত্রে করে' সাধুজনে ত্রাণ।
দেবতীর্থফল নহে মহান্তসমান॥

১২ অগ্নি, সূর্য্য, শশধর, আকাশ, পবন।
জল, ভূমি, বাক্য, মন, গ্রহ সূক্ষ্মগণ॥
এ-সব সেবিলে নহে দুরিত-সঞ্চয়।
কিন্তু ভেদ-বুদ্ধি করি' করে' পাপক্ষয়॥
তিলেক মহান্ত-সেবা যদি মাত্র করে'।
অশেষ দুরিত-দুঃখ সেইক্ষণে হরে'॥

১৩ যা'র আত্মবুদ্ধি হয় মৃত-কলেবরে।
বাত, পিত্ত, শ্লেষ্মা—তিন ধাতুমাত্র ধরে॥
পুত্র-মিত্র-কলত্র আপন করি' মানে'।
মৃণ্ময়ী প্রতিমা দেব—এই মাত্র জানে'॥
জলে মাত্র তীর্থ-বুদ্ধি, নাহি সাধুজনে।
এ-সব গোখর, কিবা গর্দ্দভ-সমানে॥"

১৪ কৃষ্ণের বচন শুনি' মহামুনিগণ।
নিঃশবদে রহে সবে, বুদ্ধি হৈল ভ্রম॥

১৫ চিত্ত বিমরিষ করি' রহে মুনিগণে।
"হেন অদভুত নাহি দেখি ত্রিভুবনে॥
ত্রিজগত-গুরু হরি, দেবশিরোমণি।
লোক বুঝাইতে প্রভু বোলে হেন বাণী॥

১৬ আমি-সব বিমোহিত যাঁর মায়াজালে।
মহাযোগেশ্বর হঞা ভ্রময়ে সংসারে॥
আপনা আচ্ছাদে প্রভু নরলীলা করি'।
তাঁ'র মায়া ত্রিভুবনে কে বুঝিতে পারি?

১৭ আপনা আপনা সৃজে, করয়ে সংহার।
আপনে পালন হরি করে' আপনার॥
এক হরি বহুরূপ, ধরে নানা-নাম।
সর্ব্বজীবে বৈসে প্রভু, সর্ব্বত্র সমান॥
মাটির নির্ম্মিত ঘট নানাপরকার।
ঘট-পট সত্য নহে, মাটিমাত্র সার॥
লোক-বিড়ম্বনা-হেতু নরলীলা করে'।
কপট-মানুষ-মায়া কে বুঝিতে পারে?

১৮ সম্প্রতি ভকতজন-প্রতিকার-হেতু।
অপার-সংসারসিন্ধু-পরিত্রাণসেতু॥
পুরুষ-পুরাণ তুমি, নরলীলা ধর'।
বেদপথ-রক্ষা-হেতু দ্বিজভক্তি কর'॥

১৯। ব্রহ্ম তে হৃদয়ং শুক্লং তপঃস্বাধ্যায়সংযমৈঃ। যত্রোপলব্ধং সদ্ব্যক্তমব্যক্তঞ্চ ততঃ পরম্॥
২০। তস্মাদ্‌ব্রহ্মকুলং ব্রহ্মন্! শাস্ত্রযোনেস্ত্বমাত্মনঃ। সভাজয়সি সদ্ধাম তদ্‌ব্রহ্মণ্যাগ্রণীর্ভবান্॥
২১। অদ্য নো জন্মসাফল্যং বিদ্যায়াস্তপসো দৃশঃ। ত্বয়া সঙ্গম্য সদ্গত্যা যদন্তঃ শ্রেয়সাং পরঃ॥
২২। নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে। স্বযোগমায়য়াচ্ছন্নমহিম্নে পরমাত্মনে॥
২৩। ন যং বিদন্ত্যমী ভূপা একারামাশ্চ বৃষ্ণয়ঃ। মায়াজবনিকাচ্ছন্নমাত্মানং কালমীশ্বরম্॥
২৪। যথা শয়ানঃ পুরুষ আত্মানং গুণতত্ত্বদৃক্। নামমাত্রেন্দ্রিয়াভাতং ন বেদ রহিতং পরম্॥
২৫। এবং ত্বায়ং জনো ব্রহ্মন্নামমাত্রেন্দ্রিয়েহয়া। মায়য়া বিভ্রমচ্চিত্তো ন বেদ স্মৃত্যুপপ্লবাৎ॥
২৬। তস্যাদ্য তে দদৃশিমাঙ্ঘ্রিমঘৌঘমর্ষ-তীর্থাস্পদং হৃদি কৃতং সুবিপক্কযোগৈঃ।
উৎসিক্ত-ভক্ত্যুপহতাশয়জীবকোশা, আপুর্ভবদ্গতিমথানুগৃহাণ ভক্তান্॥

শ্রীশুক উবাচ

২৭। ইত্যনুজ্ঞাপ্য দাশার্হং ধৃতরাষ্ট্রং যুধিষ্ঠিরম্। রাজর্ষে! স্বাশ্রমান্ গন্তুং মুনয়ো দধিরে মনঃ॥
২৮। তদ্বীক্ষ্য তানুপব্রজ্য বসুদেবো মহাযশাঃ। প্রণম্য চোপসংগৃহ্য বভাষেদং সুযন্ত্রিতঃ॥

শ্রীবসুদেব উবাচ

২৯। নমো বঃ সর্ব্বদেবেভ্য ঋষয়ঃ শ্রোতুমর্হথ! কর্ম্মণা কর্ম্মনির্হারো যথা স্যান্নস্তদুচ্যতাম্॥

---

১৯ তোমার হৃদয়ে বেদ তপোযোগময়।
বেদমুখে শুভাশুভ এ-সব নির্ণয়॥

২০ হেন বেদ ব্রাহ্মণের মুখে উতপতি।
তে-কারণে কর' তুমি ব্রাহ্মণ-ভকতি॥

২১ সফল জনম আজি, সফল জীবন।
সফল সমাধি-যোগ, সফল নয়ন॥
কুল, শীল আজি-সে সফল তপ, জ্ঞান।
সর্ব্বসিদ্ধি হৈল আজি, পরিপূর্ণ কাম॥

২২ নমো নমো, গোবিন্দ, মাধব, দামোদর!
নমো নমো, দেবদেব! কৃষ্ণ! যোগেশ্বর!

২৩ আপন মায়ায় তুমি আচ্ছাদ আপনা।
নিগম-নিগূঢ় তুমি, আপনার সীমা॥
এ-সব নৃপতিগণে তোমা' নাহি জানে'।
আছুক আনের কাজ, এই যদুগণে॥
একত্রে বসতি, বাস, শয়ন, ভোজন।
তভু তত্ত্ব না জানিলা যদু-বৃষ্ণিগণ॥

২৪-২৫ হেন মায়া জান' তুমি, প্রকৃতির পর।
তোমার মায়ায়ে, নাথ! বঞ্চিত সকল॥

২৬ আজি চরণারবিন্দ হৈল দরশন।
যোগীর চিন্তিত পদ, অঘ-বিনাশন॥
সর্ব্বতীর্থ-তীর্থ, সনকাদি-সুখানন্দ।
বিনিহত ভকত-দুরিত-দুঃখ-বন্ধ॥
জ্ঞানময় প্রভু তুমি, জ্ঞানে সব দেখ।
তোমার ভকত করি' আমা'-সভা রাখ॥"

২৭ এতেক বচন বলি' মহামুনিগণে।
স্তুতি, ভক্তি, প্রণাম করিয়া ভগবানে॥
যুধিষ্ঠির-আদি সম্ভাষিয়া জনে জনে।
চলিতে উদ্যম কৈলা মহামুনিগণে॥

২৮ তা' দেখিয়া বসুদেব মহা-মতিমান
মুনিগণ-চরণে করিয়া পরণাম॥
করজোড় করি' বোলে বিনয়-বচনে।

২৯ "নমো নমো, মুনিগণ! করোঁ নিবেদনে॥
কর্ম্ম-হ'নে কর্ম্মনাশ কোন্ মতে হয়?
হেন উপদেশ মোরে দেহ' মহাশয়॥"
বসুদেব-বচন শুনিঞা মুনিগণে।
ভুরুভঙ্গে নিরখিয়া হাসে মনে-মনে॥

শ্রীনারদ উবাচ

৩০। নাপি চিত্রমিদং বিপ্রা! বসুদেবো বুভুৎসয়া। কৃষ্ণং মত্বার্ভকং যন্নঃ পৃচ্ছতি শ্রেয় আত্মনঃ॥
৩১। সন্নিকর্ষো হি মর্ত্ত্যানামনাদরণকারণম্। গাঙ্গং হিত্বা যথান্যাম্ভস্তত্রত্যো যাতি শুদ্ধয়ে॥
৩২। যস্যানুভূতিঃ কালেন লয়োৎপত্ত্যাদিনাস্য বৈ। স্বতোঽন্যস্মাচ্চ গুণতো ন কুতশ্চন রিষ্যতি॥
৩৩। তং ক্লেশকর্ম্ম-পরিপাক-গুণপ্রবাহৈ,-রব্যাহতানুভবমীশ্বরমদ্বিতীয়ম্।
প্রাণাদিভিঃ স্ববিভবৈরুপগূঢ়মন্যো, মন্যেত সূর্য্যমিব মেঘহিমোপরাগৈঃ॥
৩৪। অথোচুর্মুনয়ো রাজন্নাভাষ্যানকদুন্দুভিম্। সর্ব্বেষাং শৃণ্বতাং রাজ্ঞাং তথৈবাচ্যুতরাময়োঃ॥
৩৫। কর্ম্মণা কর্ম্মনির্হার এষ সাধু নিরূপিতঃ। যচ্ছ্রদ্ধয়া যজেদ্বিষ্ণুং সর্ব্বযজ্ঞেশ্বরং মখৈঃ॥
৩৬। চিত্তস্যোপশমোঽয়ং বৈ কবিভিঃ শাস্ত্রচক্ষুষা। দর্শিতঃ সুগমো যোগো ধর্ম্মশ্চাত্মমুদাবহঃ॥
৩৭। অয়ং স্বস্ত্যয়নঃ পন্থা দ্বিজাতের্গৃহমেধিনঃ। যচ্ছ্রদ্ধয়াপ্তবিত্তেন শুক্লেনেজ্যেত পূরুষঃ॥
৩৮। বিত্তৈষণাং যজ্ঞদানৈর্গৃহৈর্দারসুতৈষণাম্। আত্মলোকৈষণাং দেব! কালেন বিসৃজেদ্বুধঃ।
গ্রামে ত্যক্তৈষণাঃ সর্ব্বে যযুর্ধীরাস্তপোবনম্॥
৩৯। ঋণৈস্ত্রিভির্দ্বিজো জাতো দেবর্ষিপিতৃণাং প্রভো! যজ্ঞাধ্যয়নপুত্রৈস্তান্যনিস্তীর্য্য ত্যজন্ পতেৎ॥

---

৩০ নারদ কহিলা তবে,—"এ কোন্ বিস্ময় ?
ভাল জিজ্ঞাসিলা বসুদেব মহাশয়॥
পুত্রবুদ্ধি বসুদেব করে' নারায়ণে।
তে-কারণে জিজ্ঞাসিলা আমা'-সভা-স্থানে॥

৩১ নিকটে থাকিলে লোকে করে' অনাদর।
দূরতীর্থে যায় যেন তেজি' গঙ্গাজল॥
সৃষ্টি-স্থিতি-প্রলয়ে যাঁহার নাহি ধ্বংস।
নির্গুণ, পরমানন্দ, নিত্য, পরহংস॥

৩২-৩৩ হেন প্রভু ধরেন মায়ায় নরলীলা।
মায়ায়ে মানুষ-বেশে করে' নানা-খেলা॥
বসুদেবে কি তাঁ'র বুঝিব অনুভাব!
আমি-সব হই' যাঁ'র না বুঝি স্বভাব!!"

৩৪ এতেক বচন বলি' যত মহামুনি।
বসুদেব সম্ভাষিয়া বলে' কোন্ বাণী ?

৩৫ "ভাল, বসুদেব! তুমি মনে কৈলে সার।
কর্ম্ম-হ'নে কর্ম্মবন্ধ খণ্ডিব তোমার॥
যজ্ঞ-দান করি' কর' কৃষ্ণ-আরাধন।
সর্ব্বকর্ম্ম করি' দেবদেবে সমর্পণ॥

৩৬ বিনি কর্ম্ম কৈলে, নহে চিত্তের সন্তোষ।
বিনি কৃষ্ণ-সমর্পণে না হয় নির্দ্দোষ॥
এই সে উত্তম পথ, গৃহস্থের ধর্ম্ম।
শ্রদ্ধাযুত হৈয়া কর' যজ্ঞ-দান-কর্ম্ম॥

৩৭ ন্যায়-উপার্জ্জিত বিত্ত করি' সমর্পণ।
শ্রদ্ধা-ভক্তি করিয়া ভজিব নারায়ণ॥

৩৮ যজ্ঞ-দান করি' বিত্ত-আশা দূর করি'।
গৃহবাসে, পুত্র-দারে আশা পরিহরি'॥
ভোগ পরিহরি', স্বর্গ-সুখভোগ-আশ।
বুধজনে এইরূপে করে' কর্ম্ম-নাশ॥
জনকাদি মহাজন আছিলা সংসারে।
কত কত যজ্ঞদান কৈলা ক্ষিতিতলে॥
পাছে কর্ম্ম তেজি' তাঁ'রা গেলা তপোবনে।
বসুদেব! ভাল তুমি যুক্তি কৈলে মনে॥

৩৯ তিন ঋণ লঞা হয়ে বিপ্রের জনম।
দেব-ঋষি-পিতৃ-ঋণ—এ-তিন বন্ধন॥
যজ্ঞ করি' দেব-ঋণ শুধিব ব্রাহ্মণ।
বেদ পড়ি' ঋষি-ঋণ করিব খণ্ডন॥
পুত্র জন্মাইঞা শুধি পিতৃগণ-ধার।
নহে, তিন-ঋণে বিপ্র না পায় নিস্তার॥

৪০। ত্বং ত্বয়া মুক্তো দ্বাভ্যাং বৈ ঋষিপিত্রোর্মহামতে! যজ্ঞৈর্দেবর্ণমুন্মুচ্য নির্ঋণোঽশরণো ভব ॥
৪১। বসুদেব! ভবান্ নূনং ভক্ত্যা পরময়া হরিম্। জগতামীশ্বরং প্রার্চ্চঃ স যদ্বাং পুত্রতাং গতঃ ॥

শ্রীশুক উবাচ

৪২। ইতি তদ্বচনং শ্রুত্বা বসুদেবো মহামনাঃ। তানৃষীনৃত্বিজো বব্রে মূর্দ্ধ্নানম্য প্রসাদ্য চ ॥
৪৩। ত এনমৃষয়ো রাজন্! বৃতা ধর্ম্মেণ ধার্ম্মিকম্। তস্মিন্নযাজয়ন্ ক্ষেত্রে মখৈরুত্তমকল্পকৈঃ ॥
৪৪। তদ্দীক্ষায়াং প্রবৃত্তায়াং বৃষ্ণয়ঃ পুষ্করস্রজঃ। স্নাতাঃ সুবাসসো রাজন্! রাজানঃ সুষ্ঠ্বলঙ্কৃতাঃ ॥
৪৫। তন্মহিষ্যশ্চ মুদিতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ। দীক্ষাশালামুপাজগ্মুর্বালিপ্তা বস্তুপাণয়ঃ ॥
৪৬। নেদুর্মৃদঙ্গপটহ-শঙ্খভের্য্যানকাদয়ঃ। ননৃতুর্নটনর্ত্তক্যস্তুষ্টুবুঃ সূতমাগধাঃ।
জগুঃ সুকণ্ঠ্যো গন্ধর্ব্ব্যঃ সঙ্গীতং সহভর্ত্তৃকাঃ ॥
৪৭। তমভ্যষিঞ্চন্ বিধিবদক্তমভ্যক্তমৃত্বিজঃ। পত্নীভিরষ্টাদশভিঃ সোমরাজমিবোড়ুভিঃ ॥
৪৮। তাভির্দুকূলবলয়ৈর্হারনূপুরকুণ্ডলৈঃ। স্বলঙ্কৃতাভির্বিবভৌ দীক্ষিতোঽজিনসংবৃতঃ ॥
৪৯। তস্যত্বিজো মহারাজ! রত্নকৌশেয়বাসসঃ। সসদস্যা বিরেজুস্তে যথা বৃত্রহণোঽধ্বরে ॥
৫০। তদা রামশ্চ কৃষ্ণশ্চ স্বৈঃ স্বৈর্বন্ধুভিরন্বিতৌ। রেজতুঃ স্বসুতৈর্দারৈর্জীবেশৌ স্ববিভূতিভিঃ ॥

---

৪০ তুমি তা'র দুই ঋণ পূরবে শুধিলে।
ঋষি-ঋণে, পিতৃ-ঋণে পরিত্রাণ পাইলে ॥
দেব-ঋণ শোধ' তুমি মহাযজ্ঞ করি'।
তবে, বসুদেব! তুমি হেলে যা'বে তরি' ॥

৪১ ধন্য তুমি, বসুদেব! সফল জীবন।
জগত-ঈশ্বর পুত্র হৈলা নারায়ণ ॥"

৪২ মুনিগণ-বচন শুনিঞা মহাশয়।
বসুদেব আনন্দিত, প্রসন্ন-হৃদয় ॥
মুনিগণ-চরণে করিয়া পরণতি।
বিনয়-ভকতি করি' পূজে মহামতি ॥
বিধি-অনুসারে কৈলা ব্রাহ্মণ-বরণ।
মহাধন, ধেনু দিলা, বসন-ভূষণ ॥

৪৩ তবে যজ্ঞ-অনুবন্ধ করি' শুভক্ষণে।
যজ্ঞ করে' মুনিগণ উত্তম-বিধানে ॥
যজায় ব্রাহ্মণগণ বিধি-অনুসারে।
যজ্ঞ করে' বসুদেব আনন্দ-মঙ্গলে ॥

৪৪ নর-নারী বিরাজিত বসন-ভূষণে।
বিবিধ কুসুমমালা, সুগন্ধি-চন্দনে ॥
রাজগণ হেম-মণি-ভূষণে ভূষিত।
কস্তুরী-কুঙ্কুম-গন্ধ-চন্দনে চর্চ্চিত ॥

৪৫ রাজমহিষীগণ মুদিত বদন।
দিব্যমণি-অলঙ্কৃত-বসন-ভূষণ ॥

৪৬ শঙ্খ-ভেরী-মৃদঙ্গ-বাজন সুমঙ্গল।
নর্ত্তক-নর্ত্তকীগণ-নৃত্য মনোহর ॥
সূত-মাগধে স্তুতি করে' সুললিত।
গন্ধর্ব্ব-কিন্নরে গায়ে সুমধুর গীত ॥

৪৭ তবে বসুদেব মহা-অভিষেক করি'।
নয়নে অঞ্জন, পীত পরিধান ধরি' ॥
অঙ্গে পরে' হেমমণি, দিব্য-অলঙ্কার।
করয়ে রমণীগণ মঙ্গল-আচার ॥
অষ্টাদশ-পত্নী-মাঝে শোভে মহাশয়।
তারকামণ্ডলে যেন চান্দের উদয় ॥

৪৮ দুকূল, বলয়, হার, কুণ্ডল, নূপুর।
অলঙ্কৃত নর-নারী, মঙ্গল প্রচুর ॥

৪৯ পীতবাস পরিধান, যাজ্ঞিক ব্রাহ্মণ।
যজ্ঞ-ঘরে বিরাজিত, দীপ্ত-হুতাশন ॥

৫০ রামকৃষ্ণ দুই ভাই নিজ-জন-সঙ্গে।
বিহরে জীবনানন্দ নানারস-রঙ্গে ॥

৫১। ঈজেঽনুযজ্ঞং বিধিনা অগ্নিহোত্রাদিলক্ষণৈঃ। প্রাকৃতৈর্বৈকৃতৈর্যজ্ঞৈর্দ্রব্যজ্ঞানক্রিয়েশ্বরম্ ॥
৫২। অথর্ত্বিগ্‌ভ্যোঽদদাৎ কালে যথাম্নাতং সদক্ষিণাঃ। স্বলঙ্কৃতেভ্যোঽলঙ্কৃত্য গোভূকন্যা মহাধনাঃ ॥
৫৩। পত্নীসংযাজাবভৃথ্যৈশ্চরিত্বা তে মহর্ষয়ঃ। সস্নূ রামহ্রদে বিপ্রা যজমানপুরঃসরাঃ ॥
৫৪। স্নাতোঽলঙ্কারবাসাংসি বন্দিভ্যোঽদাত্তথা স্ত্রিয়ঃ। ততঃ স্বলঙ্কৃতো বর্ণানাশ্বভ্যোঽন্নেন পূজয়ৎ ॥
৫৫। বন্ধূন্ সদারান্ সসুতান্ পারিবর্হেণ ভূয়সা। বিদর্ভকোশলকুরূন্ কাশিকেকয়সৃঞ্জয়ান্ ॥
৫৬। সদস্যর্ত্বিক্সুরগণান্ নৃভূতপিতৃচারণান্। শ্রীনিকেতমনুজ্ঞাপ্য শংসন্তঃ প্রযযুঃ ক্রতুম্ ॥
৫৭। ধৃতরাষ্ট্রোঽনুজঃ পার্থা ভীষ্মো দ্রোণঃ পৃথা যমৌ। নারদো ভগবান্ ব্যাসঃ সুহৃৎসম্বন্ধিবান্ধবাঃ ॥
৫৮। বন্ধূন্ পরিষ্বজ্য যদূন্ সৌহৃদাক্লিন্নচেতসঃ। যযুর্বিরহকৃচ্ছ্রেণ স্বদেশাংশ্চাপরে জনাঃ ॥
৫৯। নন্দস্তু সহ গোপালৈর্বৃষ্ণ্যা পূজয়াচ্চিতঃ। কৃষ্ণরামোগ্রসেনাদ্যৈর্ন্যবাৎসীদ্বন্ধুবৎসলঃ ॥
৬০। বসুদেবোঽঞ্জসোত্তীর্য্য মনোরথমহার্ণবম্। সুহৃদ্বৃতঃ প্রীতমনা নন্দমাহ করে স্পৃশন্ ॥

শ্রীবসুদেব উবাচ

৬১। ভ্রাতরীশকৃতঃ পাশো নৃণাং যঃ স্নেহসংজ্ঞিতঃ। তং দুস্ত্যজমহং মন্যে শূরাণামপি যোগিনাম্ ॥
৬২। অস্মাস্বপ্রতিকল্পেয়ং যৎ কৃতাজ্ঞেষু সত্তমৈঃ। মৈত্র্যর্পিতফলা চাপি ন নিবর্ত্তেত কর্হিচিৎ ॥
৬৩। প্রাগকল্পাচ্চ কুশলং ভ্রাতর্বো নাচরামহি। অধুনা শ্রীমদান্ধাক্ষা ন পশ্যামঃ পুরঃ সতঃ ॥

---

৫১ যজ্ঞপূর্ণ কৈল যদি যাজ্ঞিক ব্রাহ্মণে।
পূর্ণা দিলা বসুদেব হরষিত মনে ॥

৫২ বিবিধ-দক্ষিণা দিয়া পূজিলা ব্রাহ্মণ।
গো, ভূমি, কাঞ্চন, কন্যা, দিলা মহাধন ॥

৫৩ অভিষেক-স্নান কৈলা যজ্ঞশেষ-জলে।
রামহ্রদে স্নান কৈলা বিধি-অনুসারে ॥

৫৪ মুনিগণে দিলা বস্ত্র, নানা-অলঙ্কার।
সর্ব্বলোক পূজা কৈলা, পতিত চণ্ডাল ॥

কুক্কুর পর্য্যন্ত পূজা কৈলা অন্ন-পানে।

৫৫ সর্ব্বলোক পূজা কৈলা বসন-ভূষণে ॥

বিদর্ভ, কোশল, কুরু, কেকয়, সৃঞ্জয়।
পাঠায় সকল লোকে করিয়া বিনয় ॥

৫৬ সুর-মুনি-পিতৃগণ, গন্ধর্ব্ব-চারণ।
যজ্ঞ প্রশংসিয়া গেলা আপন ভবন ॥

৫৭-৫৮ ধৃতরাষ্ট্র, ভীষ্ম, দ্রোণ, বিদুর, গান্ধারী।
কর্ণ, দুর্য্যোধন-আদি যত নর-নারী ॥

যুধিষ্ঠির-আদি করি' পঞ্চ-সহোদর।
কুন্তী-আদি করি' যত পুরনারী-নর ॥

আপনে নারদ, ব্যাস আদি মুনিগণ।
জ্ঞাতি, বন্ধু-বান্ধব, সুহৃদ্, পরিজন ॥

এ-সবে চলিলা যজ্ঞ করিয়া প্রশংসা।
প্রেম-আলিঙ্গন দিয়া করিয়া সম্ভাষা ॥

৫৯ কিন্তু নন্দ-আদি যত গোপগোপীগণ।
পূজিয়া রাখিলা পূর্ব্ব-পীরিতি-কারণ ॥

৬০ বসুদেব মহামতি, পরম-উদার।
যজ্ঞ করি' হৈলা কর্ম্ম-সাগরের পার ॥

বন্ধুগণ-সহে গেলা নন্দ-সন্নিধানে।
করে ধরি' বোলে কিছু বিনয়-বচনে ॥

৬১ "শুন শুন, ভাই নন্দ! ঈশ্বর-নির্ম্মিত।
স্নেহ-পাশে সর্ব্বলোক আছে নিয়োজিত ॥

আছুক আনের কাজ, মহামুনিগণে।
স্নেহ-দড়ি ছিণ্ডিতে না পারে কোনজনে ॥

৬২ তুমি যত কৈলে, ভাই! পূরবে মিতালী।
ত্রিভুবন দিলে, তাহা শুধিতে না পারি ॥

৬৩ পূরবে না ছিলুঁ আমি কুশল-কল্যাণে।
সম্ভাষিতে তোমা' না পারিলুঁ তে-কারণে ॥

৬৪। মা রাজ্যশ্রীরভূৎ পুংসঃ শ্রেয়স্কামস্য মানদ! স্বজনানুত বন্ধূন্ বা ন পশ্যতি যয়ান্ধদৃক্ ॥

শ্রীশুক উবাচ

৬৫। এবং সৌহৃদশৈথিল্যচিত্ত আনকদুন্দুভিঃ। রুরোদ তৎকৃতাং মৈত্রীং স্মরন্নশ্রুবিলোচনঃ ॥
৬৬। নন্দস্তু সখ্যুঃ প্রিয়কৃৎ প্রেম্ণা গোবিন্দরাময়োঃ। অত্য শ্ব ইতি মাসাংস্ত্রীন্ যদুভির্মানিতোঽবসৎ ॥
৬৭। ততঃ কামৈঃ পূর্য্যমাণঃ সব্রজঃ সহবান্ধবঃ। পরার্দ্ধ্যাভরণক্ষৌম-নানানর্ঘ্যপরিচ্ছদৈঃ ॥
৬৮। বসুদেবোগ্রসেনাভ্যাং কৃষ্ণোদ্ধববলাদিভিঃ। দত্তমাদায় পারিবর্হং যাপিতো যদুভির্যযৌ ॥
৬৯। নন্দো গোপাশ্চ গোপ্যশ্চ গোবিন্দচরণাম্বুজে। মনঃ ক্ষিপ্তং পুনর্হর্ত্তুমনীশা মথুরাং যযুঃ ॥
৭০। বন্ধুষু প্রতিযাতেষু বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ। বীক্ষ্য প্রাবৃষমাসন্নাং যযুর্দ্বারবতীং পুনঃ ॥
৭১। জনেভ্যঃ কথয়াঞ্চক্রুর্যদুদেবমহোৎসবম্। যদাসীত্তীর্থযাত্রায়াং সুহৃৎসন্দর্শনাদিকম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে তীর্থযাত্রানুবর্ণনং নাম চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৪ ॥

সম্প্রতি শ্রীমদে অন্ধ এ দুই নয়ন।
তে-কারণে নাহি করি বান্ধব-সেবন ॥
৬৪ এ ধন-সম্পদ্ যদি হয় সাধুজনে।
শ্রীমদেতে মত্ত হঞা না দেখে নয়নে ॥
গুরু-দ্বিজ, নিজ-জন নয়নে না চায়।
কভু জানি শ্রী-মদ বা মহাজনে পায়!"
৬৫ এ বোল বলিতে বসুদেব-মহাশয়।
প্রেমে পুলকিত অঙ্গ, শিথিল হৃদয় ॥
সঙরি' পূরব গুণ কান্দে উচ্চস্বরে।
অন্যোঽন্যে মজিলা দোঁহে প্রেমসিন্ধুজলে ॥
৬৬ এইরূপে রহে নন্দ কৃষ্ণে প্রেম ধরি'।
তিন মাস গোঁঙাইলা আজি-কালি করি' ॥
রাম-কৃষ্ণ বসুদেবে করিয়া আশ্বাস।
আজি-কালি করিয়া রাখিলা তিন মাস ॥
৬৭-৬৮ বহুমূল্য ধন দিলা বসন-ভূষণ।
দিব্য পরিচ্ছদ দিলা, দিব্য আভরণ ॥
বহুবিধ ভেট দিলা শকটে পূরিয়া।
আগুবাড়ি' থুইলা নন্দে বিনয় করিয়া ॥
৬৯ মন নিয়োজিয়া কৃষ্ণচরণ-কমলে।
গোপগোপী লঞা নন্দ চলিলা গোকুলে ॥
৭০ বরিষা-সময় আসি' দিল দরশন।
বসুদেব-আদি যত যদু-বৃষ্ণিগণ ॥
চলিলা দ্বারকাপুরে রাম-কৃষ্ণ লঞা।
৭১ কহিলা সকল কথা নিজপুরে গিয়া ॥
তীর্থযাত্রা, বন্ধুগণ-দরশন-কথা।
যজ্ঞ-মহোৎসব, রাম-কৃষ্ণ-গুণ-গাথা ॥
কহিল এ-সব কথা সব পুরজনে।
আনন্দিত হৈল লোক অদ্ভুত শ্রবণে ॥

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
তীর্থ-যাত্রা, পুণ্য-কথা প্রেমতরঙ্গিণী ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৪ ॥

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। অথৈকদাত্মজৌ প্রাপ্তৌ কৃতপাদাভিবন্দনৌ। বসুদেবোঽভিনন্দ্যাহ প্রীত্যা সঙ্কর্ষণাচ্যুতৌ॥
২। মুনীনাং স বচঃ শ্রুত্বা পুত্রয়োর্ধামসূচকম্। তদ্বীর্য্যৈর্জাতবিশ্রম্ভঃ পরিভাষ্যাভ্যভাষত॥
৩। কৃষ্ণ! কৃষ্ণ! মহাযোগিন্! সঙ্কর্ষণ! সনাতন! জানে রামস্য যৎ সাক্ষাৎ প্রধানপুরুষৌ পরৌ॥
৪। যত্র যেন যতো যস্য যস্মৈ যদ্‌যদ্‌যথা যদা। স্যাদিদং ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ॥
৫। এতন্নানাবিধং বিশ্বমাত্মসৃষ্টমধোক্ষজ! আত্মনানুপ্রবিশ্যাত্মন্ প্রাণো জীবো বিভর্ষ্যজ!
৬। প্রাণাদীনাং বিশ্বসৃজাং শক্তয়ো যাঃ পরস্য তাঃ। পারতন্ত্র্যাদ্বৈসাদৃশ্যাদ্দ্বয়োশ্চেষ্টৈব চেষ্টতাম্॥
৭। কান্তিস্তেজঃ প্রভা সত্ত্বা চন্দ্রাগ্ন্যর্ক্ষবিদ্যুতাম্। যৎস্থৈর্য্যং ভুভৃতাং ভূমের্গন্ধোঽর্থতো ভবান্॥
৮। তর্পণং প্রাণনমপাং দেব! ত্বং তাশ্চ তদ্রসঃ। ওজঃ সহো বলং চেষ্টা গতির্বায়োস্তবেশ্বর!
৯। দিশাং ত্বমবকাশোঽসি দিশঃ খং স্ফোট আশ্রয়ঃ। নাদো বর্ণস্তমোঙ্কার আকৃতীনাং পৃথক্‌কৃতিঃ॥
১০। ইন্দ্রিয়ং ত্বিন্দ্রিয়াণাং ত্বং দেবাশ্চ তদনুগ্রহঃ। অববোধো ভবান্ বুদ্ধের্জীবস্যানুস্মৃতিঃ সতী॥
১১। ভূতানামসি ভূতাদিরিন্দ্রিয়াণাঞ্চ তৈজসঃ। বৈকারিকো বিকল্পানাং প্রধানমনুশায়িনাম্॥
১২। নশ্বরেষ্বিহ ভাবেষু তদসি ত্বমনশ্বরম্। যথা দ্রব্যবিকারেষু দ্রব্যমাত্রং নিরূপিতম্॥
১৩। সত্ত্বং রজস্তম ইতি গুণাস্তদ্বৃত্তয়শ্চ যাঃ। ত্বয্যদ্ধা ব্রহ্মণি পরে কল্পিতা যোগমায়য়া॥

[ভাটিয়ারী-রাগ]

১ শুকমুনি বলে',—"রাজা! শুন সাবধানে।
আর এক অদভুত কহিব এখনে॥
একদিন রাম-কৃষ্ণ দুই সহোদর।
প্রণাম করিতে গেলা বাপের গোচর॥
প্রণাম করিয়া বাপ-মায়ের চরণে।
কর জুড়ি' দুই ভাই রহে বিদ্যমানে॥

২ রাম-কৃষ্ণ-তত্ত্ব-কথা মুনিমুখে শুনি'।
পুত্র দেখি' বসুদেব বলে' কোন্ বাণী?

৩ 'কৃষ্ণ কৃষ্ণ! মহাযোগেশ্বর, সনাতন!
হে রাম, ধরণীধর, সহস্র-বদন!

৪ তুমি কর্ত্তা, তুমি কর্ম্ম, তুমি সম্প্রদান।
তুমি হেতু, সর্ব্বাধার, তুমি উপাদান॥
দেখি, শুনি যত কিছু, তুমি সর্ব্বময়।
তুমি-বিনে, বিশ্বনাথ! আর কিছু নয়॥

৫ আপনে প্রবেশ করি' আপনাতে থাক।
প্রাণময় হৈঞা তুমি সর্ব্বজীব রাখ॥

৬ কারণ-কারণ তুমি, কারণ-শকতি।
তোমা' বিনে সব যত, নাহি কা'র গতি॥

৭ তুমি সে সূর্য্যের তেজ, আগুণের প্রভা।
তুমি চন্দ্রের কান্তি, নক্ষত্রের আভা॥
পৃথিবীর ধৈর্য্য-স্থৈর্য্য, তুমি গন্ধ-গুণ।

৮ জলের তর্পণ-শক্তি, তুমি সে বরুণ॥
পবনের গতি-শক্তি, তুমি তেজোবল।

৯ দশদিগ্ অবকাশ, আকাশমণ্ডল॥
তুমি নাদ, তুমি বর্ণ, তুমি সে ওঙ্কার।
আকৃতি-প্রকৃতি তুমি, জীবের আধার॥

১০-১২ সকল ইন্দ্রিয় তুমি, ইন্দ্রিয়শকতি।
তুমি জ্ঞান, তুমি বুদ্ধি, তুমি জীবস্মৃতি॥
তুমি দৈবপ্রকৃতি, ত্রিবিধ অহঙ্কার।
অসত্য এ-সব যত, তুমি সবে সার॥

১৩ সত্ত্ব-রজ-তম তুমি, ত্রিগুণ-জনিত।
তোমার মায়ায়ে, নাথ! সকল কল্পিত॥

১৪। তস্মান্ন সন্ত্যমী ভাবা যর্হি ত্বয়ি বিকল্পিতাঃ। ত্বঞ্চামীষু বিকারেষু হ্যন্যদাব্যবহারিকঃ॥
১৫। গুণপ্রবাহ এতস্মিন্নবুধাস্ত্বখিলাত্মনঃ। গতিং সূক্ষ্মামবোধেন সংসরন্তীহ কর্ম্মভিঃ॥
১৬। যদৃচ্ছয়া নৃতাং প্রাপ্য সুকল্পামিহ দুর্লভাম্। স্বার্থে প্রমত্তস্য বয়ো গতং ত্বন্মায়য়েশ্বর!
১৭। অসাবহং মমৈবৈতে দেহে চাস্যান্বয়াদিষু। স্নেহপাশৈর্নিবধ্নাতি ভবান্ সর্ব্বমিদং জগৎ॥
১৮। যুবাং ন নঃ সুতৌ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরৌ। ভূভার-ক্ষত্রক্ষপণ! অবতীর্ণৌ তথাত্থ হ॥
১৯। তত্তে গতোঽস্ম্যরণমদ্য পদারবিন্দ,-মাপন্নসংসৃতিভয়াপহমার্ত্তবন্ধো!
এতাবতালমলমিন্দ্রিয়লালসেন, মর্ত্ত্যাত্মদৃক্ ত্বয়ি পরে যদপত্যবুদ্ধিঃ॥
২০। সূতীগৃহে ননু জগাদ ভবানজো নৌ, সংজজ্ঞ ইত্যনুযুগং নিজধর্ম্মগুপ্ত্যৈ।
নানাতনূর্গগনবদ্বিদধজ্জহাসি, কো বেদ ভূম্ন উরুগায় বিভূতিমায়াম্?

শ্রীশুক উবাচ

২১। আকর্ণ্যেত্থং পিতুর্বাক্যং ভগবান্ সাত্বতর্ষভঃ। প্রত্যাহ প্রশ্রয়ানম্রঃ প্রহসন্ শ্লক্ষ্ণয়া গিরা॥

শ্রীভগবানুবাচ

২২। বচো বঃ সমবেতার্থং তাতৈতদুপমন্মহে। যন্নঃ পুত্রান্ সমুদ্দিশ্য তত্ত্বগ্রাম উদাহৃতঃ॥
২৩। অহং যূয়মসাবার্য্য ইমে চ দ্বারকৌকসঃ। সর্ব্বেঽপ্যেবং যদুশ্রেষ্ঠ! বিমৃগ্যাঃ সচরাচরম্॥
২৪। আত্মা হ্যেকঃ স্বয়ংজ্যোতির্নিত্যোঽন্যো নির্গুণো গুণৈঃ।
আত্মস্বষ্টৈস্তৎকৃতেষু ভূতেষু বহুধেয়তে॥
২৫। খং বায়ুর্জ্যোতিরাপো ভূস্তৎকৃতেষু যথাশয়ম্। আবিস্তিরোঽল্পভূর্য্যেকো নানাত্বং যাত্যসাবপি॥

---

১৪ তুমি সত্য মাত্র, প্রভু! এ-সব বিকার।
তোমা' বিনে যত দেখি, সকল অসার॥

১৫ এই তত্ত্ব না জানিয়া এ-লোক বঞ্চিত।
গতাগত, দুঃখভোগ করে' সুসঞ্চিত॥

১৬-১৭ দুর্ল্লভ মানুষ-জন্ম পাঞা ভাগ্যবশে।
'মুঞি, মোর' বলিয়া মজয়ে গৃহবাসে॥
স্নেহপাশে বদ্ধ হ'য়ে পাঞা সুত-দার।
আপনে বঞ্চিত হ'য়ে, না ঘুচে সংসার॥

১৮ তুমি দোঁহে পুত্র নহ, পুরুষ-পুরাণ।
তুমি রাম, তুমি কৃষ্ণ, নিত্য ভগবান্॥
পৃথ্বীর হরিতে ভার কৈলা অবতার।
মানুষ-লীলায় কর' বিচিত্র বিহার॥

১৯ তোমার পদারবিন্দে লইলুঁ শরণ।
প্রপন্নজনের ভবদুঃখ-বিমোচন॥
তোমাতে মানুষবুদ্ধি অপত্য-গেয়ানে।
মুঞি ত' বঞ্চিত হৈলুঁ অসত্য-ধেয়ানে॥

২০ সূতিগৃহে তুমি, নাথ! কহিলে সকল।
যুগে-যুগে ধর' তুমি দিব্য কলেবর॥

নিজ ধর্ম্ম রক্ষা কর' নানা মূর্ত্তি ধরি'।
তোমার মায়ায়ে তাহা রহিলুঁ পাসরি'॥"

২১ বাপের বচন শুনি' প্রভু নারায়ণে।
কহিতে লাগিলা কিছু বিনয়-বিধানে॥

২২ "তুমি যে কহিলে, বাপ! সে নহে অন্যথা।
পুত্র উদ্দেশিয়া তুমি কহ তত্ত্বকথা॥

২৩ আমি, তুমি, এ-সব দ্বারকাবাসিগণ।
বিচারিয়া বুঝি যদি সব নারায়ণ॥

২৪ নির্লেপ, নির্গুণ আত্মা, প্রকাশস্বরূপ।
এক আত্মা নানা ভেদে দেখি নানারূপ॥

২৫ যেন জ্যোতি, ভূমি, জল, পবন, আকাশ।
নানা-ভেদে দেখি যেন নানা-পরকাশ॥"

শ্রীশুক উবাচ

২৬। এবং ভগবতা রাজন্! বসুদেব উদাহৃতঃ। শ্রুত্বা বিনষ্টনানাধীস্তূষ্ণীং প্রীতমনা অভূৎ॥
২৭। অথ তত্র কুরুশ্রেষ্ঠ! দেবকী সর্ব্বদেবতা। শ্রুত্বানীতং গুরোঃ পুত্রমাত্মজাভ্যাং সুবিস্মিতা॥
২৮। কৃষ্ণরামৌ সমাশ্রাব্য পুত্রান্ কংসবিহিংসিতান্। স্মরন্তী কৃপণং প্রাহ বৈক্লব্যাদশ্রুলোচনা॥

শ্রীদেবক্যুবাচ

২৯। রাম রামাপ্রমেয়াত্মন্! কৃষ্ণ যোগেশ্বরেশ্বর! বেদাহং বাং বিশ্বসৃজামীশ্বরাবাদিপূরুষৌ॥
৩০। কালবিধ্বস্ত-সত্ত্বানাং রাজ্ঞামুচ্ছাস্ত্রবর্ত্তিনাম্। ভুমের্ভারায়মাণানামবতীর্ণৌ কিলাদ্য মে॥
৩১। যস্যাংশাংশাংশভাগেন বিশ্বোৎপত্তিলয়োদয়াঃ। ভবন্তি কিল বিশ্বাত্মংস্তং ত্বাদ্যাহং গতিং গতা॥
৩২। চিরান্মৃতসুতাদানে গুরুণা কিল চোদিতৌ। আনিন্যথুঃ পিতৃস্থানাদ্‌গুরবে গুরুদক্ষিণাম্॥
৩৩। তথা মে কুরুতং কামং যুবাং যোগেশ্বরেশ্বরৌ। ভোজরাজহতান্ পুত্রান্ কাময়ে দ্রষ্টুমাহৃতান্॥

শ্রীঋষিরুবাচ

৩৪। এবং সঞ্চোদিতৌ মাত্রা রামঃ কৃষ্ণশ্চ ভারত! সুতলং সংবিবিশতুর্যোগমায়ামুপাশ্রিতৌ॥
৩৫। তস্মিন্ প্রবিষ্টাবুপলভ্য দৈত্যরাড়্, বিশ্বাত্মদেবং সুতরাং তথাত্মনঃ।
তদ্দর্শনাহ্লাদপরিপ্লুতাশয়ঃ, সদ্যঃ সমুত্থায় ননাম সান্বয়ঃ॥
৩৬। তয়োঃ সমানীয় বরাসনং মুদা, নিবিষ্টয়োস্তত্র মহাত্মনোস্তয়োঃ।
দধার পাদাববনিজ্য তজ্জলং, সবৃন্দ আব্রহ্ম পুনদ্‌যদম্বু হ॥

---

২৬ এতেক বচন যদি বলিলা শ্রীহরি।
তবে বসুদেব রহে চিত্ত স্থির করি'॥

২৭ দৈবকী আসিঞা তবে পুত্র-সন্নিধানে।
পুত্রের মহিমা শুনি' কহে বিদ্যমানে॥
"যমঘর হৈতে দিলে গুরুপুত্র আনি'।"
পুত্রের প্রভাব দেখি' কি বোলে জননী?

২৮ কান্দিতে লাগিলা দেবী পুত্র-সঙরণে।
কান্দিতে কান্দিতে বোলে অঝোর-নয়নে॥

২৯ "রাম রাম, কৃষ্ণ, যোগেশ্বর, দামোদর!
অনাদিপুরুষ তুমি, দেব-দেবেশ্বর॥

৩০ ধর্ম্ম-সংস্থাপন-হেতু কৈলে অবতার।
পাষণ্ড খণ্ডন করি' হরিলে ভূ-ভার॥

৩১ যাঁ'র অংশ-অংশে করে' উৎপত্তি-প্রলয়।
যাঁ'র ইচ্ছা-মাত্রে কোটি ব্রহ্মাণ্ড-উদয়॥

৩২ গুরুপুত্র আনি' দিলে গুরুর দক্ষিণা।
৩৩ মুঞি বড় বেয়াকুলী ছয়-পুত্রহীনা॥
ছয়-পুত্র কংস মোর কৈল নিপাতন।
আনিঞা দেখাহ মোরে, কমললোচন!"

৩৪ এতেক বচন যদি বলিলা জননী।
সুতলে প্রবেশ কৈলা রাম-চক্রপাণি॥
যোগবলে প্রবেশিলা সুতল-বিবরে।
৩৫ দুই ভাই উত্তরিলা বলির মন্দিরে॥
রাম-কৃষ্ণে নিকটে দেখিয়া দৈত্যেশ্বর।
সভাসদে বলি-রাজা উঠিলা সত্বর॥
সগণে চরণে কৈলা দণ্ডপরণাম।
পুলকে পূরিল তনু, ভয়ে কম্পমান॥
৩৬ নয়নে গলয়ে নীর, শিথিল অন্তর।
পাদ্য-অর্ঘ্য দিয়া বলি পূজিলা সত্বর॥
চরণ পাখালে বলি পুণ্য-গন্ধজলে।
পূজিয়া বসায় বলি আসন-উপরে॥
সগণে সবংশে বলি শিরের উপর।
আব্রহ্ম-পাবন পুণ্য ধরে পদজল॥

৩৭। সমর্হয়ামাস স তৌ বিভূতিভি,-র্মহার্হবস্ত্রাভরণানুলেপনৈঃ।
তাম্বূলদীপামৃতভক্ষণাদিভিঃ, স্বগোত্রবিত্তাত্মসমর্পণেন চ ॥
৩৮। স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং, বিভ্রন্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।
উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ, প্রহৃষ্টরোমা নৃপ! গদ্‌গদাক্ষরম্ ॥

শ্রীবলিরুবাচ

৩৯। নমোঽনন্তায় বৃহতে নমঃ কৃষ্ণায় বেধসে। সাঙ্খ্যযোগবিতানায় ব্রহ্মণে পরমাত্মনে ॥
৪০। দর্শনং বাং হি ভূতানাং দুষ্প্রাপঞ্চাপ্যদুর্লভম্। রজস্তমঃস্বভাবানাং যন্নঃ প্রাপ্তৌ যদৃচ্ছয়া ॥
৪১। দৈত্যদানবগন্ধর্ব্বাঃ সিদ্ধবিদ্যাধ্রচারণাঃ। যক্ষরক্ষঃপিশাচাশ্চ ভূতপ্রমথনায়কাঃ ॥
৪২। বিশুদ্ধসত্ত্বধাম্ন্যদ্ধা ত্বয়ি শাস্ত্রশরীরিণি। নিত্যং নিবদ্ধবৈরাস্তে বয়ঞ্চান্যে চ তাদৃশাঃ ॥
৪৩। কেচনোদ্বদ্ধবৈরেণ ভক্ত্যা কেচন কামতঃ। ন তথা সত্ত্বসংরব্ধাঃ সন্নিকৃষ্টাঃ সুরাদয়ঃ ॥
৪৪। ইদমিত্থমিতি প্রায়স্তব যোগেশ্বরেশ্বর! ন বিদন্ত্যপি যোগেশা যোগমায়াং কুতো বয়ম্?
৪৫। তন্নঃ প্রসীদ নিরপেক্ষবিমৃগ্যযুষ্মৎ,-পাদারবিন্দধিষণান্যগৃহান্ধকূপাৎ।
নিষ্ক্রম্য বিশ্বশরণাঙ্ঘ্র্যুপলব্ধবৃত্তিঃ, শান্তো যথৈক উত সর্ব্বসখৈশ্চরামি ॥
৪৬। শাধ্যস্মানীশিতব্যেশ! নিষ্পাপান্ কুরু নঃ প্রভো! পুমান্ যচ্ছ্রদ্ধয়াতিষ্ঠংশ্চোদনায়া বিমুচ্যতে ॥

শ্রীভগবানুবাচ

৪৭। আসন্ মরীচেঃ ষট্ পুত্রা ঊর্ণায়াং প্রথমেঽন্তরে। দেবাঃ কং জহসুর্বীক্ষ্য সুতাং জভিতুমুদ্যতম্ ॥

---

৩৭ মহাধন-আভরণ-বসন-ভূষণে।
ধূপ-দীপ দিয়া পূজে অমৃত-ভোজনে ॥
সুগন্ধ-চন্দন দিব্য অঙ্গে বিলেপন।
বিধিধ-কুসুমমালা, তাম্বূল-অর্পণ ॥
চিত্ত-বিত্ত সমর্পিয়া প্রভুর চরণে।
হৃদয়ে ধরিয়া বলি করে' নিবেদনে ॥

৩৮ নয়নে আনন্দ-জল, পুলকিত অঙ্গ।
আকুল হৃদয়, গদগদ, স্বর-ভঙ্গ ॥

৩৯ "নমো নমো, নারায়ণ, রাম-হৃষীকেশ!
নমো যোগময়, যোগনিধান, যোগেশ!

৪০ যোগীর দুর্লভ যাঁ'র পদ-দরশন।
হেন প্রভু মোর ভাগ্যে হৈলা উপসন্ন ॥
দৈত্যজাতি আমি-সব তমোগুণ ধরি'।
দেখিলুঁ পদারবিন্দ কোন্ তপ করি'?

৪১-৪২ দৈত্য, দানব, সিদ্ধ, গন্ধর্ব্ব, কিন্নর।
যক্ষ, রক্ষ, পিশাচ, প্রমথ, নিশাচর ॥
বৈরি-ভাব আমি-সব ধরি নিরন্তর।
তথাপি না কর' তুমি কভু নিজ-পর ॥

৪৩ কেহো বৈরি-ভাবে ভজে, কেহো ভক্তি করি'।
কেহো কামভাবে ভজে কাম-আশা ধরি'।
কিন্তু ক্রোধে অসুর যেরূপে তরি' যায়॥
সত্ত্বময় দেব হৈয়া সে গতি না পায় ॥

৪৪ না বুঝে তোমার মায়া মহাযোগিগণে।
কি, নাথ! বুঝিব আমি কুযোনি-জনমে?

৪৫ প্রসীদ, কমলাকান্ত! অকিঞ্চন-ধন!
জগত-বন্দিতগণ-বন্দিত-চরণ ॥
গৃহ-অন্ধকূপ তেজি' রহোঁ তরুতলে।
অকিঞ্চন হঞা যেন ভজোঁ নিরন্তরে ॥
ভকত-সমাজে কিবা নিরন্তর রহি'।
তোমার নির্ম্মল যশোমাত্র যেন কহি ॥

৪৬ এই কৃপা কর', নাথ! যদি কর' দয়া।
এ-সব সম্পদ্ মোর হর' দেবমায়া ॥"

৪৭ বলির বচন শুনি' দৈবকীনন্দন।
কহিতে লাগিলা তবে পূর্ব্ব-বিবরণ ॥
"আছিলা মরীচি-মুনি ব্রহ্মার কুমার।
ঊর্ণা-নামে এক ভার্য্যা আছিলা তাঁহার ॥

৪৮। তেনাসুরীমগন্ যোনিমধুনাবদ্যকর্ম্মণা। হিরণ্যকশিপোর্জাতা নীতাস্তে যোগমায়য়া॥
৪৯। দেবক্যা উদরে জাতা রাজন্! কংসবিহিংসিতাঃ।
সা তান্ শোচত্যাত্মজান্ স্বাংস্ত ইমেঽধ্যাসতেঽন্তিকে॥
৫০। ইত এতান্ প্রণেষ্যামো মাতৃশোকাপনুত্তয়ে। ততঃ শাপাদ্বিনির্ম্মুক্তা লোকং যাস্যন্তি বিজ্বরাঃ॥
৫১। স্মরোদ্গীথঃ পরিষ্বঙ্গঃ পতঙ্গঃ ক্ষুদ্রভৃদ্ঘৃণী। ষড়িমে মৎপ্রসাদেন পুনর্যাস্যন্তি সদ্গতিম্॥
৫২। ইত্যুক্ত্বা তান্ সমাদায় ইন্দ্রসেনেন পূজিতৌ। পুনর্দ্বারবতীমেত্য মাতুঃ পুত্রানযচ্ছতাম্॥
৫৩। তান্ দৃষ্ট্বা বালকান্ দেবী পুত্রস্নেহস্নুতস্তনী। পরিষ্বজ্যাঙ্কমারোপ্য মূর্দ্ধ্যজিঘ্রদভীক্ষ্ণশঃ॥
৫৪। অপায়য়ৎ স্তনং প্রীতা সুতস্পর্শপরিস্নুতম্। মোহিতা মায়য়া বিষ্ণোর্যয়া সৃষ্টিঃ প্রবর্ত্ততে॥
৫৫। পীত্বামৃতং পয়স্তস্যাঃ পীতশেষং গদাভৃতঃ। নারায়ণাঙ্গসংস্পর্শ-প্রতিলব্ধাত্মদর্শনাঃ॥
৫৬। তে নমস্কৃত্য গোবিন্দং দেবকীং পিতরং বলম্। মিষতাং সর্ব্বভূতানাং যযুর্ধাম দিবৌকসাম্॥
৫৭। তং দৃষ্ট্বা দেবকী দেবী মৃতাগমননির্গমম্। মেনে সুবিস্মিতা মায়াং কৃষ্ণস্য রচিতাং নৃপ!
৫৮। এবংবিধান্যদ্ভুতানি কৃষ্ণস্য পরমাত্মনঃ। বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য সন্ত্যনন্তানি ভারত!

শ্রীসূত উবাচ

৫৯। য ইদমনুশৃণোতি শ্রাবয়েদ্বা মুরারে,-শ্চরিতমমৃতকীর্ত্তের্ব র্ণিতং ব্যাসপুত্রৈঃ।
জগদঘভিদলং তদ্ভক্তসৎকর্ণপূরং, ভগবতি কৃতচিত্তো যাতি তৎক্ষেমধাম॥

ইতি শ্রীমদ্ভাগবতে···দশমস্কন্ধে মৃতাগ্রজানয়নং নাম পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৫॥

ছয়-পুত্র জনমিল আদি-মন্বন্তরে।
ব্রহ্মা দেখিবারে গেল ছয় সহোদরে॥
দেখে—ব্রহ্মা হঞা, কন্যা করে' বিলঙ্ঘনে।
তা' দেখিয়া উপহাস কৈল ছয়-জনে॥
৪৮ ব্রহ্মশাপে হৈল তা'রা অসুর-জনম।
হিরণ্যকশিপু-পুত্র হৈল ছয় জন॥
যোগমায়া আনি' দিলা দৈবকী-উদরে।
কংসাসুর মারিয়া ফেলিল বারে বারে॥
৪৯ সেই ছয়-শিশু আছে নিকটে তোমার।
শোকেতে ব্যাকুলী মাতা দেখিতে কুমার॥
৫০ তে-কারণে আমার এথাতে আগমন।
ছয়-শিশু লৈব আমি দ্বারকাভুবন॥
৫১ সে ছয়-শিশুর হৈব শাপ-বিমোচন।
মায়ের করিতে চাহি শোক-নিবারণ॥
সে ছয়-জনের হৈব বিপদ্-বিনাশ।
আমার প্রসাদে হৈব বিষ্ণুপদে বাস॥"
৫২ এতেক বচন বলি' দেব দামোদর।
ছয়-পুত্র দিলা লঞা মায়ের গোচর॥
৫৩ দেখিয়া দৈবকীদেবী দিলা আলিঙ্গন।
মুখ নিরখিয়া করে' বদন চুম্বন॥
৫৪ প্রেমে পুলকিত অঙ্গ, গলে' পয়োধর।
স্তন পিয়াইলা মাতা, কম্পিত অন্তর॥
মায়ায় মোহিতা হৈলা কৃষ্ণের জননী।
কে বুঝিবে কৃষ্ণমায়া যোগীন্দ্রমোহিনী?
৫৫ কৃষ্ণ-পান-শেষ-স্তন অমৃত-সমান।
হেন স্তন শিশুগণ কৈল সুধা পান॥
তত্ত্বজ্ঞান জনমিল কৃষ্ণ-পরশনে।
৫৬ প্রণাম করিয়া তা'রা কৃষ্ণের চরণে॥
বসুদেব-দৈবকীর বন্দিলা চরণ।
বলভদ্রের পাদপদ্ম করিয়া বন্দন॥
বৈকুণ্ঠে চলিলা তা'রা সর্ব্বলোক দেখে।
বিস্ময় ভাবিয়া লোক মনে পাইল সুখে॥
৫৭ দেখিয়া দৈবকীদেবী ভাবিলা বিস্ময়।
৫৮ হেন অদভুত কর্ম্ম করে' কৃপাময়॥
অশেষ-দুরিত-হর, জগত-পবিত্র।
৫৯ ভকত-শ্রবণপূর মুকুন্দ-চরিত্র॥

ষড়শীতিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। ব্রহ্মন্! বেদিতুমিচ্ছামঃ স্বসারং রামকৃষ্ণয়োঃ। যথোপযেমে বিজয়ো যা মমাসীৎ পিতামহী॥

শ্রীশুক উবাচ

২। অর্জ্জুনস্তীর্থযাত্রায়াং পর্য্যটন্নবনীং প্রভুঃ। গতঃ প্রভাসমশৃণোন্মাতুলেয়ীং স আত্মনঃ॥
৩। দুর্য্যোধনায় রামস্তাং দাস্যতীতি ন চাপরে। তল্লিপ্সুঃ স যতির্ভূত্বা ত্রিদণ্ডী দ্বারকামগাৎ॥
৪। তত্র বৈ বার্ষিকান্ মাসানবাৎসীৎ স্বার্থসাধকঃ। পৌরৈঃ সভাজিতোঽভীক্ষ্ণং রামেণাজানতা চ সঃ॥
৫। একদা গৃহমানীয় আতিথ্যেন নিমন্ত্র্য তম্। শ্রদ্ধয়োপহৃতং ভৈক্ষ্যং বলেন বুভুজে কিল॥
৬। সোঽপশ্যত্তত্র মহতীং কন্যাং ধীরমনোহরাম্। প্রীত্যুৎফুল্লেক্ষণস্তস্যাং ভাবক্ষুব্ধং মনো দধে॥
৭। সাপি তং চকমে বীক্ষ্য নারীণাং হৃদয়ঙ্গমম্। হসন্তী ব্রীড়িতাপাঙ্গী তন্ন্যস্তহৃদয়েক্ষণা॥
৮। তাং পরং সমনুধ্যায়ন্নন্তরং প্রেপ্সুরর্জ্জুনঃ। ন লেভে শং ভ্রমচ্চিত্তঃ কামেনাতিবলীয়সা॥
৯। মহত্যাং দেবযাত্রায়াং রথস্থাং দুর্গনির্গতাম্। জহারানুমতঃ পিত্রোঃ কৃষ্ণস্য চ মহারথঃ॥

ব্যাসপুত্র-বিরচিত, অমৃত-শ্রবণ।
যেবা শুনে, শুনায়, যে করায় সঙরণ॥
কৃষ্ণে চিত্ত হয় তা'র বিষ্ণুপদে গতি।
ভাগবত-আচার্য্যের মধুর-ভারতী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৫॥

[শ্রীরাগ]

১ তবে রাজা জিজ্ঞাসিলা মুনির চরণে।
"আর অদভুত কথা পুছিব এখনে॥
আছিলা সুভদ্রাদেবী কৃষ্ণের ভগিনী।
কিরূপে অর্জ্জুনে বিভা কৈলা যশস্বিনী?
পিতামহী আমার পরম-রূপবতী।
কিরূপে অর্জ্জুনে বিভা কৈলা মহাসতী?"

২ মুনি বলে',—"শুন, রাজা! কহি বিবরণ।
যখনে অর্জ্জুন কৈলা তীর্থ-পর্য্যটন॥
পৃথিবী ভ্রমিয়া তেঁহো মিলিলা প্রভাসে।
লোকমুখে এই কথা শুনিলা বিশেষে॥

৩ কৃষ্ণের ভগিনী আছে সুভদ্রা-সুন্দরী।
দুর্য্যোধনে বিভা দিব রাম-অধিকারী॥
শুনিঞা সন্তোষ হৈল অর্জ্জুনের মনে।
ধরিয়া সন্ন্যাসিবেশ চলিলা তখনে॥

৪ দ্বারকামণ্ডলে গেলা করিয়া সন্ন্যাস।
চারিমাস রহিলা করিয়া তীর্থবাস॥
পুরজনে পূজা করে' দেখিয়া সন্ন্যাসী।
অন্ন-পানে পূজা করে' যত গৃহবাসী॥
না জানিঞা বলরাম করে' তা'র পূজা।
ভক্তিভাবে পূজে তা'রে দ্বারকার প্রজা॥

৫ একদিন বলভদ্র দিয়া নিমন্ত্রণ।
ঘরে আনি' ভিক্ষা দিয়া করায় ভোজন॥

৬ মন্দিরে দেখিয়া কন্যা অর্জ্জুন মোহিলা।
কামে বিমোহিতচিত্ত চিন্তিতে লাগিলা॥

৭ অর্জ্জুনে দেখিয়া কন্যা কামে বিমোহিতা।
কিঞ্চিত কুঞ্চিত ভুরুভঙ্গ, সলজ্জিতা॥

৮ দোঁহে দোঁহা ধেয়ান করয়ে নিরন্তর।
দোঁহার হৃদয় কাম-শরে জরজর॥

৯ দৈবযোগে তীর্থযাত্রা হৈল পুণ্যকালে।
রথে চড়ি' গেলা কন্যা গড়ের বাহিরে॥
কৃষ্ণের ইঙ্গিত পাঞা অর্জ্জুন সুধীর।
রথে চড়ি' বাহিরে চলিলা মহাবীর॥

১০। রথস্থো ধনুরাদায় শূরাংশ্চারুন্ধতো ভটান্। বিদ্রাব্য ক্রোশতাং স্বানাং স্বভাগং মৃগরাড়িব ॥
১১। তচ্ছ্রুত্বা ক্ষুভিতো রামঃ পর্ব্বণীব মহার্ণবঃ। গৃহীতপাদঃ কৃষ্ণেন সুহৃদ্ভিশ্চানুসান্ত্বিতঃ ॥
১২। প্রাহিণোৎ পারিবর্হাণি বরবধ্বোর্মুদা বলঃ। মহাধনোপস্করেভ-রথাশ্বনরযোষিতঃ ॥

শ্রীশুক উবাচ

১৩। কৃষ্ণস্যাসীদ্দ্বিজশ্রেষ্ঠঃ শ্রুতদেব ইতি শ্রুতঃ। কৃষ্ণৈকভক্ত্যা পূর্ণার্থঃ শান্তঃ কবিরলম্পটঃ ॥
১৪। স উবাচ বিদেহেষু মিথিলায়াং গৃহাশ্রমী। অনীহয়াগতাহার্য্য-নির্ব্বর্ত্তিতনিজক্রিয়ঃ ॥
১৫। যাত্রামাত্রং ত্বহরহর্দৈবাদুপনমত্যুত। নাধিকং তাবতা তুষ্টঃ ক্রিয়াশ্চক্রে যথোচিতাঃ ॥
১৬। তথা তদ্রাষ্ট্রপালোঽঙ্গ! বহুলাশ্ব ইতি শ্রুতঃ। মৈথিলো নিরহম্মান উভাবপ্যচ্যুতপ্রিয়ৌ ॥
১৭। তয়োঃ প্রসন্নো ভগবান্ দারুকেণাহৃতং রথম্। আরুহ্য সাকং মুনিভির্বিদেহান্ প্রযযৌ প্রভুঃ ॥
১৮। নারদো বামদেবোঽত্রিঃ কৃষ্ণো রামোঽসিতোঽরুণিঃ। অহং বৃহস্পতিঃ কণ্বো মৈত্রেয়শ্চ্যবনাদয়ঃ ॥
১৯। তত্র তত্র তমায়ান্তং পৌরা জানপদা নৃপ! উপতস্থুঃ সার্ঘ্যহস্তা গ্রহৈঃ সূর্য্যমিবোদিতম্ ॥
২০। আনর্ত্ত-ধন্বকুরুজাঙ্গলকঙ্কমৎস্য,-পাঞ্চালকুন্তিমধুকেকয়কোশলার্ণাঃ।
অন্যে চ তন্মুখসরোজমুদারহাস,-স্নিগ্ধেক্ষণং নৃপ! পপুর্দ্দৃশিভির্ন্নার্য্যঃ ॥

হরিয়া তুলিলা কন্যা রথের উপরে।
১০ ধনুকে টঙ্কার দিয়া চলে' ধনুর্দ্ধরে ॥
বীরগণে চারি পাশে বেঢ়িল সত্বরে।
খেদিয়া সকল বীরে যায় একেশ্বরে ॥
সিংহ যেন মৃগগণ-মাঝে হরে' ভাগ।
কন্যা হরি' যায় বীর অতুলপ্রতাপ ॥
১১ শুনিঞা কুপিলা রাম দীপ্ত-হুতাশন।
সান্ত্বিয়া রাখিলা কৃষ্ণ ধরিয়া চরণ ॥
১২ যৌতুক পাঠাঞা দিলা বহুমূল্য ধন।
দিব্য পরিচ্ছদ, রথ, কুঞ্জর, বাহন ॥
১৩ আর এক কথা কহি, শুন, পরীক্ষিত!
"আছিলা ব্রাহ্মণ এক উদার-চরিত ॥
গৃহাশ্রমে বৈসে বিপ্র, শ্রুতদেব-নাম।
শান্ত, দান্ত, অলম্পট, ভকতপ্রধান ॥
১৪ মিথিলা-নগরে বৈসে চেষ্টা পরিহরি'।
যথালাভে তুষ্ট, রহে নিজ-কর্ম্ম করি' ॥
১৫ দেহমাত্র-ধারণ ধনের প্রয়োজন।
অধিক না লয়ে বিপ্র, তুষ্টি-পরায়ণ ॥
১৬ আছিলা রাজ্যের রাজা বহুলাশ্ব-নাম।
সেইরূপ গুণ-শীল, ভকতপ্রধান ॥
অহঙ্কার-বিবর্জ্জিত, শুদ্ধ-কলেবর।
কৃষ্ণ-কর্ম্ম-পরায়ণ, কৃষ্ণ-প্রিয়ঙ্কর ॥
১৭ দোঁহারে করিব কৃপা প্রভু গুণনিধি।
ডাকিয়া আনিলা প্রভু দারুক-সারথি ॥
'ঝাট করি' আন' রথ করিয়া সাজন।'
সারথি আনিঞা রথ দিলা ততক্ষণ ॥
নারদাদি মুনিগণে নিজ রথে তুলি'।
রথে চড়ি' আপনে চলিলা বনমালী ॥
১৮ বামদেব, বেদব্যাস, অত্রি, বৃহস্পতি।
নারদ, চ্যবন, কণ্ব, রাম মহামতি ॥
মুনিগণে তুলি' লৈয়া রথের উপরে।
আপনে চলিলা হরি মিথিলা-নগরে ॥
১৯-২০ কুরু, ধন্ব, কঙ্ক, মৎস্য, পঞ্চাল, কোশল।
কুন্তি, মধু-আদি দেশ, কেকয়, জাঙ্গল ॥
তরিয়া আনর্ত্ত-দেশ মিথিলাতে যায়।
পথে পথে আসিয়া সকল লোক চায় ॥
পাদ্য-অর্ঘ্য দিয়া পূজে কৃষ্ণের চরণ।
ধন্য হৈল সব লোক, সব পুরজন ॥
দেশে দেশে পূজে লোক দিয়া উপহার।
বিবিধ-ভূষণ-বাস, বিবিধ সম্ভার ॥

২১। তেভ্যঃ স্ববীক্ষণবিনষ্টতমিস্রদৃগ্‌ভ্যঃ, ক্ষেমং ত্রিলোকগুরুরর্থদৃশঞ্চ যচ্ছন্।
শৃণ্বন্ দিগন্তধবলং স্বযশোঽশুভঘ্নং, গীতং সুরৈর্নৃভিরগাচ্ছনকৈর্বিদেহান্॥
২২। তেঽচ্যুতং প্রাপ্তমাকর্ণ্য পৌরা জানপদা নৃপ! অভীয়ুর্মুদিতাস্তস্মৈ গৃহীতার্হণপাণয়ঃ॥
২৩। দৃষ্ট্বা ত উত্তমঃশ্লোকং প্রীত্যুৎফুল্লাননাশয়াঃ। কৈর্ধৃতাঞ্জলিভির্নেমুঃ শ্রুতপূর্ব্বাংস্তথা মুনীন্॥
২৪। স্বানুগ্রহায় সম্প্রাপ্তং মন্বানো তং জগদ্‌গুরুম্। মৈথিলঃ শ্রুতদেবশ্চ পাদয়োঃ পেততুঃ প্রভোঃ॥
২৫। ন্যমন্ত্রয়েতাং দাশার্হমাতিথ্যেন সহ দ্বিজৈঃ। মৈথিলঃ শ্রুতদেবশ্চ যুগপৎ সংহতাঞ্জলী॥
২৬। ভগবাংস্তদভিপ্রেত্য দ্বয়োঃ প্রিয়চিকীর্ষয়া। উভয়োরাবিশদ্গেহমুভাভ্যাং তদলক্ষিতঃ॥
২৭। শ্রান্তানপ্যথ তান্ দূরাজ্জনকঃ স্বগৃহাগতান্। আনীতেষ্বাসনাগ্র্যেষু সুখাসীনান্ মহামনাঃ॥
২৮। প্রবৃদ্ধভক্ত্যা উদ্ধর্ষহৃদয়াস্রাবিলেক্ষণঃ। নত্বা তদঙ্ঘ্রীন্ প্রক্ষাল্য তদপো লোকপাবনীঃ॥
২৯। সকুটুম্বো বহন্ মূর্দ্ধ্না পূজয়াঞ্চক্র ঈশ্বরান্। গন্ধমাল্যাম্বরাকল্প-ধূপদীপার্ঘ্যগোবৃষৈঃ॥
৩০। বাচা মধুরয়া প্রীণন্নিদমাহাহৃতপিতান্। পাদাবঙ্কগতৌ বিষ্ণোঃ সংস্পৃশন্ শনকৈর্মুদা॥

শ্রীরাজোবাচ

৩১। ভবান্ হি সর্ব্বভূতানামাত্মা সাক্ষী স্বদৃগ্‌বিভো! অথ নস্ত্বৎপদাম্ভোজং স্মরতাং দর্শনং গতঃ॥

---

২১ উদার-রুচির হাস, সরোজ-নয়ন।
বিলোল অলকাবলী, মুদিত বদন॥
হরষিত নর-নারী শ্রীমুখ দেখিয়া।
সব লোকে যায় হরি কৃতার্থ করিয়া॥
দুরিত-হরণ-যশ সর্ব্বলোকে গায়।
নিজ-যশ শুনিতে কৌতুকে চলি' যায়॥
মিথিলা-নগরে তবে উঠিলা শ্রীহরি।
আনন্দিত হৈল লোক, পুর-নরনারী॥

২২ পাদ্য-অর্ঘ্য লঞা লোক হৈল আগুয়ান।
ভূমিতে পড়িয়া কৈল দণ্ড-পরণাম॥

২৩ শিরে কর ধরিয়া দাণ্ডায় চারি-পাশে।
শ্রীমুখ দেখিয়া লোক পূরিল হরিষে॥

২৪ শ্রুতদেব, বহুলাশ্ব পড়িয়া চরণে।

২৫ নিমন্ত্রণ কৈলা দোঁহে আতিথ্য-বিধানে॥
'প্রণত-কন্ধর হই' শিরে ধরি কর।
দ্বিজগণ লৈয়া, প্রভু! আইস মোর ঘর॥'

২৬ বুঝিয়া দোঁহার চিত্ত দৈবকীনন্দন।
চলিলা দোঁহার ঘরে লঞা মুনিগণ॥
সব সৈন্য-পরিকর দুই রূপ করি'।
দুই ঘরে গেলা হরি দুই রূপ ধরি'॥
দোঁহে না জানিলা প্রভু, গেলা দোঁহা-ঘরে।

২৭ মজিল দুঁহার চিত্ত আনন্দ-সাগরে॥
আনিঞা জনক-রাজা কনক-আসনে।
বসাঞা পূজিলা হরি আনন্দিত-মনে॥

২৮ শিরের উপরে ধরি' করিয়া বন্দন।
পুণ্যজল দিয়া দুই পাখালে চরণ॥

২৯ সবন্ধু-বান্ধবে রাজা শিরে জল ধরে।
আনন্দে ছিটায় জল এ-ঘর-দুয়ারে॥
গন্ধ-মাল্য-ধূপ-দীপ-বসন-ভূষণে।
কৃষ্ণপাদ পূজে রাজা মধুর-বচনে॥
দিব্য-গন্ধ, বসন-ভূষণ, ধূপ-দীপে।
মুনিগণ-চরণ পূজিলা একে-একে॥

৩০ বুকের উপরে ধরি' কমল-চরণ।
ধীরে-ধীরে করে' রাজা পাদ-সংবাহন॥
অঙ্গ পুলকিত রাজা, গদগদ-ভাষা।
কি বোলে নৃপতি-সিংহ করিয়া সম্ভাষা॥

৩১ 'সর্ব্বভূত-আত্মা তুমি, সাক্ষী স্বপ্রকাশ।
নরবেশ ধরি' কর' আনন্দ-বিলাস॥
নিরবধি পদযুগ করি সঙরণ।
তে-কারণে পাদপদ্ম হৈল দরশন॥

৩২। স্ববচস্তদৃতং কর্ত্তুমস্মদ্দৃগ্‌গোচরো ভবান্। যদাত্থৈকান্তভক্তান্মে নানন্তঃ শ্রীরজঃ প্রিয়ঃ॥
৩৩। কো নু ত্বচ্চরণাম্ভোজমেবংবিদ্বিসৃজেৎ পুমান্? নিষ্কিঞ্চনানাং শান্তানাং মুনীনাং যত্তমাত্মদঃ॥
৩৪। যোঽবতীর্য্য যদোর্বংশে নৃণাং সংসরতামিহ। যশো বিতেনে তচ্ছান্ত্যৈ ত্রৈলোক্যবৃজিনাপহম্॥
৩৫। নমস্তুভ্যং ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে। নারায়ণায় ঋষয়ে সুশান্তং তপ ঈয়ুষে॥
৩৬। দিনানি কতিচিদ্ভূমন্! গৃহান্ নো নিবস দ্বিজৈঃ। সমেতঃ পাদরজসা পুনীহীদং নিমেঃ কুলম্॥
৩৭। ইত্যুপামন্ত্রিতো রাজ্ঞা ভগবান্ লোকভাবনঃ। উবাস কুর্ব্বন্ কল্যাণং মিথিলানর-যোষিতাম্॥
৩৮। শ্রুতদেবোঽচ্যুতং প্রাপ্তং স্বগৃহান্ জনকো যথা। নত্বা মুনীন্ সুসংহৃষ্টো ধুন্বন্ বাসো ননর্ত্ত হ॥
৩৯। তৃণপীঠবৃষীষ্বেতানানীতেষূপবেশ্য সঃ। স্বাগতেনাভিনন্দ্যাঙ্ঘ্রীন্ সভার্য্যোঽবনিজে মুদা॥
৪০। তদম্ভসা মহাভাগ! আত্মানং সগৃহান্বয়ম্। স্নাপয়াঞ্চক্র উদ্ধর্ষো লব্ধসর্ব্বমনোরথঃ।

৪১। ফলার্হণোশীরশিবামৃতাম্বুভি,-র্মৃদা সুরভ্যা তুলসীকুশাম্বুজৈঃ।
আরাধয়ামাস যথোপপন্নয়া, সপর্য্যয়া সত্ত্ববিবর্দ্ধনান্ধসা॥

৪২। স তর্কয়ামাস কুতো মমান্বভূদ্,-গৃহান্ধকূপে পতিতস্য সঙ্গমঃ।
যঃ সর্ব্বতীর্থাস্পদপাদরেণুভিঃ, কৃষ্ণেন চাস্যাত্মনিকেতভূসুরৈঃ॥

---

৩২ সত্য করিবারে চাহ আপনার বাণী।
তে-কারণে দরশন দিলে, চক্রপাণি!
'একান্ত-ভকত-বিনে সহস্র-বদন।
শঙ্কর, বিরিঞ্চি মোর নহে প্রিয়তম॥
সেরূপ কমলাদেবী নহে প্রিয়তমা।
ভকতের সহে নহে কাহারো উপমা॥'
সত্য করিবারে চাহ আপন-বচন।
তে-কারণে তুমি, নাথ! দিলে দরশন॥

৩৩ হেন দয়ানিধি তুমি, যে তোমাকে জানে'।
সে জনে তোমাকে, নাথ! তেজিব কেমনে?
শান্ত, দান্ত, অকিঞ্চন ভকত দেখিয়া।
বশ হৈয়া থাক তুমি আপনারে দিয়া॥

৩৪ যদুবংশে সম্প্রতি করিয়া অবতার।
দুরিত-দহন যশ কর' পরচার॥

৩৫ নমো নমো, নারায়ণ! কৃষ্ণ! ভগবান্!
বৈকুণ্ঠ! মাধব! হরি! পুরুষ-পুরাণ!

৩৬ কথোদিন মোর ঘরে রহ কৃপা করি'।
পদরজে মোর কুল পরিত্রাণ করি'॥
মুনিগণ-সহে, প্রভু! রহ মোর ঘরে।
পবিত্র সকল কুল কর' পদ-নীরে॥'

৩৭ ভৃত্যের বচন শুনি' ভকতবৎসল।
সগণে রহিলা হরি মিথিলা-নগর॥

৩৮ শ্রুতদেব-ঘরে যদি গেলেন শ্রীহরি।
ভূমিতে পড়িয়া বিপ্র পরণাম করি॥
বসন চুলায় বিপ্র, নাচে বাহু তুলি'।
চরণে লোটায় বিপ্র 'হরি হরি' বলি'॥

৩৯ কুশের আসন বিপ্র আনিঞা ভেটায়।
তৃণ, ছাল পাতি' পাতি' সগণে বসায়॥
কমণ্ডলু ভরিয়া ব্রাহ্মণী দেই জল।
হরিষে পাখালে বিপ্র চরণযুগল॥

৪০ সবন্ধু-বান্ধবে বিপ্র পদজল ধরে।
আনন্দে ছিটায় জল এ ঘর-দুয়ারে॥

৪১ বিরজার মূল, জল, সুগন্ধি-মৃত্তিকা।
কোমল তুলসীদল, পদ্মের কর্ণিকা॥
পুণ্যজল-নীরাজন করি' সমর্পণ।
ভক্তিভাবে করে' বিপ্র কৃষ্ণ-আরাধন॥

৪২ মনে চিন্তে বিপ্র—'মুঞি হেন সে বঞ্চিত।
গৃহ-অন্ধকূপে মুঞি কেবল পতিত॥
সর্ব্বতীর্থাস্পদ যাঁ'র পাদপদ্মধূলি।
তাঁ'র দরশন হয়ে কোন্ তপ করি'?

৪৩। সূপবিষ্টান্ কৃতাতিথ্যান্ শ্রুতদেব উপস্থিতঃ। সভার্য্যস্বজনাপত্য উবাচাঙ্ঘ্র্যভিমর্শনঃ॥

শ্রীশ্রুতদেব উবাচ

৪৪। নাদ্য নো দর্শনং প্রাপ্তঃ পরং পরমপুরুষঃ। যর্হীদং শক্তিভিঃ সৃষ্ট্বা প্রবিষ্টো হ্যাত্মসত্তয়া॥

৪৫। যথা শয়ানঃ পুরুষো মনসৈবাত্মমায়য়া। সৃষ্ট্বা লোকং পরং স্বাপ্নমনুবিশ্যাবভাসতে॥

৪৬। শৃণ্বতাং গদতাং শশ্বদর্চ্চতাং ত্বাভিবন্দতাম্। নৃণাং সংবদতামন্তর্হৃদি ভাস্যমলাত্মনাম্॥

৪৭। হৃদিস্থোঽপ্যতিদূরস্থঃ কর্ম্মবিক্ষিপ্তচেতসাম্। আত্মশক্তিভিরগ্রাহ্যোঽপ্যন্ত্যুপেতগুণাত্মনাম্॥

৪৮। নমোঽস্তু তেঽধ্যাত্মবিদাং পরাত্মনে, অনাত্মনে স্বাত্মবিভক্তমৃত্যবে!
সকারণাকারণলিঙ্গমীয়ুষে, স্বমায়য়াসংবৃতরুদ্ধদৃষ্টয়ে॥

৪৯। স ত্বং শাধি স্বভৃত্যান্ নঃ কিং দেব! করবাম হে। এতদন্তো নৃণাং ক্লেশো যদ্ভবানক্ষিগোচরঃ॥

শ্রীশুক উবাচ

৫০। তদুক্তমিত্যুপাকর্ণ্য ভগবান্ প্রণতার্ত্তিহা। গৃহীত্বা পাণিনা পাণিং প্রহসংস্তমুবাচ হ॥

শ্রীভগবানুবাচ

৫১। ব্রহ্মংস্তেঽনুগ্রহার্থায় সম্প্রাপ্তান্ বিদ্ধ্যমূন্ মুনীন্। সঞ্চরন্তি ময়া লোকান্ পুনন্তঃ পাদরেণুভিঃ॥

৫২। দেবাঃ ক্ষেত্রাণি তীর্থানি দর্শনস্পর্শনার্চ্চনৈঃ। শনৈঃ পুনন্তি কালেন তদপ্যর্হত্তমেক্ষয়া॥

মুনিগণ-পদরজে তীর্থ-কোটি বৈসে।
কোন্ তপ করি' মুঞি লভিলুঁ সবংশে?'

৪৩ তবে শ্রুতদেব বিপ্র সপুত্র-বান্ধবে।
পাদ-সংবাহন বিপ্র করে' ভক্তিভাবে॥

৪৪ চিত্ত-সমাধানে কিছু করে' নিবেদন।
'পরম-পুরুষ তুমি, অনাদি-নিধন॥
আজি দেখা দিলে তুমি, এই সত্য নহে।
যখনে সৃজিয়া তুমি প্রবেশিলে দেহে॥

৪৫ তখন তোমার সহে হয় দরশন।
মায়ায়ে মোহিত আমি, না বুঝি কারণ॥
স্বপনে পুরুষ যেন নানা-মূর্ত্তি হয়।
আপনা পাসরে জীব, সেই মনে লয়॥
তোমার মায়ায়ে সব-লোক বিমোহিত।
তোমা' পাসরিয়া লোক কেবল বঞ্চিত॥

৪৬ শ্রবণ, কীর্ত্তন, পদ-বন্দন, অর্চ্চন।
যে-জন তোমার করে' সতত চিন্তন॥
তা'র চিত্তে দেহ' তুমি আপনে প্রকাশ।
সেইক্ষণে হয় তা'র অবিদ্যা-বিনাশ॥

৪৭ হৃদয়ে থাকিয়া তুমি আছ অতিদূর।
যে-জন সংসার-রত, কর্ম্মেতে ব্যাকুল॥

৪৮ নমো নমো, চরণ-পঙ্কজে নমস্কার।
প্রকৃতি-পুরুষ-পর, স্বতন্ত্র-বিহার॥

৪৯ আজ্ঞা দেহ' কোন্ কর্ম্ম করিব তোমার?
আজি সে খণ্ডিল মোর এ ঘোর সংসার॥
যাবত তোমার সহে নহে দরশন।
তাবত জীবের থাকে এ ভব-বন্ধন॥'

৫০ বিপ্রের বচন শুনি' দেব-শিরোমণি।
হাথে হাথ ধরিয়া কি বোলে চক্রপাণি?

৫১ 'শুন শুন, দ্বিজবর! কহিব বিশেষ।
কহিব তোমারে, বিপ্র! ধর্ম্ম-উপদেশ॥
অনুগ্রহ করিতে এ-সব মুনিগণ।
তোমার মন্দিরে আসি' হৈল উপসন্ন॥

৫২ ভুবন পবিত্র করে' দিয়া পদরেণু।
লোক-পরিত্রাণ-হেতু ধরে দ্বিজতনু॥
পুণ্যতীর্থ, পুণ্যক্ষেত্র, দেব শিলাময়।
দরশনে, পরশনে করে' পাপক্ষয়॥
এ-সব পবিত্র করে' কিন্তু চিরদিনে।
তিলেকে পবিত্র করে' সাধু-দরশনে॥

৫৩। ব্রাহ্মণো জন্মনা শ্রেয়ান্ সর্ব্বেষাং প্রাণিনামিহ। তপসা বিদ্যয়া তুষ্ট্যা কিমু মৎকলয়া যুতঃ?
৫৪। ন ব্রাহ্মণান্মে দয়িতং রূপমেতচ্চতুর্ভুজম্। সর্ব্ববেদময়ো বিপ্রঃ সর্ব্বদেবময়ো হ্যহম্॥
৫৫। দুষ্প্রজ্ঞা অবিদিত্বৈবমবজানন্ত্যসূয়বঃ। গুরুং মাং বিপ্রমাত্মানমর্চ্চাদাবিজ্যদৃষ্টয়ঃ॥
৫৭। তস্মাদ্ব্রহ্মর্ষীনেতান্ ব্রহ্মন্! মচ্ছ্রদ্ধয়ার্চ্চয়। এবঞ্চেদর্চ্চিতোঽস্ম্যদ্ধা নান্যথা ভূরিভূতিভিঃ॥

শ্রীশুক উবাচ

৫৮। স ইত্থং প্রভুণাদিষ্টঃ সহকৃষ্ণান্ দ্বিজোত্তমান্। আরাধ্যৈকাত্মভাবেন মৈথিলশ্চাপ সদ্গতিম্॥
৫৯। এবং স্বভক্তয়ো রাজন্! ভগবান্ ভক্তভক্তিমান্। উষিত্বাদিশ্য সন্মার্গং পুনর্দ্বারবতীমগাৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীশ্রুতদেবানুগ্রহো নাম ষড়শীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৬॥

---

৫৩ জনমিলে মাত্র শ্রেষ্ঠ বলি দ্বিজকুলে।
কি বলিব, যদি বিদ্যা তপ, তুষ্টি ধরে॥
৫৪ চতুর্ভুজরূপ মোর নিজ কলেবর।
ব্রাহ্মণ চাহিতে তেন নহে প্রিয়তর॥
সর্ব্ববেদময় বিপ্র, সভার প্রধান।
সর্ব্বদেবময় আমি, পুরুষ-পুরাণ॥
সর্ব্বলোক-গুরু বিপ্র, সবার ঈশ্বর।
দ্বিজরূপে ধরে বিপ্র বিষ্ণু-কলেবর॥
৫৫ না জানিঞা দুষ্টজনে অবজ্ঞান করে'।
সকল প্রতিমামাত্রে দেববুদ্ধি ধরে॥
৫৭ ব্রাহ্মণ-প্রসাদে আমি করিয়ে সৃজন।
ব্রাহ্মণ-প্রসাদে করি প্রলয়-পালন॥
এ বোল বুঝিয়া তুমি পূজ' মুনিগণ।
সেই সে আমার পূজা, ভক্তি, আরাধন॥'
৫৮ কৃষ্ণের বচন বিপ্র শুনিয়া শ্রবণে।
মুনিগণে পূজা কৈলা বিবিধ-বিধানে॥
৫৯ এইরূপে কথোদিন রহি' ভগবান্।
দুই ভকতের তরে কহে তত্ত্বজ্ঞান॥
'ব্রহ্ম-পরায়ণ বেদ, ব্রহ্মমাত্র কহে।
ব্রহ্ম-বিনে আর যত, কিছু সত্য নহে॥'
এই উপদেশ করি' লৈয়া মুনিগণ।
চলিলা দ্বারকাপুরে দৈবকীনন্দন॥"
ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরসগান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষড়শীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৬॥

সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীপরীক্ষিদুবাচ

১। ব্রহ্মন্! ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে নির্গুণে গুণবৃত্তয়ঃ। কথং চরন্তি শ্রুতয়ঃ সাক্ষাৎ সদসতঃ পরে?

শ্রীশুক উবাচ

২। বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনেঽকল্পনায় চ॥

[মল্লার-রাগ]

১ তবে পরীক্ষিত রাজা ভাবিয়া বিস্ময়।
বিনয়ে পুছিলা কিছু বুঝিতে নির্ণয়॥
"নির্গুণ, নিষ্কল ব্রহ্ম, প্রমাণ-রহিত।
প্রকৃতি-পুরুষপর, উপাধি-বর্জ্জিত॥
আপনে সগুণ বেদ, নির্গুণের মর্ম্ম।
কিরূপে জানিব, গুরু! এত' বড় ভ্রম?"
২ মুনি বলে',—"ভাল, রাজা! কহিলে সর্ব্বথা।
যে তুমি জিজ্ঞাস, কভু নহে ত' অন্যথা॥

৩। সৈষা হ্যুপনিষদ্‌ব্রাহ্মী পূর্ব্বেষাং পূর্ব্বজৈর্ধৃতা। শ্রদ্ধয়া ধারয়েদ্‌যস্তাং ক্ষেমং গচ্ছেদকিঞ্চনঃ॥
৪। অত্র তে বর্ণয়িষ্যামি গাথাং নারায়ণান্বিতাম্। নারদস্য চ সংবাদমৃষের্নারায়ণস্য চ॥
৫। একদা নারদো লোকান্ পর্য্যটন্ ভগবৎপ্রিয়ঃ। সনাতনমৃষিং দ্রষ্টুং যযৌ নারায়ণাশ্রমম্॥
৬। যো বৈ ভারতবর্ষেঽস্মিন্ ক্ষেমায় স্বস্তয়ে নৃণাম্। ধর্ম্মজ্ঞানশমোপেতমাকল্পাদাস্থিতস্তপঃ॥
৭। তত্রোপবিষ্টমৃষিভিঃ কলাপগ্রামবাসিভিঃ। পরীতং প্রণতোঽপৃচ্ছদিদমেব কুরূদ্বহ!
৮। তস্মৈ হ্যবোচদ্ভগবানৃষীণাং শৃণ্বতামিদম্। যো ব্রহ্মবাদঃ পূর্ব্বেষাং জনলোকনিবাসিনাম্॥

শ্রীভগবানুবাচ

৯। স্বায়ম্ভুব! ব্রহ্মসত্রং জনলোকেঽভবৎ পুরা। তত্রস্থানাং মানসানাং মুনীনামূর্দ্ধরেতসাম্॥
১০। শ্বেতদ্বীপং গতবতি ত্বয়ি দ্রষ্টুং তদীশ্বরম্। ব্রহ্মবাদঃ সুসংবৃত্তঃ শ্রুতয়ো যত্র শেরতে॥
তত্র হায়মভূৎ প্রশ্নস্ত্বং মাং যমনুপৃচ্ছসি॥
১১। তুল্যশ্রুততপঃশীলাস্তুল্যস্বীয়ারিমধ্যমাঃ। অপি চক্রুঃ প্রবচনমেকং শুশ্রূষবোঽপরে॥

শ্রীসনন্দন উবাচ

১২। স্বসৃষ্টমিদমাপীয় শয়ানং সহ শক্তিভিঃ। তদন্তে বোধয়াঞ্চক্রুস্তল্লিঙ্গৈঃ শ্রুতয়ঃ পরম্॥
১৩। যথা শয়ানং সম্রাজং বন্দিনস্তৎপরাক্রমৈঃ। প্রত্যূষেঽভ্যেত্য সুশ্লোকৈর্বোধয়ন্ত্যনুজীবিনঃ॥

জীবের ইন্দ্রিয় প্রভু সৃজিলা আপনে।
বুদ্ধি, প্রাণ, মন সৃজে জীবের কারণে॥
ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ সাধিবার তরে।
জীবের কারণে প্রভু সৃষ্টি-লীলা করে'॥

৩ আপনে সগুণ বেদ-প্রমাণ-গোচর।
তথাপি নির্গুণ-গুণ পায় নিরন্তর॥
এই-সব বেদবাণী ব্রহ্মপরায়ণ।
শ্রদ্ধা-ভক্তি করিয়া ধরয়ে যেবা জন॥
ব্রহ্মে পরবেশ তাঁ'র, হয় ব্রহ্মময়।
কহিলুঁ তোমারে রাজা বেদের নির্ণয়॥

৪ পূরবে নারদ, আর নর-নারায়ণে।
দোহে এই কথা হৈল বদরিকাশ্রমে॥

৫ পূরবে নারদ করি' তীর্থ-পর্য্যটন।
বদরিকাশ্রমে গেলা যথা নারায়ণ॥

৬ লোক-পরিত্রাণ-হেতু ভারতবরষে।
আকল্প-পর্য্যন্ত তপ করে' মুনিবেশে॥

৭-৮ নারদ দেখিলা গিয়া বদরিকাশ্রমে।
চৌদিগে বেষ্টিত তীর্থবাসী মুনিগণে॥
এই কথা জিজ্ঞাসিলা ব্রহ্মার নন্দন।
কহিতে লাগিলা তবে ঋষি নারায়ণ॥

৯ 'জনলোকে যজ্ঞ কৈলা ব্রহ্মসত্র নামে।
ব্রহ্মার মানস-পুত্র যত মুনিগণে॥

১০ শ্বেতদ্বীপে শ্বেতদ্বীপপতি-দরশনে।
তুমি গিয়াছিলে, বাপু! আপনে তখনে॥
হেনকালে প্রশ্ন হৈল মুনির সমাজে।
বেদগুহ্য তত্ত্ব-কথা বুঝিবার কাজে॥

১১ ছোট-বড় নাহি তা'থে, সবেঞি সমান।
তুল্য তপোযোগবল, তুল্য তত্ত্বজ্ঞান॥
মন্ত্রণা করিয়া তবে যত মুনিগণ।
কহিবার তরে নিয়োজিলা একজন॥
মুনিগণ মেলি' এই কৈলা নিবন্ধন।
সবেই শুনিব কথা, কহিব সনন্দন॥'

১২-১৩ শুনিয়া সনন্দ-মুনি ব্রহ্মার নন্দন।
কহিতে লাগিলা কথা, শুনে মুনিগণ॥
'সর্ব্বশক্তি লৈয়া সৃষ্টি করিয়া সংহার।
অনন্তশয়নে হরি রহে চিরকাল॥

শ্রীশ্রুতয় ঊচুঃ

১৪। **জয় জয় জহ্যজামজিত! দোষগৃভীতগুণাং, ত্বমসি যদাত্মনা সমবরুদ্ধসমস্তভগঃ।**
অগজগদোকসামখিলশক্ত্যববোধক! তে, ক্বচিদজয়াত্মনা চ চরতোঽনুচরেন্নিগমঃ॥

১৫। **বৃহদুপলব্ধমেতদবযন্ত্যবশেষতয়া, যত উদয়াস্তময়ৌ বিকৃতের্মৃদি বারিকৃতাৎ।**
অত ঋষয়ো দধুস্ত্বয়ি মনোবচনাচরিতং, কথমযথা ভবন্তি ভুবি দত্তপদানি নৃণাম্?

১৬। **ইতি তব সূরয়স্ত্র্যধিপতেঽখিললোকমল,-ক্ষপণ-কথামৃতাব্ধিমবগাহ্য তপাংসি জহুঃ।**
কিমুত পুনঃ স্বধামবিধুতাশয়কালগুণাঃ, পরম! ভজন্তি যে পদমজস্রসুখানুভবম্?

১৭। **দৃতয় ইব শ্বসন্ত্যসুভৃতো যদি তেঽনুবিধা, মহদহমাদয়োঽণ্ডমসৃজন্ যদনুগ্রহতঃ।**
পুরুষবিধোঽন্বয়োঽত্র চরমোঽন্নময়াদিষু যঃ, সদসতঃ পরং ত্বমথ যদেষ্ববশেষমৃতম্॥

প্রবোধ-সময় বুঝি' প্রবোধ-বচনে।
স্তুতি করে' শ্রুতিগণ পুণ্য-যশোগানে॥
প্রভাত-সময়ে যেন ভাটগণ মেলি'।
নিদ্রায় জাগায়ে রাজা নানা স্তুতি করি'॥

[ললিত-বসন্ত-রাগ]

১৪ 'জয় জয়, হে অজিত! ছেদ' নিজ-মায়া।
জীবের আনন্দ হরে' গুণময়ী হৈয়া॥
সর্ব্বশক্তিধর তুমি, আনন্দ-বিলাস।
তোমা'-হনে সর্ব্বজীব-শক্তি-পরকাশ॥
সর্ব্বৈশ্বর্য্য ধর' তুমি, সবার ঈশ্বর।
স্বতন্ত্র না হয় জীব, জড়-কলেবর॥
যখনে প্রকৃতি-সঙ্গে বিহর' আপনে।
তখনে তোমার গুণ গায় শ্রুতিগণে॥
১৫ দেখি, শুনি যত কিছু শ্রবণ-নয়নে।
ব্রহ্ম করি' মানে সব মহাযোগিগণে॥
অন্তকালে ব্রহ্মমাত্র অবশেষ রয়।
যাহা হৈতে জগতের উৎপত্তি-প্রলয়॥
তথাপি নির্গুণ ব্রহ্ম বিকার-বর্জ্জিত।
ব্রহ্ম-অধিষ্ঠান-মাত্রে ব্রহ্মাণ্ড উদিত॥
মাটির নির্ম্মিত পাত্র নানা-পরকার।
ভাঙ্গে, চূরে, হ'য়ে যায় মাটিমাত্র সার॥
যেই মাটি, সেই মাটি, না টুটে, না বাঢ়ে।
এইরূপে নিত্য ব্রহ্ম, না হয়, না মরে॥
এই-সে কারণে প্রভু বেদমন্ত্রগণে।
তোমার চরণ ভজে কায়-বাক্য-মনে॥
যদি বোল, শ্রুতিগণ নানাদেব ভজে।
শশী, সূর্য্য, পুরন্দর, প্রজাপতি পূজে॥
বহুমুখে শ্রুতিগণ নানা-মূর্ত্তিভেদে।
সর্ব্বময় প্রভু তুমি, সর্ব্বভাবে সেবে॥
যথা-তথা করি যদি পদ আরোপণ।
গাছ, পাথর কিবা গিরি-আরোহণ॥
তবু তুমি বিনে, নাথ! না বলিব আন।
এইরূপ সর্ব্বময় তুমি ভগবান্॥
১৬ এই-সে কারণে, নাথ! মহামুনিগণে।
তোমার পবিত্র-কথা-সুধাসিন্ধু-পানে॥
অশেষ দুষ্কৃত তরি' লভিলা মুকতি।
হেন গুণনিধি তুমি, ভকতের গতি॥
গুণময়ী মায়ামৃগী নটন-পণ্ডিত।
পরমপুরুষ তুমি, ত্রিগুণ-বর্জ্জিত॥
কথামাত্র-শ্রবণে সকল পাপ তরে'।
ভক্তি করি' যেবা ভজে, কি কহিব তা'রে?
তত্ত্বজ্ঞান-যোগে যাঁ'র শোধিত অন্তর।
ভকতি করিয়া ভজে চরণযুগল॥
অখণ্ড-পরমানন্দ-পদ, সুখময়।
কে পুন কহিব তা'র কোন্ গতি হয়?
১৭ তোমার পদারবিন্দে ভক্তিহীন জন।
চামের হাথিনা যেন, বিফল জীবন॥

১৮। উদরমুপাসতে য ঋষিবর্ত্মসু কূর্পদৃশঃ, পরিসরপদ্ধতিং হৃদয়মারুণয়ো দহরম্।
তত উদগাদনন্ত! তব ধাম শিরঃ পরমং, পুনরিহ যৎ সমেত্য ন পতন্তি কৃতান্তমুখে ॥
১৯। স্বকৃতবিচিত্রযোনিষু বিশন্নিব হেতুতয়া, তরতমতশ্চকাস্যনলবৎ স্বকৃতানুকৃতিঃ।
অথ বিতথাস্বমূস্ববিতথং তব ধাম সমং, বিরজধিয়োঽনুযন্ত্যভিবিপণ্যব একরসম্ ॥
২০। স্বকৃতপুরেষ্বমীষ্ববহিরন্তরসংবরণং, তব পুরুষং বদন্ত্যখিলশক্তিধৃতোঽংশকৃতম্।
ইতি নৃগতিং বিবিচ্য কবয়ো নিগমাবপনং, ভবত উপাসতেঽঙ্ঘ্রিমভবং ভুবি বিশ্বসিতাঃ ॥

যদি বল',—সুখভোগ করে' নিরবধি।
ভক্তিহীন জনের না হয় কোন সিদ্ধি ॥
যাঁ'র অনুগ্রহে সৃষ্টি করে' তত্ত্বগণে।
ব্রহ্মাণ্ড নির্ম্মাণ করে' বিবিধ-বিধানে ॥
ব্রহ্মাণ্ড সৃজিয়া কর' ব্রহ্মাণ্ডে প্রবেশ।
প্রলয়ে সকলে তুমি থাক অবশেষ ॥
কার্য্য-কারণের পর, ঋত, সত্যময়।
তোমা' বিনে কা'রো, নাথ! কিছু সিদ্ধ নয় ॥
ভকতজনের মিলে' সর্ব্বত্র কল্যাণ।
না ভজিলে কভু তা'র নহে পরিত্রাণ ॥
এখনে কহিব ধ্যান, গুরু-উপদেশ।
ধ্যান অবলম্ব করি' ভজিব বিশেষ ॥
১৮ স্থূলবুদ্ধি-জনে করে' উদরে চিন্তন।
মুনি-যোগপথে, যা'র স্থির নহে মন ॥
সূক্ষ্মমতি-জনে ব্রহ্ম ধেয়ায় শরীরে।
নাড়ীভেদে চিন্তে ব্রহ্ম হৃদয়-কমলে ॥
ষট্‌চক্র ভেদিয়া তোলে শিরের উপরে।
নিরমল জ্যোতি যথা সহস্র-কমলে ॥
যা'র সমাগমে পুন না হয় সংসার।
যে ব্রহ্ম চিন্তিয়া যোগী হয় ভবে পার ॥
১৯ 'যদি সর্ব্বদেহে আমি বসি নিরন্তর।
আমার জীবের সহে কি হয় অন্তর?'
হেন যদি বল', দেব! কহে শ্রুতিগণে।
আর কিছু সত্য, নাথ! নহে তোমা' বিনে ॥
সর্ব্বভূত-সাক্ষী তুমি, বৈস গূঢ়রূপে।
নির্লেপ, নির্গুণ তুমি, বৈস সর্ব্বরূপে ॥
ছোট-বড় তৃণ, তরু, বিবিধ রচনা।
আপনে করিয়া তুমি ব্রহ্মাণ্ড ঘটনা ॥
আপনে সৃজিয়া তা'থে কর' পরবেশ।
দেহ-অনুরূপে তুমি ধর' নিজবেশ ॥
শকতি প্রকাশ কর' দেহ-অনুসারে।
কাষ্ঠ-অনুরূপ যেন হুতাশন জ্বলে ॥
তথাপি অসত্য সব, তুমি মাত্র সত্য।
এক রসময়ধাম, তুমি সবে তথ্য ॥
নিরমল মতি যাঁ'র, বিগত সংসার।
তাঁ'রা-সব এইরূপ চিন্তয়ে তোমার ॥
কি পুন তোমার, নাথ! প্রকৃতি-প্রসঙ্গ?
বিচারে জীবের কিছু নাহি ভববন্ধ ॥
ভকতি করিয়া জীব তোমার চরণে।
এ ঘোর সংসার তরে', কহে শ্রুতিগণে ॥
২০ নিজ-কর্ম্ম-বিনির্ম্মিত প্রতি কলেবর।
কর্ত্তা হৈয়া জীব তা'থে থাকে নিরন্তর ॥
তথাপি তোমার অংশ জীব বদ্ধ নয়।
সর্ব্বশক্তিধর তুমি, সবার আশ্রয় ॥
কার্য্য-কারণের জীব না হয় অধীন।
দেহে মাত্র থাকে জীব, দেহ নহে ভিন ॥
এইরূপ জীবগতি বুঝিয়া পণ্ডিত।
সর্ব্বকর্ম্ম তোমাতে করিয়া নিয়োজিত ॥
তোমার চরণযুগ ভব-নিবারণ।
বুঝিয়া পণ্ডিতজনে করে' আরাধন ॥
অর্চ্চন, বন্দন, সেবা, শ্রবণ, কীর্ত্তন।
ভকতি সাধিয়া ভব তরে' বুধজন ॥

২১। দুরবগমাত্মতত্ত্বনিগমায় তবাত্মতনো,-শ্চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্ত-পরিশ্রমণাঃ।
ন পরিলষন্তি কেচিদপবর্গমপীশ্বর! তে, চরণসরোজহংসকুল-সঙ্গবিসৃষ্টগৃহাঃ॥
২২। ত্বদনুপথং কুলায়মিদমাত্মসুহৃৎপ্রিয়ব,-শ্চরতি তথোন্মুখে ত্বয়ি হিতে প্রিয় আত্মনি চ।
ন বত রমন্ত্যহো অসদুপাসনয়াত্মহনো, যদনুশয়া ভ্রমন্ত্যুরুভয়ে কুশরীরভৃতঃ॥
২৩। নিভৃতমরুন্মনোঽক্ষদৃঢ়যোগযুজো হৃদি য,-ন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।
স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো, বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রি সরোজসুধাঃ॥
২৪। ক ইহ নু বেদ বতাবরজন্মলয়োঽগ্রসরং, যত উদগাদৃষির্যমনু দেবগণা উভয়ে?
তর্হি ন সন্ন চাসদুভয়ং ন চ কালজবঃ, কিমপি ন তত্র শাস্ত্রমবকৃষ্য শয়ীত যদা॥

---

২১ তোমারে জানিতে নাহি কাহার শকতি।
তে-কারণে ধর' তুমি বিবিধ মূরতি॥
জীব-পরিত্রাণ-হেতু নানা-মূর্ত্তি ধর'।
নানা-অবতারে তুমি নানা-লীলা কর'॥
সেই লীলা-চরিত্র-অমৃত-সিন্ধুজলে।
করিয়া মজ্জন, পান, পরিশ্রম হরে'॥
অপবর্গ-পদে তা'র নাহি অভিলাষ।
ভক্তিরস-সুখে বিসরিল গৃহবাস॥
তোমার চরণ-সরোরুহ-মধুকর।
তা'র সঙ্গসুখরসে পাসরে সকল॥

২২ নর-কলেবর, নাথ! ভজন-দুয়ার।
নরদেহ ধরি' হয় সংসারের পার॥
হেন দেহ আপনার প্রিয় করি' মানে।
তুমি আত্মা, প্রিয়সখা—এ-সব না জানে॥
অসত্য সেবিয়া সে-যে নহে শুদ্ধমতি।
তোমার পদারবিন্দে নহে তা'র রতি॥
আত্মঘাতী, অসত্য ধেয়ায়, দুরাশয়।
না ভজে পদারবিন্দ, না ঘুচে সংশয়॥
অসত্য-ধেয়ানে নহে শুদ্ধ কলেবর।
মহাভয় সংসারে ভ্রময়ে নিরন্তর॥

২৩ সকল ইন্দ্রিয়গণ করিয়া রোধন।
দৃঢ়যোগে করি' মনঃ-পবন-সংযম॥
মুনিগণ চিন্তে যাঁ'রে হৃদয়-কমলে।
বৈরিভাবে দৈত্যগণ সতত সঙরে॥
ভোগিভোগ-ভুজদণ্ড হৃদয়ে ধেয়ায়।
কামভাবে গোপীগণ সেই কৃষ্ণ পায়॥
আমি-সব শ্রুতিগণে সেই অনুসারে।
চরণ-পঙ্কজ ধরি হৃদয়কমলে॥
যোগী যোগপথে যাঁ'কে চিন্তয়ে ধেয়ানে।
বৈরিভাবে হেন প্রভু পায় দৈত্যগণে॥
কামভাবে চিন্তিয়া রমণীগণ পায়।
তে-কারণে শ্রুতিগণ চরণ ধেয়ায়॥
ভক্তি-বিনে তত্ত্বজ্ঞান না হয় উদয়।
ভক্তি-বিনে কভু যোগে পরিত্রাণ নয়॥
এই-সে কারণে ভক্তি কহে শ্রুতিগণে।
কে তোমা জানিব, নাথ! ভক্তিযোগ বিনে?

২৪ যখনে না ছিল কিছু—ব্রহ্মা, মহেশ্বর।
তখনে আছিলে মাত্র আপনে কেবল॥
এখনে জন্মিঞা তোমা' কে জানিতে পারে?
ব্রহ্মা উপজিলা যাঁ'র এ নাভি-কমলে॥
যাঁহা হনে দেবগণ সৃষ্টি-উপাদান।
হেন পরিপূর্ণ তুমি, প্রভু ভগবান্॥
প্রলয়ে যখনে সৃষ্টি করিয়া সংহার'।
অনন্তশয়নে কর' কেবল বিহার॥
স্থূল-সূক্ষ্ম তখনে না থাকে কালগতি।
ন বেদ-বেদান্ত-শাস্ত্র, তর্ক-দণ্ডনীতি॥

২৫। জনিমসতঃ সতো মৃতিমুতাত্মনি যে চ ভিদাং, বিপণমৃতং স্মরন্ত্যপদিশন্তি ত আরুপিতৈঃ।
ত্রিগুণময়ঃ পুমানিতি ভিদা যদবোধকৃতা, ত্বয়ি ন ততঃ পরত্র স ভবেদববোধরসে ॥
২৬। সদিব মনস্ত্রিবৃৎ ত্বয়ি বিভাত্যসদা মনুজাৎ, সদভিমৃশন্ত্যশেষমিদমাত্মতয়াত্মবিদঃ।
ন হি বিকৃতিং ত্যজন্তি কনকস্য তদাত্মতয়া, স্বকৃতমনুপ্রবিষ্টমিদমাত্মতয়াবসিতম্ ॥
২৭। তব পরি যে চরন্ত্যখিলসত্ত্বনিকেততয়া, ত উত পদাক্রমন্ত্যবিগণয্য শিরো নির্ঋতেঃ।
পরিবয়সে পশূনিব গিরা বিবুধানপি তাং,-স্ত্বয়ি কৃতসৌহৃদাঃ খলু পুনন্তি ন যে বিমুখাঃ ॥
২৮। ত্বমকরণঃ স্বরাড়খিলকারকশক্তিধর,-স্তব বলিমুদ্বহন্তি সমদন্ত্যজয়ানিমিষাঃ।
বর্ষভুজোঽখিলক্ষিতিপতেরিব বিশ্বসৃজো, বিদধতি যত্র যে ত্বধিকৃতা ভবতশ্চকিতাঃ ॥

---

২৫ অসত্যের উৎপত্তি বোলয়ে যে জনে।
সত্যের মরণ যেবা সত্য করি' মানে' ॥
আত্মমতে ভেদ যেবা করে' নিরূপণ।
ব্যবহার সত্য করি' বলয়ে যে জন ॥
এই সব উপদেশ যে যে জন কহে।
আরোপিতমাত্র সব, কিছু সত্য নহে ॥
ঈশ্বর ত্রিগুণময়, এহ সত্য নয়।
অজ্ঞান-কল্পিতমাত্র, বুধ-জনে কয় ॥
জ্ঞানঘন, রসময় ব্রহ্ম-মাত্র সার।
জ্ঞানে নাহি জানি, ব্রহ্মজ্ঞানে হয়ে পার ॥
২৬ ত্রিগুণ-জনিত যত মনের বিলাস।
সত্য-অধিষ্ঠানে করে' অসত্য প্রকাশ ॥
অজ্ঞান-কল্পিত যত দেখি নানারূপ।
এক ব্রহ্ম সত্যমাত্র ধরে সর্ব্বরূপ ॥
অসত্য মানয়ে সত্য সত্য-অধিষ্ঠানে।
তে-কারণে সত্য বলে' তত্ত্বজ্ঞানি-জনে ॥
কনক কিনয়ে যদি হেম-বাণিজার।
কনক কিনিতে কিনে হেম-অলঙ্কার ॥
হার, অলঙ্কার তেজি' কনক না কিনে।
এইরূপ সত্য সব বলি তত্ত্বজ্ঞানে ॥
ব্রহ্মমাত্র সত্য, সবে জানিব নিশ্চয়।
ব্রহ্ম-বিনে তত্ত্বজ্ঞান কভু সত্য নয় ॥
২৭ যে তোমার পরিচর্য্যা করে' নিরবধি।
সর্ব্বজীবে বৈস তুমি, সর্ব্বগুণনিধি ॥
মৃত্যু-শিরে পদ ধরে, গণনা না করে'।
এ ঘোর সংসারতাপ লীলা-মাত্র তরে' ॥
সর্ব্বশাস্ত্রে বিদগধ, ভক্তিহীন জন।
পশুবৎ বেদপাশে করিয়া বন্ধন ॥
কর্ম্মপথে ভ্রমায়, না পায় প্রতিকার।
ভকতি-বিমুখ, তা'র না হয় নিস্তার ॥
যে পুন পদারবিন্দে ভক্তিরস ধরে।
দৃষ্টিমাত্রে সর্ব্বলোকে পরিত্রাণ করে' ॥
জীব-পরিত্রাণ কভু নাহি ভক্তি-বিনে।
কারণ বুঝিয়া ভক্তি কহে শ্রুতিগণে ॥
২৮ 'সর্ব্বজীবে বসি আমি—যদি সত্য হয়।
তবে কর্ত্তা, ভোক্তা আমি—এহো মিছা নয় ॥
জীবের আমার তবে কি হয় অন্তর ?'
শ্রুতিগণে দিলা তা'র বুঝিয়া উত্তর ॥
'নাহি কর, পদ, মুখ, শ্রবণ, নয়ন।
ইন্দ্রিয়-বর্জ্জিত তুমি, অনাদি-নিধন ॥
সর্ব্বজীব-শক্তি তুমি, পরকাশ কর'।
সর্ব্বময় প্রভু তুমি, সর্ব্বশক্তি ধর' ॥
এই-সে কারণে ইন্দ্র-আদি দেবগণে।
বলি সমর্পণ করে' অভয়-চরণে ॥
অজ, ভব, মায়াদেবী সচকিতে ভজে।
চক্রবর্ত্তী রাজা যেন রাজাগণে পূজে ॥
যে-যে দেব নিয়োজিত যে-যে অধিকারে।
ভয়ে চমকিত হৈয়া সেই কর্ম্ম করে' ॥

২৯। স্থিরচরজাতয়ঃ স্যুরজয়োত্থনিমিত্তযুজো, বিহর উদীক্ষয়া যদি পরস্য বিমুক্ত ! ততঃ।
ন হি পরমস্য কশ্চিদপরো ন পরশ্চ ভবেদ্,-বিয়ত ইবাপদস্য তব শূন্যতুলাং দধতঃ॥
৩০। অপরিমিতা ধ্রুবাস্তনুভৃতো যদি সর্ব্বগতা,-স্তর্হি ন শাস্যতেতি নিয়মো ধ্রুব ! নেতরথা।
অজনি চ যন্ময়ং তদবিমুচ্য নিয়ন্তৃ ভবেৎ, সমমনুজানতাং যদমতং মতদুষ্টতয়া॥
৩১। ন ঘটত উদ্ভবঃ প্রকৃতিপুরুষয়োরজয়ো,-রুভয়যুজা ভবন্ত্যসুভৃতো জলবুদ্‌বুদবৎ।
ত্বয়ি ত ইমে ততো বিবিধনামগুণৈঃ পরমে, সরিত ইবার্ণবে মধুনি লিল্যুরশেষরসাঃ॥

আজ্ঞা-পরিপালন—তোমার আরাধন।
সর্ব্বদেবপতি তুমি, সভার জীবন॥
২৯ যখনে প্রকৃতি-সঙ্গে বিহর' আপনে।
স্থাবর-জঙ্গম যত জনমে তখনে॥
তোমার ঈক্ষণ-মাত্রে কারণ-উদয়।
কারণ-সংযোগে সৃষ্টি নানারূপ হয়॥
পরম-উত্তম তুমি, করুণা-সাগর।
সর্ব্বজীবে সম তুমি, নাহি নিজ-পর॥
সর্ব্বত্র নির্লেপ তুমি, আকাশ-সমান।
মনোবচনের পর, না দেখি প্রমাণ॥
নিরালম্ব, নিরাধার, প্রকৃতির পর।
সর্ব্বজীব-গতি-পতি, মহামহেশ্বর॥'
৩০ যদি সর্ব্বগত জীব, নিত্য, নিরাধার।
অসংখ্য, অনন্ত জীব, অজ, নির্ব্বিকার॥
ঈশ্বর-কিঙ্কর তবে না হয় নির্ণয়।
কে দণ্ড ধরিব, তবে কে করিব ভয়?
বস্তুগতে সর্ব্বজীব নাহি কিছু ভিন।
কিন্তু কেহো কা'র তবে না হয়ে অধীন॥
শ্রুতিগণে তা'থে এই করে' নিরূপণা॥
চৌদিগে সঞ্চরে যেন আগুনের কণা॥
এইরূপে পূর্ণ তুমি, মহা-জ্যোতির্ম্ময়।
তোমা'-হনে সর্ব্বজীবের উতপতি হয়॥
তুমি সে পালন কর', তুমি কর' নাশ।
তোমা'-হনে সর্ব্বজীবের শক্তি-পরকাশ॥
ব্রহ্ম করি' সর্ব্বজীব বলি তে-কারণে।
ভিন্ন ভিন্ন সর্ব্বজীব নহে তোমা'-হনে॥
পিতা-হনে নাহি কিছু পুত্রের অন্তর।
তে-কারণে 'ব্রহ্ম' বলি সব চরাচর॥
সর্ব্বজীবগতি, পতি, প্রকৃতির পর।
তুমি আদি, অন্ত, মধ্য, মহামহেশ্বর॥
যে বলে' বিবাদ করি লঞা তর্ক-বল।
'ঈশ্বরের সহে নাহি জীবের অন্তর'॥
সে কিছু না জানে' তত্ত্ব, বোলে তর্ক ধরি'।
ঈশ্বর, কিঙ্কর—দুই বলে' এক করি'॥
যে বলে',—'আমি সে জানি', সে কিছু না জানে'।
তা'র মত শুদ্ধ নহে, বলে' অভিমানে॥
যে বলে',—'না জানি মুঞি', সেই সে পণ্ডিত।
অভয় পদারবিন্দে সকল বিদিত॥
৩১ প্রকৃতির উৎপত্তি—না হয় ঘটনা।
পুরুষের জনম—না করি নিরূপণা॥
পুরুষ-প্রকৃতি—পর, অজ, সনাতন।
কোনমতে নাহি ঘটে দোহাঁর জনম॥
কাহারে বলিব জীব, জনম কাহার?
কাহার মুকতিপদ, কাহার সংসার?
শ্রুতিগণ তা'তে এই করে' নিরূপণ।
প্রকৃতি-পুরুষ-যোগে জীবের জনম॥
জলের বুদ্‌বুদ যেন নহে জল-বিনে।
পবনে সঞ্চার, যেন চলয়ে পবনে॥
বিনি-জল-পবনে—না হয় বুদ্‌বুদ্।
প্রকৃতি-পুরুষ-বিনে—নহে সর্ব্বভূত॥
তোমা' হৈতে প্রকৃতি-পুরুষ-উপাদান।
প্রকৃতি-পুরুষ হৈতে জগত-নির্ম্মাণ॥

৩২। নৃষু তব মায়য়া ভ্রমমমীষ্ববগত্য ভৃশং, ত্বয়ি সুধিয়োঽভবে দধতি ভাবমনুপ্রভবম্।
কথমনুবর্ত্ততাং ভবভয়ং তব যদ্ভ্রুকুটিঃ, সৃজতি মুহুস্ত্রিনেমিরভবচ্ছরণেষু ভয়ম্?

৩৩। বিজিতহৃষীকবায়ুভিরদান্তমনস্তরগং, য ইহ যতন্তি যন্তুমতিলোলমুপায়খিদঃ।
ব্যসনশতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং, বণিজ ইবাজ সন্ত্যকৃতকর্ণধরা জলধৌ॥

৩৪। স্বজনসুতাত্মদার-ধনধামধরাসুরথৈ,-স্ত্বয়ি সতি কিং নৃণাং শ্রয়ত আত্মনি সর্ব্বরসে?
ইতি সদজানতাং মিথুনতো রতয়ে চরতাং, সুখয়তি কো ন্বিহ স্ববিহতে স্বনিরস্তভগে?

৩৫। ভুবি পুরুপুণ্যতীর্থসদনান্যষয়ো বিমদা,-স্ত উত ভবৎপদাম্বুজহ্রদোঽঘভিদঙ্ঘ্রিজলাঃ।
দধতি সকৃন্মনস্ত্বয়ি য আত্মনি নিত্যসুখে, ন পুনরুপাসতে পুরুষসারহরাবসথান্॥

প্রলয়ে সকলে তুমি থাক অবশেষ।
প্রকৃতি-পর্য্যন্ত করে' তোমাতে প্রবেশ॥
নদ-নদী প্রবেশিয়া সাগরের জলে।
আপনার নাম, গুণ আপনে পাসরে॥
নানা-পুষ্পরস যেন মধুরসে মেলি'।
মধুময় হয় যেন, আপনা পাসরি'॥
এইরূপ সকল তোমাতে পরবেশ।
তোমা-বিনে কিছুই না থাকে অবশেষ॥

৩২ তোমা-হনে হয় সব জীব উতপন্ন।
প্রলয়ে সবার হয় তোমাতে নিধন॥
কল্পে কল্পে ভ্রমে' জীব এ-ঘোর সংসারে।
ভক্তিযোগ-বিনে কেহো সংসার না তরে'॥
বুঝিয়া জীবের গতি মহাবুধ-জনে।
ভকতি করয়ে দুই অভয়-চরণে॥
ত্রিভুবনে ভক্তিযোগ করিয়া বিস্তার।
লীলামাত্রে হয় ঘোর সংসারের পার॥
যে পুন পদারবিন্দে পরিচর্য্যা করে'।
তা'র কি সংসার-ভয় হয় কোন কালে?
কালচক্র তোমার—কেবল ভুরুভঙ্গ।
ভকতিবিমুখ-জনে বাঢ়ায় তরঙ্গ॥
ভকতজনের কভু নাহি কাল-ভয়।
ভকতবৎসল তুমি, হেন কৃপাময়॥

৩৩ ভক্তিযোগ নহে কভু গুরুকৃপা-বিনে।
তে-কারণে গুরুসেবা কহে শ্রুতিগণে॥
সকল ইন্দ্রিয়গণ করিঞা রোধন।
যতন করিয়া করি' পবন-সংযম॥
চঞ্চল, দুর্ব্বার, ঘোর মন-তুরঙ্গম।
বিবিধ-উপায়ে যদি করয়ে দমন॥
গুরু-চরণারবিন্দে দূরে পরিহরে।
বিবিধ-যতনে মন নিবারিতে নারে॥
বিনি-গুরু-উপদেশে স্থির নহে মন।
গুরু-কৃপা-বিনে কা'রো না ঘুচে বন্ধন॥
কাণ্ডারী তেজিয়া যেন চলে বাণিজার।
সাগরে ডুবিয়া মরে, কভু নহে পার॥

৩৪ সুত, বিত্ত, পশু, দার, বন্ধু, পরিজন।
এ-সব বিপদ্-পদে কোন্ প্রয়োজন?
তুমি, নাথ! থাকিতে সাক্ষাতে রসসিন্ধু।
সর্ব্বজীব-প্রিয়, আত্মা, ইষ্ট, ধন, বন্ধু॥
তুমি সর্ব্বরস, সুখময়, গুণধাম।
সত্য করি' যে না জানে হঞা অগেয়ান॥
স্ত্রী-ঘরে সুখ সবে সত্য করি' মানে'।
তা'র সুখ কোনকালে নাহি ত্রিভুবনে॥
অশেষ-বিপদ্‌পদ, সহজে নশ্বর।
হেন গৃহসুখে জীব ভ্রমে' নিরন্তর॥
তোমাকে ভজিলে নাথ! কি কি সুখ নয়?
পরম-পরমানন্দ-সুখ-রসময়॥

৩৫ এই-সে কারণে গুরু-উপদেশ ধরি'।
মহামুনিগণে তত্ত্ব নিরূপণ করি॥

৩৬। সত ইদমুত্থিতং সদিতি চেন্ননু তর্কহতং, ব্যভিচরতি ক্ব চ ক্ব চ মৃষা ন তথোভয়যুক্।
ব্যবহৃতয়ে বিকল্প ইষিতোঽন্ধপরম্পরয়া, ভ্রময়তি ভারতী ত উরুবৃত্তিভিরুক্থজড়ান্॥
৩৭। ন যদিদমগ্র আস ন ভবিষ্যদতো নিধনা,-দনুমিতমন্তরা ত্বয়ি বিভাতি মৃষৈকরসে।
অত উপমীয়তে দ্রবিণজাতিবিকল্পপথৈ,-র্বিতথ-মনোবিলাসমৃতমিত্যবযন্ত্যবুধাঃ॥
৩৮। স যদজয়া ত্বজামনুশয়ীত গুণাংশ্চ জুষন্, ভজতি সরূপতাং তদনু মৃত্যুমপেতভগঃ।
ত্বমুত জহাসি তামহিরিব ত্বচমাত্তভগো মহীয়সেঽষ্টগুণিতেঽপরিমেয়ভগঃ॥

তোমার চরণ ধরি' হৃদয়-কমলে।
মদ, মান, অহঙ্কার তেজিয়া সকলে॥
মহাপুণ্য-তীর্থ-সম গুরু-সন্নিধানে।
দেহ-মন নিয়োজিয়া তোমার চরণে॥
তুমি আত্মা, নিত্য-সুখ জানিঞা বিশেষে।
পুনরপি চিত্ত আর নহে গৃহবাসে॥
ক্ষমা-শান্তি-ধৈর্য্যহর, বিবেক-বিনাশী।
দেখিয়া এ-সব দোষ -- নহে গৃহবাসী॥
জগত পবিত্র করে' নিজ-পদজলে।
তোমাতে ধরিয়া মন আনন্দে বিহরে॥
পুণ্যতীর্থ, পুণ্যক্ষেত্র করিয়া আশ্রয়।
সাধু-সঙ্গে এ-ঘোর সংসার পার হয়॥

৩৬ সত্য হৈতে উতপন্ন—সব চরাচর।
যদি হেন কেহো বলে', মানয়ে সকল॥
কনক-কুণ্ডলে যেন নাহি ভিন্ন-ভেদ।
তর্কবলে সেহো পক্ষ করয়ে বিচ্ছেদ॥
অসত্য না হয় সত্য, সত্য নহে মিছা।
কুণ্ডল না হয় সত্য, হেমমাত্র সাঁচা॥
কোন ঠাঞি ঘটে সেহো, কোন ঠাঞি টুটে।
পিতা-পুত্রে এক করি' বলিতে না ঘটে॥
কোন ঠাঞি' বিচারিতে সেহো নহে সত্য।
সর্প-রজ্জু-ভ্রমে যেন, রজ্জু নহে তথ্য॥
সত্য-অসত্য দোঁহে মিলিয়া সংসার।
সেহো ত' না ঘটে' কিছু করিতে বিচার॥
যে হয়—সেই সে হয়, যে নহে—না হয়ে।
সর্ব্ববাদি মত এই, সভার নির্ণয়ে॥
লোক-ব্যবহার-হেতু সকল ভরম।
সত্য কিছু নহে, যদি বুঝিয়ে মরম॥
আন্ধলে-আন্ধলে যেন একত্র মিলিয়া।
বিপদে বাঢ়ায় পাও, পথ না দেখিয়া॥
বেদময়ী তোমার শ্রীমুখ-সরস্বতী।
বুধজন ভ্রমাঞা করয়ে নানা-মতি॥
বেদজড়, কর্ম্মজড় যে হয় পণ্ডিত।
কর্ম্মপথে ভ্রমাঞা করয়ে বিমোহিত॥

৩৭ জগত না হয় সত্য, কেবল নির্ণয়।
এই নিরূপণ করি' শ্রুতিগণে কয়॥
পূরবে না ছিল কিছু এব-লোক-রচনা।
প্রলয়-অন্তরে হৈব এমন ঘটনা॥
অসত্য সংসার—সব মনের বিলাস।
সম্প্রতি তোমাতে মাত্র করে' পরকাশ॥
নিত্য-সত্য মাত্র তুমি, এক রসময়।
সত্যযোগে অসত্য সংসার—সত্য হয়॥
নাম, জাতি, নানা-ভেদ, নানা-পরকার।
মনের বিলাস সব, ব্রহ্মমাত্র সার॥
মাটির নির্ম্মিত পাত্র, বিবিধ-ঘটনা।
মাটিমাত্র সার, আর এ-সব কল্পনা॥
অসত্য সংসার—সত্য মানে' কুপণ্ডিত।
তোমার মায়ায়, নাথ! সে হয় বঞ্চিত॥

৩৮ 'যদি বা না হয় সত্য অনাদি-সংসার।
যদি সত্য-সহে নাহি সংযোগ তাহার॥
তবে কেনে জীবের সংসার-দুঃখ হয়?
কোন্ পুণ্য করিয়া ঈশ্বর সুখময়?

৩৯। যদি ন সমুদ্ধরন্তি যতয়ো হৃদি কামজটা, দুরধিগমোঽসতাং হৃদিগতোঽস্মৃতকণ্ঠমণিঃ।
অসুতৃপযোগিনামুভয়তোঽপ্যসুখং ভগব,-ন্মনপগতান্তকাদনধিরূঢ়পদাদ্ভবতঃ॥

৪০। ত্বদবগমী ন বেত্তি ভবদুত্থশুভাশুভয়ো,-র্গুণবিগুণান্বয়াংস্তর্হি দেহভৃতাঞ্চ গিরঃ।
অনুযুগমন্বহং সগুণগীতপরম্পরয়া, শ্রবণভৃতো যতস্ত্বমপবর্গগতির্মনুজৈঃ॥

৪১। দ্যুপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া, ত্বমপি যদন্তরাণ্ডনিচয়া ননু সাবরণাঃ।
খ ইব রজাংসি বান্তি বয়সা সহ যচ্ছ্রুতয়,-স্ত্বয়ি হি ফলন্ত্যতন্নিরসনেন ভবন্নিধনাঃ॥

কেবা কর্ম্ম করে', কেবা ভুঞ্জে কর্ম্মফল ?'
শ্রুতিগণ দিলা তা'থে উচিত উত্তর॥
'যখনে জীবের সহে মায়ার সংযোগ।
মায়াবশ হৈয়া জীব করে' কর্ম্মভোগ॥
দেহের সংযোগে জীব হৈয়া দেহময়।
অপার-সংসার-দুঃখ ভুঞ্জে দুরাশয়॥
তুমি পুন নিজমায়া দূরে পরিহর।
অনন্ত-ঐশ্বর্য্য-সুখে আনন্দে বিহর॥
অঙ্গের কঞ্চুক যেন তেজি' ফণধর।
নিজ-সুখে রহে নিরমল কলেবর॥
এইরূপে নিজ-মায়া দূরে পরিহরি'।
অনন্তমহিমা তুমি, আছ ক্রীড়া করি'॥
যে ভজে পদারবিন্দ, তরে' ভবভয়।
না ভজে, তাহার কভু পরিত্রাণ নয়॥

৩৯ যদি যতিগণ সুখভোগ পরিহরে।
চিত্তগত-কামজটা উদ্ধারিতে নারে॥
যদ্যপি তাহার আছ' হৃদয়-কবলে।
তথাপি তোমারে তা'রা লভিতে না পারে॥
কেহো যেন কণ্ঠগত মণি পাসরিয়া।
চাহিতে বেড়ায় যেন আকুল হইয়া॥
যোগ-ছলে করে' মাত্র ইন্দ্রিয়-তৃপতি।
ইহলোক-পরলোকে নাহি তা'র গতি॥
ইহলোকে দুঃখ তা'র কুটুম্ব-ভরণে।
পরলোকে, না ভজিয়া তোমার চরণে॥

৪০ যে তোমাকে জানে—প্রভু, সর্ব্বফলদাতা।
সর্ব্বলোক-গতি-পতি, সর্ব্বলোকপিতা॥
পুণ্য-পাপ তা'র কিছু নাহি ত্রিভুবনে।
শুভাশুভ কর্ম্মফল সে কিছু না জানে॥
বিধি-নিষেধের পার, নাহি কর্ম্মলেশ।
সুখ-দুঃখ-ভেদ কিছু না জানে বিশেষ॥
যুগে যুগে গুরুমুখে উপদেশ ধরি'।
শ্রবণ-কীর্ত্তন কথা-সুধা পান করি'॥
তোমার পদারবিন্দ ভজে নিরবধি।
তুমি প্রিয়বন্ধু তা'র, অপবর্গ-গতি॥
ধ্যান-যোগে নাহি ধরে' কর্ম্ম-অধিকার।
শ্রবণ-কীর্ত্তনপর যে জন তোমার॥
বিধি-নিষেধের নহে সে জন কিঙ্কর।
চরণারবিন্দ মাত্র ভজে নিরন্তর॥
ভকতি দেখাঞা লোকে করয়ে বঞ্চনা।
সুখভোগ-হেতু যা'র অন্তরে বাসনা॥
ইহলোকে, পরলোকে নাহি তা'র গতি।
এই তত্ত্ব নিরূপিয়া কহে সর্ব্বশ্রুতি॥

৪১ অজভব-আদি যত সুরপতিগণে।
এ-সব তোমার অন্ত না পায় ধেয়ানে॥
আপনে না জান' তুমি অন্ত আপনার।
অন্ত যদি থাকে, তবে পার গণিবার॥
অনন্ত-ব্রহ্মাণ্ডকোটি যাঁহার অন্তরে।
রেণুবৎ নিরন্তর গতাগতি করে'॥
এই-সে কারণে, নাথ! সব শ্রুতিগণে।
তত্ত্ব-নিরূপণ করি' কহিতে না জানে॥
সগুণের গুণ-অন্ত গণিতে না যায়।
নির্গুণের কার্য্য অন্যে সন্ধান না পায়॥

শ্রীভগবানুবাচ

৪২। ইত্যেতদ্ব্রহ্মণঃ পুত্রা আশ্রুত্যাত্মানুশাসনম্। সনন্দনমথানর্চ্চুঃ সিদ্ধা জ্ঞাত্বাত্মনো গতিম্॥
৪৩। ইত্যশেষসমাম্নায়পুরাণোপনিষদ্রসঃ। সমুদ্ধৃতঃ পূর্ব্বজাতৈর্ব্যোমযানৈর্মহাত্মভিঃ॥
৪৪। ত্বঞ্চৈতদ্ব্রহ্মদায়াদ! শ্রদ্ধয়াত্মানুশাসনম্। ধারয়ংশ্চর গাং কামং কামানাং ভর্জ্জনং নৃণাম্॥

শ্রীশুক উবাচ

৪৫। এবং স ঋষিণাদিষ্টং গৃহীত্বা শ্রদ্ধয়াত্মবান্। পূর্ণঃ শ্রুতধরো রাজন্নাহ বীরব্রতো মুনিঃ॥

শ্রীনারদ উবাচ

৪৬। নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়ামলকীর্ত্তয়ে। যো ধত্তে সর্ব্বভূতানামভবায়োশতীঃ কলাঃ॥
৪৭। ইত্যাদ্যমৃষিমানম্য তচ্ছিষ্যাংশ্চ মহাত্মনঃ। ততোঽগাদাশ্রমং সাক্ষাৎ পিতুর্দ্বৈপায়নস্য মে॥
৪৮। সভাজিতো ভগবতা কৃতাসন-পরিগ্রহঃ। তস্মৈ তদ্বর্ণয়ামাস নারায়ণমুখাচ্ছ্রুতম্॥
৪৯। ইত্যেতদ্বর্ণিতং রাজন! যন্ম প্রশ্নঃ কৃতস্ত্বয়া। যথা ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে নির্গুণেঽপি মনশ্চরেৎ॥
৫০। যোঽস্যোৎপ্রেক্ষক আদিমধ্যনিধনে যোঽব্যক্তজীবেশ্বরো
যঃ সৃষ্ট্বেদমনুপ্রবিশ্য ঋষিণা চক্রে পুরঃ শাস্তি তাঃ।
যং সম্পদ্য জহাত্যজামনুশয়ী সুপ্তঃ কুলায়ং যথা
তং কৈবল্যনিরস্তযোনিমভয়ং ধ্যায়েদজস্রং হরিম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীনারদনারায়ণসংবাদে বেদস্তুতির্নাম সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৭॥

'নাহি নাহি' করিয়া নিষেধ যত দূরে।
তথাতে রহিঞা আর খণ্ডিতে না পারে॥
সেহি সে ঈশ্বর করি' করে' নিরূপণ।
এহিরূপ সফল তোমাতে শ্রুতিগণ॥
তোমা'-হনে উতপতি, তোমাতে নিধন।
তোমাতে সকল-বেদ, বলি তে-কারণ॥'
এইরূপে স্তুতি কৈলা যত শ্রুতিগণে।
কহিলা নারদমুনি তোমা'-বিদ্যমানে॥

৪২ সনকাদি মুনিগণ—ব্রহ্মার তনয়।
সনন্দন-মুখে শুনি' ঈশ্বর-নির্ণয়॥
বুঝিয়া জীবের গতি আনন্দিত মন।
সনন্দন পূজিয়া চলিলা মুনিগণ॥

৪৩ এই-সে অশেষ-বেদ-পুরাণের সার।
মহামুনিগণে কৈলা পূরবে উদ্ধার॥

৪৪ শ্রদ্ধা-ভক্তি করি' তুমি এই বাণী ধর'।
পূর্ণকাম হঞা পৃথ্বী পর্য্যটন কর'॥'

৪৫ নর-নারায়ণ-মুখে শুনি' এত বাণী।
হৃদয়ে ধরিয়া পূর্ণ হৈলা মহামুনি॥

৪৬ 'নমো নমো, নারায়ণ! কৃষ্ণ ভগবান্!
অমলকমল হরি, যশোগুণধাম॥
নমো নমো, ভকতবৎসল, গুণনিধি!
তোমার চরণে রতি রহু নিরবধি॥'

৪৭ তবে নরনারায়ণ-চরণ বন্দিয়া।
শিষ্য-মুনিগণ-পা'য় প্রণাম করিয়া॥
চলিলা নারদমুনি—ব্রহ্মার নন্দন।
ব্যাসের আশ্রমে গিয়া হৈলা উপসন্ন॥

৪৮ নারদে দেখিয়া পিতা উঠিলা সম্ভ্রমে।
পাদ্য-অর্ঘ্য দিয়া মুনি পূজিলা বিধানে॥
আসনে বসিয়া মুনি ব্রহ্মার নন্দন।
কহিলা ব্যাসের তরে সব বিবরণ॥

৪৯ সেই বেদবাণী বাপে কহিলা আমারে।
প্রকাশিলুঁ আমি, রাজা! তোমার গোচরে॥

৫০ জগতের উতপতি-পালন-নিধনে।
যে হরি সাক্ষাতে দেখি লালায় আপনে॥
প্রকৃতি-পুরুষ-পর, জীবের ঈশ্বর।
যে হরি মায়ায়ে সৃজে সব চরাচর॥

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। দেবাসুরমনুষ্যেষু যে ভজন্ত্যশিবং শিবম্। প্রায়স্তে ধনিনো ভোজা ন তু লক্ষ্ম্যাঃ পতিং হরিম্॥
২। এতদ্বেদিতুমিচ্ছামঃ সন্দেহোঽত্র মহান্ হি নঃ। বিরুদ্ধশীলয়োঃ প্রভ্বোরবিরুদ্ধা ভজতাং গতিঃ॥

শ্রীশুক উবাচ

৩। শিবঃ শক্তিযুতঃ শশ্বৎ ত্রিলিঙ্গো গুণসংবৃতঃ। বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিধা॥
৪। ততো বিকারা অভবন্ ষোড়শামীষু কঞ্চন। উপাধাবন্ বিভূতীনাং সর্ব্বাসামশ্নুতে গতিম্॥
৫। হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ। স সর্ব্বদৃগুপদ্রষ্টা তং ভজন্ নির্গুণো ভবেৎ॥
৬। নিবৃত্তৈস্বশ্বমেধেষু রাজা যুষ্মৎপিতামহঃ। শৃণ্বন্ ভগবতো ধর্ম্মানপৃচ্ছদিদমচ্যুতম্॥
৭। স আহ ভগবাংস্তস্মৈ প্রীতঃ শুশ্রূষবে প্রভুঃ। নৃণাং নিঃশ্রেয়সার্থায় যোঽবতীর্ণো যদোঃ কুলে॥

সৃজিয়া প্রবেশ করে' ব্রহ্মাণ্ড-ভিতর।
সেই সে সবার প্রভু, সবার ঈশ্বর॥
আপনে পালন করে' আপনে সংহার।
অনন্ত-লীলায় করে' অনন্ত-বিহার॥
শরণ পশিয়া যাঁ'র চরণ-কমলে।
কেবল লীলায় জীব মায়াবন্ধ তরে'॥
অবিদ্যা-বিনাশ-হেতু, ভয়-নিবারণ।
অপার-সংসার সেতু—কৃষ্ণের চরণ।
নিরবধি অভয়-চরণ ধ্যান করি'।
সুখে পার হয় লোক ভববন্ধ তরি'॥
অনন্ত-চরিত-সমুদিত-শ্রুতিগীতা।
সাবধানে শুন, লোক! কৃষ্ণগুণ-কথা॥"

ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৭॥

[শ্রী-রাগ]

১ রাজা বলে',—"আর কথা পুছিব তোমারে।
দেব-অসুর-নর-গন্ধর্ব্ব-কিন্নরে॥
সবেই শঙ্কর ভজে অমঙ্গলধাম।
সুখী, ভোগী হয় লোক, মহাধনবান্॥
লক্ষ্মীপতি-গুণনিধি-চরণ ভজিয়া।
দুঃখ ভোগ করে' মাত্র অকিঞ্চন হৈয়া॥
২ এ-বড় সংশয়, গুরু! পুছি তে-কারণে।
বিপরীত ফল দেখি দোঁহার ভজনে॥"
৩ শুকমুনি বলে',—"রাজা! জিজ্ঞাসিলে ভাল।
কহিব তোমারে সব করিয়া বিস্তার॥
শঙ্কর ত্রিগুণযুত, ধরে অহঙ্কার।
শক্তিযুত হৈয়া সৃজে ত্রিগুণ-বিকার॥
৪ শঙ্কর বিকারময়, বলি তে-কারণে।
সকল সম্পদ্ মিলে শিবের ভজনে॥
৫ হরি সে ত্রিগুণহীন, প্রকৃতির পর।
সর্ব্বসাক্ষী, পরিপূর্ণ, আনন্দসাগর॥
নির্গুণ ভজিলে হয় ত্রিগুণ-বর্জ্জিত।
তে-কারণে অকিঞ্চন, বিকাররহিত॥
৬ পিতামহ তোমার আছিলা যুধিষ্ঠির।
ধর্ম্মযুত, গুণযুত, নির্ম্মলশরীর॥
অশ্বমেধ-যজ্ঞ সমাপিয়া নরেশ্বর।
দ্বিজমুখে ধর্ম্মকথা শুনে নিরন্তর॥
এই কথা জিজ্ঞাসিলা কৃষ্ণের চরণে।
৭ তুষ্ট হৈয়া আপনে কহিলা নারায়ণে॥

শ্রীভগবানুবাচ

৮। যস্যাহমনুগৃহ্ণামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ। ততোঽধনং ত্যজন্ত্যস্য স্বজনা দুঃখদুঃখিতম্॥
৯। স যদা বিতথোদ্‌যোগো নির্ব্বিণ্ণঃ স্যাদ্ধনেহয়া। মৎপরৈঃ কৃতমৈত্রস্য করিষ্যে মদনুগ্রহম্॥
১০। তদ্‌ব্রহ্ম পরমং সূক্ষ্মং চিন্মাত্রং সদনন্তকম্। বিজ্ঞায়াত্মতয়া ধীরঃ সংসারাৎ পরিমুচ্যতে॥
১১। অতো মাং সুদুরারাধ্যং হিত্বান্যান্ ভজতে জনঃ। ততস্তু আশুতোষেভ্যো লব্ধরাজ্যশ্রিয়োদ্ধতাঃ।
মত্তাঃ প্রমত্তা বরদান্ বিস্মরন্ত্যবজানতে॥

শ্রীশুক উবাচ

১২। শাপপ্রসাদয়োরীশা ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ। সদ্যঃ শাপপ্রসাদোঽঙ্গ! শিবো ব্রহ্মা ন চাচ্যুতঃ॥
১৩। অত্র চোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। বৃকাসুরায় গিরিশো বরং দত্ত্বাপ সঙ্কটম্॥
১৪। বৃকো নামাসুরঃ পুত্রঃ শকুনেঃ পথি নারদম্। দৃষ্ট্বাশুতোষং পপ্রচ্ছ দেবেষু ত্রিষু দুর্ম্মতিঃ॥
১৫। স আহ দেবং গিরিশমুপাধাবাশু সিধ্যসি। যোঽল্পাভ্যাং গুণদোষাভ্যামাশু তুষ্যতি কুপ্যতি॥
১৬। দশাস্যবাণয়োস্তুষ্টঃ স্তবতোর্ব্বন্দিনোরিব। ঐশ্বর্য্যমতুলং দত্ত্বা তত আপ সুসঙ্কটম্॥

যদুবংশে যে হরি করিয়া অবতার।
নরলীলা ধরি' করে' বিবিধ বিহার॥
৮ 'যা'থে অনুগ্রহ করি, হরি তা'র ধন।
তবে তা'খে তেজি' যায় বন্ধু-পরিজন॥
দেখিয়া দুঃখিত তা'রে বন্ধুগণ ছাড়ে।
৯ উদ্যোগ করিয়া কিছু করিতে না পারে॥
তবে ধন করি' আর না করে' উদ্যোগ।
ভকতের সহে রহে করিয়া সংযোগ॥
তবে অনুগ্রহ আমি করিয়ে তাহারে।
বৈরাগ্য করিয়া আর উদ্যোগ না করে'॥
১০ নিত্য-সত্য ব্রহ্মমাত্র সত্য করি' জানে।
সংসারসাগরে পার হয় সেইক্ষণে॥
১১ এত দুঃখে আমারে করিয়া আরাধন।
দুঃখ ভোগ করে' মাত্র হঞা অকিঞ্চন॥
আমাকে তেজিয়া লোক এই-সে কারণে।
শঙ্কর ভজন লোক করে' দৃঢ়-মনে॥
রাজ্যপদ, সম্পদ্ লভিয়া মহাধন।
বর পাঞা আমাকে পাসরে মূর্খজন॥
সর্ব্বফলদাতা আমি, সর্ব্বভূতে বসি।
সর্ব্বময় প্রভু আমি, সর্ব্বগুণরাশি॥
ধনমদে মত্ত হৈয়া আমাকে পাসরে।
শঙ্করকিঙ্কর হৈয়া অবজ্ঞান করে'॥'
১২ শাপ-বরদাতা, প্রভু—তিন সুরেশ্বর।
ব্রহ্মা, নারায়ণ আর আপনে শঙ্কর॥
দণ্ড-অনুগ্রহ শিরে করে' সেইক্ষণে।
তুষ্ট-রুষ্ট হয় শিব অল্প দোষ-গুণে॥
ন তু ব্রহ্মা প্রজাপতি, দেব শ্রীনিবাস।
১৩ ইহাতে কহিব এক পূর্ব্ব-ইতিহাস॥
বৃকাসুরে বর দিয়া প্রভু মহেশ্বর।
সঙ্কটে পড়িয়া শিব ভ্রমিলা বিস্তর॥
১৪ আছিল শকুনি-নামে এক মহাসুর।
বৃক-নামে তা'র পুত্র দুরন্ত, নিষ্ঠুর॥
নারদে দেখিয়া পথে পুছিল বিনয়ে।
'অল্পগুণে শীঘ্র তুষ্ট কোন্ দেব হয়ে?'
১৫ নারদ কহিলা,—'তুমি শঙ্কর আরাধ'।
শিব সন্তোষিয়া তুমি সর্ব্বসিদ্ধি সাধ'॥
অল্প গুণে, অল্প দোষে, অতি-অল্পকালে।
তুষ্ট-রুষ্ট হয় শিব, বিচার না করে'॥
১৬ দশগ্রীব, বাণরাজা ভজিল কপটে।
অতুল ঐশ্বর্য্য দিয়া পড়িলা সঙ্কটে॥'

১৭। ইত্যাদিষ্টস্তমসুর উপাধাবৎ স্বগাত্রতঃ। কেদার আত্মক্রব্যেণ জুহ্বানোঽগ্নিমুখং হরম্ ॥
১৮। দেবোপলব্ধিমপ্রাপ্য নির্ব্বেদাৎ সপ্তমেঽহনি। শিরোঽবৃশ্চৎ স্বধিতিনা তত্তীর্থক্লিন্নমূর্দ্ধজম্ ॥
১৯। তদা মহাকারুণিকঃ স ধূর্জ্জটি,-র্যথা বয়ঞ্চাগ্নিরিবোত্থিতোঽনলাৎ।
নিগৃহ্য দোর্ভ্যাং ভুজয়োর্ন্যবারয়ৎ, তৎস্পর্শনাভূয় উপস্কৃতাকৃতিঃ ॥
২০। তমাহ চাঙ্গালমলং বৃণীষ্ব মে, যথাভিকামং বিতরামি তে বরম্।
প্রীয়েয় তোয়েন নৃণাং প্রপদ্যতা,-মহো ত্বয়াত্মা ভৃশমর্দ্দ্যতে বৃথা ॥
২১। দেবং স বব্রে পাপীয়ান্ বরং ভূতভয়াবহম্। যস্য যস্য করং শীর্ষ্ণি ধাস্যে স ম্রিয়তামিতি ॥
২২। তচ্ছ্রুত্বা ভগবান্ রুদ্রো দুর্ম্মনা ইব ভারত! ওমিতি প্রহসংস্তস্মৈ দদেঽহেরমৃতং যথা ॥
২৩। ইত্যুক্তঃ সোঽসুরো নূনং গৌরীহরণলালসঃ। স তদ্বরপরীক্ষার্থং শম্ভোর্মূর্দ্ধ্নি কিলাসুরঃ।
স্বহস্তং ধাতুমারেভে সোঽবিভ্যৎ স্বকৃতাচ্ছিবঃ ॥
২৪। তেনোপস্পৃষ্টঃ সন্ত্রস্তঃ পরাধাবৎ সবেপথুঃ। যাবদন্তং দিবো ভূমেঃ কাষ্ঠানামুদগাদুদক্ ॥
২৫। অজানন্তঃ প্রতিবিধিং তূষ্ণীমাসন্ সুরেশ্বরাঃ। ততো বৈকুণ্ঠমগমদ্ভাস্বরং তমসঃ পরম্ ॥
২৬। যত্র নারায়ণঃ সাক্ষান্ন্যাসিনাং পরমা গতিঃ। শান্তানাং ন্যস্তদণ্ডানাং যতো নাবর্ত্ততে গতঃ ॥
২৭। তং তথা ব্যসনং দৃষ্ট্বা ভগবান্ বৃজিনার্দ্দনঃ। দূরাৎ প্রত্যুদিয়াদ্ভূত্বা বটুকো যোগমায়য়া ॥
২৮। মেখলাজিনদণ্ডাক্ষৈস্তেজসাগ্নিরিব জ্বলন্। অভিবাদয়ামাস চ তং কুশপাণিবিনীতবৎ ॥

---

১৭ এ-বোল শুনিঞা বৃক হরষিত-মনে।
ত্বরিতে চলিল দৈত্য শিব-আরাধনে ॥
কাটিয়া অঙ্গের মাংস মাখিয়া রুধিরে।
নিরবধি পোড়ে দৈত্য জ্বলন্ত-অনলে ॥
১৮ সাতদিনে না পাঞা শঙ্কর-দরশন।
খড়্গে শির কাটিতে তুলিল তৎক্ষণ ॥
১৯-২০ মহাকারুণিক শিব উঠিয়া সম্ভ্রমে।
হাতে হাত ধরিয়া রাখিলা সেইক্ষণে ॥
শিব-পরশনে হৈল—সর্ব্বাঙ্গ সুন্দর।
'বর মাগ' বলিয়া বলিলা মহেশ্বর ॥
'তুষ্ট হইলাঙ আমি, কেনে বৃথা দুঃখ কর'?
সেই সেই বর দিব, যত নিতে পার ॥'
২১ তবে বর মাগে বৃক পাপী, দুরাচারে।
'যা'র মাথে হাত দেঙ, সেই যেন মরে' ॥
২২ এ-বোল শুনিঞা শিব দুঃখিত অন্তরে।
বর দিঞা বৃক সন্তোষিলা মহেশ্বরে ॥
২৩ উঠিয়া কি বোলে দৈত্য,—'শুন, ভূতনাথ!
বুঝিব তোমার মাথে দিয়া নিজ হাথ ॥
পরীক্ষা করিয়া তবে চলিব হেথা-হনে।'
এ-বোল শুনিঞা শিব ভয় পাইলা মনে ॥
তরাসে পলায় শিব, কম্পিত শরীর।
২৪ শঙ্করে খেদিঞা লঞা যায় মহাবীর ॥
যতেক পৃথিবী-তল, আকাশমণ্ডল।
দশ দিগ্, নদ-নদী, পর্ব্বত, সাগর ॥
সুরলোক, নাগলোক, সপত-পাতাল।
পলায় শঙ্করদেব, না পায় নিস্তার ॥
২৫-২৬ তত্ত্ব না জানিয়া লোক রহে নিঃশবদে।
পলায় শঙ্করদেব পড়িয়া প্রমাদে ॥
তবে শিব বৈকুণ্ঠে চলিলা ত্বরান্বরি।
যথা নারায়ণ-দেব সাক্ষাতে শ্রীহরি ॥
শান্ত, দান্ত, ন্যস্তদণ্ড, ভাগবত-পতি।
অশেষ-করুণাসিন্ধু, ত্রিভুবন-গতি ॥
২৭ শঙ্করে বিহ্বল দেখি' প্রভু দয়াশীল।
দ্বিজবটু-বেশ ধরে, সুন্দর শরীর ॥
২৮ দণ্ড-কমণ্ডলু ধরে, অজিন-মেখলা।
জ্বলন্ত অনল যেন পরে' অক্ষমালা ॥

শ্রীভগবানুবাচ

২৯। শাকুনেয়! ভবান্ ব্যক্তং শ্রান্তঃ কিং দূরমাগতঃ?
ক্ষণং বিশ্রম্যতাং পুংস আত্মায়ং সর্ব্বকামধুক্॥
৩০। যদি নঃ শ্রবণায়ালং যুষ্মদ্ব্যবসিতং বিভো! ভণ্যতাং প্রায়শঃ পুম্ভির্ধৃতৈঃ স্বার্থান্ সমীহতে॥

শ্রীশুক উবাচ

৩১। এবং ভগবতা পৃষ্টো বচসামৃতবর্ষিণা। গতক্লমোঽব্রবীত্তস্মৈ যথাপূর্ব্বমনুষ্ঠিতম্॥

শ্রীভগবানুবাচ

৩২। এবং চেত্তর্হি তদ্বাক্যং ন বয়ং শ্রদ্দধীমহি। যো দক্ষশাপাৎ পৈশাচ্যং প্রাপ্তঃ প্রেতপিশাচরাট্॥
৩৩। যদি বস্তত্র বিশ্রম্ভো দানবেন্দ্র! জগদ্গুরৌ। তর্হ্যঙ্গাশু স্বশিরসি হস্তং ন্যস্য প্রতীয়তাম্॥
৩৪। যদ্যসত্যং বচঃ শম্ভোঃ কথঞ্চিদ্দানবর্ষভ! তদৈনং জহ্যসদ্বাচং ন যদ্বক্তানৃতং পুনঃ॥
৩৫। ইত্থং ভগবতশ্চিত্রৈর্বচোভিঃ স সুপেশলৈঃ। ভিন্নধীর্বিস্মৃতঃ শীর্ষ্ণি স্বহস্তং কুমতির্ন্যধাৎ॥
৩৬। অথাপতদ্ভিন্নশিরা বজ্রাহত ইব ক্ষণাৎ। জয়শব্দো নমঃশব্দঃ সাধুশব্দোঽভবদ্দিবি॥
৩৭। মুমুচুঃ পুষ্পবর্ষাণি হতে পাপে বৃকাসুরে। দেবর্ষিপিতৃগন্ধর্ব্বা মোচিতঃ সঙ্কটাচ্ছিবঃ॥
৩৮। মুক্তং গিরিশমভ্যাহ ভগবান্ পুরুষোত্তমঃ।
অহো দেব! মহাদেব! পাপোঽয়ং স্বেন পাপ্মনা॥
৩৯। হতঃ কো নু মহৎস্বীশ! জন্তুর্বৈ কৃতকিল্বিষঃ।
ক্ষেমী স্যাৎ কিমু বিশ্বেশে কৃতাগস্কো জগদ্গুরৌ?

আগুবাড়ি' কৈলা গিয়া অসুর-সম্ভাষা।
বিনয়-বচনে কৈলা কুশল-জিজ্ঞাসা॥
২৯ 'কহ কহ, বৃকাসুর! খেদ পরিহর'।
কি কাজ তোমার, কেন বিশ্রাম না কর'?
৩০ কি কাজ, কোথাতে যাহ, কহ ত' অসুর?
দুর্গ বিলঙ্ঘিয়া কেনে আইলে এতদূর?'
৩১ কৃষ্ণের অমৃতময় শুনিঞা বচন।
কহিল সকল কথা শকুনি-নন্দন॥
৩২ তবে কৃষ্ণ বলে',—'বৃক! না করিলে ভাল।
শিবের বচনে আছে প্রতীত কাহার?
যে শিব দক্ষের শাপে প্রেতবেশ ধরে।
ভূত-প্রেত-সঙ্গে করি' শ্মশানে বিহরে॥
৩৩ যদি তা'র বাক্যে থাকে প্রতীতি তোমার।
শিরে হাত দিয়া দেখি' বুঝ আপনার॥
৩৪ অসত্য বচন যদি শঙ্করের হয়।
তবে তুমি মারিহ শঙ্কর দুরাশয়॥
পুনরপি আর যেন অসত্য না বোলে।
ঈশ্বর সেবকে যেন এমত না ভাঁড়ে॥'
৩৫ কৃষ্ণের অমৃত-বাণী, মধুর-ভাষণে।
ভরমে বিচার করি' না বুঝিল মনে॥
আপনার মাথে তুলি' দিল নিজ হাত।
৩৬-৩৭ ভস্ম হৈল বৃক, যেন হৈল বজ্রপাত॥
'নমো নমো, জয় জয়'-শবদ গগনে।
'সাধু সাধু'-শব্দ হৈল, পুষ্প-বরিষণে॥
দেব, ঋষি, পিতৃগণ, গন্ধর্ব্ব, কিন্নর।
বাজন-নাচন কৈল, বিবিধ মঙ্গল॥
৩৮-৩৯ পুরুষ-পুরাণ হরি, গুণের নিধান।
পুনরপি আসিয়া শিবের সন্নিধান॥
'শুন শুন, মহাদেব! দেখিলে নয়নে।
আপনার পাপে পাপী মজিল আপনে॥
মহাজনে পাপ করি' কে তরিতে পারে?
বিশেষে জগদ্গুরু তুমি মহেশ্বরে॥'

৪০। য এবমব্যাকৃতশক্ত্যুদন্বতঃ, পরস্য সাক্ষাৎ পরমাত্মনো হরেঃ।
গিরিত্রমোক্ষং কথয়েচ্ছৃণোতি বা, বিমুচ্যতে সংসৃতিভিস্তথারিভিঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীরুদ্রমোক্ষণং নামাষ্টাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৮॥

৪০ অমোঘ-বিহার হরি, অনন্ত শকতি।
অশেষ-করুণানিধি, সুরগণ-পতি॥
শিবের সঙ্কট হরি কৈলা পরিত্রাণ।
যেবা কহে, যেবা শুনে এ পুণ্য আখ্যান॥
সর্ব্বপাপ হরে' তা'র, ভব-বিমোচন।
রিপুক্ষয়, মিত্রজয়, বৈকুণ্ঠে গমন॥"
জান গুরু-গদাধর ধীরশিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮৮॥

একোননবতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। সরস্বত্যাস্তটে রাজন্! ঋষয়ঃ সত্রমাসত। বিতর্কঃ সমভূত্তেষাং ত্রিষ্বধীশেষু কো মহান্?
২। তস্য জিজ্ঞাসয়া তে বৈ ভৃগুং ব্রহ্মসুতং নৃপ!
তজ্ঞপ্ত্যৈ প্রেষয়ামাসুঃ সোঽভ্যগাদ্ব্রহ্মণঃ সভাম্॥
৩। ন তস্মৈ প্রহ্বণং স্তোত্রং চক্রে সত্ত্বপরীক্ষয়া। তস্মৈ চুক্রোধ ভগবান্ প্রজ্বলন্ স্বেন তেজসা॥
৪। স আত্মন্যুত্থিতং মন্যুমাত্মজায়াত্মনা প্রভুঃ। অশীশমদ্যথা বহ্নিং স্বযোন্যা বারিণাত্মভূঃ॥
৫। ততঃ কৈলাসমগমৎ স তং দেবো মহেশ্বরঃ। পরিরব্ধুং সমারেভ উত্থায় ভ্রাতরং মুদা॥
৬। নৈচ্ছত্ত্বমস্ত্যুৎপথগ ইতি দেবশ্চুকোপ হ। শূলমুদ্যম্য তং হন্তুমারেভে তিগ্মলোচনঃ॥

[মল্লার-রাগ]

১ শুকমুনি বোলে,—"রাজা! কর' অবধান।
অদভুত কথা কহি তোমা'-বিদ্যমান॥
সরস্বতী-নদীতীরে পুণ্য তপোবন।
মহা-যজ্ঞ করে' তথা মহা-মুনিগণ॥
বিতর্ক উঠিল তথা মুনির সমাজে।
'কে বড় ঈশ্বর, তিন ঈশ্বরের মাঝে?'
২ জিজ্ঞাসা করিতে ভৃগু—ব্রহ্মার কুমার।
পাঠাঞা দিলেন তাঁ'রা, তত্ত্ব জানিবার॥
সত্যলোকে গেলা ভৃগু ব্রহ্মার সদনে।
দাণ্ডাঞা রহিলা গিয়া ব্রহ্মা-বিদ্যমানে॥
৩ প্রণাম-স্তবন ভৃগু না কৈলা কপটে।
পরীক্ষা করিতে গিয়া রহিলা নিকটে॥
ক্রুদ্ধ হৈলা ব্রহ্মা—যেন জ্বলন্ত অনল।
৪ পাছে ক্রোধ সম্বরিলা মনের ভিতর॥
পুত্র দেখি' কৈলা ব্রহ্মা চিত্ত সমাধান।
৫ তবে ভৃগুমুনি গেলা শিব-বিদ্যমান॥
কৈলাস-পর্ব্বতে গিয়া দেখিলা শঙ্কর।
ভৃগু দেখি' শিবদেব উঠিলা সত্বর॥
ভুজযুগে ধরি' হর দিলা আলিঙ্গন।
৬ বুঝিয়া উত্তর দিলা ভৃগু তপোধন॥
'উনমতবেশ, শিব জটা-ভস্ম ধরে।
তা'র সহ কোলাকুলি কে করিতে পারে?'
ক্রোধ কৈলা শিবদেব, ঘূর্ণিত-লোচন।
তুলিলা ত্রিশূল—যেন দীপ্ত-হুতাশন॥

৭। পতিত্বা পাদয়োর্দেবী সান্ত্বয়ামাস তং গিরা। অথো জগাম বৈকুণ্ঠং যত্র দেবো জনার্দ্দনঃ॥
৮। শয়ানং শ্রিয় উৎসঙ্গে পদা বক্ষস্যতাড়য়ৎ। তত উত্থায় ভগবান্ সহ লক্ষ্ম্যা সতাং গতিঃ॥
৯। স্বতল্পাদবরুহ্যাথ ননাম শিরসা মুনিম্। আহ তে স্বাগতং ব্রহ্মন্! নিষীদাত্রাসনে ক্ষণম্।
অজানতামাগতান্ বঃ ক্ষন্তুমর্হথ নঃ প্রভো!
১০। পুনীহি সহলোকং মাং লোকপালাংশ্চ মদ্গতান্। পাদোদকেন ভবতস্তীর্থানাং তীর্থকারিণা॥
১১। অদ্যাহং ভগবন্! লক্ষ্ম্যা আসমেকান্তভাজনম্। বৎস্যত্যুরসি মে ভূতির্ভবৎপাদহতাংহসঃ॥

শ্রীশুক উবাচ

১২। এবং ব্রুবাণে বৈকুণ্ঠে ভৃগুস্তন্মন্দয়া গিরা। নির্ব্বৃতস্তর্পিতস্তূষ্ণীং ভক্ত্যুৎকণ্ঠোঽশ্রুলোচনঃ॥
১৩। পুনশ্চ সত্রমাব্রজ্য মুনীনাং ব্রহ্মবাদিনাম্। স্বানুভূতমশেষেণ রাজন্! ভৃগুরবর্ণয়ৎ॥
১৪। তন্নিশম্যাথ মুনয়ো বিস্মিতা মুক্তসংশয়াঃ। ভূয়াংসং শ্রদ্দধুর্বিষ্ণুং যতঃ শান্তির্যতোঽভয়ম্॥
১৫। ধর্ম্মঃ সাক্ষাদ্যতো জ্ঞানং বৈরাগ্যঞ্চ তদন্বিতম্। ঐশ্বর্য্যঞ্চাষ্টধা যস্মাদ্যশশ্চাত্মমলাপহম্॥
১৬। মুনীনাং ন্যস্তদণ্ডানাং শান্তানাং সমচেতসাম্। অকিঞ্চনানাং সাধূনাং যমাহুঃ পরমাং গতিম্॥
১৭। সত্ত্বং যস্য প্রিয়া মূর্ত্তির্ব্রাহ্মণাস্ত্বিষ্টদেবতাঃ। ভজন্ত্যনাশিষঃ শান্তা যং বা নিপুণবুদ্ধয়ঃ॥

শ্রীশুক উবাচ

১৯। ইত্থং সারস্বতা বিপ্রা নৃণাং সংশয়নুত্তয়ে। পুরুষস্য পদাম্ভোজ-সেবয়া তদ্গতিং গতাঃ॥

---

৭ চরণে ধরিয়া দেবী রাখিলা পার্ব্বতী।
বৈকুণ্ঠে চলিয়া ভৃগু গেলা শীঘ্রগতি॥

৮ লক্ষ্মী-সহে প্রভু যথা দেব-জনার্দ্দন।
মণি-সিংহাসনে আছে করিয়া শয়ন॥
তথা গিয়া উত্তরিলা ভৃগু মহামতি।
মারিলা প্রভুর বুকে দৃঢ় এক লাথি॥
সত্বরে উঠিয়া তবে লক্ষ্মী-নারায়ণ।
৯ শিরে ধরি' দোঁহে কৈলা চরণ-বন্দন॥
স্বাগত-বচনে হরি বসাঞা আসনে।
চরণে ধরিয়া বোলে বিনয়-বচনে॥
'না জানিয়া কৈলুঁ দোষ, ক্ষম' একবার।
১০ পদজল দিয়া কর' এ-লোক উদ্ধার॥
পুণ্যতীর্থ তীর্থ করে' বিপ্রপদ-জল।
হেন জল ধরি আজি শিরের উপর॥

১১ তোমার চরণ-চিহ্ন বক্ষঃস্থলে ধরি'।
আজি সে বৈকুণ্ঠ-পদে আমি অধিকারী॥
একান্ত-সম্পদ্-পাত্র হৈলুঁ ত্রিভুবনে।
সর্ব্বলোকপূজ্য, বন্দ্য হৈলুঁ আজি-হনে॥'

১২ প্রভুর বচন শুনি' ভৃগু যোগেশ্বর।
নিঃশব্দে গেলা, কিছু না দিলা উত্তর॥

১৩ পুনরপি গেলা ভৃগু যথা মুনিগণ।
আদি-হনে কহিলা সকল বিবরণ॥

১৪ ভৃগুর বচন শুনি' ভাবিলা বিস্ময়।
তুষ্ট হৈলা মুনিগণ, খণ্ডিল সংশয়॥
'হরি সে সবার প্রভু, সবার প্রধান।
১৫ শান্তি দিয়া ধর্ম্ম, যা'থে নিরমল জ্ঞান॥
চতুর্বিধ বৈরাগ্য, ঐশ্বর্য্য, অষ্টনিধি।
সর্ব্বশক্তি বৈসে যথা যশ নিরবধি॥
১৬ ন্যস্তদণ্ড, শান্ত-দান্ত, মুনি, অকিঞ্চন।
সমচিত্ত, সর্ব্বহিতরত সাধুজন॥
এ-সবের গতি-পতি, সভার আশ্রয়।
১৭ ইষ্টদেব বিপ্র যাঁ'র শুদ্ধসত্ত্বময়॥
অকিঞ্চন-প্রিয়ধন, দেবের দেবতা।
অশেষ-সম্পদ্‌পদ, বিধির বিধাতা॥'
১৯ এতেক বচন বলি' মহামুনিগণ।
ভকতি করিয়া কৈলা কৃষ্ণ-আরাধন॥

শ্রীসূত উবাচ

২০। ইত্যেতন্মুনিতনয়াস্য-পদ্মগন্ধ,-পীযূষং ভবভয়ভিৎ পরস্য পুংসঃ।
সুশ্লোকং শ্রবণপুটৈঃ পিবত্যভীক্ষ্ণং, পান্থোঽধ্বভ্রমণ-পরিশ্রমং জহাতি॥

শ্রীশুক উবাচ

২১। একদা দ্বারবত্যাস্তু বিপ্রপত্ন্যাঃ কুমারকঃ। জাতমাত্রো ভুবং স্পৃষ্ট্বা মমার কিল ভারত!
২২। বিপ্রো গৃহীত্বা মৃতকং রাজদ্বাম্যুপধায় সঃ। ইদং প্রোবাচ বিলপন্নাতুরো দীনমানসঃ॥
২৩। ব্রহ্মদ্বিষঃ শঠধিয়ো লুব্ধস্য বিষয়াত্মনঃ। ক্ষত্রবন্ধোঃ কর্ম্মদোষাৎ পঞ্চত্বং মে গতোঽর্ভকঃ॥
২৪। হিংসাবিহারং নৃপতিং দুঃশীলমজিতেন্দ্রিয়ম্। প্রজা ভজন্ত্যঃ সীদন্তি দরিদ্রা নিত্যদুঃখিতাঃ॥
২৫। এবং দ্বিতীয়ং বিপ্রর্ষিস্তৃতীয়ন্ত্বেবমেব চ। বিসৃজ্য স নৃপদ্বারি তাং গাথাং সমগায়ত॥
২৬। তামর্জ্জুন উপশ্রুত্য কর্হিচিৎ কেশবান্তিকে। পরেতে নবমে বালে ব্রাহ্মণং সমভাষত॥
২৭। কিংস্বিদ্ব্রহ্মংস্তবাস্মাসে ইহ নাস্তি ধনুর্দ্ধরঃ। রাজন্যবন্ধুরেতে বৈ ব্রাহ্মণাঃ সত্র আসতে॥
২৮। ধনদারাত্মজাপৃক্তা যত্র শোচন্তি ব্রাহ্মণাঃ। তে বৈ রাজন্যবেষেণ নটা জীবন্ত্যসুম্ভরাঃ॥
২৯। অহং প্রজা বাং ভগবন্! রক্ষিষ্যে দীনয়োরিহ।
অনিস্তীর্ণ-প্রতিজ্ঞোঽগ্নিং প্রবেক্ষ্যে হতকল্মষঃ॥

কৃষ্ণপদ আরাধিয়া হৈলা কৃষ্ণময়।
কহিল তোমারে, রাজা! ঈশ্বর-নির্ণয়॥”

২০ ব্যাসসুত-মুখ-সরোরুহ-বিগলিত।
হরিকথা-সমুদিত-বচন-অমৃত॥
নিরবধি পান করে' শ্রবণ-বিবরে।
গতাগতশ্রম তা'র তদবধি হরে'॥

২১ “আর এক কথা, শুন, রাজা পরীক্ষিত!
দ্বারকানাথের ধন্য অদ্ভুত চরিত॥
একদিন দ্বারকাতে ব্রাহ্মণের ঘরে।
জনমিঞা-মাত্র পুত্র মৈল সেইকালে॥

২২ মরা-পুত্র লঞা গেল রাজার দুয়ারে।
বিলাপ করিয়া বিপ্র কান্দে উচ্চ-স্বরে॥

২৩ ‘ব্রহ্মঘাতী, শঠমতি, লোভী, দুরাচার।
হেন পাপী দ্বারকামণ্ডলে মহীপাল॥
তা'র কর্ম্মদোষে মোর পুত্র মরি' যায়।
২৪ দুষ্ট রাজা ভজিয়া প্রজায় দুঃখ পায়॥
হিংসক, দুঃশীল রাজা হৈল এনা দেশে।
জনমিয়া পুত্র মোর মৈল তা'র দোষে॥’

২৫ এইরূপে করি' বিপ্র করুণ-রোদন।
পুনরপি ঘরে গিয়া রহিল ব্রাহ্মণ॥
দুই, তিন, চার, পাঁচ জন্মিল কুমার।
জনমিয়া-মাত্র পুত্র মরে বারে বার॥

২৬ নয়পুত্র মৈল যদি এই পরকারে।
পুত্র লঞা গেল বিপ্র রাজার দুয়ারে॥
উচ্চস্বরে কান্দে বিপ্র বিলাপ করিয়া।
অর্জ্জুন আসিয়া বোলে বিপ্র সম্ভাষিয়া॥

২৭ ‘কেন, বিপ্র! কান্দিছ রাজার অধিকারে?
কেহো কি তোমার পুত্রে রাখিতে না পারে?
কেহো কি ইহাতে বীর নাহি ধনুর্দ্ধর?
এ-সব ক্ষত্রিয় নহে, দ্বিজ-কলেবর॥

২৮ ব্রাহ্মণে করয়ে শোক যে রাজার দেশে।
সে-সব নাটুয়া-মাত্র জীয়ে ক্ষত্রিবেশে॥

২৯ আমি পুত্র আনি' দিব, ব্রাহ্মণ! তোমার।
প্রতিজ্ঞা করিয়া আমি কৈলুঁ অঙ্গীকার॥
যদি পুত্র আনিতে না পারি বিদ্যমানে।
তবে আমি প্রবেশিব দীপ্ত-হুতাশনে॥’

শ্রীব্রাহ্মণ উবাচ

৩০। সঙ্কর্ষণো বাসুদেবঃ প্রদ্যুম্নো ধন্বিনাং বরঃ। অনিরুদ্ধোঽপ্রতিরথো ন ত্রাতুং শক্নুবন্তি যৎ॥
৩১। তৎ কথং নু ভবান্ কর্ম্ম দুষ্করং জগদীশ্বরৈঃ। ত্বং চিকীর্ষসি বালিশ্যাত্তন্ন শ্রদ্দধ্মহে বয়ম্॥

শ্রীঅর্জ্জুন উবাচ

৩২। নাহং সঙ্কর্ষণো ব্রহ্মন্! ন কৃষ্ণঃ কাষ্ণিরেব চ। অহং বা অর্জ্জুনো নাম গাণ্ডীবং যস্য বৈ ধনুঃ॥
৩৩। মাবমংস্থা মম ব্রহ্মন্! বীর্য্যং ত্র্যম্বকতোষণম্। মৃত্যুং বিজিত্য প্রধনে আনেষ্যে তে প্রজাঃ প্রভো!
৩৪। এবং বিশ্রম্ভিতো বিপ্রঃ ফাল্গুনেন পরন্তপ! জগাম স্বগৃহং প্রীতঃ পার্থবীর্য্যং নিশাময়ন্॥
৩৫। প্রসূতিকাল আসন্নে ভার্য্যায়া দ্বিজসত্তমঃ। পাহি পাহি প্রজাং মৃত্যোরিত্যাহার্জ্জুনমাতুরঃ॥
৩৬। স উপস্পৃশ্য শুচ্যম্ভো নমস্কৃত্য মহেশ্বরম্। দিব্যান্যস্ত্রাণি সংস্মৃত্য সজ্যং গাণ্ডীবমাদদে॥
৩৭। ন্যরুণৎ সূতিকাগারং শরৈর্নানাস্ত্রযোজিতৈঃ। তির্য্যগূর্দ্ধমধঃ পার্থশ্চকার শরপঞ্জরম্॥
৩৮। ততঃ কুমারঃ সঞ্জাতো বিপ্রপত্ন্যা রুদন্ মুহুঃ। সদ্যোঽদর্শনমাপেদে সশরীরো বিহায়সা॥
৩৯। তদাহ বিপ্রো বিজয়ং বিনিন্দন্ কৃষ্ণসন্নিধৌ। মৌঢ্যং পশ্যত মে যোঽহং শ্রদ্দধে ক্লীবকত্থনম্॥
৪০। ন প্রদ্যুম্নো নানিরুদ্ধো ন রামো ন চ কেশবঃ। যস্য শেকুঃ পরিত্রাতুং কোঽন্যস্তদবিতেশ্বরঃ?
৪১। ধিগর্জ্জুনং মৃষাবাদং ধিগাত্মশ্লাঘিনো ধনুঃ। দৈবোপসৃষ্টং যো মৌঢ্যাদানিনীষতি দুর্ম্মতিঃ॥

---

৩০ অর্জ্জুনের এত বাণী শুনিয়া শ্রবণে।
প্রতীত না গেল বিপ্র, এ-সব বচনে॥
'আপনে সাক্ষাতে যা'থে কৃষ্ণ-বলরাম।
প্রদ্যুম্ন সাক্ষাতে, অনিরুদ্ধ বলবান্॥
৩১ এ-সবে যে কর্ম্ম না পারিল সাধিবার।
সে কর্ম্ম করিতে আছে শকতি কাহার?
কহিলে, অর্জ্জুন! তুমি সব অগেয়ানে।
প্রতীত না যাই আমি এ-সব বচনে॥'
৩২ বিপ্রের বচন শুনি' বলে' ধনঞ্জয়।
'আমার বচনে, বিপ্র! না কর' সংশয়॥
প্রদ্যুম্ন না হই আমি, নহি কৃষ্ণ-রাম।
অনিরুদ্ধ নহি আমি, অর্জ্জুন বলবান্॥
গাণ্ডীব আমার ধনু, ধরি মহাবল।
৩৩ সমর করিয়া আমি তুষিলুঁ শঙ্কর॥
যম জিনি' আনি' দিব তোমার তনয়।
ঘরে চল', বিপ্র! তুমি না কর' বিস্ময়॥'
৩৪ অর্জ্জুনের বচন শুনিঞা দ্বিজবর।
প্রত্যয় মানিঞা চিত্তে গেল নিজ-ঘর॥
৩৫ কথোদিন রহি' তবে বিপ্রের ব্রাহ্মণী।
অপত্য প্রসব হৈব, হেন কাল জানি'॥
অর্জ্জুনের ঠাঞি বিপ্র গেলা ত্বরাত্বরি।
'রক্ষ রক্ষ, মহাবীর! চল শীঘ্র করি'॥'
৩৬ শুনিঞা চলিলা বীর পাণ্ডুর নন্দন।
কর-পদ পাখালিয়া কৈলা আচমন॥
শিবদেব-চরণে করিয়া নমস্কার।
আকর্ণ পূরিয়া দিলা ধনুকে টঙ্কার॥
৩৭ সূতিঘরে কৈলা বীর শর-বরিষণ।
চৌদিকে রুধিলা ঘর কুন্তীর নন্দন॥
রুধিলা সূতিকাঘর শরের পঞ্জরে।
৩৮ ব্রাহ্মণী-প্রসব হৈল হেন অবসরে॥
ভূমিতে পড়িয়া-মাত্র ব্রাহ্মণ-কুমার।
সশরীরে অন্তরীক্ষ হইল তৎকাল॥
৩৯ বিপ্র বলে,'—'দেখ, মোর মতি বিপরীত।
নপুংসক অর্জ্জুনের বচনে প্রতীত!
৪০ আপনে শ্রীহরি যা'থে, প্রভু বলরাম।
অনিরুদ্ধ, প্রদ্যুম্ন যাহাতে বিদ্যমান॥
যে কর্ম্ম করিতে নহে এ-সব ভাজন।
কে হয় অর্জ্জুন তা'থে কুন্তীর নন্দন?
৪১ ধিক্ ধিক্ ধনু তোর, ধিক্ ধিক্ বল!
নপুংসক হৈয়া তোর গর্ব্ব এত বড়!

৪২। এবং শপতি বিপ্রর্ষৌ বিদ্যামাস্থায় ফাল্গুনঃ। যযৌ সংযমনীমাশু যত্রাস্তে ভগবান্ যমঃ॥
৪৩। বিপ্রাপত্যমচক্ষাণস্ততঐন্দ্রীমগাৎ পুরীম্। আগ্নেয়ীং নৈর্ঋতীং সৌম্যাং বায়ব্যাং বারুণীমথ।
রসাতলং নাকপৃষ্ঠং ধিষ্ণ্যান্যন্যান্যুদায়ুধঃ॥
৪৪। ততোঽলব্ধদ্বিজসুতো হ্যনির্ত্তীর্ণপ্রতিশ্রুতঃ। অগ্নিং বিবক্ষুঃ কৃষ্ণেন প্রত্যুক্তঃ প্রতিষেধতা॥
৪৫। দর্শয়ে দ্বিজসূনূংস্তে মাবজ্ঞাত্মানমাত্মনা। যে তে নঃ কীর্ত্তিং বিমলাং মনুষ্যাঃ স্থাপয়িষ্যন্তি॥
৪৬। ইতি সম্ভাষ্য ভগবানর্জ্জুনেন সহেশ্বরঃ। দিব্যং স্বরথমাস্থায় প্রতীচীং দিশমাবিশৎ॥
৪৭। সপ্তদ্বীপান্ সসিন্ধূংশ্চ সপ্তসপ্তগিরীনথ। লোকালোকং তথাতীত্য বিবেশ সুমহত্তমঃ॥
৪৮। তত্রাশ্বাঃ শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকাঃ। তমসি ভ্রষ্টগতয়ো বভূবুর্ভরতর্ষভ!
৪৯। তান্ দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণো মহাযোগেশ্বরেশ্বরঃ। সহস্রাদিত্যসঙ্কাশং স্বচক্রং প্রাহিণোৎ পুরঃ॥

৫০। তমঃ সুঘোরং গহনং কৃতং মহদ্,-বিদারয়দ্ভুরিতরেণ রোচিষা।
মনোজবং নির্বিবিশে সুদর্শনং, গুণচ্যুতো রামশরো যথা চমূঃ॥

৫১। দ্বারেণ চক্রানুপথেন তত্তমঃ,-পরং পরং জ্যোতিরনন্তপারম্।
সমশ্নুবানং প্রসমীক্ষ্য ফাল্গুনঃ, প্রতাড়িতাক্ষোঽপি দধেঽক্ষিণী উভে॥

আরে রে অর্জ্জুন! তুঞি হেন সে দুর্ম্মতি!
দৈব-নিয়োজিত কাজে করিস্ শকতি?'
৪২ এইরূপে গালি দিতে ব্রাহ্মণ রহিল।
মনে দুঃখ পাঞা তবে অর্জ্জুন চলিল॥
কামগতি মহাবিদ্যা অবলম্ব করি'।
ত্বরিতে চলিলা বীর সংযমনী-পুরী॥
৪৩ যমপুরী সংযমনী করিয়া প্রবেশ।
চাহিতে চাহিতে বীর না পায় উদ্দেশ॥
তবে ইন্দ্রপুরী গেলা, তবে অগ্নিপুরী।
তবে মৃত্যুপুরী গিয়া চাহিলা বিচারি'॥
বরুণের পুরী চাহি', পবনের পুরী।
তবে বিচারিলা গিয়া কুবেরনগরী॥
শিবপুরী বিচারিয়া পশিলা পাতালে।
সপ্ত-পাতাল চাহি' উঠিলা সত্বরে॥
তবে স্বর্গ বিচারিলা, চাহিলা সকল।
না পাঞা ব্রাহ্মণ-সুত দুঃখিত অন্তর॥
৪৪ দ্বারকা-ভুবনে বীর আইলা বাহুড়িয়া।
কুণ্ড করি' আগুনি জ্বালিলা কাষ্ঠ দিয়া॥
প্রবেশ করিব গিয়া দীপ্ত-হুতাশনে।
নিষেধ করিয়া কৃষ্ণ রাখিলা আপনে॥
'না কর', অর্জ্জুন! তুমি আগুনি-প্রবেশ।
বিষাদ না কর' মনে, না ভাবিহ ক্লেশ॥
৪৫ আনিঞা দেখাব আমি ব্রাহ্মণকুমার।
ভুবন ভরিয়া যশ রাখিব তোমার॥'
৪৬ এতেক বচন বলি' শ্রীমধুসূদন।
অর্জ্জুনে তুলিয়া রথে কৈলা আরোহণ॥
চলিলা পশ্চিম-দিগে আকাশমণ্ডলে।
শূন্য পথে যায় হরি রথের উপরে॥
৪৭ সপ্তদ্বীপ তরি' গেলা সপ্ত-সাগর।
সপ্তদ্বীপ, লোকালোক তরিয়া সকল॥
৪৮ মহাতমে প্রবেশিলা, ঘোর অন্ধকার।
না চলে রথের ঘোড়া, না হয়ে সঞ্চার॥
৪৯ নিজ-পাশে মহাচক্র দেখি' ভগবান্।
আজ্ঞা দিলা, চক্র! তুমি হও আগুয়ান॥
৫০ সূর্য্যকোটি-সম চক্র, আগু চলি' যায়।
নিজ-তেজে ঘোর তম কাটিয়া ফেলায়॥
যেন মন-পবন-সঞ্চার তৎকাল।
সেইরূপ চলে চক্র কাটি' অন্ধকার॥
৫১ দুই-পাশে তম কাটি' দুই-ভাগ করে'।
সেই পথে চলে রথ চক্র-অনুসারে॥

৫২। ততঃ প্রবিষ্টঃ সলিলং নভস্বতা, বলীয়সৈজদ্বৃহদূর্ম্মিভূষণম্।
তত্রাদ্ভুতং বৈ ভবনং দ্যুমত্তমং, ভ্রাজন্মণিস্তম্ভ-সহস্রশোভিতম্॥
৫৩। তস্মিন্ মহাভোগমনন্তমদ্ভুতং, সহস্রমূর্দ্ধন্যফণামণিদ্যুভিঃ।
বিভ্রাজমানং দ্বিগুণেক্ষণোল্বণং, সিতাচলাভং শিতিকণ্ঠজিহ্বম্॥
৫৪। দদর্শ তস্ত্বোগসুখাসনং বিভুং, মহানুভাবং পুরুষোত্তমোত্তমম্।
সান্দ্রাম্বুদাভং সুপিশঙ্গবাসসং, প্রসন্নবক্ত্রং রুচিরায়তেক্ষণম্॥
৫৫। মহামণিব্রাতকিরীটকুণ্ডল,-প্রভাপরিক্ষিপ্তসহস্রকুন্তলম্।
প্রলম্বচার্ষ্টভুজং সকৌস্তুভং, শ্রীবৎসলক্ষ্মং বনমালয়াবৃতম্॥
৫৬। সুনন্দ-নন্দপ্রমুখৈঃ স্বপার্ষদৈ,-শ্চক্রাদিভির্মূর্ত্তিধরৈর্নিজায়ুধৈঃ।
পুষ্ট্যা শ্রিয়া কীর্ত্ত্যজয়াখিলর্দ্ধিভি,-র্নিষেব্যমাণং পরমেষ্ঠিনাং পতিম্॥
৫৭। ববন্দ আত্মানমনন্তমচ্যুতো, জিষ্ণুশ্চ তদ্দর্শনজাতসাধ্বসঃ।
তাবাহ ভূমা পরমেষ্ঠিনাং প্রভু,-র্বদ্ধাঞ্জলী সস্মিতমূর্জ্জয়া গিরা॥
৫৮। দ্বিজাত্মজা মে যুবয়োর্দিদৃক্ষুণা, ময়োপনীতা ভুবি ধর্ম্মগুপ্তয়ে।
কলাবতীর্ণাববনের্ভরাসুরান্, হত্বেহ ভূয়স্ত্বরয়েতমন্তি মে॥

তবে মহা জ্যোতির্ম্ময়, প্রকাশ স্বরূপ।
সূর্য্যকোটি-বহ্নিকোটি-নিরূপম রূপ॥
দেখিয়া অর্জ্জুন তবে মুদিলা নয়ন।
রথেতে পড়িয়া বীর হৈলা অচেতন॥

৫২ তিলেকে তরিয়া তেজ গেলা হৃষীকেশ।
অপার-সাগরজলে কৈলা পরবেশ॥
তরঙ্গ-কল্লোল-কোলাহল অতিশয়।
তা'র মাঝে এক পুরী মহামণিময়॥
সূর্য্যকোটি জিনি' মণি-মন্দির উজ্জ্বল।
তা'র মাঝে মণি-সিংহাসন মনোহর॥

৫৩ অনন্ত ধরণীধর, সহস্র-বদন।
ফণিমণি-বিরাজিত, বিলোল-লোচন॥
মৃণাল-ধবল গৌর কলেবর-শোভা।
চন্দ্রকোটি-সুশীতল, সূর্য্যকোটি-আভা॥

৫৪ হেন মহা অনুভাব অনন্ত-শয়নে।
শয়ন করিয়া হরি আছেন আপনে॥
নবঘন-জলধর-শ্যাম-কলেবর।
গণ্ডযুগ-বিলসিত মকরকুণ্ডল॥
প্রফুল্ল-কমলদল-নয়ন বিশাল।
কুঞ্চিত কুন্তল-জাল, বিলোলিত মাল॥

রুচির মধুর হাস, মুদিত বদন।

৫৫ মণিময়-বিলসিত বিবিধ ভূষণ॥
আজানু-পর্য্যন্ত অষ্টভুজ বিরাজিত।
শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা বিলসিত॥

৫৬ নন্দ, সুনন্দ-আদি পারিষদগণে।
চক্র-আদি যত অস্ত্র হৈয়া মূর্ত্তিমানে॥
অষ্টশক্তি মূর্ত্তিমতী হৈয়া অষ্টসিদ্ধি।
অষ্টৈশ্বর্য্য মূর্ত্তি ধরি' সেবে নিরবধি॥

৫৭ এইরূপে দেবদেব দেখি' ভগবান্।
আপনার তরে কৈলা আপনে প্রণাম॥
দাণ্ডাঞা সম্মুখে রহে শিরে কর ধরি'।
অর্জ্জুন সম্ভ্রমে রহে দণ্ডবত করি'॥
তবে দেবদেব সুরপ্রতি-শিরোমণি।
কিঞ্চিত হাসিয়া প্রভু বোলে কোন্ বাণী?

৫৮ 'এই দশ দ্বিজসুত লইয়া চল ঝাটে।
আপনে আনিয়া আমি রাখিলুঁ নিকটে॥
এত কর্ম্ম কৈলুঁ তোমা'-সভা দেখিবারে।
তুমি-সব জনমিলে অংশ-অবতারে॥
অসুর বধিয়া ভার পৃথিবীর হরি'।
আমার নিকটে আসি' রহ শীঘ্র করি'॥

৫৯। পূর্ণকামাবপি যুবাং নরনারায়ণাবৃষী। ধর্ম্মমাচরতাং স্থিত্যৈ ঋষভৌ লোকসংগ্রহম্॥
৬০। ইত্যাদিষ্টৌ ভগবতা তৌ কৃষ্ণৌ পরমেষ্ঠিনা। ওমিত্যানম্য ভূমানমাদায় দ্বিজদারকান্॥
৬১। ন্যবর্ত্তেতাং স্বকং ধাম সম্প্রহৃষ্টৌ যথাগতম্। বিপ্রায় দদতুঃ পুত্রান্ যথারূপং যথাবয়ঃ॥
৬২। নিশাম্য বৈষ্ণবং ধাম পার্থঃ পরমবিস্মিতঃ। যৎকিঞ্চিৎ পৌরুষং পুংসাং মেনে কৃষ্ণানুকম্পিতম্॥
৬৩। ইতীদৃশান্যনেকানি বীর্য্যাণীহ প্রদর্শয়ন্। বুভুজে বিষয়ান্ গ্রাম্যানীজে চাত্যুর্জ্জিতৈর্ম্মখৈঃ॥
৬৪। প্রববর্ষাখিলান্ কামান্ প্রজাসু ব্রাহ্মণাদিষু। যথাকালং তথৈবেন্দ্রো ভগবান্ শ্রৈষ্ঠ্যমাস্থিতঃ॥
৬৫। হত্বা নৃপানধর্ম্মিষ্ঠান্ ঘাতয়িত্বার্জ্জুনাদিভিঃ। অঞ্জসা বর্ত্তয়ামাস ধর্ম্মং ধর্ম্মসুতাদিভিঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে দ্বিজকুমারানয়নং নামৈকোননবতিতমোঽধ্যায়ঃ॥ ৮৯॥

---

৫৯ যদ্যপি সাক্ষাৎ তুমি পূর্ণ ভগবান্।
তথাপি ধরহ নর-নারায়ণ-নাম॥
আকল্প-পর্য্যন্ত তপ বদরিকাশ্রমে।
লোক-পরিত্রাণ-হেতু কর' দুই-জনে॥'
৬০-৬১ এতেক বচন শুনি' শ্রীহরি-অর্জ্জুনে।
প্রণাম করিয়া দেবদেবের চরণে॥
আজ্ঞা শিরে ধরি', দশপুত্র তুলি' রথে।
পুনরপি দ্বারকা চলিলা সেই পথে॥
দশপুত্র লঞা দিলা ব্রাহ্মণ-গোচরে।
অর্জ্জুনে পাঠাঞা প্রভু গেলা নিজ-ঘরে॥
৬২ আশ্চর্য্য দেখিয়া মনে পাইলা বড় ডর।
বিস্ময় ভাবিয়া কিছু না দিলা উত্তর॥
বুঝিলা অর্জ্জুন মনে—'এই সে নিশ্চয়।
কৃষ্ণ-অনুগ্রহ-বিনে কিছুই না হয়॥'
৬৩ এইরূপে নানা-লীলা করয়ে শ্রীহরি।
নানা-যজ্ঞ, নানা-দান নিতি নিতি করি॥
৬৪ জীবমাত্রে দেই প্রভু দিব্য অন্ন-পান।
ব্রাহ্মণ তোষণ করে' দিয়া নানা-দান॥
যথাবিধি, যথাকালে স্বাশ্রম-আচার।
লোক বুঝাইতে করে' এত পরকার॥
কামভোগ করে' হরি জীববৎ হইয়া।
৬৫ বুঝায় সকল লোকে আপনে করিয়া॥
ধর্ম্ম-সংস্থাপন-হেতু করে' এত কর্ম্ম।
অনন্ত মহিমা তাঁ'র, কে বুঝিবে মর্ম্ম?"

ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
নর-নারায়ণ-লীলা প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোননবতিতমোঽধ্যায়ঃ॥ ৮৯॥

নবতিতমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। সুখং স্বপুর্য্যাং নিবসন্ দ্বারকায়াং শ্রিয়ঃ পতিঃ। সর্ব্বসম্পৎসমৃদ্ধায়াং জুষ্টায়াং বৃষ্ণিপুঙ্গবৈঃ॥
২। স্ত্রীভিশ্চোত্তমবেষাভির্নবযৌবনকান্তিভিঃ। কন্দুকাদিভির্হর্ম্ম্যেষু ক্রীড়ন্তীভিস্তড়িদ্দ্যুভিঃ॥

[কেদার-রাগ]

১ এইরূপে বৈসে হরি দ্বারকামণ্ডলে।
অশেষ-সম্পদ্‌ধাম মন্দিরে মন্দিরে॥
বৃষ্ণিগণ, যদুগণ সর্ব্বত্র বেষ্টিত।
২ নবীন-যৌবন নারীগণ বিরাজিত॥

৩। নিত্যং সঙ্কুলমার্গায়াং মদচ্যুদ্ভির্মতঙ্গজৈঃ। স্বলঙ্কৃতৈর্ভটৈরশ্বৈ রথৈশ্চ কনকোজ্জ্বলৈঃ ॥
৪। উদ্যানোপবনাঢ্যায়াং পুষ্পিতদ্রুমরাজিষু। নির্ব্বিশদ্ভৃঙ্গবিহগৈর্নাদিতায়াং সমন্ততঃ ॥
৫। রেমে ষোড়শসাহস্র-পত্নীনামেকবল্লভঃ। তাবদ্বিচিত্ররূপোঽসৌ তদ্গেহেষু মহর্দ্ধিষু ॥
৬। প্রোৎফুল্লোৎপল-কহ্লার-কুমুদাম্ভোজরেণুভিঃ। বাসিতামলতোয়েষু কূজদ্দ্বিজকুলেষু চ ॥
৭। বিজহার বিগাহ্যাম্ভো হ্রদিনীষু মহোদয়ঃ। কুচকুঙ্কুমলিপ্তাঙ্গঃ পরিরব্ধশ্চ যোষিতাম্ ॥
৮। উপগীয়মানো গন্ধর্ব্বৈর্মৃদঙ্গপণবানকান্। বাদয়দ্ভির্মুদা বীণাং সূতমাগধবন্দিভিঃ ॥
৯। সিচ্যমানোঽচ্যুতস্তাভির্হসন্তীভিঃ স্ম রেচকৈঃ। প্রতিসিঞ্চন্ বিচিক্রীড়ে যক্ষীভির্যক্ষরাড়িব ॥

১০। তাঃ ক্লিন্নবস্ত্রবিবৃতোরুকুচপ্রদেশাঃ, সিঞ্চন্ত্য উদ্ধৃতবৃহৎকবরপ্রসূনাঃ।
কান্তং স্ম রেচকজিহীরষয়োপগুহ্য, জাতস্মরোৎস্ময়লসদ্বদনা বিরেজুঃ ॥

১১। কৃষ্ণস্তু তৎস্তনবিষজ্জিতকুঙ্কুমস্রক্,-ক্রীড়াভিষঙ্গ-ধুতকুন্তলবৃন্দবন্ধঃ।
সিঞ্চন্ মুহুর্যুবতিভিঃ প্রতিষিচ্যমানো, রেমে করেণুভিরিবেভপতিঃ পরীতঃ ॥

১২। নটানাং নর্ত্তকীনাঞ্চ গীতবাদ্যোপজীবিনাম্। ক্রীড়ালঙ্কারবাসাংসি কৃষ্ণোঽদাত্তস্য চ স্ত্রিয়ঃ ॥
১৩। কৃষ্ণস্যৈবং বিহরতো গত্যালাপেক্ষিতস্মিতৈঃ। নর্ম্মক্ষ্বেলিপরিষ্বঙ্গৈঃ স্ত্রীণাং কিল হৃতা ধিয়ঃ ॥

ঘরের উপরে ঘর শত শত তালা।
তথা তথা রহি' দিব্য-নারীগণ-খেলা ॥

৩ মদমত্ত গজগণ ঘন-পরকাশ।
রাজপথ, পুরপথ, নাহি অবকাশ ॥

অলঙ্কৃত ভটগণ, পবন-সঞ্চার।
চকিত-চঞ্চল-গতি ঘোড়া-পাটোয়ার ॥

কনকনির্ম্মিত রথ, তড়িতের আভা।
৪ বন, উপবন, দীঘি-সরোবর-শোভা ॥
নিনাদিত খগ-ভৃঙ্গ-শবদ মধুর।
সুভূষিত, সুধূপিত প্রতি পুরে পুর ॥

৫ ষোড়শ-সহস্র দেবী, এক ভগবান্।
ষোড়শ-সহস্র রূপে রহে স্থানে স্থান ॥

৬ কনক-নির্ম্মিত নদ-নদী, সরোবর।
ফুল্ল উৎপল, কঞ্জ-কুমুদ-কমল ॥

তরলিত, বিমলিত, সুবাসিত জল।
অলিকুল-শবদ, বিহগ-কোলাহল ॥

৭ জলকেলি করে' হরি রমণী-রমণ।
স্তন-বিনিহিত মৃগমদ-বিলেপন ॥

৮ গন্ধর্ব্ব-কিন্নরে গায়, নাচে বিদ্যাধরী।
সূত-মাগধগণ সেবে স্তুতি করি' ॥

৯ দেবীগণে চর্ম্মের মোটরী ভরি' ভরি'।
জল ছিটাছিটি করি' করে' জলকেলি ॥

জলকেলি করে' হরি রমণী-সমাজে।
যক্ষরাজ খেলে, যেন যক্ষিণী-সমাজে ॥

১০ স্তনবিনিহিত তনু বসন-বিলাস।
কিঞ্চিত বিদিত কুচতট-পরকাশ ॥

গলিত কবরী-ভার-বিনিহিত মাল।
মোট্টিত মোটরী-কর-ঘটন-সঞ্চার ॥

সমুদিত কামশর, জর-জর অঙ্গ।
বিকসিত মুখ, সরোরুহবর-ভঙ্গ ॥

১১ এইরূপে জলকেলি করে' যদুরায়।
রমণীমণ্ডলে হরি আনন্দে খেলায় ॥

১২ নর্ত্তক-নর্ত্তকীগণ বসন-ভূষণে।
গুণিগণ পূজে মহাধন-অন্নপানে ॥

১৩ আপনে রমণীগণ রমিয়া রমায়।
নিজ-পদগত-চিত্ত-পীরিতি বাঢ়ায় ॥

১৪। উচুর্মুকুন্দেকধিয়োঽগির উন্মত্তবজ্জড়ম্। চিন্তয়ন্ত্যোঽরবিন্দাক্ষং তানি মে গদতঃ শৃণু ॥

শ্রীশুক উবাচ

২৫। ইতীদৃশেন ভাবেন কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে। ক্রিয়মাণেন মাধব্যো লেভিরে পরমাং গতিম্ ॥
২৬। শ্রুতমাত্রোঽপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ। উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাঞ্চ কিং পুনঃ ?
২৭। যাঃ সম্পর্য্যচরন্ প্রেম্ণা পাদসংবাহনাদিভিঃ। জগদ্গুরুং ভর্ত্তৃবুদ্ধ্যা তাসাং কিং বর্ণ্যতে তপঃ ?
২৮। এবং বেদোদিতং ধর্ম্মমনুতিষ্ঠন্ সতাং গতিঃ। গৃহং ধর্ম্মার্থকামানাং মুহুশ্চাদর্শয়ৎ পদম্ ॥
২৯। আস্থিতস্য পরং ধর্ম্মং কৃষ্ণস্য গৃহমেধিনাম্। আসন্ ষোড়শসাহস্রং মহিষ্যশ্চ শতাধিকম্ ॥
৩০। তাসাং স্ত্রীরত্নভূতানামষ্টৌ যাঃ প্রাগুদাহৃতাঃ। রুক্মিণীপ্রমুখা রাজংস্তৎপুত্রাশ্চানুপূর্ব্বশঃ ॥
৩১। একৈকস্যাং দশ দশ কৃষ্ণোঽজীজনদাত্মজান্। যাবত্য আত্মনো ভার্য্যা অমোঘগতিরীশ্বরঃ ॥
৩২। তেষামুদ্দামবীর্য্যাণামষ্টাদশ মহারথাঃ। আসন্নুদারযশসস্তেষাং নামানি মে শৃণু ॥
৩৩। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ দীপ্তিমান্ ভানুরেব চ। সাম্বো মধুর্বৃহদ্ভানুশ্চিত্রভানুর্বৃকোঽরুণঃ ॥
৩৪। পুষ্করো বেদবাহুশ্চ শ্রুতদেবঃ সুনন্দনঃ। চিত্রবাহুর্বিরূপশ্চ কবির্ন্যগ্রোধ এব চ ॥
৩৫। এতেষামপি রাজেন্দ্র ! তনুজানাং মধুদ্বিষঃ। প্রদ্যুম্ন আসীৎ প্রথমঃ পিতৃবদ্রুক্মিণীসুতঃ ॥
৩৬। স রুক্মিণো দুহিতরমুপযেমে মহারথঃ। তস্মাৎ সুতোঽনিরুদ্ধোঽভূন্নাগাযুতবলান্বিতঃ ॥

---

১৪ রমণী-রমণে নাহি তিলেক বিচ্ছেদ।
নিদ্রা-অবসরে করে' বহুবিধ খেদ ॥

২৫ নানাভাবে দেবীগণ কৃষ্ণ আরাধিয়া।
কৃষ্ণে প্রবেশিলা তাঁ'রা কৃষ্ণময়ী হৈয়া ॥

শঙ্কর-বিরিঞ্চি-আদি মহাযোগেশ্বর।
যাঁ'র গুণ কীর্ত্তন করয়ে নিরন্তর ॥

২৬ কেবল শ্রবণে হরে' রমণীর মন।
হেন প্রভু দেবীগণে দেখে অনুক্ষণ ॥

২৭ পতি-ভাবে পরিচর্য্যা করে' প্রেম ধরি'।
তা'-সভার পুণ্য-তপ কে কহিতে পারি ?
সর্ব্বলোকে গতি-পতি, ত্রিজগত-গুরু।
প্রণতবৎসল, নিজজন-কল্পতরু ॥

হেন প্রভু সাক্ষাতে ভজিলা দেবীগণ।
কে তা'র বর্ণিব তপ, আছে হেন জন ?

২৮ এইরূপে গৃহকর্ম্ম করে' যদুরায়।
আপনে করিয়া কর্ম্ম এ-লোক বুঝায় ॥

ধর্ম্ম, অর্থ, কাম—তিন সাধিবারে পারি।
২৯ গৃহধর্ম্ম করিব—গৃহস্থ-অধিকারী ॥

এই-সে কারণে হরি করে' গৃহধর্ম্ম।
বেদ-বিপ্রমুখ-মুখরিত নানাকর্ম্ম ॥

ষোড়শ-সহস্র-একশত দিব্যনারী।
৩০ রমণী-রতন শ্রীরুক্মিণী-আদি করি' ॥

৩১ দশ-দশ পুত্র প্রসবিলা একজনে।
যা'র সম বলবীর্য্য নাহি ত্রিভুবনে ॥

৩২ মহাবল-পরাক্রম, বিক্রমে বিশাল।
অষ্টাদশ পুত্র হৈলা প্রধান তাহার ॥

৩৩-৩৪ প্রদ্যুম্ন, প্রদ্যুম্নপুত্র অনিরুদ্ধ নাম।
সাম্ব, ভানু, বৃহদ্ভানু, মধু, দীপ্তিমান্ ॥

চিত্রভানু, বৃক, আর অরুণ, পুষ্কর।
বেদবাহু, শ্রুতদেব মহাধনুর্দ্ধর ॥

সুনন্দন, চিত্রবাহু বীরের প্রধান।
বিরূপ, ন্যগ্রোধ আর কবি বলবান্ ॥

৩৫-৩৬ সভার প্রধান তা'র রুক্মিণী-তনয়।
মাতুল রুক্মীর কন্যা কৈলা পরিণয় ॥

অনিরুদ্ধ পুত্র হৈলা তাহার উদরে।
মহামত্ত অযুত-মাতঙ্গবল ধরে ॥

৩৭। স চাপি রুক্মিণঃ পৌত্রীং দৌহিত্রো জগৃহে ততঃ। বজ্রস্তস্যাভবদ্‌যস্তু মৌষলাদবশেষিতঃ॥
৩৮। প্রতিবাহুরভূত্তস্মাৎ সুবাহুস্তস্য চাত্মজঃ। সুবাহোঃ শান্তসেনোঽভূচ্ছতসেনস্তু তৎসুতঃ॥
৩৯। ন হ্যেতস্মিন্ কুলে জাতা অধনা অবহুপ্রজাঃ। অল্পায়ুষোঽল্পবীর্য্যাশ্চ অব্রহ্মণ্যাশ্চ জজ্ঞিরে॥
৪০। যদুবংশপ্রসূতানাং পুংসাং বিখ্যাতকর্ম্মণাম্। সঙ্খ্যা ন শক্যতে কর্ত্তুমপি বর্ষাযুতৈর্নৃপ!
৪১। তিস্রঃ কোট্যঃ সহস্রাণামষ্টাশীতিশতানি চ। আসন্ যদুকুলাচার্য্যাঃ কুমারাণামিতি শ্রুতম্॥
৪২। সঙ্খ্যানং যাদবানাং কঃ করিষ্যতি মহাত্মনাম্। যত্রাযুতানামযুতলক্ষেণাস্তে স আহুকঃ॥
৪৩। দেবাসুরাহবহতা দৈতেয়া যে সুদারুণাঃ। তে চোৎপন্না মনুষ্যেষু প্রজা দৃপ্তা ববাধিরে॥
৪৪। তন্নিগ্রহায় হরিণা প্রোক্তা দেবা যদোঃ কুলে। অবতীর্ণাঃ কুলশতং তেষামেকাধিকং নৃপ!
৪৫। তেষাং প্রমাণং ভগবান্ প্রভুত্বেনাভবদ্ধরিঃ। যে চানুবর্ত্তিনস্তস্য ববৃধুঃ সর্ব্বযাদবাঃ॥
৪৬। শয্যাসনাটনালাপ-ক্রীড়াস্নানাদিকর্ম্মসু। ন বিদুঃ সন্তমাত্মানং বৃষ্ণয়ঃ কৃষ্ণচেতসঃ॥
৪৭। তীর্থং চক্রে নৃপোনং যদজনি যদুষু স্বঃসরিৎপাদশৌচং
বিদ্বিট্‌স্নিগ্ধাঃ স্বরূপং যযুরজিতপরা শ্রীর্যদর্থেঽন্যযত্নঃ।
যন্নামামঙ্গলঘ্নং শ্রুতমথ গদিতং যৎকৃতো গোত্রধর্ম্মঃ
কৃষ্ণস্যৈতন্ন চিত্রং ক্ষিতিভরহরণং কালচক্রায়ুধস্য॥

---

৩৭ রুক্মিপুত্র-কন্যা বিভা কৈলা অনিরুদ্ধে।
রুক্মি-বধ হৈল যা'তে বলরাম-যুদ্ধে॥
অনিরুদ্ধ-পুত্র—বজ্র, মহাবল ধরে।
বজ্র অবশেষ রৈল মুষল-সমরে॥

৩৮ তা'র পুত্র উপজিল প্রতিবাহু-নাম।
সুবাহু তাহার পুত্র মহাবলবান্॥
শান্তসেন তা'র পুত্র, হৈল মহাবল।
শতসেন তা'র পুত্র মহাধনুর্দ্ধর॥

৩৯ এ বংশে জনমে নাহি—দরিদ্র, নির্ধন।
অল্প-পুত্র, অল্প-বল, অল্প-পরাক্রম॥
অল্প-পরমায়ু যা'র নহে ধর্ম্মশীল।
ব্রাহ্মণকিঙ্কর নহে, নহে মহাবীর॥

৪০ যদুবংশে জন্ম না লভিলা হেন জনা।
শঙ্কর, বিরিঞ্চি যাঁ'র না জানে মহিমা॥
শতেক বৎসর ধরি' কেহ যদি গণে।
গণিতে না পারে তভু মহাবুধ-জনে॥

৪১ অষ্ট-অশীতি-শত-অধিক তিন-কোটি।
যদুকুলে আচার্য্য আছিলা মহামতি॥
এতেক পণ্ডিত যা'থে ছাওয়াল পঢ়ায়।
হেন যদুকুল-অন্ত কে গণিতে পায়?

৪২ অযুত-অযুত লক্ষ সেনাপতি লৈয়া।
আহুক আছিলা যা'থে ক্ষিতিপতি হৈয়া॥

৪৩ দেবাসুর-যুদ্ধে যত সৈন্য-বধ হৈল।
তা'রা-সব নৃপরূপ ধরিয়া জন্মিল॥

৪৪ তা'-সভার সংহার করিতে যদুরায়।
যদুকুলে দেবগণে জনম লভায়॥
একশত-এক বংশ হৈল যদুকুলে।
কত দেব জনমিলা কত পরকারে॥

৪৫ যদুবংশে যত দেব হৈলা উৎপন্ন।
জানিতে প্রমাণ সভে এক নারায়ণ॥
অনন্ত-কিঙ্কর, হরি অনন্তমূরতি।
তাঁ'র তত্ত্ব জানে হেন কাহার শকতি?
আছুক আনের কাজ, এই যদুগণে।
কিঞ্চিত প্রভুর তত্ত্ব কিছুই না জানে॥

৪৬ শয়ন, ভোজন, পান, একত্র গমন।
তবু তাঁ'র তত্ত্ব না জানিলা যদুগণ॥

৪৭ যাঁ'র গুণ-কীর্ত্তন সকল-তীর্থসার।
যদুকুলে হৈলা হেন তীর্থ-অবতার॥
বৈরিভাবে রিপুগণ করিয়া চিন্তন।
কৃষ্ণময় হৈল, কৃষ্ণ করিয়া স্মরণ॥

৪৮। জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো, যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মম্।
স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন, ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্॥

৪৯। ইত্থং পরস্য নিজবর্ত্ম রিরক্ষয়াত্ত,-লীলাতনোস্তদনুরূপবিড়ম্বনানি।
কর্ম্মাণি কর্ম্মকষণানি যদূত্তমস্য, শ্রদ্ধাদমুষ্য পদয়োরনুবৃত্তিমিচ্ছন্॥

৫০। মর্ত্ত্যস্তয়ানুসবমেধিতয়া মুকুন্দ,-শ্রীমৎকথা-শ্রবণকীর্ত্তনচিন্তয়েতি।
তদ্ধাম দুস্তরকৃতান্তজবাপবর্গং, গ্রামাদ্বনং ক্ষিতিভুজোঽপি যযুর্যদর্থাঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· দশমস্কন্ধে শ্রীমহিষীগীতং নাম নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

লক্ষ্মীদেবী যাঁ'রে বাঞ্ছা করে' নিরন্তর।
যাঁ'র কৃপা বাঞ্ছা করে' ব্রহ্মা-মহেশ্বর॥
যাঁ'র নাম-শ্রবণে দুরিত-বন্ধ হরে'।
কুলধর্ম্ম প্রকাশিলা যে প্রভু সংসারে॥
এ কোন্ বিচিত্র তাঁ'র—হরে' ক্ষিতিভার।
কালচক্রে করে' যাঁ'র ব্রহ্মাণ্ড সংহার॥

৪৮ জয় জয় প্রাণনাথ, জগত-নিবাস।
জয় জয় দৈবকী-জঠর-পরকাশ॥
জয় যদুবর-পারিষদ-প্রাণপতি।
জয় নিজভুজ-নিবারিত-ধর্ম্মঘাতী॥
জয় জয় চরাচর-দুরিত-হরণ।
জয় জয় ব্রজপুরী-রমণীরমণ॥
জয় জয় প্রমুদিত-মুখ-মধুহাস।
জয় ব্রজপুরবধূ-কাম-পরকাশ॥

৪৯ পরাপর-গতি হরি, পুরুষপুরাণ।
যুগে যুগে নিজভক্ত করে' পরিত্রাণ॥
প্রকটিত-লীলাতনু, দিব্যরূপ ধরে।
কর্ম্মজাল-দহন, বিচিত্র কর্ম্ম করে'॥
যে হরি-পদারবিন্দ করিব ভজন।
যে-জন কেবল করে' শ্রবণ-কীর্ত্তন॥

৫০ মুকুন্দ-শ্রীযুতকথা শ্রবণ করিব।
স্মরণ, চিন্তন করি' চরণ ভজিব॥
দুস্তর-দুষ্কৃত-জরা-মরণ-হরণ।
কৃষ্ণময় হৈয়া তাঁ'র বৈকুণ্ঠে গমন॥
রাজ্য-পদ পরিহরি' ক্ষিতিপতিগণে।
বন-পরবেশ করে' যাঁহার কারণে॥
হেন চরণারবিন্দ ভজ, সর্ব্বলোক।
হেলে ভব তরিবে, খণ্ডিবে দুঃখ-শোক॥"

শ্রীযুত-শ্রীগদাধর-চরণ ভরসা।
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং নবতিতমোঽধ্যায়ঃ॥ ৯০॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমদ্ভাগবতম্

একাদশঃ স্কন্ধঃ

প্রথমোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। কৃত্বা দৈত্যবধং কৃষ্ণঃ সরামো যদুভির্বৃতঃ। ভুবোঽবতারয়দ্ভারং জবিষ্ঠং জনয়ন্ কলিম্॥
২। যে কোপিতাঃ সুবহু পাণ্ডুসুতাঃ সপত্নৈ,-র্দুর্দ্যূত-হেলন-কচগ্রহণাদিভিস্তান্।
কৃত্বা নিমিত্তমিতরেতরতঃ সমেতান্, হত্বা নৃপান্ নিরহরৎ ক্ষিতিভারমীশঃ॥
৩। ভূভাররাজপৃতনা যদুভির্নিরস্য, গুপ্তৈঃ স্ববাহুভিরচিন্তয়দপ্রমেয়ঃ।
মন্যেঽবনের্ননু গতোঽপ্যগতং হি ভারং, যদ্‌যাদবং কুলমহো অবিষহ্যমাস্তে॥
৪। নৈবান্যতঃ পরিভবোঽস্য ভবেৎ কথঞ্চি,-ন্মৎসংশ্রয়স্য বিভবোন্নহনস্য নিত্যম্।
অন্তঃকলিং যদুকুলস্য বিধায় বেণু,-স্তম্বস্য বহ্নিমিব শান্তিমুপৈমি ধাম॥

শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী

একাদশ-স্কন্ধ

প্রথম অধ্যায়

দুরন্ত-সংসারসমুদ্রসেতুং, সবেদবেদান্ত-নিতান্তগুপ্তম্।
জনস্য সদ্যো বিগমার্থমেকা,-দশং প্রবক্ষ্যে খলু সত্ত্বশুদ্ধ্যৈ॥

[নট-রাগ]

১ পরীক্ষিত মহাজন, প্রভুভক্ত-পরায়ণ,
শুনে হরি-চরিত রসাল।
একাদশ ভাগবত, ভক্তি-জ্ঞান-সমুদিত,
কহে শুক ব্যাসের কুমার॥
"নিজ-পারিষদগণ, যদুকুল বলরাম,
রিপুদল করিয়া সংহার।
অন্যোঽন্যে কন্দল করি', বিরোধ বাঢ়ায় হরি,
পৃথীর হরিতে গুরুভার॥

২ কু-পাশা খেলন করি', কেশাকর্ষণ-আদি ধরি',
বিবাদ বাঢ়ায় রিপুগণে।
ক্রোধ জন্মাইয়া হরি, পাণ্ডুসুত লক্ষ্য করি',
ক্ষিতিভার হরে' নারায়ণে॥

৩-৪ আনে হৈতে পরাভব, কদাচিত যদু-সব,
নহিব আমার প্রিয়গণে।
আমার আশ্রয়-পদে, অশেষ-সম্পদপদে,
বস্তুজ্ঞান নাহি ত্রিভুবনে॥

৫। এবং ব্যবসিতো রাজন্! সত্যসঙ্কল্প ঈশ্বরঃ। শাপব্যাজেন বিপ্রাণাং সঞ্জহ্রে স্বকুলং বিভুঃ॥
৬। স্বমূর্ত্ত্যা লোকলাবণ্যনির্মুক্ত্যা লোচনং নৃণাম্। গীভিস্তাঃ স্মরতাং চিত্তং পদৈস্তানীক্ষতাং ক্রিয়াঃ॥
৭। আচ্ছিদ্য কীর্ত্তিং সুশ্লোকাং বিতত্য হ্যঞ্জসা নু কৌ। তমোঽনয়া তরিষ্যন্তীত্যগাৎ স্বং পদমীশ্বরঃ॥

শ্রীরাজোবাচ

৮। ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাম্। বিপ্রশাপঃ কথমভূদ্বৃষ্ণীনাং কৃষ্ণচেতসাম্?
৯। যন্নিমিত্তঃ স বৈ শাপো যাদৃশো দ্বিজসত্তম! কথমেকাত্মনাং ভেদ এতৎ সর্ব্বং বদস্ব মে॥

শ্রীশুক উবাচ

১০। বিভ্রদ্বপুঃ সকলসুন্দরসন্নিবেশং, কর্ম্মাচরন্ ভুবি সুমঙ্গলমাপ্তকামঃ।
আস্থায় ধাম রমমাণ উদারকীর্ত্তিঃ, সংহর্ত্তুমৈচ্ছত কুলং স্থিতকৃত্যশেষঃ॥
১১। কর্ম্মাণি পুণ্যনিবহানি সুমঙ্গলানি, গায়জ্জগৎকলিমলাপহরাণি কৃত্বা।
কালাত্মনা নিবসতা যদুদেবগেহে, পিণ্ডারকং সমগমন্মুনয়ো নিসৃষ্টাঃ॥
১২। বিশ্বামিত্রোঽসিতঃ কণ্বো দুর্ব্বাসা ভৃগুরঙ্গিরাঃ। কশ্যপো বামদেবোঽত্রির্বশিষ্ঠো নারদাদয়ঃ॥

---

৫ সত্যবাদী ভগবান্, করি' ক্ষিতি-পরিত্রাণ,
এই মনে করিয়া নিশ্চয়।
ব্রহ্মশাপ লক্ষ্য করি', কুল বিনাশিয়া হরি,
তবে কৈলা বৈকুণ্ঠ-বিজয়॥

৬ অখিল-লাবণ্যরাশি, নিজমূর্ত্তি পরকাশি',
হরি' লৈলা এ লোক-লোচনে।
সঙরিতে সঙরিতে চিত্ত, হরিয়া সভার বৃত্ত,
হরি' লৈলা মধুর বচনে॥
দেখাঞা চরণ-চিহ্ন, হরিয়া লোকের কর্ম্ম,
নিলা হরি চরণকমলে।

৭ শ্রবণ, কীর্ত্তন করি', এ লোক তরিব বলি',
যশ বিস্তারিলা ক্ষিতিতলে॥
অখিল-জগতগুরু, এ-লোক বুঝায় ছলে,
দেখে লোক অনিত্য সংসার।
যোগ-যোগেশ্বর হরি, চলিলা বৈকুণ্ঠপুরী,
নিজকুল করিয়া সংহার॥"

৮-৯ তবে রাজা জিজ্ঞাসিল, "এ বড় বিস্ময় হৈল,
কহ, গুরু! সব বিবরণ।
গুরু-দ্বিজ-সেবারত, দানযুত, কৃষ্ণগত,
চিত্ত-বিত্ত সব যদুগণ॥
কেনে ব্রহ্মশাপ হৈল, ভেদ-বুদ্ধি উপজিল,
মহাভাগবত যদুকুলে?"

১০ রাজার বচন শুনি', কহে শুক মহামুনি,
"শুন, রাজা! কহিব তোমারে॥
সকল-সুন্দর হরি, নর-কলেবর ধরি',
কৈলা নানা বিচিত্র বিহার।
'করি' কুল-সংহারণ, নিজপদ-আরোহণ
করি',—মনে এই যুক্তি সার॥

১১-১২ কলি-কলুষহর, পুণ্যকর, সুমঙ্গল,
কর্ম্ম করি' জগতে প্রচার।
মুনিগণ নিয়োজিয়া, প্রভাসে দিলা পাঠাঞা,
কালরূপে করিতে সংহার॥
বিশ্বামিত্র, বামদেব, দুর্ব্বাসা, অঙ্গিরা, ভৃগু,
বশিষ্ঠ, নারদ-মুনিগণে।
ঈশ্বর-আদেশ ধরি', পিণ্ডারক-তীর্থে রহি',
তপ-যোগ সাধে' সমাধানে॥

১৩। ক্রীড়ন্তস্তানুপব্রজ্য কুমারা যদুনন্দনাঃ। উপসংগৃহ্য পপ্রচ্ছুরবিনীতা বিনীতবৎ ॥
১৪। তে বেষয়িত্বা স্ত্রীবেষৈঃ সাম্বং জাম্ববতীসুতম্। এষা পৃচ্ছতি বো বিপ্রা অন্তর্বত্ন্যসিতেক্ষণা ॥
১৫। প্রষ্টুং বিলজ্জতী সাক্ষাৎ প্রব্রূতামোঘদর্শনাঃ। প্রসোষ্যন্তী পুত্রকামা কিংস্বিৎ সঞ্জনয়িষ্যতি ?
১৬। এবং প্রলব্ধা মুনয়স্তানূচুঃ কুপিতা নৃপ! জনয়িষ্যতি বো মন্দা মুষলং কুলনাশনম্ ॥
১৭। তচ্ছ্রুত্বা তেঽতিসন্ত্রস্তা বিমুচ্য সহসোদরম্। সাম্বস্য দদৃশুস্তস্মিন্ মুষলং খল্বয়স্ময়ম্ ॥
১৮। কিং কৃতং মন্দভাগ্যৈর্নঃ কিং বদিষ্যন্তি নো জনাঃ? ইতি বিহ্বলিতা গেহানাদায় মুষলং যযুঃ ॥
১৯। তচ্চোপলীয় সদসি পরিম্লান-মুখশ্রিয়ঃ। রাজ্ঞ আবেদয়াঞ্চক্রুঃ সর্ব্বযাদবসন্নিধৌ ॥
২০। শ্রুত্বামোঘং বিপ্রশাপং দৃষ্ট্বা চ মুষলং নৃপ! বিস্মিতা ভয়সন্ত্রস্তা বভূবুর্দ্বারকৌকসঃ ॥
২১। তচ্চূর্ণয়িত্বা মুষলং যদুরাজঃ স আহুকঃ। সমুদ্রসলিলে প্রাস্যল্লোহঞ্চাস্যাবশেষিতম্ ॥

২২। কশ্চিন্মৎস্যোঽগ্রসীল্লোহং চূর্ণানি তরলৈস্ততঃ।
উহ্যমানানি বেলায়াং লগ্নান্যাসন্ কিলৈরকাঃ ॥
২৩। মৎস্যো গৃহীতো মৎস্যঘ্নৈর্জালেনান্যৈঃ সহার্ণবে।
তস্যোদরগতং লোহং স শল্যে লুব্ধকোঽকরোৎ ॥

১৩-১৫ কৃষ্ণের কুমারগণে, ক্রীড়া করে' বনে-বনে,
তথা গিয়া হৈল উপসন্নে।
সাম্ব জাম্ববতী-সুত, স্ত্রিরিবেশে বিভূষিয়া,
কহে কিছু বিনয়-বচনে ॥

'আসন্নপ্রসবা বধূ, চিরদিন গর্ভ ধরে,
সাক্ষাতে পুছিতে বাসে লাজ।
কিবা পুত্র-কন্যা হৈব, আমি-সব তে-কারণে,
পুছি এই মুনির সমাজ ॥'

১৬ এতেক বচন শুনি', ক্রোধ করি' সব মুনি,
বোলে,—'আরে মন্দমতিগণ!
ভাল জিজ্ঞাসিলি তোরা, লোহার মুষল গর্ভে,
জনমিব কুল-বিনাশন ॥'

১৭ শুনিঞা কুমারগণে, ভয়ে চমকিত-মনে,
বিচারিয়া চাহিল উদরে।
লোহার মুষল দেখি' তা'রা সে মুদিল আঁখি,
'না জানি কি পরমাদ ফলে ?

১৮-১৯ মন্দমতি আমি-সব, হেন মন্দ কর্ম্ম কৈলুঁ,
না জানি, কি বলে কোন্ জনে ?'
এতেক বচন বলি', চলিল মুষল লঞা,
দিল নিয়া সভা-বিদ্যমানে ॥

২০ মলিনবদন হই', সব বিবরণ কহি',
একপাশে রহে শিশুগণে।
ব্রহ্মশাপ ব্যর্থ নৈব, কুলের সংহার হৈব,
চিন্তিতে লাগিল পুরজনে ॥

২১ তবে রাজা উগ্রসেনে, আজ্ঞা দিল ভৃত্যগণে,
'মুষল ঘষিয়া কর' ক্ষয়।
ঘষি' শিলার উপরে, ফেলাহ সাগরজলে,
কিছু যেন শেষ নাহি রয় ॥'

আজ্ঞা পাঞা ভৃত্যগণে, সত্বরে মুষল আনে,
ঘষিয়া ফেলিল সিন্ধুজলে।
কিছু অবশেষ রৈল, ফেলিল সাগরজলে,
২২ এক মৎস্য গিলিল সত্বরে ॥

সমুদ্রের তীরে তীরে, তরঙ্গকল্লোল-জলে,
জনমিল এরকার বনে।

২৩ জালে মৎস্য বন্দী করি', কাটি' খণ্ড খণ্ড করি',
বিকিনিল মৎস্যঘাতিগণে ॥

এক ব্যাধ লোহাখানি, মৎস্যের উদরে পাইল,
তাহা দিয়া নিরমিল শর।

২৪। **ভগবান্ জ্ঞাতসর্ব্বার্থ ঈশ্বরোঽপি তদন্যথা। কর্ত্তুং নৈচ্ছদ্বিপ্রশাপং কালরূপ্যন্বমোদত ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীবিপ্রশাপো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

---

২৪ কালরূপ ধরে হরি, জানেন সকল তত্ত্ব,
তভু কিছু না কৈলা ঈশ্বর ॥
যদি প্রভু ইচ্ছা করে,' লীলায় খণ্ডিতে পারে,
ব্রহ্মশাপ না করিলা দূর।
কৃষ্ণগুণ-সমুদিত, একাদশ ভাগবত,
শুন, কৃষ্ণপ্রেমতরঙ্গিণী ॥

কুল-বিনাশন করি,' পৃথিবীর ভার হরি,'
আপনে চলিলা নিজপুর ॥"
ধীরশিরোমণি শ্রীল,- গদাধর-পদ জান,
ভাগবত-আচার্য্যের বাণী।

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। **গোবিন্দভুজগুপ্তায়াং দ্বারবত্যাং কুরূদ্বহ! অবাৎসীন্নারদোঽভীক্ষ্ণং কৃষ্ণোপাসনলালসঃ ॥**
২। **কো নু রাজন্নিন্দ্রিয়বান্ মুকুন্দচরণাম্বুজম্। ন ভজেৎ সর্ব্বতোমৃত্যুরুপাস্যমমরোত্তমৈঃ ?**
৩। **তমেকদা তু দেবর্ষিং বসুদেবো গৃহাগতম্। অর্চ্চিতং সুখমাসীনমভিবাদ্যেদমব্রবীৎ ॥**

শ্রীবসুদেব উবাচ

৪। **ভগবন্! ভবতো যাত্রা স্বস্তয়ে সর্ব্বদেহিনাম্। কৃপণানাং যথা পিত্রোরুত্তমঃশ্লোকবর্ত্মনাম্ ॥**
৫। **ভূতানাং দেবচরিতং দুঃখায় চ সুখায় চ। সুখায়ৈব হি সাধূনাং তাদৃশামচ্যুতাত্মনাম্ ॥**

[সিন্ধুড়া-রাগ]

১ মুনি বলে,'—"শুন, রাজা, অদভুত-বাণী।
কহিব দ্বারকাপুরী-অপূর্ব্ব-কাহিনী ॥
কৃষ্ণ-মহাভুজদণ্ড-সতত-গোপিতা।
প্রভুর দ্বারকাপুরী, ভুবন-বন্দিতা ॥
নিরবধি তাহাতে নারদমুনি বৈসে।
কৃষ্ণপদ-উপাসনা করে' ভক্তিরসে ॥

২ কে হেন বঞ্চিত আছে নর-কলেবরে ?
মুকুন্দ-পদারবিন্দে ভক্তি পরিহরে ?
সব ঠাঞি আছে মৃত্যু, কোথাহ না ঘুচে।
যে হেন জানয়ে, সে কি গোবিন্দ না ভজে ?
শঙ্কর, বিরিঞ্চি যাঁ'র করে' উপাসনা।
হেন প্রভুর চরণ না ভজে কোন্ জনা ?

৩ একদিন গেলা মুনি বসুদেব-ঘরে।
নারদে দেখিয়া তিঁহো উঠিলা সত্বরে ॥
পাদ্য-অর্ঘ্য দিয়া কৈলা চরণ-বন্দন।
আসনে বসাঞা তবে করে' নিবেদন ॥

৪ 'ভাগ্যে মোর ঘরে তুমি কৈলে আগমন।
লোক-পরিত্রাণ-হেতু কর' পর্য্যটন ॥
পিতা-মাতা-আগমনে পুত্রের কল্যাণ।
ভক্ত-আগমনে হয় লোক-পরিত্রাণ ॥

৫ সুখ-হেতু, দুঃখ-হেতু দেবের চরিত।
সুখ-বিনে সাধুজনে নহে বিপরীত ॥
তুমি-সব জন, মহাভকত-প্রধান।
তুমি-সব জীবমাত্র কর' পরিত্রাণ ॥

৬। ভজন্তি যে যথা দেবান্ দেবা অপি তথৈব তান্। ছায়েব কর্ম্মসচিবাঃ সাধবো দীনবৎসলাঃ ॥
৭। ব্রহ্মংস্তথাপি পৃচ্ছামো ধর্ম্মান্ ভাগবতাংস্তব।
যান্ শ্রুত্বা শ্রদ্ধয়া মর্ত্ত্যো মুচ্যতে সর্ব্বতো ভয়াৎ ॥
৮। অহং কিল পুরানন্তং প্রজার্থো ভুবি মুক্তিদম্। অপূজয়ং ন মোক্ষায় মোহিতো দেবমায়য়া ॥
৯। যথা বিচিত্রব্যসনাদ্ভবদ্ভির্বিশ্বতোভয়াৎ। মুচ্যেমহ্যঞ্জসৈবাদ্ধা তথা নঃ শাধি সুব্রত!

শ্রীশুক উবাচ

১০। রাজন্নেবং কৃতপ্রশ্নো বসুদেবেন ধীমতা। প্রীতস্তমাহ দেবর্ষির্হরেঃ সংস্মারিতো গুণৈঃ ॥

শ্রীনারদ উবাচ

১১। সম্যগেতদ্ব্যবসিতং ভবতা সাত্বতর্ষভ! যৎ পৃচ্ছসে ভাগবতান্ ধর্ম্মাংস্ত্বং বিশ্বভাবনান্ ॥
১২। শ্রুতোঽনুপঠিতো ধ্যাত আদৃতো বানুমোদিতঃ। সদ্যঃ পুনাতি সদ্ধর্ম্মো দেববিশ্বদ্রুহোঽপি হি ॥
১৩। ত্বয়া পরমকল্যাণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ। স্মারিতো ভগবানদ্য দেবো নারায়ণো মম ॥
১৪। অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। আর্ষভাণাঞ্চ সংবাদং বিদেহস্য মহাত্মনঃ ॥
১৫। প্রিয়ব্রতো নাম সুতো মনোঃ স্বায়ম্ভুবস্য যঃ। তস্যাগ্নীধ্রস্ততো নাভিস্তস্মাদৃষভস্তৎসুতঃ স্মৃতঃ ॥
১৬। তমাহুর্বাসুদেবাংশং মোক্ষধর্ম্মবিবক্ষয়া। অবতীর্ণং সুতশতং তস্যাসীদ্ব্রহ্মপারগম্ ॥
১৭। তেষাং বৈ ভরতো জ্যেষ্ঠো নারায়ণপরায়ণঃ। বিখ্যাতং বর্ষমেতদ্যন্নাম্না ভারতমদ্ভুতম্ ॥

---

৬ যেরূপে যে দেব ভজে, ভক্তি সেবা করে'।
সে দেব তাহারে ভজে সেবা-অনুসারে ॥
ছায়াবৎ দেবগণ কর্ম্মের কিঙ্কর।
যা'র যত কর্ম্ম, তা'রে দেই তত ফল ॥
ভকত-জনের কভু নাহি নিজ-পর।
বিশেষে ভকত-জন এ-দীনবৎসল ॥
৭ যদ্যপি সকল-সিদ্ধি হৈল আগমনে।
তথাপি বৈষ্ণব-ধর্ম্ম পুছিব চরণে ॥
ভাগবত-ধর্ম্ম তুমি কহ, তপোধন!
যাহার শ্রবণে সব দুঃখ-বিমোচন ॥
৮ পূরবে পূজিলুঁ আমি পুরুষ-পুরাণ।
মুক্তি না মাগিলুঁ আমি হৈয়া পুত্রকাম ॥
৯ সম্প্রতি যেরূপে মোর ঘুচে ভবভয়।
এ-ঘোর সংসারদুঃখ আর যেন নয় ॥
হেন উপদেশ মোরে দেহ,' যোগেশ্বর!'
১০ তবে দেব-ঋষি তাঁ'রে দিলেন উত্তর ॥
১১ 'ভাল, বসুদেব! তুমি করিলে জিজ্ঞাসা।
ভাগবত-ধর্ম্ম তুমি করিলে প্রত্যাশা ॥
১২ ভাগবত-ধর্ম্ম যেবা শুনয়ে শ্রবণে।
আদরে,' মোদন, কিবা করয়ে চিন্তনে ॥
দেব-বিপ্রদ্রোহী, কিবা চণ্ডাল পতিত।
সেইক্ষণে হরে' তা'র অশেষ দুরিত ॥
১৩ ধন্য, বসুদেব! তুমি পরম-কল্যাণ।
স্মরণ করাইলে আজি দেব ভগবান্ ॥
শ্রীকৃষ্ণ-স্মরণ আজি করাইলে মোরে।
শ্রবণ-কীর্ত্তন যাঁ'র সর্ব্বপাপ হরে' ॥
১৪ কহিব তোমারে ইতিহাস পুরাতন।
নব-ঋষি-নিমিরাজা-সংবাদ-কথন ॥
১৫ স্বায়ম্ভুব-মনু-পুত্র প্রিয়ব্রত-নামে।
আগ্নীধ্র কুমার তাঁ'র বিদিত ভুবনে ॥
তাঁ'র পুত্র নাভি, তাঁ'র ঋষভ কুমার।
১৬ ধর্ম্ম বুঝাইতে বিষ্ণু-অংশে অবতার ॥
একশত পুত্র তাঁ'র বেদবিদাম্বর।
১৭ ভরত সবার জ্যেষ্ঠ, ধর্ম্ম-কলেবর ॥
হরিপরায়ণ তিঁহো বিদিত ভুবনে।
ভারতবরষ-নাম হৈল যাঁ'র নামে ॥

১৮। স ভুক্তভোগাং ত্যক্ত্বেমাং নির্গতস্তপসা হরিম্। উপাসীনস্তৎপদবীং লেভে বৈ জন্মভিস্ত্রিভিঃ॥
১৯। তেষাং নব নবদ্বীপপতয়োঽস্য সমন্ততঃ। কর্ম্মতন্ত্রপ্রণেতার একাশীতিদ্বিজাত্যঃ॥
২০। নবাভবন্ মহাভাগা মুনয়ো হ্যর্থশংসিনঃ। শ্রমণা বাতরশনা আত্মবিদ্যাবিশারদাঃ॥
২১। কবির্হবির(রে)রন্তরিক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ। আবির্হোত্রোঽথ দ্রুমিলশ্চমসঃ করভাজনঃ॥
২২। ত এতে ভগবদ্রূপং বিশ্বং সদসদাত্মকম্। আত্মনোঽব্যতিরেকেণ পশ্যন্তো ব্যচরন্ মহীম্॥
২৩। অব্যাহতেষ্টগতয়ঃ সুরসিদ্ধসাধু-গন্ধর্ব্বযক্ষনর-কিন্নরনাগলোকান্।
মুক্তাশ্চরন্তি মুনিচারণভূতনাথ-বিদ্যাধরদ্বিজগবাং ভুবনানি কামম্॥
২৪। ত একদা নিমেঃ সত্রমুপজগ্মুর্যদৃচ্ছয়া। বিতায়মানমৃষিভিরজনাভে মহাত্মনঃ॥
২৫। তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ মহাভাগবতান্ নৃপ! যজমানোঽয়য়ো বিপ্রাঃ সর্ব্ব এবোপতস্থিরে॥
২৬। বিদেহস্তানভিপ্রেত্য নারায়ণপরায়ণান্। প্রীতঃ সম্পূজয়াঞ্চক্র আসনস্থান্ যথার্হতঃ॥
২৭। তান্ রোচমানান্ স্বরুচা ব্রহ্মপুত্রোপমান্ নব। পপ্রচ্ছ পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতো নৃপঃ॥

শ্রীবিদেহ উবাচ

২৮। মন্যে ভগবতঃ সাক্ষাৎ পার্ষদান্ বো মধুদ্বিষঃ। বিষ্ণোর্ভূতানি লোকানাং পাবনায় চরন্তি হি॥
২৯। দুর্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ। তত্রাপি দুর্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্॥
৩০। অত আত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামো ভবতোঽনঘাঃ!
সংসারেঽস্মিন্ ক্ষণার্দ্ধোঽপি সৎসঙ্গঃ শেবধির্নৃণাম্॥

---

১৮ রাজ্যভোগ করি' তিঁহো রাজ্য পরিহরি'।
বনে গিয়া তপ করি' আরাধিলা হরি॥
তিন জন্মে হৈল তাঁ'র বিষ্ণু-পদে গতি।

১৯ নব-পুত্র হৈল তাঁ'র নবদ্বীপপতি॥
একাশী তনয় তাঁ'র কর্ম্মপরায়ণ।
কর্ম্মপথে হৈল তা'রা বেদজ্ঞ ব্রাহ্মণ॥

২০ নব-পুত্র হৈলা তাঁ'র মহাযোগেশ্বর।
আত্মবিদ্যাবিশারদ, মুনি দিগম্বর॥

২১ কবি, হবি, অন্তরিক্ষ—এ-তিন তনয়।
প্রবুদ্ধ, পিপ্পলায়ন—দুই মহাশয়॥
আবির্হোত্র, দ্রুমিল, চমস—তিন-জন।
কনিষ্ঠ তনয় তা'থে এ করভাজন॥

২২ এই নব-যোগেশ্বর মুনির প্রধান।
সর্ব্বজীবে বৈসে হরি, সর্ব্বত্র সমান॥
জ্ঞানচক্ষে এইমাত্র দেখে নিরন্তর।

২৩ অব্যাহত-ইষ্টগতি, নব-সহোদর॥
সুর, সিদ্ধ, গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, নাগ।
সর্ব্বলোকে ভ্রমে' নব-ঋষি মহাভাগ॥
শিবলোক, ব্রহ্মলোক, গোলোকে সঞ্চার।
চৌদ্দভুবন ভ্রমে' এ নব-কুমার॥

২৪ নিমি রাজা যজ্ঞ করে' বিদেহ-নগরে।
নব-ঋষি গেলা তথা হেন অবসরে॥
যজ্ঞঘরে যজ্ঞ করে' মহাঋষিগণ।
নব-ঋষি গিয়া তথা হৈলা উপসন্ন॥

২৫ সূর্য্যসম পরকাশ, দীপ্ত-কলেবর।
তা'-সবা দেখিয়া রাজা উঠিলা সত্বর॥
কুণ্ড হৈতে আগুনি উঠিল, দ্বিজগণ।

২৬ পাদ্য-অর্ঘ্য দিয়া রাজা পূজিলা চরণ॥
প্রণাম করিয়া রাজা বসাইলা আসনে।

২৭ করযোড়ে পুছে তবে বিনয়-বচনে॥

২৮ 'তুমি-সব সাক্ষাৎ কৃষ্ণের অনুচর।
লোক-পরিত্রাণ-হেতু ভ্রম' নিরন্তর॥

২৯ একে ত' দুর্লভ বলি' মানুষ-শরীর।
ক্ষণেকে ভঙ্গুর, যেন তড়িত অস্থির॥
তাহাতে দুর্লভ কৃষ্ণ-প্রিয়-দরশন।

৩০ একান্ত-কুশল-পথ পুছি তে-কারণ॥

৩১। ধর্ম্মান্ ভাগবতান্ ব্রূত যদি নঃ শ্রুতয়ে ক্ষমম্। যৈঃ প্রসন্নঃ প্রপন্নায় দাস্যত্যাত্মানমপ্যজঃ॥

শ্রীনারদ উবাচ

৩২। এবং তে নিমিনা পৃষ্টা বসুদেব! মহত্তমাঃ। প্রতিপূজ্যাব্রুবন্ প্রীত্যা সসদস্যর্ত্বিজং নৃপম্॥

শ্রীকবিরুবাচ

৩৩। মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য, পাদাম্বুজোপাসনমত্র নিত্যম্।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাদ্,-বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ॥

৩৪। যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া হ্যাত্মলব্ধয়ে। অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্॥

৩৫। যানাস্থায় নরো রাজন্! ন প্রমাদ্যেত কর্হিচিৎ। ধাবন্ নিমীল্য বা নেত্রে ন স্খলেন্নপ তেদিহ॥

৩৬। কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্বা, বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ।
করোতি যদ্যৎ সকলং পরস্মৈ, নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ॥

৩৭। ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যা,-দীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেত্তং, ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা॥

তিলেক সৎসঙ্গ হয় কোন-পরকারে।
সেই মহানিধি-লাভ জানিলুঁ সংসারে॥

৩১ মুঞি যদি শুনিবারে হঙ যোগ্যপাত্র।
তবে সবে ভাগবত-ধর্ম্ম কহ মাত্র॥
কেহ যদি কৃষ্ণ ভজে স্বধর্ম্ম আচরি'।
আপনাকে দিয়া তাঁ'র বশ হয় হরি॥'

৩২ নিমির বচন শুনি' মহামুনিগণে।
প্রশংসিয়া বোলে,—'রাজা! শুন সাবধানে॥'

৩৩ কবি বোলে,—'আমি-সবে এই মাত্র বুঝি।
যেন-তেন-মতে কৃষ্ণপদযুগ ভজি॥
সবে ওই পাদপদ্ম অভয়-কল্যাণ।
মহাভয়-বিনাশন, দুঃখ-পরিত্রাণ॥
দেহ, গেহ, সুত, দার অসত্য-ধেয়ানে।
চিত্তগত উদবেগ বাঢ়ে দিনে-দিনে॥
একচিত্ত হয় কত নানা-পরকারে।
অভয়চরণ সভে দুঃখ-প্রতিকারে॥

৩৪ যত যত উপায় কহিলা নারায়ণে।
মূর্খজন-পরিত্রাণ হয় যাহা-হনে॥
সেই ভাগবত-ধর্ম্ম জানিহ নিশ্চয়।
যাহা হৈতে কৃষ্ণ পাই—কহিলুঁ নির্ণয়॥

৩৫ যে ধর্ম্ম আশ্রয় কৈলে নহে পরমাদ।
যে ধর্ম্মে থাকিলে কিছু নহে বিঘ্নপাত॥
এ ধর্ম্ম আশ্রয় করি' মুদিত-নয়নে।
সুপথ তেজিয়া করে' কুপথে গমনে॥
শ্রুতি, স্মৃতি দুই শাস্ত্র—বিপ্রের লোচন।
এক না থাকিলে বলি'—কাণা এ ব্রাহ্মণ॥
দুই না থাকিলে 'অন্ধ' বলিএ তাহারে।
হেন বিপ্র হয় যদি, তথাপি না পড়ে॥
হেন ভাগবত-ধর্ম্ম ঈশ্বরের বাণী।
ইহাতে সংশয়-বুদ্ধি করে' কেহো জানি॥

৩৬ যে-যে কর্ম্ম করে' যেবা কায়-মন-চিত্তে।
সহজ-স্বভাবে কিবা করে' বুদ্ধিগতে॥
সকল ইন্দ্রিয়গণ-বাক্য-অহঙ্কারে।
লৌকিক, বৈদিক কর্ম্ম যেবা যত করে'॥
সকল করিব জীব কৃষ্ণে সমর্পণ।
ঈশ্বরে কহিলা—এই ভাগবত-ধর্ম্ম॥'

৩৭ 'ঈশ্বর ভজিলে কিবা আছে প্রয়োজন?
জ্ঞান হৈলে হয় সব বিপদ-খণ্ডন॥'
'হেন যদি বল', রাজা! কহিব তোমারে।
কৃষ্ণ না ভজিলে কেহো সংসার না তরে'॥

৩৮। অবিদ্যমানোঽপ্যবভাতি হি দ্বয়ো, ধ্যাতুর্ধিয়া স্বপ্নমনোরথৌ যথা।
তৎ কর্ম্মসঙ্কল্পবিকল্পকং মনো, বুধো নিরুন্ধ্যাদভয়ং ততঃ স্যাৎ॥

৩৯। শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণে,-র্জন্মানি কর্ম্মাণি চ যানি লোকে।
গীতানি নামানি তদর্থকানি, গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ॥

৪০। এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা, জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।
হসত্যথো রোদিতি রৌতি গায়,-ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ॥

৪১। খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ, জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন্।
সরিৎসমুদ্রাংশ্চ হরেঃ শরীরং, যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্যঃ॥

৪২। ভক্তিঃ পরেশানুভবো বিরক্তি,-রন্যত্র চৈষ ত্রিক এককালঃ।
প্রপদ্যমানস্য যথাশ্নতঃ স্যু,-স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসম্॥

ঈশ্বরবিমুখ জনে হয় দেবমায়া।
তুঞি-মুঞি—ভেদবুদ্ধি করে' দেহ পাঞা॥
তা'থে শত্রু-মিত্র হয়—এ-সব কল্পনা।
তবে শোক, দুঃখ, ভয়, অশেষ-ভাবনা॥
'মুঞি দেহ'—হেন হয় বুদ্ধি-বিপর্য্যয়।
তে-কারণে হয় তা'র নানা দুঃখ-ভয়॥
যাঁহার মায়ায় হয় এত বিড়ম্বন।
এ বোল বুঝিয়া কৃষ্ণ ভজে বুধজন॥
'গুরু সে ঈশ্বর, আত্মা—করয়ে ভাবনা।
কৃষ্ণ-গুরু এক করি' করে' উপাসনা॥

৩৮ দুই হেন বস্তু নাহি বিচার করিতে।
যেন স্বপ্নে মনোরথ মিলয়ে ভাবিতে॥
এ-সব সকল দেখ মনের বিলাস।
মন নিরোধিলে সব ভয় যায় নাশ॥

৩৯ এ-সব দুর্গম পথ, ভজন-শকতি।
তে-কারণে কহি, রাজা! সুগম-ভকতি॥
কৃষ্ণের মঙ্গল-কর্ম্ম-জনম-চরিত।
শুনিব শ্রবণ ভরি' যে হয় পণ্ডিত॥
উচ্চস্বরে নাম-গুণ করিব কীর্ত্তন।
লাজ, ভয় পরিহরি' করে' পর্য্যটন॥
মনের আসক্তি ছাড়ি' রহে যথা-তথা।
সে-জন বৈষ্ণব, রাজা! জানহ সর্ব্বথা॥

৪০ শ্রবণ, কীর্ত্তন, ব্রত, সংকল্প যাঁহার।
শ্রবণ-কীর্ত্তনে চিত্ত দ্রবয়ে তাঁহার॥
উচ্চস্বরে হাসে, ক্ষেণে করয়ে রোদন।
উচ্চস্বরে গায়, ক্ষেণে ঘন গরজন॥
উনমতবত নাচে লোকবাহ্য হৈয়া।
লোক-বেদ, লাজ-ভয় সব তেয়াগিয়া॥

৪১ আকাশ, পবন, বহ্নি, মহী, জ্যোতি, জল।
নদ-নদী, তরুগণ, পর্ব্বত, সাগর॥
সকল কৃষ্ণের তনু জানিব গেয়ানে।
প্রণাম করিব সব বিনয়-বিধানে॥

৪২ যদি বল', 'বহু-জন্ম তপোযোগ করি'।
এমত দুর্লভ-জ্ঞান লভিতে না পারি॥
কেবল কীর্ত্তন-মাত্রে হেন দিব্যজ্ঞান।
একজন্মে হয়, এ'ত না হয় প্রমাণ!!'
হেন যদি বোল', রাজা! কহিব মরমে।
'ভজিতে থাকুক, মাত্র শ্রবণ-কীর্ত্তনে॥
ভক্তিযোগ-অনুগত তত্ত্বজ্ঞান স্ফুরে।
বিষয়-বৈরাগ্য তিন বাঢ়ে এককালে॥
ভোজন করিতে যেন গরাসে গরাসে।
তুষ্টি-পুষ্টি হয় যেন, ক্ষুধাও বিনাশে॥

৪৩। ইত্যচ্যুতাঙ্ঘ্রিং ভজতোঽনুবৃত্ত্যা, ভক্তির্বিরক্তির্ভগবৎপ্রবোধঃ।
ভবন্তি বৈ ভাগবতস্য রাজন্, ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ॥

শ্রীরাজোবাচ

৪৪। অথ ভাগবতং ব্রূত যদ্ধর্ম্মো যাদৃশো নৃণাম্। যথাচরতি যদ্ব্রূতে যৈর্লিঙ্গৈর্ভগবৎপ্রিয়ঃ॥

শ্রীহরিরুবাচ

৪৫। সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ। ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ॥
৪৬। ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ। প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥
৪৭। অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥
৪৮। গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ যো ন দ্বেষ্টি ন হৃষ্যতি।
বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্ স বৈ ভাগবতোত্তমঃ॥
৪৯। দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং যো, জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ।
সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ, স্মৃত্যা হরের্ভাগবতপ্রধানঃ॥
৫০। ন কামকর্ম্মবীজানাং যস্য চেতসি সম্ভবঃ। বাসুদেবৈকনিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ॥
৫১। ন যস্য জন্মকর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।
সজ্জতেঽস্মিন্নহম্ভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ॥

---

৪৩ এইরূপে কৃষ্ণপদ ভজিতে ভজিতে।
বিষয়-বৈরাগ্য হয় ভকতি সাধিতে॥
অনুভব, তত্ত্বজ্ঞান করয়ে উদয়।
তবে শান্তিরস পাঞা শান্ত হৈয়া রয়॥'

৪৪ নিমিরাজা বলে,'—'শুন, মহাযোগিগণ!
কিরূপ ভক্তের চিহ্ন, কি তাঁ'র লক্ষণ?
কি বোলে, কি করে' তাঁ'রা, কি ধর্ম্ম আচার?'

৪৫ হরি বোলে,—'শুন, রাজা! কহিএ তোমার॥
সর্ব্বভূতে আত্মভাব, এক নারায়ণ।
সব ভগবানে বৈসে দেখয়ে যে-জন॥
ভাগবতোত্তম এই জানিহ নিশ্চয়।

৪৬ ভকত-মধ্যম তবে করিব নির্ণয়॥
ঈশ্বরে করয়ে প্রেম, ভকতে মিত্রতা।
দীন-হীন-জনে কৃপা, বিপক্ষে ত্যাগিতা॥
এই সে জানিহ, রাজা! ভকত-মধ্যম।

৪৭ প্রাকৃত-ভক্তের, শুন, কহিএ লক্ষণ॥
প্রতিমাতে পূজে কৃষ্ণ শ্রদ্ধা-ভক্তি করি'।
ভক্তজন না পূজে ঈশ্বর-বুদ্ধি ধরি'॥
প্রাকৃত-ভকত তা'থে জানিব বিদিতে।
ত্রিবিধ ভকত, রাজা! কহিলুঁ সাক্ষাতে॥

৪৮ দেহমাত্র কেবল বিষয় ভোগ করে'।
হিংসা, দ্বেষ, অহঙ্কার, আকাঙ্ক্ষা না ধরে॥
দেখিব ঈশ্বর-মায়া—এ তিন ভুবন।
এই সে উত্তম-ভাগবতের লক্ষণ॥

৪৯ ক্ষুধা, তৃষ্ণা, দুঃখ, ভয়, জনম, মরণ।
এ-সব সংসার-ধর্ম্ম, দেহের কারণ॥
এ-সভে মোহিত যেবা নহে অতিশয়।
হরির স্মরণে হয় আনন্দ-উদয়॥
সেই সে জানিবে, নিমি! ভকত-প্রধান।
তবে আর কহি, রাজা! কর' অবধান॥

৫০ যাঁ'র চিত্তে কাম-কর্ম্ম না উঠে বাসনা।
ঈশ্বর-আশ্রয়-মাত্র করয়ে যে-জনা॥
ভকত-উত্তম তাঁ'রে জানিহ লক্ষণে।

৫১ জন্ম-কর্ম্মে চিত্তে যাঁ'র নাহি অভিমানে॥
জাতি-কুলে, বর্ণ-ধর্ম্মে নাহি অহঙ্কার।
ভকত-উত্তম—এই লক্ষণ তাঁহার॥

৫২। ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা। সর্ব্বভূতসমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ॥
৫৩। ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠ,-স্মৃতিরজিতাত্মসুরাদিভির্বিমৃগ্যাৎ।
ন চলতি ভগবৎপদারবিন্দা,-ল্লবনিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ॥
৫৪। ভগবত উরুবিক্রমাঙ্ঘ্রিশাখা,-নখমণিচন্দ্রিকয়া নিরস্ততাপে।
হৃদি কথমুপসীদতাং পুনঃ স, প্রভবতি চন্দ্র ইবোদিতেঽর্কতাপঃ?
৫৫। বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষা,-দ্ধরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।
প্রণয়রশনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ, স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীনারদবসুদেব-সংবাদে দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২॥

---

৫২ নিজ-পর-বুদ্ধি যাঁ'র নহে দেহ-গেহে।
সুত-বিত্ত পাঞা যাঁ'র ভেদবুদ্ধি নহে॥
সর্ব্বজীবে সমবুদ্ধি, শান্তরস ধরে।
ভকত-উত্তম তা'থে জানিবে সংসারে॥

৫৩ এ তিন-ভুবন-রাজ্যপদ-অধিকার।
তভু কৃষ্ণস্মৃতি-ভঙ্গ না হয় যাঁহার॥
যোগীন্দ্র-মুনীন্দ্রগণ চিন্তিতে না পায়।
শঙ্কর-বিরিঞ্চি-আদি ধ্যানেতে ধিয়ায়॥
হেন চরণারবিন্দ তিলেক না ছাড়ে।
লব-নিমিষের আধ যে-জন না চলে'॥
এই সে লক্ষণ, রাজা! মহাভাগবতে।
বৈষ্ণব-লক্ষণ এই কহিলুঁ সাক্ষাতে॥

৫৪ কৃষ্ণচরণারবিন্দ-পল্লববিলাস।
নখমণি-বিরাজিত-চন্দ্রিকা-প্রকাশ॥
হৃদিগত তাপ-সব হয় বিমোচন।
পুনরপি নহে তাঁ'র তাপ উতপন্ন॥
সূর্য্যতাপ হরয়ে উদিত শশধরে।
ভক্তের না রহে তাপ হৃদয়কমলে॥

৫৫ যেন-তেন-মতে ধরে হৃদয়পঙ্কজে।
তথাপি গোবিন্দ তাঁ'র হৃদয় না তেজে'॥
হৃদয়ে চিন্তিলে ঘোর এ সংসার তরে'।
হেন কৃষ্ণে প্রেমপাশে যে বান্ধিতে পারে॥
সেই মহাভাগবত, ভকত-সত্তম।
কহিলুঁ ত্রিবিধ, নিমি! বৈষ্ণব-লক্ষণ॥"

ভক্তিরস-সুধাসিন্ধু গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২॥

তৃতীয়োঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। পরস্য বিষ্ণোরীশস্য মায়িনামপি মোহিনীম্। মায়াং বেদিতুমিচ্ছামো ভগবন্তো ব্রুবন্তু নঃ॥
২। নানুতৃপ্যে জুষন্ যুষ্মদ্বচো হরিকথামৃতম্। সংসারতাপনিস্তপ্তো মর্ত্ত্যস্তত্তাপভেষজম্॥

[ধানশী-রাগ]

১ নিমি বলে',—"বিষ্ণুমায়া জগত-মোহিনী।
কিরূপ বৈষ্ণবী মায়া, কোন্ মতে জানি?
বিষ্ণুমায়া কহ মোরে, মহামুনিগণে।
২ তৃপ্তি নাহি হয় হরি-কথামৃত-পানে॥
এ ঘোর সংসারতাপে মুঞি সে তাপিত।
দান দেহ' হরিকথা-বচন-অমৃত॥"

শ্রীঅন্তরিক্ষ উবাচ

৩। এভির্ভূতানি ভূতাত্মা মহাভূতৈর্মহাভুজ! সসর্জ্জোচ্চাবচান্যাদ্যঃ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে॥
৪। এবং সৃষ্টানি ভূতানি প্রবিষ্টঃ পঞ্চধাতুভিঃ। একধা দশধাত্মানং বিভজন্ জুষতে গুণান্॥
৫। গুণৈর্গুণান্ স ভুঞ্জান আত্মপ্রদ্যোতিতৈঃ প্রভুঃ। মন্যমান ইদং সৃষ্টমাত্মানমিহ সজ্জতে॥
৬। কর্ম্মাণি কর্ম্মভিঃ কুর্ব্বন্ সনিমিত্তানি দেহভৃৎ। তত্তৎ কর্ম্মফলং গৃহ্ণন্ ভ্রমতীহ সুখেতরম্॥
৭। ইত্থং কর্ম্মগতীর্গচ্ছন্ বহ্বভদ্রবহাঃ পুমান্। আভূতসংপ্লবাৎ সর্গপ্রলয়াবশ্নুতেঽবশঃ॥
৮। ধাতুপপ্লব আসন্নে ব্যক্তং দ্রব্যগুণাত্মকম্। অনাদিনিধনঃ কালো হ্যব্যক্তায়াপকর্ষতি॥
৯। শতবর্ষা হ্যনাবৃষ্টির্ভবিষ্যত্যুল্বণা ভুবি। তৎকালোপচিতোষ্ণার্কো লোকাংস্ত্রীন্ প্রতপিষ্যতি॥
১০। পাতালতলমারভ্য সঙ্কর্ষণমুখানলঃ। দহন্নূর্দ্ধশিখো বিষ্বগ্ বর্দ্ধতে বায়ুনেরিতঃ॥
১১। সাংবর্ত্তকো মেঘগণো বর্ষতি স্ম শতং সমাঃ। ধারাভির্হস্তিহস্তাভির্লীয়তে সলিলে বিরাট্॥
১২। ততো বিরাজমুৎসৃজ্য বৈরাজঃ পুরুষো নৃপ! অব্যক্তং বিশতে সূক্ষ্মং নিরিন্ধন ইবানলঃ॥
১৩। বায়ুনা হৃতগন্ধা ভূঃ সলিলত্বায় কল্পতে। সলিলং তদ্ধৃতরসং জ্যোতিষ্ট্বায়োপকল্পতে॥
১৪। হৃতরূপন্তু তমসা বায়ৌ জ্যোতিঃ প্রলীয়তে। হৃতস্পর্শোঽবকাশেন বায়ুর্নভসি লীয়তে।
কালাত্মনা হৃতগুণং নভ আত্মনি লীয়তে॥
১৫। ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিঃ সহ বৈকারিকৈর্নৃপ! প্রবিশন্তি হ্যহঙ্কারং স্বগুণৈরহমাত্মনি॥

---

৩ অন্তরিক্ষ বলে',—'রাজা! শুন সাবধানে।
বিষ্ণুমায়া কহিব কিঞ্চিৎ সমাধানে॥
আদিপুরুষ হরি কারণ-স্বরূপে।
চরাচর-শরীর সৃজিলা নানারূপে॥
শক্তি পরকাশ করি' সৃজয়ে কারণ।
কারণে করয়ে হরি জগৎ সৃজন॥
জীবের বিষয়ভোগ-মুকতি-কারণে।
সৃষ্টি করে' নারায়ণ বিবিধ-বিধানে॥
৪ মায়ায় করিয়া হরি জগৎ নির্ম্মাণ।
প্রবেশ করয়ে তাহে এক ভগবান্॥
অন্তর্য্যামিরূপে হরি ভুঞ্জয়ে, ভুঞ্জায়।
৫ কর্ত্তা নহে, ভোক্তা নহে, করয়ে, করায়॥
ইন্দ্রিয় বিষয় ভুঞ্জে ঈশ্বরযোজিত।
আপনাতে অহঙ্কার করে' কুপণ্ডিত॥
এই-সে কারণে জীব শরীর-বন্ধনে।
'মুঞি কর্ত্তা ভোক্তা' করি' আপনাতে মানে'॥
৬ দেহযোগে শুভাশুভ নানা কর্ম্ম করে'।
সুখ-দুঃখ ফল ভুঞ্জে নানা-কলেবরে॥
যাবত পর্য্যন্ত হয় উতপতি-প্রলয়।
তাবত জনম, মৃত্যু, সুখ, দুঃখ হয়॥
৭ এইরূপে ভ্রমে' লোক এ ঘোর সংসারে।
সুখ-দুঃখ কর্ম্মফল ভুঞ্জে নিরন্তরে॥
৮ ঈশ্বর নির্গুণ, নিরাধার, নিরালম্ব।
সুখময়, রসসিন্ধু, নিত্য সুখানন্দ॥
প্রলয়-সময় আসি' মিলয়ে যখনে।
অনাদি-নিধন কালে সংহরে তখনে॥
৯ অনাবৃষ্টি হয় তবে শতেক বৎসর।
তিন-লোক দহিব প্রচণ্ড দিবাকর॥
১০ অনন্তের মুখ হৈতে আগুনি উঠিব।
পাতাল-পর্য্যন্ত লোক সকল দহিব॥
১১ তবে মেঘগণ হৈব সম্বর্ত্তক-নামে।
শতেক বৎসর করে' ধারা বরিষণে॥
গজশুণ্ড হয় যেন ধারা-বরিষণ।
বিরাট্-পুরুষ তবে তেজি' ত্রিভুবন॥
১২ ব্রহ্মে পরবেশ করে' বিরাট্ ঈশ্বর।
কারণে কারণ গিয়া মিলয়ে সকল॥

১৬। এষা মায়া ভগবতঃ সর্গস্থিত্যন্তকারিণী। ত্রিবর্ণা বর্ণিতাস্মাভিঃ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ?

শ্রীরাজোবাচ

১৭। যথৈতামৈশ্বরীং মায়াং দুস্তরামকৃতাত্মভিঃ। তরন্ত্যঞ্জঃ স্থূলধিয়ো মহর্ষ ইদমুচ্যতাম্॥

শ্রীপ্রবুদ্ধ উবাচ

১৮। কর্ম্মাণ্যারভমাণানাং দুঃখহত্যৈ সুখায় চ। পশ্যেৎ পাকবিপর্য্যাসং মিথুনীচারিণাং নৃণাম্॥
১৯। নিত্যার্ত্তিদেন বিত্তেন দুর্লভেনাত্মমৃত্যুনা। গৃহাপত্যাপ্তপশুভিঃ কা প্রীতিঃ সাধিতৈশ্চলৈঃ ?
২০। এবং লোকং পরং বিদ্যান্নশ্বরং কর্ম্মনির্ম্মিতম্। সতুল্যাতিশয়ধ্বংসং যথা মণ্ডলবর্ত্তিনাম্॥
২১। তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমম্। শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্॥
২২। তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্গুর্ব্বাত্মদৈবতঃ। অমায়য়ানুবৃত্ত্যা যৈস্তুষ্যেদাত্মাত্মদো হরিঃ॥
২৩। সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু। দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেষ্বদ্ধা যথোচিতম্॥
২৪। শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জ্জবম্। ব্রহ্মচর্য্যমহিংসাঞ্চ সমত্বং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ॥
২৫। সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেততাম্। বিবিক্তচীরবসনং সন্তোষং যেন কেনচিৎ॥

১৩-১৫ সকল ত্রিগুণ অহঙ্কারে পরবেশে'।
অহঙ্কারের প্রলয় হয় অবশেষে॥
সকল প্রবেশ করে' প্রকৃতি-ভিতরে।
প্রকৃতি প্রবেশ গিয়া করে' মহেশ্বরে॥

১৬ এই বিষ্ণুমায়া, রাজা! জগতমোহিনী।
কহিলুঁ তোমারে সৃষ্টি-সংহার-কারিণী॥
আর কি জিজ্ঞাস,' এবে কহ, ক্ষিতিপতি'!'

১৭ তবে নিমিরাজা বলে' করিয়া বিনতি॥
'কিরূপে ঈশ্বর-মায়া মন্দমতি-জনে।
তরিব, উপায় তা'র কহিবে এখনে॥'

১৮ রাজার বচন শুনি' প্রবুদ্ধ সুধীর।
কহিতে লাগিলা মনে যুক্তি করি' স্থির॥
'সুখের উৎপন্নে হয় দুঃখ-বিনাশনে।
কর্ম্ম করে' গৃহী লোক, এই-সে কারণে॥
স্ত্রী-সঙ্গে গৃহবাসীর দুঃখমাত্র সার।
দুঃখ বিনে পরিণামে কিছু নাহি আর॥

১৯ মৃত্যু-হেতু ধনমাত্র দুর্লভ ঘটনে।
দুঃখময় ধনে কিছু নাহি প্রয়োজনে॥
পশু, ভৃত্য, গৃহ, দার বিজুলি-চঞ্চল।
যতনে সাধিলে তা'থে আছে কিবা ফল ?

২০ ইহলোক, পরলোক, সকল বিনাশী।
দুঃখমাত্র সার, যদি হয় গৃহবাসী॥
মদ, মান, হিংসা-মাত্র হয় গৃহবাসে।
পুন নিপাতন হয় কর্ম্মফল-নাশে॥

২১ এ-বোল বুঝিয়া, গুরু করিয়া আশ্রয়।
ভজিব উত্তম-গুরু করিয়া নির্ণয়॥
শব্দব্রহ্ম, পরব্রহ্ম—দুঁহে সুপণ্ডিত।
শান্ত, দান্ত, ভক্তিযোগযুত, পরহিত॥
হেন গুরু ভজিব কপট পরিহরি'।

২২ শিখিব বৈষ্ণব-ধর্ম্ম গুরুসেবা করি'॥

২৩ প্রথমে শিখিব পরিবার-প্রেম-ভঙ্গ।
মনে কভু না করিব কা'র সনে সঙ্গ॥
সাধুসঙ্গ, সাধুসেবা, দয়া সর্ব্বজনে।
যথাযোগ্য প্রেম, মৈত্রী শিখিব যতনে॥

২৪ ত্যাগ, তপ, শৌচ, মৌন, বেদ-অভ্যসন।
শম, দম, ব্রহ্মচর্য্য, কপট-বর্জ্জন॥

২৫ সর্ব্বত্র ঈশ্বর-দৃষ্টি, মনে উদাসীন।
সর্ব্বত্র থাকিব, কা'রো নৈব মর্ম্ম ভিন॥
গৃহারম্ভ-পরিত্যাগী থাকিব বিরলে।
যেন-তেন-মতে তুষ্ট থাকিব কুশলে॥

২৬। শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রেঽনিন্দামন্যত্র চাপি হি। মনোবাক্কর্ম্মদণ্ডঞ্চ সত্যং শমদমাবপি ॥
২৭। শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুতকর্ম্মণঃ। জন্মকর্ম্মগুণানাঞ্চ তদর্থেঽখিলচেষ্টিতম্ ॥
২৮। ইষ্টং দত্তং তপো জপ্তং বৃত্তং যচ্চাত্মনঃ প্রিয়ম্।
দারান্ সুতান্ গৃহান্ প্রাণান্ যৎ পরস্মৈ নিবেদনম্ ॥
২৯। এবং কৃষ্ণাত্মনাথেষু মনুষ্যেষু চ সৌহৃদম্। পরিচর্য্যাঞ্চোভয়ত্র মহৎসু নৃষু সাধুষু ॥
৩০। পরস্পরানুকথনং পাবনং ভগবদ্যশঃ। মিথো রতির্মিথস্তুষ্টির্নিবৃত্তির্মিথ আত্মনঃ ॥
৩১। স্মরন্তঃ স্মারয়ন্তশ্চ মিথোঽঘৌঘহরং হরিম্। ভক্ত্যা সঞ্জাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুম্ ॥
৩২। ক্বচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া ক্বচি,-দ্ধসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ।
নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং, ভবন্তি তুষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ ॥
৩৩। ইতি ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ ভক্ত্যা তদুত্থয়া। নারায়ণপরো মায়ামঞ্জস্তরতি দুস্তরাম্ ॥

শ্রীরাজোবাচ

৩৪। নারায়ণাভিধানস্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ। নিষ্ঠামর্হথ নো বক্তুং যূয়ং হি ব্রহ্মবিত্তমাঃ ॥

শ্রীপিপ্পলায়ন উবাচ

৩৫। স্থিত্যুদ্ভবপ্রলয়হেতুরহেতুরস্য, যৎ স্বপ্নজাগরসুষুপ্তিষু সদ্বহিশ্চ।
দেহেন্দ্রিয়াসুহৃদয়ানি চরন্তি যেন, সঞ্জীবিতানি তদবেহি পরং নরেন্দ্র !

---

২৬ শ্রীভাগবত-শাস্ত্র করিব অভ্যাস।
অন্য-শাস্ত্র-নিন্দা না করিব পরকাশ ॥
বাক্য-মন-দমন, শিখিব কর্ম্মদণ্ড।
সত্য-বাণী-শিক্ষা লৈব, বর্জ্জিব পাষণ্ড ॥

২৭ কৃষ্ণ-নাম-গুণ-কর্ম্ম-শ্রবণ-কীর্ত্তন।
সর্ব্বকর্ম্ম কেশবে করিব সমর্পণ ॥

২৮ যজ্ঞ, দান, তপ, যোগ, স্বধর্ম্ম-আচার।
প্রিয় হেন বস্তু যদি মানে' আপনার ॥
সুত-দার-গৃহ-প্রাণ কৃষ্ণে সমর্পিব।
সব নিবেদন করি' উদাসীন হৈব ॥

২৯ কৃষ্ণনাথ-জনে জীব সাধিব পিরীতি।
সাধুজন-পরিচর্য্যা শিখিব ভকতি ॥

৩০ অন্যোঽন্যে করিব কৃষ্ণ-চরিত্র-কথন।
তুষ্টি-রতি শিখিব, বৈষ্ণব-সম্ভাষণ ॥

৩১ সঙরিব, সঙরাইব কৃষ্ণের চরিত্র।
কৃষ্ণ-নাম লওয়াইব জগত পবিত্র ॥
ভকতি সাধিতে ভক্তি হয় উতপতি।
পুলকিত তনু ধরে, যেন উনমতি ॥

৩২ ক্ষেণে কান্দে কৃষ্ণগুণ করিয়া চিন্তন।
ক্ষেণে হাসে, ক্ষেণে নাচে, ক্ষেণে গরজন ॥
ক্ষেণে গায়, ক্ষেণে বোলে অলৌকিক-বাণী।
ক্ষেণে নিঃশবদে রহে কৃষ্ণগুণ শুনি' ॥

৩৩ এই নানা ভাগবত-ধর্ম্ম শিক্ষা করি'।
গুরু আরাধিয়া কৃষ্ণে চিত্তবৃত্তি ধরি' ॥
তবে জীব হয় নারায়ণ-পরায়ণ।
তবে বিষ্ণুমায়া ঘুচে, অবিদ্যা-খণ্ডন ॥'

৩৪ রাজা বলে',—'নিবেদন করিয়ে চরণে।
নারায়ণ-তত্ত্ব মোরে কহ, মুনিগণে !
পুরুষ-পুরাণ ব্রহ্ম, এক নারায়ণ।
কৃপা করি' তাঁ'র তত্ত্ব করাহ শ্রবণ ॥'

৩৫ শুনিয়া পিপ্পলায়ন বোলে,—'নরেশ্বর !
নারায়ণ-তত্ত্ব শুন, আমার গোচর ॥
যাঁহা হৈতে উৎপত্তি-প্রলয়-পালন।
যাঁহা হৈতে কোটি-কোটি ব্রহ্মাণ্ড-ঘটন ॥
তিন কালে সত্য, যাঁ'র নাহি শক্তি-ভঙ্গ।
সর্ব্বজীবে বৈসে, নাহি কা'রো সহে সঙ্গ ॥

৩৬। নৈতন্মনো বিশতি বাগুত চক্ষুরাত্মা, প্রাণেন্দ্রিয়াণি চ যথানলমর্চ্চিষঃ স্বাঃ।
শব্দোঽপি বোধকনিষেধতয়াত্মমূল,-মর্থোক্তমাহ যদৃতে ন নিষেধসিদ্ধিঃ॥

৩৭। সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃদেকমাদৌ, সূত্রং মহানহমিতি প্রবদন্তি জীবম্।
জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়োরুশক্তি, ব্রহ্মৈব ভাতি সদসচ্চ তয়োঃ পরং যৎ॥

৩৮। নাত্মা জজান ন মরিষ্যতি নৈধতেঽসৌ, ন ক্ষীয়তে সবনবিদ্ব্যভিচারিণাং হি।
সর্ব্বত্র শশ্বদনপায্যুপলব্ধিমাত্রং, প্রাণো যথেন্দ্রিয়বলেন বিকল্পিতং সৎ॥

৩৯। অণ্ডেষু পেশিষু তরুষ্ববিনিশ্চিতেষু, প্রাণো হি জীবমুপধাবতি তত্র তত্র।
সন্নে যদিন্দ্রিয়গণেঽহমি চ প্রসুপ্তে, কূটস্থ আশয়মৃতে তদনুস্মৃতির্নঃ॥

৪০। যর্হ্যব্জনাভচরণৈষণয়োরুভক্ত্যা, চেতোমলানি বিধমেদ্গুণকর্ম্মজানি।
তস্মিন্ বিশুদ্ধ উপলভ্যত আত্মতত্ত্বং, সাক্ষাদ্যথামলদৃশোঃ সবিতৃপ্রকাশঃ॥

শ্রীরাজোবাচ

৪১। কর্ম্মযোগং বদত নঃ পুরুষো যেন সংস্কৃতঃ। বিধুয়েহাশু কর্ম্মাণি নৈষ্কর্ম্ম্যং বিন্দতে পরম্॥

বুদ্ধি-মন-প্রাণ যাঁ'র শক্তিবলে চলে।
সেই নারায়ণ, রাজা! কহিলুঁ তোমারে॥

৩৬ মন-বচনের নাহি যাঁহাতে প্রবেশ।
না দেখে ইন্দ্রিয়গণে, নাহি গুণলেশ॥
মন-বুদ্ধি-প্রাণ যাঁহা হৈতে উপাদান।
সেই মন-বুদ্ধি তাঁ'র নহে সন্নিধান॥
আগুনের শিখা যেন উঠয়ে অনলে।
পুন যেন পরবেশ করিতে না পারে॥
কত যায়, কত হয় নারায়ণ হৈতে।
কেহ পুন না জানয় নারায়ণ-তত্ত্বে॥
শব্দব্রহ্ম বেদ, সেহ বুদ্ধি-অনুসারে।
নিষেধ করিতে গিয়া রহে যত দূরে॥
সেই ব্রহ্ম সভে, এই করে' নিরূপণ।
নহে তত্ত্ব অবধারি' কহিতে ভাজন॥

৩৭ এক ব্রহ্ম সভে-মাত্র আছিল প্রথমে।
ত্রিগুণ-প্রকৃতি জনমিল যাঁহা-হনে॥
তবে সূত্র জনমিল, মহৎ-উদয়।
তবে জীব জনমিল জ্ঞান-কর্ম্মময়॥
এক ব্রহ্ম নানা-শক্তি করে' পরকাশ।
বহুরূপে করে' ব্রহ্ম আনন্দ-বিলাস॥

৩৮ যদি বল',—এক হৈয়া বহুরূপ ধরে।
তবে ব্রহ্ম বদ্ধ কেন না হয় সংসারে?
হেন যদি বল', রাজা! শুন সমাধান।
না হয়, না মরে' ব্রহ্ম, নিত্য ভগবান্॥
না টুটে, না বাঢ়ে ব্রহ্ম, ছোট-বড় নয়।
এক ব্রহ্ম উপাধি-বর্জ্জিত সুখময়॥
এক ব্রহ্ম আছে মাত্র, সভে এই লখি।
মনের কল্পিত সব, যত নানা দেখি॥

৩৯ কীট, পতঙ্গ, তরু, তৃণ-আদি করি'।
সব ঠাঞি বৈসে আত্মা সব রূপ ধরি'॥
এইরূপে করি মাত্র ঈশ্বর-নির্ণয়।
আত্মা-বিনে দেখি, শুনি, কিছু সত্য নয়॥

৪০ কৃষ্ণচরণারবিন্দ-কৃপা যদি হয়।
তবে তাঁ'র ভক্তিযোগ করএ উদয়॥
তবে যদি চিত্তগত তম যায় নাশ।
নিরমল-চিত্তে হয় ব্রহ্ম-পরকাশ॥'

৪১ এতেক বচন শুনি' নিমি নরেশ্বর।
কর্ম্মযোগ জিজ্ঞাসিলা মুনির গোচর॥
'কর্ম্মযোগ কহ মোরে, মহাযোগিগণ!
যাহা হৈতে হয় সর্ব্ব-কর্ম্ম-বিমোচন॥

৪২। এবং প্রশ্নমৃষীন্ পূর্ব্বমপৃচ্ছং পিতুরন্তিকে। নাব্রুবন্ ব্রহ্মণঃ পুত্রাস্তত্র কারণমুচ্যতাম্॥

শ্রীআবির্হোত্র উবাচ

৪৩। কর্ম্মাকর্ম্ম বিকর্ম্মেতি বেদবাদো ন লৌকিকঃ। বেদস্য চেশ্বরাত্মত্বাত্তত্র মুহ্যন্তি সূরয়ঃ॥
৪৪। পরোক্ষবাদো বেদোঽয়ং বালানামনুশাসনম্। কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যগদং যথা॥
৪৫। নাচরেদ্যস্তু বেদোক্তং স্বয়মজ্ঞোঽজিতেন্দ্রিয়ঃ। বিকর্ম্মণা হ্যধর্ম্মেণ মৃত্যোর্মৃত্যুমুপৈতি সঃ॥
৪৬। বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽর্পিতমীশ্বরে। নৈষ্কর্ম্ম্যাং লভতে সিদ্ধিং রোচনার্থা ফলশ্রুতিঃ॥
৪৭। য আশু হৃদয়গ্রন্থিং নির্জ্জিহীর্ষুঃ পরাত্মনঃ। বিধিনোপচরেদ্দেবং তন্ত্রোক্তেন চ কেশবম্॥
৪৮। লব্ধানুগ্রহ আচার্য্যাত্তেন সন্দর্শিতাগমঃ। মহাপুরুষমভ্যর্চ্চেন্মূর্ত্ত্যাভিমতয়াত্মনঃ॥
৪৯। শুচিঃ সম্মুখমাসীনঃ প্রাণসংযমনাদিভিঃ। পিণ্ডং বিশোধ্য সন্ন্যাসকৃতরক্ষোঽর্চ্চয়েদ্ধরিম্॥
৫০। অর্চ্চাদৌ হৃদয়ে চাপি যথালব্ধোপচারকৈঃ। দ্রব্যক্ষিত্যাত্মলিঙ্গানি নিষ্পাদ্য প্রোক্ষ্য চাসনম্॥
৫১। পাদ্যাদীনুপকল্প্যাথ সন্নিধাপ্য সমাহিতঃ। হৃদাদিভিঃ কৃতন্যাসো মূলমন্ত্রেণ চার্চ্চয়েৎ॥

কর্ম্মে কর্ম্ম বিনাশিয়া কৃষ্ণপদে চলে'।
হেন কর্ম্মযোগ তুমি কহিবে আমারে॥

৪২ ইহা জিজ্ঞাসিলুঁ আমি বাপ-বিদ্যমানে।
উত্তর না দিলা সনকাদি কি কারণে?
কহিবে কারণ তা'র, মহাযোগেশ্বর!'

৪৩ আবির্হোত্র দিলা তবে তাহার উত্তর॥
'কর্ম্মাকর্ম্ম, বিকর্ম্ম—এই তিন বেদ-বাণী।
সাক্ষাত ঈশ্বর—বেদ, কহে সর্ব্বমুনি॥
তে-কারণে বেদ-বিমোহিত সর্ব্বজন।
বেদ বিচারিতে কেহ না জানে মরম॥

৪৪ পরমুখে বেদবাণী—বালক বুঝায়।
কর্ম্ম বিনাশিতে কর্ম্ম লোককে শিখায়॥
ছাওয়ালে না করে' যেন ঔষধ ভক্ষণ।
ঔষধ খাওয়াঞা করে' রোগ-নিবারণ॥

৪৫ বেদ কর্ম্ম-উপদেশ মূর্খ দেখি' ধরে।
কর্ম্মপথে বেদে মূর্খ নিয়োজিত করে'॥
আপনে বিষয়মত্ত, মূর্খ, অগেয়ান।
যে ধর্ম্ম বুঝায় বেদে, না করে' যাজন॥
বিকর্ম্মে অধর্ম্ম বাঢ়ে, হয় অধোগতি।
মৃত্যুপথে গতাগতি করে' মন্দমতি॥

৪৬ বেদ যে বুঝায় ধর্ম্ম, কহিব বিচারি'।
কৃষ্ণে সমর্পিব, ফল পরিত্যাগ করি'॥
সেই সে দুর্লভ মোক্ষ লভে মহামতি।
শ্রদ্ধা বাঢ়াইতে যত শুনি ফলশ্রুতি॥

শুভকর্ম্ম করাঞা নির্ম্মল-মতি করে'।
এই-সে কারণে বেদ ফলশ্রুতি ধরে॥

৪৭ যে পুন হৃদয়গ্রন্থি ফেলিব ছিণ্ডিয়া।
সে যেন গোবিন্দ ভজে একান্ত হইয়া॥

৪৮ গুরু-অনুগ্রহ লভি' লৈব উপদেশ।
কৃষ্ণমূর্ত্তি করিয়া পূজিব হৃষীকেশ॥

ইচ্ছা-অনুরূপ-মূর্ত্তি করিয়া প্রকাশ।
ভজিব গোবিন্দ-মূর্ত্তি করিয়া বিশ্বাস॥

৪৯ শুদ্ধ কলেবর হই' কল্পিব আসন।
সম্মুখে বসিয়া প্রাণ করিব সংযম॥

ভূতশুদ্ধি, ন্যাস্ করি' শোধিব শরীর।
রক্ষা-বন্ধ করি' কৃষ্ণ পূজিব সুধীর॥

৫০ প্রতিমাতে পূজি, কিবা হৃদয়কমলে।
যথালাভ উপহার ধরিব গোচরে॥

দ্রব্য, ভূমি, নিজ-অঙ্গ করিয়া প্রোক্ষণ।
সকল শোধন করি' শোধিব আসন॥

৫১ পাদ্য-অর্ঘ্য দিয়া মূর্ত্তি-অঙ্গন্যাস করি'।
মূলমন্ত্রে সব-দ্রব্য সমর্পণ করি॥

৫২। সাঙ্গোপাঙ্গাং সপার্ষদাং তাং তাং মূর্ত্তিং স্বমন্ত্রতঃ। পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ স্নানবাসোবিভূষণৈঃ॥
৫৩। গন্ধমাল্যাক্ষতস্রগ্‌ভির্ধূপদীপোপহারকৈঃ। সাঙ্গং সম্পূজ্য বিধিবৎ স্তবৈঃ স্তুত্বা নমেদ্ধরিম্॥
৫৪। আত্মানং তন্ময়ং ধ্যায়ন্ মূর্ত্তিং সম্পূজয়েদ্ধরেঃ। শেষামাধায় শিরসি স্বধাম্ন্যুদ্বাস্য সৎকৃতম্॥
৫৫। এবমগ্ন্যর্কতোয়াদাবতিথৌ হৃদয়ে চ যঃ। যজতীশ্বরমাত্মানমচিরান্মুচ্যতে হি সঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীজায়ন্তেয়োপাখ্যানে শ্রীবিদেহপ্রশ্নো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

---

৫২ অঙ্গ, উপাঙ্গ পূজি' পারিষদগণ।
মূলমন্ত্রে দিব পাদ্য-অর্ঘ্য-আচমন॥
৫৩ গন্ধ, মাল্য, ধূপ, দীপ, বসন, ভূষণ।
তবে সব উপহার করি' নিবেদন॥
বিধিমত পূজা করি' পূজিব শ্রীহরি।
স্তুতিপাঠ, দণ্ডবৎ-পরণাম করি॥
৫৪ কৃষ্ণময় হঞা পাছে পূজিব ঈশ্বর।
তবে নিবেদিত ধরি' শিরের উপর॥
তবে কৃষ্ণ ধরি' নিজ হৃদয়-কমলে।
নিতি নিতি পূজা করি এই পরকারে॥
৫৫ জলে কৃষ্ণ পূজি, কিবা অনল-ভাস্করে।
অতিথি পূজিতে, কিবা হৃদয়-কমলে॥
এইরূপে কৃষ্ণ যেবা পূজে নিরবধি।
মুক্তিপদ হয় তা'র, মিলে সর্ব্বসিদ্ধি॥"
ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

চতুর্থোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। যানি যানীহ কর্ম্মাণি যৈর্যৈঃ স্বচ্ছন্দজন্মভিঃ। চক্রে করোতি কর্ত্তা বা হরিস্তানি ব্রুবন্তু নঃ॥

শ্রীদ্রুমিল উবাচ

২। যো বা অনন্তস্য গুণাননন্তা,-ননুক্রমিষ্যন্ স তু বালবুদ্ধিঃ।
রজাংসি ভূমের্গণয়েৎ কথঞ্চিৎ, কালেন নৈবাখিলশক্তিধাম্নঃ॥
৩। ভূতৈর্যদা পঞ্চভিরাত্মসৃষ্টৈঃ, পুরং বিরাজং বিরচয্য তস্মিন্।
স্বাংশেন বিষ্টঃ পুরুষাভিধান,-মবাপ নারায়ণ আদিদেবঃ॥
৪। যৎকায় এষ ভুবনত্রয়সন্নিবেশো, যস্যেন্দ্রিয়ৈস্তনুভৃতামুভয়েন্দ্রিয়াণি।
জ্ঞানং স্বতঃ শ্বসনতো বলমোজ ঈহা, সত্ত্বাদিভিঃ স্থিতিলয়োদ্ভব আদিকর্ত্তা॥

[মল্লার-রাগ]

১ নিমি রাজা জিজ্ঞাসিলা,—"শুন, মুনিগণে!
কোন্ অবতার হরি কৈলা কোন্ স্থানে?
কি কি কর্ম্ম কৈলা হরি কি কি অবতারে?
অবতার-পুণ্যকথা কহিবে আমারে॥"
২ রাজার বচন শুনি' দ্রুমিল সুধীর।
কহিতে লাগিলা মুনি' পুলক-শরীর॥
"যে বলে' কৃষ্ণের গুণ করিব গণনা।
হেন বুদ্ধিহীন শিশু আছে কোন্ জনা?
পৃথ্বীখান ধূলা করি' গণিবারে পারে।
হেন জন থাকে যদি এ মহীমণ্ডলে॥
তবু ত' কৃষ্ণের গুণ কহনে না যায়।
গণিতে প্রভুর গুণ কেবা অন্ত পায়?
৩-৪ পঞ্চভূত-বিরচিত ব্রহ্মাণ্ড রচিয়া।
নিজ-অংশে রহে তা'থে প্রবেশ করিয়া॥

৫। আদাবভুচ্ছতধৃতী রজসাস্য সর্গে, বিষ্ণুঃ স্থিতৌ ক্রতুপতির্দ্বিজধর্ম্মসেতুঃ।
রুদ্রোঽপ্যয়ায় তমসা পুরুষঃ স আদ্য, ইত্যুদ্ভবস্থিতিলয়াঃ সততং প্রজাসু॥

৬। ধর্ম্মস্য দক্ষদুহিতর্য্যজনিষ্ট মূর্ত্ত্যাং, নারায়ণো নর-ঋষিপ্রবরঃ প্রশান্তঃ।
নৈষ্কর্ম্ম্যলক্ষণমুবাচ চচার কর্ম্ম, যোঽদ্যাপি চাস্ত ঋষিবর্য্যনিষেবিতাঙ্ঘ্রিঃ॥

৭। ইন্দ্রো বিশঙ্ক্য মম ধাম জিঘৃক্ষতীতি, কামং ন্যযুঙ্ক্ত সগণং স বদর্য্যুপাখ্যম্।
গত্বাপ্সরোগণবসন্তসুমন্দবাতৈঃ, স্ত্রীপ্রেক্ষণেষুভিরবিধ্যদতন্মহিজ্ঞঃ॥

৮। বিজ্ঞায় শক্রকৃতমক্রমমাদিদেবঃ, প্রাহ প্রহস্য গতবিস্ময় এজমানান্।
মা ভৈর্বিভো! মদন! মারুত! দেববধ্বো, গৃহ্ণীত নো বলিমশূন্যমিমং কুরুধ্বম্॥

৯। ইত্থং ব্রুবত্যভয়দে নরদেব! দেবাঃ, সব্রীড়নম্রশিরসঃ সঘৃণং তমূচুঃ।
নৈতদ্বিভো! ত্বয়ি পরেঽবিকৃতে বিচিত্রং, স্বারামধীরনিকরানতপাদপদ্মে॥

বিরাট্-বিগ্রহ, তিঁহো আদি-নারায়ণ।
তাঁ'র দেহে বিরচিত এ তিন ভুবন॥

তাঁহা হৈতে উতপতি, পালন, সংহার।
আদি-কর্ত্তা প্রভু তেঁহো, আদি-অবতার॥

৫ প্রথমে জন্মিলা ব্রহ্মা রজোগুণ ধরি'।
যজ্ঞপতি প্রভু তিঁহো, স্থিতি-অধিকারী॥

তমোগুণে রুদ্র-রূপে করএ সংহার।
তিন গুণে ধরে হরি তিন অবতার॥

৬ দক্ষের কুমারী মূর্ত্তি, ধর্ম্মের ঘরণী।
তা'র ঘরে অবতার কৈলা চক্রপাণি॥

নর-নারায়ণ-রূপে ঋষি-কলেবর।
বদরিকাশ্রমে তপ করেন দুষ্কর॥

আকল্প-পর্য্যন্ত তপ মুকতি-লক্ষণ।
বদরিকাশ্রমে তপ করে' নারায়ণ॥

মুনিগণ-নিষেবিত চরণযুগল।
৭ দেখিএ দুঁহার তপ চিন্তে পুরন্দর॥

'ইন্দ্রপদ হরে', কিবা হরে' সুরপুরী!
তপ ভঙ্গ দুঁহার করিব বিঘ্ন করি'॥'

এতেক বচন বলি' ইন্দ্র শচীপতি।
তপ-ভঙ্গ-কারণ চিন্তিল মন্দমতি॥

সগণে পাঠাঞা দিল রতিপতি কাম।
মন্দগতি পবন, বসন্ত মূর্ত্তিমান্॥

চলিল অপ্সরাগণ ইন্দ্রের বচনে।
বহু ভাঁতি নৃত্য করে' প্রভু-বিদ্যমানে॥

পঞ্চ-শরে রতিপতি বিন্ধিল মরমে।
ললিত বসন্ত-বাত, কুসুমিত বাণে॥

৮ আদিদেব নারায়ণ জানিলা সকল।
তপ ভঙ্গ করে' শচীপতি পুরন্দর॥

হাসিয়া কি বোলে তবে দেব নারায়ণ।
'না কর', না কর' ভয়, শুন, ইন্দ্রগণ!

সুখে রহ, তুমি-সব, না করিহ ভয়।
আগমনে ধন্য হৈল সকল আলয়॥'

৯ এতেক বচন যদি বলিলা শ্রীহরি।
চরণে পড়িল দণ্ড-পরণাম করি'॥

শিরে কর ধরি' বলে' ভয়ে কম্পমান।
ইন্দ্রগণ বোলে,—'প্রভু! কর' অবধান॥

এ কোন্ বিচিত্র, প্রভু! তুমি অবিকার।
অজ, নিরঞ্জন তুমি, প্রকৃতির পার॥

আত্মারামনিকর-বন্দিত-পাদপদ্ম।
যোগিগণ-হৃদয়কমল-নিজসদ্ম॥

১০। ত্বাং সেবতাং সুরকৃতা বহবোঽন্তরায়াঃ, স্বৌকো বিলঙ্ঘ্য পরমং ব্রজতাং পদং তে।
নান্যস্য বর্হিষি বলীন্ দদতঃ স্বভাগান্, ধত্তে পদং ত্বমবিতা যদি বিঘ্নমূর্দ্ধ্নি ॥
১১। ক্ষুত্তৃট্ত্রিকালগুণমারুতজৈহ্ব্যশৈশ্না,-নস্মানপারজলধীনতিতীর্য্য কেচিৎ।
ক্রোধস্য যান্তি বিফলস্য বশং পদে গো,-র্মজ্জন্তি দুশ্চরতপশ্চ বৃথোৎসৃজন্তি ॥
১২। ইতি প্রগৃণতাং তেষাং স্ত্রিয়োঽত্যদ্ভুতদর্শনাঃ। দর্শয়ামাস শুশ্রূষাং স্বর্চ্চিতাঃ কুর্ব্বতীর্বিভুঃ ॥
১৩। তে দেবানুচরা দৃষ্ট্বা স্ত্রিয়ঃ শ্রীরিব রূপিণী। গন্ধেন মুমুহুস্তাসাং রূপৌদার্য্যহতশ্রিয়ঃ ॥
১৪। তানাহ দেবদেবেশঃ প্রণতান্ প্রহসন্নিব। আসামেকতমাং বৃঙ্ধ্বং সবর্ণাং স্বর্গভূষণাম্ ॥
১৫। ওমিত্যাদেশমাদায় নত্বা তং সুরবন্দিনঃ। উর্ব্বশীমপ্সরঃশ্রেষ্ঠাং পুরস্কৃত্য দিবং যযুঃ ॥
১৬। ইন্দ্রায়ানম্য সদসি শৃণ্বতাং ত্রিদিবৌকসাম্। ঊচুর্নারায়ণবলং শক্রস্তত্রাস বিস্মিতঃ ॥
১৭। হংসস্বরূপ্যবদদচ্যুত আত্মযোগং, দত্তঃ কুমার ঋষভো ভগবান্ পিতা নঃ।
বিষ্ণুঃ শিবায় জগতাং কলয়াবতীর্ণ,-স্তেনাহৃতা মধুভিদা শ্রুতয়ো হয়াস্যে ॥

---

১০ তোমার পদারবিন্দ করিতে সেবন।
দেবকৃত বহু বিঘ্ন হয় উপসন্ন ॥
নিজপদ বিলঙ্ঘিয়া উচ্চপদে চলে'।
তে-কারণে দেবগণ বহুবিঘ্ন করে' ॥
অন্য দেব ভজিতে, দেবের ক্রোধ নহে।
যজ্ঞভাগ লঞা তা'রা সুখী হঞা রহে ॥
তোমার সেবক, নাথ! সর্ব্বধর্ম্ম তেজে'।
একান্ত-ভকতি করি' সভে তোমা' ভজে ॥
আন দেব করিয়া না করে' বস্তুজ্ঞান।
তে-কারণে নানা বিঘ্ন হয় উপাদান ॥
তুমি যদি রক্ষা কর' নিজ ভৃত্য করি'।
যথা-তথা রহে বিঘ্ন-শিরে পদ ধরি' ॥
১১ ক্ষুধা, তৃষ্ণা, শীত, বাত, জরা, শোক, ভয়।
কাম, লোভ-আদি সব মহা-জ্বালাময় ॥
অপার সাগর তরি', বৎস-পদ-জলে।
ক্রোধবশে সেহো ব্যর্থ, পুণ্য লোপ করে' ॥'
১২ এইরূপে ইন্দ্রগণ করে' নানা স্তুতি।
হেনকালে নারীগণ অদ্ভুত-মূরতি ॥
নারায়ণ-পরিচর্য্যা করে' চারিপাশে।
১৩ ইন্দ্রগণ দেখি' আঁখি মুদিল তরাসে ॥
হরল অঙ্গের গন্ধে ইন্দ্রগণ-চিত্ত।
রূপ-দরশনে সভে হৈল বিমোহিত ॥
১৪ হাসিয়া কি বোলে তবে নর-নারায়ণ।
'না 'কর' সম্ভ্রম তোরা, শুন, দেবগণ!
আমার সাক্ষাতে দেখ যতেক রমণী।
মাগিয়া ইহার লেহ কন্যা একখানি ॥
এক কন্যা লঞা কর' স্বর্গের ভূষণ।'
১৫ আজ্ঞা শিরে ধরিয়া চলিলা ইন্দ্রগণ ॥
প্রণাম করিয়া আজ্ঞা মাগিলা চরণে।
একখানি কন্যা লঞা গেলা দেবগণে ॥
ইন্দ্রের নাচনী সেই অপ্সরা, উর্ব্বশী।
সুর-সিদ্ধ-বিমোহিনী পরম-রূপসী ॥
১৬ হেন কন্যা দিল লঞা ইন্দ্র-বিদ্যমানে।
আদি হৈতে কহিল সকল বিবরণে ॥
গণমুখে মহিমা শুনিঞা পুরন্দর।
জানিলা সাক্ষাতে সেই পরম-ঈশ্বর ॥
বিস্ময় ভাবিয়া ইন্দ্র রহিলা সম্ভ্রমে।
১৭ হংস অবতার, রাজা! শুন সাবধানে ॥
হংসরূপে আত্মযোগ কৈলা উপদেশ।
দত্তাত্রেয়-অবতার ধরে জড়বেশ ॥
সনকাদিরূপে চারি ব্রহ্মার কুমার।
ঋষভ আমার পিতা হংস-অবতার ॥
হয়গ্রীব অবতারে বেদ উদ্ধারিলা।
মধু বধ করিয়া জগত নিস্তারিলা ॥

১৮। গুপ্তোঽপ্যয়ে মনুরিলৌষধয়শ্চ মাৎস্যে, ক্রৌড়ে হতো দিতিজ উদ্ধরতাম্ভসঃ ক্ষ্মাম্।
কৌর্ম্মে ধৃতোঽদ্রিরমৃতোন্মথনে স্বপৃষ্ঠে, গ্রাহাৎ প্রপন্নমিভরাজমমুঞ্চদার্ত্তম্ ॥
১৯। সংস্তুন্বতোঽব্ধিপতিতান্ শ্রমণানৃষীংশ্চ, শক্রঞ্চ বৃত্রবধতস্তমসি প্রবিষ্টম্।
দেবস্ত্রিয়োঽসুরগৃহে পিহিতা অনাথা, জঘ্নেঽসুরেন্দ্রমভয়ায় সতাং নৃসিংহে ॥
২০। দেবাসুরে যুধি চ দৈত্যপতীন্ সুরার্থে, হত্বান্তরেষু ভুবনান্যদধাৎ কলাভিঃ।
ভুত্বাথ বামন ইমামহরদ্বলেঃ ক্ষ্মাং, যাচ্ঞাচ্ছলেন সমদাদদিতেঃ সুতেভ্যঃ ॥
২১। নিঃক্ষত্রিয়ামকৃত গাঞ্চ ত্রিঃসপ্তকৃত্বো, রামস্তু হৈহয়কুলাপ্যয়ভার্গবাগ্নিঃ।
সোঽব্ধিং ববন্ধ দশবক্ত্রমহন্ সলঙ্কং, সীতাপতির্জয়তি লোকমলঘ্নকীর্ত্তিঃ ॥
২২। ভূমের্ভরাবতরণায় যদুষ্বজন্মা, জাতঃ করিষ্যতি সুরৈরপি দুষ্করাণি।
বাদৈর্বিমোহয়তি যজ্ঞকৃতোঽতদর্হান্, শূদ্রান্ কলৌ ক্ষিতিভুজো ন্যহনিষ্যদন্তে ॥
২৩। এবংবিধানি কর্ম্মাণি জন্মানি চ জগৎপতেঃ। ভূরীণি ভূরিযশসো বর্ণিতানি মহাভুজ!

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীনিমি-জায়ন্তেয়োপাখ্যানে চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

---

১৮ পৃথিবী করিয়া নৌকা মৎস্য-অবতারে।
বেদ উদ্ধারিলা হরি প্রলয়-সাগরে ॥
ধরিয়া বরাহ-রূপ দশনশিখরে।
পৃথিবী তুলিয়া থুইলা জলের উপরে ॥
কৌতুকে ধরিয়া প্রভু কূর্ম্ম-কলেবর।
অমৃত-মথনে পৃষ্ঠে ধরিলা মন্দর ॥
হরি-অবতার করি' ভক্তের কারণে।
চক্রে নক্র কাটি' কৈলা গজেন্দ্র-মোক্ষণে ॥
১৯ ষাটি-সহস্র মুনি বালখিল্যগণে।
কশ্যপের যজ্ঞে তা'রা কাষ্ঠ বহি' আনে' ॥
ষাটি-সহস্র মুনি বহে একখানি ডালে।
নানা-দুঃখে হয় বৎসপদ-জল পারে' ॥
বৎসপদ-জলে ঋষি মজিল সগণে।
আপনে আসিয়া উদ্ধারিলা নারায়ণে ॥
বৃত্রবধে ব্রহ্মবধ ইন্দ্রের হইল।
ইন্দ্র উদ্ধারিয়া দেব পরিত্রাণ কৈল ॥
নরসিংহ-অবতারে আদি-দৈত্য মারি'।
বেদ উদ্ধারিলা হরি অসুর সংহারি' ॥
২০ অদ্ভুত বামন-বেশ দ্বিজ-কলেবর।
বলি ছলি' নিলা হরি পাতাল-ভিতর ॥
পুনরপি ইন্দ্রে দিলা নিজ-অধিকার।
লীলা-অবতারে কৈলা বামন-বিহার ॥
২১ ভৃগুপতি-রাম-রূপ দিব্য অবতার।
নিঃক্ষত্রিয় কৈলা পৃথ্বী তিন-সাতবার ॥
রাবণ সংহার কৈলা রাম-অবতারে।
সীতা উদ্ধারিয়া যশ স্থাপিলা সংসারে ॥
২২ বলরাম-অবতারে হরিলা ভূ-ভার।
দৈত্য সংহারিয়া থুইলা বল চমৎকার ॥
বৌদ্ধ-অবতারে হরি অসুর মোহিব।
কল্কি-অবতারে ম্লেচ্ছকুল বিনাশিব ॥
২৩ এইরূপে কত কত অনন্ত বিহার।
কত-রূপে করে' হরি কত অবতার ॥
কাহার শকতি তাহা কহিবারে পারে?
কহিলুঁ সংক্ষেপে কিছু বুদ্ধি-অনুসারে ॥"
ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। ভগবন্তং হরিং প্রায়ো ন ভজন্ত্যাত্মবিত্তমাঃ। তেষামশান্তকামানাং কা নিষ্ঠাঽবিজিতাত্মনাম্?

শ্রীচমস উবাচ

২। মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ। চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্॥

৩। য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্। ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ॥

৪। দূরে হরিকথাঃ কেচিদ্দূরে চাচ্যুতকীর্ত্তনাঃ। স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব তেঽনুকম্প্যা ভবাদৃশাম্॥

৫। বিপ্রো রাজন্যবৈশ্যৌ চ হরেঃ প্রাপ্তাঃ পদান্তিকম্। শ্রৌতেন জন্মনাথাপি মুহ্যন্ত্যাম্নায়বাদিনঃ॥

৬। কর্ম্মণ্যকোবিদাঃ স্তব্ধা মূর্খাঃ পণ্ডিতমানিনঃ। বদন্তি চাটুকান্মূঢ়া যয়া মাধ্ব্যা গিরোৎসুকাঃ॥

৭। রজসা ঘোরসঙ্কল্পাঃ কামুকাঃ অহিমন্যবঃ। দাম্ভিকা মানিনঃ পাপা বিহসন্ত্যচ্যুতপ্রিয়ান্॥

৮। বদন্তি তেঽন্যোঽন্যমুপাসিতস্ত্রিয়ো, গৃহেষু মৈথুন্যপরেষু চাশিষঃ।
যজন্ত্যসৃষ্টান্নবিধানদক্ষিণং, বৃত্ত্যৈ পরং ঘ্নন্তি পশূনতদ্বিদঃ॥

৯। শ্রিয়া বিভূত্যাভিজনেন বিদ্যয়া, ত্যাগেন রূপেণ বলেন কর্ম্মণা।
জাতস্ময়েনান্ধধিয়ঃ সহেশ্বরান্, সতোঽবমন্যন্তি হরিপ্রিয়ান্ খলাঃ॥

[বসন্ত-রাগ].

১ নিমি রাজা জিজ্ঞাসিলা ভাবিয়া বিস্ময়।
"প্রায় হরি না ভজে অনেক দুরাশয়॥
অশান্ত কামুক, তা'র কোন্ গতি হয়?
বিচারিয়া কহ মোরে, ঘুচুক সংশয়॥"

২ চমস উত্তর দিলা রাজার বচনে।
"কহিব সকল তত্ত্ব, শুন সাবধানে॥
ঈশ্বরের মুখ-ভুজ-উরু-পদ-হনে।
চারি-বর্ণ-আশ্রম জন্মিল তিন-গুণে॥
মুখে হৈতে ব্রাহ্মণ, ক্ষত্রিয় দুই করে।
উরে বৈশ্য জনমিল, শূদ্র পদতলে॥

৩ সে প্রভু সভার পিতা, সভার ঈশ্বর।
যে হরি না ভজে, সেই পতিত, পামর॥
অধোগতি চলে' যেবা, করে' অবজ্ঞান।

৪ দূরে হরিকথা যা'র, দূরে হরিনাম॥
স্ত্রী-শূদ্র-আদি যত নিন্দিত-আচার।
তুমি-সব তা'-সভার করিহ উদ্ধার॥

৫ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, প্রায় শূদ্রজাতি।
কৃষ্ণপদ-সন্নিধানে হয় যা'র স্থিতি॥
কিন্তু বেদবাদী বিপ্র বেদবিদ্যাবলে।
কুলমদে, ধনমদে মত্ত অহঙ্কারে॥

৬ কর্ম্মে কুপণ্ডিত তা'রা, দম্ভভাব ধরে।
মূর্খ হৈয়া পণ্ডিত মানয়ে আপনারে॥
চাটুবাণী বোলে তা'রা সভার ভিতরে।
হাসিয়া হাসিয়া বোলে নানা-পরকারে॥

৭ সঙ্কল্প করিয়া কর্ম্ম করে' রজোগুণে।
স্বর্গবাস-সুখভোগ, ধন-পুত্র-কামে॥
অল্প কর্ম্মে ক্রোধ করে', যেন কাল-সর্প।
দম্ভ, মান, অহঙ্কার, করে' নানা দর্প॥
এ-সব দুর্জ্জন-জন, পাপী, মতিনাশ।
বৈষ্ণব দেখিয়ে তা'রা করে' উপহাস॥

৮ অন্যোঽন্যে বোলয়ে মন্দ নানা ভঙ্গী করি'।
দেখিয়া বৈষ্ণব-জন কটাক্ষে নেহারি॥
স্ত্রীর ঘরে স্ত্রীর সেবা, স্ত্রীর সম্ভাষণে।
ব্যর্থ কাল যায় তা'র অসত্য-ধেয়ানে॥
প্রাণ-তুষ্টি-হেতুমাত্র পশুবধ করে'।
দেবতা উদ্দেশ করি' শাস্ত্র-বলে ছলে॥
বিধিহীন, দক্ষিণাবিহীন করে' দান।
পশুবধ-পাতক না দেখে অগেয়ান॥

৯ শ্রীমদে, কুলমদে, ঐশ্বর্য্য-গরবে।
ত্যাগ-কর্ম্ম-বিদ্যামদ-সম্পদ-বৈভবে॥

১০। সর্ব্বেষু শশ্বত্তনুভৃৎস্ববস্থিতং, যথা খমাত্মানমভীষ্টমীশ্বরম্।
বেদোপগীতঞ্চ ন শৃণ্বতেঽবুধা, মনোরথানাং প্রবদন্তি বার্ত্তয়া॥
১১। লোকে ব্যবায়ামিষমদ্যসেবা, নিত্যাস্তু জন্তোর্ন হি তত্র চোদনা।
ব্যবস্থিতিস্তেষু বিবাহযজ্ঞ,-সুরাগ্রহৈরাসু নিবৃত্তিরিষ্টা॥
১২। ধনঞ্চ ধর্ম্মৈকফলং যতো বৈ, জ্ঞানং সবিজ্ঞানমনুপ্রশান্তি।
গৃহেষু যুঞ্জন্তি কলেবরস্য, মৃত্যুং ন পশ্যন্তি দুরন্তবীর্য্যম্॥
১৩। যদ্ঘ্রাণভক্ষো বিহিতঃ সুরায়া,-স্তথা পশোরালভনং ন হিংসা।
এবং ব্যবায়ঃ প্রজয়া ন রত্যা, ইমং বিশুদ্ধং ন বিদুঃ স্বধর্ম্মম্॥
১৪। যে ত্বনেবংবিদোঽসন্তঃ স্তব্ধাঃ সদভিমানিনঃ।
পশূন্ দ্রুহ্যন্তি বিশ্রব্ধাঃ প্রেত্য খাদন্তি তে চ তান্॥
১৫। দ্বিষন্তঃ পরকায়েষু স্বাত্মানং হরিমীশ্বরম্। মৃতকে সানুবন্ধেঽস্মিন্ বদ্ধস্নেহাঃ পতন্ত্যধঃ॥

নানা মদে অন্ধ হৈয়া খলমতি-জনে।
সাধুজনে নিন্দা করে', কৃষ্ণ-অবজ্ঞানে॥
কৃষ্ণ-বৈষ্ণবের নিন্দা করে' খলমতি।
সর্ব্বনাশ হয় তা'র, হয় অধোগতি॥
১০ সকলের আত্মা হরি, সভার ঈশ্বর।
সর্ব্বভূতে বৈসে হরি, না বুঝে পামর॥
না বুঝে পামর—যাঁ'র বেদে গুণ গায়।
যোগীন্দ্র-মুনীন্দ্র যাঁ'রে ধিয়ানে ধেয়ায়॥
সতত কুকথা কহে, নানা মনোরথে।
তে-কারণে দুষ্টজন ভ্রমে' কর্ম্মপথে॥
১১ মদ্য-মাংস-স্ত্রীসেবা, লোকব্যবহার।
বেদে কভু না বুঝায় এ-সব আচার॥
এ-সব লোকের ধর্ম্ম, বেদ-আজ্ঞা নয়।
ব্যবস্থা করিয়া বেদ করএ নির্ণয়॥
স্ত্রীসেবা করিবে যদি কামে হৈয়া অন্ধ।
বিভা করি' তবে যেন করয়ে স্ত্রীসঙ্গ॥
মদ্য-মাংস খায় যদি, ছাড়িতে না পারে।
যজ্ঞ লক্ষ্য করি' যেন পশু বধ করে'॥
নহে বা ইহাতে কভু আছে বেদবিধি?
বেদতত্ত্ব না বুঝিয়া বলে' পশুবুদ্ধি॥
১২ ধনে ধর্ম্ম সাধিব—ধনের প্রয়োজন।
ধর্ম্ম-হনে তত্ত্বজ্ঞান হয় উতপন্ন॥
দেহ-গেহ-ভরণ-মাত্র ক'রে হেন ধনে।
দুরন্ত দেহের মৃত্যু না দেখে নয়নে॥
১৩ মদ্য-মাংস খাইব যদি যজ্ঞের বিধানে।
গন্ধমাত্র লৈব, না করিব সুরাপানে॥
পশুবধ করিব কেবল যজ্ঞকালে।
জীবহিংসা কদাচিৎ কেহো জানি করে'॥
পুত্র-হেতু স্ত্রী সম্ভাষিব বুধজনে।
স্ত্রীসঙ্গ না করিব সুরতি-কারণে॥
সর্ব্ব-বেদে কহে এই জীবের স্বধর্ম্ম।
অশান্ত, দুরন্ত জনে না বুঝে এ-মর্ম্ম॥
১৪ মূর্খ হঞা আপনাকে পণ্ডিত হেন বলে'।
না বুঝিয়া বেদবাণী পশু বধ করে'॥
যত পশু বধ করে' দেবতা-উদ্দেশে।
সেই পশুগণ তা'থে খায় অবশেষে॥
যে যা'খে হিংসএ তা'খে করে' সেই হিংসা।
প্রাণিবধ বুধজনে না করে' প্রশংসা॥
১৫ সভার ঈশ্বর হরি, এক ভগবান্।
সর্ব্বভূতে বৈসে হরি, সর্ব্বত্র সমান॥
কেবল ঈশ্বর-দ্রোহী প্রাণি-বধ করে'।
প্রেম অনুবন্ধ করি' মৃত-কলেবরে॥
দুরন্ত, পতিত, তা'র হয় অধোগতি।
বিবিধ নরকভোগ করে' প্রাণঘাতী॥

১৬। যে কৈবল্যমসম্প্রাপ্তা যে চাতীতাশ্চ মূঢ়তাম্। ত্রৈবর্গিকা হ্যক্ষণিকা আত্মানং ঘাতয়ন্তি তে॥
১৭। এত আত্মহনোঽশান্তা অজ্ঞানে জ্ঞানমানিনঃ। সীদন্ত্যকৃতকৃত্যা বৈ কালধ্বস্তমনোরথাঃ॥
১৮। হিত্বাত্যায়াসরচিতা গৃহাপত্যসুহৃদ্দিছ্বয়ঃ। তমো বিশন্ত্যনিচ্ছন্তো বাসুদেবপরাঙ্মুখাঃ॥

শ্রীরাজোবাচ

১৯। কস্মিন্ কালে স ভগবান্ কিং বর্ণঃ কীদৃশো নৃভিঃ। নাম্না বা কেন বিধিনা পূজ্যতে তদিহোচ্যতাম্॥

শ্রীকরভাজন উবাচ

২০। কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু কেশবঃ। নানাবর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে॥
২১। কৃতে শুক্লশ্চতুর্বাহুর্জটিলো বল্কলাম্বরঃ। কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ বিভ্রদ্দণ্ড-কমণ্ডলূ॥
২২। মনুষ্যাস্তু তদা শান্তা নির্ব্বৈরাঃ সুহৃদঃ সমাঃ। যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ॥
২৩। হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ। ঈশ্বরঃ পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে॥
২৪। ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্বাহুস্ত্রিমেখলঃ। হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্‌স্রুবাদ্যুপলক্ষণঃ॥
২৫। তং তদা মনুজা দেবং সর্ব্বদেবময়ং হরিম্। যজন্তি বিদ্যয়া ত্রয্যা ধর্ম্মিষ্ঠা ব্রহ্মবাদিনঃ॥

---

১৬ মোক্ষগতি যে না বুঝে, কিঞ্চিৎ পণ্ডিত।
ধর্ম্ম-অর্থ-কাম-মাত্র, কেবল বঞ্চিত॥
নানা কর্ম্মে নাহি তা'র ক্ষণেক বিশ্রাম।
আত্মঘাতী পাপী, তা'র নাহি পরিত্রাণ॥

১৭ সেই আত্মঘাতী—যা'র নাহি শান্তি-দয়া।
আপনাকে বলে' জ্ঞানী জ্ঞানে মুগ্ধ হঞা॥
দৈবে তা'র কালে হরে' সকল বাঞ্ছিত।
ইহলোকে, পরলোকে সেই সে বঞ্চিত॥

১৮ নানা দুঃখে নিরমিল সুত-বিত্ত-দার।
পশু, ভৃত্য, অশেষ-সম্পদ্, পরিবার॥
অন্তকালে যায় পাপী সব পরিহরি'।
পাপ, পুণ্য দুইমাত্র নিজ-সঙ্গে করি'॥
নরকে মজিয়া পাপী দুঃখ ভোগ করে'।
শ্রীহরি-বিমুখ জনে কভু নাহি তরে'॥"

১৯ তবে রাজা জিজ্ঞাসিলা নিমি মতিমান্।
"কোন্ যুগে, কোন্ বর্ণ ধরে ভগবান্?
কোন্ রূপে, কোন্ যুগে পূজে নরগণে?
কি নাম, কি বিধি তাঁ'র, কহিবে এখনে॥"

২০ কহে করভাজন রাজার বাণী শুনি'।
অবতার-কথা কলিকলুষ-ঘাতিনী॥

"সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—এই চারি যুগে।
নানা নাম-বর্ণ হরি ধরে নানা রূপে॥
নানা বিধি-বিধানে পূজয়ে নানা লোকে।
যুগ-অবতার, রাজা! শুন একে-একে॥

২১ সত্যযুগে শুক্লবর্ণ, শিরে জটাভার।
কৃষ্ণাজিন, অক্ষমালা, পরে' বৃক্ষছাল॥
চারু চতুর্ভুজ, দণ্ড-কমণ্ডলু ধরে।

২২ শান্ত, দান্ত, হিতরত জনে পূজা করে'॥
শম, দম, তপ করি' সাধুজনে ভজে।
সমজ্ঞানে মুনিগণে ভক্তিভাবে পূজে॥

২৩ বৈকুণ্ঠ, সুপর্ণ, হংস, ধর্ম্ম, যোগেশ্বর।
পরমাত্মা, পুরুষ, ঈশ্বর, নিরমল॥
সত্যযুগে ধরি হরি এইসব নাম।
শুক্ল-বর্ণে অবতার ধরে ভগবান্॥

২৪ ত্রেতাযুগে রক্তবর্ণ, চারি ভুজ ধরে।
কনক-বরণ কেশ, স্রুক্-স্রুব করে॥
কুশের মেখলা ধরে, যজ্ঞ-কলেবর।

২৫ সর্ব্বদেবময় হরি, ভুবন-ঈশ্বর॥
বেদবাদী, কর্ম্মপর, ধার্ম্মিক ব্রাহ্মণ।
বেদবিদ্যাময় যজ্ঞে পূজিলা তখন॥

২৬। বিষ্ণুর্যজ্ঞঃ পৃশ্নিগর্ভঃ সর্ব্বদেব উরুক্রমঃ। বৃষাকপির্জয়ন্তশ্চ উরুগায় ইতীর্য্যতে॥
২৭। দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ। শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ॥
২৮। তং তদা পুরুষং মর্ত্ত্যা মহারাজোপলক্ষণম্। যজন্তি বেদতন্ত্রাভ্যাং পরং জিজ্ঞাসবো নৃপ!
২৯। নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ॥
৩০। নারায়ণায় ঋষয়ে পুরুষায় মহাত্মনে। বিশ্বেশ্বরায় বিশ্বায় সর্ব্বভূতাত্মনে নমঃ॥
৩১। ইতি দ্বাপর উর্ব্বীশ! স্তুবন্তি জগদীশ্বরম্। নানাতন্ত্রবিধানেন কলাবপি যথা শৃণু॥
৩২। কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদম্। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥
৩৩। ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং, তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল! ভবাব্ধিপোতং, বন্দে মহাপুরুষ! তে চরণারবিন্দম্॥
৩৪। ত্যক্ত্বা সুদুস্ত্যজ-সুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং, ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্,-বন্দে মহাপুরুষ! তে চরণারবিন্দম্॥

---

২৬ বিষ্ণু, যজ্ঞ, পৃশ্নিগর্ভ, সর্ব্বদেব-নামে।
উরুক্রম, বৃষাকপি—বোলে সর্ব্বজনে॥

২৭ দ্বাপরযুগেতে হরি শ্যামকলেবর।
পীতবাস-পরিধান, নিজ-অস্ত্র-ধর॥
শ্রীবৎসকৌস্তুভ-আদি লক্ষণে লক্ষিত।

২৮ মহারাজ-রাজেশ্বর, ভুবন-পূজিত॥
তত্ত্বজ্ঞানিগণে হরি তন্ত্রে-মন্ত্রে পূজে।
সর্ব্বদেবময় হরি, সর্ব্বভাবে ভজে॥

২৯ নমো বাসুদেব, নমো দেব সঙ্কর্ষণ।
প্রদ্যুম্নায় নমো, অনিরুদ্ধ নারায়ণ॥

৩০ নমো বিশ্বেশ্বর, বিশ্বময়, বিশ্বপতি।
নমো মহাপুরুষ, ঈশ্বর, সর্ব্বগতি॥

৩১ এইরূপে স্তুতি কৈল দ্বাপরের যুগে।
নানা-তন্ত্রবিধানে পূজিল তিন-লোকে॥
কলিযুগ-অবতার শুন, সাবধানে।
কলিযুগে কেবল ভজিব সঙ্কীর্ত্তনে॥

৩২ 'কৃষ্ণ'-পদে—'কৃষ্ণ' বলি, 'বর্ণ'-পদে—নাম।
শ্রীকৃষ্ণচৈতন্য-নাম—জানিব বিধান॥
ত্বিষাকৃষ্ণ—অকৃষ্ণ গৌরাঙ্গ নিজ-ধাম।
গৌরচন্দ্র-অবতার বিদিত বাখান॥
অঙ্গ-উপাঙ্গ-অস্ত্র-পারিষদ-সঙ্গে।
গৌরচন্দ্র-অবতার সঙ্কীর্ত্তন-রঙ্গে॥
যুগধর্ম্ম সঙ্কীর্ত্তন-যজ্ঞ লক্ষ্য করি'।
বিচারিয়া সুপণ্ডিত ভজএ শ্রীহরি॥

কৃষ্ণ-অবতার যদি বলি কলিযুগে।
তবে পূর্ব্বাপর-গ্রন্থে বিরোধ না ভাঙ্গে॥

তে-কারণে বুধজনে মোর পরিহার।
দোষ দিহ পূর্ব্বাপর করিয়া বিচার॥

৩৩ ধ্যানগম্য, পরিভবহর, তীর্থপদ।
সকল-অভীষ্টদাতা, অখিল-সম্পদ॥

শঙ্কর-বিরিঞ্চি করে' সতত ধেয়ান।
নিজ-ভৃত্য-আর্ত্তিহর, প্রণত-পালন॥

ভবসিন্ধু-তরণী, ভকত-সুখানন্দ।
বন্দোঁ, মহাপুরুষ! তোমার পদদ্বন্দ্ব॥

৩৪ ইন্দ্র-আদি দেব যাঁ'রে ধ্যানে বাঞ্ছা করে'।
হেন রাজলক্ষ্মী হরি দূরে পরিহরে'॥

ধর্ম্মময় প্রভু কৈলা ধর্ম্মের পালনে।
অরণ্যে প্রবেশ কৈলা বাপের বচনে॥

ভকত-বৎসল হরি ভক্ত-ইচ্ছা পালে'।
সীতার ইচ্ছায় গেলা মৃগ-অনুসারে॥

হেন, মহাপ্রভু তুমি, পুরুষ-শেখর।
বন্দোঁ বন্দোঁ নিরন্তর চরণযুগল॥

৩৫। এবং যুগানুরূপাভ্যাং ভগবান্ যুগবর্ত্তিভিঃ। মনুজৈরিজ্যতে রাজন্! শ্রেয়সামীশ্বরো হরিঃ॥
৩৬। কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ। যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বঃ স্বার্থোঽভিলভ্যতে॥
৩৭। ন হ্যতঃ পরমো লাভো দেহিনাং ভ্রাম্যতামিহ।
যতো বিন্দেত পরমাং শান্তিং নশ্যতি সংসৃতিঃ॥
৩৮। কৃতাদিষু প্রজা রাজন্! কলাবিচ্ছন্তি সম্ভবম্। কলৌ খলু ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ॥
৩৯। ক্বচিৎ ক্বচিন্মহারাজ! দ্রবিড়েষু চ ভূরিশঃ। তাম্রপর্ণী নদী যত্র কৃতমালা পয়স্বিনী॥
৪০। কাবেরী চ মহাপুণ্যা প্রতীচী চ মহানদী। যে পিবন্তি জলং তাসাং মনুজা মনুজেশ্বর!
প্রায়ো ভক্তা ভগবতি বাসুদেবেঽমলাশয়াঃ॥
৪১। দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণাং, ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্!
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং, গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তম্॥
৪২। স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য, ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্,-ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ॥

শ্রীনারদ উবাচ

৪৩। ধর্ম্মান্ ভাগবতানিত্থং শ্রুত্বাথ মিথিলেশ্বরঃ।
জায়ন্তেয়ান্ মুনীন্ প্রীতঃ সোপাধ্যায়ো হ্যপূজয়ৎ॥

---

৩৫ এইরূপে করে' হরি যুগ-অবতার।
যুগে যুগে সর্ব্বলোকে ভজে সর্ব্বকাল॥
৩৬ সারভাগী, গুণজ্ঞ, পণ্ডিত, মহাজনে।
তা'রা-সব কলিযুগ সতত বাখানে॥
ধন্য কলিযুগ, যা'তে কেবল কীর্ত্তনে।
সর্ব্বধর্ম্ম-ফল যা'তে লভে সর্ব্বজনে॥
৩৭ এই সে পরম-লভ্য জানিব সংসারে।
যেন-তেন-মতে হরি-সঙ্কীর্ত্তন করে'॥
যাহা হৈতে শান্তি হয়, খণ্ডয়ে সংসার।
হরি-সংকীর্ত্তন-বিনে গতি নাহি আর॥
৩৮ সত্যযুগে প্রজাগণ বাঞ্ছে নিরন্তরে।
'কলিযুগে জন্ম যেন হয় ক্ষিতি-তলে'॥
কলিযুগে হৈব নর হরিপরায়ণ।
ধন্য-জনে জন্ম বাঞ্ছে এই সে কারণ॥
৩৯ ক্ষিতি-তলে কোন কোন আছে পুণ্যদেশ।
ধন্য, মহাপুণ্যকর, দ্রাবিড় বিশেষ॥
তাম্রপর্ণী নদী যা'থে, নদী কৃতমালা।
পয়স্বিনী, মহানদী সর্ব্বপাপহরা॥
৪০ প্রতীচী, কাবেরী যা'থে নদী মহাপুণ্যা।
সর্ব্বতীর্থফলময়ী, সর্ব্বলোক-ধন্যা॥
এ-সব নদীর জল যেবা করে' পান।
হরিভক্তি হয় তা'র, নিরমল জ্ঞান॥
৪১ দেব-ঋষি-পিতৃগণের না হয় অধীন।
না হয় কিঙ্কর কা'রো নাহি ধারে ঋণ॥
সর্ব্বধর্ম্ম পরিহরি' তেজি' সর্ব্বকর্ম্ম।
সর্ব্বভাবে পৈশে যেবা মুকুন্দ-শরণ॥
৪২ নিজ-চরণারবিন্দ করিতে ভজন।
সর্ব্বধর্ম্ম পরিহরি' যে করে' চিন্তন॥
তা'র মধ্যে দৈবযোগে কা'র কথঞ্চিত।
কোনমতে হয় যদি বিকর্ম্ম উদিত॥
হৃদয়ে প্রবেশ করি' আপনে শ্রীহরি।
সর্ব্বপাপ হরে' তা'র নিজ ভৃত্য করি'॥"
৪৩ এইরূপে কত কত ভাগবত-ধর্ম্ম।
কহিলা যোগেন্দ্রগণ বিচারিয়া মর্ম্ম॥
শুনিয়া বৈষ্ণবধর্ম্ম নিমি নরেশ্বর।
পীরিতে পূরিল তনু, বাহ্য-অভ্যন্তর॥

৪৪। ততোঽন্তর্দধিরে সিদ্ধাঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ। রাজা ধর্ম্মানুপাতিষ্ঠন্নবাপ পরমাং গতিম্॥
৪৫। ত্বমপ্যেতান্ মহাভাগ! ধর্ম্মান্ ভাগবতান্ শ্রুতান্।
আস্থিতঃ শ্রদ্ধয়া যুক্তো নিঃসঙ্গো যাস্যসে পরম্॥
৪৬। যুবয়োঃ খলু দম্পত্যোর্যশসা পূরিতং জগৎ। পুত্রতামগমদ্‌যদ্‌বাং ভগবানীশ্বরো হরিঃ॥
৪৭। দর্শনালিঙ্গনালাপৈঃ শয়নাসনভোজনৈঃ। আত্মা বাং পাবিতঃ কৃষ্ণে পুত্রস্নেহং প্রকুর্ব্বতোঃ॥
৪৮। বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপালপৌণ্ড্র-শাল্বাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ।
ধ্যায়ন্ত আকৃতধিয়ঃ শয়নাসনাদৌ, তৎসাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিম্?
৪৯। মাপত্যবুদ্ধিমকৃথাঃ কৃষ্ণে সর্ব্বাত্মনীশ্বরে। মায়ামনুষ্যভাবেন গূঢ়ৈশ্বর্য্যে পরেঽব্যয়ে॥
৫০। ভুভারাসুররাজন্যহন্তবে গুপ্তয়ে সতাম্। অবতীর্ণস্য নির্ব্বৃত্যৈ যশো লোকে বিতন্যতে॥

শ্রীশুক উবাচ

৫১। এতচ্ছ্রুত্বা মহাভাগো বসুদেবোঽতিবিস্মিতঃ। দেবকী চ মহাভাগা জহতুর্মোহমাত্মনঃ॥
৫২। ইতিহাসমিমং পুণ্যং ধারয়েদ্‌যঃ সমাহিতঃ। স বিধুয়েহ শমলং ব্রহ্মভূয়ায় কল্পতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীজায়ন্তেয়োপাখ্যানং নাম পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫॥

মুনিগণ-চরণ পূজিলা সু-বিধানে।
৪৪ অন্তর্দ্ধান কৈল তা'রা সভা-বিদ্যমানে॥
নিমিরাজা সেই ধর্ম্ম করিয়া আশ্রয়।
বিষ্ণুপদে গেলা রাজা হৈয়া বিষ্ণুময়॥
৪৫ "তুমি বসুদেব! এই বিষ্ণুধর্ম্ম ধর'।
বিষ্ণু আরাধিয়া তুমি বিষ্ণুপদে চল'॥
৪৬ ধন্য তুমি, বসুদেব! দৈবকী-সুন্দরী।
রহিল দোঁহার যশ ত্রিভুবন ভরি'॥
আপনে ঈশ্বর হঞা প্রভু ভগবান্।
পুত্র হৈয়া জনমিলা পুরুষ-পুরাণ॥
৪৭ শয়ন-ভোজন-পানে কর' দরশন।
পুত্রভাবে কর' তুমি ব্রহ্ম আলিঙ্গন॥
পুত্রপ্রেম ধর' তুমি দেব নারায়ণে।
বসুদেব! ধন্য তুমি হৈলে ত্রিভুবনে॥
৪৮ দন্তবক্র, বিদূরথ, শাল্ব, শিশুপাল।
কংস, জরাসন্ধ-আদি নৃপ দুরাচার॥
তা'রা-সব বৈরিভাব ধরি' নারায়ণে।
অনুক্ষণ কৃষ্ণ তা'রা চিন্তিল ধিয়ানে॥
বৈরিভাব ধরি' তা'রা হৈল কৃষ্ণময়।
প্রেমভাবে ভজিলে না জানি কিবা হয়?
৪৯ তুমি, বসুদেব! না করিহ পুত্রবুদ্ধি।
সর্ব্বেশ্বর-ঈশ্বর অখিলগুণনিধি॥
গূঢ়রূপে মায়ায় মানুষরূপ ধরে।
৫০ হরিতে অসুরভার নরলীলা করে'॥
অজ হঞা করে' হরি নর-অবতার।
জগতে তোমার যশ করিব বিস্তার॥"
৫১ পুত্রের মহিমা শুনি' নারদের মুখে।
বসুদেব-দৈবকী পূরিলা প্রেমসুখে॥
অখিল-ব্রহ্মাণ্ডপতি—পুত্র নারায়ণ।
বসুদেব তত্ত্ব জানি' স্থির কৈলা মন॥
৫২ ধন্য, পুণ্য, ইতিহাস-পুরাণে গোপিত।
নবঋষি-সংবাদ নারদ-মুখরিত॥
যেবা কহে, যেবা শুনে, শুদ্ধভাব ধরে।
বিষ্ণুপদে বাস তা'র, সর্ব্বপাপ হরে'॥"
ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫॥

ষষ্ঠোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথ ব্রহ্মাত্মজৈর্দেবৈঃ প্রজেশৈরাবৃতোঽভ্যগাৎ। ভবশ্চ ভূতভব্যেশো যযৌ ভূতগণৈর্বৃতঃ॥
২। ইন্দ্রো মরুদ্ভির্ভগবান্ আদিত্যা বসবোঽশ্বিনৌ। ঋভবোঽঙ্গিরসো রুদ্রা বিশ্বে সাধ্যাশ্চ দেবতাঃ॥
৩। গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধচারণগুহ্যকাঃ। ঋষয়ঃ পিতরশ্চৈব সবিদ্যাধরকিন্নরাঃ॥
৪। দ্বারকামুপসঞ্জগ্মুঃ সর্ব্বে কৃষ্ণদিদৃক্ষবঃ। বপুষা যেন ভগবান্ নরলোকমনোরমঃ।
যশো বিতেনে লোকেষু সর্ব্বলোকমলাপহম্॥
৫। তস্যাং বিভ্রাজমানায়াং সমৃদ্ধায়াং মহর্দ্ধিভিঃ। ব্যচক্ষতাবিতৃপ্তাক্ষাঃ কৃষ্ণমদ্ভুতদর্শনম্॥
৬। স্বর্গোদ্যানোপগৈর্মাল্যৈশ্ছাদয়ন্তো যদূত্তমম্। গীভিশ্চিত্রপদার্থাভিস্তুষ্টুবুর্জগদীশ্বরম্॥

শ্রীদেবা ঊচুঃ

৭। নতাঃ স্ম তে নাথ! পদারবিন্দং, বুদ্ধীন্দ্রিয়প্রাণমনোবচোভিঃ।
যচ্চিন্ত্যতেঽন্তর্হৃদি ভাবযুক্তৈ,-র্মুমুক্ষুভিঃ কর্ম্মময়োরুপাশাৎ॥
৮। ত্বং মায়য়া ত্রিগুণাত্মনি দুর্বিভাব্যং, ব্যক্তং সৃজস্যবসি লুম্পসি তদ্‌গুণস্থঃ।
নৈতৈর্ভবানজিত! কর্ম্মভিরজ্যতে বৈ, যৎ স্বে সুখেঽব্যবহিতেঽভিরতোঽনবদ্যঃ॥

[ভাটিয়ারী-রাগ]

১-৪ মুনি বলে',—"শুন, রাজা! ভুবন-পবিত্র।
বৈকুণ্ঠ-বিজয়-লীলা কৃষ্ণের চরিত্র॥
ব্রহ্মা, ভব, পুরন্দর, শশী, দিনকর।
কুবের, বরুণ, যম, গন্ধর্ব্ব, কিন্নর॥
রুদ্রগণ, সিদ্ধ, সাধ্য, বিশ্ব দেবগণ।
পিতৃগণ, ঋষিগণ, গুহ্যক, চারণ॥
সুর, মুনি, সিদ্ধ, বিদ্যাধর, ফণধর।
অহিপতি, সুরপতি, রুদ্র-অনুচর॥
সবেহি চলিয়া গেলা আপন-বাহনে।
দ্বারকা-মণ্ডলে গেলা কৃষ্ণ-দরশনে॥
নর-কলেবর হরি, করে' অবতার।
কলিমলহর যশ করিতে বিস্তার॥
কৌতুকে চলিলা হরি দ্বারকা-মণ্ডলে।
দেখিব প্রভুর রূপ ভুবনমঙ্গলে॥
৫ অশেষ-সম্পদপদ পুরী বিরাজিতা।
মূর্ত্তিমতী সর্ব্বসিদ্ধি, ভুবনমোহিতা॥
আকাশ-মণ্ডলে দেব রহি' নিজ রথে।
দ্বারকা-মণ্ডলে কৃষ্ণ দেখিলা সাক্ষাতে॥
৬ নন্দন-মল্লিকা-জাতী-পারিজাত-মালা।
বৃষ্টি কৈলা দেবগণে যেন জলধারা॥
আচ্ছাদিলা যদুগণে মাল্য-বরিষণে।
স্তুতি করে' দেবগণ বিবিধ-বিধানে॥
৭ 'নমো নমো, প্রাণনাথ! চরণে তোমার।
অভয়-চরণ-বিনে গতি নাহি আর॥
সকল ইন্দ্রিয়গণ, বুদ্ধি, মন, প্রাণে।
অভয়-পদারবিন্দে পশিল শরণে॥
যোগিগণ চিন্তে যাহা হৃদয়পঙ্কজে।
যে পদ মুনীন্দ্রবৃন্দ ভক্তিভাবে ভজে॥
কর্ম্মময়-মহাপাপ-বিনাশের হেতু।
হৃদিগত তমোহর, ভবসিন্ধু-সেতু॥
হেন চরণারবিন্দে পশিলুঁ শরণ।
কৃপা কর, জগন্নাথ! জগত-জীবন॥
৮ রজোগুণ ধরি' তুমি সৃষ্টিলীলা কর'।
তমোগুণ ধরি' তুমি আপনে সংহার'॥
সত্ত্বগুণে পাল' তুমি মায়াযোগবলে।
তবু, নাথ! তুমি বদ্ধ নহ কর্ম্মফলে॥

৯। শুদ্ধির্নৃণাং ন তু তথেড্য ! দুরাশয়ানাং, বিদ্যাশ্রুতাধ্যয়নদানতপঃক্রিয়াভিঃ।
সত্ত্বাত্মনামৃষভ ! তে যশসি প্রবৃদ্ধ,-সচ্ছ্রদ্ধয়া শ্রবণসম্ভৃতয়া যথা স্যাৎ ॥

১০। স্যান্নস্তবাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ, ক্ষেমায় যো মুনিভিরার্দ্রহৃদোহ্যমানঃ।
যঃ সাত্বতৈঃ সমবিভূতয় আত্মবদ্ভি,-র্ব্যূহেঽর্চ্চিতঃ সবনশঃ স্বরতিক্রমায় ॥

১২। পর্য্যুষ্টয়া তব বিভো ! বনমালয়েয়ং, সংস্পর্দ্ধিনী ভগবতী প্রতিপত্নিবচ্ছ্রীঃ।
যঃ সুপ্রণীতমমুয়ার্হণমাদদন্নো, ভূয়াৎ সদাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ ॥

১৪। নস্যোতগাব ইব যস্য বশে ভবন্তি, ব্রহ্মাদয়স্তনুভৃতো মিথুরর্দ্দ্যমানাঃ।
কালস্য তে প্রকৃতিপূরুষয়োঃ পরস্য, শং নস্তনোতু চরণঃ পুরুষোত্তমস্য ॥

১৫। অস্যাসি হেতুরুদয়স্থিতিসংযমানা,-মব্যক্তজীবমহতামপি কালমাহুঃ।
সোঽয়ং ত্রিনাভিরখিলাপচয়ে প্রবৃত্তঃ, কালো গভীর-রয় উত্তমপুরুষস্ত্বম্ ॥

১৬। ত্বত্তঃ পুমান্ সমধিগম্য যয়াস্য বীর্য্যং, ধত্তে মহান্তমিব গর্ভমমোঘবীর্য্যঃ।
সোঽয়ং তয়ানুগত আত্মন আণ্ডকোশং, হৈমং সসর্জ্জ বহিরাবরণৈরুপেতম্ ॥

নিজ-সুখে থাক তুমি, সর্ব্বত্র সমান।
শুভাশুভ-বিবর্জ্জিত, নিত্য ভগবান্ ॥

৯ দান, ব্রত, তপ, যোগ, সমাধি-ধারণে।
তবু শুদ্ধ নহে লোক এ-সব সাধনে ॥

যেরূপে তোমার যশ করিতে শ্রবণ।
শ্রদ্ধা-ভক্তি করি' যেবা শুনে' অনুক্ষণ ॥

যেন শুদ্ধ হয় লোক কথামৃতপানে।
তেনরূপ শুদ্ধ জীব নহে কর্ম্ম-হনে ॥

১০ তোমার পদারবিন্দ ভব-সিন্ধু-সেতু।
দুরাশয়-দুরিত-দহন-ধূমকেতু ॥

মুনিগণ ধরে যাহা হৃদয়কমলে।
আত্মজ্ঞানী জনে যাহা পূজে নিরন্তরে ॥

সে পদপঙ্কজ, নাথ ! করুক কল্যাণ।
এই বর মাগো, দেব ! তোমা'-বিদ্যমান ॥

১২ তোমার অঙ্গের বিগলিত-বনমালা।
তাহাতে সতিনী-ভাব করএ কমলা ॥

হেন লক্ষ্মীদেবী তোমার পদযুগ ভজে।
কমল ধরিয়া করে নিরবধি পূজে ॥

সভে এই পদযুগ কুশলের হেতু।
দুরাশয়-দুরিত-দহন-ধূমকেতু ॥

১৪ নাকে দড়ি দিয়া যেন বলদ-গাঁথুনি।
দাম-দড়ি দিয়া মাঝে সভার বান্ধনি ॥

এইরূপে ব্রহ্মা-আদি সব চরাচর।
তোমার মায়াতে, নাথ ! গাঁথুনি সকল ॥

প্রকৃতি-পুরুষপর তুমি কালরূপ।
আমি-সব যত কিছু তোমার স্বরূপ ॥

তোমার চরণ, নাথ ! করুক কল্যাণ।
পুরুষ-উত্তম তুমি, পুরুষ-পুরাণ ॥

১৫ জগতের উতপতি-প্রলয়-পালন।
তুমি সে সভার হেতু, কারণ-কারণ ॥

প্রকৃতি-পুরুষ, নাথ, তোমাতে সংহার।
সকল সংহারকারী কাল-চক্রাকার ॥

যে কালে করয়ে, নাথ ! জগত সংহার।
সেহো কাল অংশলেশ ধরয়ে তোমার ॥

১৬ তোমা' হৈতে প্রথমে পুরুষ উতপন্ন।
প্রকৃতি-সংযোগে কৈলা বীর্য্য আরোপণ ॥

১৭। তত্তস্থুষশ্চ জগতশ্চ ভবানধীশো, যন্মায়য়োত্থগুণবিক্রিয়য়োপনীতান্।
অর্থান্ জুষন্নপি হৃষীকপতে! ন লিপ্তো, যেঽন্যে স্বতঃ পরিহৃতাদপি বিভ্যতি স্ম॥
১৮। স্মায়াবলোকলবদর্শিতভাবহারি,-ভ্রূমণ্ডলপ্রহিতসৌরতমন্ত্রশৌণ্ডৈঃ।
পত্ন্যস্তু ষোড়শসহস্রমনঙ্গবাণৈ,-র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্ন বিভ্যুঃ॥
১৯। বিভ্যস্তবাম্বুতকথোদবহাস্ত্রিলোক্যাঃ, পাদাবনেজ-সরিতঃ শমলানি হন্তুম্।
আনুশ্রবং শ্রুতিভিরঙ্ঘ্রিজমঙ্গসঙ্গৈ,-স্তীর্থদ্বয়ং শুচিষদস্ত উপস্পৃশন্তি॥

শ্রীবাদরায়ণিরুবাচ

২০। ইত্যভিষ্টূয় বিবুধৈঃ সেশঃ শতধৃতির্হরিম্। অভ্যভাষত গোবিন্দং প্রণম্যাম্বরমাশ্রিতঃ॥

শ্রীব্রহ্মোবাচ

২১। ভূমের্ভারাবতারায় পুরা বিজ্ঞাপিতঃ প্রভো! ত্বমস্মাভিরশেষাত্মন্! তত্তথৈবোপপাদিতম্॥
২২। ধর্ম্মশ্চ স্থাপিতঃ সৎসু সত্যসন্ধেষু বৈ ত্বয়া। কীর্ত্তিশ্চ দিক্ষু বিক্ষিপ্তা সর্ব্বলোকমলাপহা॥
২৩। অবতীর্য্য যদোর্বংশে বিভ্রদ্রূপমনুত্তমম্। কর্ম্মাণ্যুদ্দামবৃত্তানি হিতায় জগতোঽকৃথাঃ॥
২৪। যানি তে চরিতানীশ! মনুষ্যাঃ সাধবঃ কলৌ। শৃণ্বন্তঃ কীর্ত্তয়ন্তশ্চ তরিষ্যন্ত্যঞ্জসা তমঃ॥
২৫। যদুবংশেঽবতীর্ণস্য ভবতঃ পুরুষোত্তম! শরচ্ছতং ব্যতীয়ায় পঞ্চবিংশাধিকং প্রভো!

তবে তাহা হৈতে হৈল মহত্তত্ত্বোদয়।
তাহা হৈতে ব্রহ্মাণ্ড জন্মিল হেমময়॥
সাত আবরণযুতা ব্রহ্মাণ্ড-ঘটনা।
তাহার ভিতরে, নাথ! এ-লোক-রচনা॥

১৭ স্থাবর-জঙ্গম, নাথ! এ-চৌদ্দ-ভুবন।
ব্রহ্মাণ্ড-ভিতরে, নাথ! এ-সব ঘটন॥
তোমার মায়াতে, নাথ! এ-সব কল্পনা।
ত্রিগুণ-জনিত যত বিবিধ-ঘটনা॥
জীবরূপে কর' তুমি বিষয়-বিলাস।
তবু লিপ্ত নহ তুমি, নিত্য-পরকাশ॥

১৮ ষোল-সহস্র দেবী রমণী তোমার।
কামবাণে না পারিলা তোমা' জিনিবার॥
কটাক্ষ-বিলাস, হাস, ভুরুভঙ্গী-বাণে।
যা'র মন জিনিতে নারিলা নারীগণে॥

১৯ এক নদী—তোমার অমৃত-কথাময়ী।
আর নদী—পদনীর বহে গঙ্গা হই'॥
তিন-লোক-পাপ হরে', দোহাঁর শকতি।
দুই তীর্থে স্নান করে' ধন্য মহামতি॥
শ্রুতিযোগে স্নান করে' এক তীর্থ-জলে।
অঙ্গ-সঙ্গে আর তীর্থে স্নান-পান করে'॥
এইরূপে দুই তীর্থে করে' স্নান-পান।
মহাভাগবত হয় বিমলগেয়ান॥'

২০ এইরূপে নানা-স্তুতি করে' সুরগণে।
২১ তবে ব্রহ্মা প্রজাপতি করে' নিবেদনে॥
রথের উপরে রহি' আকাশমণ্ডলে।
প্রণাম করিয়া ব্রহ্মা বোলে জোড়করে॥
'দেবগণে নিবেদিলা চরণে তোমার।
ক্ষিতিতলে অবতরি' হরিলে ভূ-ভার॥
দেবদেব! জগন্নাথ! প্রভু, হৃষীকেশ!
দেবকার্য্য কৈলে, কিছু নাহি অবশেষ॥

২২ সত্য-শুদ্ধ-শান্ত-জনে ধর্ম্ম আরোপিলে।
জগত ভরিয়া পুণ্য-যশ বিস্তারিলে॥
দশদিগ্ ভরিয়া চলিল কীর্ত্তিভার।
২৩ করিয়া অদ্ভুত কর্ম্ম থুইলে চমৎকার॥
২৪ সেই গুণকর্ম্ম কলিমল-বিনাশন।
সুখে লোক কলিযুগে করিব কীর্ত্তন॥

২৬। নাধুনা তেঽখিলাধার! দেবকার্য্যাবশেষিতম্। কুলঞ্চ বিপ্রশাপেন নষ্টপ্রায়মভূদিদম্॥
২৭। ততঃ স্বধাম পরমং বিশস্ব যদি মন্যসে। সলোকান্ লোকপালান্নঃ পাহি বৈকুণ্ঠকিঙ্করান্॥

শ্রীভগবানুবাচ

২৮। অবধারিতমেতন্মে যথাত্থ বিবুধেশ্বর! কৃতং যঃ কার্য্যমখিলং ভুমের্ভারোঽবতারিতঃ॥
২৯। তদিদং যাদবকুলং বীর্য্যশৌর্য্যশ্রিয়োদ্ধতম্। লোকং জিঘৃক্ষদ্ধ্রুবং মে বেলয়েব মহার্ণবঃ॥
৩০। যদ্যসংহৃত্য দৃপ্তানাং যদূনাং বিপুলং কুলম্। গন্তাস্ম্যনেন লোকোঽয়মুদ্বেলেন বিনঙ্ক্ষ্যতি॥
৩১। ইদানীং নাশ আরব্ধঃ কুলস্য দ্বিজশাপজঃ। যাস্যামি ভবনং ব্রহ্মন্! এতদন্তে তবানঘ!

শ্রীশুক উবাচ

৩২। ইত্যুক্তো লোকনাথেন স্বয়ম্ভুঃ প্রণিপত্য তম্। সহ দেবগণৈর্দেবঃ স্বধাম সমপদ্যত॥
৩৩। অথ তস্যাং মহোৎপাতান্ দ্বারবত্যাং সমুত্থিতান্। বিলোক্য ভগবানাহ যদুবৃদ্ধান্ সমাগতান্॥

শ্রীভগবানুবাচ

৩৪। এতে বৈ সুমহোৎপাতা ব্যুত্তিষ্ঠন্তীহ সর্ব্বতঃ। শাপশ্চ নঃ কুলস্যাসীদ্ব্রাহ্মণেভ্যো দুরত্যয়ঃ॥
৩৫। ন বস্তব্যমিহাস্মাভির্জিজীবিষুভিরার্য্যকাঃ! প্রভাসং সুমহৎপুণ্যং যাস্যামোঽদ্যৈব মা চিরম্॥

শ্রবণ, কীর্ত্তন করি' তরিব সংসার।
২৫ ধন্য যদুবংশে তুমি কৈলে অবতার॥
পঁচিশ-অধিক, নাথ! শতেক বৎসর।
এতকাল বহি' গেল ইহার ভিতর॥
২৬ এখনে এথাতে আর নাহি প্রয়োজন।
বিপ্র-শাপে হৈব যদুকুল-বিনাশন॥
ইৎসা যদি কর', নাথ! কর' অবধান।
২৭ সম্প্রতি বৈকুণ্ঠে তুমি চল' নিজধাম॥
নিজ-ভৃত্য আমি-সব পুরাণ কিঙ্কর।
রক্ষ রক্ষ, প্রাণনাথ, দেবদেবেশ্বর!'
২৮ চতুর্ম্মুখ-মুখে শুনি' এতেক বচন।
কহিতে লাগিলা তবে দৈবকীনন্দন॥
'তুমি যে কহিলে, ব্রহ্মা! সব সুগোচর।
হরিব পৃথ্বীর ভার, চলিব সত্বর॥
২৯ কিন্তু যদুকুল আছে, সর্ব্বশক্তি ধরে।
লোক আচ্ছাদিব তা'রা নিজ ভুজবলে॥
৩০ যদুকুল আমি যদি না করিব ক্ষয়।
আপনে করিব যদি বৈকুণ্ঠ-বিজয়॥
যদুকুলে লোক তবে নাশিব সকল।
হরিয়া পৃথ্বীর ভার, না কৈলুঁ কুশল॥
৩১ যদুকুল বিনাশিব সম্প্রতি এখনে।
তবে নিজধামে আমি চলিব আপনে॥'
৩২ এতেক বচন যদি বলিলা শ্রীহরি।
ব্রহ্মা-আদি দেবগণে প্রণিপাত করি'॥
আনন্দে চলিলা সভে নিজ-নিজ স্থানে।
তবে কোন্ কর্ম্ম কৈলা প্রভু ভগবানে?
৩৩ দ্বারকামণ্ডলে দেখি' নানা-উৎপাত।
বৃদ্ধগণ আনি' যুক্তি করে' জগন্নাথ॥
৩৪ 'দেখ দেখ, বহুবিধ উঠএ উৎপাত।
দ্বারকামণ্ডলে কিবা ফলে পরমাদ?
ব্রহ্মশাপ হৈল যদুকুল-বিনাশন।
কোনমতে না দেখিএ তাহার খণ্ডন॥
৩৫ এথাতে বসিতে আর উচিত না হয়।
প্রভাস উত্তম তীর্থ আছে পুণ্যময়॥
বিলম্ব না কর', তথা চলি' যাহ ঝাটে।
যাবত প্রমাদ কিছু এথাতে না ঘটে॥

৩৬। যত্র স্নাত্বা দক্ষশাপাদ্‌গৃহীতো যক্ষ্মণোড়ুরাট্। বিমুক্তঃ কিল্বিষাৎ সদ্যো ভেজে ভূয়ঃ কলোদয়ম্॥
৩৭। বয়ঞ্চ তস্মিন্নাপ্লুত্য তর্পয়িত্বা পিতৃন্ সুরান্। ভোজয়িত্বোশিজো বিপ্রান্ নানাগুণবতান্ধসা॥
৩৮। তেষু দানানি পাত্রেষু শ্রদ্ধয়োপ্ত্বা মহান্তি বৈ। বৃজিনানি তরিষ্যামো দানৈর্নৌভিরিবার্ণবম্॥

শ্রীশুক উবাচ

৩৯। এবং ভগবতাদিষ্টা যাদবাঃ কুরুনন্দন! গন্তুং কৃতধিয়স্তীর্থং স্যন্দনান্ সমযুযুজন্॥
৪০। তন্নিরীক্ষ্যোদ্ধবো রাজন্! শ্রুত্বা ভগবতোদিতম্। দৃষ্ট্বারিষ্টানি ঘোরাণি নিত্যং কৃষ্ণমনুব্রতঃ॥
৪১। বিবিক্ত উপসঙ্গম্য জগতামীশ্বরেশ্বরম্। প্রণম্য শিরসা পাদৌ প্রাঞ্জলিস্তমভাষত॥

শ্রীউদ্ধব উবাচ

৪২। দেবদেবেশ! যোগেশ! পুণ্যশ্রবণকীর্ত্তন! সংহৃত্যৈতৎ কুলং নূনং লোকং সন্ত্যক্ষ্যতে ভবান্। বিপ্রশাপং সমর্থোঽপি প্রত্যহন্ ন যদীশ্বরঃ॥
৪৩। নাহং তবাঙ্ঘ্রিকমলং ক্ষণার্দ্ধমপি কেশব! ত্যক্তুং সমুৎসহে নাথ! স্বধাম নয় মামপি॥
৪৪। তব বিক্রীড়িতং কৃষ্ণ! নৃণাং পরমমঙ্গলম্। কর্ণপীযূষমাস্বাদ্য ত্যজত্যন্যস্পৃহাং জনঃ॥
৪৫। শয্যাসনাটনস্থান-স্নানক্রীড়াশনাদিষু। কথং ত্বাং প্রিয়মাত্মানং বয়ং ভক্তাস্ত্যজেম হি?
৪৬। ত্বয়োপভুক্তস্রগ্‌গন্ধ-বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি॥

---

৩৬ দক্ষশাপে যক্ষ্মারোগ চন্দ্রের আছিল।
প্রভাসে আসিয়া চন্দ্র পরিত্রাণ পাইল॥
৩৭ আমি-সব সেহি তীর্থে করিয়া মজ্জন।
দান-পুণ্য, দেব-পিতৃ করিব তর্পণ॥
দ্বিজগণে ভুঞ্জাইব দিব্য অন্ন-পানে।
৩৮ দান দিব বিপ্রগণে বহুমূল্য ধনে॥
পরিত্রাণ পাইব তবে ব্রহ্মশাপে তরি'।
দানে হৈতে কোন্ কার্য্য সাধিতে না পারি?
নৌকাতে সাগরে যেন তরে' বাণিজার।
দানে হৈতে কোন্ সিদ্ধি না হয় কাহার?'
৩৯ এত বাক্য শুনি' তবে বৃদ্ধ যদুগণে।
সত্য করি' লৈলা সব কৃষ্ণের বচনে॥
প্রভাসে চলিতে তবে স্থির করি' মতি।
সাজিঞা আনিল রথ, রথের সারথি॥
অস্ত্র-শস্ত্র, ধনু-শর করিয়া কাছনি।
চলিল সকল লোক করিয়া সাজনি॥
৪০ দেখিয়া উদ্ধব তবে চিন্তে মনে-মনে।
জানিলা সকল মর্ম্ম কৃষ্ণের বচনে॥
মহা-ঘোর অরিষ্ট দেখিয়া ভয়ঙ্কর।
বিস্ময় পড়িল মনে, চিন্তিত অন্তর॥
৪১ কান্দিতে কান্দিতে গেলা কৃষ্ণ-সন্নিধানে।
গোপতে উদ্ধব করে' আত্মনিবেদনে॥
প্রণাম করিয়া, দুই ধরিয়া চরণ।
কান্দিতে কান্দিতে উদ্ধব কি বোলে বচন?
৪২ 'দেব-দেবেশ্বর, পুণ্য-শ্রবণ-কীর্ত্তন।
কুল সংহারিবে, হেন বুঝিলুঁ লক্ষণ॥
নরলোক তেজিয়া চলিবে নিজধাম।
ব্রহ্মশাপ না খণ্ডিলে হৈয়া ভগবান্॥
৪৩ তিলেক ছাড়িতে নারোঁ এ-দুই-চরণ।
না ছাড়, না ছাড়, নাথ! পশিলুঁ শরণ॥
৪৪ তোমার চরিত্র-লীলামৃত-মধু-পানে।
সকল পাসরে লোক সকৃৎ শ্রবণে॥
৪৫ আসন, শয়ন, পান, মজ্জন, ভোজনে।
তিলেক না ছাড়' মোরে, তেজিব কেমনে?
৪৬ তুমি যে তেজিবে, নাথ! অঙ্গ-অলঙ্কার।
গন্ধমাল্য, চন্দন, বসন, উপহার॥

৪৭। বাতরশনা য ঋষয়ঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ॥
৪৮। বয়ন্ত্বিহ মহাযোগিন্! ভ্রমন্তঃ কর্ম্মবর্ত্মসু। ত্বদ্বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ॥
৪৯। স্মরন্তঃ কীর্ত্তয়ন্তস্তে কৃতানি গদিতানি চ। গত্যুৎস্মিতেক্ষণক্ষ্বেলি যন্নৃলোকবিড়ম্বনম্॥

শ্রীশুক উবাচ

৫০। এবং বিজ্ঞাপিতো রাজন্! ভগবান্ দেবকীসুতঃ। একান্তিনং প্রিয়ং ভৃত্যমুদ্ধবং সমভাষত॥

ইতি শ্রীমদ্ভাগবতে ···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসংবাদে ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬॥

সেই দিয়া নিজ-অঙ্গ করিব ভূষণ।
দাস হঞা করোঁ যেন উচ্ছিষ্ট ভোজন॥
এইরূপে খণ্ডিমু তোমার মায়াবন্ধ।
কৃপা করি', নাথ! মোরে দেহ' নিজ-সঙ্গ॥

৪৭ দিগম্বর ঋষিগণ, শ্রমিত-অন্তর।
সন্ন্যাস করিয়া ব্রহ্ম চিন্তে নিরন্তর॥
শান্ত, দান্ত, ঊর্দ্ধরেতা, নিরমল-মতি।
ব্রহ্মধ্যান করি' তা'রা পায় ব্রহ্মগতি॥

৪৮-৪৯ কর্ম্মপথে যথা-তথা হয় যদি জন্ম।
তোমার অমৃত-কথা শুনি' অনুক্ষণ॥
সাধু-সঙ্গে শ্রবণ-কীর্ত্তন যদি করি।
তবে, নাথ! হেলে যাই ভবসিন্ধু তরি'॥'

৫০ এইরূপে নিবেদিলা ভকতপ্রধান।
শুনিঞা উত্তর তবে দিলা ভগবান্॥"
জান গুরু গদাধর ধীরশিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬॥

সপ্তমোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। যদাত্থ মাং মহাভাগ! তচ্চিকীর্ষিতমেব মে। ব্রহ্মা ভবো লোকপালাঃ স্বর্বাসং মেঽভিকাঙ্ক্ষিণঃ॥
২। ময়া নিষ্পাদিতং হ্যত্র দেবকার্য্যমশেষতঃ। যদর্থমবতীর্ণোঽহমংশেন ব্রহ্মণার্থিতঃ॥
৩। কুলং বৈ শাপনির্দগ্ধং নঙ্ক্ষ্যত্যন্যোঽন্যবিগ্রহাৎ। সমুদ্রঃ সপ্তমেঽহ্ন্যেতাং পুরীঞ্চ প্লাবয়িষ্যতি॥
৪। যর্হ্যেবায়ং ময়া ত্যক্তো লোকোঽয়ং নষ্টমঙ্গলঃ। ভবিষ্যত্যচিরাৎ সাধো! কলিনাপি নিরাকৃতঃ॥
৫। ন বস্তব্যং ত্বয়ৈবেহ ময়া ত্যক্তে মহীতলে। জনোঽধর্ম্মরুচির্ভদ্র! ভবিষ্যতি কলৌ যুগে॥

[দেশাগ-রাগ]

১ "শুন, হে উদ্ধব! তুমি ভকতপ্রধান।
সকল কহিলে তুমি বুঝি' অনুমান॥
ব্রহ্মা-ভব-পুরন্দর-আদি সুরগণে।
নিবেদন কৈলা আসি' বৈকুণ্ঠ-গমনে॥

২ দেবকার্য্য কৈলুঁ আমি সব সমাধানে।
এখনে চলিয়া আমি যাই নিজধামে॥
ব্রহ্মার বচনে আমি কৈলুঁ অবতার।
দৈত্যবধ করিয়া হরিলুঁ ভূমি-ভার॥

৩ কুলনাশ হৈব এবে অন্যোঽন্য-কোন্দলে।
সপ্তম দিবসে পুরী মজিব সাগরে॥

৪ যখনে তেজিব আমি এ-মহীমণ্ডল।
হতভাগ্য হ'ব লোক, খণ্ডিব মঙ্গল॥
দুষ্ট কলি সেইক্ষণে করিব সঞ্চার।

৫ তুমি জানি, উদ্ধব! এথা না থাকিও আর॥

৬। ত্বন্তু সর্ব্বং পরিত্যজ্য স্নেহং স্বজনবন্ধুষু। ময্যাবেশ্য মনঃ সম্যক্ সমদৃগ্ বিচরস্ব গাম্॥
৭। যদিদং মনসা বাচা চক্ষুর্ভ্যাং শ্রবণাদিভিঃ। নশ্বরং গৃহ্যমাণঞ্চ বিদ্ধি মায়ামনোময়ম্॥
৮। পুংসোঽযুক্তস্য নানার্থো ভ্রমঃ স গুণদোষভাক্। কর্ম্মাকর্ম্ম-বিকর্ম্মেতি গুণদোষধিয়ো ভিদা॥
৯। তস্মাদ্যুক্তেন্দ্রিয়গ্রামো যুক্তচিত্ত ইদং জগৎ। আত্মনীক্ষস্ব বিততমাত্মানং ময্যধীশ্বরে॥
১০। জ্ঞানবিজ্ঞানসংযুক্ত আত্মভূতঃ শরীরিণাম্। আত্মানুভবতুষ্টাত্মা নান্তরায়ৈর্বিহন্যসে॥
১১। দোষবুদ্ধ্যোভয়াতীতো নিষেধান্ন নিবর্ত্ততে। গুণবুদ্ধ্যা চ বিহিতং ন করোতি যথার্ভকঃ॥
১২। সর্ব্বভূতসুহৃচ্ছান্তো জ্ঞানবিজ্ঞান-নিশ্চয়ঃ। পশ্যন্ মদাত্মকং বিশ্বং ন বিপদ্যেত বৈ পুনঃ॥

শ্রীশুক উবাচ

১৩। ইত্যাদিষ্টো ভগবতা মহাভাগবতো নৃপ! উদ্ধবঃ প্রণিপত্যাহ তত্ত্বজিজ্ঞাসুরচ্যুতম্॥

শ্রীউদ্ধব উবাচ

১৪। যোগেশ! যোগবিন্ন্যাস! যোগাত্মন্! যোগসম্ভব! নিঃশ্রেয়সায় যে প্রোক্তস্ত্যাগঃ সন্ন্যাসলক্ষণঃ॥
১৫। ত্যাগোঽয়ং দুষ্করো ভূমন্! কামানাং বিষয়াত্মভিঃ। সুতরাং ত্বয়ি সর্ব্বাত্মন্নভক্তৈরিতি মে মতিঃ॥
১৬। সোঽহং মমাহমিতি মূঢ়মতির্বিগাঢ়,-স্ত্বন্মায়য়া বিরচিতাত্মনি সানুবন্ধে।
তত্ত্বঞ্জসা নিগদিতং ভবতা যথাহং, সংসাধয়ামি ভগবন্ননুশাধি ভৃত্যম্॥

পাপমতি হৈব লোক, দুষ্ট কলিযুগে।
সর্ব্বধর্ম্ম তেজিব, মজিব দুঃখ-শোকে॥

৬ তুমি সুত-বিত্ত-দার-প্রেম পরিহর'।
সর্ব্বধর্ম্ম তেজিয়া আমাতে চিত্ত ধর'॥
তবে সুখে কর' এই পৃথ্বী পর্য্যটন।
অসত্য দেখিবে তুমি এ-তিন ভুবন॥

৭ বুদ্ধি, মন, বচন, শ্রবণে যত লয়।
জানিব অসত্য, বৎস! সব মায়াময়॥

৮ চিত্তের ভরমে হয় অশেষ ভরম।
ভেদবুদ্ধি করে' দোষ-গুণ-নিরূপণ॥
কর্ম্ম, অকর্ম্ম, আর বিকর্ম্ম-বিচার।
গুণদোষ-বুদ্ধ্যে করে' ভেদ-ব্যবহার॥
বেদে যে বুঝায়, সেই কর্ম্ম অবধারি।
কর্ম্ম যদি না করি, অকর্ম্ম করি' বলি॥
বিকর্ম্ম জানিবা, বাপু! নিষেধ-আচার।
গুণ-দোষ-ভেদে হয় এ-সব সঞ্চার॥

৯ এ-বোল বুঝিয়া তুমি স্থির কর' চিত।
সকল ইন্দ্রিয়গণ করি' নিয়োজিত॥
আপনাতে আছে সব, দেখহ গেয়ানে।
আপনে আমাতে আছ, দেখহ ধেয়ানে॥

১০ জ্ঞান-বিজ্ঞানপূত হয় আত্মময়।
তুষ্ট হঞা থাক তুমি, খণ্ডিব সংশয়॥

১১ দোষ-গুণ যাহার হৃদয়ে নাহি ধরে।
সে-জন নিষেধ-বিধি—কিছুই না করে'॥
বালক্রীড়া করে', যেন বালক-সমান।
শুভাশুভ কর্ম্মে তা'র নহে বস্তুজ্ঞান॥

১২ সর্ব্বভূত-হিতপর, শান্ত হঞা থাক।
জ্ঞানে চিত্ত দিয়া মন স্থির করি' রাখ॥
আমার স্বরূপ সব দেখিবা সংসার।
পুনরপি না ঘটিব বিপদ্ তোমার॥"

১৩ কৃষ্ণের বচন শুনি' উদ্ধব সুমতি।
পুনরপি জিজ্ঞাসিলা করিয়া প্রণতি॥

১৪ "মহাযোগ-যোগেশ্বর! প্রভু! যোগময়!
এ-সব বচন মোর হৃদয়ে না লয়॥
ত্যাগধর্ম্ম কহিলে তুমি সন্ন্যাসলক্ষণ।

১৫ কিরূপে করিব ত্যাগ, কামে দৃঢ়মন?
বিষয়-লম্পট, যা'র কামে দৃঢ়মতি।
যা'র নাহি হয়, নাথ, তোমাতে ভকতি॥
সে-জন কিরূপে, নাথ! তেজিবে সংসার?

১৬ মুঞি নিবেদিএ, নাথ! চরণে তোমার॥

১৭। সত্যস্য তে স্বদৃশ আত্মন আত্মনোঽন্যং, বক্তারমীশ! বিবুধেষ্বপি নানুচক্ষে।
সর্ব্বে বিমোহিতধিয়স্তব মায়য়েমে, ব্রহ্মাদয়স্তনুভৃতো বহিরর্থভাবাঃ॥
১৮। তস্মাদ্ভবন্তমনবদ্যমনন্তপারং, সর্ব্বজ্ঞমীশ্বরমকুণ্ঠবিকুণ্ঠধিষ্ণ্যম্।
নির্বিণ্ণধীরহমু হ বৃজিনাভিতপ্তো, নারায়ণং নরসখং শরণং প্রপদ্যে॥

শ্রীভগবানুবাচ

১৯। প্রায়েণ মনুজা লোকে লোকতত্ত্ববিচক্ষণাঃ। সমুদ্ধরন্তি হ্যাত্মানমাত্মনৈবাশুভাশয়াৎ॥
২০। আত্মনো গুরুরাত্মৈব পুরুষস্য বিশেষতঃ। যৎপ্রত্যক্ষানুমানাভ্যাং শ্রেয়োঽসাবনুবিন্দতে॥
২১। পুরুষত্বে চ মাং ধীরাঃ সাঙ্খ্যযোগবিশারদাঃ। আবিস্তরাং প্রপশ্যন্তি সর্ব্বশক্ত্যুপবৃংহিতম্॥
২৪। অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। অবধূতস্য সংবাদং যদোরমিততেজসঃ॥
২৫। অবধূতং দ্বিজং কঞ্চিচ্চরন্তমকুতোভয়ম্। কবিং নিরীক্ষ্য তরুণং যদুঃ পপ্রচ্ছ ধর্ম্মবিৎ॥

শ্রীযদুরুবাচ

২৬। কুতো বুদ্ধিরিয়ং ব্রহ্মন্নকর্ত্তুঃ সুবিশারদা। যামাসাদ্য ভবাঁল্লোকং বিদ্বাংশ্চরতি বালবৎ॥
২৭। প্রায়ো ধর্ম্মার্থকামেষু বিবিৎসায়াঞ্চ মানবাঃ। হেতুনৈব সমীহন্তে আয়ুষো যশসঃ শ্রিয়ঃ॥
২৮। ত্বন্তু কল্পঃ কবির্দক্ষঃ সুভগোঽমৃতভাষণঃ। ন কর্ত্তা নেহসে কিঞ্চিজ্জড়োন্মত্তপিশাচবৎ॥

মুঞি মূঢ়মতি, নাথ! মায়ায় মোহিত।
'মুঞি' 'মোর' করি' মুঞি কেবল বঞ্চিত॥
সুত-দার-পরিবার—অসত্য-ধেয়ানে।
কেবল মজিয়া আছোঁ এ ভব-বন্ধনে॥
এ-সব অজ্ঞানজাল ছিণ্ড, হৃষীকেশ!
নিজ-ভৃত্য করি' রাখ দিয়া উপদেশ॥

১৭ তুমি আত্মা, সত্য, নিত্য, তুমি প্রভু বিনে।
আর বক্তা নাহি, নাথ! বিবুধ-সদনে॥
ব্রহ্মা-আদি দেবগণ সব বিমোহিত।
বিষয়-ধেয়ানে, নাথ! মায়ায় বঞ্চিত॥

১৮ তা'রা-সব কি কহিব তত্ত্ব অবধারি'।
সর্ব্বগুণনিধি তুমি, সর্ব্ব-অধিকারী॥
অনন্ত-মহিম তুমি সর্ব্বজ্ঞ, ঈশ্বর।
অকুণ্ঠ বৈকুণ্ঠধাম, শ্রুতি-অগোচর॥
নারায়ণ, প্রাণনাথ! পশিলুঁ শরণ।
দুরিত-দহন-তাপ কর' বিমোচন॥"

১৯ উদ্ধবের বচন শুনিঞা দয়াময়।
কহিতে লাগিলা তাঁ'র বুঝিয়া হৃদয়॥
"লোকতত্ত্ব-বিচক্ষণ যে-জন সংসারে।
প্রায় তাঁ'রা আপনাকে আপনে উদ্ধারে॥

২০ আপনে আপন-গুরু হয় মতিমান্।
সাক্ষাতে দেখএ, আর করে' অনুমান॥
সর্ব্বত্র কল্যাণ তাঁ'র, হয় সর্ব্বসিদ্ধি।
এ ঘোর সংসার পার হয় মহাবুদ্ধি॥

২১ তত্ত্বযোগ-বিশারদ, মহাধীরগণে।
সর্ব্বশক্তিযুত রূপ দেখে সর্ব্বস্থানে॥

২৪ কহি আর এক ইতিহাস পুরাতন।
অবধূত-যদুরাজ-সংবাদ-কথন॥

২৫-২৬ অবধূত এক দ্বিজ আইলা আচম্বিত।
সর্ব্বভূতে দয়াপর, ভয়-বিবর্জ্জিত॥
যদুরাজা দেখিয়া পুছিল তা'র তরে।
'কি কারণে, দ্বিজ! তুমি ভ্রম' একেশ্বরে?
কোথাতে শিখিলে বুদ্ধি, কহিবে নিশ্চিত।
বালবৎ ভ্রম' তুমি হৈয়া সুপণ্ডিত॥

২৭ ধর্ম্ম-অর্থ-কাম-লোভে ব্যাকুলিত চিত।
নানা ধর্ম্ম সাধে লোক হৈয়া বিমোহিত॥

২৮ তুমি সেহ শান্ত-দান্ত, শুদ্ধ-কলেবর।
না কর', না বোল' কিছু, দেখিতে সুন্দর॥
জড়-উনমতবৎ ভ্রম' কি কারণে?
না শুন, না দেখ কিছু শ্রবণ-নয়নে॥

২৯। জনেষু দহ্যমানেষু কামলোভদবাগ্নিনা। ন তপ্যসেঽগ্নিনা মুক্তো গঙ্গাম্ভঃস্থ ইব দ্বিপঃ॥
৩০। ত্বং হি নঃ পৃচ্ছতাং ব্রহ্মন্নাত্মন্যানন্দকারণম্। ব্রূহি স্পর্শবিহীনস্য ভবতঃ কেবলাত্মনঃ॥

শ্রীভগবানুবাচ

৩১। যদুনৈবং মহাভাগো ব্রহ্মণ্যেন সুমেধসা। পৃষ্টঃ সভাজিতঃ প্রাহ প্রশ্রয়াবনতং দ্বিজঃ॥

শ্রীব্রাহ্মণ উবাচ

৩২। সন্তি মে গুরবো রাজন্! বহবো বুদ্ধ্যুপাশ্রিতাঃ। যতো বুদ্ধিমুপাদায় মুক্তোঽটামীহ তাঞ্শৃণু॥
৩৩। পৃথিবী বায়ুরাকাশমাপোঽগ্নিশ্চন্দ্রমা রবিঃ। কপোতোঽজগরঃ সিন্ধুঃ পতঙ্গো মধুকৃদ্গজঃ॥
৩৪। মধুহা হরিণো মীনঃ পিঙ্গলা কুররোঽর্ভকঃ। কুমারী শরকৃৎ সর্প উর্ণনাভিঃ সুপেশকৃৎ॥
৩৫। এতে মে গুরবো রাজন্! চতুর্বিংশতিরাশ্রিতাঃ। শিক্ষা বৃত্তিভিরেতেষামন্বশিক্ষমিহাত্মনঃ॥
৩৬। যতো যদনুশিক্ষামি যথা বা নাহুষাত্মজ! তত্তথা পুরুষব্যাঘ্র! নিবোধ কথয়ামি তে॥
৩৭। ভূতৈরাক্রম্যমাণোঽপি ধীরো দৈববশানুগৈঃ। তদ্বিদ্বান্ ন চলেন্মার্গাদন্বশিক্ষং ক্ষিতের্ব্রতম্॥
৩৮। শশ্বৎ পরার্থসর্ব্বেহঃ পরার্থৈকান্তসম্ভবঃ। সাধুঃ শিক্ষেত ভূভৃত্তো নগশিষ্যঃ পরাত্মতাম্॥
৩৯। প্রাণবৃত্ত্যৈব সন্তুষ্যেন্মুনির্নৈবেন্দ্রিয়প্রিয়ৈঃ। জ্ঞানং যথা ন নশ্যেত নাবকীর্য্যেত বাঙ্মনঃ॥
৪০। বিষয়েষ্বাবিশন্ যোগী নানাধর্ম্মেষু সর্ব্বতঃ। গুণদোষব্যপেতাত্মা ন বিষজ্জেত বায়ুবৎ॥
৪১। পার্থিবেষ্বিহ দেহেষু প্রবিষ্টস্তদ্গুণাশ্রয়ঃ। গুণৈর্ন যুজ্যতে যোগী গন্ধৈর্বায়ুরিবাত্মদৃক্॥

২৯-৩০ নানা তাপে সর্ব্বলোকে দহে' নিরন্তর।
তা'র মাঝে আছ তুমি শান্ত-কলেবর॥
কহ দেখি, দ্বিজ! তুমি আনন্দ-কারণ?'
৩১ অবধূত দ্বিজ তবে কহে বিবরণ॥
৩২ বিস্তর আমার গুরু, কহি বিদ্যমানে।
যে যে শিক্ষা লৈলুঁ আমি যা'র যা'র স্থানে॥
৩৩-৩৪ পৃথিবী, পবন, বহ্নি, আকাশমণ্ডল।
রবি, শশী, আপ, সিন্ধু, গজ, মধুকর॥
কপোত, পতঙ্গ, অজগর, সর্প, মীন।
পিঙ্গলা, কুরর, শিশু, কুমারী, হরিণ॥
উর্ণনাভি, শরকৃৎ, আর মধুহারী।
এ-সব আমার গুরু, কীট পেশকারী॥
৩৫-৩৬ এই সে চব্বিশ গুরু করিয়া আশ্রয়।
যা'র ঠাঞি যে শিখিলুঁ, শুন, মহাশয়!
৩৭ অদৃষ্ট-অধীন জীব, অদৃষ্ট-কারণ।
নানা দুঃখ-পীড়া যদি করে' নানা জন॥
অদৃষ্ট মানিঞা জীব সহিব সকল।
নিজ-পথ না ছাড়িব, নহিব চঞ্চল॥
এ ধর্ম্ম শিখিলুঁ আমি পৃথিবীর স্থানে।
অদৃষ্ট মানিয়া চিত্ত করি সমাধানে।
৩৮ পরহিত-হেতু সব করে' সমর্পণ।
পরহিত-হেতু যা'র এ ধন-জীবন॥
এ ধর্ম্ম শিখিলুঁ আমি তরুগণ-স্থানে।
এ ধর্ম্ম শিখিলুঁ আমি পর্ব্বত-গহনে॥
৩৯ দেহমাত্র-ধারণ কেবল প্রয়োজন।
সুখভোগ, না করিব ইন্দ্রিয়তর্পণ॥
উতপন্ন তত্ত্বজ্ঞান না করিব ধ্বংস।
মনোবচনের কভু না করিব ভ্রংশ॥
৪০-৪১ গুণ-দোষ না দেখিব বিষয়-সংযোগে।
আসক্তি ছাড়িব, যদি থাকে সুখভোগে॥
সব ঠাঞি বৈসে বায়ু, অন্তর-বাহিরে।
নানা গন্ধ হরি' লয়, সর্ব্বত্র সঞ্চরে॥
সব ঠাঞি আছে বায়ু হৈয়া উদাসীন।
কা'রো মর্ম্ম নহে বায়ু, কা'রো নহে ভিন॥
বায়ুবৎ আছি আমি এই শিক্ষা ধরি'।
কোনকালে কা'রো সনে আসক্তি না করি॥

৪২। অন্তর্হিতশ্চ স্থিরজঙ্গমেষু, ব্রহ্মাত্মভাবেন সমন্বয়েন।
ব্যাপ্ত্যাব্যবচ্ছেদমসঙ্গমাত্মনো, মুনির্নভস্বৎ বিততস্য ভাবয়েৎ॥
৪৩। তেজোঽবন্নময়ৈর্ভাবৈর্মেঘাদ্যৈর্বায়ুনেরিতৈঃ। ন স্পৃশ্যতে নভস্বদ্বৎ কালস্যষ্টৈর্গুণৈঃ পুমান্॥
৪৪। স্বচ্ছঃ প্রকৃতিতঃ স্নিগ্ধো মাধুর্য্যস্তীর্থভূর্নৃণাম্। মুনিঃ পুনাত্যপাং মিত্রমীক্ষোপস্পর্শকীর্ত্তনৈঃ॥
৪৫। তেজস্বী তপসা দীপ্তো দুর্দ্ধর্ষোদরভাজনঃ। সর্ব্বভক্ষোঽপি যুক্তাত্মা নাদত্তে মলমগ্নিবৎ॥
৪৮। বিসর্গাদ্যাঃ শ্মশানান্তা ভাবা দেহস্য নাত্মনঃ। কলানামিব চন্দ্রস্য কালেনাব্যক্তবর্ত্মনা॥
৫০। গুণৈর্গুণানুপাদত্তে যথাকালং বিমুঞ্চতি। ন তেষু যুজ্যতে যোগী গোভির্গা ইব গোপতিঃ॥
৫১। বুধ্যতে স্বেন ভেদেন ব্যক্তিস্থ ইব তদ্গতঃ। লক্ষ্যতে স্থূলমতিভিরাত্মা চাবস্থিতোঽর্কবৎ॥
৫২। নাতিস্নেহঃ প্রসঙ্গো বা কর্ত্তব্যঃ ক্বাপি কেনচিৎ। কুর্ব্বন্ বিন্দেত সন্তাপং কপোত ইব দীনধীঃ॥
৫৩। কপোতঃ কশ্চনারণ্যে কৃতনীড়ো বনস্পতৌ। কপোত্যা ভার্য্যয়া সার্দ্ধমুবাস কতিচিৎ সমাঃ॥
৫৪। কপোতৌ স্নেহগুণিত-হৃদয়ৌ গৃহধর্ম্মিণৌ। দৃষ্টিং দৃষ্ট্যাঙ্গমঙ্গেন বুদ্ধিং বুদ্ধ্যা ববন্ধতুঃ॥
৫৫। শয্যাসনাটনস্থান-বার্ত্তাক্রীড়াশনাদিকম্। মিথুনীভূয় বিশ্রব্ধৌ চেরতুর্বনরাজিষু॥

৪২-৪৩ আকাশ নির্লেপ যেন, আছে সর্ব্বঠাঞি।
এই শিক্ষা লঞা আমি সর্ব্বত্র বেড়াই।
আকাশে জনমে মেঘ, আকাশে সঞ্চরে।
তভু মেঘ আকাশ পরশ নাহি করে'॥
এই শিক্ষা লঞা আমি থাকি সর্ব্বঠাঞি।
পরশ না করি কিছু, আনন্দে বেড়াই॥

৪৪ মধুর-মূরতি, নিরমল কলেবর।
সর্ব্বলোক পবিত্র হৈব, যেন পুণ্য-জল॥
দরশন-পরশন-শ্রবণ-কীর্ত্তন।
তীর্থজলে করে' যেন পাপ-বিমোচন॥
এই শিক্ষা লৈলুঁ আমি দেখি' তীর্থ-জল।
লোক-পরিত্রাণ-হেতু ভ্রমি নিরন্তর॥

৪৫ মহাতেজ ধরি আমি, দীপ্ত কলেবর।
কেবল উদরমাত্র লোক-ভয়ঙ্কর॥
সর্ব্বভক্ষ, তবু আমি থাকি যোগবলে।
এ ধর্ম্ম শিখিলুঁ আমি দেখিএ অনলে॥

৪৮ জনম-মরণ-জরা, সুখ-দুঃখ-ভয়।
এ-সব দেহের ধর্ম্ম, জীবের না হয়॥
চন্দ্রকলা টুটে যেন, বাঢ়ে কোন কালে।
যেই চন্দ্র, সেই চন্দ্র, না টুটে, না বাঢ়ে॥
এইরূপে নিত্য আত্মা, অজর-অমর।
এ-ধর্ম্ম শিখিলু আমি চন্দ্রের গোচর॥

৫০-৫১ সকল ইন্দ্রিয়গণ বিষয়ে সঞ্চরে।
যা'র যেই বিষয়, সেই সে ভোগ করে'॥
নিত্য শুদ্ধ আত্মা, কিছু না করে' বিষয়।
সূর্য্যের কিরণে যেন রস হরি' লয়॥
রশ্মিজালে হরে' রস, সূর্য্য শুদ্ধময়।
এইরূপে নিত্য জীব না করে' বিষয়॥

৫২ কা'রো সনে না করিব অধিক পীরিতি।
কা'রো সঙ্গে সঙ্গ না করিব মহামতি॥
কেহ কা'রো সঙ্গে যদি পীরিতি বাঢ়ায়।
তবে জীব কপোত-সমান দুঃখ পায়॥

৫৩ আছিল কপোত এক বনের ভিতরে।
কপোতী-ভার্য্যার সঙ্গে গৃহবাস করে'॥
বৃক্ষে বাসা তোলাঞা আছিল কতকাল।

৫৪ স্নেহপাশে বান্ধাবান্ধি হৃদয় দুঁহার॥
দিঠে-দিঠে, অঙ্গে-অঙ্গে দুঁহার বন্ধন।

৫৫ ক্রীড়া-কেলি-কুতূহলে একত্র মিলন॥
তিলেক না করে' কেহ আঁখির অন্তর।
এইরূপে থাকে পক্ষী বনের ভিতর॥

৫৬। যং যং বাঞ্ছতি সা রাজংস্তর্পয়ন্ত্যনুকম্পিতা।
তং তং সমনয়ৎ কামং কৃচ্ছ্রেণাপ্যজিতেন্দ্রিয়ঃ॥
৫৭। কপোতী প্রথমং গর্ভং গৃহ্ণতী কাল আগতে।
অণ্ডানি সুষুবে নীড়ে স্বপত্যুঃ সন্নিধৌ সতী॥
৫৮। তেষু কালে ব্যজায়ন্ত রচিতাবয়বা হরেঃ। শক্তিভির্বিভাব্যাভিঃ কোমলাঙ্গতনূরুহাঃ॥
৫৯। প্রজাঃ পুপুষতুঃ প্রীতৌ দম্পতী পুত্রবৎসলৌ।
শৃণ্বন্তৌ কূজিতং তাসাং নির্বৃতৌ কলভাষিতৈঃ॥
৬০। তাসাং পতত্রৈঃ সুস্পর্শৈঃ কূজিতৈর্মুগ্ধচেষ্টিতৈঃ। প্রত্যুদ্গমৈরদীনানাং পিতরৌ মুদমাপতুঃ॥
৬১। স্নেহানুবদ্ধহৃদয়াবন্যোন্যং বিষ্ণুমায়য়া। বিমোহিতৌ দীনধিয়ৌ শিশূন্ পুপুষতুঃ প্রজাঃ॥
৬২। একদা জগ্মতুস্তাসামন্নার্থং তৌ কুটুম্বিনৌ। পরিতঃ কাননে তস্মিন্নর্থিনৌ চেরতুশ্চিরম্॥
৬৩। দৃষ্ট্বা তাঁল্লুব্ধকঃ কশ্চিদ্‌যদৃচ্ছাতো বনেচরঃ। জগৃহে জালমাতত্য চরতঃ স্বালয়ান্তিকে॥
৬৪। কপোতশ্চ কপোতী চ প্রজাপোষে সদোৎসুকৌ। গতৌ পোষণমাদায় স্বনীড়মুপজগ্মতুঃ॥
৬৫। কপোতী স্বাত্মজান্ বীক্ষ্য বালকান্ জালসংবৃতান্।
তানভ্যধাবৎ ক্রোশন্তী ক্রোশতো ভৃশদুঃখিতা॥
৬৬। সাসকৃৎ স্নেহগুণিতা দীনচিত্তাজমায়য়া। স্বয়ঞ্চাবধ্যত শিচা বদ্ধান্ পশ্যন্ত্যপস্মৃতিঃ॥

একত্র শয়ন-পান, একত্র বেড়ায়।
৫৬ যে-যে বাঞ্ছা করে' ভার্য্যা, আনিঞা যোগায়॥
৫৭ কথোদিন রহি' গর্ভ ধরিল কপোতী।
পতি-সন্নিধানে প্রসবিল মহাসতী॥
কথোগুটী অণ্ড তা'র জন্মিল উদরে।
দোঁহে মেলি' নিরবধি অণ্ডসেবা করে'॥
৫৮ কথোদিন বহি' অণ্ড ফুটিল সকল।
জনমিল শিশুগণ সর্ব্বাঙ্গ-কোমল॥
৫৯-৬০ কপোত-কপোতী দোঁহে মেলিয়া দম্পতী।
নিরবধি শিশু পোষে করিয়া পীরিতি॥
তা'-সভার কলভাষা কাণ পাতি' শুনে।
মুদিত-নয়নে মুখ করে' নিরীক্ষণে॥
দুঁহে মেলি' শিশু রাখে দিঠে-দিঠে ধরি'।
অলপে অলপে পাখা উঠে লোমাবলী॥
পুত্র-দরশনে বাঢ়ে দুঁহার পীরিতি।
৬১ বিষ্ণুমায়া-বিমোহিত কপোত-কপোতী॥
এইরূপে দুঁহে মেলি' শিশুগণ পোষে।
আকুলহৃদয় হঞা মরে' কর্ম্মদোষে॥
৬২ একদিন গেল তা'রা আনিতে আহার।
কপোত-কপোতী মেলি' বনের মাঝার॥
আহার চাহিতে দুঁহে ভ্রমে' বনে-বনে।
৬৩ হেনকালে এক ব্যাধ আইল সেইখানে॥
ভূমিতলে শিশুগণ চরে' বনে-বনে।
তা' দেখিয়া জাল-দড়ি পাতিল সন্ধানে॥
আহার ধরিয়া তা'থে রহে কথোদূরে।
তা' দেখিয়া শিশুগণ বন্দী হৈল জালে॥
৬৪ কপোত-কপোতী আইল হেন-অবসরে।
আহার লইয়া ঠোঁটে বাসার নিয়ড়ে॥
৬৫-৬৬ শিশু না দেখিয়া দুঁহে বুলে' বনে-বনে।
দেখে, জালে বন্দী হঞা আছে শিশুগণে॥
জালে পড়ি' শিশুগণ করে' ধড়্‌ফড়্।
ভয়েতে ব্যাকুল হঞা করে' কোলাহল॥
দেখিয়া কপোতী হৈল অন্তরে দুঃখিতা।
ভূমেতে পড়িয়া কান্দে শোকে বিমোহিতা॥
বিলাপ করিয়া কান্দে কপোতী দুঃখিনী।
ঝাঁপ দিয়া জালে বন্দী হইল পক্ষিণী॥

৬৭। কপোতশ্চাত্মজান্ বদ্ধানাত্মনোঽপ্যধিকান্ প্রিয়ান্।
ভার্য্যাঞ্চাত্মসমাং দীনো বিললাপাতিদুঃখিতঃ॥
৬৮। অহো মে পশ্যতাপায়মল্পপুণ্যস্য দুর্ম্মতেঃ। অতৃপ্তস্যাকৃতার্থস্য গৃহৈস্ত্রৈবর্গিকো হতঃ॥
৬৯। অনুরূপানুকূলা চ যস্য মে পতিদেবতা। শূন্যে গৃহে মাং সন্ত্যজ্য পুত্রৈঃ স্বর্যাতি সাধুভিঃ॥
৭০। সোঽহং শূন্যে গৃহে দীনো মৃতদারো মৃতপ্রজঃ। জিজীবিষে কিমর্থং বা বিধুরো দুঃখজীবিতঃ?
৭১। তাংস্তথৈবাবৃতান্ শিগ্‌ভির্মৃত্যুগ্রস্তান্ বিচেষ্টতঃ। স্বয়ঞ্চ কৃপণঃ শিক্ষু পশ্যন্নপ্যবুধোঽপতৎ॥
৭২। তং লব্ধ্বা লুব্ধকঃ ক্রূরঃ কপোতং গৃহমেধিনম্। কপোতকান্ কপোতীঞ্চ সিদ্ধার্থঃ প্রযযৌ গৃহম্॥
৭৩। এবং কুটুম্ব্যশান্তাত্মা দ্বন্দ্বারামঃ পতত্রিবৎ। পুষ্ণন্ কুটুম্বং কৃপণঃ সানুবন্ধোঽবসীদতি॥
৭৪। যঃ প্রাপ্য মানুষং লোকং মুক্তিদ্বারমপাবৃতম্। গৃহেষু খগবৎ সক্তস্তমারূঢ়চ্যুতং বিদুঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রীমদবধূতচরিতে সপ্তমোঽধ্যায়ঃ॥ ৭॥

৬৭-৭০ কপোত দেখিয়া তবে এতেক বিধান।
লোটাঞা লোটাঞা কান্দে হৈয়া অগেয়ান॥
'প্রাণের অধিক মোর সব শিশুগণ।
কোন্ কাজে আমি আর রাখিব জীবন?
প্রাণের অধিক মোর ভার্য্যা গুণবতী।
কোথাতে রহিল, মোর হ'বে কোন্ গতি?
বিধি মোর বাম হৈল, ঘটিল অপায়।
আর কি জীবন মোর রাখিতে যুয়ায়?
পীরিতি নহিল মোর, না পূরিল কাম।
গৃহসুখ গেল মোর, বিধি হৈল বাম॥
পতিব্রতা নারী মোর, প্রাণের ঘরণী।
আমি না খাইলে, প্রিয়া না খায় অন্ন-পানী॥
স্বর্গবাসে গেল মোরে শূন্যঘরে থুঞা।
সব হরি' নিল মোর পুত্রগণে লঞা॥'
এইরূপে কান্দে পক্ষ করিয়া বিলাপ।
৭১ ধরিতে না পারে পক্ষী মনের সন্তাপ॥
ঝাঁপ দিয়া কপোত পড়িল সেই জালে।
৭২ পক্ষিগণ লঞা ব্যাধ গেল নিজ-ঘরে॥
কপোত, কপোতী, আর কপোত-ছাওয়াল।
জালে বন্দী করি' লৈঞা গেল দুরাচার॥
৭৩ এইরূপে কুটুম্বী গৃহস্থ দুরাশয়।
কুটুম্ব-ভরণে যা'র আকুল হৃদয়॥
এ ঘোর সংসারে মরে' অবোধ, বঞ্চিত।
এ বোল বুঝিয়া, রাজা! স্থির কর' চিত॥
৭৪ মানুষ-জনম, দেখ, মুকুতি-দুয়ার।
নর-দেহে পারে সভে ভব তরিবার॥
নরদেহ পাঞা যা'র গৃহে দৃঢ়মতি।
সভে দুঃখ-ভোগ তা'র অন্তে অধোগতি॥"

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তমোঽধ্যায়ঃ॥ ৭॥

অষ্টমোঽধ্যায়ঃ

শ্রীব্রাহ্মণ উবাচ

১। সুখমৈন্দ্রিয়কং রাজন্! স্বর্গে নরক এব চ। দেহিনাং যদ্‌যথা দুঃখং তস্মান্নেচ্ছেত তদ্‌বুধঃ॥
২। গ্রাসং সুমৃষ্টং বিরসং মহান্তং স্তোকমেব বা। যদৃচ্ছয়ৈবাপতিতং গ্রসেদাজগরোঽক্রিয়ঃ॥
৩। শয়ীতাহানি ভূরীণি নিরাহারোঽনুপক্রমঃ। যদি নোপনমেদ্‌গ্রাসো মহাহিরিব দিষ্টভুক্॥
৫। মুনিঃ প্রসন্নগম্ভীরো দুর্বিগাহ্যো দুরত্যয়ঃ। অনন্তপারো হ্যক্ষোভ্যস্তিমিতোদ ইবার্ণবঃ॥
৭। দৃষ্ট্বা স্ত্রিয়ং দেবমায়াং তদ্ভাবৈরজিতেন্দ্রিয়ঃ। প্রলোভিতঃ পতত্যন্ধে তমস্যগ্নৌ পতঙ্গবৎ॥
১৩। পদাপি যুবতীং ভিক্ষুর্ন স্পৃশেদ্দারবীমপি। স্পৃশন্ করীব বধ্যেত করিণ্যা অঙ্গসঙ্গতঃ॥
১৪। নাধিগচ্ছেৎ স্ত্রিয়ং প্রাজ্ঞঃ কর্হিচিন্মৃত্যুমাত্মনঃ। বলাধিকৈঃ স হন্যেত গজৈরন্যৈর্গজো যথা॥
১৫। ন দেয়ং নোপভোগ্যঞ্চ লুব্ধৈর্যদ্দুঃখসঞ্চিতম্। ভুঙ্‌ক্তে তদপি তচ্চান্যো মধুহেবার্থবিন্মধু॥
১৭। গ্রাম্যগীতং ন শৃণুয়াদ্‌যতির্বনচরঃ ক্বচিৎ। শিক্ষেত হরিণাদ্বদ্ধান্মৃগয়োর্গীতমোহিতাৎ॥
১৮। নৃত্যবাদিত্রগীতানি জুষন্ গ্রাম্যানি যোষিতাম্। আসাং ক্রীড়নকো বশ্য ঋষ্যশৃঙ্গো মৃগীসুতঃ॥
১৯। জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রসবিমোহিতঃ। মৃত্যুমৃচ্ছত্যসদ্‌বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা॥

[মল্লার-রাগ]

১ অবধূত বোলে,—"যদু! শুন, আর কহি।
অজগর-ধর্ম্মে আমি সব ঠাঞি রহি॥

স্বর্গ, নরক—দুই এক করি' মানি।
সুখ-দুঃখ সব আমি সম করি' জানি॥

২ ভাল-মন্দ যখন যে মিলয়ে আহার।
তাই খাঞা তুষ্ট হই, না করি বিচার॥

৩ অজগর-ধর্ম্মে থাকি, কিছুই না বলি।
না মিলে আহার যদি, উপবাস করি॥

অদৃষ্ট মানিঞা থাকি, যেন অজগর।
ভাল-মন্দ, সুখ-দুঃখ না করি অন্তর॥

৫ প্রসন্ন হৃদয়ে থাকি, বিমল শরীর।
স্তিমিত-অন্তর, যৈন সাগর-গম্ভীর॥

৭ স্ত্রীজাতি জানিব সহজে দেবমায়া।
স্ত্রীর দরশনে চিত্ত রাখিব বান্ধিয়া॥

যদি বা অবোধ-জনে করয়ে স্ত্রীসঙ্গ।
অনলে পুড়িয়া যেন মরয়ে পতঙ্গ॥

১৩-১৪ আছুক আনের কাজ, নারী দারুময়ী।
চরণে পরশ না করে' যতি হই'॥

স্ত্রীসঙ্গ করে' যদি যতি মতিভঙ্গে।
গজরাজ বন্দী যেন গজিনীর সঙ্গে॥

গজের বন্ধন দেখি' স্ত্রীর সঙ্গ তেজি'।
নিজ-সুখে আছি আমি জ্ঞানরসে মজি'॥

১৫ দুঃখে ধন অরজিয়া করয়ে সঞ্চয়।
দান, ভোগ না করে' কৃপণ, দুরাশয়॥

তা'রে মারি' তা'র ধন আনে' লঞা যায়।
মধুমাছি মারি' যেন মধু লঞা খায়॥

১৭ গ্রাম্য-গীত না শুনিব যতি বনচর।
তত্ত্বে মন ধরিয়া থাকিব নিরন্তর॥

লুব্ধকের গীতে যেন মৃগ মরে' বনে।
তা' দেখিয়া গ্রাম্য-গীত না শুনিব কাণে॥

১৮ নানা মনোহর গীত-নৃত্যবাদ্য শুনি'।
বেশ্যা-সঙ্গে বন্দী হৈল ঋষ্যশৃঙ্গ-মুনি॥

১৯ জিহ্বার আস্বাদে বন্দী হয় রস-লোভে।
মীন বন্দী হয় যেন বঁড়শির টোপে॥

২০। ইন্দ্রিয়াণি জয়ন্ত্যাশু নিরাহারা মনীষিণঃ। বর্জ্জয়িত্বা তু রসনং তন্নিরন্নস্য বর্দ্ধতে॥
২১। তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্রিয়ঃ পুমান্। ন জয়েদ্রসনং যাবজ্জিতং সর্ব্বং জিতে রসে॥
২২। পিঙ্গলা নাম বেশ্যাসীদ্‌বিদেহনগরে পুরা। তস্যা মে শিক্ষিতং কিঞ্চিন্নিবোধ নৃপনন্দন!
২৩। সা স্বৈরিণ্যেকদা কান্তং সঙ্কেত উপনেষ্যতী। অভূৎ কালে বহির্দ্বারি বিভ্রতী রূপমুত্তমম্॥
২৪। মার্গ আগচ্ছতো বীক্ষ্য পুরুষান্ পুরুষর্ষভ! তান্ শুল্কদান্ বিত্তবতঃ কান্তান্ মেনেঽর্থকামুকা॥
২৫। আগতেষ্বপযাতেষু সা সঙ্কেতোপজীবিনী। অপ্যন্যো বিত্তবান্ কোঽপি মামুপৈষ্যতি ভূরিদঃ॥
২৬। এবং দুরাশয়া ধ্বস্তনিদ্রা দ্বার্য্যবলম্বতী। নির্গচ্ছন্তী প্রবিশতী নিশীথং সমপদ্যত॥
২৭। তস্যা বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়া দীনচেতসঃ। নির্ব্বেদঃ পরমো জজ্ঞে চিন্তাহেতুঃ সুখাবহঃ॥

শ্রীপিঙ্গলোবাচ

৩০। অহো মে মোহবিততিং পশ্যতাবিজিতাত্মনঃ। যা কান্তাদসতঃ কামং কাময়ে যেন বালিশা॥
৩১। সন্তং সমীপে রমণং রতিপ্রদং, বিত্তপ্রদং নিত্যমিমং বিহায়।
অকামদং দুঃখভয়াধিশোক,-মোহপ্রদং তুচ্ছমহং ভজেঽজ্ঞা॥
৩২। অহো ময়াত্মা পরিতাপিতো বৃথা, সাঙ্কেত্যবৃত্ত্যাতিবিগর্হ্যবার্ত্তয়া।
স্ত্রৈণান্নরাদর্যার্থতৃষোঽনুশোচ্যাৎ, ক্রীতেন বিত্তং রতিমাত্মনেচ্ছতী॥
৩৩। যদস্থিভির্নির্ম্মিতবংশবংশ্য,-স্থূণং ত্বচা রোমনখৈঃ পিনদ্ধম্।
ক্ষরন্নবদ্বারমগারমেতদ্,-বিন্মূত্রপূর্ণং মদুপৈতি কান্যা?

২০-২১ সকল জিনিতে পারি বর্জ্জিয়ে রসনা।
রসনা জিনিব হেন আছে কোন্ জনা?
এ বোল বুঝিয়া যতি জিনিব রসনা।
সকল ইন্দ্রিয়গণে করিব রোধনা॥

২২ আছিল পিঙ্গলা বেশ্যা বিদেহ-নগরে।
তা'র শিক্ষাধর্ম্ম, যদু! কহিব তোমারে॥

২৩ একদিন যুক্তি কৈল স্বৈরিণী পিঙ্গলা।
ধনলোভে কামভাবে হইয়া ব্যাকুলা॥
সঙ্কেত করিয়া এক ধনীর কুমারে।
মন্দিরে আনিব তা'রে—চিন্তিল প্রকারে॥
বসন-ভূষণে অঙ্গ কৈল বিভূষণ।
রজনী সময় আসি' দিল দরশন॥

২৪ ঘর হৈতে যায় বেশ্যা বাহির দুয়ারে।
পথে যত লোক আইসে, সভাকে নেহালে॥

২৫ 'দূরে কান্ত আইসে মোর, কিবা অন্য হয়?
কত আইসে, কত যায়, কি তা'র নির্ণয়?
না জানি, সঙ্কেত করি' না আইল কেন?
সেই বা ধনিক আইসে, কিবা অন্য জন?

২৬ এইরূপে মনে মনে চিন্তয়ে পিঙ্গলা।
ছট্‌পটি করে' বেশ্যা কামতে ব্যাকুলা॥
ঘর হৈতে বাহির, বাহির হৈতে ঘর।
এইরূপে গতাগতি করে' নিরন্তর॥
অর্দ্ধরাত্রি বহি' গেল এই ত' প্রকারে।

২৭ বৈরাগ্য জন্মিল তা'র হেন অবসরে॥

৩০ 'দেখ দেখ, মোর এতবড় মোহজাল!
ধনলোভে সর্ব্বনাশ কৈলুঁ আপনার!!
অশান্ত পুরুষে মুঞি কান্তবুদ্ধি ধরি'।
এতকাল গেল ব্যর্থ ধন-আশা করি'!!

৩১ নিকটে উত্তম কান্ত, সর্ব্বফলদাতা।
সর্ব্বলোক-গতি, পতি, বিধির বিধাতা॥
হেন কান্ত-রতন পুরুষ দূরে তেজি'।
অশান্ত, দুরন্ত কান্ত দুঃখময়ে ভজি!!

৩২ অতি মতিহীন মুঞি, বিধি-বিমোহিতা।
কু-পুরুষ-পতি-সঙ্গে কেবল বঞ্চিতা॥

৩৩ মুঞি নারী পরবেশ করি হেন ঘরে।
নিরন্তর ঝরে ঘর এ নব দুয়ারে॥

৩৪। বিদেহানাং পুরে হ্যস্মিন্নহমেকৈব মূঢ়ধীঃ। যান্যমিচ্ছন্ত্যসত্যস্মাদাত্মদাৎ কামমচ্যুতাৎ॥
৩৫। সুহৃৎ প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাম্। তং বিক্রীয়াত্মনৈবাহং রমেঽনেন যথা রমা॥
৩৬। কিয়ৎ প্রিয়ং তে ব্যভজন্ কামা যে কামদা নরাঃ।
আদ্যন্তবন্তো ভার্য্যায়া দেবা বা কালবিদ্রুতাঃ?
৩৭। নূনং মে ভগবান্ প্রীতো বিষ্ণুঃ কেনাপি কর্ম্মণা। নির্ব্বেদোঽয়ং দুরাশায়া যন্মে জাতঃ সুখাবহঃ॥
৩৯। তেনোপকৃতমাদায় শিরসা গ্রাম্যসঙ্গতাঃ। ত্যক্ত্বা দুরাশাঃ শরণং ব্রজামি তমধীশ্বরম্॥
৪০। সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্যথালাভেন জীবতি। বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ॥
৪১। সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণম্। গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ?
৪২। আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্ব্বিদ্যেত যদাখিলাৎ। অপ্রমত্ত ইদং পশ্যেদ্গ্রস্তং কালাহিনা জগৎ॥

শ্রীব্রাহ্মণ উবাচ

৪৩। এবং ব্যবসিতমতির্দুরাশাং কান্তদুর্জয়াম্। ছিত্ত্বোপশমমাস্থায় শয্যামুপবিবেশ সা॥
৪৪। আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখম্। যথা সংচ্ছিদ্য কান্তাশাং সুখং সুষ্বাপ পিঙ্গলা॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীপিঙ্গলোপাখ্যানেঽষ্টমোঽধ্যায়ঃ॥ ৮॥

বিষ্ঠা-মূত্রে পরিপূর্ণ ঘরের ভিতরে।
নখ-লোম-কেশে তা'র ছাউনি উপরে॥
হাড়ময় বাঁশ দিয়া ঘরের সাজনি।
হেন ঘরে প্রবেশিএ মুঞি দ্বিচারিণী!!
৩৪-৩৫ সকলের আত্মা, নাথ, প্রিয় হিতকারী।
হেন প্রভু বিসরিয়ে দূরে পরিহরি'॥
দুর্গত, কামুক-সঙ্গে রমিলুঁ বিস্তর।
ব্যর্থ কাল গেল মোর, জনম বিফল॥
৩৬ জনম-মরণ যা'র, নানা-দুঃখ-শোক।
তা'র সনে কোন্ কাজে কৈলুঁ রতিভোগ?
আছুক মানুষ, দেব—সেহো যায় নাশ।
কৃষ্ণ না ভজিলে, না ছাড়য়ে মায়াপাশ॥
৩৭ হেন বুঝি, মোরে তুষ্ট হৈলা ভগবান্।
বৈরাগ্য-কারণে হেন জনমিল জ্ঞান॥
৩৯ শরণ পশিলুঁ আজি সে দেব-চরণে।
সকল দুরাশা তেজি' ভজিমু যতনে॥
৪০ সে প্রভুর সঙ্গে মুঞি রমিব অন্তরে।
যেন-তেন-মতে প্রাণ রাখিব শরীরে॥
৪১ ভবকূপে নিপতিত, বঞ্চিত সে জন।
বিষয়ে হরিল যা'র এ-দুই নয়ন॥
কালসর্পে গরাসিল যা'র কলেবরে।
কৃষ্ণ-বিনে পরিত্রাণ কে করিতে পারে?
৪২ সেই সে আপনে কৈল আপন উদ্ধার।
অন্তরে বৈরাগ্য থাকে বিষয়ে যাহার॥'
৪৩ এইরূপে বিস্তর চিন্তিল মনে মনে।
সকল তেজিল বেশ্যা চিত্ত-সমাধানে॥
৪৪ নৈরাশ্য—পরম-সুখ, আশা—দুঃখময়।
বুঝিয়া পিঙ্গলা-বেশ্যা দঢ়াইল হৃদয়॥
তেজিয়া সকল-আশা আনন্দে রহিল।
পিঙ্গলা দেখিয়া আমি সে-ধর্ম্ম শিখিল॥"
"শুনিঞা, উদ্ধব! যোগ স্থির কর মতি।"
ভাগবত-আচার্য্যের মধুর-ভারতী।

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টমোঽধ্যায়ঃ॥ ৮॥

নবমোঽধ্যায়ঃ

শ্রীব্রাহ্মণ উবাচ

১। পরিগ্রহো হি দুঃখায় যদ্‌যৎ প্রিয়তমং নৃণাম্। অনন্তং সুখমাপ্নোতি তদ্বিদ্বান্ যস্ত্বকিঞ্চনঃ॥
২। সামিষং কুররং জঘ্নুর্বলিনোঽন্যে নিরামিষাঃ। তদামিষং পরিত্যজ্য স সুখং সমবিন্দত॥
৩। ন মে মানাবমানৌ স্তো ন চিন্তা গেহপুত্রিণাম্। আত্মক্রীড় আত্মরতির্বিচরামীহ বালবৎ॥
৫। ক্বচিৎ কুমারী ত্বাত্মানং বৃণানান্ গৃহমাগতান্। স্বয়ং তানর্হয়ামাস ক্বাপি যাতেষু বন্ধুষু॥
৬। তেষামভ্যবহারার্থং শালীন্ রহসি পার্থিব! অবঘ্নন্ত্যাঃ প্রকোষ্ঠস্থাশ্চক্রুঃ শঙ্খাঃ স্বনং মহৎ॥
৭। সা তজ্জুগুপ্সিতং মত্বা মহতী ব্রীড়িতা ততঃ। বভঞ্জৈকৈকশঃ শঙ্খান্ দ্বৌ দ্বৌ পাণ্যোরশেষয়ৎ॥
৮। উভয়োরপ্যভূদ্‌ঘোষো হ্যবঘ্নন্ত্যাঃ স্ম শঙ্খয়োঃ। তত্রাপ্যেকং নিরভিদদেকস্মান্নাভবদ্ধ্বনিঃ॥
৯। অন্বশিক্ষমিমং তস্যা উপদেশমরিন্দম! লোকাননুচরন্নেতান্ লোকতত্ত্ববিবিৎসয়া॥
১০। বাসে বহূনাং কলহো ভবেদ্বার্ত্তা দ্বয়োরপি। এক এব চরেত্তস্মাৎ কুমার্য্যা ইব কঙ্কণঃ॥
১১। মন একত্র সংযুঞ্জ্যাজ্জিতশ্বাসো জিতাসনঃ। বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণমতন্দ্রিতঃ॥
১২। যস্মিন্মনো লব্ধপদং যদেতৎ, শনৈঃ শনৈর্মুঞ্চতি কর্ম্মরেণূন্।
সত্ত্বেন বৃদ্ধেন রজস্তমশ্চ, বিধূয় নির্ব্বাণমুপৈত্যনিন্ধনম্॥

[সিন্ধুড়া-রাগ]

১ অবধূত বলে',—"যদু! শুন সাবহিতে।
কহিব সকল তত্ত্ব তোমার সাক্ষাতে॥
পরিগ্রহ—দুঃখ-হেতু, নাহি সুখলেশ।
সুখে রহে' অকিঞ্চন বুঝিয়া বিশেষ॥
২ হরিয়া কুরর-পক্ষী মাংস লঞা যায়।
তাঁ'খে মারি' তা'র মাংস আনে লঞা খায়॥
তে-কারণে কোঁথাহ না চলি কিছু লৈঞা।
নিজ-সুখে থাকি আমি অকিঞ্চন হৈঞা॥
৩ মান-অপমান আমি বিচার না করি।
পুত্র-দার-পরিবার-চিন্তা পরিহরি'॥
আপনাতে রত হঞা আপনাতে রমি।
বালবৎ নিজ-সুখে যথা-তথা ভ্রমি॥
৫ এক দ্বিজ-ঘরে এক আছিল কুমারী।
তাহাকে বরিতে আইল জনা দুই-চারি॥
পিতা, মাতা, বন্ধুগণ না ছিল মন্দিরে।
আপনে ব্রাহ্মণ-কন্যা পূজিল আদরে॥
৬ আতিথ্যবিধানে পূজি' ঘরে পরবেশে'।
তণ্ডুল-কারণে ধান্য গোপতে আপসে॥
ধান্য আপসিতে শঙ্খ-শবদ উঠিল।
৭ কুৎসিত মানিয়া কন্যা মনে লাজ পাইল॥
একে একে হাতের সকল শঙ্খ ভাঙ্গি'।
দুই-দুই শঙ্খমাত্র দুই হাতে রাখি'॥
৮ তবে আর-বার ধান্য আপসে কুমারী।
তবু শব্দ হৈল দুই শঙ্খে-শঙ্খে মেলি'॥
দুই হাতে দুইগাছি শঙ্খমাত্র থুঞা।
একগাছি করি' শঙ্খ ফেলিল ভাঙ্গিয়া॥
তবে শঙ্খ-শবদ না হইল আরবার।
৯ সেই শিক্ষা লঞা আমি ভ্রমি একেশ্বর॥
১০ বহুসঙ্গে বসিতে কোন্দল নিতি-নিতি।
দুইজনে কথা-বার্ত্তা হয় নিরবধি॥
কুমারী-কঙ্কণ দেখি' যুক্তি করি' মনে।
একেশ্বর হৈঞা আমি ভ্রমি তে-কারণে॥
১১ আসন, পবন জিনি' মন নিরোধিয়া।
বৈরাগ্য অভ্যাস-যোগে রাখিব বান্ধিয়া॥
১২ একত্রে ধরিব মন গোবিন্দ-চরণে।
ধীরে-ধীরে কর্ম্মরেণু তেজিব যতনে॥

১৩। তদৈবমাত্মন্যবরুদ্ধচিত্তো, ন বেদ কিঞ্চিদ্বহিরন্তরং বা।
যথেষুকারো নৃপতিং ব্রজন্ত,-মিষৌ গতাত্মা ন দদর্শ পার্শ্বে॥
১৪। একচার্য্যনিকেতঃ স্যাদপ্রমত্তো গুহাশয়ঃ। অলক্ষ্যমাণ আচারৈর্মুনিরেকোঽল্পভাষণঃ॥
১৫। গৃহারম্ভোঽতিদুঃখায় বিফলশ্চাধ্রুবাত্মনঃ। সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখমেধতে॥
১৬। একো নারায়ণো দেবঃ পূর্ব্বসৃষ্টং স্বমায়য়া। সংহৃত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বরঃ॥
১৭। এক এবাদ্বিতীয়োঽভূদাত্মাধারোঽখিলাশ্রয়ঃ। কালেনাত্মানুভাবেন সাম্যং নীতাসু শক্তিষু।
সত্ত্বাদিষ্বাদিপুরুষঃ প্রধানপুরুষেশ্বরঃ॥
১৮। পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ। কেবলানুভবানন্দসন্দোহো নিরুপাধিকঃ॥
১৯। কেবলাত্মানুভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাম্। সংক্ষোভয়ন্ সৃজত্যাদৌ তয়া সূত্রমরিন্দম!
২০। তামাহুস্ত্রিগুণব্যক্তিং সৃজন্তীং বিশ্বতোমুখম্। যস্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্॥
২১। যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সন্তত্য বক্ত্রতঃ। তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং মহেশ্বরঃ॥
২২। যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া। স্নেহাদ্দ্বেষাদ্ভয়াদ্বাপি যাতি তত্তৎসরূপতাম্॥
২৩। কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যাং তেন প্রবেশিতঃ। যাতি তৎসাত্মতাং রাজন্! পূর্ব্বরূপমসন্ত্যজন্॥

সত্ত্বগুণে রজস্তম ফেলিব ধুইয়া।
সত্ত্বগুণে সত্ত্বগুণ ছাড়িব জিনিঞা॥

১৩ নির্ব্বাণ পরমপদে নিয়োজিব মন।
বাহ্য-অভ্যন্তরে মনে নহে সঙরণ॥
শরকৃৎ শর যেন গড়ে' হেঁট মাথে।
না দেখিল, রাজা চলি' গেল সেই পথে॥
শরগত চিত্ত তা'র, নাহি অবধান।
এ-ধর্ম্ম শিখিলুঁ শরকৃৎ-সন্নিধান॥

১৪-১৫ একচারী হৈব মুনি, না করিব ঘর।
সাবধানে থাকিব, ভ্রমিব নিরন্তর॥
আচারে লখিতে কেহ না পারিব মুনি।
গৃহারম্ভ ছাড়িব, কহিব অল্পবাণী॥
আপন-কারণে ব্যর্থ না পাতিব ঘর।
পরঘরে যেন বৈসে সুখে ফণধর॥

১৬ মায়ায় করয়ে সৃষ্টি এক নারায়ণে।
কালমূর্ত্তি ধরি' সেই সংহারে আপনে॥

১৭-১৯ নিরাধার, নিরালম্ব, অখিল-আশ্রয়।
সর্ব্বশক্তি সম্বরিয়া সেই মাত্র রয়॥
প্রকৃতি-পুরুষপর, পরাপর-পর।
উপাধি-বর্জ্জিত, মাত্র এক মহেশ্বর॥

যখনে ইচ্ছয়ে পুন সৃষ্টি করিবার।
মায়াতে ঈক্ষণ করি' সৃজয়ে সংসার॥

২০ সেই সে ত্রিগুণময়ী বলি বিষ্ণুমায়া।
জগৎ সৃজয়ে সেই নানা-মূর্ত্তি হৈঞা॥
মায়ায় করয়ে হরি জগত নির্ম্মাণ।
প্রলয়-পালন করে' সেই ভগবান্॥

২১ ঊর্ণনাভি ঊর্ণসূত্র সৃজয়ে বদনে।
সেই ঊর্ণজালে পুন বিহরে আপনে॥
সেই ঊর্ণাসূত্রে পুন করয়ে গরাস।
এইরূপে সৃষ্টিলীলা করে' শ্রীনিবাস॥

২২ যথাতথা চিত্ত ধরে একান্ত ধেয়ানে।
স্নেহে, দ্বেষে, ভয়ে কিবা করে' আরোপণে॥
যেই ধ্যান করি' মরে, সেই মূর্ত্তি ধরে।
কুমারিয়া-কীট যেন নিজ-মূর্ত্তি করে'॥

২৩ কুমারিয়া-কীট অন্য কীট ধরি' আনে'।
প্রবেশ করায় নিজ-ঘরে সেই মনে॥
ভয়ে তা'র রূপ কীট চিন্তে নিরন্তর।
নিজরূপ ছাড়ি' ধরে সেই কলেবর॥
এই-সে কারণে আমি কৃষ্ণে ধরি' মন।
আনন্দে বিহার করি পৃথ্বী পর্য্যটন॥

২৪। এবং গুরুভ্য এতেভ্য এষা মে শিক্ষিতা মতিঃ। স্বাত্মোপশিক্ষিতাং বুদ্ধিং শৃণু মে বদতঃ প্রভো!

২৫। দেহো গুরুর্মম বিরক্তিবিবেকহেতু,-র্বিভ্রৎ স্ম সত্ত্বনিধনং সততার্ত্ত্যুদর্কম্।
তত্ত্বান্যনেন বিমৃশামি যথা তথাপি, পারক্যমিত্যবসিতো বিচরাম্যসঙ্গঃ॥

২৬। জায়াত্মজার্থ-পশুভৃত্যগৃহাপ্তবর্গান্, পুষ্ণাতি যৎপ্রিয়চিকীর্ষয়া বিতন্বন্।
স্বান্তে সকৃচ্ছ্রমবরুদ্ধধনঃ স দেহঃ, সৃষ্ট্বাস্য বীজমবসীদতি বৃক্ষধর্ম্মা॥

২৭। জিহ্বৈকতোঽমুমপকর্ষতি কর্হি তর্ষা, শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক্ব চ কর্ম্মশক্তি,-র্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি॥

২৮। সৃষ্ট্বা পুরাণি বিবিধান্যজয়াত্মশক্ত্যা, বৃক্ষান্ সরীসৃপপশূন্ খগদংশমৎস্যান্।
তৈস্তৈরতুষ্টহৃদয়ঃ পুরুষং বিধায়, ব্রহ্মাবলোকধিষণং মুদমাপ দেবঃ॥

২৯। লব্ধ্বা সুদুর্লভমিদং বহুসম্ভবান্তে, মানুষ্যমর্থদমনিত্যমপীহ ধীরঃ।
তূর্ণং যতেত ন পতেদনুমৃত্যু যাব,-ন্নিঃশ্রেয়সায় বিষয়ঃ খলু সর্ব্বতঃ স্যাৎ॥

৩০। এবং সঞ্জাতবৈরাগ্যো বিজ্ঞানালোক আত্মনি। বিচরামি মহীমেতাং মুক্তসঙ্গোঽনহঙ্কৃতিঃ॥

---

২৪ এত গুরু হৈতে এত উপদেশ ধরি।
নিজ-সুখে পূর্ণ হৈয়া আনন্দে বিহরি॥
আপনার গুরু হঞা শিখিলুঁ আপনে।
নিজ কলেবরে গুরু বলি তে-কারণে॥

২৫ বিচার করিয়া বুঝি মনের ভিতর।
জ্ঞান-বৈরাগ্যের হেতু—নিজ কলেবর॥
দেহের জনম-মাত্র, দেহের মরণ।
আপনার জন্ম-মৃত্যু, সে হয় ভরম॥
এ বোল বুঝিয়া দেহে না করি পীরিতি।
দেহে উদাসীন হৈঞা থাকি দিনরাতি॥

২৬ পশু, ভৃত্য, গৃহ, দার, পরিবারগণ।
পোষণ, পালন করে' দেহের কারণ॥
অন্তকালে চলে দেহ, এ-সব তেজিয়া।
আপনার নিজকর্ম্ম সংহতি করিয়া॥
বৃক্ষধর্ম্মী কলেবর অন্তে যায় নাশ।
তে-কারণে নিজদেহে না করি বিশ্বাস॥

২৭ একদিগে জিহ্বায় বান্ধিয়া লঞা যায়।
আর দিকে তৃষ্ণায় আকুল হঞা ধায়॥
একদিগে শ্রবণ, নয়ন আর দিগে।
লিঙ্গে, উদরে আর বান্ধে দুই ভাগে॥
কোন ঠাঞি বান্ধে লঞা নাসিকা-বিবরে।
বিস্তর সতিনে যেন গৃহপতি মারে॥
কি কর্ম্ম করিব জীব, কি তা'য় শকতি?
সতিনী মেলিয়া যেন কাটে গৃহপতি॥

২৮ আপনে করিএ হরি এ লোক রচনা।
কীট-পতঙ্গ-আদি ব্রহ্মাণ্ড-কল্পনা॥
তভু তুষ্ট নহিলা সৃষ্টি করিয়া নির্ম্মাণ।
তবে নররূপ সৃষ্টি কৈলা ভগবান্॥
মানুষ-জনমে ব্রহ্ম দেখিব নয়নে।
তবে তুষ্ট হঞা হরি রহিলা আপনে॥

২৯ বহু কোটি জনম লভিয়া কর্ম্মদোষে।
মানুষ-জনম যদি হৈল ভাগ্যবশে॥
দুর্ল্লভ মানুষ-জন্ম, অনিত্য সংসার।
হেন জন্ম লভিয়া চিন্তিব পরকাল॥
যাবৎ শরীর নাহি পড়ে অকারণ।
শরীরের সহে মৃত্যু রহে অনুক্ষণ॥
তাবৎ যতন করি' সাধিব মুকতি।
সব ঠাঞি বিষয় মিলয়ে জীবগতি॥

৩০ এই মতে জনমিল হৃদয়-নির্ব্বেদ।
জ্ঞানচক্ষে দেখি সব ঈশ্বর-অভেদ॥

শ্রীভগবানুবাচ

৩২। **ইত্যুক্ত্বা স যদুং বিপ্রস্তমামন্ত্র্য গভীরধীঃ। বন্দিতোঽভ্যর্থিতো রাজ্ঞা যযৌ প্রীতো যথাগতম্॥**
৩৩। **অবধূতবচঃ শ্রুত্বা পূর্ব্বেষাং নঃ স পূর্ব্বজঃ। সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তঃ সমচিত্তো বভূব হ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসংবাদে শ্রীমদবধূতগীতং নাম নবমোঽধ্যায়ঃ॥ ৯॥

সর্ব্বসঙ্গ পরিহরি', তেজি' অহঙ্কার।
আনন্দে বিহরি' আমি ভ্রমিয়ে সংসার॥"

৩২ "এতেক বচন বলি' দ্বিজ অবধূত।
গভীর চরিত্র, মহাধীর, গুণযুত॥
যদু রাজা প্রশংসিয়া চলিলা ব্রাহ্মণ।
পীরিতে পূজিলা রাজা বিপ্রের চরণ॥

৩৩ অবধূত-বচন শুনিঞা যদুরাজা।
প্রণতি করিয়া কৈলা অবধূত-পূজা॥
পুরুর বংশের তিঁহো আছিলা পূরবে।
একচিত্তে কৃষ্ণ আরাধিলা সর্ব্বভাবে॥
সর্ব্বসঙ্গ তেজিয়া ভজিলা গদাধর।
বিষ্ণুপদে গেলা তিঁহো সাধিয়া সকল॥"

উদ্ধব-সংবাদ-কথা কৃষ্ণগুণ-বাণী।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং নবমোঽধ্যায়ঃ॥ ৯॥

দশমোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। **ময়োদিতেষ্ববহিতঃ স্বধর্ম্মেষু মদাশ্রয়ঃ। বর্ণাশ্রমকুলাচারমকামাত্মা সমাচরেৎ॥**
২। **অন্বীক্ষেত বিশুদ্ধাত্মা দেহিনাং বিষয়াত্মনাম্। গুণেষু তত্ত্বধ্যানেন সর্ব্বারম্ভবিপর্য্যয়ম্॥**
৩। **সুপ্তস্য বিষয়ালোকো ধ্যায়তো বা মনোরথঃ। নানাত্মকত্বাদ্বিফলস্তথা ভেদাত্মধীর্গুণৈঃ॥**
৪। **নিবৃত্তং কর্ম্ম সেবেত প্রবৃত্তং মৎপরস্ত্যজেৎ। জিজ্ঞাসায়াং সম্প্রবৃত্তো নাদ্রিয়েৎ কর্ম্মচোদনাম্॥**
৫। **যমানভীক্ষ্ণং সেবেত নিয়মান্ মৎপরঃ ক্বচিৎ। মদভিজ্ঞং গুরুং শান্তমুপাসীত মদাত্মকম্॥**

[কর্ণাট-রাগ]

১ তবে পুন কহিতে লাগিলা ভগবান্।
"শুন, হে উদ্ধব! তুমি ভকত-প্রধান॥
আমি যে কহিলুঁ ধর্ম্ম আগম-পুরাণে।
সে ধর্ম্ম আশ্রয় করি' রহ' সাবধানে॥
বর্ণধর্ম্ম, কুলধর্ম্ম, আশ্রম-আচার।
কর্ম্মফল তেজি' কর্ম্ম করিব প্রচার॥

২ শুদ্ধচিত্তে দেখিব সকল মায়াময়।
বুঝিব আরম্ভ মাত্র সব বিপর্য্যয়॥

৩ নানা উপভোগ যেন মিলয়ে স্বপনে।
নানা মনোরথ যেন চিন্তয়ে ধেয়ানে॥
যত নানা রূপ দেখি, জানিব বিফল।
ত্রিগুণ-জনিত মিথ্যা জানিব সকল॥

৪ সাধিব নিবৃত্তি-কর্ম্ম প্রবৃত্তি তেজিয়া।
আদরে শিখিব ধর্ম্ম জিজ্ঞাসা করিয়া॥
তত্ত্ব জিজ্ঞাসিয়া যদি নিল উপদেশ।
তবে কর্ম্ম তেজিয়া ভজিব হৃষীকেশ॥

৫ সংযম-নিয়ম দুই সাধিব যতনে।
শান্ত গুরু আশ্রয় করিব শুদ্ধ-মনে॥

৬। অমান্যমৎসরো দক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ। অসত্বরোঽর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্ ॥
৭। জায়াপত্যগৃহক্ষেত্র-স্বজনদ্রবিণাদিষু। উদাসীনঃ সমং পশ্যন্ সর্ব্বেষ্বর্থমিবাত্মনঃ ॥
৮। বিলক্ষণঃ স্থূলসূক্ষ্মাদ্দেহাত্মেক্ষিতা স্বদৃক্। যথাগ্নির্দারুণো দাহ্যাদ্দাহকোঽন্যঃ প্রকাশকঃ ॥
১১। তস্মাজ্জিজ্ঞাসয়াত্মানমাত্মস্থং কেবলং পরম্। সঙ্গম্য নিরসেদেতদ্বস্তুবুদ্ধিং যথাক্রমম্ ॥
১৬। এবমপ্যঙ্গ! সর্ব্বেষাং দেহিনাং দেহযোগতঃ। কালাবয়বতঃ সন্তি ভাবা জন্মাদয়োঽসকৃৎ ॥
১৭। অত্রাপি কর্ম্মণাং কর্ত্তুরস্বাতন্ত্র্যঞ্চ লক্ষ্যতে। ভোক্তুশ্চ দুঃখসুখয়োঃ কো ন্বর্থো বিবশং ভজেৎ?
১৮। ন দেহিনাং সুখং কিঞ্চিদ্বিদ্যতে বিদুষামপি। তথা চ দুঃখং মূঢ়ানাং বৃথাহঙ্করণং পরম্ ॥
১৯। যদি প্রাপ্তিং বিঘাতঞ্চ জানন্তি সুখদুঃখয়োঃ। তেঽপ্যদ্ধা ন বিদুর্যোগং মৃত্যুর্ন প্রভবেদ্যথা ॥
২০। কো ন্বর্থঃ সুখয়ত্যেনং কামো বা মৃত্যুরন্তিকে? আঘাতং নীয়মানস্য বধ্যস্যেব ন তুষ্টিদঃ ॥
২১। শ্রুতঞ্চ দৃষ্টবদ্দুষ্টং স্পর্দ্ধাসূয়াত্যয়ব্যয়ৈঃ। বহ্বন্তরায়কামত্বাৎ কৃষিবচ্চাপি নিষ্ফলম্ ॥
২২। অন্তরায়ৈরবিহতো যদি ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ। তেনাপি নির্জিতং স্থানং যথা গচ্ছতি তচ্ছৃণু ॥
২৩। ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈঃ স্বর্লোকং যাতি যাজ্ঞিকঃ।
ভুঞ্জীত দেববত্তত্র ভোগান্ দিব্যান্ নিজার্জ্জিতান্ ॥
২৪। স্বপুণ্যোপচিতে শুভ্রে বিমান উপগীয়তে। গন্ধর্ব্বৈর্বিহরন্ মধ্যে দেবীনাং হৃদ্যবেষধৃক্ ॥

চিত্তবৃত্তি যাঁহার আমাতে সমর্পণ।
আমি যাঁ'র প্রাণধন, আমি সে জীবন ॥

হেন গুরু আশ্রয় করিয়া শুদ্ধমতে।
৬ মান-মদ-অহঙ্কার না করিব চিতে ॥

সর্ব্বভূত-সুহৃৎ, নির্ম্মল, দয়াপর।
তত্ত্ব জিজ্ঞাসিয়া জীব না হৈব চঞ্চল ॥

দোষ-দৃষ্টি না করিব, অসত্য-ভাষণ।
সব ঠাঞি উদাসীন, বিগত-বন্ধন ॥

৭ ধন-পুত্র-কলত্র দেখিব মায়াময়।
সর্ব্বঠাঞি উদাসীন, বিগত-সংশয় ॥

৮ দেহ-ভিন্ন আপনাকে দেখিব গেয়ানে।
কাষ্ঠ হৈতে ভিন্ন যেন দীপ্ত হুতাশনে ॥

১১ এ বোল বুঝিয়া গুরু-উপদেশ লৈয়া।
সর্ব্বঠাঞি বস্তু-বুদ্ধি ছাড়িব বুঝিয়া ॥

১৬-১৭ কর্ত্তা হৈঞা কর্ম্ম করে', ভোক্তা হৈয়া ভুঞ্জে।
তভু ত' স্বতন্ত্র নহে, সুখ-দুঃখ ভজে ॥
দেহযোগে দেহীর না দেখে সুখলেশ।
১৮ যদি বা পণ্ডিত হয়, সেহ পায় ক্লেশ ॥

দুঃখে সুখবুদ্ধি করে', সুখে দুঃখবুদ্ধি।
ব্যর্থ অহঙ্কারে জীব ভ্রমে' নিরবধি ॥

১৯ সুখ-দুঃখ জীব যদি জানে' আপনার।
তবে কেন মৃত্যু না পারিব জিনিবার?

২০ অর্থ-কাম যদি দৈবে হয় উপসন্ন।
তভু সুখ নাহি তাহে দুঃখ-নিবারণ ॥

বান্ধি' লৈঞা যায় যদি কাটিবার তরে।
তবে অর্থ-কামে তা'র কোন্ সুখ ধরে?

২১ দেখি, শুনি যত কিছু, সব দুঃখময়।
মান-মদ-কাম-ক্রোধ, ভোগ-অপচয় ॥

২২ দুঃখময় জগৎ, কেবল হেন জান'।
কর্ম্মে কোন্ গতি হয়, চিত্ত দিয়া শুন ॥

২৩ নানা পুণ্য, দান-ধর্ম্ম বিবিধ বিধানে।
নানা যজ্ঞ করি' দেব করে' আরাধনে ॥

স্বর্গলোকে গিয়া তবে করে' পুণ্যভোগ।
দেবমত মিলে নানা-দিব্য-উপভোগ ॥

২৪ নিজ-কর্ম্ম-বিনির্ম্মিত উজ্জ্বল বিমানে।
গন্ধর্ব্ব-কিন্নরে গীত গায় বিদ্যমানে ॥

২৫। স্ত্রীভিঃ কামগযানেন কিঙ্কিণীজালমালিনা। ক্রীড়ন্ ন বেদাত্মপাতং সুরাক্রীড়েষু নির্বৃতঃ॥
২৬। তাবৎ প্রমোদতে স্বর্গে যাবৎ পুণ্যং সমাপ্যতে। ক্ষীণপুণ্যঃ পতত্যর্ব্বাগনিচ্ছন্ কালচালিতঃ॥
২৭। যত্যধর্ম্মরতঃ সঙ্গাদসতাং বাজিতেন্দ্রিয়ঃ। কামাত্মা কৃপণো লুব্ধঃ স্ত্রৈণো ভূতবিহিংসকঃ॥
২৮। পশূনবিধিনালভ্য প্রেতভূতগণান্ যজন্। নরকানবশো জন্তুর্গত্বা যাত্যুল্বণং তমঃ॥
২৯। কর্ম্মাণি দুঃখোদর্কাণি কুর্ব্বন্ দেহেন তৈঃ পুনঃ। দেহমাভজতে তত্র কিং সুখং মর্ত্ত্যধর্ম্মিণঃ?
৩০। লোকানাং লোকপালানাং মদ্ভয়ং কল্পজীবিনাম্। ব্রহ্মণোঽপি ভয়ং মত্তো দ্বিপরার্দ্ধপরায়ুষঃ॥
৩১। গুণাঃ সৃজন্তি কর্ম্মাণি গুণোঽনুসৃজতে গুণান্। জীবস্তু গুণসংযুক্তো ভুঙ্‌ক্তে কর্ম্মফলান্যসৌ॥
৩২। যাবৎ স্যাদ্‌গুণবৈষম্যং তাবন্নানাত্বমাত্মনঃ। নানাত্বমাত্মনো যাবৎ পারতন্ত্র্যং তদৈব হি॥
৩৩। যাবদস্যাস্বতন্ত্রত্বং তাবদীশ্বরতো ভয়ম্। য এতৎ সমুপাসীরংস্তে মুহ্যন্তি শুচার্পিতাঃ॥

শ্রীউদ্ধব উবাচ

৩৫। গুণেষু বর্ত্তমানোঽপি দেহজেষ্বনপাবৃতঃ। গুণৈর্ন বধ্যতে দেহী বধ্যতে বা কথং বিভো?
৩৬। কথং বর্ত্তেত বিহরেৎ কৈর্বা জ্ঞায়েত লক্ষণৈঃ? কিং ভুঞ্জীতোত বিসৃজেচ্ছয়ীতাসীত যাতি বা?

---

২৫ দেবীগণ লঞা দিব্য বিমানে বিহরে।
বিলোল-কিঙ্কিণীজাল-বিনোদ মন্দিরে॥
২৬ তাবৎ বিনোদ করে' স্বর্গের উপরে।
যাবৎ সকল সাঙ্গ হয় কর্ম্মফলে॥
পুণ্যক্ষয় হৈলে হয় পুন নিপাতন।
কালে সব হরে' তা'র অদৃষ্ট-কারণ॥
২৭ অসৎ-সঙ্গ হয় যদি দৈব-নিবন্ধনে।
অধর্ম্মনিরত হয় কুসঙ্গ-মিলনে॥
কামহত, স্ত্রীজিত, কপট, কৃপণ।
ভূতবিহিংসক, পরপীড়া-পরায়ণ॥
২৮ বিধিহীন পশুবধ করে' যজ্ঞ-ছলে।
ভূত-প্রেতগণ পূজে, পিতৃযজ্ঞ করে'॥
তবে অন্তকালে ঘোর নরকে গমন।
তবে নানা যোনি জীব করয়ে ভ্রমণ॥
স্থাবর-জঙ্গম-আদি, কীট, পতঙ্গম।
পশু-পক্ষী, মৃগ-নাগ, সিংহ, মাতঙ্গম॥
এইরূপে নানা যোনি করিএ ভ্রমণ।
তবে সর্ব্ব-অবশেষে মানুষ-জনম॥
এইরূপে ভ্রমে' জীব এ ঘোর সংসারে।
পুনঃ পুনঃ কর্ম্ম করি' দুঃখভোগ করে'॥
২৯ দুঃখময় কর্ম্ম, তা'তে নাহি সুখলেশ।
কর্ম্ম করি' দেহযোগে পায় নানা ক্লেশ॥

৩০ কুবের, বরুণ, যম, বহ্নি, পুরন্দর।
মোর ভয়ে তা'রা-সব কম্পিত-অন্তর॥
আছুক আনের কাজ, কল্প-অধিকারী।
ব্রহ্মা হঞা মোর ভয় খণ্ডিতে না পারি॥
৩১ গুণে কর্ম্ম সৃজে, গুণে সৃজয়ে বিষয়।
কর্ম্মফল ভুঞ্জে জীব হৈঞা কর্ম্মময়॥
৩২ যাবৎ বিষয়গতি, গুণের কল্পনা।
তাবৎ বিবিধরূপ জীবের ভাবনা॥
নানারূপ যাবৎ, তাবৎ পরাধীন।
৩৩ তাবৎ ঈশ্বরে ভয়, ঈশ্বরের ভিন॥
এ-সব যাহার হয় মতি-বিপর্য্যয়।
সংসারে ভ্রময়ে তা'রা, না ঘুচে সংশয়॥"
৩৫ এতেক বচন শুনি' উদ্ধব সুমতি।
এই জিজ্ঞাসিলা তবে করিয়া প্রণতি॥
"সত্ত্ব-রজস্তমোগুণে দেহ উতপন্ন।
সেই দেহে বৈসে জীব শুদ্ধ, নিরঞ্জন॥
গুণে বদ্ধ নহে জীব, নিত্য নিরাধার।
কি কারণে তিন-গুণে বন্ধন তাহার?
সেই গুণে বদ্ধ জীব, নহে কোন্ মতে?
৩৬ কিরূপে থাকয়ে জীব, বিহরে কোথাতে?
জানিবারে পারি জীব, কেমন লক্ষণে?
শয়ন ভোজন জীব করয়ে কেমনে?

৩৭। **এতদচ্যুত! মে ব্রূহি প্রশ্নং প্রশ্নবিদাং বর! নিত্যবদ্ধো নিত্যমুক্ত এক এবেতি মে ভ্রমঃ॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে দশমোঽধ্যায়ঃ॥ ১০॥

কিরূপে গমন তা'র, কোথা তা'র স্থিতি ?
৩৭ কহ, নাথ ! অচ্যুত ! মাধব ! প্রাণপতি !
সহজে বা বদ্ধ জীব, কিবা মুক্ত দৃঢ় ?
এক জীব মাত্র, কিবা নানা-পরকার ?
এই ভ্রম চিত্তে, নাথ ! কৈলুঁ নিবেদন।
জ্ঞান দিয়া কর', নাথ ! অজ্ঞান খণ্ডন॥"
জ্ঞান-কল্পতরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দশমোঽধ্যায়ঃ॥ ১০॥

একাদশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। **বদ্ধো মুক্ত ইতি ব্যাখ্যা গুণতো মে ন বস্তুতঃ। গুণস্য মায়ামূলত্বান্ন মে মোক্ষো ন বন্ধনম্॥**
২। **শোকমোহৌ সুখং দুঃখং দেহাপত্তিশ্চ মায়য়া। স্বপ্নো যথাত্মনঃ খ্যাতিঃ সংসৃতির্ন তু বাস্তবী॥**
৩। **বিদ্যাবিদ্যে মম তনূ বিদ্ধ্যুদ্ধব! শরীরিণাম্। মোক্ষবন্ধকরী আদ্যে মায়য়া মে বিনির্ম্মিতে॥**
৪। **একস্যৈব মমাংশস্য জীবস্যৈব মহামতে! বন্ধোঽস্যাবিদ্যয়ানাদির্বিদ্যয়া চ তথেতরঃ॥**
৬। **সুপর্ণাবেতৌ সদৃশৌ সখায়ৌ, যদৃচ্ছয়ৈতৌ কৃতনীড়ৌ চ বৃক্ষে।**
একস্তয়োঃ খাদতি পিপ্পলান্ন,-মন্যো নিরন্নোঽপি বলেন ভূয়ান্॥
৭। **আত্মানমন্যঞ্চ স বেদ বিদ্বা,-নপিপ্পলাদো ন তু পিপ্পলাদঃ।**
যোঽবিদ্যয়া যুক্ স তু নিত্যবদ্ধো, বিদ্যাময়ো যঃ স তু নিত্যমুক্তঃ॥

[বসন্ত-রাগ]

১ উদ্ধবের বচন শুনিঞা ভগবান্।
কহিতে লাগিলা জীবগতি-তত্ত্বজ্ঞান॥
"বদ্ধ, মুক্ত বলি' জীব কেবল বাখানি।
বস্তুগতে বন্ধ-মোক্ষ—একো নাহি মানি॥
গুণ হৈতে বন্দী জীব, গুণ মায়াময়।
বদ্ধ, মুক্ত—দুই মিথ্যা, এক সত্য নয়॥
২ সুখ-দুঃখ, শোক-মোহ, জনম-মরণ।
এ-সব কেবল মায়া, সকল ভরম॥
স্বপনে অনর্থ যেন দরশন হয়।
জাগিলে স্বপন যেন সব মায়াময়॥
৩ বিদ্যা-অবিদ্যা দুই মূর্ত্তি—শরীর আমার।
বন্ধ-মোক্ষ করে' দুই মায়ার প্রচার॥
৪ তা'থে এক জীব অংশ, আমাতে অভিন্ন।
অবিদ্যায় বদ্ধ তেঁহো হঞা মতিহীন॥
নিত্যমুক্ত এক তা'র নিজ-বিদ্যাবলে।
অখণ্ড, পরমানন্দ, আনন্দে বিহরে॥
৬ দুই গুটী হংসপক্ষী এক বৃক্ষে বসে।
সমশক্তি, দুই সখা, আনন্দে বিলসে॥
এক গুটী হংস তা'র খায় বৃক্ষফল।
নিরাহারে এক পাখী থাকে নিরন্তর॥
নিজানন্দে পরিপূর্ণ, ধরে মহাবল।
৭ জ্ঞানচক্ষে ভাল-মন্দ দেখয়ে সকল॥
নিজ-পর সব দেখি' বিমল-গেয়ানে।
বৃক্ষফল খাঞা পক্ষী কিছুই না জানে'॥

৮। দেহস্থোঽপি ন দেহস্থো বিদ্বান্ স্বপ্নাদ্‌যথোত্থিতঃ। অদেহস্থোঽপি দেহস্থঃ কুমতিঃ স্বপ্নদৃগ্‌যথা॥
৯। ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু গুণৈরপি গুণেষু চ। গৃহ্যমাণেষ্বহংকুর্য্যান্ন বিদ্বান্ যস্ত্ববিক্রিয়ঃ॥
১০। দৈবাধীনে শরীরেঽস্মিন্ গুণভাব্যেন কর্ম্মণা। বর্ত্তমানোঽবুধস্তত্র কর্ত্তাস্মীতি নিবধ্যতে॥
১১। এবং বিরক্তঃ শয়ন আসনাটনমজ্জনে। দর্শনস্পর্শনঘ্রাণ-ভোজনশ্রবণাদিষু॥
১২। ন তথা বধ্যতে বিদ্বান্ তত্র তত্রাদয়ন্ গুণান্। প্রকৃতিস্থোঽপ্যসংসক্তো যথা খং সবিতানিলঃ॥
১৩। বৈশারদ্যেক্ষয়াসঙ্গশিতয়া চ্ছিন্নসংশয়ঃ। প্রতিবুদ্ধ ইব স্বপ্নান্নানাত্বাদ্‌বিনিবর্ত্ততে॥
১৪। যস্য স্যুর্বীতসঙ্কল্পাঃ প্রাণেন্দ্রিয়মনোধিয়াম্। বৃত্তয়ঃ স বিনির্ম্মুক্তো দেহস্থোঽপি হি তদ্‌গুণৈঃ॥
১৫। যস্যাত্মা হিংস্যতে হিংস্রৈর্যেন কিঞ্চিদ্‌যদৃচ্ছয়া। অর্চ্চ্যতে বা ক্বচিত্তত্র ন ব্যতিক্রিয়তে বুধঃ॥
১৬। ন স্তুবীত ন নিন্দেত কুর্ব্বতঃ সাধ্বসাধু বা। বদতো গুণদোষাভ্যাং বর্জ্জিতঃ সমদৃঙ্মুনিঃ॥
১৭। ন কুর্য্যান্ন বদেৎ কিঞ্চিন্ন ধ্যায়েৎ সাধ্বসাধু বা। আত্মারামোঽনয়া বৃত্ত্যা বিচরেজ্জড়বন্মুনিঃ॥
১৮। শব্দব্রহ্মণি নিষ্ণাতো ন নিষ্ণায়াৎ পরে যদি। শ্রমস্তস্য শ্রমফলো হ্যধেনুমিব রক্ষতঃ॥
১৯। গাং দুগ্ধদোহামসতীঞ্চ ভার্য্যাং, দেহং পরাধীনমসৎপ্রজাঞ্চ।
বিত্তং ত্বতীর্থীকৃতমঙ্গ! বাচং, হীনাং ময়া রক্ষতি দুঃখদুঃখী॥

অবিদ্যা-সংযোগে জীব এহিরূপে বন্দী।
নিজসুখে বিহরে ঈশ্বর মহানন্দী॥

৮ আছে দেহে, নাহি দেহে, সে হয় পণ্ডিত।
দেহে নাহি থাকে, দেহে সে হয় বঞ্চিত॥
মিথ্যা হেন জানি যেন জাগিলে স্বপন।
কুমতি-জনের যেন স্বপনে ভরম॥

৯ ইন্দ্রিয় বিষয় ভুঞ্জে, জীব উদাসীন।
অহঙ্কারে কর্ত্তা হয় মূর্খ, মতিহীন॥

১০ অদৃষ্ট-অধীন জীব গুণ-কর্ম্মময়।
তাহে অহঙ্কারে মূর্খ কর্ত্তা-ভোক্তা হয়॥

১১ এইরূপে সর্ব্বঠাঞি হৈব উদাসীন।
কা'রো কভু কোন ঠাঞি নহিব পরাধীন॥
শয়ন, ভোজন, পান, আসন, মজ্জনে।
দরশন, পরশন, গমন, শ্রবণে॥

১২-১৩ সর্ব্বঠাঞি উদাসীন হৈব মতিমান্।
দেহ-গেহে না করিব নিজ-অভিমান॥

১৪ মনে কভু না করিব সংকল্প-ভাবনা।
দেহে, গেহে চিত্তগত তেজিব বাসনা॥

১৫ কেহ হিংসা করে', কেহ করে' অপকার।
কেহ পূজা করে', কেহ করে' নমস্কার॥

১৬ স্তুতি, নিন্দা তাহাতে না করে' বুধজনে।
অদৃষ্ট মানিঞা চিত্ত করে' সমাধানে॥
সমদৃষ্টি হৈব, গুণ-দোষ-বিবর্জ্জিত।

১৭ না বোলে, না করে' কিছু, না চিন্তে পণ্ডিত॥
আত্মারাম, জড়বৎ আনন্দে বিহরে।
দেখি', শুনি' ভাল-মন্দ হৃদয়ে না ধরে॥

১৮ সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত, সর্ব্বধর্ম্ম জানে'।
তবু যদি তত্ত্ববস্তু না লয় গেয়ানে॥
ব্যর্থ তা'র সর্ব্বশাস্ত্র শ্রমমাত্র সার।
কুধেনু রাখিয়া যেন ব্যর্থ যায় কাল॥

১৯ দুহিলে না পাই দুগ্ধ, হেন ধেনু রাখে।
দুষ্ট-ভার্য্যা রাখে যদি, নানা দোষ দেখে॥
পরাধীন কলেবর, কুপুত্র, কুবাণী।
আমার মহিমা-যশ যা'থে নাহি শুনি॥
পাত্র পাঞা না কৈল যে ধন সমর্পণ।
এ-সব রাখয়ে যে কুমতি, অচেতন॥
দুঃখীর অধিক দুঃখী বলিয়ে তাহারে।
এই লোকে বঞ্চিত, পতিত পরকালে॥

২০। যস্যাং ন মে পাবনমঙ্গ ! কর্ম্ম, স্থিত্যুদ্ভবপ্রাণনিরোধমস্য।
লীলাবতারেপ্সিতজন্ম বা স্যাদ্,-বন্ধ্যাং গিরং তাং বিভৃয়ান্ন ধীরঃ॥

২১। এবং জিজ্ঞাসয়াপোহ্য নানাত্ব-ভ্রমমাত্মনি। উপারমেত বিরজং মনো ময্যর্প্য সর্ব্বগে॥

২২। যত্তনীশো ধারয়িতুং মনো ব্রহ্মণি নিশ্চলম্। ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি নিরপেক্ষঃ সমাচর॥

২৩। শ্রদ্ধালুর্মৎকথাঃ শৃণ্বন্ সুভদ্রা লোকপাবনীঃ। গায়ন্ননুস্মরন্ কর্ম্ম জন্ম চাভিনয়ন্ মুহুঃ॥

২৪। মদর্থে ধর্ম্মকামার্থানাচরন্ মদপাশ্রয়ঃ। লভতে নিশ্চলাং ভক্তিং ময্যুদ্ধব ! সনাতনে॥

২৫। সৎসঙ্গলব্ধয়া ভক্ত্যা ময়ি মাং স উপাসিতা। স বৈ মে দর্শিতং সদ্ভিরঞ্জসা বিন্দতে পদম্॥

শ্রীমদুদ্ধব উবাচ

২৬। সাধুস্তবোত্তমঃশ্লোক ! মতঃ কীদৃগ্বিধঃ প্রভো ! ভক্তিস্ত্বয্যুপযুজ্যেত কীদৃশী সদ্ভিরাদৃতা ?

২৭। এতন্মে পুরুষাধ্যক্ষ ! লোকাধ্যক্ষ ! জগৎপ্রভো ! প্রণতায়ানুরক্তায় প্রপন্নায় চ কথ্যতাম্॥

২৮। ত্বং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষঃ প্রকৃতেঃ পরঃ। অবতীর্ণোঽসি ভগবন্ ! স্বেচ্ছোপাত্তপৃথগ্বপুঃ॥

শ্রীভগবানুবাচ

২৯। কৃপালুরকৃতদ্রোহস্তিতিক্ষুঃ সর্ব্বদেহিনাম্। সত্যসারোঽনবদ্যাত্মা সমঃ সর্ব্বোপকারকঃ॥

৩০। কামৈরহতধীর্দান্তো মৃদুঃ শুচিরকিঞ্চনঃ। অনীহো মিতভুক্ শান্তঃ স্থিরো মচ্ছরণো মুনিঃ॥

৩১। অপ্রমত্তো গভীরাত্মা ধৃতিমান্ জিতষড়্গুণঃ। অমানী মানদঃ কল্যো মৈত্রঃ কারুণিকঃ কবিঃ॥

---

২০ আমার নির্ম্মল যশ, নাম, গুণ, বাণী।
যাহাতে না থাকে, সে-বচন ব্যর্থ মানি॥
সে-বাণী পণ্ডিত কভু নাহি লয় মুখে।

২১-২২ তত্ত্ব জিজ্ঞাসিয়া পরে রহে নিজ-সুখে॥
কহিল, উদ্ধব ! যোগগতি, তত্ত্বজ্ঞান।
যদি চিত্তে করিতে না পার' সমাধান॥
যদি চিত্ত আমাতে ধরিতে নাহি পার'।
তবে তুমি সর্ব্বকর্ম্ম সমর্পণ কর'॥

সর্ব্বকর্ম্ম আমাতে করিয়া সমর্পণ।
সর্ব্বভাবে লও তুমি আমার শরণ॥

২৩ শ্রদ্ধা করি' আমার পবিত্র-কথা শুন।
জন্ম-কর্ম্ম-নাম-গুণ সত্য করি' মান'॥
শ্রবণ, কীর্ত্তন, গুণ কর' সঙরণ।

২৪ ধর্ম্ম-কাম আমাতে করহ সমর্পণ॥
এইরূপে, উদ্ধব ! করিহ উপাসনা।
আমাতে লভিবে তবে ভক্তি অকিঞ্চনা॥

২৫ সৎসঙ্গ করিলে হয় নির্ম্মল-ভকতি।
ভকতি করিয়া মোরে ভজ শুদ্ধমতি॥
তবে তত্ত্বপদ তুমি লভিবে সাক্ষাতে।
ভক্তিযোগ তোমাকে কহিলুঁ সুনিশ্চিতে॥

২৬ উদ্ধব জিজ্ঞাসা তবে কৈলা যোড়করে।
"ভকত-লক্ষণ, নাথ ! কহিবে আমারে॥
কিরূপ ভকত, নাথ ! কিরূপ ভকতি ?
কেমন লক্ষণ-চিহ্ন, ভকতের গতি ?

২৭-২৮ তুমি ব্রহ্ম, পরিপূর্ণ, প্রকৃতির পর।
ভক্তের ইচ্ছায় ধর' নর-কলেবর॥
প্রণত-পালক তুমি, পুরুষ-পুরাণ।
ভকত-লক্ষণ মোরে কহ, ভগবান্ !"

২৯ প্রভু বলে',—"কহি, শুন ভকত-লক্ষণ।
সত্যসার, শুদ্ধমতি, সম-দরশন॥
ত্যাগশীল, শান্ত, পর-দ্রোহ-বিবর্জ্জিত।
ধৃতিযুত, কৃপালু, সকল-লোকহিত॥

৩০-৩১ শুচি, মৃদু, মিতভোজী, মুনি, স্থিরমতি।
অমানী, মানদ, কল্য, কবি, মহাকৃতী॥
অপ্রমাদী, জিতকাম, গভীর-আশয়।
এতগুণে জানিব বৈষ্ণব-পরিচয়॥

৩২। আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্।
ধর্ম্মান্ সন্ত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেত স তু সত্তমঃ॥
৩৩। জ্ঞাত্বাজ্ঞাত্বাথ যে বৈ মাং যাবান্ যশ্চাস্মি যাদৃশঃ। ভজন্ত্যনন্যভাবেন তে মে ভক্ততমা মতাঃ॥
৩৪। মল্লিঙ্গমদ্ভক্তজন-দর্শন-স্পর্শনার্চ্চনম্। পরিচর্য্যা স্তুতিঃ প্রহ্বগুণকর্ম্মানুকীর্ত্তনম্॥
৩৫। মৎকথাশ্রবণে শ্রদ্ধা মদনুধ্যানমুদ্ধব! সর্ব্বলাভোপহরণং দাস্যেনাত্মনিবেদনম্॥
৩৬। মজ্জন্ম-কর্ম্মকথনং মম পর্ব্বানুমোদনম্। গীততাণ্ডববাদিত্র-গোষ্ঠীভির্মদ্গৃহোৎসবঃ॥
৩৭। যাত্রাবলিবিধানঞ্চ সর্ব্ববার্ষিকপর্ব্বসু। বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মদীয়ব্রতধারণম্॥
৩৮। মমার্চ্চাস্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোদ্যমঃ। উদ্যানোপবনাক্রীড়-পুরমন্দিরকর্ম্মণি॥
৩৯। সম্মার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ। গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্যদমায়য়া॥
৪০। অমানিত্বমদম্ভিত্বং কৃতস্যাপরিকীর্ত্তনম্। অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতম্॥
৪১। যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ। তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে॥
৪২। সূর্য্যোঽগ্নির্ব্রাহ্মণো গাবো বৈষ্ণবঃ খং মরুজ্জলম্। ভূরাত্মা সর্ব্বভূতানি ভদ্র! পূজাপদানি মে॥

---

৩২ এইরূপে গুণদোষ জানিয়া নির্ণয়।
সর্ব্বধর্ম্ম তেজিয়া যে ভজে মহাশয়॥
ভকত-সত্তম সেই বুঝহ বিচারি'।
ভক্তের লক্ষণ তোমায় কহিল বিবরি'॥

৩৩ জানুক, বা না জানুক আমার মহিমা।
যেন-তেন-মতে ভজে যেন-তেন জনা॥
একান্ত করিয়া ভজে তেজি' সর্ব্বধর্ম্ম।
সেই সে আমার প্রিয়, ভকত-উত্তম॥

৩৪ আমার মধুর-মূর্ত্তি, ভকত যে জন।
দোঁহার করিব দরশন-পরশন॥
অর্চ্চন, বন্দন, স্তুতি করিব দোঁহার।
পরিচর্য্যা করিব, কীর্ত্তন, নমস্কার॥

৩৫ আমার অমৃতকথা-শ্রবণে পীরিতি।
আমার মধুররূপ-ধ্যানে দৃঢ়মতি॥
সর্ব্বলভ্য আমাতে করিব সমর্পণ।
দাস্যভাবে করি' প্রাণ-মন নিবেদন॥

৩৬ আমার জনম-কর্ম্ম-কথার শ্রবণ।
দেখিব আমার পর্ব্ব, করিব মোদন॥
নৃত্য-গীত-বাদ্য-গোষ্ঠী করি' বহু মেলি'।
আমার মন্দির-পুরে মহোৎসব করি'॥

৩৭ পর্ব্বে-পর্ব্বে যাত্রাবিধি করিব বিধানে।
করিব বৈষ্ণব-দীক্ষা মন্ত্র-সন্নিধানে॥
ধরিব আমার ব্রত বৈষ্ণব-লক্ষণ।

৩৮ আমার সুন্দর-মূর্ত্তি করিব স্থাপন॥
আপনে সাধিব যদি থাকে নিজ-শক্তি।
নহে বা উদ্যম করি' করিব সংহতি॥
পুষ্পবন, ক্রীড়াবন, নানা উপবন।

৩৯ আপনে করিব পুন মন্দির-মার্জ্জন॥
উপলেপ, জলসেক, মণ্ডল-রচনা।
দাসবৎ গৃহকর্ম্ম, বিবিধ-ঘটনা॥

৪০ দম্ভ-মান তেজিব, কৈতব, ছল, মায়া।
পুণ্যকর্ম্ম না কহিব আপনে করিয়া॥
নিবেদিয়া আপনে না লৈব আরবার।
প্রদীপ পর্য্যন্ত না করিব অধিকার॥

৪১ আপনার প্রিয়তম যে-যে বস্তু মিলে।
সেই নিবেদিব লঞা চরণ-কমলে॥
তাহার অনন্ত ফল কৃপায় আমার।
বিচিত্র-নির্ম্মাণে ঘর করিব সংস্কার॥

৪২ গো, ব্রাহ্মণ, দিনমণি, আকাশ, পবন।
পৃথিবী, বৈষ্ণব, আত্মা, আপ, হুতাশন॥

৪৩। সূর্য্যে তু বিদ্যয়া ত্রয্যা হবিষাগ্নৌ যজেত মাম্। আতিথ্যেন তু বিপ্রাগ্র্যে গোষ্বঙ্গ! যবসাদিনা॥
৪৪। বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা হৃদি খে ধ্যাননিষ্ঠয়া। বায়ৌ মুখ্যধিয়া তোয়ে দ্রব্যৈস্তোয়পুরস্কৃতৈঃ॥
৪৫। স্থণ্ডিলে মন্ত্রহৃদয়ৈর্ভোগৈরাত্মানমাত্মনি। ক্ষেত্রজ্ঞং সর্ব্বভূতেষু সমত্বেন যজেত মাম্॥
৪৬। ধিষ্ণ্যেষ্বিত্যেষু মদ্রূপং শঙ্খচক্রগদাম্বুজৈঃ। যুক্তং চতুর্ভুজং শান্তং ধ্যায়ন্নর্চ্চেৎ সমাহিতঃ॥
৪৭। ইষ্টাপূর্ত্তেন মামেবং যো যজেত সমাহিতঃ। লভতে ময়ি সদ্ভক্তিং মৎস্মৃতিঃ সাধুসেবয়া॥
৪৮। প্রায়েণ ভক্তিযোগেন সৎসঙ্গেন বিনোদ্ধব! নোপায়ো বিদ্যতে সম্যক্প্রায়ণং হি সতামহম্॥
৪৯। অথৈতৎ পরমং গুহ্যং শৃণ্বতো যদুনন্দন! সুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখা॥

ইতি শ্রীমদ্ভাগবতে ···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে একাদশোঽধ্যায়ঃ॥ ১১॥

এইসব স্থানে হরি পূজিব বিধানে।
শুন, কহি যে-যে রূপে পূজিব যে-যে স্থানে॥
৪৩ বেদ-বিদ্যা-মন্ত্রে পূজা করি' দিনকরে।
ঘৃতদানে পূজা করি' জ্বলন্ত-অনলে॥
আতিথ্য-বিধানে পূজা করিব ব্রাহ্মণে।
গরুতে পূজিব নব-তৃণ-জলদানে॥
৪৪ বৈষ্ণবে পূজিব বন্ধু-সৎকার-সম্মানে।
হৃদয়-আকাশে হরি পূজিব ধেয়ানে॥
পবনে পূজিব হরি সুখবুদ্ধি ধরি'।
জলময় দ্রব্য দিয়া জলে পূজা করি'॥
৪৫ স্থলে পূজা করি' হরি নানা উপহারে।
আত্মা পূজা করি নানা-ভোগ-পুরস্কারে॥
সর্ব্বভূতে পূজিব হরি অন্তর্যামিরূপে।
এইরূপে নানা ঠাঞি পূজি' নানাভাবে॥
এইসব স্থানে মূর্ত্তি করিব চিন্তন।
জলধর-কলেবর, রাজীব লোচন॥
৪৬ শঙ্খ-চক্র-গদা-পদ্ম শোভে চারি করে।
এইরূপে চিন্তিয়া পূজিব নিরন্তরে॥
৪৭ যজ্ঞ-দান, বাপি-কূপ করিব নির্ম্মাণ।
সর্ব্বভাবে আমাকে পূজিব মতিমান্॥
এইরূপে ভক্তি লভে আমার চরণে।
নিরন্তর স্মৃতি হয় সাধুসেবা হনে॥
৪৮ ভক্তিযোগ বিনে, বাপু! গতি নাহি আন।
সাধুসঙ্গ বিনে ভক্তি নহে উপাদান॥
৪৯ কহিব পরমগুহ্য আর এক কথা।
তুমি ভৃত্য আমার, বান্ধব, প্রিয়, সখা॥"
কহিল উদ্ধব-যোগ কৃষ্ণ-গুণ-বাণী।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকাদশোঽধ্যায়ঃ॥ ১১॥

দ্বাদশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। ন রোধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম এব চ। ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো নেষ্টাপূর্ত্তং ন দক্ষিণা॥
২। ব্রতানি যজ্ঞশ্ছন্দাংসি তীর্থানি নিয়মা যমাঃ। যথাবরুন্ধে সৎসঙ্গঃ সর্ব্বসঙ্গাপহো হি মাম্॥

[কেদার-রাগ]

১-২ কর্ম্মযোগ, সাঙ্খ্যযোগ আর নানা ধর্ম্ম।
বেদপাঠ, তপস্ত্যাগ আর নানা কর্ম্ম॥
মহাঘর, মহাপুর, দীঘী-সরোবর।
ব্রত, দান, নানা পুণ্য করি' নিরন্তর॥
বিবিধ দক্ষিণা, যজ্ঞ, বহুমূল্য ধন।
সংযম, নিয়ম, নানা-তীর্থ-পর্য্যটন॥

৩। সৎসঙ্গেন হি দৈতেয়া যাতুধানা মৃগাঃ খগাঃ। গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধাশ্চারণগুহ্যকাঃ॥
৪। বিদ্যাধরা মনুষ্যেষু বৈশ্যাঃ শূদ্রাঃ স্ত্রিয়োঽন্ত্যজাঃ। রজস্তমঃপ্রকৃতয়স্তস্মিংস্তস্মিন্ যুগেঽনঘ!
৫। বহবো মৎপদং প্রাপ্তাস্ত্বাষ্ট্র-কায়াধবাদয়ঃ। বৃষপর্ব্বা বলির্বাণো ময়শ্চাথ বিভীষণঃ॥
৬। সুগ্রীবো হনুমান্‌ক্ষো গজো গৃধ্রো বণিক্‌পথঃ। ব্যাধঃ কুব্জা ব্রজে গোপ্যো যজ্ঞপত্ন্যস্তথাপরে॥
৭। তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ। অব্রতাতপ্ততপসো মৎ-(সৎ)সঙ্গান্মামুপাগতাঃ॥
৮। কেবলেন হি ভাবেন গোপ্যো গাবো নগা মৃগাঃ। যেঽন্যে মূঢ়ধিয়ো নাগাঃ সিদ্ধা মামীয়ুরঞ্জসা॥
৯। যং ন যোগেন সাঙ্খ্যেন দানব্রততপোঽধ্বরৈঃ। ব্যাখ্যাস্বাধ্যায়সন্ন্যাসৈঃ প্রাপ্নুয়াদ্‌যত্নবানপি॥

১০। রামেণ সার্দ্ধং মথুরাং প্রণীতে, শ্বাফল্কিনা ময্যনুরক্তচিত্তাঃ।
বিগাঢ়ভাবেন ন মে বিয়োগ,-তীব্রাধয়োঽন্যং দদৃশুঃ সুখায়॥
১১। তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেন নীতা, ময়ৈব বৃন্দাবনগোচরেণ।
ক্ষণার্দ্ধবত্তাঃ পুনরঙ্গ! তাসাং, হীনা ময়া কল্পসমা বভুবুঃ॥
১২। তা নাবিদন্ ময্যনুষঙ্গবদ্ধ,-ধিয়ঃ স্বমাত্মানমদস্তথেদম্।
যথা সমাধৌ মুনয়োঽব্ধিতোয়ে, নদ্যঃ প্রবিষ্টা ইব নামরূপে॥

এতরূপে কেহো বশ করিতে না পারে।
বিনে সাধুসঙ্গ কেহো না পায় আমারে॥
সাধু-সঙ্গে সকল কুসঙ্গ-দোষ হরে'।
৩-৬ পতিত-পামর-দীন সাধুসঙ্গে তরে'॥
দৈত্য, দানব, খগ, মৃগ, বিদ্যাধর।
সিদ্ধ, চারণ, যক্ষ, গন্ধর্ব্ব, কিন্নর॥
স্ত্রী, শূদ্র, অন্ত্যজ-জাতি, পতিত চণ্ডাল।
সৎসঙ্গে এ-সব হৈল ভবসিন্ধু পার॥
বৃষপর্ব্বা, বলি, বাণ, ময়, হনূমান্।
প্রহ্লাদ, সুগ্রীব, গজরাজ, জাম্বুবান্॥
গৃধ্র, ব্যাধ, বণিক্, কুবজা-আদি করি'।
যজ্ঞপত্নীগণ, আর ব্রজপুরনারী॥
৭ এ-সভে পুরাণ-শাস্ত্র, বেদ নাহি পঢ়ে।
মহান্তের সেবা, ব্রত-তপ নাহি করে'॥
কেবল সৎসঙ্গ হৈতে আমাকে লভিল।
৮ জারভাবে কেবল রমণীগণ পাইল॥
কীট-পতঙ্গ-আদি, পশু-পক্ষিগণ।
এ-সভে আমারে পাইল ভকতি-কারণ॥
সৎসঙ্গে আমাকে মাত্র লভিল সাক্ষাতে।
৯ যোগীন্দ্র-মুনীন্দ্র যা'কে চিন্তে ধ্যানপথে॥
সাঙ্খ্যযোগ, কোটি-কোটি ব্রত, যজ্ঞ-দান।
সর্ব্বত্যাগ করে', কিংবা সন্ন্যাস-বিধান॥
তবু ত' আমাকে কেহ না পারে লভিতে।
এ-সব সৎসঙ্গে আমা' লভিল সাক্ষাতে॥
১০ যখনে অক্রূর আমা' নিলা মধুপুরী।
তখনে মজিলা শোকে ব্রজপুরনারী॥
অনুরাগে চিত্ত ধরি' আমার চরণে।
ত্রিভুবন শূন্য গোপী দেখিলা নয়নে॥
১১ যত রাত্রি বঞ্চিলা আমার সনে বনে।
তিল-আধ হেন গোপী মানিলা তখনে॥
আমার বিচ্ছেদে তা'রা একখানি রাতি।
কল্পকোটি সম করি' মানিলা যুবতী॥
১২ আমা'-বিনে গোপীগণ না জানয়ে আন।
আমাতে ধরয়ে গোপী তনু-মন-প্রাণ॥
কি নাম, কোথাতে আছে, আপনা না জানে।
ত্রিভুবন শূন্যবৎ দেখে আমা'-বিনে॥
সমাধি করিয়া যেন রহে মুনিগণে।
আপনার নাম-রূপ পাসরে আপনে॥
নদ-নদী-সব যেন মিলএ সাগরে।
আপনার নাম-রূপ আপনে পাসরে॥

১৩। মৎকামা রমণং জারমস্বরূপবিদোঽবলাঃ। ব্রহ্ম মাং পরমং প্রাপুঃ সঙ্গাচ্ছতসহস্রশঃ॥
১৪। তস্মাত্ত্বমুদ্ধবোৎসৃজ্য চোদনাং প্রতিচোদনাম্। প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শ্রোতব্যং শ্রুতমেব চ॥
১৫। মামেকমেব শরণমাত্মানং সর্ব্বদেহিনাম্। যাহি সর্ব্বাত্মভাবেন ময়া স্যা হ্যকুতোভয়ঃ॥

শ্রীউদ্ধব উবাচ

১৬। সংশয়ঃ শৃণ্বতো বাচং তব যোগেশ্বরেশ্বর! ন নিবর্ত্ততে আত্মস্থো যেন ভ্রাম্যতি মে মনঃ॥

শ্রীভগবানুবাচ

১৭। স এষ জীবো বিবরপ্রসূতিঃ, প্রাণেন ঘোষেণ গুহাং প্রবিষ্টঃ।
মনোময়ং সূক্ষ্মমুপেত্য রূপং, মাত্রা স্বরো বর্ণ ইতি স্থবিষ্ঠঃ॥
১৮। যথানলঃ খেঽনিলবন্ধুরুষ্মা, বলেন দারুণ্যধিমথ্যমানঃ।
অণুঃ প্রজাতো হবিষা সমেধ্যতে, তথৈব মে ব্যক্তিরিয়ং হি বাণী॥

---

১৩ এইরূপ গোপীগণ আমার কারণে।
আপনার নাম-রূপ পাসরে আপনে॥
তত্ত্ব না জানএ গোপী জার-বুদ্ধি করি'।
আমি সে পরমব্রহ্ম পাইলা প্রেম ধরি'॥
সৎসঙ্গে আমাকে পাইল কীট-পতঙ্গম।
কত কত তরি' গেল স্থাবর-জঙ্গম॥
১৪ এ বোল বুঝিয়া তুমি তেজ' সর্ব্বধর্ম্ম।
লোক, বেদ—সব তেজ', বিধিবৎ কর্ম্ম॥
প্রবৃত্তি-নিবৃত্তি-কর্ম্ম সকল তেজিবে॥
শুনিলে শুনিবে যত, দেখিলে দেখিবে॥
১৫ আমার কারণে তুমি সর্ব্বধর্ম্ম তেজ'।
লোক, বেদ পরিহরি' সভে আমা' ভজ॥
সকলের আত্মা আমি, মহামহেশ্বর।
আমার প্রসাদে ভয় তেজিবে সকল॥
শরণ লইয়া ভজ' চরণ আমার।
আমি রক্ষা কৈলে, ভবভয় নাহি আর॥"
১৬ কৃষ্ণের বচন শুনি' মনে পাই' ভয়।
উদ্ধব পুছিলা পুন পাইয়া সংশয়॥
"এখনে বলিলে, নাথ!—'কর্ম্ম নাহি তেজ'।
এখনে কহিলে মাত্র—'সভে আমা' ভজ'॥
কিবা কর্ম্ম কৈলে, নাথ! হয় প্রতিকার?
কিবা কর্ম্ম করিলে সংসার নহে আর?
যে হয় উচিত, নাথ! কহিবে নিশ্চয়।
জ্ঞান-খড়্গে কাট মোর চিত্তের সংশয়॥"

১৭ উদ্ধবের বচন শুনিঞা নারায়ণ।
কহিতে লাগিলা জীবগতি-বিবরণ॥
"আপনে নির্গুণ জীব, সহজে ঈশ্বর।
মায়া-অবলম্ব করি' ধরে কলেবর॥
অবিদ্যা-বন্ধন-হেতু কর্ম্ম-অধিকার।
তে-কারণে কহি বিধি-নিষেধ-আচার॥
সত্ত্ব-শুদ্ধি-পর্য্যন্ত করিব শুভকর্ম্ম।
তবে ভক্তি সাধিব তেজিয়া সর্ব্বধর্ম্ম॥
তবে শুভাশুভ কর্ম্মে নাহি অধিকার।
তা'র বিবরণ কহি, শুন যুক্তি সার॥
এক জীব সূক্ষ্ম, মহেশ্বর, নিরাধার।
ষট্‌চক্র ভেদিলে জানি প্রকাশ তাহার॥
প্রথমে আধারচক্রে জীব সূক্ষ্মময়।
দ্বিতীয়ে মধ্যমচক্রে কিঞ্চিৎ নির্ণয়॥
মণিপুরচক্রে কিছু পরকাশ হয়।
চক্রভেদে বুঝিব জীবের পরিচয়॥
তুলিয়া বিশুদ্ধ-চক্রে নিব রন্ধ্রদেশে।
ব্রহ্মরন্ধ্রে তুলিলে সাক্ষাতে পরকাশে॥
১৮ শূন্যে যেন অনল কেবল মাত্র লখি।
কাষ্ঠে কাষ্ঠে মথিলে কিঞ্চিৎ মাত্র দেখি॥
কাষ্ঠ দিলে সেই অগ্নি বাঢ়ে অতিশয়।
ঘৃত দিলে পুন যেন প্রজ্বলিত হয়॥
এইমত আমার শ্রীমুখ-বিগলিতা।
ষট্‌চক্র ভেদিয়া বেদবাণী প্রকাশিতা॥

১৯। এবং গদিঃ কর্ম্ম গতির্বিসর্গো, ঘ্রাণো রসো দৃক্ স্পরশঃ শ্রুতিশ্চ।
সঙ্কল্পবিজ্ঞানমথাভিমানঃ, সূত্রং রজঃসত্ত্বতমোবিকারঃ॥
২০। অয়ং হি জীবস্ত্রিবৃদব্জযোনি,-রব্যক্ত একো বয়সা স আদ্যঃ।
বিশ্লিষ্টশক্তির্বহুধেব ভাতি, বীজানি যোনিং প্রতিপদ্য যদ্বৎ॥
২১। যস্মিন্নিদং প্রোতমশেষমোতং, পটো যথা তন্তুবিতানসংস্থঃ।
য এষ সংসারতরুঃ পুরাণঃ, কর্ম্মাত্মকঃ পুষ্পফলে প্রসূতে॥
২২। দ্বে অস্য বীজে শতমূলস্ত্রিনালঃ, পঞ্চস্কন্ধঃ পঞ্চরসপ্রসূতিঃ।
দশৈকশাখো দ্বিসুপর্ণনীড়,-স্ত্রিবল্কলো দ্বিফলোঽর্কং প্রবিষ্টঃ॥
২৩। অদন্তি চৈকং ফলমস্য গৃধ্রা, গ্রামেচরা একমরণ্যবাসাঃ।
হংসা য একং বহুরূপমিজ্যৈ,-র্মায়াময়ং বেদ স বেদ বেদম্॥
২৪। এবং গুরূপাসনয়ৈকভক্ত্যা, বিদ্যাকুঠারেণ শিতেন ধীরঃ।
বিবৃশ্চ্য জীবাশয়মপ্রমত্তঃ, সম্পদ্য চাত্মানমথ ত্যজাস্ত্রম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে দ্বাদশোঽধ্যায়ঃ॥ ১২॥

১৯-২০ এইরূপে জানিবে জীবের তত্ত্বগতি।
নিত্য সনাতন জীব, অনন্তশকতি॥
প্রথমে আছিল এক জীব নিরাকার।
অব্যক্ত ঈশ্বর, নিরালম্ব, নিরাধার॥
সেই জীব এক হই' নানা শক্তি ধরি'।
নানারূপে পরকাশে নানা মূর্ত্তি ধরি'॥
রজোগুণে সেই প্রভু সৃষ্টি-লীলা করে'।
সত্ত্বগুণে, তমোগুণে—পালয়ে, সংহারে॥
প্রভুর মায়ায় করে' জগৎ নির্ম্মাণ।
২১ জগৎ না হয় ভিন্ন, এক ভগবান্॥
দীঘল-পাথাইলে যেন সূতার গাঁথুনি।
সূতার বসনে যেন এক করি' জানি॥
এইরূপে জগৎ-গাঁথুনি নারায়ণে।
অন্তরে-বাহিরে কিছু নাহি প্রভু-বিনে॥
অনাদি সংসার-বৃক্ষ এই কর্ম্মময়।
ভোগ-অপবর্গ মাত্র পুষ্প-ফল হয়॥
২২ পুণ্য-পাপ, দুই বীজ, বৃক্ষ-উৎপন্ন।
অনন্ত-বাসনা-মূলে বৃক্ষের স্থাপন॥
তিন-গুণে নির্ম্মিত বৃক্ষের তিন নাল।
পঞ্চভূত-বিরচিত এ-পঞ্চ রসাল॥
পঞ্চরস ধরে বৃক্ষ এ-পাঁচ বিষয়।
একাদশ ইন্দ্রিয় বৃক্ষের শাখা হয়॥
দুই-গুটী হংসপক্ষী বৃক্ষে করে' স্থিতি।
তিন-ধাতু, তিন-ত্বক্ বৃক্ষের ব্যাপিতি॥
পুণ্য-পাপ দুই-গুটী বৃক্ষে ধরে ফল।
সূর্য্য-পর্য্যন্ত সংসার-বৃক্ষের প্রসার॥
২৩ এক-গুটী পাখী তা'র খায় বৃক্ষ-ফল।
নিজগুণ পাসরিয়া চরে' ঘরে ঘর॥
না খায় গাছের ফল আর এক পাখী।
বনে বনে বৈসে, জ্ঞানে দেখে সর্ব্বসাক্ষী॥
সে পাখী সংসার জানে—সব মায়াময়।
এক ব্রহ্ম বহুভেদে নানারূপ হয়॥
সেই সে জানয়ে বেদ-বেদান্তের সার।
তবে তা'র নাহি আর কর্ম্মে অধিকার॥
২৪ এ-বোল বুঝিয়া কর' গুরু-উপাসনা।
ভকতি-কুঠারে ছেদ কর' দুর্ব্বাসনা॥
সাবধান হঞা তুমি আপনাকে চিন'।
অস্ত্র তেজি' আপনাকে ব্রহ্ম হেন মান'॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
গদাধর-চরণারবিন্দমাত্র—আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বাদশোঽধ্যায়ঃ॥ ১২॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। সত্ত্বং রজস্তম ইতি গুণা বুদ্ধের্ন চাত্মনঃ। সত্ত্বেনান্যতমৌ হন্যাৎ সত্ত্বং সত্ত্বেন চৈব হি॥
২। সত্ত্বাদ্ধর্ম্মো ভবেদ্বৃদ্ধাৎ পুংসো মদ্ভক্তিলক্ষণঃ। সাত্ত্বিকোপাসয়া সত্ত্বং ততো ধর্ম্মঃ প্রবর্ত্ততে॥
৩। ধর্ম্মো রজস্তমো হন্যাৎ সত্ত্ববৃদ্ধিরনুত্তমঃ। আশু নশ্যতি তন্মূলো হ্যধর্ম্ম উভয়ে হতে॥
৪। আগমোঽপঃ প্রজা দেশঃ কালঃ কর্ম্ম চ জন্ম চ। ধ্যানং মন্ত্রোঽথ সংস্কারো দশৈতে গুণহেতবঃ॥
৫। তত্তৎ সাত্ত্বিকমেবৈষাং যদ্‌যদ্বৃদ্ধাঃ প্রচক্ষতে। নিন্দন্তি তামসং তত্তদ্রাজসং তদুপেক্ষিতম্॥
৬। সাত্ত্বিকান্যেব সেবেত পুমান্ সত্ত্ববিবৃদ্ধয়ে। ততো ধর্ম্মস্ততো জ্ঞানং যাবৎ স্মৃতিরপোহনম্॥

[দেশাগ-রাগ]

১ "শুন, হে উদ্ধব! তুমি, যে কহিয়ে আর।
ভক্তিযোগ-বিনে আর নাহি প্রতিকার॥
কহিলুঁ তোমাকে আমি সর্ব্বধর্ম্ম তেজ'।
একান্ত-ভকতি করি' সভে আমা' ভজ॥
তা'র পরকার কহি, সাবধানে শুন।
এই পরকারে তুমি তিন-গুণ জিন'॥
প্রকৃতির তিন গুণ—সত্ত্ব-রজস্তম।
ঈশ্বর—নির্গুণ, নিত্য, সত্য, সনাতন॥
রজোগুণ, তমোগুণ জিন' সত্ত্বগুণে।
২ ভকতি-লক্ষণ-ধর্ম্ম হয় যাহা-হনে॥
সাত্ত্বিক-সেবায় সত্ত্ব হয় সাধুজনে।
রজোগুণ, তমোগুণ জিনে' সত্ত্বগুণে॥
৩ রজস্তম জিনিলে অধর্ম্ম যায় নাশ।
সত্ত্বময় ধর্ম্ম তবে হয় পরকাশ॥
৪ কাল, কর্ম্ম, জনম, আগম, প্রজা, দেশ।
ধ্যান, মন্ত্র, জল আর সংস্কার-বিশেষ॥
জানিব এ-সব বস্তু ত্রিগুণ-জড়িত।
৫-৬ সেবিব সাত্ত্বিক তা'থে, যে হয় পণ্ডিত॥
তামস, রাজস—দুই দূরে পরিহরি'।
সাত্ত্বিক আশ্রয় করি' সত্ত্ববুদ্ধি করি'॥
তবে সত্ত্বময় কর্ম্ম হয় উপাদান।
যাহা হৈতে জনময় নিরমল-জ্ঞান॥'
পরমার্থ-শাস্ত্রমাত্র করিব অভ্যাস।
কুতর্ক, পাষণ্ড শাস্ত্র না আনিব পাশ॥
সুগন্ধি-শীতল জল তেজি' মতিমান্।
সত্ত্বময় তীর্থজলে করে' স্নান-দান॥
রাজস-তামস দুরাচার-সঙ্গ ত্যজে।
সাত্ত্বিকী নিবৃত্তি ধর্ম্মপরায়ণ ভজে॥
সাত্ত্বিক, বিরল, পুণ্য দেশে করি বাস।
দ্যূতক্রীড়া, দুষ্ট দেশে তেজি' অভিলাষ॥
পুণ্যকালে পুণ্যকর্ম্ম করি সমাধান।
নিষেধ-সময়ে কর্ম্ম না করি বিধান॥
রাজস-তামস কর্ম্ম দূরে পরিহরি'।
কেবল সাত্ত্বিক মাত্র পুণ্যকর্ম্ম করি॥
বিষ্ণুমন্ত্রে উপাসনা, সার্থক জনম।
শৈব-শাক্ত, ক্ষুদ্র-দীক্ষা তেজে' বুধজন॥
সত্ত্বময় বিষ্ণুধ্যান করে' বুদ্ধিমান্।
সুত-দার, গৃহ-বিত্ত না করে' ধেয়ান॥
বিষ্ণুমন্ত্র-উপদেশ লৈব সত্ত্বময়।
অন্য-মন্ত্র-উপদেশ পণ্ডিতে না লয়॥
সাত্ত্বিক-সংস্কারে চিত্ত করিব শোধন।
কেবলমাত্র অঙ্গের বাহির মার্জ্জন॥
এই দশবিধ বস্তু ত্রিগুণ-জনিত।
সাত্ত্বিক ভজিব তা'থে, যে হয় পণ্ডিত॥
সাত্ত্বিক-সেবায় সত্ত্ব বাঢ়ে নিরন্তর।
তবে তত্ত্বজ্ঞান উপজয়ে নিরমল॥

৭। বেণুসঙ্ঘর্ষজো বহ্নির্দগ্ধ্বা শাম্যতি তদ্বনম্। এবং গুণব্যত্যয়জো দেহঃ শাম্যতি তৎক্রিয়ঃ॥

শ্রীউদ্ধব উবাচ

৮। বিদন্তি মর্ত্ত্যাঃ প্রায়েণ বিষয়ান্ পদমাপদাম্। তথাপি ভুঞ্জতে কৃষ্ণ! তৎ কথং শ্ব-খরাজবৎ?

শ্রীভগবানুবাচ

৯। অহমিত্যন্যথাবুদ্ধিঃ প্রমত্তস্য যথা হৃদি। উৎসর্পতি রজো ঘোরং ততো বৈকারিকং মনঃ॥
১০। রজোযুক্তস্য মনসঃ সঙ্কল্পঃ সবিকল্পকঃ। ততঃ কামো গুণধ্যানাদ্দুঃসহঃ স্যাদ্ধি দুর্ম্মতেঃ॥
১১। করোতি কামবশগঃ কর্ম্মাণ্যবিজিতেন্দ্রিয়ঃ। দুঃখোদর্কাণি সম্পশ্যন্ রজোবেগবিমোহিতঃ॥
১২। রজস্তমোভ্যাং যদপি বিদ্বান্ বিক্ষিপ্তধীঃ পুনঃ। অতন্দ্রিতো মনো যুঞ্জন্ দোষদৃষ্টির্ন সজ্জতে॥
১৩। অপ্রমত্তোঽনুযুঞ্জীত মনো ময্যর্পয়ন্ শনৈঃ। অনির্ব্বিণ্ণো যথাকালং জিতশ্বাসো জিতাসনঃ॥
১৪। এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষ্যৈঃ সনকাদিভিঃ। সর্ব্বতো মন আকৃষ্য ময্যদ্ধাবেশ্যতে যথা॥

শ্রীউদ্ধব উবাচ

১৫। যদা ত্বং সনকাদিভ্যো যেন রূপেণ কেশব! যোগমাদিষ্টবানেতদ্রূপমিচ্ছামি বেদিতুম্॥

---

৭ বাঁশে-বাঁশে ঘষাঘষি অগ্নি জ্বলে তায়।
পুড়িয়া সকল বন আপনে নিভায়॥
এইরূপে গুণময় দেহ পরিহরি'।
শান্ত হৈয়া রহে তবে সর্ব্বকর্ম্ম ছাড়ি'॥"

৮ উদ্ধব পুছিলা তবে ভকত-প্রধান।
"মোর নিবেদন, নাথ! কর' অবধান॥
বিষয় আপদ-পদ সর্ব্বলোকে বলে'।
তথাপি বিষয়-ভোগ ছাড়িতে না পারে॥
ছাগ-কুক্কুরবৎ, গর্দ্দভ-সমান।
সাক্ষাতে দেখিতে আছে নানা অপমান॥
তথাপি বিষয়-ভোগ করে' কি কারণে?
এ-বড় বিস্ময় মোর, কৈলুঁ নিবেদনে॥"

৯ উদ্ধবের বচন শুনিঞা চক্রপাণি।
কহিতে লাগিলা তবে দেবচূড়ামণি॥
"মুঞি হেন মিথ্যা-বুদ্ধি মত্ত-জনে হয়।
তে-কারণে রজোগুণ করএ উদয়॥
তে-কারণে হয় তা'র মনের বিকার।

১০ সঙ্কল্প-বিকল্প হয় নানা-পরকার॥
বিষয়-ধেয়ানে তা'র বাঢ়ে নানা কাম।
কুমতি জনের বাঢ়ে নানা-কুসন্ধান॥

১১-১২ কামবশ হঞা কর্ম্ম করে' নিরবধি।
দুঃখময় কর্ম্ম-মাত্র, না বুঝে কুবুদ্ধি॥
মনের বিক্ষেপে রজোগুণে বিমোহিত।
আছুক আনের কাজ, বিভ্রমে' পণ্ডিত॥
এ-বোল বুঝিয়া মন করিব সংযম।
দোষময় সকল দেখিব বুধজন॥

১৩ চিত্তের আলস্য ছাড়ি' র'ব' সাবধানে।
মন নিয়োজিব ধীর আমার চরণে॥
অলপে-অলপে চিত্ত করিব অর্পণ।
এ-নব দুয়ার বান্ধি' রুধিব পবন॥
আসন-ভোজন ধীর জিনিব সন্ধানে।
মন নিয়োজিব ধীর আমার চরণে॥

১৪ এই যোগ কহিলুঁ আমার শিষ্যগণে।
সনকাদি চারি-মুনি ব্রহ্মার নন্দনে॥
সব ঠাঞি হৈতে মন আনি' নিবারিঞা।
আনন্দে রহিব মন আমাতে ধরিঞা॥"

১৫ উদ্ধব পুছিলা তবে ভাবিয়া বিস্ময়।
"সনকাদি মুনিগণ ব্রহ্মার তনয়॥
কি যোগ কহিলে তুমি, কোন্ মূর্ত্তি হৈয়া?
সে-যোগ কহিবে মোরে, যদি কর' দয়া॥

শ্রীভগবানুবাচ

১৬। পুত্রা হিরণ্যগর্ভস্য মানসাঃ সনকাদয়ঃ। পপ্রচ্ছুঃ পিতরং সূক্ষ্মাং যোগস্যৈকান্তিকীং গতিম্॥

শ্রীসনকাদয় ঊচুঃ

১৭। গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসি চ প্রভো! কথমন্যোঽন্যসন্ত্যাগো মুমুক্ষোরতিতিতীর্ষোঃ॥

শ্রীভগবানুবাচ

১৮। এবং পৃষ্টো মহাদেবঃ স্বয়ম্ভুর্ভূতভাবনঃ। ধ্যায়মানঃ প্রশ্নবীজং নাভ্যপদ্যত কর্ম্মধীঃ॥
১৯। স মামচিন্তয়দ্দেবঃ প্রশ্নপারতিতীর্ষয়া। তস্যাহং হংসরূপেণ সকাশমগমং তদা॥
২০। দৃষ্ট্বা মাং ত উপব্রজ্য কৃত্বা পাদাভিবন্দনম্। ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা পপ্রচ্ছুঃ কো ভবানিতি॥
২১। ইত্যহং মুনিভিঃ পৃষ্টস্তত্ত্বজিজ্ঞাসুভিস্তদা। যদবোচমহং তেভ্যস্তদুদ্ধব! নিবোধ মে॥
২২। বস্তুনো যদ্যনানাত্ব আত্মনঃ প্রশ্ন ঈদৃশঃ। কথং ঘটেত বো বিপ্রা বক্তুর্বা মে ক আশ্রয়ঃ?
২৩। পঞ্চাত্মকেষু ভূতেষু সমানেষু চ বস্তুতঃ। কো ভবানিতি বঃ প্রশ্নো বাচারম্ভো হ্যনর্থকঃ॥
২৪। মনসা বচসা দৃষ্ট্যা গৃহ্যতেঽন্যৈরপীন্দ্রিয়ৈঃ। অহমেব ন মত্তোঽন্যদিতি বুধ্যধ্বমঞ্জসা॥
২৫। গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসি চ প্রজাঃ। জীবস্য দেহ উভয়ং গুণাশ্চেতো মদাত্মনঃ॥
২৬। গুণেষু চাবিশচ্চিত্তমভীক্ষ্ণং গুণসেবয়া। গুণাশ্চ চিত্তপ্রভবা মদ্রূপ উভয়ং ত্যজেৎ॥

---

১৬ কহিতে লাগিলা তবে দেব চক্রপাণি।
"ব্রহ্মার মানস-পুত্র সনকাদি মুনি॥
যোগগতি জিজ্ঞাসিলা বাপ-বিদ্যমানে।

১৭ 'সংসার-সাগর জীব তরিব কেমনে?
বিষয়ে প্রবেশ চিত্ত করে' নিরন্তর।
সতত বিষয় থাকে চিত্তের ভিতর॥
অন্যোঽন্যে সংযোগ হয়, ছাড়ন না যায়।
কহ, পিতা! যোগগতি কি হয় উপায়?'

১৮ চিন্তিয়া চাহিলা ব্রহ্মা চিত্ত-সমাধানে।
তত্ত্ব না বুঝিয়া ব্রহ্মা রহিলা ধেয়ানে॥

১৯ সমাধি করিয়া ব্রহ্মা চিন্তিলা আমারে।
এই যোগতত্ত্ব-গতি জানিবার তরে॥
তবে আমি হংসরূপে দিলুঁ দরশন।

২০ মুনিগণে কৈলা মোর চরণ-বন্দন॥
ব্রহ্মা-আগে করিয়া পুছিলা মুনিগণে।
'কি নাম, কে তুমি, হেথা আইলা কি কারণে?'

২১ তত্ত্বজ্ঞান তবে মুনিগণে জিজ্ঞাসিল।
তবে শুন, কি তা'র উত্তর আমি দিল॥

২২ 'বস্তুগতে আত্মা নহে নানাপরকার।
কিরূপে এ-সব প্রশ্ন ঘটিবে তোমার?

২৩ পঞ্চভূত-বিরচিত সমান সব কায়।
'কে তুমি' বচন ঘটে কেমন উপায়?
কেবল প্রারম্ভ-মাত্র অনর্থ বচন।
'কে তুমি' পুছিলে মাত্র না হয় ঘটন॥

২৪ দেখি, শুনি যত-কিছু শ্রবণে, নয়নে।
বুদ্ধি মন লয় যত ইন্দ্রিয়-বচনে॥
আমা' হৈতে সব-কিছু, আর নহে তত্ত্ব।
সর্ব্বময় প্রভু আমি, সভে এই সত্য॥

২৫ বিষয়ে প্রবেশে' চিত্ত, এ হয় নিশ্চয়।
চিত্তে পরবেশ করে' সতত বিষয়॥
দেহ-মাত্র, চিত্তগত-বিষয়-বাসনা।
কিন্তু করিবারে পারি উপায় খণ্ডনা॥

২৬ বিষয়ে প্রবেশে' চিত্ত সেবিতে বিষয়।
বিষয়-ধেয়ানে চিত্ত হয় গুণময়॥
যে-জন আমার হয়, দুই পরিহরে।
কদাচিৎ চিত্তগত বিষয় না করে'॥

২৭। জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তঞ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ। তাসাং বিলক্ষণো জীবঃ সাক্ষিত্বেন বিনিশ্চিতঃ॥
২৮। যর্হি সংসৃতিবন্ধোঽয়মাত্মনো গুণবৃত্তিদঃ। ময়ি তুর্য্যে স্থিতো জহ্যাৎ ত্যাগস্তদ্‌গুণচেতসাম্॥
২৯। অহঙ্কারকৃতং বন্ধমাত্মনোঽর্থবিপর্য্যয়ম্। বিদ্বান্ নির্ব্বিদ্য সংসারচিন্তাং তুর্য্যে স্থিতস্ত্যজেৎ॥
৩০। যাবন্নানার্থধীঃ পুংসো ন নিবর্ত্তেত যুক্তিভিঃ। জাগর্ত্ত্যপি স্বপন্নজ্ঞঃ স্বপ্নে জাগরণং যথা॥
৩৩। এবং বিমৃশ্য গুণতো মনসস্ত্র্যবস্থা, মন্মায়য়া ময়ি কৃতা ইতি নিশ্চিতার্থাঃ।
সঞ্ছিদ্য হার্দ্দমনুমান-সদুক্তিতীক্ষ্ণ,-জ্ঞানাসিনা ভজত মাখিলসংশয়াধিম্॥
৩৪। ঈক্ষেত বিভ্রমমিদং মনসো বিলাসং, দৃষ্টং বিনষ্টমতিলোলমলাতচক্রম্।
বিজ্ঞানমেকমুরুধেব বিভাতি মায়া, স্বপ্নস্ত্রিধা গুণবিসর্গকৃতো বিকল্পঃ॥
৩৫। দৃষ্টিং ততঃ প্রতিনিবর্ত্ত্য নিবৃত্ততৃষ্ণ,-স্তূষ্ণীং ভবেন্নিজসুখানুভবো নিরীহঃ।
সংদৃশ্যতে ক্ব চ যদীদমবস্তুবুদ্ধ্যা, ত্যক্তং ভ্রমায় ন ভবেৎ স্মৃতিরানিপাতাৎ॥
৩৬। দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতং বা, সিদ্ধো ন পশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপম্।
দৈবাদপেতমুত দৈববশাদুপেতং, বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ॥
৩৮। ময়ৈতদুক্তং বো বিপ্রা গুহ্যং যৎ সাংখ্যযোগয়োঃ। জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া॥
৩৯। অহং যোগস্য সাঙ্খ্যস্য সত্যস্যর্তস্য তেজসঃ। পরায়ণং দ্বিজশ্রেষ্ঠাঃ! শ্রিয়ঃ কীর্ত্তের্দমস্য চ॥

---

২৭ তিন-কালে সত্য জীব, সব ঠাঞি থাকে।
সর্ব্বত্র সমান জীব, সাক্ষিরূপে দেখে॥

২৮ যদি বা জীবের হয় অনাদি-বন্ধন।
মায়াগুণ-বিরচিত দেহের কারণ॥
আমাতে থাকিব চিত্ত করিয়া নিশ্চল।
বিষয়-বাসনা চিত্তে তেজিব সকল॥

২৯ জীবের সংসার-বন্ধ ব্যর্থ অহঙ্কারে।
অকারণে ভ্রমে' জীব এ-ঘোর সংসারে॥
আমাতে ধরিব চিত্ত, যে হয় পণ্ডিত।
তেজিব সংসার-চিন্তা স্থির করি' চিত॥

৩০ যাবৎ চিত্তের থাকে বিবিধ ভরম।
জাগিতে না জাগয়ে তাবৎ মূর্খ জন॥

৩৩ এ বোল বুঝিয়া চিত্তে কর' বিমরিশ।
সুখ-দুঃখ সব তেজ', বিষাদ-হরিষ॥
সাধুমুখ-মুখরিত-জ্ঞান-খড়্গ ধরি'।
চিত্তের জড়িমা কাটি' ফেল দূর করি'॥
চিত্তগত সকল সংশয়চয় তেজ'।
একান্ত-ভকতি করি' সভে আমা' ভজ॥

৩৪ জগৎ দেখিবা তুমি মনের বিলাস।
কেবল ভরম-মাত্র, তড়িৎ-প্রকাশ॥
অতি লোল-বিলোল আলেয়া-সমরূপ।
জ্ঞানময় এক ব্রহ্ম ধরে বহু রূপ॥
অনিত্য সংসার-মাত্র চিত্তে অনুমান'।

৩৫ সব ঠাঞি হৈতে দৃষ্টি নিবারিয়া আন'॥
অনন্ত-বাসনা, সব তৃষ্ণা পরিহর।
নিজসুখে পূর্ণ হঞা আনন্দে বিহর॥

৩৬ ভক্তিরস-মদে মত্ত সিদ্ধ-যোগিগণে।
আছে, নাহি নিজ-দেহ—না দেখে নয়নে॥
অদৃষ্টে মিলয়ে দেহ, অদৃষ্টে সঞ্চরে।
জ্ঞান-যোগী 'আছে, নাহি' বিচার না করে'॥
মদিরা করিয়া পান ঘূর্ণিত-নয়নে।
আছে, নাহি নিজ বাস, এক নাহি জানে'॥
এইরূপে জ্ঞানযোগী পূর্ণ জ্ঞানরসে।
সুখময়-সিন্ধুজলে নিরবধি ভাসে॥

৩৮ তুমি-সব সনকাদি, ব্রহ্মার নন্দন।
কহিলুঁ পরমগুহ্য-যোগের লক্ষণ॥
সভার আশ্রয় আমি, সর্ব্বযজ্ঞপতি।

৩৯ সাংখ্য-যোগ ঋত-সত্য-কীর্ত্তি-যশোগতি॥
ধর্ম্ম কহিবার তরে কৈল আগমন।
পরম-আশ্রম আমি, সভার কারণ॥

৪০। মাং ভজন্তি গুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকম্। সুহৃদং প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়োঽগুণাঃ॥
৪১। ইতি মে ছিন্নসন্দেহা মুনয়ঃ সনকাদয়ঃ। সভাজয়িত্বা পরয়া ভক্ত্যাগৃণত সংস্তবৈঃ॥
৪২। তৈরহং পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ পরমর্ষিভিঃ। প্রত্যেয়ায় স্বকং ধাম পশ্যতঃ পরমেষ্ঠিনঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে ত্রয়োদশোঽধ্যায়ঃ॥ ১৩॥

---

৪০ সকলের গতি, পতি, জীবের আধার।
সত্ত্ব-রজস্তমোগুণ কিঙ্কর আমার॥
সকলের আত্মা আমি, প্রিয়, হিতকারী।
নিরপেক্ষ, নির্গুণ, অনন্ত-রূপধারী॥
অষ্টৈশ্বর্য্য, অষ্টসিদ্ধি, অষ্ট-মহানিধি।
সর্ব্বশক্তি, সর্ব্বগুণ ভজে নিরবধি॥
সবেই আমারে ভজে, আমার কিঙ্কর।
তথাপি কাহারো আমি নহি নিজ-পর॥
তুমি-সব সনকাদি ব্রহ্মার কুমার।
তে-কারণে হংসরূপে কৈলুঁ অবতার॥
কহিলুঁ পরম-যোগ দৃঢ় করি' ধর'।
তুমি-সব সুখে গিয়া পর্য্যটন কর'॥
৪১ আমার বচন শুনি' ব্রহ্মার নন্দন।
সনকাদি চারি মুনি যোগপরায়ণ॥
আনন্দিত হৈলা সব, খণ্ডিল সংশয়।
স্তুতি-ভক্তি করিয়া পূজিলা অতিশয়॥
৪২ ব্রহ্মার সাক্ষাতে আমি কৈলুঁ অন্তর্দ্ধান।
তবে আমি আপনে চলিলুঁ নিজ ধাম॥
কহিলুঁ তোমারে, বৎস! যোগ-আত্মকথা।"
ভাগবত-আচার্য্যের মধুরস-গাথা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রয়োদশোঽধ্যায়ঃ॥ ১৩॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। বদন্তি কৃষ্ণ! শ্রেয়াংসি বহূনি ব্রহ্মবাদিনঃ। তেষাং বিকল্পপ্রাধান্যমুতাহো একমুখ্যতা?
২। ভবতোদাহৃতঃ স্বামিন্! ভক্তিযোগোঽনপেক্ষিতঃ। নিরস্য সর্ব্বতঃ সঙ্গং যেন ত্বয্যাবিশেন্মনঃ॥

শ্রীভগবানুবাচ

৩। কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মকঃ॥
৪। তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্ব্বজায় সা। ততো ভৃগ্বাদয়োঽগৃহ্ণন্ সপ্ত ব্রহ্মমহর্ষয়ঃ॥

[শ্রী-রাগ]

১ উদ্ধব পুছিলা তবে বুঝিতে নির্ণয়।
"কত কত মুকতি-লক্ষণ ধর্ম্ম হয়?
নানা মোক্ষধর্ম্ম কহে বেদবাদিগণে।
কিবা এক মুখ্য, কিবা সকল প্রধানে?
২ তুমি সবে কহ মাত্র ভক্তিযোগ সার।
ভক্তিযোগ বিনে কভু না কহিলা আর॥
সর্ব্বসঙ্গ, সর্ব্বধর্ম্ম তেজি' সর্ব্বকর্ম্ম।
ভজিব তোমারে, নাথ!—এই মোক্ষধর্ম্ম॥
এই মোর চিত্তের সংশয় অতিশয়।
কৃপা করি' কহ, নাথ! কি হয় নির্ণয়?"
৩ উদ্ধবের বচন শুনিঞা ভগবান্।
আদি বেদবাণী কহে পুরুষ-পুরাণ॥

৫। তেভ্যঃ পিতৃভ্যস্তৎপুত্রা দেবদানব-গুহ্যকাঃ। মনুষ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বাঃ সবিদ্যাধরচারণাঃ॥
৬। কিংদেবাঃ কিন্নরা নাগা রক্ষঃ কিম্পুরুষাদয়ঃ। বহ্ব্যস্তেষাং প্রকৃতয়ো রজঃসত্ত্বতমোভুবঃ॥
৭। যাভির্ভূতানি ভিদ্যন্তে ভূতানাং পতয়স্তথা। যথাপ্রকৃতি সর্ব্বেষাং চিত্রা বাচঃ স্রবন্তি হি॥
৮। এবং প্রকৃতিবৈচিত্র্যাদ্ভিদ্যন্তে মতয়ো নৃণাম্। পারম্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োঽপরে॥
৯। মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ! শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথাকর্ম্ম যথারুচি॥
১০। ধর্ম্মমেকে যশশ্চান্যে কামং সত্যং দমং শমম্। অন্যে বদন্তি স্বার্থং বৈ ঐশ্বর্য্যং ত্যাগভোজনম্।
কেচিদ্‌যজ্ঞং তপো দানং ব্রতানি নিয়মান্ যমান্॥
১১। আদ্যন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্ম্মবিনির্ম্মিতাঃ। দুঃখোদর্কাস্তমোনিষ্ঠাঃ ক্ষুদ্রানন্দাঃ শুচার্পিতাঃ॥
১২। ময্যর্পিতাত্মনঃ সভ্য! নিরপেক্ষস্য সর্ব্বতঃ। ময়াত্মনা সুখং যত্তৎ কুতঃ স্যাদ্বিষয়াত্মনাম্?
১৩। অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ। ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ॥
১৪। ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং, ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা, ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনাঽন্যৎ॥

"প্রলয়-সময়ে নষ্ট হৈল বেদবাণী।
তবে আমি কহিলুঁ ব্রহ্মাকে তত্ত্ব জানি'॥

৪ স্বায়ম্ভুব-মনু ছিলা ব্রহ্মার নন্দন।
ব্রহ্মা তাঁ'র মুখে কৈলা বেদ সমর্পণ॥
সপ্ত মহাঋষিগণ ভৃগু-আদি করি'।
তাঁ'রা সবে বেদবাণী মনু-মুখে ধরি'॥

৫-৬ তা'-সভার মুখে বেদ পাইল পিতৃগণে।
দেব, দানব, আর গুহ্যক-চারণে॥
সিদ্ধ, বিদ্যাধর, যক্ষ, গন্ধর্ব্ব, কিন্নর।
কিংদেব, মনুষ্য, নাগ, রাক্ষস, বানর॥
এইরূপে সর্ব্বলোক বেদবাণী শুনি'।
নানা-মতি হৈল বেদতত্ত্ব নাহি জানি'॥
সত্ত্ব-রজস্তমোগুণে সব উতপতি।
৭ তে-কারণে ভিন্ন ভিন্ন সভার প্রকৃতি॥
যা'র যেন প্রকৃতি, তাহার তেন বাণী।
৮ মতিভেদে বলে', বেদতত্ত্ব নাহি জানি'॥
পাষণ্ড পণ্ডিত কেহো কুতর্ক-খণ্ডনে।
৯ এক-বেদ নানা-ভেদ করিয়া বাখানে॥
সর্ব্বলোক কর্ম্ম করে' শ্রদ্ধা-অনুরূপ।
কর্ম্ম-অনুসারে ধর্ম্ম কহে নানারূপ॥

১০ কেহ ধর্ম্ম মানে', কেহ অর্থ-যশ-কাম।
কেহ সত্য-শম-দম, কেহ পুণ্য-দান॥
ত্যাগ-ভোগ-ঐশ্বর্য্য কাহার চিত্তে ধরে।
কেহ ব্রত-আচার, নিয়ম, যজ্ঞ করে'॥
নানা-কর্ম্ম, নানা-ফল, নানা-পরকার।
১১ সকল বিনাশ-যুত, অন্তে দুঃখসার॥
কর্ম্ম-বিনির্ম্মিত ফল, নাহি সুখলেশ।
ত্যাগ-ভোগ-অরজন, সারমাত্র ক্লেশ॥
১২ আমি আত্মা, প্রিয়, সখা, সর্ব্বফল-দাতা।
আমি গতি, পতি, হিত, সর্ব্বলোক-পিতা॥
আমাকে ভজিলে লোক হয় সুখময়।
এ-ঘোর সংসারে পার লীলা-মাত্রে হয়॥
বিষয়-সংযোগে সুখ নহে কদাচিৎ।
কর্ম্মপথে ভ্রমে' মাত্র, কেবল বঞ্চিত॥
১৩ অকিঞ্চন, সমচিত্ত, শুদ্ধ, শান্ত, দান্ত।
আমার আনন্দরসে রসিক নিতান্ত॥
আমার কৃপায় তা'র নাহি দুঃখ-ভয়।
অন্তরে বাহিরে দশদিগ্ সুখময়॥
১৪ ব্রহ্মপদ, ইন্দ্রপদ, সার্ব্বভৌম-পদ।
অষ্টযোগ, অষ্টসিদ্ধি, পাতাল-সম্পদ॥

১৫। ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্॥
১৬। নিরপেক্ষং মুনিং শান্তং নির্ব্বৈরং সমদর্শনম্। অনুব্রজাম্যহং নিত্যং পূয়েয়েত্যঙ্ঘ্রিরেণুভিঃ॥
১৭। নিষ্কিঞ্চনা ময্যনুরক্তচেতসঃ, শান্তা মহান্তোঽখিলজীববৎসলাঃ।
কামৈরনালব্ধধিয়ো জুষন্তি তে, যন্নৈরপেক্ষ্যং ন বিদুঃ সুখং মম॥
১৮। বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ। প্রায়ঃ প্রগল্‌ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে॥
১৯। যথাগ্নিঃ সুসমৃদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ। তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ॥
২০। ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব! ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা॥
২১। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্।
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ॥
২২। ধর্ম্মঃ সত্যদয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি॥
২৩। কথং বিনা রোমহর্ষং দ্রবতা চেতসা বিনা। বিনানন্দাশ্রুকলয়া শুধ্যেদ্ভক্ত্যা বিনাশয়ঃ?

না মানে' নির্ব্বাণ-পদ ভকত আমার।
চিত্তবিত্ত সমর্পিত আমাতে যাহার॥

১৫ পুত্র হঞা ব্রহ্মা প্রিয় নহে তত বড়।
আত্মা হঞা তেন প্রিয় না হয় শঙ্কর॥
ভাই সঙ্কর্ষণ মোর তেন প্রিয় নহে।
লক্ষ্মীদেবী ভার্য্যা মোর বক্ষঃস্থলে রহে'॥
নিজ-মূর্ত্তি প্রিয় মোর নহে সাধুসম।
যেরূপ, উদ্ধব! তুমি মোর প্রিয়তম॥

১৬ নিরপেক্ষ, শান্ত, দান্ত, বৈর-বিবর্জ্জিত।
সম-দরশন, প্রেমযুত, পরহিত॥
তা'র পাছে পাছে আমি সতত বেড়াই।
কোনমতে তা'র যেন পদরেণু পাই॥

১৭ অকিঞ্চন, সর্ব্বজীব-বৎসল, মহান্ত।
জিতকাম, প্রেমযুত, কেবল সুশান্ত॥
এ-সভে আমার নিজসুখ অনুভায়।
অন্যে কি তাহার তত্ত্ব বিচারিলে পায়?
যা'র অনুভব সুখ, সেই মাত্র জানে'।
কহনে না যায়, সে যে অন্যের বয়ানে॥

১৮ মোর ভক্ত হয় যদি বিষয়-বাধিত।
অজিত, ইন্দ্রিয়পদে মতি বিচলিত॥
তবু তা'কে বিষয়ে বাঁধিতে নাহি পারে।
মোর ভক্ত ভক্তিরসে আনন্দে বিহরে॥

১৯ জ্বলন্ত-অনলে যেন পোড়ে কাষ্ঠচয়।
তেন মোর ভক্তি করে' সর্ব্বপাপ ক্ষয়॥

২০ গুহ্যকথা কহি, শুন, উদ্ধব! তোমারে।
সাঙ্খ্য-যোগে বশ মোরে করিতে না পারে॥
দান, ব্রত, তপ, ত্যাগ, স্বধর্ম্ম-আচার।
এ-সভে না পারে মোরে বশ করিবার॥
ভকতের বশ আমি, ভকতি-কারণে।
অন্যে মোরে বান্ধিতে না পারে ভক্তি বিনে॥

২১ ভকতে বান্ধিতে পারে মোরে ভক্তিপাশে।
ভকতের প্রিয় মুঞি থাকি ভক্তিরসে॥
মোতে নিষ্ঠা-ভক্তি হৈলে জন্মদোষ হরে'।
শ্বপাক-চণ্ডাল পাপ-পামর উদ্ধারে॥

২২ দয়া-সত্যযুত, ধর্ম্ম-তপোবিদ্যা ধরে।
ভকতি-বিহীন জনে পবিত্র না করে'॥

২৩ নয়নে আনন্দ-জল, অঙ্গ পুলকিত।
দ্রবিত অন্তর যা'র, মতি বিগলিত॥
এ-সব লক্ষণ বিনে ভকতি না হয়।
ভক্তি বিনে শুদ্ধ কভু না হয় আশয়॥

২৪। বাগ্ গদ্গদা দ্রবতে যস্য চিত্তং, রুদত্যভীক্ষ্ণং হসতি ক্বচিচ্চ।
বিলজ্জ উদ্গায়তি নৃত্যতে চ, মদ্ভক্তিযুক্তো ভুবনং পুনাতি॥

২৫। যথাগ্নিনা হেমমলং জহাতি, ধ্মাতং পুনঃ স্বং ভজতে চ রূপম্।
আত্মা চ কর্ম্মানুশয়ং বিধুয়, মদ্ভক্তিযোগেন ভজত্যথো মাম্॥

২৬। যথা যথাত্মা পরিমৃজ্যতেঽসৌ, মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ।
তথা তথা পশ্যতি বস্তু সূক্ষ্মং, চক্ষুর্যথৈবাঞ্জনসংপ্রযুক্তম্॥

২৭। বিষয়ান্ ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিষজ্জতে। মামনুস্মরতশ্চিত্তং ময্যেব প্রবিলীয়তে॥

২৮। তস্মাদসদভিধ্যানং যথা স্বপ্নমনোরথম্। হিত্বা ময়ি সমাধৎস্ব মনো মদ্ভাবভাবিতম্॥

২৯। স্ত্রীণাং স্ত্রীসঙ্গিনাং সঙ্গং ত্যক্ত্বা দূরত আত্মবান্। ক্ষেমে বিবিক্ত আসীনশ্চিন্তয়েন্মামতন্দ্রিতঃ॥

৩০। ন তথাস্য ভবেৎ ক্লেশো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ। যোষিৎসঙ্গাদ্যথা পুংসো যথা তৎসঙ্গি-সঙ্গতঃ॥

শ্রীউদ্ধব উবাচ

৩১। যথা ত্বামরবিন্দাক্ষ! যাদৃশং বা যদাত্মকম্। ধ্যায়েন্মুমুক্ষুরেতন্মে ধ্যানং মে বক্তুমর্হসি॥

শ্রীভগবানুবাচ

৩২। সম আসন আসীনঃ সমকায়ো যথাসুখম্। হস্তাবুৎসঙ্গ আধায় স্বনাসাগ্রকৃতেক্ষণঃ॥

৩৩। প্রাণস্য শোধয়েন্মার্গং পূর-কুম্ভকরেচকৈঃ। বিপর্য্যয়েণাপি শনৈরভ্যসেন্নির্জ্জিতেন্দ্রিয়ঃ॥

---

২৪ গদ-গদ বাণী যা'র, দ্রবিত অন্তর।
ক্ষণে কান্দে, হাসে, গায় করি' উচ্চস্বর॥
উনমতবৎ নাচে লজ্জা পরিহরি'।
ভকত-লক্ষণ মোর এই অবধারি॥
মোর ভক্তজনে করে' জগত পবিত্র।
নিরমল মতি তা'র, উদার চরিত্র॥

২৫ হেম মল ছাড়ে যেন পুড়িলে অনলে।
পুনঃ পুনঃ পুড়ে যদি, নিজরূপ ধরে॥
এইরূপে ভক্তিযোগে ভজিতে আমারে।
চিত্তগত অশেষ-বাসনা দূর করে'॥

২৬ মোর পুণ্য-গুণকথা-শ্রবণ-কীর্ত্তনে।
যত যত দূর হয় অন্তর শোধনে॥
তত তত সূক্ষ্ম বস্তু পরমার্থ দেখে।
আঁখি নিরমল যেন অঞ্জন-সংযোগে॥

২৭ বিষয়ে প্রবেশে' চিত্ত বিষয়-ধেয়ানে।
আমাতে প্রবেশে' চিত্ত আমার স্মরণে॥

২৮ এ বোল বুঝিয়া ছাড় অসত্য-ধেয়ান।
সর্ব্বভাবে কর' মোতে চিত্ত সমাধান॥

২৯ স্ত্রী-সঙ্গ, স্ত্রী-সঙ্গীর সঙ্গ পরিহরি'।
চিন্তহ আমারে সব চিন্তা পরিহরি'॥
বিরল, কুশল স্থানে কল্পিব আসন।
আমার মধুর-মূর্ত্তি করিব চিন্তন॥

৩০ স্ত্রী-সঙ্গ, স্ত্রীসঙ্গীর সঙ্গে যেন হয়।
আন-সঙ্গে সংসার-বন্ধন তেন নয়॥"

৩১ উদ্ধব পুছিলা তবে,—"ত্রিভুবননাথ!
কিরূপ তোমার ধ্যান জগৎ-বিখ্যাত?
ভকতবৎসল, শতপত্র-বিলোচন।
ধ্যান করি' চিন্তে যাহা মুক্ত মুনিগণ॥
কিরূপে চিন্তিব, নাথ! কিরূপ ধেয়ান?
কহ, নাথ করুণা-সাগর, ভগবান্!!"

৩২ উদ্ধবের বচন শুনিঞা জগন্নাথ।
ধ্যানযোগ কহে নিজ-ভকত-সাক্ষাৎ॥
"সমান আসনে বসি' সম-কলেবর।
দুই হাত ধরি' তোলে কোলের উপর॥
নাসিকার অগ্রে ধরি' এ দুই লোচন।

৩৩ পবন-দুয়ারে করি' অন্তর শোধন॥

৩৪। হৃত্যবিচ্ছিন্নমোঙ্কারং ঘণ্টানাদং বিসোর্ণবৎ। প্রাণেনোদীর্য্য তত্রাথ পুনঃ সংবেশয়েৎ স্বরম্॥
৩৫। এবং প্রণবসংযুক্তং প্রাণমেব সমভ্যসেৎ। দশকৃত্বস্ত্রিষবণং মাসাদর্ব্বাগ্ জিতানিলঃ॥
৩৬। হৃৎপুণ্ডরীকমন্তঃস্থমূর্দ্ধনালমধোমুখম্। ধ্যাত্বোর্দ্ধমুখমুন্নিদ্রমষ্টপত্রং সকর্ণিকম্।
কর্ণিকায়াং ন্যসেৎ সূর্য্যসোমাগ্নীনুত্তরোত্তরম্॥
৩৭। বহ্নিমধ্যে স্মরেদ্রূপং মদীয়তদ্ধ্যানমঙ্গলম্। সমং প্রশান্তং সুমুখং দীর্ঘচারুচতুর্ভুজম্॥
৩৮। সুচারু সুন্দরগ্রীবং সুকপোলং শুচিস্মিতম্। সমানকর্ণবিন্যস্ত-স্ফুরন্মকরকুণ্ডলম্॥
৩৯। হেমাম্বরং ঘনশ্যামং শ্রীবৎস-শ্রীনিকেতনম্। শঙ্খচক্রগদাপদ্ম-বনমালাবিভূষিতম্॥
৪০। নূপুরৈর্বিলসৎপাদং কৌস্তুভপ্রভয়া যুতম্। দ্যুমৎকিরীটকটক-কটিসূত্রাঙ্গদাযুতম্॥
৪১। সর্ব্বাঙ্গসুন্দরং হৃদ্যং প্রসাদসুমুখেক্ষণম্। সুকুমারমভিধ্যায়েৎ সর্ব্বাঙ্গেষু মনো দধৎ॥
৪২। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যো মনসাকৃষ্য তন্মনঃ। বুদ্ধ্যা সারথিনা ধীরঃ প্রণয়েন্ময়ি সর্ব্বতঃ॥
৪৩। তৎ সর্ব্বব্যাপকং চিত্তমাকৃষ্যৈকত্র ধারয়েৎ। নান্যানি চিন্তয়েদ্ভূয়ঃ সুস্মিতং ভাবয়েন্মুখম্॥
৪৪। তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্য ব্যোম্নি ধারয়েৎ। তচ্চ ত্যক্ত্বা মদারোহো ন কিঞ্চিদপি চিন্তয়েৎ॥
৪৫। এবং সমাহিতমতির্মামেবাত্মানমাত্মনি। বিচষ্টে ময়ি সর্ব্বাত্মন্! জ্যোতির্জ্যোতিষি সংযুতম্॥

পূরক, কুম্ভক করি' রেচিব পবন।
অলপে অলপে চিত্ত করিব সংযম॥

৩৪ হৃদয়-কমল হৈতে তুলিব ওঙ্কার।
ঘণ্টানাদবৎ যেন পদ্মের মৃণাল॥
পুনঃপুনঃ প্রবেশাই তুলিব পবন।
৩৫ ওঙ্কার-সংযোগে প্রাণ করিব সংযম॥
এইরূপে সাধিব দিবসে তিনবার।
একবারে বশ করি' দশ দশ বার॥
এইরূপে জীব যদি সাধে নিরন্তরে।
একমাসে প্রাণবায়ু জিনিবারে পারে॥
৩৬ হৃদয়-কমল-মাঝে বৈসে অষ্টদল।
ঊর্দ্ধমুখ, অধোমুখ চিন্তিব কমল॥
ধ্যানে ঊর্দ্ধমুখ করি' পদ্মকর্ণিকার।
সূর্য্য, সোম, বহ্নি চিন্তি' তাহার উপর॥
৩৭-৩৮ বহ্নি-মধ্যে দিব্য-মূর্ত্তি চিন্তিব আমার।
আজানুলম্বিত চারি-ভুজ সুবিশাল॥
সুমুখ, সুন্দরাধর, সুচারু কপোলে।
মকর-কুণ্ডল-যুগ, বনমালা গলে॥
৩৯-৪০ জলধরশ্যাম-তনু কৌস্তুভ-ভূষণ।
পীতবাস-পরিধান, শ্রীবৎস-লক্ষণ॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম ভুজ-বিরাজিত।
শিঞ্জিত-মঞ্জীর পদযুগ-বিলসিত॥
কটিসূত্র, ব্রহ্মসূত্র, হার মনোহর।
৪১ সর্ব্বাঙ্গ সুন্দর, চারু বদনমণ্ডল॥
এই দিব্যমূর্ত্তি ধ্যান করিব আমার।
৪২ রাখিব ইন্দ্রিয়গণ করিয়া নিবার॥
পণ্ডিত যে হয়, বুদ্ধি করিব সারথি।
যতনে আমাতে চিত্ত ধরে নিরবধি॥
৪৩ সব ঠাঞি হৈতে চিত্ত আনিব ছেদিয়া।
আমাতে ধরিব মন নিশ্চল করিয়া॥
শ্রীমুখমণ্ডল বিনে না চিন্তিব আন।
স্থিরচিত্তে করিব আমার রূপ ধ্যান॥
৪৪ তবে ধ্যান তেজি' চিত্ত ধরিব আকাশে।
তথনে কেবল ব্রহ্ম হৃদয়ে প্রকাশে'॥
যদি চিত্ত স্থির হৈয়া রহিল আমাতে।
তবে আর অন্য না চিন্তিব ধ্যানপথে॥
৪৫ সমাহিত চিত্ত যদি হৈল নারায়ণে।
আন না দেখিব কিছু আমি আত্মা বিনে॥

৪৬। ধ্যানেনেত্থং সুতীব্রেণ যুঞ্জতো যোগিনো মনঃ।
সংযাস্যত্যাশু নির্ব্বাণং দ্রব্যজ্ঞানক্রিয়াভ্রমঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ·:· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥ ১৪॥

---

৪৬ এইরূপে ধ্যানে মন করিতে সংযম।
সব দূর যায় তা'র চিত্তগত ভ্রম॥"

ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী।
উদ্ধব-সংবাদ, ধ্যান-যোগ-তত্ত্ববাণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥ ১৪॥

পঞ্চদশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। জিতেন্দ্রিয়স্য যুক্তস্য জিতশ্বাসস্য যোগিনঃ। ময়ি ধারয়তশ্চেত উপতিষ্ঠন্তি সিদ্ধয়ঃ॥

শ্রীউদ্ধব উবাচ

২। কয়া ধারণয়া কা স্বিৎ কথং বা সিদ্ধিরচ্যুত?
কতি বা সিদ্ধয়ো ব্রূহি যোগিনাং সিদ্ধিদো ভবান্॥

শ্রীভগবানুবাচ

৩। সিদ্ধয়োঽষ্টাদশ প্রোক্তা ধারণাযোগপারগৈঃ। তাসামষ্টৌ মৎপ্রধানা দশৈব গুণহেতবঃ॥
৪। অণিমা মহিমা মূর্ত্তের্লঘিমা প্রাপ্তিরিন্দ্রিয়ৈঃ। প্রাকাম্যং শ্রুতদৃষ্টেষু শক্তিপ্রেরণমীশিতা॥
৫। গুণেষ্বসঙ্গো বশিতা যৎকামস্তদবস্যতি। এতা মে সিদ্ধয়ঃ সৌম্য! অষ্টাবৌৎপত্তিকা মতাঃ॥
৩১। উপাসকস্য মামেবং যোগধারণয়া মুনেঃ। সিদ্ধয়ঃ পূর্ব্বকথিতা উপতিষ্ঠন্ত্যশেষতঃ॥
৩২। জিতেন্দ্রিয়স্য দান্তস্য জিতশ্বাসাত্মনো মুনেঃ। মদ্ধারণাং ধারয়তঃ কা সা সিদ্ধিঃ সুদুর্লভা?
৩৩। অন্তরায়ান্ বদন্ত্যেতা যুঞ্জতো যোগমুত্তমম্। ময়া সম্পদ্যমানস্য কালক্ষপণহেতবঃ॥

[বিভাষ-রাগ]

১ "এইরূপে ধ্যানযোগ সাধে যোগিগণে।
জ্ঞানযোগ-সিদ্ধি যদি হৈল চিরদিনে॥
ভকতি সাধিতে ভক্তি হৈল উৎপন্ন।
হেনকালে সর্ব্বসিদ্ধি হয় উপসন্ন॥"

২ এ বোল শুনিঞা তবে পুছিলা উদ্ধবে।
"কোন্ ধারণায় সিদ্ধি হয় কোন্‌রূপে?
কত কত সিদ্ধি, কিবা, কি কি রূপ হয়?
কহিবে সকল, নাথ! করিয়া নির্ণয়॥"

৩-৫ শুনিয়া উত্তর তবে দিলা ভগবান্।
"কহিব সকল সিদ্ধি, কর' অবধান॥
অষ্টাদশ সিদ্ধি কহে সিদ্ধ-যোগিগণে।
অষ্টসিদ্ধি তাহাতে প্রধান করি' মানে'॥
অণিমাদি অষ্টসিদ্ধি মুকতি-লক্ষণা।
আর দশ সিদ্ধি তাহে জানিব সগুণা॥

৩১ যোগিগণ সাধে যোগ ধারণা-ধেয়ানে।
ভক্তগণে সাধে ভক্তি শ্রবণ-কীর্ত্তনে॥
সর্ব্বযোগ-সিদ্ধি তা'র হয় সেইকালে।

৩২ ভকতজনার কিবা দুর্ল্লভ সংসারে?

৩৩ বিঘ্ন-হেতু কেবল জানিব সিদ্ধিগণ।
জ্ঞানযোগে, ভক্তিযোগে বিরোধ-কারণ॥

৩৪। **জন্মৌষধিতপোমন্ত্রৈর্যাবতীরিহ সিদ্ধয়ঃ। যোগেনাপ্নোতি তাঃ সর্ব্বা নান্যৈর্যোগগতিং ব্রজেৎ॥**
৩৫। **সর্ব্বাসামপি সিদ্ধীনাং হেতুঃ পতিরহং প্রভুঃ। অহং যোগস্য সাঙ্খ্যস্য ধর্ম্মস্য ব্রহ্মবাদিনাম্॥**
৩৬। **অহমাত্মান্তরো বাহ্যোঽনাবৃতঃ সর্ব্বদেহিনাম্। যথা ভূতানি ভূতেষু বহিরন্তঃ স্বয়ং তথা॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫॥

সিদ্ধিপথে ভকতের ব্যর্থ কাল যায়।
৩৪ জ্ঞানযোগে, ভক্তিযোগে সর্ব্বসিদ্ধি পায়॥
৩৫ সর্ব্বসিদ্ধি-হেতু আমি, প্রভু, গতি, পতি।
আমা' হৈতে সর্ব্বযোগ-সিদ্ধি-উতপতি॥
আমি সাঙ্খ্য-যোগ, ধর্ম্ম, আমি সর্ব্বময়।
৩৬ অন্তর-বাহিরে আমি সভার আশ্রয়॥
সকলের আত্মা আমি, সর্ব্বভূতে বসি।
সর্ব্বসিদ্ধি-হেতু আমি সর্ব্বগুণরাশি॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
সর্ব্বধর্ম্ম তেজ', ভাই! কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫॥

ষোড়শোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। **ত্বং ব্রহ্ম পরমং সাক্ষাদনাদ্যন্তমপাবৃতম্। সর্ব্বেষামপি ভাবানাং ত্রাণস্থিত্যপ্যয়োদ্ভবঃ॥**
২। **উচ্চাবচেষু ভূতেষু দুর্জ্ঞেয়মকৃতাত্মভিঃ। উপাসতে ত্বাং ভগবন্! যাথাতথ্যেন ব্রাহ্মণাঃ॥**
৩। **যেষু যেষু চ ভাবেষু ভক্ত্যা ত্বাং পরমর্ষয়ঃ। উপাসীনাঃ প্রপদ্যন্তে সংসিদ্ধিং তদ্বদস্ব মে॥**
৪। **গূঢ়শ্চরসি ভূতাত্মা ভূতানাং ভূতভাবন! ন ত্বাং পশ্যন্তি ভূতানি পশ্যন্তং মোহিতানি তে॥**
৫। **যাঃ কাশ্চ ভূমৌ দিবি বৈ রসায়াং, বিভূতয়ো দিক্ষু মহাবিভূতে!**
তা মহ্যমাখ্যাহ্যনুভাবিতাস্তে, নমামি তে তীর্থপদাঙ্ঘ্রিপদ্মম্॥

শ্রীভগবানুবাচ

৬। **এবমেতদহং পৃষ্টঃ প্রশ্নং প্রশ্নবিদাং বর! যুযুৎসুনা বিনশনে সপত্নৈরর্জ্জুনেন বৈ॥**

[গোণ্ডকিরী-রাগ]

১ উদ্ধব জিজ্ঞাসে তবে বিনয়-বচনে।
"এক নিবেদন, নাথ! করিয়ে চরণে॥
তুমি সে পরম-ব্রহ্ম, অনাদি-নিধন।
বিশ্ব-উতপতি-স্থিতি-প্রলয়-কারণ॥
২ সর্ব্বভূতে বৈস তুমি ত্রিভুবন-গতি।
বুঝিবারে পারে তোমা' কাহার শকতি?
৩ ভকতি করিয়া, নাথ! মহা-ঋষিগণে।
তোমার পদারবিন্দ ভজে যে-যে স্থানে॥
উপাসনা করিয়া মুকতিপদ লভে।
৪ সর্ব্বভূতে বৈস, প্রভু! তুমি গূঢ়রূপে॥
তুমি সব দেখ, কেহ না দেখে তোমারে।
তোমার মায়ায়, নাথ! মোহিত সংসারে॥
৫ দশদিগ্, স্বর্গ-মর্ত্ত্য, পাতাল-আকাশে।
তোমার বিভূতি, দেব! যথা যথা বৈসে॥
কহিবে সকল মোরে করিয়া বিস্তার।
তীর্থপদ-পদযুগে মোর নমস্কার॥"
৬ হাসিয়া উত্তর তবে দিলা গদাধর।
"ভাল জিজ্ঞাসিলে তুমি, ভকত-শেখর॥

৭। জ্ঞাত্বা জ্ঞাতিবধং গর্হ্যমধর্ম্ম্যং রাজ্যহেতুকম্। ততো নিবৃত্তো হন্তাহং হতোঽয়মিতি লৌকিকঃ॥
৮। স তদা পুরুষব্যাঘ্রো যুক্ত্যা মে প্রতিবোধিতঃ। অভ্যভাষত মামেবং যথা ত্বং রণমূর্দ্ধনি॥
৯। অহমাত্মোদ্ধবামীষাং ভূতানাং সুহৃদীশ্বরঃ। অহং সর্ব্বাণি ভূতানি তেষাং স্থিত্যুদ্ভবাপ্যয়ঃ॥
১০। অহং গতির্গতিমতাং কালঃ কলয়তামহম্। গুণানাঞ্চাপ্যহং সাম্যং গুণিন্যৌৎপত্তিকো গুণঃ॥
১১। গুণিনামপ্যহং সূত্রং মহতাঞ্চ মহানহম্। সূক্ষ্মাণামপ্যহং জীবো দুর্জ্জয়ানামহং মনঃ॥
১২। হিরণ্যগর্ভো বেদানাং মন্ত্রাণাং প্রণবস্ত্রিবৃৎ। অক্ষরাণামকারোঽস্মি পদানি ছন্দসামহম্॥
১৩। ইন্দ্রোঽহং সর্ব্বদেবানাং বসূনামস্মি হব্যবাট্।
আদিত্যানামহং বিষ্ণূ রুদ্রাণাং নীললোহিতঃ॥
১৪। ব্রহ্মর্ষীণাং ভৃগুরহং রাজর্ষীণামহং মনুঃ। দেবর্ষীণাং নারদোঽহং হবির্দ্ধান্যস্মি ধেনুষু॥
১৫। সিদ্ধেশ্বরাণাং কপিলঃ সুপর্ণোঽহং পতত্রিণাম্। প্রজাপতীনাং দক্ষোঽহং পিতৃণামহমর্য্যমা॥
১৬। মাং বিদ্ধ্যুদ্ধব! দৈত্যানাং প্রহ্লাদমসুরেশ্বরম্। সোমং নক্ষত্রৌষধীনাং ধনেশং যক্ষরক্ষসাম্॥
১৭। ঐরাবতং গজেন্দ্রাণাং যাদসাং বরুণং প্রভুম্। তপতাং দ্যুমতাং সূর্য্যং মনুষ্যাণাঞ্চ ভূপতিম্॥
১৮। উচ্চৈঃশ্রবাস্তুরঙ্গাণাং ধাতূনামস্মি কাঞ্চনম্। যমঃ সংযমতাঞ্চাহং সর্পাণামস্মি বাসুকিঃ॥

রিপুগণ-সহে হৈল তুমুল সমর।
অর্জ্জুন যুঝিল যা'থে রণ ভয়ঙ্কর॥
৭ জ্ঞাতি-বধ দেখিয়া অর্জ্জুন তরাসিল।
রণ তেজি' মহাবীর চিন্তিয়া বসিল॥
৮ অর্জ্জুনে বুঝাইলুঁ আমি জ্ঞান-উপদেশে।
বুঝিয়া অর্জ্জুন তবে আমাকে জিজ্ঞাসে॥
এই জিজ্ঞাসিলা তবে 'বিভূতি-বিস্তার'।
তখনে কহিলুঁ আমি রণের মাঝার॥
এখনে কহিব, বৎস! তোমা'-বিদ্যমানে।
বিভূতি-বিস্তার তুমি শুন সাবধানে॥
৯ সকলের আত্মা আমি সুহৃদ্ ঈশ্বর।
সর্ব্বভূতময় আমি, প্রকৃতির পর॥
আমা' হৈতে উতপতি, প্রলয়, পালন।
১০ আমি গতি, পতি, কাল, সংহার-কারণ॥
সত্ত্ব, রজ, তম আমি পুরুষ-প্রকৃতি।
১১ জগৎকারণ-সূত্র, মহতের পতি॥
সূক্ষ্ম-মাঝে জীব, দুর্জ্জয়-মাঝে মন।
১২-১৩ বেদ-মাঝে ব্রহ্মা আমি জগৎ-কারণ॥
মন্ত্রগণ-মধ্যে আমি সাক্ষাৎ ওঙ্কার।
অক্ষরের মাঝে আমি কেবল অকার॥
ছন্দোমধ্যে ত্রিপদা, দেব-মধ্যে পুরন্দর।
আদিত্যের মাঝে বিষ্ণু-নামে দিনকর॥
নীললোহিত আমি রুদ্রগণ-মাঝে।
১৪ ব্রহ্ম-ঋষি-মাঝে আমি ভৃগু-মুনিরাজে॥
রাজ-ঋষি-মাঝে আমি মনু-অবতার।
দেব-ঋষিগণ-মাঝে নারদ কুমার॥
ধেনুগণ-মাঝে আমি নামে হবির্দ্ধানী।
১৫ সিদ্ধগণ-মাঝে আমি কপিল মহামুনি॥
পক্ষিগণ-মাঝে আমি গরুড় খগপতি।
প্রজাপতিগণ-মাঝে দক্ষ মহামতি॥
পিতৃগণ-মাঝে অর্য্যমা-নাম ধরি।
১৬ দৈত্যগণে প্রহ্লাদ দৈত্যের অধিকারী॥
নক্ষত্রের মাঝে আমি হই শশধর।
যক্ষগণে যক্ষপতি আমি ধনেশ্বর॥
১৭ গজগণ-মাঝে আমি ঐরাবত-নামে।
বরুণ-স্বরূপ আমি জলচরগণে॥
তেজস্বীর মাঝে আমি সূর্য্য দিনকর।
মনুষ্যের মাঝে আমি নৃপ-রূপধর॥
১৮ অশ্বগণ-মাঝে আমি উচ্চৈঃশ্রবা-নামে।
ধাতুগণমধ্যে আমি কনক প্রধানে॥

১৯। নাগেন্দ্রাণামনন্তোঽহং মৃগেন্দ্রঃ শৃঙ্গিদংষ্ট্রিণাম্। আশ্রমাণামহং তুর্য্যো বর্ণানাং প্রথমোঽনঘ!
২০। তীর্থানাং স্রোতসাং গঙ্গা সমুদ্রঃ সরসামহম্। আয়ুধানাং ধনুরহং ত্রিপুরঘ্নো ধনুষ্মতাম্॥
২১। ধিষ্ণ্যানামস্ম্যহং মেরুর্গহনানাং হিমালয়ঃ। বনস্পতীনামশ্বত্থ ওষধীনামহং যবঃ॥
২২। পুরোধসাং বশিষ্ঠোঽহং ব্রহ্মিষ্ঠানাং বৃহস্পতিঃ। স্কন্দোঽহং সর্ব্বসেনান্যামগ্রণ্যাং ভগবানজঃ॥
২৩। যজ্ঞানাং ব্রহ্মযজ্ঞোঽহং ব্রতানামবিহিংসনম্। বায়ুগ্নির্কাম্বুবাগাত্মা শুচীনামপ্যহং শুচিঃ॥
২৪। যোগানামাত্মসংরোধো মন্ত্রোঽস্মি বিজিগীষতাম্।
আন্বীক্ষিকী কৌশলানাং বিকল্পঃ খ্যাতিবাদিনাম্॥
২৫। স্ত্রীণাস্তু শতরূপাহং পুংসাং স্বায়ম্ভুবো মনুঃ। নারায়ণো মুনীনাঞ্চ কুমারো ব্রহ্মচারিণাম্॥
২৬। ধর্ম্মাণামস্মি সন্ন্যাসঃ ক্ষেমাণামবহির্ম্মতিঃ। গুহ্যানাং সূনৃতং মৌনং মিথুনানামজস্ত্বহম্॥
২৭। সংবৎসরোঽস্ম্যনিমিষামৃতুনাং মধুমাধবৌ। মাসানাং মার্গশীর্ষোঽহং নক্ষত্রাণাং তথাভিজিৎ॥
২৮। অহং যুগানাঞ্চ কৃতং ধীরাণাং দেবলোঽসিতঃ।
দ্বৈপায়নোঽস্মি ব্যাসানাং কবীনাং কাব্য আত্মবান্॥
২৯। বাসুদেবো ভগবতাং ত্বন্তু ভাগবতেষ্বহম্। কিম্পুরুষাণাং হনুমান্ বিদ্যাধ্রাণাং সুদর্শনঃ॥
৩০। রত্নানাং পদ্মরাগোঽস্মি পদ্মকোশঃ সুপেশসাম্।
কুশোঽস্মি দর্ভজাতীনাং গব্যমাজ্যং হবিঃষ্বহম্॥

যম ধর্ম্মরাজ আমি সংহারক-মাঝে।
সর্পগণ-মধ্যে আমি বাসুকি সর্পরাজে॥

১৯ সাক্ষাতে অনন্ত আমি নাগরাজগণে।
শৃঙ্গিগণ-মাঝে আমি ধরি সিংহ-নামে॥
আশ্রমের মাঝে আমি হইয়ে সন্ন্যাস।
বর্ণমধ্যে দ্বিজ-রূপে করিয়ে প্রকাশ॥

২০ তীর্থমধ্যে গঙ্গা আমি, সিন্ধু সরোবরে।
অস্ত্রমধ্যে ধনু-রূপে ধরি কলেবরে॥
ধনুর্দ্ধর-মধ্যে আমি শিব ত্রিপুরারি।

২১ স্থানমধ্যে আপনে সুমেরু-নাম ধরি॥
গিরিগণ-মাঝে আমি হিমালয়-গিরি।
বৃক্ষগণ-মাঝে আমি অশ্বত্থ-রূপ ধরি॥
ওষধির মধ্যে আমি ধরি যব-রূপ।

২২ পুরোহিত-মধ্যে আমি বশিষ্ঠ-স্বরূপ॥
ব্রহ্মবাদিগণে আমি বৃহস্পতি-নামে।
কার্ত্তিক কুমার দেব-সেনাপতিগণে॥
শ্রেষ্ঠমধ্যে আপনে সাক্ষাৎ ভগবান্।

২৩ যজ্ঞমধ্যে ধরি আমি ব্রহ্মযজ্ঞ-নাম॥
অহিংসা-স্বরূপ-নাম ব্রতমাঝে ধরি।

২৪ যোগ-মাঝে তত্ত্বজ্ঞান-রূপে অবতরি॥

২৫ শতরূপা নারী আমি নারীগণের মাঝে।
পুরুষের মাঝে স্বায়ম্ভুব-মনুরাজে॥
মুনিগণ-মাঝে নর-নারায়ণ-নামে।
সনৎকুমার আমি ব্রহ্মচারিগণে॥

২৬ ধর্ম্মগণ-মধ্যে আমি সন্ন্যাস-স্বরূপ।
গুহ্যগণ-মধ্যে আমি ধরি সত্য-রূপ॥

২৭ কাল-মাঝে বৎসর, বসন্ত ঋতুগণে।
মাস-মধ্যে ধরি আমি অগ্রহায়ণ-নামে॥
নক্ষত্রগণের মধ্যে অভিজিত-নাম।

২৮-২৯ যুগ-মধ্যে সত্যযুগ আমি ভগবান্॥
ধীর-মধ্যে অসিত দেবল-রূপ আমি।
ব্যাস-মধ্যে সত্যবতীসুত ব্যাসমুনি॥
কবি-মধ্যে শুক্র আমি, ভক্ত-মধ্যে তুমি।
কপিগণ-মধ্যে হনুমান্-রূপ আমি॥
বিদ্যাধরগণ-মাঝে সুদর্শন-নাম।

৩০ রত্নমাঝে পদ্মরাগ, রতনপ্রধান॥

৩১। ব্যবসায়িনামহং লক্ষ্মীঃ কিতবানাং ছলগ্রহঃ। তিতিক্ষাস্মি তিতিক্ষূণাং সত্ত্বং সত্ত্ববতামহম্॥
৩২। ওজঃ সহো বলবতাং কর্ম্মাহং বিদ্ধি সাত্বতাম্। সাত্বতাং নবমূর্ত্তীনামাদিমূর্ত্তিরহং পরা॥
৩৩। বিশ্বাবসুঃ পূর্ব্বচিত্তির্গন্ধর্ব্বাপ্সরসামহম্। ভূধরাণামহং স্থৈর্য্যং গন্ধমাত্রমহং ভবঃ॥
৩৪। অপাং রসশ্চ পরমস্তেজিষ্ঠানাং বিভাবসুঃ। প্রভা সূর্য্যেন্দুতারাণাং শব্দোঽহং নভসঃ পরঃ॥
৩৫। ব্রহ্মণ্যানাং বলিরহং বীরাণামহমর্জ্জুনঃ। ভূতানাং স্থিতিরুৎপত্তিরহং বৈ প্রতিসংক্রমঃ॥
৩৭। পৃথিবী বায়ুরাকাশ আপো জ্যোতিরহং মহান্। বিকারঃ পুরুষোঽব্যক্তং রজঃ সত্ত্বং তমঃ পরম্।
অহমেতৎ প্রসঙ্খ্যানং জ্ঞানং তত্ত্ববিনিশ্চয়ঃ॥
৩৮। ময়েশ্বরেণ জীবেন গুণেন গুণিনা বিনা। সর্ব্বাত্মনাপি সর্ব্বেণ ন ভাবো বিদ্যতে ক্বচিৎ॥
৩৯। সঙ্খ্যানং পরমাণূনাং কালেন ক্রিয়তে ময়া। ন তথা মে বিভূতীনাং সৃজতোঽণ্ডানি কোটিশঃ॥
৪১। এতাস্তে কীর্ত্তিতাঃ সর্ব্বাঃ সংক্ষেপেণ বিভূতয়ঃ। মনোবিকারা এবৈতে যথা বাচাভিধীয়তে॥
৪২। বাচং যচ্ছ মনো যচ্ছ প্রাণান্ যচ্ছেন্দ্রিয়াণি চ। আত্মানমাত্মনা যচ্ছ ন ভূয়ঃ কল্পসেঽধ্বনে॥
৪৩। যো বৈ বাঙ্মনসী সম্যগসংযচ্ছন্ ধিয়া যতিঃ। তস্য ব্রতং তপো দানং স্রবত্যামঘটাম্বুবৎ॥
৪৪। তস্মান্মনোবচঃপ্রাণান্ নিযচ্ছেন্মৎপরায়ণঃ। মদ্ভক্তিযুক্তয়া বুদ্ধ্যা ততঃ পরিসমাপ্যতে॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে মহাবিভূতির্নাম ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

দর্ভমাঝে কুশ আমি, গব্য-মাঝে ঘৃত।
৩১ ছলগণ-মধ্যে আমি কৈতব বিদিত॥

সত্ত্বশালিগণ-মাঝে সত্ত্ব-রূপে বসি।
৩২ বলবন্ত-মধ্যে আমি বল-রূপে আছি॥

৩৩ গন্ধর্ব্বের মাঝে বিশ্বাবসু-নাম ধরি।
অপ্সরাগণের মাঝে পূর্ব্বচিত্তি-নারী॥

গন্ধ-রূপ গুণে আমি বসি ক্ষিতিতলে।
৩৪ রস-রূপ গুণ ধরি' বসি সর্ব্বজলে॥

আকাশের শব্দ-গুণ, চন্দ্র-সূর্য্য-প্রভা।
তেজস্বীর তেজ আমি, নক্ষত্রের আভা॥

৩৫ ব্রহ্মণ্যের মধ্যে আমি বলি দৈত্যেশ্বর।
বীরগণ-মধ্যে অর্জ্জুন ধনুর্দ্ধর॥

সর্ব্বভূত-আত্মা আমি, সর্ব্বরূপধর।
আমি ত' ব্যাপিয়া আছি এ-মহামণ্ডল॥

৩৭-৩৮ স্থূল-সূক্ষ্ম আর কিছু নাহি আমি-বিনে।
কে বুঝে আমার লীলা এ-তিন ভুবনে?

৩৯ সূক্ষ্ম পরমাণু কালে পারি গণিবার।
আমার বিভূতি গণে' শকতি কাহার?

৪১ কহিলুঁ তোমারে কিছু বিভূতি-বিস্তার।
সকল দেখিবে তুমি মনের বিকার॥
এ-সব দেখহ যত মনের বিলাস।
স্বপন-সমান সব তড়িৎ-প্রকাশ॥
বাহ্যবুদ্ধি ছাড় তুমি, এ-মন পবন।
আপনে আপনা ছাড় এ-সব কল্পন॥

৪২-৪৪ বাক্য, মন ছাড় তুমি সর্ব্বকর্ম্ম তেজ'।
একান্ত-ভকতি করি' সবে আমা' ভজ॥
শান্ত হৈয়া রহ কিছু না চিন্তিহ আর।
তবে তুমি হইবে ঘোর সংসারের পার॥"
শ্রীযুত-গদাধর ধীর-শিরোমণি।
ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। যস্ত্বয়াভিহিতঃ পূর্ব্বং ধর্ম্মস্ত্বদ্ভক্তিলক্ষণঃ। বর্ণাশ্রমাচারবতাং সর্ব্বেষাং দ্বিপদামপি ॥
২। যথানুষ্ঠীয়মানেন ত্বয়ি ভক্তির্নৃণাং ভবেৎ। স্বধর্ম্মেণারবিন্দাক্ষ! তন্মমাখ্যাতুমর্হসি ॥
৩। পুরা কিল মহাবাহো! ধর্ম্মং পরমকং প্রভো! যত্তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাথ মাধব!
৪। স ইদানীং সুমহতা কালেনামিত্রকর্শণ! ন প্রায়ো ভবিতা মর্ত্ত্যলোকে প্রাগনুশাসিতঃ ॥
৫। বক্তা কর্ত্তাবিতা নান্যো ধর্ম্মস্যাচ্যুত! তে ভুবি। সভায়ামপি বৈরিঞ্চ্যাং যত্র মূর্ত্তিধরাঃ কলাঃ ॥
৬। কর্ত্রাবিত্রা প্রবক্তা চ ভবতা মধুসূদন! ত্যক্তে মহীতলে দেব! বিনষ্টং কঃ প্রবক্ষ্যতি?
৭। তৎ ত্বং নঃ সর্ব্বধর্ম্মজ্ঞ! ধর্ম্মস্ত্বদ্ভক্তিলক্ষণঃ। যথা যস্য বিধীয়েত তথা বর্ণয় মে প্রভো!

শ্রীশুক উবাচ

৮। ইত্থং স্বভৃত্যমুখ্যেন পৃষ্টঃ স ভগবান্ হরিঃ। প্রীতঃ ক্ষেমায় মর্ত্ত্যানাং ধর্ম্মানাহ সনাতনান্ ॥

শ্রীভগবানুবাচ

৯। ধর্ম্ম্য এষ তব প্রশ্নো নৈঃশ্রেয়সকরো নৃণাম্। বর্ণাশ্রমাচারবতাং তমুদ্ধব! নিবোধ মে ॥
১০। আদৌ কৃতযুগে বর্ণো নৃণাং হংস ইতি স্মৃতঃ। কৃতকৃত্যাঃ প্রজা জাত্যা তস্মাৎ কৃতযুগং বিদুঃ ॥
১১। বেদঃ প্রণব এবাগ্রে ধর্ম্মোঽহং বৃষরূপধৃক্। উপাসতে তপোনিষ্ঠা হংসং মাং মুক্তকিল্বিষাঃ ॥
১২। ত্রেতামুখে মহাভাগ! প্রাণান্মে হৃদয়াত্ত্রয়ী। বিদ্যা প্রাদুরভূত্তস্যা অহমাসং ত্রিবৃন্মখঃ ॥

[কানড়া-রাগ]

১-২ ভকতি-মহিমা শুনি' উদ্ধব সুধীর।
ভাবে গদগদ-বাণী, পুলক-শরীর ॥
ভকতিলক্ষণ-ধর্ম্ম বুঝিবার তরে।
পুছিলা বৈষ্ণবধর্ম্ম চরণকমলে ॥
"কহ, নাথ, দেবদেব, রাজীবলোচন!
যে তুমি কহিলে ধর্ম্ম ভকতি-লক্ষণ ॥
কিরূপ সে ধর্ম্ম, লোক তরিব কিরূপে?
বৈষ্ণবলক্ষণ-ধর্ম্ম কহিবে স্বরূপে ॥

৩ পূরবে পরমধর্ম্ম সনকাদি-স্থানে।
হংসরূপ ধরি' তুমি কহিলে আপনে ॥

৪ এখনে সে-ধর্ম্ম নষ্ট হৈল চিরকালে।
তোমা'-বিনে কে আর কহিব ক্ষিতিতলে?

৫ ধর্ম্ম-কর্ত্তা, বক্তা আর নাহি তোমা'-বিনে।
বিবুধসভায়, কিবা ব্রহ্মার সদনে ॥

৬ ধর্ম্মকর্ত্তা, বক্তা তুমি তেজিলে মেদিনী।
কে আর কহিব ধর্ম্ম, কহ তত্ত্ব জানি' ॥

৭ সর্ব্বধর্ম্ম জান' তুমি, সর্ব্বজ্ঞ-শেখর।
ভকতিলক্ষণ-ধর্ম্ম কহ, যদুবর!"

৮ নিজভৃত্য-মুখ-মুখরিত বাণী শুনি'।
কহিতে লগিলা ধর্ম্ম প্রভু চক্রপাণি ॥

৯ "ধর্ম্মযুত প্রশ্ন তুমি কৈলে, মহামতি!
বর্ণাশ্রম-ধর্ম্ম কহি, কর' অবগতি ॥

১০ সত্যযুগে হংস-নামে ছিল এক বর্ণ।
কৃতকৃত্য প্রজা তা'থে কৃতযুগ গণ্য ॥

১১ কেবল ওঙ্কার-বেদ আছিল তখনে।
বৃষরূপে ধর্ম্ম আমি আছিলুঁ যখনে ॥
তখনে আছিল সর্ব্বলোক ধর্ম্মপর।
তপ করি' আমাকে ভজিল নিরন্তর ॥

১২ ত্রেতাযুগে জনমিল হৃদয়ে আমার।
বেদবিদ্যা, যাহা হৈতে যজ্ঞ-পরচার ॥

১৩। বিপ্র-ক্ষত্রিয়-বিট্-শূদ্রা মুখবাহূরুপাদজাঃ। বৈরাজাৎ পুরুষাজ্জাতা য আত্মাচারলক্ষণাঃ॥
১৪। গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম। বক্ষঃস্থলাদ্বনেবাসঃ সন্ন্যাসঃ শিরসি স্থিতঃ॥
১৫। বর্ণানামাশ্রমাণাঞ্চ জন্মভূম্যনুসারিণীঃ। আসন্ প্রকৃতয়ো নৃণাং নীচৈর্নীচোত্তমোত্তমাঃ॥
১৬। শমো দমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জ্জবম্। মদ্ভক্তিশ্চ দয়া সত্যং ব্রহ্মপ্রকৃতয়স্ত্বিমাঃ॥
১৭। তেজো বলং ধৃতিঃ শৌর্য্যং তিতিক্ষৌদার্য্যমুদ্যমঃ। স্থৈর্য্যং ব্রহ্মণ্যমৈশ্বর্য্যং ক্ষত্রপ্রকৃতয়স্ত্বিমাঃ॥
১৮। আস্তিক্যং দাননিষ্ঠা চ অদম্ভো ব্রহ্মসেবনম্। অতুষ্টিরর্থোপচয়ৈর্বৈশ্যপ্রকৃতয়স্ত্বিমাঃ॥
১৯। শুশ্রূষণং দ্বিজগবাং দেবানাঞ্চাপ্যমায়য়া। তত্র লব্ধেন সন্তোষঃ শূদ্রপ্রকৃতয়স্ত্বিমাঃ॥
২০। অশৌচমনৃতং স্তেয়ং নাস্তিক্যং শুষ্কবিগ্রহঃ। কামঃ ক্রোধশ্চ তর্ষশ্চ স্বভাবোঽন্ত্যাবসায়িনাম্॥
২১। অহিংসা সত্যমস্তেয়মকামক্রোধলোভতা। ভূতপ্রিয়হিতেহা চ ধর্ম্মোঽয়ং সার্ব্ববর্ণিকঃ॥
২২। দ্বিতীয়ং প্রাপ্যানুপূর্ব্ব্যাজ্জন্মোপনয়নং দ্বিজঃ। বসন্ গুরুকুলে দান্তো ব্রহ্মাধীয়ীত চাহূতঃ॥
২৩। মেখলাজিনদণ্ডাক্ষ-ব্রহ্মসূত্রকমণ্ডলূন্। জটিলোঽধৌতদদ্বাসোঽরক্তপীঠঃ কুশান্ দধৎ॥

ত্রেতাযুগে যজ্ঞরূপে আছিলুঁ আপনে।
১৩ চারি বর্ণ জন্মিল আমার চারি স্থানে॥
মুখ হৈতে ব্রাহ্মণ, ক্ষত্রিয় হৈল করে।
উরুযুগে বৈশ্যজাতি, শূদ্র পদতলে॥
বিরাট্ বিগ্রহ আমি, পুরুষ-পুরাণ।
আমা' হৈতে সকল আচার-উপাদান॥
১৪ গৃহাশ্রম জনমিল জঘনে আমার।
ব্রহ্মচর্য্য হৃদয়-কমলে পরচার॥
বক্ষঃস্থলে আমার জন্মিল বনবাস।
জন্মিল আমার তবে মস্তকে সন্ন্যাস॥
১৫ সর্ব্ববর্ণ, সর্ব্বাশ্রম, ভিন্ন ভিন্ন মতি।
জন্মভূমি-অনুসারে সভার প্রকৃতি॥
উত্তমের সঙ্গে হয় উত্তম আচার।
নীচজন-সঙ্গে হয় নীচ ব্যবহার॥
১৬ শম, দম, তপ, শৌচ, আমায় ভকতি।
ক্ষমা, দয়া, সত্যব্রত, অকুটিল-মতি॥
ব্রাহ্মণের এই-সব স্বভাব-লক্ষণ।
১৭ ক্ষত্রিয়-স্বভাব-ধর্ম্ম কহিব এখন॥
তেজ, বল, ধৈর্য্য, শৌর্য্য, তিতিক্ষা, উদ্যম।
স্থৈর্য্য, বীর্য্য, দ্বিজ-ভক্তি, ঐশ্বর্য্য, বিক্রম॥
এ-সব ক্ষত্রিয়কুল-ধর্ম্ম-নীতি হয়।
১৮ বৈশ্যকুল-ধর্ম্ম কহি, শুন, মহাশয়!
দাননিষ্ঠা, বিপ্রসেবা, দম্ভ-বিবর্জ্জিত।
অর্থ-উপার্জ্জন, নিত্যধর্ম্ম, সুসঞ্চিত॥
বৈশ্যকুলে এই ধর্ম্ম, শূদ্রধর্ম্ম কহি।
১৯ শূদ্রকুলে ধর্ম্ম নাহি দ্বিজ-সেবা বহি॥
বিপ্রসেবা, দেবসেবা, না করিব মায়া।
এহি শূদ্রলক্ষণ—করিব জীবে দয়া॥
২০ দম্ভ, মান, কাম, ক্রোধ, অসত্য-ভাষণ।
বিরোধ, কন্দলবাদ, আচার-লঙ্ঘন॥
পরহিংসা, পরদার, চুরি, পরিবাদ।
অন্ত্যজ, পতিতজনে এ-সব প্রমাদ॥
২১ কাম-ক্রোধ-লোভ-দম্ভ-হিংসা-বিবর্জ্জিত।
সত্যবাদী, প্রিয়ভাষা, সর্ব্বভূত-হিত॥
সর্ব্বলোকে এহি ধর্ম্ম সর্ব্বসাধারণ।
২২ দ্বিজধর্ম্ম কহি, তবে আশ্রম-লক্ষণ॥
দ্বিজকুলে জনমিঞা ব্রাহ্মণ-কুমার।
ব্রহ্মসূত্র-দীক্ষা লৈব, বেদমন্ত্র-সার॥
ব্রহ্মমন্ত্র-গায়ত্রী লভিয়া গুরু-মুখে।
গুরুকুলে ব্রাহ্মণ বসিব নিজসুখে॥
গুরু-সন্নিধানে বেদ পড়িব ব্রাহ্মণ।
তিন-কালে হোমকর্ম্ম, ত্রিসন্ধ্যা সেবন॥
২৩ দণ্ড-কমণ্ডলু করে, অজিন-মেখলা।
মলিন বসন-দন্ত, পরে' অক্ষমালা॥

২৪। স্নানভোজনহোমেষু জপোচ্চারে চ বাগ্‌যতঃ। ন চ্ছিন্দ্যান্নখরোমাণি কক্ষোপস্থগতান্যপি ॥
২৫। রেতো নাবকিরেজ্জাতু ব্রহ্মব্রতধরঃ স্বয়ম্। অবকীর্ণেঽবগাহ্যাপ্সু যতাসুস্ত্রিপদীং জপেৎ ॥
২৬। অগ্ন্যর্কাচার্য্যগোবিপ্র-গুরুবৃদ্ধসুরান্ শুচিঃ। সমাহিত উপাসীত সন্ধ্যে দ্বে যতবাগ্‌জপন্ ॥
২৭। আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কহিচিৎ। ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥
২৮। সায়ং প্রাতরুপানীয় ভৈক্ষ্যং তস্মৈ নিবেদয়েৎ। যচ্চান্যদপ্যনুজ্ঞাতমুপযুঞ্জীত সংযতঃ ॥
২৯। শুশ্রূষমাণ আচার্য্যং সদোপাসীত নীচবৎ। যানশয্যাসনস্থানৈর্নাতিদূরে কৃতাঞ্জলিঃ ॥
৩০। এবংবৃত্তো গুরুকুলে বসেদ্‌ভোগবিবর্জ্জিতঃ। বিদ্যা সমাপ্যতে যাবদ্বিভ্রদ্‌ব্রতমখণ্ডিতম্ ॥
৩১। যদ্যসৌ ছন্দসাং লোকমারোক্ষ্যন্ ব্রহ্মবিষ্টপম্। গুরবে বিন্যসেদ্দেহং স্বাধ্যায়ার্থং বৃহদ্‌ব্রতঃ ॥
৩২। অগ্নৌ গুরাবাত্মনি চ সর্ব্বভূতেষু মাং পরম্। অপৃথগ্ধীরুপাসীত ব্রহ্মবর্চ্চস্ব্যকল্মষঃ ॥
৩৩। স্ত্রীণাং নিরীক্ষণ-স্পর্শ-সংলাপক্ষ্বেলনাদিকম্। প্রাণিনো মিথুনীভূতানগৃহস্থোঽগ্রতস্ত্যজেৎ ॥
৩৪। শৌচমাচমনং স্নানং সন্ধ্যোপাস্তির্মমার্চ্চনম্। তীর্থসেবা জপোঽস্পৃশ্যাভক্ষ্যাসম্ভাষ্যবর্জ্জনম্ ॥

---

২৪ মন্ত্রজপ, পূজা, হোম, মজ্জন, ভোজন।
মৌন আচরিয়া কর্ম্ম করিব ব্রাহ্মণ ॥
কক্ষ-লিঙ্গগত লোম, নখ না তেজিব।
২৫-২৬ ব্রহ্মচারী বীর্য্যপাত কভু না করিব ॥
কদাচিত যদি বীর্য্য খসয়ে আপনে।
জলেতে নাম্বিয়া স্নান করিবে তখনে ॥
জপিব গায়ত্রী-মন্ত্র, সূর্য্য-দরশনে।
গুরুসেবা ব্রহ্মচারী করিব সাবধানে ॥
গো, ব্রাহ্মণ, গুরু, বৃদ্ধ করিব সেবন।
ত্রিকাল জপিব মন্ত্র, ত্রিসন্ধ্যা বন্দন ॥
২৭ সাক্ষাতে ঈশ্বর হেন গুরুকে জানিব।
গুরুদেহে ভেদ-বুদ্ধি কভু না করিব ॥
সর্ব্বদেবময় গুরুরূপে ভগবান্।
গুরুদেহে না করিব মানুষ-গেয়ান ॥
২৮ নিতি-নিতি ভিক্ষা মাগি' আনিব প্রভাতে।
ভিক্ষা নিবেদিব নিঞা গুরুর সাক্ষাতে ॥
কিছু আজ্ঞা করেন যদি গুরু কৃপা করি'।
তাহা খাইয়া রজনী বঞ্চিব ব্রহ্মচারী ॥
২৯ সর্ব্বক্ষণ গুরুসেবা করিব যতনে।
নীচবৎ দাণ্ডাইব গুরু-সন্নিধানে ॥
গুরুযান, গুরুশয্যা, আসন-নিয়ড়ে।
না বসিব শিষ্য কভু গুরুর গোচরে ॥
দ্বারে দাণ্ডাইব শিষ্য যুড়ি' দুই কর।
সতত সেবিব গুরু হইয়া তৎপর ॥
৩০ এইরূপে গুরুসেবা করিব ব্রাহ্মণে।
সুখ-ভোগ সকল তেজিব দিনে-দিনে।
যাবৎ পর্য্যন্ত বেদ পঢ়ে ব্রহ্মচারী।
তাবৎ থাকিব শিষ্য মহাব্রত করি' ॥
৩১ যদি ব্রহ্মপদে বাঞ্ছা থাকে কদাচিত।
দেহ-মন গুরুতে করিব নিয়োজিত ॥
৩২ গুরুদেহে নিরবধি আমাকে পূজিব।
গুরু ভিন্ন, আমি ভিন্ন, কভু না দেখিব ॥
৩৩ ব্রহ্মচারী না করিব নারী দরশন।
স্ত্রীসঙ্গ-আলাপ, বর্জ্জিব সম্ভাষণ ॥
রজোগুণযুক্ত জনে না করিব সঙ্গ।
সঙ্গদোষে নহে যেন নিজধর্ম্ম-ভঙ্গ ॥
৩৪ শৌচ, আচমন, স্নান, সন্ধ্যা-উপাসনা।
তীর্থসেবা, জপ, হোম, আমার অর্চ্চনা ॥
অসম্ভাষ্য-সম্ভাষণ, অভক্ষ্য-ভক্ষণ।
না করিব ব্রহ্মচারী ধর্ম্ম-বিলঙ্ঘন ॥

৩৫। সর্ব্বাশ্রমপ্রযুক্তোঽয়ং নিয়মঃ কুলনন্দন! মদ্ভাবঃ সর্ব্বভূতেষু মনোবাক্কায়সংযমঃ॥
৩৬। এবং বৃহদ্ব্রতধরো ব্রাহ্মণোঽগ্নিরিব জ্বলন্। মদ্ভক্তস্তীব্রতপসা দগ্ধকর্ম্মাশয়োঽমলঃ॥
৩৭। অথানন্তরমাবেক্ষ্যন্ যথা-জিজ্ঞাসিতাগমঃ। গুরবে দক্ষিণাং দত্ত্বা স্নায়াদ্‌গুর্ব্বনুমোদিতঃ॥
৩৮। গৃহং বনং বোপবিশেৎ প্রব্রজেদ্বা দ্বিজোত্তমঃ। আশ্রমাদাশ্রমং গচ্ছেন্নান্যথা মৎপরশ্চরেৎ॥
৩৯। গৃহার্থী সদৃশীং ভার্য্যামুদ্বহেদজুগুপ্সিতাম্। যবীয়সীন্তু বয়সা যাং সবর্ণামনুক্রমাৎ॥
৪০। ইজ্যাধ্যয়নদানানি সর্ব্বেষাঞ্চ দ্বিজন্মনাম্। প্রতিগ্রহোঽধ্যাপনঞ্চ ব্রাহ্মণস্যৈব যাজনম্॥
৪১। প্রতিগ্রহং মন্যমানস্তপস্তেজোযশোনুদম্। অন্যাভ্যামেব জীবেত শিলৈর্বা দোষদৃক্ তয়োঃ॥
৪২। ব্রাহ্মণস্য হি দেহোঽয়ং ক্ষুদ্রকামায় নেষ্যতে। কৃচ্ছ্রায় তপসে চেহ প্রেত্যানন্তসুখায় চ॥
৪৩। শিলোঞ্ছবৃত্ত্যা পরিতুষ্টচিত্তো, ধর্ম্মং মহান্তং বিরজং জুষাণঃ।
ময্যর্পিতাত্মা গৃহ এব তিষ্ঠন্, নাতিপ্রসক্তঃ সমুপৈতি শান্তিম্॥
৪৪। সমুদ্ধরন্তি যে বিপ্রং সীদন্তং মৎপরায়ণম্। তানুদ্ধরিষ্যে ন চিরাদাপদ্ভ্যো নৌরিবার্ণবাৎ॥
৪৭। সীদন্ বিপ্রো বণিগ্‌বৃত্ত্যা পণ্যৈরেবাপদং তরেৎ। খড়্গেন বাপদাক্রান্তো ন শ্ববৃত্ত্যা কথঞ্চন॥
৪৮। বৈশ্যবৃত্ত্যা তু রাজন্যো জীবেন্মৃগয়য়াপদি। চরেদ্বা বিপ্ররূপেণ ন শ্ববৃত্ত্যা কথঞ্চন॥
৪৯। শূদ্রবৃত্তিং ভজেদ্বৈশ্যঃ শূদ্রঃ কারুকটক্রিয়াম্। কৃচ্ছ্রান্মুক্তো ন গর্হ্যেণ বৃত্তিং লিপ্সেত কর্ম্মণা॥

---

৩৫ সামান্যে কহিলুঁ ধর্ম্ম সর্ব্বসাধারণ।
সর্ব্ববর্ত্ম-ধর্ম্ম এই আশ্রম-লক্ষণ॥
বাক্য-মন সংযম করিব ব্রহ্মচারী।
আমার ভজনে সর্ব্ববর্ণ অধিকারী॥

৩৬ এইরূপে ব্রহ্মচর্য্য সাধিব ব্রাহ্মণ।
ব্রহ্মচারী জ্বলে যেন দীপ্ত হুতাশন॥
আমার ভকত বিপ্র তীব্র তপোবলে।
সর্ব্বকর্ম্ম দহে বিপ্র ভকতি-অনলে॥

৩৭ যদি বেদ-সকল পঢ়িল ব্রহ্মচারী।
গুরুকে দক্ষিণা দিয়া গুরু-আজ্ঞা ধরি'॥
স্নান করি' ব্রহ্মচর্য্য তেজিব ব্রাহ্মণ।

৩৮ ঘরে প্রবেশিব, কিবা প্রবেশিব বন॥
আগে আর আশ্রম করিব আরোহণ।
পূরব আশ্রম তবে তেজিব ব্রাহ্মণ॥

৩৯ যদি গৃহবাসে ইচ্ছা করে' ব্রহ্মচারী।
কুলবতী কন্যা বিভা করিব বিচারি'॥
আপন-সদৃশী ভার্য্যা করি' পরিণয়।
গৃহধর্ম্ম সাধিব গৃহস্থ মহাশয়॥

৪০ বিপ্রকুলে ধর্ম্ম—যজ্ঞ, দান, অধ্যয়ন।
প্রতিগ্রহ, অধ্যাপন, যজন-যাজন॥

৪১ যদি বিপ্র জানে'—প্রতিগ্রহ দোষময়।
যাহা হৈতে তপ, তেজ, যশ দূর হয়॥
তবে বিপ্র করিব যাজন-অধ্যাপন।

৪২ বিপরীত কর্ম্ম কভু না করি ব্রাহ্মণ॥

৪৩ যথালাভে তুষ্ট বিপ্র বৈসে গৃহবাসে।
আমাতে অর্পিত-চিত্ত রহে ভক্তিরসে॥
হরিপরায়ণ বিপ্র গৃহধর্ম্মে তরে'।
শুদ্ধভাবে আপনাকে আপনি উদ্ধারে॥

৪৪ দুঃখিত ব্রাহ্মণ দুঃখ-শোকে অবসন্ন।
দুঃখভাব দেখি' তা'র যে করে' রক্ষণ॥
তা'র রক্ষা করি আমি, বিপদ্-বিনাশ।
দ্বিজমুখে করি আমি ব্রহ্ম-পরকাশ॥

৪৭ বিপদে পড়িলে বিপ্র হৈব বাণিজার।
বিকি-কিনি করিয়া তরিব দুঃখভার॥
খড়্গ ধরি' যেবা বিপ্র হইবে পদাতিক।
নীচ-সেবা না করিবে ব্রাহ্মণ কদাচিৎ॥

৪৮ ক্ষত্রিয় আপদ্‌কালে বৈশ্যবৃত্তি করি'।
আপদে তরিব, কিবা বিপ্ররূপ ধরি'॥
নীচসেবা না করিব ক্ষত্রিয়-প্রধান।

৪৯ বৈশ্যকুলে শূদ্রবৃত্তি—বিপদে বিধান॥

৫২। কুটুম্বেষু ন সজ্জেত ন প্রমাদ্যেৎ কুটুম্ব্যপি। বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ॥
৫৩। পুত্রদারাপ্ত-বন্ধূনাং সঙ্গমঃ পান্থসঙ্গমঃ। অনুদেহং বিয়ন্ত্যেতে স্বপ্নো নিদ্রানুগো যথা॥
৫৪। ইত্থং পরিমৃশন্মুক্তো গৃহেষ্বতিথিবদ্বসন্। ন গৃহৈরনুবধ্যেত নির্ম্মমো নিরহঙ্কৃতঃ॥
৫৫। কর্ম্মভির্গৃহমেধীয়ৈরিষ্ট্বা মামেব ভক্তিমান্। তিষ্ঠেদ্বনং বোপবিশেৎ প্রজাবান্ বা পরিব্রজেৎ॥
৫৬। যস্ত্বাসক্তমতির্গেহে পুত্রবিত্তৈষণাতুরঃ। স্ত্রৈণঃ কৃপণধীর্মূঢ়ো মমাহমিতি বধ্যতে॥
৫৭। অহো মে পিতরৌ বৃদ্ধৌ ভার্য্যা বালাত্মজাত্মজাঃ। অনাথা মাম্মৃতে দীনাঃ কথং জীবন্তি দুঃখিতাঃ?
৫৮। এবং গৃহাশয়াক্ষিপ্তহৃদয়ো মূঢ়ধীরয়ম্। অতৃপ্তস্তাননুধ্যায়ন্ মৃতোঽন্ধং বিশতে তমঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে বর্ণাশ্রমবিভাগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ॥ ১৭॥

আপদে তরিব শূদ্র বেতন করিয়া।
নিজধর্ম্ম আচরিব বিপদ্ তরিয়া॥
সর্ব্ববর্ণ-ধর্ম্ম এই কহিলুঁ সংক্ষেপে।
যে ধর্ম্ম করিয়া লোক তরিবে যেরূপে॥

৫২ কুটুম্বে আসক্তি না করিবে বুদ্ধিমান্।
ধন-কুল-বন্ধুমদে হ'বে সাবধান॥
দেখি', শুনি' সকল, ঈশ্বর রহেন জানি'।
মিছা হেন সকল বুঝিব অনুমানি'॥

৫৩ পুত্র-দার-বন্ধু-সঙ্গ—পথিকের সঙ্গ।
ক্ষণেকেই মিলে' আসি', ক্ষণে সঙ্গভঙ্গ॥
স্বপনে দেখিয়ে যেন নানা-চমৎকার।
এইরূপ জান' তুমি অনিত্য সংসার॥

৫৪ এই বিমরিশ করি' বুদ্ধি কর' স্থির।
অসত্য সকল দেখ, অসত্য শরীর॥
অতিথি-সমান তুমি গৃহে কর' বাস।
ধন-পুত্র-কলত্র তিলেকে যায় নাশ॥
'মোর, মোর' না করিব, ধন-পুত্র পাইয়া।
অহঙ্কার না করিব, সব দেবমায়া॥

৫৫ গৃহকর্ম্ম সাধিব, করিব যজ্ঞ-দান।
ভক্তিভাবে আমাকে ভজিব মতিমান্॥
এই মতে গৃহবাসে নিব কতো কাল।
তবে বনবাসে বিপ্র করিব সঞ্চার॥
পুত্রবান্ হয় যদি, করিব সন্ন্যাস।
যা'র যত দূর হয় চিত্ত-পরকাশ॥

৫৬ গৃহে দৃঢ়চিত্ত যা'র, নিবদ্ধ হৃদয়।
'ধন, পুত্র' করিয়া আকুল অতিশয়॥
স্ত্রীজিত, মূঢ়মতি, কৃপণ, বঞ্চিত।
'মুঞি, মোর' করিয়া থাকয়ে বিমোহিত॥

৫৭ 'বালক তনয় মোর, বৃদ্ধ পিতা-মাতা।
কিরূপে বর্ত্তিব মোর দুঃখিনী বনিতা?'

৫৮ এইরূপে দুরাশয়, আকুলহৃদয়।
ছাড়িতে না পারে চিন্তা, বাঢ়ে অতিশয়॥
পুত্র-দার-ধেয়ানে চিন্তিত নিরবধি।
এইরূপে গৃহে মজে গৃহস্থ দুর্ম্মতি॥
ঘরে থাকি' মরিয়া নরক ভোগ করে'।
নিরন্তর ভ্রমে' জীব এ-ঘোর সংসারে॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
কৃষ্ণগুণ সমুদিত প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তদশোঽধ্যায়ঃ॥ ১৭॥

অষ্টাদশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। বনং বিবিক্ষুঃ পুত্রেষু ভার্য্যাং ন্যস্য সহৈব বা। বন এব বসেচ্ছান্তস্তৃতীয়ং ভাগমায়ুষঃ॥
২। কন্দমূলফলৈর্ব্বন্যৈর্মেধ্যৈর্বৃত্তিং প্রকল্পয়েৎ। বসীত বল্কলং বাসস্তৃণপর্ণাজিনানি বা॥
৩। কেশরোমনখশ্মশ্রুমলানি বিভৃয়াদ্দতঃ। ন ধাবেদপ্সু মজ্জেত ত্রিকালং স্থণ্ডিলেশয়ঃ॥
৪। গ্রীষ্মে তপ্যেত পঞ্চাগ্নীন্ বর্ষাস্বাসারষাড়্জলে। আকণ্ঠমগ্নঃ শিশির এবং বৃত্তস্তপশ্চরেৎ॥
৫। অগ্নিপক্কং সমশ্নীয়াৎ কালপক্কমথাপি বা। উলূখলাশ্মকুট্টো বা দন্তোলূখল এব বা॥
৬। স্বয়ং সঞ্চিনুয়াৎ সর্ব্বমাত্মনো বৃত্তিকারণম্। দেশকালবলাভিজ্ঞো নাদদীতান্যদাহৃতম্॥
৭। বন্যৈশ্চরুপুরোডাশৈর্নির্ব্বপেৎ কালচোদিতান্। ন তু শ্রৌতেন পশুনা মাং যজেত বনাশ্রমী॥
৮। অগ্নিহোত্রঞ্চ দর্শশ্চ পূর্ণমাসশ্চ পূর্ব্ববৎ। চাতুর্ম্মাস্যানি চ মুনেরাম্নাতানি চ নৈগমৈঃ॥
৯। এবং চীর্ণেন তপসা মুনির্ধমনিসন্ততঃ। মাং তপোময়মারাধ্য ঋষিলোকাদুপৈতি মাম্॥
১১। যদাসৌ নিয়মেঽকল্পো জরয়া জাতবেপথুঃ। আত্মন্যগ্নীন্ সমারোপ্য মচ্চিত্তোঽগ্নিং সমাবিশেৎ॥
১২। যদা কর্ম্মবিপাকেষু লোকেষু নিরয়াত্মসু। বিরাগো জায়তে সম্যঙ্ন্যস্তাগ্নিঃ প্রব্রজেত্ততঃ॥
১৩। ইষ্ট্বা যথোপদেশং মাং দত্ত্বা সর্ব্বস্বমৃত্বিজে। অগ্নীন্ স্বপ্রাণ আবেশ্য নিরপেক্ষঃ পরিব্রজেৎ॥

[রামকিরী-রাগ]

১ "বানপ্রস্থ-ধর্ম্ম কহি সন্ন্যাস-লক্ষণ।
সাবধানে শুন, বৎস, ধর্ম্ম-পরায়ণ॥
যদি বনে প্রবেশিব বিপ্র মতিমান্।
পুত্রে ভার্য্যা সমর্পিয়া করিব পয়াণ॥
নহে ভার্য্যা লঞা বিপ্র চলিব আপনে।
দুই-ভাগ পরমায়ু থাকিব যখনে॥

২ কন্দ-মূল-ফলপত্রে কল্পিব আহার।
গাছের বাকল, কিবা পরি' মৃগছাল॥

৩ তৃণ-পত্রে শয়ন করিব বনবাসী।
নখ-লোম না তেজিব, অঙ্গমলা ঘষি'॥
দন্ত না ঘসিব বিপ্র, না ধাইব রড়ে।
ত্রিকাল করিব স্নান পুণ্য-নদীজলে॥

৪ গ্রীষ্মে পঞ্চ অগ্নি করি' সহিব সন্তাপ।
বরিষা-সময়ে মহাবৃষ্টি-ধারাপাত॥
আকণ্ঠ মজিয়া জলে শীতকালে রহি'।
তপ করে' বনবাসী নানা-তাপ সহি'॥

৫ অগ্নিপক্ক খাইব, কিবা কালপক্ক করি'।
পাথরে কুটিয়া, কিংবা খাইব দন্তে ছিঁড়ি'॥

৬ আপনে আপন-দাস, আপনে ঈশ্বর।
আপনে আপন-কর্ম্ম করিব সকল॥
আনে দ্রব্য দিলে না লইব বনবাসী।

৭ বন্য-ফলে সাধিব সকল কর্ম্মরাশি॥

৮ অগ্নিহোত্র, চাতুর্ম্মাস্য, পৌর্ণমাসী সাধি'।
বনবাসী আমাকে ভজিব নিরবধি॥

৯ এইরূপে তপ করি' ভজিব আমারে।
ঋষিলোকে যায় তবে দিব্য তপোবলে॥

১১ যদি তপ সাধিতে জন্মিল দুঃখ-শোক।
জরা পরবেশ কৈল, জনমিল রোগ॥
যোগবলে আগুনি জ্বালিয়া কলেবরে।
পোড়াঞা শরীর তবে যাইব বিষ্ণুপুরে॥

১২ সর্ব্বত্র বৈরাগ্য যদি ভাগ্যবশে হয়।
ইহলোক, পরলোক দেখে দুঃখময়॥
সন্ন্যাস করিব তবে তেজিয়া সকল।

১৩ গুরু-উপদেশ লঞা চলিব সত্বর॥
আচার্য্য করিয়া দিব সর্ব্বস্ব দক্ষিণা।
নিরপেক্ষ হইব বিপ্র তেজিয়া বাসনা॥

১৪। বিপ্রস্য বৈ সন্ন্যসতো দেবা দারাদিরূপিণঃ। বিঘ্নান্ কুর্ব্বন্ত্যয়ং হ্যস্মানাক্রম্য সমিয়াৎ পরম্॥
১৫। বিভৃয়াচ্চেন্মুনির্বাসঃ কৌপীনাচ্ছাদনং পরম্। ত্যক্তং ন দণ্ডপাত্রাভ্যামন্যৎ কিঞ্চিদনাপদি॥
১৬। দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং পিবেজ্জলম্। সত্যপূতাং বদেদ্বাচং মনঃপূতং সমাচরেৎ॥
১৭। মৌনানীহানিলায়ামা দণ্ডা বাগ্দেহচেতসাম্। ন হ্যেতে যস্য সন্ত্যঙ্গ! বেণুভির্ন ভবেদ্যতিঃ॥
১৮। ভিক্ষাং চতুর্ষু বর্ণেষু বিগর্হ্যান্ বর্জ্জয়ংশ্চরেৎ। সপ্তাগারানসংক্লপ্তাংস্তুষ্যেল্লব্ধেন তাবতা॥
১৯। বহির্জলাশয়ং গত্বা তত্রোপস্পৃশ্য বাগ্যতঃ। বিভজ্য পাবিতং শেষং ভুঞ্জীতাশেষমাহৃতম্॥
২০। একশ্চরেন্মহীমেতাং নিঃসঙ্গঃ সংযতেন্দ্রিয়ঃ। আত্মক্রীড় আত্মরত আত্মবান্ সমদর্শনঃ॥
২১। বিবিক্তক্ষেমশরণো মদ্ভাববিমলাশয়ঃ। আত্মানং চিন্তয়েদেকমভেদেন ময়া মুনিঃ॥
২২। অন্বীক্ষেতাত্মনো বন্ধং মোক্ষঞ্চ জ্ঞাননিষ্ঠয়া। বন্ধ ইন্দ্রিয়বিক্ষেপো মোক্ষ এষাঞ্চ সংযমঃ॥
২৩। তস্মান্নিয়ম্য ষড়্বর্গং মদ্ভাবেন চরেন্মুনিঃ। বিরক্তঃ ক্ষুদ্রকামেভ্যো লব্ধ্বাত্মনি সুখং মহৎ॥
২৪। পুরগ্রামব্রজান্ সার্থান্ ভিক্ষার্থং প্রবিশংশ্চরেৎ। পুণ্যদেশসরিচ্ছৈল-বনাশ্রমবতীং মহীম্॥
২৬। নৈতদ্বস্তুতয়া পশ্যেদ্দৃশ্যমানং বিনশ্যতি। অসক্তচিত্তো বিরমেদিহামুত্র চিকীর্ষিতাৎ॥
২৭। যদেতদাত্মনি জগন্মনোবাক্প্রাণসংহতম্। সর্ব্বং মায়েতি তর্কেণ স্বস্থস্ত্যক্ত্বা ন তৎ স্মরেৎ॥

---

১৪ হেনকালে দেবগণ স্ত্রীরূপ ধরি'।
তপোভঙ্গ করে' তা'র নানা-বিঘ্ন করি'॥
'আমা'-সভা লঙ্ঘিয়া চলিব বিষ্ণুপুরে।'
তে-কারণে দেবগণ নানা-বিঘ্ন করে'॥
তরিব সে-সব বিঘ্ন হঞা সাবধান।
তত্ত্বজ্ঞান ধরি' দিব চিত্তে সমাধান॥

১৫ যদি বস্ত্র পরে' মুনি, নহে দিগম্বর।
কৌপীন-বসন-মাত্র ধরিব কেবল॥
দণ্ড-কমণ্ডলু মাত্র ধরিব সন্ন্যাসী।
যোগানলে দহিব সকল পাপরাশি॥

১৬-১৭ দৃষ্টিপূত পদগতি, বস্ত্রপূত জল।
সত্যপূত বচন বলিব দণ্ডধর॥
মৌনব্রত, মনঃপূত করিব আচার।
জিনিব পবন, মন, বচন, আহার॥
দণ্ডমাত্র সন্ন্যাসী, না হয় দণ্ডধর।
জিনিব পবন, মন, ইন্দ্রিয়-সকল॥

১৮ চারি বর্ণ হৈতে ভিক্ষা আনিব মাগিয়া।
পতিত, নিন্দিত, দুরাচার বিবর্জ্জিয়া॥
দূরে দূরে সাত ঘরে ভিক্ষা মাগি' লৈব।
যে-কিছু মিলয়ে, তা'থে তুষ্ট হৈয়া র'ব॥

১৯ দূরে জল থাকে যথা গ্রামের বাহিরে।
ভিক্ষা লঞা তথা ন্যাসী যা'ব একেশ্বরে॥
ভিক্ষা বিভজিয়া শেষ করিব ভোজন।

২০ একেশ্বর দণ্ডধারী করিব ভ্রমণ॥
সমমতি, পরহিত, সঙ্গ-বিবর্জ্জিত।
আত্মক্রীড়, আত্মরত, উদার-চরিত॥

২১ বিরল কুশল সেবি' বিমল-আশয়।
অভেদ চিন্তিব, সব বিশ্ব ব্রহ্মময়॥

২২-২৩ আপনার বন্ধ মোক্ষ দেখিব গেয়ানে।
মনের বিক্ষেপ—বন্ধ, মোক্ষ সমাধানে॥
ষড়-রিপু জিনি' হৈব ভক্তিরসে সুখী।
আনন্দিত হইয়া সব তবে জ্ঞানে দেখি॥

২৪ পুরগ্রামে প্রবেশিব ভিক্ষার কারণে।
পুণ্যদেশে ভ্রমণ, গমন পুণ্যবনে॥
পুণ্যতীর্থ নদ-নদী, গিরি-সরোবর।
ভ্রমণ করিব মুনি দিব্য-দণ্ডধর॥
সব ঠাঞি পীরিতি বর্জ্জিব বুধজনে।

২৬ বস্তুবুদ্ধি না করিব এ তিন ভুবনে॥

২৭ মনে বিচারিব—ত্রিভুবন মায়াময়।
অনুভবে চিত্তগত খণ্ডিব সংশয়॥

২৮। জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ। সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥
২৯। বুধো বালকবৎ ক্রীড়েৎ কুশলো জড়বচ্চরেৎ। বদেদুন্মত্তবদ্বিদ্বান্ গোচর্য্যাং নৈগমশ্চরেৎ॥
৩০। বেদবাদরতো ন স্যান্ন পাষণ্ডী ন হৈতুকঃ। শুষ্কবাদবিবাদে ন কঞ্চিৎ পক্ষং সমাশ্রয়েৎ॥
৩১। নোদ্বিজেত জনাদ্ধীরো জনং চোদ্বেজয়েন্ন তু। অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন।
দেহমুদ্দিশ্য পশুবদ্বৈরং কুর্য্যান্ন কেনচিৎ॥
৩২। এক এব পরো হ্যাত্মা ভূতেষাত্মন্যবস্থিতঃ। যথেন্দুরুদপাত্রেষু ভূতান্যেকাত্মকানি চ॥
৩৩। অলব্ধ্বা ন বিষীদেত কালে কালেঽশনং ক্বচিৎ। লব্ধ্বা ন হৃষ্যেদ্ধৃতিমানুভয়ং দৈবতন্ত্রিতম্॥
৩৪। আহারার্থং সমীহেত যুক্তং তৎ প্রাণধারণম্। তত্ত্বং বিমৃশ্যতে তেন তদ্বিজ্ঞায় বিমুচ্যতে॥
৩৫। যদৃচ্ছয়োপপন্নান্নমদ্যাচ্ছ্রেষ্ঠমুতাপরম্। তথা বাসস্তথা শয্যাং প্রাপ্তং প্রাপ্তং ভজেন্মুনিঃ॥
৩৬। শৌচমাচমনং স্নানং ন তু চোদনয়া চরেৎ। অন্যাংশ্চ নিয়মান্ জ্ঞানী যথাহং লীলয়েশ্বরঃ॥
৩৮। দুঃখোদর্কেষু কামেষু জাতনির্ব্বেদ আত্মবান্। অজিজ্ঞাসিতমদ্ধর্ম্মো গুরুং মুনিমুপাব্রজেৎ॥
৩৯। তাবৎ পরিচরেদ্ভক্তঃ শ্রদ্ধাবাননসূয়কঃ। যাবদ্ব্রহ্ম বিজানীয়ান্মামেব গুরুমাদৃতঃ॥

---

২৮ জ্ঞাননিষ্ঠ, ভক্তিনিষ্ঠ যে-জন আমার।
সব ঠাঞি অনপেক্ষ বৈরাগ্য যাহার॥
তেজিয়া সকল ধর্ম্ম, আশ্রম-লক্ষণ।
যথা-তথা নিজসুখে করে' পর্য্যটন॥

২৯ কর্ম্মলেশ নাহি তা'র, বিধি-অধিকার।
বুধ হয়, বালবৎ আহার-বিহার॥
সর্ব্বধর্ম্ম জানে', জড়বৎ হৈয়া রহে'।
বুঝি' তেঁহো উনমতবৎ কথা কহে॥

৩০ বেদবাদরত নৈব, নহিব পাষণ্ড।
তর্কবাদ, বিবাদ, বর্জ্জিব পরদণ্ড॥
পক্ষপাত না করিব, কা'রো ভাল-মন্দ।
কা'র সহে না করিব চিত্তগত সঙ্গ॥

৩১ উদ্‌বেগ না বাঢ়াইব কাহার মরমে।
প্রেম না বাঢ়াইব উদর-কারণে॥
অতিবাদ না করিব, কা'র অবজ্ঞান।
কা'রো সঙ্গে না করিব বৈরানুবন্ধন॥

৩২ এক আত্মা সর্ব্বভূতে, বিবিধ-কল্পনা।
এক চন্দ্র জলভেদে যেন দেখি নানা॥

৩৩ না লভিলে অবসাদ না' করিব চিত্তে।
লভিলে হরিষ না করিব হৃদিগতে॥
অদৃষ্ট-অধীন সব, দৈব-নিয়োজিত।
দৈবযোগে সুখ-দুঃখ মিলে আচম্বিত॥

৩৪ উপায় চিন্তিব কিছু আহার-কারণে।
দেহের ধারণা-হেতু করিব যতনে॥
দেহ-রক্ষা হৈলে উপজয় তত্ত্বজ্ঞান।
তত্ত্বজ্ঞান হৈলে মুক্তিপদ-উপাদান॥

৩৫ দৈবযোগে অন্ন যদি ভাল-মন্দ মিলে।
তৃণবাস, তৃণশয্যা যেন-তেন পাইলে॥
তাহা লঞা তুষ্ট হৈব ন্যাসী দণ্ডধর।
সন্তোষ—পরমসুখ জানিব কেবল॥

৩৬ শৌচ, আচমন, স্নান, বিধি-বোধ করি'।
না করে' আচার-ধর্ম্ম মুনি দণ্ডধারী॥
ভালমন্দ দণ্ডধর মুনি না বিচারে'।
লীলায় ঈশ্বর যেন নানা-কর্ম্ম করে'॥

৩৮ স্বর্গবাস, সুখভোগ—দুঃখ পরকালে।
এতেক জানিঞা যা'র বৈরাগ্য অন্তরে॥
জিজ্ঞাসা করিয়া গুরু করিব আশ্রয়।

৩৯ পরিচর্য্যা করিয়া ভজিব অতিশয়॥
আমি গুরু কেবল জানিহ দৃঢ়-মনে।
শ্রদ্ধা করি' গুরু আরাধিব অনুক্ষণে॥

৪০। যস্ত্বসংযতষড়্‌বর্গঃ প্রচণ্ডেন্দ্রিয়সারথিঃ। জ্ঞানবৈরাগ্যরহিতস্ত্রিদণ্ডমুপজীবতি ॥
৪১। সুরানাত্মানমাত্মস্থং নিহ্নুতে মাঞ্চ ধর্ম্মহা। অবিপক্বকষায়োঽস্মাদমুষ্মাচ্চ বিহীয়তে ॥
৪২। ভিক্ষোর্ধর্ম্মঃ শমোঽহিংসা তপ ঈক্ষা বনৌকসঃ। গৃহিণো ভূতরক্ষেজ্যা দ্বিজস্যাচার্য্যসেবনম্ ॥
৪৩। ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং সন্তোষো ভূতসৌহৃদম্। গৃহস্থস্যাপ্যৃতৌ গন্তুঃ সর্ব্বেষাং মদুপাসনম্ ॥
৪৪। ইতি মাং যঃ স্বধর্ম্মেণ ভজেন্নিত্যমনন্যভাক্। সর্ব্বভূতেষু মদ্ভাবো মদ্ভক্তিং বিন্দতে দৃঢ়াম্ ॥
৪৫। ভক্ত্যোদ্ধবানপায়িন্যা সর্ব্বলোকমহেশ্বরম্। সর্ব্বোৎপত্ত্যব্যয়ং ব্রহ্ম কারণং মোপযাতি সঃ ॥
৪৮। এতত্তেঽভিহিতং সাধো! ভবান্ পৃচ্ছতি যচ্চ মাম্।
যথা স্বধর্ম্মসংযুক্তো ভক্তো মাং সমিয়াৎ পরম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে যতিধর্ম্মনির্ণয়ো নামাষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

উপদেশ লইয়া ভক্তি সাধিব আমার।
তবে মুনি লীলায় সংসার হয় পার ॥

৪০ যদি ছয়-রিপু না জিনিল দণ্ডধর।
প্রচণ্ড ইন্দ্রিয়গণ পীড়ে নিরন্তর ॥
বিষয়-বৈরাগ্য নৈল, জ্ঞান উতপন্ন।
দণ্ড ধরি' জীয়ে মাত্র সন্ন্যাস-লক্ষণ ॥

৪১ সেই পাপী সর্ব্বদেব কৈল অপহার।
আপনাকে আপনে হরিল দুরাচার ॥
ইহলোক পরলোক—সব হৈল নাশ।
বিনাশের হেতু তা'র কেবল সন্ন্যাস ॥

৪২ অহিংসা, সন্ন্যাস-ধর্ম্ম—শম, দম, ক্ষান্তি।
বানপ্রস্থ-ধর্ম্ম—তপ, তত্ত্বজ্ঞান, শান্তি ॥
গৃহস্থকুলের ধর্ম্ম—সর্ব্বজীব-রক্ষা।
ব্রহ্মচারি-ধর্ম্ম—গুরুসেবা-ব্রত, ভিক্ষা ॥

৪৩ ব্রহ্মচর্য্য, তপ, শৌচ, আমার সেবন।
ঋতুকালে ধর্ম্মপত্নী করিবে সম্ভাষণ ॥
গৃহস্থকুলের ধর্ম্ম এ-সব লক্ষণ।
চারি-বেদ, চারি-ধর্ম্ম কৈলুঁ নিরূপণ ॥

৪৪ স্বধর্ম্ম করিয়া নিত্য যে ভজে আমারে।
সর্ব্বভূতে বসি আমি—দেখে চরাচরে ॥
আমার ভজন-বিনে আন নাহি জানে'।
ভক্তিযোগ হয় তা'র আমার চরণে ॥

৪৫ আমি ব্রহ্ম, উতপতি-প্রলয়-পালন।
সর্ব্বলোক-মহেশ্বর, সভার জীবন ॥
হেন আমি—ব্রহ্ম পায় ভকতি-কারণে।
পরিত্রাণ-হেতু আর নাহি ভক্তি-বিনে ॥

৪৮ কহিলুঁ উদ্ধব! তুমি যে কিছু পুছিলে।
যেরূপে আমারে পায়, ভক্তগণ তরে' ॥"

ভক্তিরসগুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

একোনবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। যো বিদ্যাশ্রুতসম্পন্ন আত্মবান্নানুমানিকঃ। মায়ামাত্রমিদং জ্ঞাত্বা জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেৎ ॥
২। জ্ঞানিনস্ত্বহমেবেষ্টঃ স্বার্থো হেতুশ্চ সম্মতঃ। স্বর্গশ্চৈবাপবর্গশ্চ নান্যোঽর্থো মদৃতে প্রিয়ঃ ॥
৩। জ্ঞানবিজ্ঞানসংসিদ্ধাঃ পদং শ্রেষ্ঠং বিদুর্মম। জ্ঞানী প্রিয়তমোঽতো মে জ্ঞানেনাসৌ বিভর্ত্তি মাম্ ॥
৪। তপস্তীর্থং জপো দানং পবিত্রাণীতরাণি চ। নালং কুর্ব্বন্তি তাং সিদ্ধিং যা জ্ঞানকলয়া কৃতা ॥
৫। তস্মাজ্জ্ঞানেন সহিতং জ্ঞাত্বা স্বাত্মানমুদ্ধব! জ্ঞানবিজ্ঞানসম্পন্নো ভজ মাং ভক্তিভাবিতঃ ॥
৬। জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন মামিষ্ট্বাত্মানমাত্মনি। সর্ব্বযজ্ঞপতিং মাং বৈ সংসিদ্ধিং মুনয়োঽগমন্ ॥
৭। ত্বয্যুদ্ধবাশ্রয়তি যস্ত্রিবিধো বিকারো, মায়ান্তরাপততি নাত্যপবর্গয়োর্যৎ।
জন্মাদয়োঽস্য যদমী তব তস্য কিং স্যু,-রাত্মন্তয়োর্যদসতোঽস্তি তদেব মধ্যে ॥

শ্রীউদ্ধব উবাচ

৮। জ্ঞানং বিশুদ্ধং বিপুলং যথৈতদ্,-বৈরাগ্যবিজ্ঞানযুতং পুরাণম্।
আখ্যাহি বিশ্বেশ্বর! বিশ্বমূর্ত্তে, ত্বদ্ভক্তিযোগঞ্চ মহদ্বিমৃগ্যম্ ॥
৯। তাপত্রয়েণাভিহতস্য ঘোরে, সন্তপ্যমানস্য ভবাধ্বনীশ!
পশ্যামি নান্যচ্ছরণং তবাঙ্ঘ্রি,-দ্বন্দ্বাতপত্রাদমৃতাভিবর্ষাৎ ॥

[নট-রাগ]

১ পুনরপি কহে কথা প্রভু ভগবান্।
"শুন, হে উদ্ধব! তুমি ভকত-প্রধান ॥
তত্ত্বজ্ঞান হৈল যা'র শ্রুতি-তত্ত্বগতি।
অনুমান-বিচক্ষণ, নিরমল-মতি ॥
মায়ামাত্র সব যদি জানিল গেয়ানে।
জ্ঞান সমর্পিব তবে আমার চরণে ॥

২-৩ জ্ঞানীর বাঞ্ছিত আমি, ইষ্ট, প্রিয় ধন।
আমাকে লভিলে, জ্ঞানে কিবা প্রয়োজন?
স্বর্গ-অপবর্গ নাহি বাঞ্ছে আমা'-বিনে।
জ্ঞানী বিচক্ষণ-মাত্র মোর তত্ত্ব জানে' ॥
জ্ঞানী প্রিয়তম মোর, জ্ঞানে মোরে ধরে।
আমাকে লভিলে জ্ঞানী সব পরিহরে ॥

৪ তীর্থ, তপ, জপ, দান, পুণ্যকর্ম্ম যত।
এক-কলা জ্ঞান-সম নহে, ধর্ম্মযুত ॥

৫ বুঝিয়া, উদ্ধব! তুমি জ্ঞানে আমা' ভজ।
আমাকে লভিবে তুমি, সর্ব্বধর্ম্ম ত্যজ ॥

৬ জ্ঞান-যজ্ঞে আমাকে ভজিয়া মুনিগণে।
মুক্তিপদ পাইয়া গেল বৈকুণ্ঠভুবনে ॥

৭ যে তুমি, উদ্ধব! দেখ ত্রিবিধ প্রকার।
এ-সব কেবল মায়া, অনাদি-সংসার ॥
প্রলয়ে না থাকে কিছু, না ছিল পূরবে।
মধ্যকালে মায়ার বিলাস নানারূপে ॥
আদি-অন্ত-মধ্যে যেই, সেই মাত্র সত্য।
আর সব যত দেখ, কিছু নহে তথ্য ॥"

৮ শুনিঞা উদ্ধব তবে জ্ঞানের মহিমা।
জ্ঞান জিজ্ঞাসিলা ভক্তি-বৈরাগ্যের সীমা ॥
"বিশ্বেশ্বর, বিশ্বমূর্ত্তি, পুরুষ-পুরাণ!
ভক্তিযোগ কহ, নাথ! ভকতি-বিধান ॥
বিশুদ্ধ বিজ্ঞান কহ, ভকতি-লক্ষণ।
ভক্তিযোগ কহ, যাহা বাঞ্ছে মুনিগণ ॥

৯ এ-ঘোর সংসার-মাঝে মুঞি নিপতিত।
নিরবধি তাপত্রয়ে কেবল তাপিত ॥
তোমার পদারবিন্দ-ছত্র সুশীতল।
অমৃতের ধারা যাহে বহে নিরন্তর ॥

১০। দষ্টং জনং সম্পতিতং বিলেঽস্মিন্, কালাহিনা ক্ষুদ্রসুখোরুতর্ষম্।
সমুদ্ধরৈনং কৃপয়াপবর্গ্যৈ,-র্বচোভিরাসিঞ্চ মহানুভাব!

শ্রীভগবানুবাচ

১১। ইত্থমেতৎ পুরা রাজা ভীষ্মং ধর্ম্মভৃতাং বরম্। অজাতশত্রুঃ পপ্রচ্ছ সর্ব্বেষাং নোঽনুশৃণ্বতাম্॥
১২। নিবৃত্তে ভারতে যুদ্ধে সুহৃন্নিধনবিহ্বলঃ। শ্রুত্বা ধর্ম্মান্ বহূন্ পশ্চান্মোক্ষধর্ম্মানপৃচ্ছত॥
১৩। তানহং তেঽভিধাস্যামি দেবব্রতমুখাচ্ছ্রুতান্। জ্ঞানবৈরাগ্যবিজ্ঞান-শ্রদ্ধাভক্ত্যুপবৃংহিতান্॥
১৪। নবৈকাদশ পঞ্চ ত্রীন্ ভাবান্ ভূতেষু যেন বৈ। ঈক্ষেতাথৈকমপ্যেষু তজ্জ্ঞানং মম নিশ্চিতম্॥
১৫। এতদেব হি বিজ্ঞানং ন তথৈকেন যেন যৎ। স্থিত্যুৎপত্ত্যপ্যয়ান্ পশ্যেদ্ভাবানাং ত্রিগুণাত্মনাম্॥
১৬। আদাবন্তে চ মধ্যে চ সৃজ্যাৎ সৃজ্যং যদন্বিয়াৎ। পুনস্তৎপ্রতিসংক্রামে যচ্ছিষ্যেত তদেব সৎ॥
১৭। শ্রুতিঃ প্রত্যক্ষমৈতিহ্যমনুমানং চতুষ্টয়ম্। প্রমাণেষ্বনবস্থানাদ্বিকল্পাৎ স বিরজ্যতে॥
১৮। কর্ম্মণাং পরিণামিত্বাদাবিরিঞ্চ্যাদমঙ্গলম্। বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ॥

সভে ঐ-চরণে শরণ—মোর আশা।
এ-দুঃখ তরিতে আর না দেখি ভরসা॥
১০ কালসর্পে দংশিল সকল কলেবর।
ভবকূপে নিপতিত মুঞি সে কেবল॥
শরণবৎসল, নাথ! কৃপায় উদ্ধার'।
বচন-অমৃতে অঙ্গ অভিষেক কর'॥"
১১ উদ্ধবের বচন শুনিঞা জগন্নাথ।
কহিতে লাগিলা তবে পূরব-সংবাদ॥
"যুধিষ্ঠির রাজা ছিলা ধর্ম্ম-কলেবর।
এই জিজ্ঞাসিলা তিঁহো ভীষ্মের গোচর॥
১২ হইল ভারতযুদ্ধ, কুল হৈল ক্ষয়।
জ্ঞাতিবধ-ভয়ে রাজা আকুল-হৃদয়॥
এই জিজ্ঞাসিলা আমা'সভা-বিদ্যমানে।
ভীষ্মমুখে নানা-ধর্ম্ম শুনিঞা শ্রবণে॥
মোক্ষধর্ম্ম জিজ্ঞাসিলা ধর্ম্মের নন্দন।
সেই ধর্ম্ম কহি, শুন মুকতিলক্ষণ॥
১৩ ভীষ্মমুখে শুনিলুঁ সকল তত্ত্বজ্ঞান।
বৈরাগ্য-বিজ্ঞানযুত, ভকতি-নিদান॥
কহিব, উদ্ধব! জ্ঞান ভীষ্ম-মুখরিত।
ভক্তিজ্ঞানযুত হৈয়া স্থির কর' চিত॥
১৪ জগত-কারণ-তত্ত্ব কহি নানা-ভেদে।
সভে এক-তত্ত্ব মাত্র জানিবা সাক্ষাতে॥
এই সে আমার মত, এই তত্ত্বজ্ঞান।
আর যত দেখ সব, কিছু নহে আন॥
১৫ জগতের উতপতি, প্রলয়, পালন।
জগতের ভিন্ন তত্ত্ব, এক সনাতন॥
একে হৈতে একের জনম-মৃত্যু-ভয়।
একে হৈতে একের সন্তোষ-দুঃখ হয়॥
এ-সব জানিহ তুমি মিছা মায়াময়।
মধ্যকালে দেখি, আদি-অন্ত সত্য নয়॥
১৬ আদি-অন্ত-মধ্যে যা'র না দেখি বিনাশ।
সত্যময়, নিত্য-সুখ, নিত্য-পরকাশ॥
সেই সে জানিব সত্য, আর সব মিছা।
জ্ঞানে বিচারিলে, বৎস! কিছু নহে সাচা॥
১৭ শুনিঞা সাক্ষাতে দেখি' কর' অনুমান।
বিকল্প-কল্পনা সব, না হয় প্রমাণ॥
এক আত্মা সর্ব্বদেহে, দেখি তাঁ'র রূপ।
জলভেদে চন্দ্র-সূর্য্য দেখি নানারূপ॥
এইমতে আত্মা—পূর্ণব্রহ্ম ভগবান্।
সর্ব্বজীবে রহে তিঁহো, সর্ব্বত্র সমান॥
আত্মাকে অভেদ করি' নিব জ্ঞান-গড়ে।
ভেদবুদ্ধি পাষণ্ড-পামর-জনে করে'॥
১৮ কর্ম্মে বিনির্ম্মিত সব, কর্ম্মের বিনাশ।
কর্ম্ম-ক্ষয়ে ব্রহ্মা পর্য্যন্তের নাশ॥

১৯। ভক্তিযোগঃ পুরৈবোক্তঃ প্রীয়মাণায় তেঽনঘ! পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরম্॥
২০। শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনম্। পরিনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম॥
২১। আদরঃ পরিচর্য্যায়াং সর্ব্বাঙ্গৈরভিবন্দনম্। মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ॥
২২। মদর্থেষ্বঙ্গচেষ্টা চ বচসা মদ্গুণেরণম্। ময্যর্পণঞ্চ মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনম্॥
২৩। মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ। ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্ব্রতং তপঃ॥
২৪। এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্ম-নিবেদিনাম্। ময়ি সঞ্জায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে?
২৫। যদাত্মন্যর্পিতং চিত্তং শান্তং সত্ত্বোপবৃংহিতম্। ধর্ম্মং জ্ঞানং স বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাভিপদ্যতে॥
২৭। ধর্ম্মো মদ্ভক্তিকৃৎ প্রোক্তো জ্ঞানঞ্চৈকাত্ম্যদর্শনম্। গুণেষ্বসঙ্গো বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাণিমাদয়ঃ॥

শ্রীউদ্ধব উবাচ

২৮। যমঃ কতিবিধঃ প্রোক্তো নিয়মো বাঽরিকর্শন?
কঃ শমঃ কো দমঃ কৃষ্ণ! কা তিতিক্ষা ধৃতিঃ প্রভো?
২৯। কিং দানং কিং তপঃ শৌর্য্যং কিং সত্যমৃতমুচ্যতে?
কস্ত্যাগঃ কিং ধনঞ্চেষ্টং কো যজ্ঞঃ কা চ দক্ষিণা?
৩০। পুংসঃ কিংস্বিদ্বলং শ্রীমন্! ভগো লাভশ্চ কেশব?
কা বিদ্যা হ্রীঃ পরা কা শ্রীঃ কিং সুখং দুঃখমেব চ?

---

১৯ প্রথমে কহিলুঁ ভক্তি-যোগের মহিমা।
পুনরপি কহি ভক্তি মুকতি-লক্ষণা॥

২০ আমার অমৃত-কথা শ্রদ্ধা করি' শুনে।
আমার কীর্ত্তন-মাত্র করে' অনুক্ষণে॥
পূজয়ে একান্ত-মতি, আমার স্তবন।

২১ পরিচর্য্যা-পরায়ণ, সর্ব্বাঙ্গে বন্দন॥
আমার ভকত-পূজা অধিক করিব।
'সর্ব্বভূতে আমি-মাত্র'—কেবল দেখিব॥

২২ করিব সকল চেষ্টা আমার কারণে।
আমার মহিমা-গুণ কহিব বচনে॥
সর্ব্বকর্ম্ম আমাতে করিব সমর্পণ।
আমার কারণে সর্ব্বকাম-বিবর্জ্জন॥

২৩ সুখভোগ-পরিত্যাগ, ধন-সমর্পণে।
যজ্ঞ, দান, তপ, হোম আমার কারণে॥

২৪ আমার চরণে করে' আত্ম-নিবেদন।
এ-সব উপায়ে ভক্তি করিব সাধন॥
'ভক্তিযোগ' হয় তবে চরণে আমার।
কি সিদ্ধি নহিল, কিবা অবশেষ আর?

২৫ যে-জন আমাতে কৈল চিত্ত আরোপণ।
ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য লভিল সেই জন॥
আমার ভকতি করে' ধর্ম্ম-উপাদান।

২৭ আত্মতত্ত্ব-দরশন, হয় তত্ত্বজ্ঞান॥
বিষয়ে বৈরাগ্য হয়, ভকতি-উদয়ে।
অণিমাদি-অষ্টৈশ্বর্য্য সাক্ষাতে মিলয়ে॥"

২৮ উদ্ধব পুছিলা তবে বিনয়-বচনে।
"এই জিজ্ঞাসিলুঁ, নাথ! অভয়-চরণে॥
কত-পরকার, বল,' সংযম-নিয়ম।
কা'কে শম-দম বলে', কহ বিবরণ॥
তিতিক্ষা কাহারে বল', কা'রে বল' ধৃতি?

২৯ তপ-দান কা'রে বল', প্রভু প্রাণপতি?
ঋত-সত্য কা'কে বল', কা'কে বল' ত্যাগ?
কি ধন দক্ষিণা, কা'কে কহ যজ্ঞভাগ?

৩০ বিদ্যা, লজ্জা, শ্রী কা'কে বল', গদাধর?
সুখ-দুঃখ-লাভ কা'কে বল', যদুবর?

৩১। কঃ পণ্ডিতঃ কশ্চ মূর্খঃ কঃ পন্থা উৎপথশ্চ কঃ ?
কঃ স্বর্গো নরকঃ কঃ স্বিৎ কো বন্ধুরুত কিং গৃহম্ ?
৩২। ক আঢ্যঃ কো দরিদ্রো বা কৃপণঃ কঃ ক ঈশ্বরঃ ? এতান্ প্রশ্নান্ মম ব্রূহি বিপরীতাংশ্চ সৎপতে!

শ্রীভগবানুবাচ

৩৩। অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ। আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমাভয়ম্ ॥
৩৪। শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং মদর্চ্চনম্। তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্যসেবনম্ ॥
৩৫। এতে যমাঃ সনিয়মা উভয়োর্দ্বাদশ স্মৃতাঃ। পুংসামুপাসিতাস্তাত! যথাকামং দুহন্তি হি ॥
৩৬। শমো মন্নিষ্ঠতা বুদ্ধের্দম ইন্দ্রিয়সংযমঃ। তিতিক্ষা দুঃখসম্মর্ষো জিহ্বোপস্থজয়ো ধৃতিঃ ॥
৩৭। দণ্ডন্যাসঃ পরং দানং কামত্যাগস্তপঃ স্মৃতঃ। স্বভাববিজয়ঃ শৌর্য্যং সত্যঞ্চ সমদর্শনম্ ॥
৩৮। ঋতঞ্চ সূনৃতা বাণী কবিভিঃ পরিকীর্ত্তিতা। কর্ম্মস্বসঙ্গমঃ শৌচং ত্যাগঃ সন্ন্যাস উচ্যতে ॥
৩৯। ধর্ম্ম ইষ্টং ধনং নৃণাং যজ্ঞোঽহং ভগবত্তমঃ। দক্ষিণা জ্ঞানসন্দেশঃ প্রাণায়ামঃ পরং বলম্ ॥
৪০। ভগো ম ঐশ্বরো ভাবো লাভো মদ্ভক্তিরুত্তমঃ। বিদ্যাত্মনি ভিদাবাধো জুগুপ্সা হ্রীরকর্ম্মসু ॥
৪১। শ্রীর্গুণা নৈরপেক্ষ্যাদ্যাঃ সুখং দুঃখসুখাত্যয়ঃ। দুঃখং কামসুখাপেক্ষা পণ্ডিতো বন্ধমোক্ষবিৎ ॥
৪২। মূর্খো দেহাদ্যহংবুদ্ধিঃ পন্থা মন্নিগমঃ স্মৃতঃ। উৎপথশ্চিত্তবিক্ষেপঃ স্বর্গঃ সত্ত্বগুণোদয়ঃ ॥

৩১-৩২ পথ-উপপথ কিবা, কে মূর্খ, পণ্ডিত ?
ধনাঢ্য কাহারে বল', দরিদ্র দুঃখিত ?
কেবা বন্ধু, কিবা গৃহ, ঈশ্বর, কৃপণ ?
কহ, নাথ ! এই-সব মোর নিবেদন ॥
এইসব প্রশ্ন মোর চিত্তের সংশয়।
যে হয়, যে নহে, নাথ ! কহিবে নির্ণয় ॥"

৩৩ ভৃত্যের বচন শুনি' পুরুষকেশরী।
কহিতে লাগিলা তবে ধর্ম্ম-অধিকারী ॥
"সত্যবাণী, হিংসা-চৌর্য্যকর্ম্ম-বিবর্জ্জন।
সর্ব্বসঙ্গ-ত্যাগ, লজ্জা, সঞ্চয়-খণ্ডন ॥
স্থৈর্য্য, ব্রহ্মচর্য্য, মৌন, আস্তিক্য-সাধন।
ক্ষমা, ভয়-আদি—এই দ্বাদশ যম ॥

৩৪ শৌচ, হোম, জপ, তপ, আমার অর্চ্চন।
শ্রদ্ধাতিথ্য, তীর্থসেবা, আচার্য্য-সেবন ॥
পর-হেতু সর্ব্বচেষ্টা, তুষ্টি-আলম্বন।

৩৫ দ্বাদশ-প্রকার এই কহিল নিয়ম ॥

৩৬ আমাতে বুদ্ধির নিষ্ঠা—শম সবে বলি।
ইন্দ্রিয়সংযম—দম বুঝিব বিচারি' ॥
সর্ব্বদুঃখ সহিব—তিতিক্ষা এই জানি।
জিহ্বা-শিশ্ন-জয়—ধৃতি এই সে বাখানি ॥

৩৭ পরদণ্ড-পরিত্যাগ—এই মহাদান।
সর্ব্বকাম-বিবর্জ্জন—এই তপ-নাম ॥
স্বভাব জিনিব—শৌর্য্য-পদে অর্থ করি।
সত্য-পদে সমদৃষ্টি—এই অবধারি ॥

৩৮ সর্ব্বকর্ম্ম-ফলত্যাগ শৌচের লক্ষণ।
সন্ন্যাস—উত্তম ত্যাগ, বলে' বুধজন ॥

৩৯ ইষ্টধন—ধর্ম্মমাত্র, যজ্ঞ-রূপ—আমি।
উত্তম দক্ষিণা—জ্ঞান-উপদেশ-বাণী ॥
সেই সে পরম-বল—পবন-ধারণা।

৪০ এই মহাভাগ্য কহি—ঈশ্বর-ভাবনা ॥
সেই সে উত্তম লাভ—ভকতি আমার।
সেই বিদ্যা—ভেদ-বুদ্ধি না দেখি যাহার ॥
বিকর্ম্ম দেখিয়া নিন্দা—তা'কে লজ্জা বলি।

৪১ সব ঠাঞি নিরপেক্ষ গুণে—কহি শ্রী ॥
সুখ-দুঃখ-বিবর্জ্জিত—এই মহাসুখ।
কামভোগ-সুখাপেক্ষা—এই মহাদুঃখ ॥
বন্ধ মোক্ষ জানে'—সেই পণ্ডিত-প্রধান।

৪২ দেহ-গেহে অহঙ্কার—মূর্খ তা'র নাম ॥
যে পথে আমাকে লভে—সে পথ উত্তম।
চিত্তের বিক্ষেপ—সেই উৎপথ-লক্ষণ ॥

৪৩। নরকস্তমউন্নাহো বন্ধুর্গুরুরহং সখে! গৃহং শরীরং মানুষ্যং গুণাঢ্যো হ্যাঢ্য উচ্যতে॥
৪৪। দরিদ্রো যস্ত্বসন্তুষ্টঃ কৃপণো যোঽজিতেন্দ্রিয়ঃ। গুণেষ্বসক্তধীরীশো গুণসঙ্গো বিপর্য্যয়ঃ॥
৪৫। এত উদ্ধব! তে প্রশ্নাঃ সর্ব্বে সাধু নিরূপিতাঃ। কিং বর্ণিতেন বহুনা লক্ষণং গুণদোষয়োঃ? গুণদোষদৃশির্দোষো গুণস্তূভয়বর্জ্জিতঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রেয়োভেদনির্ণয়ো নাম একোনবিংশোঽধ্যায়ঃ॥ ১৯॥

সেই স্বর্গ—সত্ত্বগুণ দেখিয়ে যাহার।
৪৩ তমোগুণ বটে সেই নরক-দুয়ার॥
আমি সে পরম-বন্ধু, গুরু, হিতকর।
সেই সে উত্তম ঘর—নর-কলেবর॥
সে-জন ধনাঢ্য, যেই পূর্ণ সর্ব্বগুণে।
৪৪ অসন্তুষ্ট—দরিদ্র জানিব ত্রিভুবনে॥
অজিত-ইন্দ্রিয় যেই, সে-জন কৃপণ।
গুণে সঙ্গ নাহি যাঁ'র—ঈশ্বর-লক্ষণ॥
৪৫ কহিলুঁ, উদ্ধব! তুমি যে-কিছু পুছিলে।
সব ঠাঞি গুণ-দোষ বুঝি' বিচারিলে॥
প্রয়োজন নাহি আর বিস্তর-বর্ণনে।
সেই দোষ—গুণ-দোষ দেখি অনুক্ষণে॥
সেই গুণ—গুণ-দোষ এ-দুই বর্জ্জন।
কহিলুঁ, উদ্ধব! সব প্রশ্ন-বিবরণ॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
সব পরিহরি', ভাই! কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনবিংশোঽধ্যায়ঃ॥ ১৯॥

বিংশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। বিধিশ্চ প্রতিষেধশ্চ নিগমো হীশ্বরস্য তে। অবেক্ষতেঽরবিন্দাক্ষ! গুণং দোষঞ্চ কর্ম্মণাম্॥
২। বর্ণাশ্রমবিকল্পঞ্চ প্রতিলোমানুলোমজম্। দ্রব্যদেশবয়ঃকালান্ স্বর্গং নরকমেব চ॥
৩। গুণদোষভিদাদৃষ্টিমন্তরেণ বচস্তব। নিঃশ্রেয়সং কথং নৃণাং নিষেধবিধিলক্ষণম্?
৪। পিতৃদেবমনুষ্যাণাং বেদশ্চক্ষুস্তবেশ্বর! শ্রেয়স্ত্বনুপলব্ধেঽর্থে সাধ্যসাধনয়োরপি॥
৫। গুণদোষভিদাদৃষ্টির্নিগমাত্তে ন হি স্বতঃ। নিগমেনাপবাদশ্চ ভিদায়া ইতি হ ভ্রমঃ॥

[কেদার-রাগ]

১ প্রভুর বচন শুনি' মতি করি' স্থির।
তবে আর জিজ্ঞাসিলা উদ্ধব সুধীর॥
"তোমার নিগম-বাণী—বিধি-প্রতিষেধ।
সব ঠাঞি কহে বেদে গুণ-দোষ-ভেদ॥
২ বর্ণাশ্রমধর্ম্ম গুণ-দোষ-দৃষ্টি ধরে।
দ্রব্য-দেশ-কাল গুণ-দোষ ভেদ করে'॥
স্বর্গ-নরক দুই—এই বেদ-বাণী।
৩ গুণ-দোষ দুই ভেদ বেদমুখে শুনি॥
সভার ঈশ্বর বেদ, সর্ব্বলোক-আঁখি।
৪ বেদ-চক্ষে সব দেখি, বেদমুখে সাক্ষী॥
৫ গুণদোষ—ভেদদৃষ্টি নিগম তোমার।
গুণদোষ-ভেদজ্ঞানে না ঘুচে সংসার॥
সেই বেদ করে' পুন ভেদ নিবারণ।
এই বড়, নাথ! মোর চিত্তগত ভ্রম॥"

শ্রীভগবানুবাচ

৬। যোগাস্ত্রয়ো ময়া প্রোক্তা নৃণাং শ্রেয়োবিধিৎসয়া।
জ্ঞানং কর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োঽন্যোঽস্তি কুত্রচিৎ॥

৭। নির্ব্বিণ্ণানাং জ্ঞানযোগো ন্যাসিনামিহ কর্ম্মসু। তেষ্বনির্ব্বিণ্নচিত্তানাং কর্ম্মযোগস্তু কামিনাম্॥

৮। যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃ পুমান্। ন নির্ব্বিণ্ণো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ॥

৯। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥

১০। স্বধর্ম্মস্থো যজন্ যজ্ঞৈরনাশীঃকাম উদ্ধব! ন যাতি স্বর্গনরকৌ যদ্যন্ন সমাচরেৎ॥

১১। অস্মিঁল্লোকে বর্ত্তমানঃ স্বধর্ম্মস্থোঽনঘঃ শুচিঃ। জ্ঞানং বিশুদ্ধমাপ্নোতি মদ্ভক্তিং বা যদৃচ্ছয়া॥

১২। স্বর্গিণোঽপ্যেতমিচ্ছন্তি লোকং নিরয়িণস্তথা। সাধকং জ্ঞানভক্তিভ্যামুভয়ং তদসাধকম্॥

১৩। ন নরঃ স্বর্গতিং কাঙ্ক্ষেন্নারকীং বা বিচক্ষণঃ। নেমং লোকঞ্চ কাঙ্ক্ষেত দেহাবেশাৎ প্রমাদ্যতি॥

১৪। এতদ্বিদ্বান্ পুরা মৃত্যোরভবায় ঘটেত সঃ। অপ্রমত্ত ইদং জ্ঞাত্বা মর্ত্ত্যমপ্যর্থসিদ্ধিদম্॥

---

৬ উদ্ধবের বাণী শুনি' প্রভু ভগবান্।
কহিতে লাগিলা তবে ভ্রম-সমাধান॥
"লোক-পরিত্রাণ-হেতু তিন যোগ কহি।
কর্ম্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ এহি॥
উপায় না দেখি আর সংসার-তারণে।
তে-কারণে তিন যোগ কহিলুঁ আপনে॥

৭ কর্ম্ম ন্যাস করিয়া নির্ব্বিণ্ণ হৈয়া থাকে।
সভে সেই মাত্র অধিকারী জ্ঞান-যোগে॥
নির্ব্বিণ্ণ না হয়, কামভোগ-গত চিত্ত।
তা'র হেতু কর্ম্মযোগ বেদ-বিনির্ম্মিত॥
কিঞ্চিৎ বৈরাগ্য-মাত্র, নির্ব্বিণ্ণ না হয়।
সুখভোগ-গত চিত্ত নহে অতিশয়॥

৮ মহাভাগ্যোদয় হয় যখনে যাহার।
শ্রদ্ধা-মাত্র করে' কথা-শ্রবণে আমার॥
ভক্তিযোগ হয় তা'র, ছুটে ভবভয়।
কর্ম্মবন্ধ নহে, আর সর্ব্বসিদ্ধি হয়॥

৯ বিষয়-বৈরাগ্য যা'র নহে যতকাল।
তাবৎ করিব কর্ম্ম, এ-লোক-আচার॥
আমার অমৃত-কথা-শ্রবণ-কথনে।
শ্রদ্ধা নাহি যাবৎ জনমে যতদিনে॥
তাবৎ করিব কর্ম্ম, এহি সুনিশ্চিত।
তিন-যোগ-অধিকারী—এ-তিন-নির্ণীত॥

১০ স্বধর্ম্মে থাকিয়া নানা যজ্ঞ করি' যজে।
কর্ম্মফল তেজিয়া কেবল আমা' ভজে॥
স্বর্গ-নরক দুই সে জন না যায়।
যদি কদাচিৎ মন বিকর্ম্মে না ধায়॥

১১ এই দেহে সর্ব্বসিদ্ধি হয় উপাদান।
ভক্তিযোগ, আমার বিশুদ্ধ তত্ত্বজ্ঞান॥

১২ নরদেহ বাঞ্ছা করে' স্বর্গবাসিগণে।
নারকী না তরে' দুঃখ নরদেহ-বিনে॥
ভক্তি-জ্ঞান সাধে মাত্র নর-কলেবরে।
স্বর্গবাসী হঞা কিছু সাধিতে না পারে॥
মানুষ-শরীর ধরি' সাধি ভক্তি-যোগ।
স্বর্গ-নরকে মাত্র পাপ-পুণ্যভোগ॥

১৩ এ-বোল বুঝিয়া বিচক্ষণ, মতিমান্।
স্বর্গ, নরক—দুই দেখিব সমান॥
'সকল ঈশ্বর-মায়া'—মনে বিচারিব।
স্বর্গ-নরক-মধ্যে এক না বাঞ্ছিব॥
মানুষ-শরীর না বাঞ্ছিব কদাচিত।
দেহযোগে এ-ঘোর সংসারে নিপতিত॥

১৪ এ-বোল বুঝিয়া মৃত্যু যাবৎ না ঘটে।
তাবৎ সাধিয়া মোক্ষ তরি' যাইব ঝাটে॥
অনিত্য মানুষ-জন্ম সর্ব্বসিদ্ধি-হেতু।
অপার-সংসারসিন্ধু-পরিত্রাণ-সেতু॥

১৫। ছিদ্যমানং যমৈরেতৈঃ কৃতনীড়ং বনস্পতিম্। খগঃ স্বকেতুমুৎসৃজ্য ক্ষেমং যাতি হ্যলম্পটঃ॥
১৬। অহোরাত্রৈশ্ছিদ্যমানং বুদ্ধ্বায়ুর্ভয়বেপথুঃ। মুক্তসঙ্গঃ পরং বুদ্ধ্বা নিরীহ উপশাম্যতি॥
১৭। নৃদেহমাদ্যং সুলভং সুদুর্লভং, প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্।
ময়ানুকূলেন নভস্বতেরিতং, পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা॥
১৮। যদারম্ভেষু নির্বিণ্ণো বিরক্তঃ সংযতেন্দ্রিয়ঃ। অভ্যাসেনাত্মনো যোগী ধারয়েদচলং মনঃ॥
১৯। ধার্য্যমাণং মনো যর্হি ভ্রাম্যদাশ্বনবস্থিতম্। অতন্দ্রিতোঽনুরোধেন মার্গেণাত্মবশং নয়েৎ॥
২০। মনোগতিং ন বিসৃজেজ্জিতপ্রাণো জিতেন্দ্রিয়ঃ। সত্ত্বসম্পন্নয়া বুদ্ধ্যা মন আত্মবশং নয়েৎ॥
২১। এষ বৈ পরমো যোগো মনসঃ সংগ্রহঃ স্মৃতঃ। হৃদয়জ্ঞত্বমন্বিচ্ছন্ দম্যস্যেবার্ব্বতো মুহুঃ॥
২২। সাঙ্খ্যেন সর্ব্বভাবানাং প্রতিলোমানুলোমতঃ। ভবাপ্যয়াবনুধ্যায়েন্মনো যাবৎ প্রসীদতি॥
২৩। নিবিণ্ণস্য বিরক্তস্য পুরুষস্যোক্তবেদিনঃ। মনস্ত্যজতি দৌরাত্ম্যং চিন্তিতস্যানুচিন্তয়া॥
২৪। যমাদিভির্যোগপথৈরান্বীক্ষিক্যা চ বিদ্যয়া। মমার্চ্চোপাসনাভির্বা নান্যৈর্যোগ্যং স্মরেন্মনঃ॥
২৫। যদি কুর্য্যাৎ প্রমাদেন যোগী কর্ম্ম বিগর্হিতম্। যোগেনৈব দহেদংহো নান্যত্তত্র কদাচন॥

---

১৫ হংস-পক্ষী রহে ভববৃক্ষে করি' বাস।
যমদূতে কাটিয়া সমূলে করে' নাশ॥
বুঝিয়া ছাড়িব বৃক্ষ হংস মতিমান্।
নিজসুখে পরিপূর্ণ, নিরমল-জ্ঞান॥

১৬ রাত্রি-দিনে পরমায়ু-কাল মৃত্যু হরে'।
বুঝিয়া আকুল বুধ, কম্পিত অন্তরে॥
সর্ব্বসঙ্গ তেজি', সর্ব্ব-চেষ্টা পরিহরি'।
শান্ত হঞা রহে বুধ তত্ত্বে মন ধরি'॥

১৭ সর্ব্বশ্রেষ্ঠ কলেবর নরদেহ ধরি'।
সুলভ দুর্লভ, তবে ভবসিন্ধু-তরী॥
আমি অনুকূল বাত, গুরু—কর্ণধার।
তবে যদি নহে জীব ভব-সিন্ধু পার॥
আত্মঘাতী সেই পাপী, জানিব নিশ্চিত।
ভবকূপে নিপতিত, কেবল বঞ্চিত॥

১৮ সর্ব্বারম্ভ-পরিত্যাগী, নির্ব্বিণ্ণ সংসারে।
অভ্যাসে চঞ্চল মন রুধিব অন্তরে॥

১৯ যদি মন ধরিতে না পারে কদাচিত।
অনুরোধে মন বান্ধি' রাখিব পণ্ডিত॥

২০ মনোগতি না ছাড়িব, পবন-দুয়ার।
জিনিব ইন্দ্রিয়গণ, প্রাণ, অহঙ্কার॥
সত্ত্বগুণে মনোবশ করিব যতনে।

২১ এই সে পরম-যোগ—মনোনিরোধনে॥
চঞ্চল তুরঙ্গ যেন, বুঝি' তা'র মন।
অলপে অলপে রাখে করিয়া দমন॥
এইরূপে বশ করি' মন দুরাচার।
জনম-মরণ মাত্র দেখিব সভার॥

২২ যাবৎ চঞ্চল মন নহে ত প্রসন্ন।
তাবৎ দেখিব—সত্য নহে ত্রিভুবন॥

২৩ গুরু-উপদেশে যদি স্থিরচিত্ত হৈল।
সর্ব্বত্র বৈরাগ্য যদি কেবল জন্মিল॥
চিন্তিতে চিন্তিতে মন তেজে' দুর্ব্বাসনা।
স্থির হঞা রহে মন তেজিয়া কল্পনা॥

২৪ সংযম-নিয়ম-আদি যোগপথ সাধি'।
তত্ত্বজ্ঞানে মন বশ করে' নিরবধি॥
আমার মধুর-মূর্ত্তি করি' উপাসনা।
শ্রবণ, কীর্ত্তন, ধ্যান, অর্চ্চন, বন্দনা॥
এইরূপে বশ করি' মন-তুরঙ্গম।
আমার চরণে ধরি' করিব সংযম॥

২৫ যদি যোগী প্রমাদে নিন্দিত কর্ম্ম করে'।
দহিব সকল পাপ নিজ-যোগবলে॥

২৭। জাতশ্রদ্ধো মৎকথাসু নির্ব্বিণ্ণঃ সর্ব্বকর্ম্মসু। বেদ দুঃখাত্মকান্ কামান্ পরিত্যাগেঽপ্যনীশ্বরঃ॥
২৮। ততো ভজেত মাং প্রীতঃ শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ। জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্॥
২৯। প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো মাঽসকৃন্মুনেঃ। কামা হৃদয্যা নশ্যন্তি সর্ব্বে ময়ি হৃদি স্থিতে॥
৩০। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি ময়ি দৃষ্টেঽখিলাত্মনি॥
৩১। তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ। ন জ্ঞানং ন চ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ॥
৩২। যৎ কর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ। যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি॥
৩৩। সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা। স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্যদি বাঞ্ছতি॥
৩৪। ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হ্যেকান্তিনো মম। বাঞ্ছন্ত্যপি ময়া দত্তং কৈবল্যমপুনর্ভবম্॥
৩৫। নৈরপেক্ষ্যং পরং প্রাহুর্নিঃশ্রেয়সমনল্পকম্। তস্মান্নিরাশিষো ভক্তির্নিরপেক্ষস্য মে ভবেৎ॥
৩৬। ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ। সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্॥
৩৭। এবমেতান্ ময়া দিষ্টানন্তিষ্ঠন্তি মে পথঃ। ক্ষেমং বিন্দন্তি মৎস্থানং যদ্‌ব্রহ্ম পরমং বিদুঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে নিঃশ্রেয়সোপদেশো নাম বিংশোঽধ্যায়ঃ॥ ২০॥

---

২৭ আমার কথায় যা'র শ্রদ্ধা জনমিল।
সর্ব্বকর্ম্ম তেজিয়া নির্ব্বিণ্ণ যদি হৈল॥
যদি বিচারিল—কামভোগ দুঃখময়।
তেজিতে না পারে, রাগ দূর নাহি হয়॥

২৮ পীরিতি করিয়া তবে ভজিব আমারে।
হৃদয়ে নিশ্চল করি' শ্রদ্ধা-পুরস্কারে॥
কামভোগ পরকালে দেখি' দুঃখময়।
ভোগমাত্র করে', দুঃখ ভাবিয়া হৃদয়॥

২৯ ভক্তিভাবে নিরবধি সভে আমা' ভজে।
তবে আমি রহি তা'র হৃদয়-পঙ্কজে॥
হৃদিগত কাম তা'র সব দূরে যায়।
সংসার তরিতে এই উত্তম উপায়॥

৩০ আমাকে দেখিলা যে সকল-জীবময়।
হৃদিগত গ্রন্থি ছুটে, ছিণ্ডয়ে সংশয়॥
সর্ব্বকর্ম্ম-ক্ষয় তা'র হয় সেইক্ষণে।
এ বোল বুঝিয়া ভক্তি সাধিব যতনে॥

৩১ আমার ভকতিযুত যোগী মহাশয়।
জ্ঞান-বৈরাগ্যাদি তা'র যদি বা না হয়॥
পায় ভক্তিযোগে মুক্তিপদ-উপাদান।
এই-সে কারণে ভক্তি সাধে মতিমান্॥

৩২-৩৩ নানা-কর্ম্ম তপ-পুণ্য-দানধর্ম্ম সাধি'।
তবে জ্ঞান-বৈরাগ্য যতেক হয় সিদ্ধি॥
এইরূপে ভক্তিযোগে ভকত আমার।
সে-সকল সিদ্ধি লভে, সুখে হয় পার॥
স্বর্গ-অপবর্গ যদি বাঞ্ছে কদাচিত।
ভকত-জনের মিলে অশেষ বাঞ্ছিত॥

৩৪ আমার ভকত কিছু বাঞ্ছা নাহি করে'।
দিলেহ সম্পদ্ আমি, দূরে পরিহরে॥
কৈবল্য-সম্পদ্ আমি দিলেহ না লয়।

৩৫ সব-ঠাঞি নিরপেক্ষ, উদার-আশয়॥
নিরপেক্ষ, নিষ্কাম যে-জন মহামতি।
সেই সে আমাতে লভে একান্ত-ভকতি॥

৩৬ একান্ত-ভকত হয় যে-জন আমার।
শুভাশুভ, গুণ-দোষ একো নাহি তা'র॥
সমচিত্ত, সাধুবুদ্ধি, বচনের পার।
শুভাশুভ কর্ম্মে তা'র নাহি অধিকার॥

৩৭ আমি যে কহিলুঁ পথ, যে করে' আশ্রয়।
সর্ব্বত্র কল্যাণ, বিষ্ণুপদে গতি হয়॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
ভক্তিরস-সমুদিত প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং বিংশোঽধ্যায়ঃ॥ ২০॥

একবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। য এতান্ মৎপথো হিত্বা ভক্তিজ্ঞান-ক্রিয়াত্মকান্।
ক্ষুদ্রান্ কামাংশ্চলৈঃ প্রাণৈর্জুষন্তঃ সংসরন্তি তে॥

২। স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ত্তিতঃ। বিপর্য্যয়স্তু দোষঃ স্যাদুভয়োরেষ নিশ্চয়ঃ॥

৩। শুদ্ধ্যশুদ্ধী বিধীয়েতে সমানেষ্বপি বস্তুষু। দ্রব্যস্য বিচিকিৎসার্থং গুণদোষৌ শুভাশুভৌ।
ধর্ম্মার্থং ব্যবহারার্থং যাত্রার্থমিতি চানঘ!

৪। দর্শিতোঽয়ং ময়াচারো ধর্ম্মমুদ্বহতাং ধুরম্॥

৫। ভূম্যম্বগ্ন্যনিলাকাশা ভূতানাং পঞ্চ ধাবতঃ। আব্রহ্মস্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ॥

৬। বেদেন নামরূপাণি বিষমাণি সমেষ্বপি। ধাতুষূদ্ধব! কল্প্যন্ত এতেষাং স্বার্থসিদ্ধয়ে॥

৭। দেশকালাদিভাবানাং বস্তূনাং মম সত্তম! গুণদোষৌ বিধীয়েতে নিয়মার্থং হি কর্ম্মণাম্॥

৮। অকৃষ্ণসারো দেশানামব্রহ্মণ্যোঽশুচির্ভবেৎ। কৃষ্ণসারোঽপ্যসৌবীর-কীকটাসংস্কৃতেরিণম্॥

৯। কর্ম্মণ্যো গুণবান্ কালো দ্রব্যতঃ স্বত এব বা। যতো নিবর্ত্ততে কর্ম্ম স দোষোঽকর্ম্মকঃ স্মৃতঃ॥

১০। দ্রব্যস্য শুদ্ধ্যশুদ্ধী চ দ্রব্যেণ বচনেন চ। সংস্কারেণাথ কালেন মহত্ত্বাল্পতয়াথবা॥

[বরাড়ী-রাগ]

১ "এই সে আমার পথ ভকতি-লক্ষণ।
তত্ত্বজ্ঞান, বৈরাগ্য যাহাতে উতপন্ন॥
এ-পথ তেজিয়া যেবা ক্ষুদ্র-পথে চলে।
চঞ্চল জীবন পাইয়া কাম ভোগ করে'॥
গতাগত-দুঃখ দূর না হয় তাহার।
জনম-মরণ মাত্র, দুঃখ সভে সার॥

২ ভক্তি-জ্ঞানে গুণ-দোষ একোহি না ধরি।
কর্ম্ম-পথে গুণ-দোষ বুঝিয়া বিচারি॥
যা'র যে যে অধিকার, সেই 'গুণ' কহি।
নিজ-ধর্ম্ম-বিলঙ্ঘন, দোষ হয় সেহি॥

৩ দ্রব্যগত দোষ-গুণ করিয়া বিচার।
শুদ্ধাশুদ্ধ নিরূপিয়া করি ব্যবহার॥
ধর্ম্ম-ব্যবহার দেহ-ধারণ-কারণে।
আচার-কারণে ধর্ম্ম করি নিরূপণে॥

৪ ধর্ম্মপর-জনে এই দেখাই আচার।
ভক্তি-জ্ঞানে নাহি কভু কর্ম্ম-অধিকার॥

৫-৬ নানা নাম, রূপ তা'র বেদবাণী ধরে।
সকল সমান দ্রব্য, নানা-ভেদ করে'॥
পঞ্চভূত-দেহে করে' বিবিধ ভাবনা।
লোক-ব্যবহার-হেতু বিবিধ-কল্পনা॥

৭ দেশ-কাল-দ্রব্যগত নির্ণয় করিয়া।
দোষ-গুণ ধরি আমি দ্রব্য বিচারিয়া॥

৮ কৃষ্ণসারমৃগ-দ্বিজ-ভক্তিহীন দেশ।
সে দেশ বর্জ্জিব, তা'থে নাহি পুণ্যলেশ॥
সুপুরুষ বৈসে যথা, বৈসে কৃষ্ণসার।
পুণ্যতম সে দেশ, কর্ম্মের অধিকার॥
অঙ্গ-বঙ্গ-কলিঙ্গ সংস্কার-বর্জ্জিত।
যে দেশ ঊষরভূমি, সে দেশ পতিত॥

৯ শুদ্ধাশুদ্ধ বুঝি' কর্ম্ম করে' শুদ্ধকালে।
অশুদ্ধ সময়ে কর্ম্ম ফল নাহি ধরে॥
শুদ্ধকাল পাইয়া কর্ম্ম করে' বিচক্ষণ।
অশুদ্ধ সময়ে সর্ব্বকর্ম্ম-বিবর্জ্জন॥

১০ দ্রব্যগত শুদ্ধাশুদ্ধ করিয়া নির্ণয়।
শুদ্ধদ্রব্য দিয়া কর্ম্ম করে' শুদ্ধাশয়॥
কোন দ্রব্য শুদ্ধ হয় সলিল-প্রোক্ষণে।
কোন দ্রব্য শুদ্ধ হয় ব্রাহ্মণ-বচনে॥

১১। শক্ত্যাশক্ত্যাথবা বুদ্ধ্যা সমৃদ্ধ্যা চ যদাত্মনে। অঘং কুর্ব্বন্তি হি যথা দেশাবস্থানুসারতঃ॥
১২। ধান্য-দার্বস্থি-তন্তূনাং রসতৈজসচর্ম্মণাম্। কালবায্বগ্নিমৃত্তোয়ৈঃ পার্থিবানাং যুতাযুতৈঃ॥
১৪। স্নানদানতপোঽবস্থাবীর্য্য-সংস্কারকর্ম্মভিঃ। মৎস্মৃত্যা চাত্মনঃ শৌচং শুদ্ধঃ কর্ম্মাচরেদ্দ্বিজঃ॥
১৫। মন্ত্রস্য চ পরিজ্ঞানং কর্ম্মশুদ্ধির্মদর্পণম্। ধর্ম্মঃ সম্পদ্যতে ষড়্ভিরধর্ম্মস্তু বিপর্য্যয়ঃ॥

১৬। ক্বচিদ্গুণোঽপি দোষঃ স্যাদ্দোষোঽপি বিধিনা গুণঃ।
গুণদোষার্থনিয়মস্তদ্ভিদামেব বাধতে॥

১৭। সমানকর্ম্মাচরণং পতিতানাং ন পাতকম্। ঔৎপত্তিকো গুণঃ সঙ্গো ন শয়ানঃ পতত্যধঃ॥
১৮। যতো যতো নিবর্ত্তেত বিমুচ্যেত ততস্ততঃ। এষ ধর্ম্মো নৃণাং ক্ষেমঃ শোকমোহভয়াপহঃ॥
১৯। বিষয়েষু গুণাধ্যাসাৎ পুংসঃ সঙ্গস্ততো ভবেৎ। সঙ্গাত্তত্র ভবেৎ কামঃ কামাদেব কলির্নৃণাম্॥
২০। কলের্দুর্বিষহঃ ক্রোধস্তমস্তমনুবর্ত্ততে। তমসা গ্রস্যতে পুংসশ্চেতনা ব্যাপিনী দ্রুতম্॥

কোন দ্রব্য শুদ্ধ হয় সংস্কার-বিশেষে।
অশুদ্ধ জানিবে দ্রব্য অশুদ্ধ-পরশে॥
কোন দ্রব্য অশুদ্ধ পতিত-পরশনে।
কোন দ্রব্য দুষ্ট হয় অশুদ্ধ-বচনে॥
কোন দ্রব্য কালে শুদ্ধ, কালে দুষ্ট হয়।
এইরূপে শুদ্ধাশুদ্ধ করিব নির্ণয়॥

১১ অশৌচ-সময়ে হয় অশুদ্ধ সকল।
গ্রহণ-সময়ে হয় পবিত্র কেবল॥

১২ ধান্য, তৃণ, দারু শুদ্ধ হয় চিরকালে।
অস্থি, চর্ম্ম, ভূমি শুদ্ধ হয় রবিজালে॥
রস-দ্রব্য, ধাতু-দ্রব্য শুদ্ধ হুতাশনে।
পথ, ভূমি শুদ্ধ হয় আপ ও পবনে॥
গোময়-মার্জ্জনে শুদ্ধ অঙ্গন-চত্বর।
জল-মৃত্তিকায়ে শুদ্ধ বাহ্য কলেবর॥

১৪ স্নান, দান, তপ, শৌচ বিবিধ সংস্কারে।
বাহ্য কলেবর শুদ্ধ হয় নানা-পরকারে॥
আমার স্মরণে ধীর শোধিব অন্তর।
শুদ্ধ হৈয়া কর্ম্ম তবে সাধিব সকল॥

১৫ গুরুমুখে মন্ত্রজ্ঞান, মন্ত্রের শোধন।
কর্ম্ম শুদ্ধ আমার চরণে সমর্পণ॥
শুদ্ধ হৈঞা শুদ্ধ দ্রব্যে শুদ্ধ কর্ম্ম করি।
তবে সে পরমধর্ম্ম সাধিবারে পারি॥

শুদ্ধকালে শুদ্ধকর্ম্ম শুদ্ধদ্রব্য দিয়া।
বিচার না করে' শুদ্ধকর্ম্ম শুদ্ধ হৈঞা॥
সেই সে অধর্ম্ম হয় ধর্ম্ম-বিপরীত।

১৬ যেই গুণ, সেই দোষ, শুদ্ধ-বিবর্জ্জিত॥
যেই দোষ, সেই গুণ, বিধিযুত হৈলে।
গুণ-দোষ ধরি—বিধি-নিয়মের বলে॥

১৭ গুণ-দোষ যা'র যা'র সহজ আচার।
গুণ-দোষ নাহি তা'থে কুল-ব্যবহার॥
কর্ম্মদোষ পাতকীর পাতক না হয়।
সহজে পাতকী কর্ম্ম করে' দোষময়॥
সহজে পাতকী—হীন, পতিত, চণ্ডাল।
সুরাপান-আদি করে' নিন্দিত-আচার॥
পাতকীর পাতক না হয় দুরাচারে।
আছাড়ে পড়িলে আর না পড়ে আছাড়ে॥

১৮ যা'তে যা'তে হৈতে লোক হয় নিবর্ত্তন।
তা'তে তা'তে হৈতে তা'র হয় বিমোচন॥
এই সে পরমধর্ম্ম দুঃখ-নিবারণে।

১৯ বিষয়ে আসক্তি হয় বিষয়-ধেয়ানে॥
আসক্তি জন্মিলে কাম বাঢ়ে অনুক্ষণ।
কাম বাঢ়াইলে সব হরয়ে চেতন॥
কাম জনমিলে বাঢ়ে বিরোধ-কোন্দল।

২০ কোন্দল বাঢ়িলে ক্রোধ বাঢ়ে নিরন্তর॥

২১। তয়া বিরহিতঃ সাধো! জন্তুঃ শূন্যায় কল্পতে। ততোঽস্য স্বার্থবিভ্রংশো মূচ্ছিতস্য মৃতস্য চ॥
২২। বিষয়াভিনিবেশেন নাত্মানং বেদ নাপরম্। বৃক্ষজীবিকয়া জীবন্ ব্যর্থং ভস্ত্রেব যঃ শ্বসন্॥
২৩। ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরম্। শ্রেয়োবিবক্ষয়া প্রোক্তং যথা ভৈষজ্যরোচনম্॥
২৪। উৎপত্ত্যৈব হি কামেষু প্রাণেষু স্বজনেষু চ। আসক্তমনসো মর্ত্ত্যা আত্মনোঽনর্থহেতুষু॥
২৫। ন তানবিদুষঃ স্বার্থং ভ্রাম্যতো বৃজিনাধ্বনি। কথং যুঞ্জ্যাৎ পুনস্তেষু তাংস্তমো বিশতো বুধঃ?
২৬। এবং ব্যবসিতং কেচিদবিজ্ঞায় কুবুদ্ধয়ঃ। ফলশ্রুতিং কুসুমিতাং ন বেদজ্ঞা বদন্তি হি॥
২৭। কামিনঃ কৃপণা লুব্ধাঃ পুষ্পেষু ফলবুদ্ধয়ঃ। অগ্নিমুগ্ধা ধূমতান্তাঃ স্বং লোকং ন বিদন্তি তে॥
২৮। ন তে মামঙ্গ! জানন্তি হৃদিস্থং য ইদং যতঃ। উক্থশস্ত্রা হ্যসুতৃপো যথা নীহারচক্ষুষঃ॥
২৯। তে মে মতমবিজ্ঞায় পরোক্ষং বিষয়াত্মকাঃ। হিংসায়াং যদি রাগঃ স্যাদ্যজ্ঞ এব ন চোদনা॥
৩০। হিংসাবিহারা হ্যালব্ধৈঃ পশুভিঃ স্বসুখেচ্ছয়া। যজন্তে দেবতা যজ্ঞৈঃ পিতৃ-ভূতপতীন্ খলাঃ॥
৩১। স্বপ্নোপমমমুং লোকমসন্তং শ্রবণপ্রিয়ম্। আশিষো হৃদি সঙ্কল্প্য ত্যজন্ত্যর্থান্ যথা বণিক্॥

তমোগুণে তবে তা'র চেতন সংহারে।
২১ চেতন হরিলে রহে শূন্য কলেবরে॥
এই হেতু কামী পাপ করে' নিরন্তর।
কামে বশ হঞা পড়ে নরক-ভিতর॥
বুদ্ধিভ্রম হয় তা'র মূর্চ্ছিত-সমান।
২২ মৃত-তুল্য নিজ-পর না হয় গেয়ান॥
বৃক্ষপ্রায় ব্যর্থ জীয়ে যেন চর্ম্মকোষ।
বিষয়ের সঙ্গে এহি-সব নানা দোষ॥
২৩ যত ফলশ্রুতি শুনি, যত কর্ম্মফল।
কর্ম্ম-রুচি-হেতু মাত্র জানিব সকল॥
পরিত্রাণ-হেতু কিছু নহে ফলশ্রুতি।
তত্ত্ব না বুঝিয়া ফল কহে জড়মতি॥
রোগ-নিবারণ-হেতু ঔষধ খাওয়াই।
খণ্ড-লাড়ু দিয়া যেন ছাওয়াল ভাণ্ডাই॥
এইমত ফলশ্রুতি মূর্খ বুঝাইতে।
প্রবর্ত্ত করায় বেদ মূর্খে কর্ম্মপথে॥
২৪ জনমিয়া মাত্র জীব কামভোগে রত।
আকুল হৃদয়, ধন-সুত-দারগত॥
অনর্থ-কারণ—ধন-সুত-পরিবার।
ইহাতে আকুল-চিত্ত সহজে সভার॥
তত্ত্ব বিস্মরিয়া ভ্রমে' এ ঘোর সংসারে।
২৫ সহজে অবুধ লোক কর্ম্মপথে চলে॥

তবে কেনে নিয়োজিব পুণ্য-কর্ম্মপথে?
আপনে পণ্ডিত বেদ জানেন সাক্ষাতে॥
২৬ বেদতত্ত্ব না জানিয়া কুপণ্ডিতগণে।
কুসুমিত ফলশ্রুতি তত্ত্ব করি' মানে'॥
অজ্ঞান পণ্ডিত তা'রা জ্ঞানে বিমোহিত।
২৭ পুষ্প-ফলশ্রুতি ধরে কৃপণ, বঞ্চিত॥
কামলোভে মূঢ়মতি, করে' মধু পান।
নিজলোক, পরলোক নাহি ভেদজ্ঞান॥
২৮ এ-সবে আমাকে না জানিল কদাচিত।
হৃদিগত প্রভু আমি সাক্ষাতে বিদিত॥
প্রাণ-মাত্র তৃপিত করয়ে বেদ-জড়।
বিষয়-ধেয়ানে চিত্ত আকুল কেবল॥
২৯ আমার সম্মত পথ এই সুনিশ্চিত।
তত্ত্ব না বুঝিয়া ফল মানে' কুপণ্ডিত॥
যদি হিংসা করিব, ছাড়িতে নাহি পারে।
তবে পশু হিংসিব কেবল যজ্ঞকালে॥
নহে বেদবিধি, তাহে আছে কথঞ্চিত।
বেদতত্ত্ব না বুঝিয়া ভ্রমে' কুপণ্ডিত॥
৩০ পশুবধ কৌতুকে করয়ে যে-যে জনা।
নানা যজ্ঞে দেব-পিতৃ করে' আরাধনা॥
৩১ ইহলোক, পরলোক স্বপন-সমান।
দেখিতে শুনিতে মাত্র প্রিয় হেন ভান॥

৩২। রজঃসত্ত্বতমোনিষ্ঠা রজঃসত্ত্বতমোজুষঃ। উপাসত ইন্দ্রমুখ্যান্ দেবাদীন্ ন যথৈব মাম্॥
৩৩। ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈর্গত্বা রংস্যামহে দিবি। তস্যান্ত ইহ ভূয়াস্ম মহাশালা মহাকুলাঃ॥
৩৪। এবং পুষ্পিতয়া বাচা ব্যাক্ষিপ্তমনসাং নৃণাম্। মানিনাঞ্চাতিলুব্ধানাং মদ্বার্ত্তাপি ন রোচতে॥
৩৫। বেদা ব্রহ্মাত্মবিষয়াস্ত্রিকাণ্ডবিষয়া ইমে। পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষং মম চ প্রিয়ম্॥
৩৬। শব্দব্রহ্ম সুদুর্ব্বোধং প্রাণেন্দ্রিয়মনোময়ম্। অনন্তপারং গম্ভীরং দুর্বিগাহ্যং সমুদ্রবৎ॥
৩৭। ময়োপবৃংহিতং ভূম্না ব্রহ্মণানন্তশক্তিনা। ভূতেষু ঘোষরূপেণ বিসেষূর্ণেব লক্ষ্যতে॥
৩৮। যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণামুদ্বমতে মুখাৎ। আকাশাদ্ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শরূপিণা॥
৩৯। ছন্দোময়োঽমৃতময়ঃ সহস্রপদবীং প্রভুঃ। ওঙ্কারাদ্ব্যঞ্জিতস্পর্শস্বরোষ্মান্তঃস্থভূষিতাম্॥
৪০। বিচিত্রভাষাবিততাং ছন্দোভিশ্চতুরুত্তরৈঃ। অনন্তপারাং বৃহতীং স্বজত্যাক্ষিপতে স্বয়ম্॥
৪১। কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ? ইত্যস্যা হৃদয়ং লোকে নান্যো মদ্বেদ কশ্চন॥
৪২। মাং বিধত্তেঽভিধত্তে মাং বিকল্প্যাপোহ্যতে ত্বহম্। এতাবান্ সর্ব্ববেদার্থঃ শব্দ আস্থায় মাং ভিদাম্॥
মায়ামাত্রমনূদ্যান্তে প্রতিষিধ্য প্রসীদতি॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে একবিংশোঽধ্যায়ঃ॥ ২১॥

ইহার কারণে নানা প্রাণী বধ করে'।
ধনের কারণে নিজ-ধন পরিহরে॥
সঙ্কল্প করিয়া ধন তেজে' আপনার।
ধন দিয়া ধন যেন কিনে বাণিজার॥

৩২ রজোগুণে তমোগুণে হরয়ে চেতনা।
ইন্দ্র-আদি দেবগণে করে' উপাসনা॥
শ্রদ্ধা নাহি করে' চিত্তে আমার ভজনে।
নানা যজ্ঞে করে' দেব-পিতৃ-আরাধনে॥
৩৩ এই অনুমান করে' চিত্তের ভিতরে।
'এথা থাকি' দেব-পিতৃ ভজি নিরন্তরে॥
এই পুণ্যে স্বর্গভোগ করিব বিহার।
এথা আসি' জনম লভিব আরবার॥
মহাকুল, মহাধন, দিব্য ঘর-পুরে।
এহিরূপে বিহরিব কত কত বারে॥'
৩৪ এই পরকারে চিত্ত ভ্রমে' নিরবধি।
পুষ্পিত-বচনে উপজয়ে ফল-বুদ্ধি॥
কামেতে ব্যাকুল চিত্ত, বাঢ়ে মদ-মান।
স্তব্ধ হঞা করে' দ্বিজ-গুরু অবজ্ঞান॥
আছুক আমার ভক্তি সাধিব সে জনে।
আমার পবিত্র-কথা না শুনে শ্রবণে॥

৩৫ কর্ম্মকাণ্ড, দেবকাণ্ড, জ্ঞানকাণ্ড, শ্রুতি।
ব্রহ্মপর সর্ব্ববেদ, ব্রহ্মেতে উৎপত্তি॥
পরমুখে ব্রহ্মমাত্র পরোক্ষে বুঝায়।
সাক্ষাতে না কহে, পর-দ্বারেতে দেখায়॥
৩৬ শব্দব্রহ্ম বেদ যেন সমুদ্র বিশাল।
দুর্ব্বোধ, গম্ভীর বেদ, নাহি অন্ত-পার॥
৩৭ পরিপূর্ণ ব্রহ্ম আমি, অনন্ত-শকতি।
আমাতে আশ্রিত, আমা' হইতে উৎপত্তি॥
অনন্ত-চরিত, নানা-স্বরভেদ শ্রুতি।
কে বুঝিবে বেদতত্ত্ব স্থূল-সূক্ষ্ম-গতি?
৩৮-৩৯ ষট্‌চক্র ভেদিয়া নাদ উঠে ব্রহ্মময়।
সেই নাদে নানা বর্ণ-স্বর-ভেদ হয়॥
গদ্য-পদ্য-ছন্দোময় বিবিধ ভাষণ।
৪০ নানা ছন্দ, স্বর-ভাষা করে' নিরূপণ॥
৪২ কিবা করে', কিবা বোলে বিবিধ-কল্পনা।
বেদ-অভিপ্রায় বুঝে, আছে কোন্ জনা?
সভে আমি বিচক্ষণ বেদতত্ত্ব জানি।
আমা'-বিনে কে আর বুঝিবে বেদবাণী?
৪৩ আমাকে বুঝায় বেদ নানা ভেদ কহি'।
মায়া-মাত্র সকল দেখায় আমা' বহি॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। কতি তত্ত্বানি বিশ্বেশ! সংখ্যাতান্যৃষিভিঃ প্রভো? নবৈকাদশ পঞ্চ ত্রীণ্যাত্থ ত্বমিহ শুশ্রুম॥
২। কেচিৎ ষড়্বিংশতিং প্রাহুরপরে পঞ্চবিংশতিম্। সপ্তৈকে নব ষট্ কেচিচ্চত্বার্য্যেকাদশাপরে।
কেচিৎ সপ্তদশ প্রাহুঃ ষোড়শৈকে ত্রয়োদশ॥
৩। এতাবত্ত্বং হি সংখ্যানামৃষয়ো যদ্বিবক্ষয়া। গায়ন্তি পৃথগায়ুষ্মন্নিদং নো বক্তুমর্হসি॥

শ্রীভগবানুবাচ

৪। যুক্তঞ্চ সন্তি সর্ব্বত্র ভাষন্তে ব্রাহ্মণা যথা। মায়াং মদীয়ামুদ্গৃহ্য বদতাং কিং নু দুর্ঘটম্?
৫। নৈতদেবং যথাত্থ ত্বং যদহং বচ্মি তত্তথা। এবং বিবদতাং হেতুং শক্তয়ো মে দুরত্যয়াঃ॥
২৫। ইতি নানাপ্রসংখ্যানং তত্ত্বানামৃষিভিঃ কৃতম্। সর্ব্বং ন্যায্যং যুক্তিমত্ত্বাদ্বিদুষাং কিমশোভনম্?

না বুঝিয়া বেদতত্ত্ব জড়মতি-জনে।
তর্কবলে বহুবিধ কল্পিত বাখানে॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
সব পরিহরি', ভাই! কৃষ্ণে ধর' আশা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকবিংশোঽধ্যায়ঃ॥ ২১॥

[ভাটিয়ারী-রাগ]

১-২ উদ্ধব পুছিলা তবে তত্ত্ব জানিবারে।
"এক তত্ত্ব কিবা, কৃষ্ণ! বহু পরকারে॥
নানা-পরকার তত্ত্ব বলে' মুনিগণে।
কেহ—ছয়, সাত, চারি, একাদশ মানে'॥
পঁচিশ, ছাব্বিশ, কেহ বলে'—সপ্তদশ।
কেহ বলে'—নব, একাদশ, ত্রয়োদশ॥
কেহ বলে'—তত্ত্বভেদ ষোড়শ প্রকার।
নব, একাদশ, তিন সম্মত আমার॥
তিন-পাঁচ-নব-একাদশ তত্ত্ব-বিনে।
আন নাহি শুনি, নাথ! তোমার বদনে॥
৩ নানা-পরকার তত্ত্ব মুনিগণে কহে।
সব সত্য কিবা, নাথ! নানা ভেদ নহে?"
৪ ভৃত্যের বচন শুনি' দেব চূড়ামণি।
কহিতে লাগিলা চিত্তগত ভ্রম জানি'॥
"সব ঠাঞি যুক্তিমূল কহে মুনিগণে।
বচনে দুর্ঘট কিছু নাহি ত্রিভুবনে॥
৫ বিমোহিত মুনিগণ মায়ায় আমার।
তর্কবলে বোলে তত্ত্ব নানা-পরকার॥
কুতর্ক-বিবাদ-বলে নানা শক্তি ধরে।
নানা ভেদতত্ত্ব কহে নানা-পরকারে॥
মুনিগণে তত্ত্ব কহে নানা-পরকার।
আমি যে কহিলুঁ তত্ত্ব, সেইমাত্র সার॥
২৫ বিবাদ-বচনে তর্ক বাঢ়ে অতিশয়।
তে-কারণে মুনিগণে নানা ভেদ কয়॥
সভার বচনে আছে যুকতি-ঘটনা।
তে-কারণে কা'র বাক্য না করি খণ্ডনা॥
আমার মায়ায় মুনি নানা-শক্তি বলে'।
সভার বচন আমি স্থাপি যুক্তিমূলে॥
তিলেক বিচ্ছেদ নাহি পুরুষ-ঈশ্বরে।
বিকল্প-কল্পনা ব্যর্থ জ্ঞানহীন করে'॥
তথাপি সভার আমি স্থাপিয়ে বচন।
মতভেদ-যুক্তি কহে সব মুনিগণ॥
শক্তিভেদে তত্ত্ব ঘটে যত-পরকার।
কহিলুঁ সকল সার করিয়া বিচার॥

শ্রীউদ্ধব উবাচ

২৬। প্রকৃতিঃ পুরুষশ্চোভৌ যদ্যপ্যাত্মবিলক্ষণৌ। অন্যোঽন্যাপাশ্রয়াৎ কৃষ্ণ! দৃশ্যতে ন ভিদা তয়োঃ।
প্রকৃতৌ লক্ষ্যতে হ্যাত্মা প্রকৃতিশ্চ তথাত্মনি॥

২৭। এবং মে পুণ্ডরীকাক্ষ! মহান্তং সংশয়ং হৃদি। ছেত্তুমর্হসি সর্ব্বজ্ঞ! বচোভির্নয়নৈপুণৈঃ॥

২৮। ত্বত্তো জ্ঞানং হি জীবানাং প্রমোষস্তেঽত্র শক্তিতঃ। ত্বমেব হ্যাত্মমায়ায়া গতিং বেত্থ ন চাপরঃ॥

শ্রীভগবানুবাচ

২৯। প্রকৃতিঃ পুরুষশ্চেতি বিকল্পঃ পুরুষর্ষভ! এষ বৈকারিকঃ সর্গো গুণব্যতিকরাত্মকঃ॥

৩০। মমাঙ্গ! মায়া গুণময্যনেকধা, বিকল্পবুদ্ধিশ্চ গুণৈর্বিধত্তে।
বৈকারিকস্ত্রিবিধোঽধ্যাত্মমেক,-মথাধিদৈবমধিভূতমন্যৎ॥

শ্রীউদ্ধব উবাচ

৩৫। ত্বত্তঃ পরাবৃত্তধিয়ঃ স্বকৃতৈঃ কর্ম্মভিঃ প্রভো! উচ্চাবচান্ যথা দেহান্ গৃহ্ণন্তি বিসৃজন্তি চ॥

৩৬। তন্মমাখ্যাহি গোবিন্দ! দুর্বিভাব্যমনাত্মভিঃ।
ন হ্যেতৎ প্রায়শো লোকে বিদ্বাংসঃ সন্তি বঞ্চিতাঃ॥

শ্রীভগবানুবাচ

৩৭। মনঃ কর্ম্মময়ং নৃণামিন্দ্রিয়ৈঃ পঞ্চভির্যুতম্। লোকাল্লোকং প্রযাত্যন্য আত্মা তদনুবর্ত্ততে॥

৩৮। ধ্যায়ন্মনোঽনু বিষয়ান্ দৃষ্টান্ বানুশ্রুতানথ। উদ্যৎ সীদৎ কর্ম্মতন্ত্রং স্মৃতিস্তদনু শাম্যতি॥

যুক্তিমূল ন্যায়বাণী শুনিতে শোভন।
পণ্ডিত-জনের নাহি দুর্ঘট বচন॥"

২৬ ঈশ্বরের বচন শুনিঞা গুণময়।
উদ্ধব জিজ্ঞাসে তবে ভাবিয়া বিস্ময়॥
"ঈশ্বরের ভিন্ন যদি পুরুষ-প্রকৃতি।
অন্যোঽন্যে আশ্রয় দুহে একত্র বসতি॥
পুরুষে প্রকৃতি থাকে, প্রকৃতি পুরুষে।
দুহার বিচ্ছেদ নাহি, দুহে দুহা বসে॥

২৭ চিত্তের সংশয় মোর ছেদহ, শ্রীহরি!
গোবিন্দ! পুণ্ডরীকাক্ষ! পুরুষকেশরী!

২৮ তোমার মায়ায় সর্ব্বজীব বিমোহিত।
তোমার কৃপায় জ্ঞান হৃদয়ে উদিত॥
সর্ব্বজীব-আত্মা তুমি, জান' মায়াগতি।
জ্ঞানগম্য গুরু তুমি, সর্ব্বজীব-পতি॥"

২৯-৩০ এতেক বচন শুনি' দৈবকীনন্দন।
পুরুষ-প্রকৃতি-গত কহিলা কারণ॥
প্রকৃতি-পুরুষ-গত সংযোগ-বিচ্ছেদ।
বিস্তারিয়া কহিলা সকল গুণভেদ॥
পুরুষ-প্রকৃতি-ভেদ করিয়া নির্ণয়।
নিজ-ভৃত্য উদ্ধবে বুঝাইলা কৃপাময়॥

৩৫ তবে আর পুছিলা উদ্ধব মতিমান্।
"মোর নিবেদন, নাথ! কর' অবধান॥
তোমার বিমুখ-জন নানা-দেহ ধরে।
কর্ম্মপথে গতাগত-দুঃখ ভোগ করে'॥
কিরূপে শরীর ধরে, তেজে' কোন্ রূপে?
গতাগত-দুঃখ ভোগ করে' কর্ম্মপাকে॥

৩৬ কৃপা যদি কর', নাথ! ভকতবৎসল!
কহ, দেব! গোবিন্দ! মাধব! দামোদর!"

৩৭ উদ্ধবের বচন শুনিঞা যদুনাথ।
জীবগতি কহে প্রভু ভৃত্যের সাক্ষাত॥
"মনে নানা-কর্ম্ম সৃজে, মন কর্ম্মময়।
যে দেহে সঞ্চরে মন, জন্ম তথা হয়॥
পাছে পাছে চলে' আত্মা, যথা চলে' মন।
অহঙ্কারে বদ্ধ আত্মা, অদৃষ্ট-কারণ॥

৩৮ বিষয়-ধেয়ানে মন নানা-মনোরথে।
ইন্দ্রপদ, সুরপদ চিন্তে স্মৃতিপথে॥

৩৯। বিষয়াভিনিবেশেন নাত্মানং যৎ স্মরেৎ পুনঃ। জন্তোর্বৈ কস্যচিদ্ধেতোর্মৃত্যুরত্যন্তবিস্মৃতিঃ॥
৪০। জন্ম ত্বাত্মতয়া পুংসঃ সর্ব্বভাবেন ভূরিদ! বিষয়স্বীকৃতিং প্রাহুর্যথা স্বপ্নমনোরথঃ॥
৪১। স্বপ্নং মনোরথঞ্চেত্থং প্রাক্তনং ন স্মরত্যসৌ। তত্র পূর্ব্বমিবাত্মানমপূর্ব্বঞ্চানুপশ্যতি॥
৪৭। নিষেকগর্ভজন্মানি বাল্যকৌমারযৌবনম্। বয়োমধ্যং জরা মৃত্যুরিত্যবস্থাস্তনোর্নব॥
৫৪। যথাম্ভসা প্রচলতা তরবোঽপি চলা ইব। চক্ষুষা ভ্রাম্যমাণেন দৃশ্যতে ভ্রমতীব ভূঃ॥
৫৫। যথা মনোরথধিয়ো বিষয়ানুভবো মৃষা। স্বপ্নদৃষ্টাশ্চ দাশার্হ! তথা সংসার আত্মনঃ॥
৫৬। অর্থে হ্যবিদ্যমানেঽপি সংস্তির্ন নিবর্ত্ততে। ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা॥
৫৭। তস্মাদুদ্ধব! মা ভুঙ্ক্ষ্ব বিষয়ানসদিন্দ্রিয়ৈঃ। আত্মগ্রহণনির্ভাতং পশ্য বৈকল্পিকং ভ্রমম্॥
৫৮। ক্ষিপ্তোঽবমানিতোঽসদ্ভিঃ প্রলব্ধোঽসূয়িতোঽথবা।
তাড়িতঃ সন্নিরুদ্ধো বা বৃত্ত্যা বা পরিহাপিতঃ॥
৫৯। নিষ্ঠিতো মূত্রিতো বাজ্ঞৈর্বহুধৈবং প্রকম্পিতঃ। শ্রেয়স্কামঃ কৃচ্ছ্রগত আত্মনাত্মানমুদ্ধরেৎ॥

শ্রীউদ্ধব উবাচ

৬০। যথৈবমনুবুধ্যেয়ং বদ নো বদতাং বর!
৬১। সুদুঃসহমিমং মন্য আত্মন্যসদতিক্রমম্। বিদুষামপি বিশ্বাত্মন্! প্রকৃতির্হি বলীয়সী।
ঋতে ত্বদ্ধর্ম্মনিরতান্ শান্তাংস্তে চরণালয়ান্॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে দ্বাবিংশোঽধ্যায়ঃ॥ ২২॥

রাজপদ, সুখভোগ দেখিয়া ধেয়ায়।
চিন্তিতে চিন্তিতে মন সর্ব্বত্র বেড়ায়॥
৩৯ চিন্তিতে যথায় গিয়া স্থির হয় মন।
সেইক্ষণে পূর্ব্বদেহ হয় বিস্মরণ॥
একান্ত প্রবেশ গিয়া পরদেহে করে'।
অতিশয় বিস্মরণ পূর্ব্ব-কলেবরে॥
পূর্ব্বদেহ পাসরিয়া পরদেহ-সঙ্গ।
এই মৃত্যু জীবের—পূরব-স্মৃতিভঙ্গ॥
পূর্ব্বদেহ পরিত্যাগ পরদেহ ধরি'।
সর্ব্বভাবে রহে মন আত্মভাব করি'॥
৪০-৪১ জীবের জনম—এই শরীর-স্বীকার।
পূর্ব্ব পাসরিয়া পর-শরীরে সঞ্চার॥
স্বপ্ন-মনোরথে জীব যে-যে রূপ ধরে।
সেই সেই রূপ ধরি' পূরব পাসরে॥
জনম-মরণ দুই—এক নহে সাঁচা।
জাগিলে স্বপন যেন সব হয় মিছা॥
৪৭ জন্ম-আদি মরণ পর্য্যন্ত জীবধর্ম্ম।
কহিলুঁ, উদ্ধব! সব বিচারিয়া মর্ম্ম॥
৫৪ তরু, গিরি কাঁপে যেন জলের কম্পনে।
পৃথিবী ভ্রময়ে যেন আঁখির ভ্রমণে॥
৫৫-৫৬ স্বপনে অনর্থ যেন কেবল ভরম।
এইরূপ দুই মিথ্যা জনম-মরণ॥
৫৭ বুঝিয়া, উদ্ধব! তুমি চিত্ত স্থির কর'।
বিষয়-আপদ-পদ দূরে পরিহর'॥
কিছু সত্য নহে, সব বিকল্প-কল্পিত।
ভ্রম পরিহর', তুমি স্থির কর' চিত॥
৫৮-৫৯ অধিক্ষেপ, কেহ যদি করে' অপমান।
ভৎর্সন, তাড়ন, কেহ করে' অবজ্ঞান॥
স্তুতি, পূজা করে', কেহো করে' উপহাস।
কেহো বান্ধে, কেহো মারে, কেহো ধননাশ॥
খোলায় খাপরে কেহো ধূলা ফেলি' মারে।
মুতিয়া ভরায় অঙ্গ, কেহো বায়ু ছাড়ে॥
তথাপি না চলে ধীর, গভীর-আশয়।
অদৃষ্ট মানিঞা চিত্ত স্থির হঞা রয়॥"
৬০ উদ্ধব পুছিলা তবে মনে পাঞা ভয়।
৬১ "কে হেন পুরুষ আছে, এত দুঃখ সয়?

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

১। স এবমাশংসিত উদ্ধবেন, ভাগবতমুখ্যেন দাশার্হমুখ্যঃ।
সভাজয়ন্ ভৃত্যবচো মুকুন্দ,-স্তমাবভাষে শ্রবণীয়বীর্য্যঃ॥

শ্রীভগবানুবাচ

২। বার্হস্পত্য! স নাস্ত্যত্র সাধুর্বৈ দুর্জ্জনেরিতৈঃ। দুরুক্তৈর্ভিন্নমাত্মানং যঃ সমাধাতুমীশ্বরঃ॥
৩। ন তথা তপ্যতে বিদ্ধঃ পুমান্ বাণৈস্তু মর্ম্মগৈঃ। যথা তুদন্তি মর্ম্মস্থা হ্যসতাং পরুষেষবঃ॥
৪। কথয়ন্তি মহৎপুণ্যমিতিহাসমিহোদ্ধব! তমহং বর্ণয়িষ্যামি নিবোধ সুসমাহিতঃ॥
৬। অবন্তিষু দ্বিজঃ কশ্চিদাসীদাঢ্যতমঃ শ্রিয়া। বার্ত্তাবৃত্তিঃ কদর্য্যস্তু কামী লুব্ধোঽতিকোপনঃ॥
৭। জ্ঞাতয়োঽতিথয়স্তস্য বাত্মাত্রেণাপি নার্চ্চিতাঃ। শূন্যাবসথ আত্মাপি কালে কামৈরনর্চ্চিতঃ॥
৮। দুঃশীলস্য কদর্য্যস্য দ্রুহ্যন্তে পুত্রবান্ধবাঃ। দারা দুহিতরো ভৃত্যা বিষণ্ণা নাচরন্ প্রিয়ম্॥
৯। তস্যৈবং যক্ষবিত্তস্য চ্যুতস্যোভয়লোকতঃ। ধর্ম্মকামবিহীনস্য চুক্রুধুঃ পঞ্চভাগিনঃ॥

কুবচন-শরে যা'র বিন্ধিল মরমে।
চিত্ত নিবারিব, হেন আছে কোন্ জনে?
থাকুক অন্যের কাজ, ভ্রমে' বুধজনে।
তোমার পদারবিন্দ-সুধারস-পানে॥

নিরবধি মত্ত মহাজনগণ-বিনে।
কে এত সহিব দুঃখ, বচন-প্রহার?
এহি বড়, নাথ! মোর চিত্তে চমৎকার॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-বাণী।
কৃষ্ণগুণ-সমুদিত প্রেমতরঙ্গিণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং দ্বাবিংশোঽধ্যায়ঃ॥ ২২॥

[ললিত-রাগ]

১ উদ্ধবের বচন শুনিঞা দামোদর।
ভৃত্য প্রশংসিয়া কৃষ্ণ কি দিলা উত্তর?
২ "ভাল তুমি কহিলে, উদ্ধব! মতিমান্।
যে তুমি কহিলে – সত্য, কভু নহে আন॥
চিত্ত সমাধিতে পারে দুর্জ্জন-বচনে।
এমন পুরুষ নাহি এ-তিন ভুবনে॥
৩ রিপু-বাণে অঙ্গ যদি হয় জর-জর।
তভু ত' না হয় দুঃখ চিত্তে তত বড়॥
যেরূপ দুর্জ্জন-কুবচন-তীক্ষ্ণবাণে।
অন্তর ভেদিয়া সব বিন্ধে মর্ম্মস্থানে॥
৪ কিন্তু এক মহাপুণ্য আছে ইতিহাস।
তোমার সাক্ষাতে আমি করিব প্রকাশ॥

৬ অবন্তিনগরে এক আছিল ব্রাহ্মণ।
দম্ভাচার, কামী, লোভী, ক্রোধপরায়ণ॥
কুবৃত্তি করিয়া ধন উপার্জ্জন করে'।
বাণিজ্য-বন্ধক-কৃষি ধার-উপধারে॥
৭ জ্ঞাতি-বন্ধু-অতিথি না সেবে কদাচিত।
বাক্য-মাত্রে ব্রাহ্মণ না করে' পরহিত॥
৮ দুঃশীল, কদর্য্য বিপ্র, দুষ্ট, দুরাচার।
দাস-দাসী, ভরণ না করে' পুত্র-দার॥
৯ কা'রেও না দেয় বিপ্র, আপনে না খায়।
যক্ষবৎ ধন রাখে, আকুল সদায়॥
এইরূপে বঞ্চিত রহিল কথোকাল।
ক্রুদ্ধ হইল জ্ঞাতি-বন্ধু-ভৃত্য-সুত-দার

১১। জ্ঞাতয়ো জগৃহুঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্দস্যব উদ্ধব! দৈবতঃ কালতঃ কিঞ্চিদ্ব্রহ্মবন্ধোর্নৃপার্থিবাৎ ॥
১২। স এবং দ্রবিণে নষ্টে ধর্ম্মকামবিবর্জ্জিতঃ। উপেক্ষিতশ্চ স্বজনৈশ্চিন্তামাপ দুরত্যয়াম্ ॥
১৩। তস্যৈবং ধ্যায়তো দীর্ঘং নষ্টরায়স্তপস্বিনঃ। খিদ্যতো বাষ্পকণ্ঠস্য নির্ব্বেদঃ সুমহানভূৎ ॥
১৪। স চাহেদমহো কষ্টং বৃথাত্মা মেঽনুতাপিতঃ। ন ধর্ম্মায় ন কামায় যস্যার্থায়াস ঈদৃশঃ ॥
১৫। প্রায়েণার্থাঃ কদর্য্যাণাং ন সুখায় কদাচন। ইহ চাত্মোপতাপায় মৃতস্য নরকায় চ ॥
১৭। অর্থস্য সাধনে সিদ্ধ উৎকর্ষে রক্ষণে ব্যয়ে। নাশোপভোগ আয়াসস্ত্রাসশ্চিন্তা ভ্রমো নৃণাম্ ॥
১৮। স্তেয়ং হিংসানৃতং দম্ভঃ কামঃ ক্রোধঃ স্ময়ো মদঃ। ভেদো বৈরমবিশ্বাসঃ সংস্পর্দ্ধা ব্যসনানি চ ॥
১৯। এতে পঞ্চদশানর্থা হ্যর্থমূলা মতা নৃণাম্। তস্মাদনর্থমর্থাখ্যং শ্রেয়োঽর্থী দূরতস্ত্যজেৎ ॥
২০। ভিদ্যন্তে ভ্রাতরো দারাঃ পিতরঃ সুহৃদস্তথা। একাত্মিঘ্নাঃ কাকিণিনা সদ্যঃ সর্ব্বেঽরয়ঃ কৃতাঃ ॥
২১। অর্থেনাল্পীয়সা হ্যেতে সংরব্ধা দীপ্তমন্যবঃ। ত্যজন্ত্যাশু স্পৃধো ঘ্নন্তি সহসোৎসৃজ্য সৌহৃদম্ ॥
২২। লব্ধ্বা জন্মামরপ্রার্থ্যং মানুষ্যং তদ্দ্বিজাগ্র্যতাম্। তদনাদৃত্য যে স্বার্থং ঘ্নন্তি যান্ত্যশুভাং গতিম্ ॥
২৩। স্বর্গাপবর্গয়োর্দ্বারং প্রাপ্য লোকমিমং পুমান্।
দ্রবিণে কোঽনুষজ্জেত মর্ত্ত্যোঽনর্থস্য ধামনি?

---

১১ কথো ধন হরি' নিল পুত্র-পরিবারে।
দাস-দাসী, কথো ধন নিল দস্যু-চোরে ॥
আগুনে পুড়িল, কথো জলে নষ্ট হৈল।

১২ নানাপাকে ব্রাহ্মণের সব-ধন গেল ॥
পুত্র-দারে তেজিল, তেজিল বন্ধুগণে।
দাস-দাসী তেজি' গেল, নিজ-পরিজনে ॥
চিন্তিতে লাগিল বিপ্র মনে পাঞা খেদ।
ধননাশ হইল, বন্ধু-বান্ধব-বিচ্ছেদ ॥

১৩ চিন্তিতে চিন্তিতে বিপ্র পড়িল সংশয়।
অন্তরে বৈরাগ্য হৈল হেনই সময় ॥

১৪ 'ধিক্ ধিক্ জন্ম মোর, জনম বিফল।
আপনার দোষে হৈলুঁ আপনে বিকল ॥
ব্যর্থ নিজ কলেবর পোড়াইলুঁ তাপে।
সর্ব্বত্র বঞ্চিত হৈলুঁ নিজ-কর্ম্মপাকে ॥

১৫ পুত্র-মিত্র-কলত্র, বান্ধব-পরিবার।
বৃথা দুঃখ দিয়া ধন সঞ্চিলুঁ অপার ॥
ধর্ম্ম-কাম তেজিলুঁ, সকল সুখভোগ।
প্রায় ধন হৈল মোর বিনাশের যোগ ॥
ইহলোকে সর্ব্বনাশ কৈলুঁ আপনার।
পরলোকে কেবল নরকমাত্র সার ॥

১৭ অর্জ্জিতে, সাধিতে, ধন করিতে সঞ্চয়।
খাইতে, বাঢ়াইতে ধন, ব্যয়-অপচয় ॥
শ্রম, চিন্তা, ভ্রম, ভয় এই মাত্র সার।
ধন হৈতে সর্ব্বনাশ হয় আপনার ॥

১৮ চুরি, হিংসা, মিথ্যা, দম্ভ, কাম, ক্রোধ, গর্ব্ব।
মদ, ভেদ, বৈর, অবিশ্বাস, ধনদর্প ॥

১৯ এ-সব অনর্থ হয় ধনের কারণে।
এ-বোল বুঝিয়া ধন ত্যজে বুধজনে ॥

২০-২১ ধন হৈতে ভ্রাতৃভেদ, পিতাপুত্রভেদ।
পুত্র-দার-পরিবার করায় বিচ্ছেদ ॥
অল্প কারণে হরে' সকল মহিমা।
অল্প হেতুতে হয় মর্য্যাদা-লঙ্ঘনা ॥
অল্প কারণে বৈর বাঢ়ে নিরন্তর।
অল্প কারণে বাঢ়ে বিরোধ-কন্দল ॥

২২ একে ত মানুষ-জন্ম, তাহে দ্বিজকুলে।
অমর-নগরবাসী যাহা বাঞ্ছা করে' ॥
হেন জন্ম পাঞা তা'তে কৈলুঁ অনাদর।
ধনের কারণে মুঞি তেজিলুঁ সকল ॥

২৩ স্বর্গ-অপবর্গ-হেতু মানুষ-জনম।
তাহা উপেখিলুঁ মুঞি ধনের কারণ ॥

২৪। দেবর্ষিপিতৃভূতানি জ্ঞাতীন্ বন্ধূংশ্চ ভাগিনঃ। অসংবিভজ্য চাত্মানং যক্ষবিত্তঃ পতত্যধঃ॥
২৫। ব্যর্থয়ার্থেহয়া বিত্তং প্রমত্তস্য বয়ো বলম্। কুশলা যেন সিধ্যন্তি জরঠঃ কিং নু সাধয়ে?
২৬। কস্মাৎ সংক্লিশ্যতে বিদ্বান্ ব্যর্থয়ার্থেহয়াসকৃৎ। কস্যচিন্মায়য়া নূনং লোকোঽয়ং সুবিমোহিতঃ॥
২৭। কিং ধনৈর্ধনদৈর্বা কিং কামৈর্বা কামদৈরুত। মৃত্যুনা গ্রস্যমানস্য কর্ম্মভির্বোত জন্মদৈঃ?
২৮। নূনং মে ভগবাংস্তুষ্টঃ সর্ব্বদেবময়ো হরিঃ। যেন নীতো দশামেতাং নির্ব্বেদশ্চাত্মনঃ প্লবঃ॥
২৯। সোঽহং কালাবশেষেণ শোষয়িষ্যেঽঙ্গমাত্মনঃ।
অপ্রমত্তোঽখিলস্বার্থে যদি স্যাৎ সিদ্ধ আত্মনি॥
৩০। তত্র মামনুমোদেরন্ দেবাস্ত্রিভুবনেশ্বরাঃ। মুহূর্ত্তেন ব্রহ্মলোকং খট্বাঙ্গঃ সমসাধয়ৎ॥

শ্রীভগবানুবাচ

৩১। ইত্যভিপ্রেত্য মনসা হ্যবন্ত্যো দ্বিজসত্তমঃ। উন্মুচ্য হৃদয়গ্রন্থীন্ শান্তো ভিক্ষুরভূন্মুনিঃ॥
৩২। স চচার মহীমেতাং সংযতাত্মেন্দ্রিয়ানিলঃ। ভিক্ষার্থং নগরগ্রামানসঙ্গোঽলক্ষিতোঽবিশৎ॥
৩৩। তং বৈ প্রবয়সং ভিক্ষুমবধূতমসজ্জনাঃ। দৃষ্ট্বা পর্য্যভবন্ ভদ্র! বহ্বীভিঃ পরিভূতিভিঃ॥
৩৪। কেচিল্লিবেণুং জগৃহুরেকে পাত্রং কমণ্ডলুম্। পীঠঞ্চৈকেঽক্ষসূত্রঞ্চ কন্থাং চীরাণি কেচন।
প্রদায় চ পুনস্তানি দর্শিতান্যাদদুর্মুনেঃ॥
৩৫। অন্নঞ্চ ভৈক্ষ্যসম্পন্নং ভুঞ্জানস্য সরিত্তটে। মূত্রয়ন্তি চ পাপিষ্ঠাঃ ষ্ঠীবন্ত্যস্য চ মূর্দ্ধনি॥

---

২৪ দেব-ঋষি-পিতৃগণে না পূজিলুঁ ধনে।
সকল তেজিলুঁ মুঞি ধনের কারণে॥
দেবধর্ম্ম তেজিলুঁ, তেজিলুঁ বন্ধুগণ।
আপনা বঞ্চিলুঁ মুঞি হঞা যক্ষাধম॥

২৫ বয়স টুটিল মোর, ব্যর্থ গেল কাল।
ধননাশ হৈল, এবে কি করিব আর?

২৬ ঈশ্বর-মায়ায়ে লোক সব বিমোহিত।
ধন-হেতু বৃথা দুঃখ পায় কুপণ্ডিত॥

২৭ ধনে বা ধনিকে আর কোন্ প্রয়োজন?
কাল-মৃত্যু-মুখে মুঞি পড়িলুঁ এখন॥

২৮ নিশ্চয় জানিলুঁ তুষ্ট হৈলা নারায়ণ।
বৈরাগ্য জন্মিল মোর নিস্তার-কারণ॥
পূর্ব্বপুণ্যে মিলে মোর হেন পুণ্যদশা।
তেজিলুঁ সকল মুঞি ধন-জন-আশা॥

২৯ সাধিব সকল, সিদ্ধি হৈব উপাদান।
খণ্ডিব দুর্গতি মোর, হ'ব পরিত্রাণ॥

৩০ আছিলা খট্বাঙ্গ-নামে এক মহীপাল।
তিলেক সাধিয়া সিদ্ধি, হৈলা ভবে পার॥
মুঞি আজি মনে দঢ়াইলুঁ সে যুকতি।
সাধিব সকল সিদ্ধি, তরিব দুর্গতি॥'

৩১ এ বোল বুঝিয়া বিপ্র চলিল সত্বরে।
শান্ত-দান্ত হঞা পৃথ্বী পর্য্যটন করে'॥

৩২ অলক্ষিতে ভ্রমে' দ্বিজ অবধূতবেশে।
ভিক্ষা-হেতু পুর-গ্রাম-নগর প্রবেশে'॥

৩৩ ভিক্ষুক-ব্রাহ্মণ বৃদ্ধ, বসন মলিন।
অবধূত-বেশ ধরে, জাতি-বর্ণহীন॥
দুর্গত দেখিয়া কেহ করে' অবজ্ঞান।
দুষ্টগণে বেঢ়ি' করে' নানা অপমান॥

৩৪ কেহ দণ্ড-কমণ্ডলু কাঢ়ি' লৈয়া যায়।
যজ্ঞসূত্র ছিণ্ডি' কেহো সত্বরে ফেলায়॥
কেহো ভাঙ্গা বস্ত্রখানি, কাঁথা কাঢ়ি' লয়'।
হাসিয়া খেদায় কেহো, ভৎর্সে অতিশয়॥

৩৫ মাগিয়া যে-কিছু বিপ্র আনে' অন্নজল।
মুতিয়া ভাসায় কেহো তাহার উপর॥
অধোবায়ু ছাড়ে কেহ সম্মুখে আসিয়া।
মারিয়া বোলায় কেহ, বোল না দেখিয়া॥

৩৬। যতবাচং বাচয়ন্তি তাড়য়ন্তি ন বক্তি চেৎ। তর্জ্জয়ন্ত্যপরে বাগ্‌ভিঃ স্তেনোঽয়মিতিবাদিনঃ।
বধ্নন্তি রজ্জ্বা তং কেচিদ্বধ্যতাং বধ্যতামিতি॥

৩৭। ক্ষিপন্ত্যেকেঽবজানন্ত এষ ধর্ম্মধ্বজঃ শঠঃ। ক্ষীণবিত্ত ইমাং বৃত্তিমগ্রহীৎ স্বজনোজ্ঝিতঃ॥

৩৮। অহো এষ মহাসারো ধৃতিমান্ গিরিরাড়িব। মৌনেন সাধয়ত্যর্থং বকবদ্দৃঢ়নিশ্চয়ঃ॥

৩৯। ইত্যেকে বিহসন্ত্যেনমেকে দুর্বাতয়ন্তি চ। তং ববন্ধুর্নিরুরুধুর্যথা ক্রীড়নকং দ্বিজম্॥

৪০। এবং স ভৌতিকং দুঃখং দৈবিকং দৈহিকঞ্চ যৎ। ভোক্তব্যমাত্মনো দিষ্টং প্রাপ্তং প্রাপ্তমবুধ্যত॥

৪১। পরিভূত ইমাং গাথামগায়ত নরাধমৈঃ। পাতয়দ্ভিঃ স্বধর্ম্মস্থো ধৃতিমাস্থায় সাত্ত্বিকীম্॥

শ্রীদ্বিজ উবাচ

৪২। নায়ং জনো মে সুখদুঃখহেতু-র্ন দেবতাত্মা গ্রহকর্ম্মকালাঃ।
মনঃ পরং কারণমামনন্তি, সংসারচক্রং পরিবর্ত্তয়েদ্‌যৎ॥

৪৩। মনো গুণান্ বৈ সৃজতে বলীয়,-স্ততশ্চ কর্ম্মাণি বিলক্ষণানি।
শুক্লানি কৃষ্ণান্যথ লোহিতানি, তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ো ভবন্তি॥

৪৫। দানং স্বধর্ম্মো নিয়মো যমশ্চ, শ্রুতঞ্চ কর্ম্মাণি চ সদ্‌ব্রতানি।
সর্ব্বে মনোনিগ্রহলক্ষণান্তাঃ, পরো হি যোগো মনসঃ সমাধিঃ॥

৪৬। সমাহিতং যস্য মনঃ প্রশান্তং, দানাদিভিঃ কিং বদ তস্য কৃত্যম্?
অসংযতং যস্য মনো বিনশ্য,-দ্দানাদিভিশ্চেদপরং কিমেভিঃ?

৪৭। মনোবশেঽন্যে হ্যভবন্ স্ম দেবা, মনশ্চ নান্যস্য বশং সমেতি।
ভীষ্মো হি দেবঃ সহসঃ সহীয়ান্, যুঞ্জ্যাদ্বশে তং স হি দেবদেবঃ॥

---

৩৬ তর্জ্জন-গর্জ্জন করে', ভৎর্সন-তাড়ন।
ধর', মার' করে' কেহো, বন্ধন-মারণ॥

৩৭ 'সর্ব্বনাশ হৈল, তেজি' গেল বন্ধুগণে।
কপটে সন্ন্যাস-বেশ ধরে তে-কারণে॥

চুরি জানি করে' বিপ্র, কা'র ঘরে বৈসে।
মারিয়া খেদাহ, যেন এথাতে না আইসে॥

৩৮ বকবৎ চাহে বিপ্র মৌন আচরিয়া।
কা'র ঘরে চুরি জানি করে' প্রবেশিয়া?'

৩৯ এই বলি' দুষ্টজনে খেদায় তরাস।
কেহ মারে, কেহ বান্ধে, কেহো পরিহাস॥

৪০ ধৈর্য্য অবলম্বি' বিপ্র মনে দুঃখী নহে।
অদৃষ্ট মানিয়া বিপ্র সব দুঃখ সহে॥

যখনে যে হয়, বিপ্র না করে' বিচার।
অদৃষ্ট-অধীন দুঃখ মিলে বার-বার॥

৪১ ধৈর্য্য অবলম্বি' বিপ্র কহে এই কথা।

৪২ 'কা'র কভু কেহ নহে সুখ-দুঃখদাতা॥
সুখ-দুঃখ-হেতু নহে এ লোক আমার।
ন দেব, ন গ্রহগণ, নহে কর্ম্ম-কাল॥
সুখ-দুঃখ-কারণ—কেবলমাত্র মন।
সুখ-দুঃখ দুই মিথ্যা, মনোময় ভ্রম॥

৪৩ মনে দোষগুণ সৃজে, মনে নানা কর্ম্ম।
মনে সুখ-দুঃখ সৃজে, মনে নানা ধর্ম্ম॥

৪৫ মন নিরোধিলে হয় সব নিরোধন।
মন বশ হৈলে বশ হয় ত্রিভুবন॥
সমাধি-ধারণা-ধ্যান, করি' ব্রত-দান।
কত পরকারে করি মন সমাধান॥

৪৬ শত্রু-মিত্র, নিজ-পর—মনের কল্পনা।
মন সে সৃজিতে পারে দুর্ঘট-ঘটনা॥

৪৭ চঞ্চল, দুর্জ্জয় মন, শত্রু মহাবলী।
মন নিরোধিলে সব নিরোধিতে পারি॥

৪৮। তং দুর্জ্জয়ং শত্রুমসহ্যবেগ,-মরুন্তুদং তন্ন বিজিত্য কেচিৎ।
কুর্ব্বন্ত্যসদ্বিগ্রহমত্র মর্ত্ত্যৈ,-র্মিত্রাণ্যুদাসীন-রিপূন্ বিমূঢ়াঃ॥

৪৯। দেহং মনোমাত্রমিমং গৃহীত্বা, মমাহমিত্যন্ধধিয়ো মনুষ্যাঃ।
এষোঽহমন্যোঽয়মিতি ভ্রমেণ, দুরন্তপারে তমসি ভ্রমন্তি॥

৫০। জনস্য হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ, কিমাত্মনশ্চাত্র হি ভৌময়োস্তৎ।
জিহ্বাং ক্বচিৎ সন্দশতি স্বদন্তি,-স্তদ্বেদনায়াং কতমায় কুপ্যেৎ?

৫১। দুঃখস্য হেতুর্যদি দেবতাস্তু, কিমাত্মনস্তত্র বিকারয়োস্তৎ?
যদঙ্গমঙ্গেন নিহন্যতে ক্বচিৎ, ক্রুধ্যেত কস্মৈ পুরুষঃ স্বদেহে?

৫৩। গ্রহা নিমিত্তং সুখদুঃখয়োশ্চেৎ, কিমাত্মনোঽজস্য জনস্য তে বৈ?
গ্রহৈর্গ্রহস্যৈব বদন্তি পীড়াং, ক্রুধ্যেত কস্মৈ পুরুষস্ততোঽন্যঃ?

৫৪। কর্ম্মাস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ, কিমাত্মনস্তদ্ধি জড়াজড়ত্বে?
দেহস্ত্বচিৎ পুরুষোঽয়ং সুপর্ণঃ, ক্রুধ্যেত কস্মৈ ন হি কর্ম্মমূলম্?

৫৫। কালস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ, কিমাত্মনস্তত্র তদাত্মকোঽসৌ?
নাগ্নেহি তাপো ন হিমস্য তৎ স্যাৎ, ক্রুধ্যেত কস্মৈ ন পরস্য দ্বন্দ্বম্?

৫৬। ন কেনচিৎ ক্বাপি কথঞ্চনাস্য, দ্বন্দ্বোপরাগঃ পরতঃ পরস্য।
যথাহমঃ সংসৃতিরূপিণঃ স্যা,-দেবং প্রবুদ্ধো ন বিভেতি ভূতৈঃ॥

৫৭। এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠা,-মধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং, তমো মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়ৈব॥

---

৪৮ দুরন্ত দুর্জ্জয় শত্রু না জানিঞা মন।
মিথ্যা শত্রু-মিত্র করি' মরে মূঢ়জন॥

৪৯ অসত্য মানুষ-তনু পাঞা মনোময়।
মুঞি, মোর করিয়া বঞ্চিত দুরাশয়॥
অন্ধমতি হঞা ফিরে দুরন্ত-সংসারে।
শত্রু-মিত্র, নিজ-পর অকারণে করে'॥

৫০ সুখ-দুঃখদাতা কেহো নাহি ত্রিভুবনে।
মিছা কাজে শত্রু-মিত্র করে' অকারণে॥
আপনার জিহ্বা কাটে আপন-দশনে।
করিব কাহাকে ক্রোধ বুদ্ধি-অনুমানে?

৫১ এক দেহে আর দেহ করে' অপকার।
কি দোষ জীবের তা'থে, জীব নির্ব্বিকার॥
এক অঙ্গ আপনার আর অঙ্গে হানে।
বুঝ দেখি, কা'রে ক্রোধ করিব তখনে?

৫৩ যদি বল',—গ্রহদোষে সুখ-দুঃখ মিলে।
সেহ মিছা, এক গ্রহ আর গ্রহ পীড়ে॥

৫৪ কর্ম্ম—সুখ-দুঃখ-হেতু, সেহ সত্য নয়।
আত্মা নিরমল ব্রহ্ম, নিত্য, সুখময়॥

৫৫ যদি বল',—সুখ-দুঃখ হয় কালে-কালে।
আত্মার কি দায় তা'থে, কালে সব হরে'॥
সুখ-দুঃখ নাহি তা'থে, দেখ জড়ময়।
পরমপুরুষ আত্মা, হংস, নিরাশ্রয়॥

৫৬ কা'র সুখ, কা'র দুঃখ, কেবা নিজ-পর?
বিচারে বুঝিলুঁ—এই অনিত্য সকল॥
অহঙ্কারে বন্দী জীব এ-ঘোর সংসারে।
শত্রু-মিত্র, সুখ-দুঃখ মানে' অহঙ্কারে॥'

৫৭ এতেক বলিয়া বিপ্র মনে কৈলা সার।
'শ্রীহরি-চরণ বিনে না চিন্তিব আর॥'

শ্রীভগবানুবাচ

৫৮। **নির্ব্বিদ্য নষ্টদ্রবিণো গতক্লমঃ, প্রব্রজ্য গাং পর্য্যটমান ইত্থম্।**
নিরাকৃতোঽসদ্ভিরপি স্বধর্ম্মাৎ, অকম্পিতোঽমুং মুনিরাহ গাথাম্॥

৬০। **তস্মাৎ সর্ব্বাত্মনা তাত! নিগৃহাণ মনো ধিয়া। ময্যাবেশিতয়া যুক্ত এতাবান্ যোগসংগ্রহঃ॥**

৬১। **য এতাং ভিক্ষুণা গীতাং ব্রহ্মনিষ্ঠাং সমাহিতঃ। ধারয়ন্ শ্রাবয়ন্ শৃণ্বন্ দ্বন্দ্বৈর্নাভিভূয়তে॥**

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রীভিক্ষুগীতা নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥ ২৩॥

---

৫৮ নষ্টধন হৈয়া বিপ্র নিরমল-চিতে।
পৃথ্বী-পর্য্যটন বিপ্র করে' হরষিতে॥
মুকুন্দ-পদারবিন্দ করিয়া চিন্তন।
বিষ্ণুপদে প্রবেশিলা, ছুটিল বন্ধন॥

৬০ এ-বোল বুঝিয়া, বাপু! সব পরিহর।
আমাতে অর্পিয়া মন স্থির করি' ধর'॥

৬১ ভিক্ষুগীতা পুণ্যময়ী যে করায়ে শ্রবণ।
শ্রদ্ধা করি' ধরে, শুনে, যে করে' পঠন॥
কাম-ক্রোধ খণ্ডে' তা'র, সুখ-দুঃখ নাশ।
নিজ-সুখে পরিপূর্ণ, বিষ্ণুপদে বাস॥"
ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
গদাধর-পদরজ পরম-ভরসা॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥ ২৩॥

চতুর্বিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। **অথ তে সম্প্রবক্ষ্যামি সাংখ্যং পূর্ব্ববিনিশ্চিতম্। যদ্বিজ্ঞায় পুমান্ সদ্যো জহ্যাদ্বৈকল্পিকং ভ্রমম্॥**

২। **আসীজ্জ্ঞানমথো অর্থ একমেবাবিকল্পিতম্। যদা বিবেকনিপুণা আদৌ কৃতযুগেঽযুগে॥**

৩। **তন্মায়াফলরূপেণ কেবলং নির্ব্বিকল্পিতম্। বাঙ্মনোঽগোচরং সত্যং দ্বিধা সমভবদ্বৃহৎ॥**

৪। **তয়োরেকতরো হ্যর্থঃ প্রকৃতিঃ সোভয়াত্মিকা। জ্ঞানং ত্বন্যতমো ভাবঃ পুরুষঃ সোঽভিধীয়তে॥**

৫। **তমো রজঃ সত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ। ময়া প্রক্ষোভ্যমাণায়াঃ পুরুষানুমতেন চ॥**

৬। **তেভ্যঃ সমভবৎ সূত্রং মহান্ সূত্রেণ সংযুতঃ।**
ততো বিকুর্ব্বতো জাতো যোঽহঙ্কারো বিমোহনঃ॥

[মল্লার-রাগ]

১ "সাঙ্খ্যযোগ কহি, বৎস! কর' অবধান।
তুমি ভৃত্য, প্রিয়, সখা, ভকত-প্রধান॥

২ বিকল্প-বর্জ্জিত জ্ঞান আছিল প্রথমে।
বিবেকপ্রধান লোক আছিল তখনে॥

জ্ঞানময় ব্রহ্ম আদিযুগ সত্যযুগে।

৩ সেই ব্রহ্ম দুই রূপ হৈলা দুই ভাগে॥

৪ এক ভাগে হৈলা মায়া প্রকৃতি-স্বরূপা।
সৃষ্টি-স্থিতি-প্রলয়কারিণী জড়রূপা॥
আর ভাগে হৈলা মহাপুরুষ ঈশ্বর।
দুই ব্রহ্ম নিরমল ব্রহ্মাণ্ড-মণ্ডল॥

৫-৬ প্রকৃতির তিন-গুণ—সত্ত্ব, রজ, তম।
তিন-গুণ হৈতে হৈল সূত্র উতপন্ন॥
সূত্রযুত হৈয়া তবে মহৎ জন্মিল।
তাহা হৈতে গুণময় অহঙ্কার হৈল॥

৭। বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবৃৎ। তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ॥
৮। অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ। তৈজসাদ্দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ॥
৯। ময়া সঙ্ঘোদিতা ভাবাঃ সর্ব্বে সংহত্যকারিণঃ। অণ্ডমুৎপাদয়ামাসুর্ময়তনমুত্তমম্॥
১০। তস্মিন্নহং সমভবমণ্ডে সলিলসংস্থিতৌ। মম নাভ্যামভূৎ পদ্মং বিশ্বাখ্যং তত্র চাত্মভূঃ॥
১১। সোঽসৃজত্তপসা যুক্তো রজসা মদনুগ্রহাৎ।
লোকান্ সপালান্ বিশ্বাত্মা ভূর্ভুবঃ স্বরিতি ত্রিধা॥
১২। দেবানামোক আসীৎ স্বর্ভুবস্তাবাঞ্চ ভুবঃ পদম্।
মর্ত্ত্যাদীনাঞ্চ ভূর্লোকঃ সিদ্ধানাং ত্রিতয়াৎ পরম্॥
১৩। অধোঽসুরাণাং নাগানাং ভূমেরোকোঽসৃজৎ প্রভুঃ।
ত্রিলোক্যাং গতয়ঃ সর্ব্বাঃ কর্ম্মণাং ত্রিগুণাত্মনাম্॥
১৪। যোগস্য তপসশ্চৈব ন্যাসস্য গতয়োঽমলাঃ। মহর্জনস্তপঃ সত্যং ভক্তিযোগস্য মদ্গতিঃ॥
১৫। ময়া কালাত্মনা ধাত্রা কর্ম্মযুক্তমিদং জগৎ। গুণপ্রবাহ এতস্মিন্নুন্মজ্জতি নিমজ্জতি॥
১৬। অণুর্বৃহৎ কৃশঃ স্থূলো যো যো ভাবঃ প্রসিধ্যতি। সর্ব্বোঽপ্যুভয়সংযুক্তঃ প্রকৃত্যা পুরুষেণ চ॥

---

৭ তিন-ভাগে অহঙ্কার হৈল তিন-গুণে।
পঞ্চ-বিষয় হৈল তমোময় হনে॥
৮ একাদশ ইন্দ্রিয় রাজস-অহঙ্কারে।
বৈকৃতে দেবতাগণ জন্মিল সংসারে॥
৯ এ-সব জন্মিয়া কেহ একত্র না হয়।
তবে আমি প্রবেশিনু সভার হৃদয়॥
সকলে মিলিয়া তবে সৃজিল ব্রহ্মাণ্ড।
হেমময় আমার বিহার-ক্রীড়াভাণ্ড॥
১০ জলের উপরে ভাসে ব্রহ্মাণ্ডমণ্ডল।
আপনে রহিলুঁ আমি তাহার ভিতর॥
পদ্ম জনমিল নাভি-বিবরে আমার।
তা'থে জনমিলা ব্রহ্মা আদি-অবতার॥
১১ রজোগুণে জনমিয়া ব্রহ্মা সুরেশ্বর।
দিব্য তপ কৈলা, দিব্য শতেক বৎসর॥
অনুগ্রহ আমার লভিয়া সেইকালে।
সৃষ্টি করে' প্রজাপতি বিবিধ-প্রকারে॥
চৌদ্দ-ভুবন ব্রহ্মা ব্রহ্মাণ্ড-ভিতরে।
সৃজিলা সকল দেব দিব্য-তপোবলে॥
১২ স্বর্লোক সৃজিলা ব্রহ্মা দেবের বসতি।
ভূর্লোক সৃজিলা, তা'থে মর্ত্ত্য-লোক-স্থিতি॥
ভুবর্লোক সৃজে, যা'থে ভূত-প্রেতগতি।
তাহার উপরে সৃষ্টি করে' প্রজাপতি॥
সিদ্ধগণ, যোগিগণ যাহাতে সঞ্চরে।
সৃষ্টি করে' ব্রহ্মা তিন লোকের উপরে॥
১৩ পৃথিবীর তলে ব্রহ্মা সৃজিলা পাতাল।
অসুর-পন্নগ-নাগ যাহাতে সঞ্চার॥
এই তিন লোক-মাঝে ভ্রমে' কর্ম্মিগণ।
১৪ যোগি-সন্ন্যাসীর হয় উপরে গমন॥
মহর্লোক-জনস্তপঃ-সত্যলোকে স্থিতি।
ভক্তিযোগে আমার বৈকুণ্ঠলোকে গতি॥
১৫ ব্রহ্মারূপে সৃজি আমি এ-লোক-আধার।
কালরূপে করি আমি জগত সংহার॥
অনিত্য সংসার, গুণযুত, কর্ম্মময়।
ইহাতে মজিয়া দুঃখ ভুঞ্জে অতিশয়॥
১৬ স্থূল-সূক্ষ্ম,তৃণ-রেণু, স্থাবর-জঙ্গম।
মায়া-বিনির্ম্মিত সব এ চৌদ্দ ভুবন॥
সভাতে ঈশ্বর বৈসে, সর্ব্বত্র সমান।
অনিত্য সংসার, মাত্র সত্য ভগবান্॥

১৭। যস্তু যস্যাদিরন্তশ্চ স বৈ মধ্যঞ্চ তস্য সন্। বিকারো ব্যবহারার্থো যথা তৈজসপার্থিবাঃ॥
১৮। যদুপাদায় পূর্ব্বস্তু ভাবো বিকুরুতেঽপরম্। আদিরন্তো যদা যস্য তৎ সত্যমভিধীয়তে॥
১৯। প্রকৃতির্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ। সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তত্ত্রিতয়ন্ত্বহম্॥
২০। সর্গঃ প্রবর্ত্ততে তাবৎ পৌর্ব্বাপর্য্যেণ নিত্যশঃ। মহান্ গুণবিসর্গার্থঃ স্থিত্যন্তো যাবদীক্ষণম্॥
২১। বিরাণ্ময়াসাদ্যমানো লোককল্পবিকল্পকঃ। পঞ্চত্বায় বিশেষায় কল্পতে ভুবনৈঃ সহ॥
২২। অন্নে প্রলীয়তে মর্ত্ত্যমন্নং ধানাসু লীয়তে। ধানা ভূমৌ প্রলীয়ন্তে ভূমির্গন্ধে প্রলীয়তে॥
২৩। অপ্সু প্রলীয়তে গন্ধ আপশ্চ স্বগুণে রসে। লীয়তে জ্যোতিষি রসো জ্যোতী রূপে প্রলীয়তে॥
২৪। রূপং বায়ৌ স চ স্পর্শে লীয়তে সোঽপি চাম্বরে। অম্বরং শব্দ-তন্মাত্র ইন্দ্রিয়াণি স্বযোনিষু॥
২৫। যোনির্বৈকারিকে সৌম্য লীয়তে মনসীশ্বরে। শব্দো ভূতাদিমপ্যেতি ভূতাদির্মহতি প্রভুঃ॥
২৬। স লীয়তে মহান্ স্বেষু গুণেষু গুণবত্তমঃ। তেঽব্যক্তে সম্প্রলীয়ন্তে তৎ কালে লীয়তেঽব্যয়ে॥
২৭। কালো মায়াময়ে জীবে জীব আত্মনি ময্যজে। আত্মা কেবল আত্মস্থো বিকল্পাপায়লক্ষণঃ॥
২৮। এবমন্বীক্ষমাণস্য কথং বৈকল্পিকো ভ্রমঃ। মনসো হৃদি তিষ্ঠেত ব্যোম্নীবার্কোদয়ে তমঃ?
২৯। এষ সাংখ্যবিধিঃ প্রোক্তঃ সংশয়গ্রন্থিভেদনঃ। প্রতিলোমানুলোমাভ্যাং পরাবরদৃশা ময়া॥

ইতি শ্রীমদ্ভাগবতে···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে সাংখ্যযোগো নাম চতুর্বিংশোঽধ্যায়ঃ॥ ২৪॥

১৭-১৮ ব্যবহার-হেতুমাত্র যতেক বিকার।
আদি, অন্ত, মধ্য সত্য—এই মাত্র সার॥

১৯ প্রকৃতি—জনমভূমি, পুরুষ—আধার।
বিশ্ব-প্রকাশের হেতু—নিরাশ্রয় কাল॥

২০ এইরূপে সৃষ্টি হয়, ব্রহ্মাণ্ড-ঘটন।
যাবৎ কটাক্ষে আমি করি নিরীক্ষণ॥

২১ ভুরুক্ষেপে আমি যদি করি অভিলাষ।
তিলেকে ব্রহ্মাণ্ড-ঘট সব যায় নাশ॥

২২-২৬ যাহা হৈতে যা'র যা'র উতপতি হয়।
তা'র তা'র হয় গিয়া তাহাতে প্রলয়॥
সকল প্রবেশ করে' প্রকৃতি-ভিতরে।
২৭ কালরূপে দেবমায়া প্রকৃতি সঞ্চরে॥
কালের প্রলয় হয় জীব-মহেশ্বরে।
আমাতে প্রবেশে' জীব নির্গুণ কেবলে॥
তবে আমি কেবল আপনে মাত্র থাকি।
আমি-বিনে আর কিছু বিচারে না লখি॥
আপনার আপানে আশ্রয়, নিরাধার।
আমি-বিনে অবশেষে কিছু নাহি আর॥

২৮-২৯ এই সাঙ্খ্যযোগ, বৎস! সংশয়-ভেদন।
চিত্তগত-ভ্রম-হর, কৈবল্য-কারণ॥
নিরন্তর এহি যদি করয়ে সন্ধান।
অজ্ঞান-বিচ্ছেদ হয়, স্ফুরে দিব্যজ্ঞান॥"
ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং চতুর্বিংশোঽধ্যায়ঃ॥ ২৪॥

পঞ্চবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। গুণানামসমিশ্রাণাং পুমান্ যেন যথা ভবেৎ। তন্মে পুরুষবর্য্যেদমুপধারয় শংসতঃ॥
২। শমো দমস্তিতিক্ষেক্ষা তপঃ সত্যং দয়া স্মৃতিঃ। তুষ্টিস্ত্যাগোঽস্পৃহা শ্রদ্ধা হ্রীর্দয়াদিঃ স্বনির্বৃতিঃ॥
৩। কাম ঈহা মদস্তৃষ্ণা স্তম্ভ আশীর্ভিদা সুখম্। মদোৎসাহো যশঃ প্রীতির্হাস্যং বীর্য্যং বলোদ্যমঃ॥
৪। ক্রোধো লোভোঽনৃতং হিংসা যাচ্ঞা দম্ভঃ ক্লমঃ কলিঃ।
শোকমোহৌ বিষাদার্ত্তী নিদ্রাশা ভীরনুদ্যমঃ॥
৫। সত্ত্বস্য রজসশ্চৈতাস্তমসশ্চানুপূর্ব্বশঃ। বৃত্তয়ো বর্ণিতপ্রায়াঃ সন্নিপাতমথো শৃণু॥
৭। ধর্ম্মে চার্থে চ কামে চ যদ্যসৌ পরিনিষ্ঠিতঃ। গুণানাং সন্নিকর্ষোঽয়ং শ্রদ্ধারতিধনাবহঃ॥
৮। প্রবৃত্তিলক্ষণে নিষ্ঠা পুমান্ যর্হি গৃহাশ্রমে। স্বধর্ম্মে চানুতিষ্ঠেত গুণানাং সমিতির্হি সা॥
৯। পুরুষং সত্ত্বসংযুক্তমনুমীয়াচ্ছমাদিভিঃ। কামাদিভী রজোযুক্তং ক্রোধাদ্যৈস্তমসা যুতম্॥
১০। যদা ভজতি মাং ভক্ত্যা নিরপেক্ষঃ স্বকর্ম্মভিঃ। তং সত্ত্বপ্রকৃতিং বিদ্যাৎ পুরুষং স্ত্রিয়মেব বা॥
১১। যদা আশিষ আশাস্য মাং ভজেত স্বকর্ম্মভিঃ। তং রজঃপ্রকৃতিং বিদ্যাৎ হিংসামাশাস্য তামসম্॥
২১। উপর্য্যুপরি গচ্ছন্তি সত্ত্বেন ব্রাহ্মণা জনাঃ। তমসাধোঽধ আমুখ্যাদ্রজসান্তরচারিণঃ॥
২২। সত্ত্বে প্রলীনাঃ স্বর্যান্তি নরলোকং রজোলয়াঃ। তমোলয়াস্তু নিরয়ং যান্তি মামেব নির্গুণাঃ॥

[বরাড়ী-রাগ]

১ প্রভু বলে',—"শুন, বৎস! ভকত-উত্তম।
সত্ত্ব-রজস্তমোগুণ কহিব লক্ষণ॥

২ শম, দম, তপ, ত্যাগ, সত্য, দয়া, স্মৃতি।
তুষ্টি, দয়া, শ্রদ্ধা, লজ্জা, ধৃতি, শুদ্ধমতি॥
সত্ত্বগুণ অনুমানি এ-সব লক্ষণে।

৩ রজোগুণের লক্ষণ কহিব এখনে॥
কাম, চেষ্টা, তৃষ্ণা, মদ, গর্ব্ব, অভিলাষ।
ভেদমতি, সুখবাঞ্ছা, যশঃ-পরকাশ॥
হাস্য, বীর্য্য, বল, পরাক্রম, অহঙ্কার।
এ-সব জানিব রজোগুণের বিকার॥

৪ ক্রোধ, লোভ, হিংসা, দম্ভ, অসত্য-ভাষণ।
বিষাদ, কোন্দল, শোক, আলস্য, শয়ন॥

৫ এ-সব লক্ষণ তমোগুণে অনুমানি।
তবে শুন, উদ্ধব! আমার হিতবাণী॥

৭-৮ ধর্ম্ম-অর্থ-কামে যা'র গৃহে দৃঢ় চিত্ত।
সে-জনে জানিব, বৎস! ত্রিগুণে জড়িত॥

৯ শম, দম, শান্তি, দয়া দেখিব যে-জনে।
সত্ত্বযুক্ত সে-জনে বুঝিব অনুমানে॥
দম্ভ, মাৎসর্য্য, ক্রোধ দেখিয়ে যাহার।
সে-জনে জানিব তমোময়, দুরাচার॥

১০ যে-জন আমাকে ভজে শ্রদ্ধা-ভক্তি করি'।
সব ঠাঞি নিরপেক্ষ সর্ব্ব পরিহরি'॥
সে-জনে সাত্ত্বিক মহাপুরুষ জানিব।

১১ রজোগুণ, তমোগুণ বিচারে বুঝিব॥

২১ রজোগুণ, তমোগুণ জিনি' সত্ত্বগুণে।
সত্ত্বগুণ হৈলে সর্ব্বসিদ্ধি উপাদানে।
সত্ত্বগুণে বাস হয় সভার উপরে।
তমোগুণে অধোগতি, নরক সঞ্চরে॥
রজোগুণে এহি লোক করে' গতাগত।
সুখভোগ, দুঃখভোগ, সম্পদ-আপদ॥

২২ সত্ত্বগুণে মরণে উত্তম-গতি হয়।
নরলোকে ভ্রমে', রজোগুণে পরলয়॥
তমোগুণে মরণে নরক ভোগ করে'।
নির্গুণ পুরুষ আসি' আমাতে সঞ্চরে॥

২৩। মদর্পণং নিষ্ফলং বা সাত্ত্বিকং নিজকর্ম্ম তৎ। রাজসং ফলসঙ্কল্পং হিংসাপ্রায়াদি তামসম্॥
২৪। কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানং রজো বৈকল্পিকঞ্চ যৎ। প্রাকৃতং তামসং জ্ঞানং মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতম্॥
২৫। বনন্তু সাত্ত্বিকো বাসো গ্রামো রাজস উচ্যতে। তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণম্॥
২৬। সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গী রাগান্ধো রাজসঃ স্মৃতঃ। তামসঃ স্মৃতিবিভ্রষ্টো নির্গুণো মদপাশ্রয়ঃ॥
২৭। সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্রদ্ধা কর্ম্মশ্রদ্ধা তু রাজসী। তামস্যধর্ম্মে যা শ্রদ্ধা মৎসেবায়ান্তু নির্গুণা॥
২৮। পথ্যং পূতমনায়স্তমাহার্য্যং সাত্ত্বিকং স্মৃতম্। রাজসঞ্চেন্দ্রিয়প্রেষ্ঠং তামসঞ্চার্ত্তিদাশুচি॥
৩০। দ্রব্যং দেশঃ ফলং কালো জ্ঞানং কর্ম্ম চ কারকঃ। শ্রদ্ধাবস্থাকৃতির্নিষ্ঠা ত্রৈগুণ্যঃ সর্ব্ব এব হি॥
৩১। সর্ব্বে গুণময়া ভাবাঃ পুরুষাব্যক্তধিষ্ঠিতাঃ। দৃষ্টং শ্রুতমনুধ্যাতং বুদ্ধ্যা বা পুরুষর্ষভ!
৩২। এতাঃ সংস্তময়ঃ পুংসো গুণকর্ম্মনিবন্ধনাঃ। যেনেমে নির্জ্জিতাঃ সৌম্য! গুণা জীবেন চিত্তজাঃ।
ভক্তিযোগেন মন্নিষ্ঠো মদ্ভাবায় প্রপদ্যতে॥
৩৩। তস্মাদ্দেহমিমং লব্ধ্বা জ্ঞানবিজ্ঞানসম্ভবম্। গুণসঙ্গং বিনির্ধূয় মাং ভজন্তু বিচক্ষণাঃ॥
৩৪। নিঃসঙ্গো মাং ভজেদ্বিদ্বানপ্রমত্তো জিতেন্দ্রিয়ঃ। রজস্তমশ্চাভিজয়েৎ সত্ত্বসংসেবয়া মুনিঃ॥
৩৫। সত্ত্বঞ্চাভিজয়েদ্যুক্তো নৈরপেক্ষ্যেণ শান্তধীঃ। সংপদ্যতে গুণৈর্মুক্তো জীবো জীবং বিহায় মাম্॥
৩৬। জীবো জীববিনির্ম্মুক্তো গুণৈশ্চাশয়সম্ভবৈঃ। ময়ৈব ব্রহ্মণা পূর্ণো ন বহির্নান্তরশ্চরেৎ॥

ইতি শ্রীমদ্ভাগবতে···একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫॥

---

২৩ আমাতে অর্পিত, কিবা ফল-বিবর্জ্জিত।
এ-সব সাত্ত্বিক-কর্ম্ম জগতে বিদিত॥
সঙ্কল্পিত যত কর্ম্ম—রাজস-লক্ষণ।
দম্ভ, মাৎসর্য্য, হিংসা—তামস সাধন॥

২৪ মুকতি-লক্ষণ জ্ঞানে সত্ত্বগুণে জানি।
বিকল্প-কল্পিত রজোগুণে অনুমানি॥
প্রাকৃত তামস-জ্ঞান সংসার-কারণ।
আমাতে অর্পিত জ্ঞান নির্গুণ-লক্ষণ॥

২৫ বনে বাস জানিব—সাত্ত্বিক মহাফল।
গ্রামে বাস জানিব—রাজস-ধর্ম্মপর॥
দ্যূতকেলি, পণ-পাশা—তামসিক স্থানে।
আমার মন্দির-পুর নির্গুণ-লক্ষণে॥

২৬ সাত্ত্বিক কর্ম্মকর্ত্তা ফল-পরিত্যাগী।
রাজসিক জন কাম-ভোগ-অনুরাগী॥
অচেতন, মূঢ়-জন তমোগুণ ধরে।
আমার আশ্রিত-জন নির্গুণ সংসারে॥

২৭ জানিব সাত্ত্বিক-শ্রদ্ধা—তত্ত্বজ্ঞান-রসে।
যদি কর্ম্মফলে শ্রদ্ধা, রজোগুণে বৈসে॥
অধর্ম্মে তামসী শ্রদ্ধা বাঢ়ে নিরন্তর।
আমার সেবায় শ্রদ্ধা নির্গুণ কেবল॥

২৮ সাত্ত্বিক আহার পথ্য—পবিত্র ভোজন।
ইন্দ্রিয়ের তৃপ্তি-হেতু—রাজস-লক্ষণ॥
দুঃখময় আহার সকল-গুণহীন।
আর্ত্তিদ, অশুচি সেই তামসের চিহ্ন॥

৩০ দ্রব্য, দেশ, কাল, কর্ম্ম, জ্ঞান-অধিকারী।
সকল ত্রিগুণময় বুঝিব বিচারি'॥

৩১ দেখি, শুনি যতকিছু ত্রিগুণ-জনিত।
প্রকৃতি-পুরুষ-যোগে সকল নির্ম্মিত॥

৩২ তিন গুণ জিনিব যে-জন মহামতি।
সে যদি কেবল সাধে' আমাতে ভকতি॥
আমার আশ্রয় ধরি' ভক্তিযোগ সাধে'।
সেই সে আমাকে পায়, সংসার না বাধে'॥

৩৩ এ বোল বুঝিয়া জীব নরদেহ ধরি'।
ভজুক আমাকে মাত্র সব পরিহরি'॥

৩৪-৩৬ সর্ব্বকাম তেজিয়া ভজুক মতিমান্।
সর্ব্বঠাঞি নিরপেক্ষ হঞা সাবধান॥

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। মল্লক্ষণমিমং কায়ং লব্ধ্বা মদ্ধর্ম্ম আস্থিতঃ। আনন্দং পরমাত্মানমাত্মস্থং সমুপৈতি মাম্॥
২। গুণময্যা জীবযোন্যা বিমুক্তো জ্ঞাননিষ্ঠয়া। গুণেষু মায়ামাত্রেষু দৃশ্যমানেষ্ববস্তুতঃ।
বর্ত্তমানোঽপি ন পুমান্ যুজ্যতেঽবস্তুভির্গুণৈঃ॥
৩। সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ। তস্যানুগস্তমস্যন্ধে পতত্যন্ধানুগান্ধবৎ॥
৪। ঐলঃ সম্রাড়িমাং গাথামগায়ত বৃহচ্ছ্রবাঃ। উর্ব্বশীবিরহান্মুহ্যন্ নির্বিণ্ণঃ শোকসংযমে॥
৫। ত্যক্ত্বাত্মানং ব্রজন্তীং তাং নগ্ন উন্মত্তবন্নৃপঃ। বিলপন্নন্বগাজ্জায়ে! ঘোরে! তিষ্ঠেতি বিক্লবঃ॥

শ্রীঐল উবাচ

৭। অহো মে মোহবিস্তারঃ কামকশ্মলচেতসঃ। দেব্যা গৃহীতকণ্ঠস্য নায়ুঃখণ্ডা ইমে স্মৃতাঃ॥
৮। নাহং বেদাভিনির্ম্মুক্তঃ সূর্য্যো বাভ্যুদিতোঽমুয়া। মুষিতো বর্ষপূগানাং বতাহানি গতান্যুত॥
৯। অহো মে আত্মসম্মোহো যেনাত্মা যোষিতাং কৃতঃ। ক্রীড়ামৃগশ্চক্রবর্ত্তী নরদেবশিখামণিঃ॥
১০। সপরিচ্ছদমাত্মানং হিত্বা তৃণমিবেশ্বরম্। যান্তীং স্ত্রিয়ঞ্চান্বগমং নগ্ন উন্মত্তবদ্রুদন্॥

তবে সে জিনিব তিন-গুণ, দেহধর্ম্ম।
জীবগতি জিনিব, সকল গুণ-কর্ম্ম॥
আমাকে লভিয়া পূর্ণ হয় ভক্তিরসে।
ভবভয় নাহি তা'র যথাতথা বৈসে॥"

ভাগবত-আচার্য্যের প্রেমতরঙ্গিণী।
শুনিলে দুর্গতি হরে' হরিগুণ-বাণী॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫॥

[মালব-গৌড়-রাগ]

১ তবে আর কথা কহে ত্রিভুবন-রায়।
নানা-উপদেশ দিয়া উদ্ধবে বুঝায়॥
"নর-কলেবর ধরি' যে হয় পণ্ডিত।
আমার পদারবিন্দে নিয়োজিত-চিত॥
লভিয়া পরমানন্দ-রস সুখময়।
কেবল আমাকে পাইয়া পূর্ণ হঞা রয়॥
২ গুণময় কলেবর নহে তা'র সঙ্গ।
অবিদ্যা-জনিত-দোষে নহে স্মৃতিভঙ্গ॥
৩ অশান্ত, দুরন্ত, শিশ্নোদর-পরায়ণ।
তা'র সঙ্গে সঙ্গ জানি করে' বুধজন!
৪ পুরূরবা নরপতি আছিল সুধীর।
উর্ব্বশী-বিচ্ছেদে তেঁহো তেজিল শরীর॥
৫ লাম্পট, উন্মত্ত হঞা ভ্রমিল সংসার।
উর্ব্বশী না পাঞা বীর কান্দিল অপার॥
৭ 'দেখ দেখ, এতকাল উর্ব্বশীর সঙ্গে।
কত রাতি-দিন গেল, না জানিলুঁ রঙ্গে॥
দেখ, এত বড় মুঞি কামে বিমোহিত।
ব্যর্থ পরমায়ু গেল, ভৈ গেল বঞ্চিত॥
৮ দিন-রাত্রি না জানি, উদিত দিনকর।
৯ স্ত্রী-সঙ্গে গেল মোর জনম বিফল॥
চক্রবর্ত্তী রাজা আমি, নৃপ-শিরোমণি।
স্ত্রীজিত হইলুঁ মুঞি আপনা বিকলি'॥
১০ তৃণবৎ কৈলুঁ মুঞি হেন কলেবর।
উর্ব্বশী-বিচ্ছেদে মুঞি তেজিলুঁ সকল॥

১১। কুতস্তস্যানুভাবঃ স্যাত্তেজ ঈশত্বমেব বা। যোঽন্বগচ্ছং স্ত্রিয়ং যান্তীং খরবৎ পাদতাড়িতঃ ?
১২। কিং বিদ্যয়া কিং তপসা কিং ত্যাগেন শ্রুতেন বা।
কিং বিবিক্তেন মৌনেন স্ত্রীভির্যস্য মনো হৃতম্ ?
১৩। স্বার্থস্যাকোবিদং ধিঙ্মাং মূর্খং পণ্ডিতমানিনম্। যোঽহমীশ্বরতাং প্রাপ্য স্ত্রীভির্গোখরবজ্জিতঃ ॥
১৪। সেবতো বর্ষপূগান্ মে উর্ব্বশ্যা অধরাসবম্। ন তৃপ্যত্যাত্মভূঃ কামো বহ্নিরাহুতিভির্যথা ॥
১৫। পুংশ্চল্যাপহৃতং চিত্তং কো ন্বন্যো মোচিতুং প্রভুঃ। আত্মারামেশ্বরমৃতে ভগবন্তমধোক্ষজম্ ?
২১। ত্বঙ্মাংস-রুধির-স্নায়ুমেদোমজ্জাস্থিসংহতৌ। বিন্মূত্রপূয়ে রমতাং কৃমীণাং কিয়দন্তরম্ ॥
২২। অথাপি নোপসজ্জেত স্ত্রীষু স্ত্রৈণেষু চার্থবিৎ। বিষয়েন্দ্রিয়-সংযোগান্মনঃ ক্ষুভ্যতি নান্যথা ॥
২৩। অদৃষ্টাদশ্রুতাদ্ভাবান্ন ভাব উপজায়তে। অসংপ্রযুঞ্জতঃ প্রাণান্ শাম্যতি স্তিমিতং মনঃ ॥
২৪। তস্মাৎ সঙ্গো ন কর্ত্তব্যঃ স্ত্রীষু স্ত্রৈণেষু চেন্দ্রিয়ৈঃ। বিদুষাং চাপ্যবিস্রব্ধঃ ষড়্বর্গঃ কিমু মাদৃশাম্ ?

শ্রীভগবানুবাচ

২৫। এবং প্রগায়ন্ নৃপদেবদেবঃ, স উর্ব্বশীলোকমথো বিহায়।
আত্মানমাত্মন্যবগম্য মাং বৈ, উপারমজ্জ্ঞানবিধূতমোহঃ ॥

কোথাতে রহিল মোর এ-ধন-সম্পদ।
একেশ্বরে ভ্রমি মুঞি হঞা উনমত ॥
উনমতবৎ মুঞি চলি' যাঙ পাছে।
লাঙ্গট হইয়া কান্দো আউদড় কেশে ॥
তবু ত' উর্ব্বশী মোরে ফিরিয়া না চায়।
চিত্ত নিবারিতে নারো, কি হবে উপায় ?

১১ খরবৎ করে' মোরে চরণ-তাড়না।
হেন সে নির্লজ্জ, তাহে না করোঁ গণনা ॥

১২ কি বিদ্যা, কি তপ তা'র, ত্যাগ-বেদপাঠে।
স্ত্রীসঙ্গেতে মন যা'র হরিল কুপথে ?

১৩ ধিক্ ধিক্ রহু মোর জনম বিফল !!
নারীসঙ্গ হঞা মোর মজিল সকল ॥

১৪ উর্ব্বশীর সঙ্গে মোর গেল চিরকাল।
তভু না টুটিল মোর কাম দুরাচার !!

১৫ বেশ্যানারী-সঙ্গে চিত্ত হরিল আমার।
বিনে কৃষ্ণ, উদ্ধারিতে কে পারিব আর ?
আত্মারামনিকর-ঈশ্বর ভগবান্।
হরি-বিনে কে আর করিব পরিত্রাণ ?

২১ রক্ত-মাংস-বিষ্ঠামূত্রে পূরিত অন্তর।
অস্থি-চর্ম্ম-বিনির্ম্মিত নর-কলেবর ॥
অমেধ্য-মন্দির নর-কলেবর ধরি'।
ইহাতে রময়ে মন নিত্য-বুদ্ধি করি' ॥
কৃমি-কীট-সহে তা'র কি হয় অন্তর।
যদি সত্য হেন মানে' নর-কলেবর ?

২২ এ-বোল বুঝিয়া তেজি' স্ত্রীসঙ্গীর সঙ্গ।
বুধজনে কভু না করিব মতিভঙ্গ ॥
বিষয়, ইন্দ্রিয়—দুই একত্র মিলনে।
মনের বিক্ষেপ বাঢ়ে সতত ধেয়ানে ॥

২৩ না দেখি, না শুনি যদি—না উঠে তরঙ্গ।
২৪ এ-বোল বুঝিয়া না করিব স্ত্রীসঙ্গ ॥
পণ্ডিত-জনের সঙ্গদোষে মন হরে'।
এ-বোল বুঝিয়া জানি, কেহ সঙ্গ করে' ?'

২৫ এতেক বচন বলি' নৃপতি-প্রধান।
তেজিয়া উর্ব্বশী, চিত্ত কৈল সমাধান ॥
হৃদয়-কমলে ধরি' আমার চরণ।
ভক্তিযোগে নিরবধি কৈল আরাধন ॥
চিত্তগত মোহজাল সব গেল দূর।
আমার মূরতি ধরি' গেল বিষ্ণুপুর ॥

২৬। ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্। সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥
২৭। সন্তোঽনপেক্ষা মচ্চিত্তাঃ প্রশান্তাঃ সমদর্শিনঃ। নির্ম্মমা নিরহঙ্কারা নির্দ্বন্দ্বা নিষ্পরিগ্রহাঃ॥
২৮। তেষু নিত্যং মহাভাগ! মহাভাগেষু মৎকথাঃ। সম্ভবন্তি হি তা নৃণাং জুষতাং প্রপুনন্ত্যঘম্॥
২৯। তা যে শৃণ্বন্তি গায়ন্তি হ্যনুমোদন্তি চাদৃতাঃ। মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ ভক্তিং বিন্দন্তি তে ময়ি॥
৩০। ভক্তিং লব্ধবতঃ সাধোঃ কিমন্যদবশিষ্যতে। ময্যনন্তগুণে ব্রহ্মণ্যানন্দানুভবাত্মনি?
৩১। যথোপশ্রয়মাণস্য ভগবন্তং বিভাবসুম্। শীতং ভয়ং তমোঽপ্যেতি সাধূন্ সংসেবতস্তথা॥
৩২। নিমজ্জ্যোন্মজ্জতাং ঘোরে ভবাব্ধৌ পরমায়নম্। সন্তো ব্রহ্মবিদঃ শান্তা নৌর্দৃঢ়েবাপ্সু মজ্জতাম্॥
৩৩। অন্নং হি প্রাণিনাং প্রাণা আর্ত্তানাং শরণন্ত্বহম্।
ধর্ম্মো বিত্তং নৃণাং প্রেত্য সন্তোঽর্ব্বাগ্‌বিভ্যতোঽরণম্॥
৩৪। সন্তো দিশন্তি চক্ষূংষি বহিরর্কঃ সমুত্থিতঃ। দেবতা বান্ধবাঃ সন্তঃ সন্ত আত্মাহমেব চ॥
৩৫। বৈতসেনস্ততোঽপ্যেবমুর্ব্বশ্যা লোকনিস্পৃহঃ। মুক্তসঙ্গো মহীমেতামাত্মারামশ্চচার হ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রীঐলগীতং নাম ষড়্‌বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

---

২৬ এ-বোল বুঝিয়া ধীর কুসঙ্গ তেজিব।
সাধুসঙ্গে নিরবধি আনন্দে রহিব॥
শান্তজনে ছিণ্ডে সব মনের বাসনা।
মধুর-ভাষণে করে' কুমতি খণ্ডনা॥

২৭ শান্তজন নিরপেক্ষ, সমদরশন।
আমাতে অর্পিত-চিত্ত, শান্তিপরায়ণ॥
নিষ্কাম, নিষ্পরিগ্রহ, নির্ম্মম, নির্দ্বন্দ্ব।
এইসব শান্তজন-সহে কর' সঙ্গ॥

২৮ শান্ত-সঙ্গে আমার অমৃত-কথা শুনে।
অশেষ-দুরিত-দুঃখ হরে' সেইক্ষণে॥
শান্তজন-সভায় না হয় আন কথা।
অন্যোঽন্যে আমার মাত্র কহে গুণ-গাথা॥

২৯ শুনে বা শুনায়, করে' আদর, মোদন।
অশেষ-দুরিত-দুঃখ হরে' সেইক্ষণ॥
শ্রদ্ধাযুত, আমাতে অর্পিত চিত্ত যা'র।
আমার চরণে ভক্তিযোগ হয় তা'র॥

৩০ ভকতি লভিল যদি আমার চরণে।
কিবা অবশেষ আর আছে ত্রিভুবনে?
আমি ব্রহ্ম-অনুভব-আনন্দস্বরূপ।
নির্গুণ, অনন্তগুণ, নিরুপমরূপ॥
আমাতে ভকতি যা'র হৈল অকিঞ্চনা।
তবে কি তাহার রহে সংসার-বাসনা?

৩১ অগ্নির আশ্রয়ে যেন দূর হয় জাড়।
সেইরূপে সাধুসেবা খণ্ডয়ে সংসার॥

৩২ মহাঘোর, ভয়ঙ্কর এ-ভব-সাগর।
মজ্জিয়া মজ্জিয়া জীব উঠে নিরন্তর॥
সন্তজন সভে-মাত্র পরম-আশ্রয়।
নৌকা-বিনে জলে যেন পরিত্রাণ নয়॥

৩৩ অন্ন-মাত্র প্রাণ যেন জীবের জীবন।
আর্ত্তজনের আমি—কেবল শরণ॥
ধর্ম্মমাত্র ধন যেন ধর্ম্মশীলগণে।
সন্তজন শরণ এ-ভবভীতজনে॥

৩৪ সন্তজন-বিনে কেবা উদ্ধারিতে পারে?
জ্ঞান-আঁখি দিয়া হৃদিগত তম হরে'॥
সূর্য্য অন্ধকার হরে' কেবল বাহিরে।
নির্ম্মল করিতে নারে অন্তর-শরীরে॥

৩৫ এ-বোল বুঝিয়া সর্ব্বসঙ্গ পরিহরি'।
ভকত-সেবায়, জীব! যাও ভব তরি'॥"
ভক্তিরস-গুরু শ্রীল-গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ষড়্‌বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। ক্রিয়াযোগং সমাচক্ষ্ব ভবদারাধনং প্রভো! যস্মাত্ত্বাং যে যথার্চ্চন্তি সাত্বতাঃ সাত্বতর্ষভ!
২। এতদ্বদন্তি মুনয়ো মুহুর্নিঃশ্রেয়সং নৃণাম্। নারদো ভগবান্ ব্যাস আচার্য্যোঽঙ্গিরসঃ সুতঃ॥
৩। নিঃসৃতং তে মুখাম্ভোজাদ্‌যদাহ ভগবানজঃ। পুত্রেভ্যো ভৃগুমুখ্যেভ্যো দেব্যৈ চ ভগবান্ ভবঃ॥
৪। এতদ্বৈ সর্ব্ববর্ণানামাশ্রমাণাঞ্চ সম্মতম্। শ্রেয়সামুত্তমং মন্যে স্ত্রীশূদ্রাণাঞ্চ মানদ!
৫। এতৎ কমলপত্রাক্ষ! কর্ম্মবন্ধবিমোচনম্। ভক্তায় চানুরক্তায় ব্রূহি বিশ্বেশ্বরেশ্বর!

শ্রীভগবানুবাচ

৬। ন হ্যন্তোঽনন্তপারস্য কর্ম্মকাণ্ডস্য চোদ্ধব! সংক্ষিপ্তং বর্ণয়িষ্যামি যথাবদনুপূর্ব্বশঃ॥
৭। বৈদিকস্তান্ত্রিকো মিশ্র ইতি মে ত্রিবিধো মখঃ। ত্রয়াণামীপ্সিতেনৈব বিধিনা মাং সমর্চ্চয়েৎ॥
৮। যদা স্বনিগমেনোক্তং দ্বিজত্বং প্রাপ্য পুরুষঃ। যথা যজেত মাং ভক্ত্যা শ্রদ্ধয়া তন্নিবোধ মে॥
৯। অর্চ্চায়াং স্থণ্ডিলেঽগ্নৌ বা সূর্য্যে বাঽপ্‌সু হৃদি দ্বিজে।
দ্রব্যেণ ভক্তিযুক্তোঽর্চ্চেৎ স্বগুরুং মামমায়য়া॥
১০। পূর্ব্বং স্নানং প্রকুর্ব্বীত ধৌতদন্তোঽঙ্গশুদ্ধয়ে। উভয়ৈরপি চ স্নানং মন্ত্রৈর্মৃদ্‌গ্রহণাদিনা॥

[দেশাগ-রাগ]

১ উদ্ধব পুছিলা তবে প্রভুর চরণে।
"কর্ম্মযোগ কহ, নাথ! ভকতি-বিধানে॥
ভকতে যেরূপে পূজে তোমার চরণ।

২ সেই সে পরম ধর্ম্ম বলে' মুনিগণ॥
বেদব্যাস-নারদ-অঙ্গিরা-আদি করি'।
কর্ম্মযোগ তা'রা-সব কহে অবধারি'॥

৩ তোমার বদন-সরোরুহ-বিগলিত।
কর্ম্মযোগ-বিনে কভু স্থির নহে চিত॥
আপনে কহিলে তুমি মুনিগণ-স্থানে।
কহিলা শঙ্কর-দেব দেবী-বিদ্যমানে॥

৪ কর্ম্মযোগ সর্ব্ববর্ণে ধরে অধিকার।
স্ত্রী-শূদ্র-আদি যত জীবের উদ্ধার॥

৫ অমল-কমল-পত্র-বিশাল-লোচন!
কর্ম্মযোগ কহ মোরে বন্ধ-বিমোচন॥"

৬ উদ্ধবের বচন শুনিঞা ভগবান্।
কর্ম্মযোগ কহে প্রভু ভৃত্য-বিদ্যমান॥
"অনন্ত কর্ম্মের গতি, কেবা অন্ত পায়?
কতরূপে কত কর্ম্ম, গণনা না যায়॥
সংক্ষেপে কহিব কিছু কর্ম্মের বিধান।
যাহা হৈতে সর্ব্বজীব পায় পরিত্রাণ॥

৭ বেদ-আগম-শাস্ত্র পুরাণে বুঝায়।
ত্রিবিধ আমার যজ্ঞ পূজিতে উপায়॥
যা'র যেন ইচ্ছা, তেনরূপে আমা' পূজে।
কর্ম্মযজ্ঞ করিয়া কেবল আমা' ভজে॥

৮ দ্বিজকুলে জনমিঞা যজ্ঞসূত্র ধরি'।
গায়ত্রী পড়িব গুরু-উপদেশ ধরি'॥
শ্রদ্ধাভক্তি করি' যেই পূজিব আমারে।
পূজাবিধি কহি, বৎস! তোমার গোচরে॥

৯ প্রতিমাতে পূজে, কিবা স্থণ্ডিলে, অনলে।
সূর্য্য-জলে পূজে, কিবা হৃদয়-কমলে॥
ভক্তিযুক্ত হঞা দ্রব্য করিব সঞ্চয়।
আমাকে পূজিব নিজ-গুরু অতিশয়॥

১০ দন্ত-মুখ পাখালিয়া শুধিব শরীরে।
প্রভাতে করিব স্নান পুণ্যনদী-নীরে॥

১১। সন্ধ্যোপাস্ত্যাদিকর্ম্মাণি বেদেনাচোদিতানি মে। পূজাং তৈঃ কল্পয়েৎ সম্যক্‌সঙ্কল্পঃ কর্ম্মপাবনীম্॥
১২। শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী। মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা স্মৃতা॥
১৩। চলাচলেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীবমন্দিরম্। উদ্বাসাবাহনে ন স্তঃ স্থিরায়ামুদ্ধবার্চ্চনে॥
১৪। অস্থিরায়াং বিকল্পঃ স্যাৎ স্থণ্ডিলে তু ভবেদ্দ্বয়ম্। স্নপনং ত্ববিলেপ্যায়ামন্যত্র পরিমার্জ্জনম্॥
১৫। দ্রব্যৈঃ প্রসিদ্ধৈর্মদ্‌যাগঃ প্রতিমাদিষ্বমায়িনঃ। ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি॥
১৬। স্নানালঙ্করণং প্রেষ্ঠমর্চ্চায়ামেব তূদ্ধব! স্থণ্ডিলে তত্ত্ববিন্যাসো বহ্ন্যাধাজ্যপ্লুতং হবিঃ॥
১৭। সূর্য্যে চাভ্যর্হণং প্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ। শ্রদ্ধয়োপাহৃতং প্রেষ্ঠং ভক্তেন মম বার্য্যপি॥
১৮। ভূর্য্যপ্যভক্তোপাহৃতং ন মে তোষায় কল্পতে। গন্ধো ধূপঃ সুমনসো দীপোঽন্নাদ্যঞ্চ কিং পুনঃ?
১৯। শুচিঃ সংভৃতসম্ভারঃ প্রাগ্‌দর্ভৈঃ কল্পিতাসনঃ। আসীনঃ প্রাগুদগ্বার্চ্চেদর্চ্চায়াস্তুথ সম্মুখঃ॥
২০। কৃতন্যাসঃ কৃতন্যাসাং মদর্চ্চাং পাণিনা মৃজেৎ। কলশং প্রোক্ষণীয়ঞ্চ যথাবদুপসাধয়েৎ॥
২১। তদম্ভির্দেবযজনং দ্রব্যাণ্যাত্মানমেব চ। প্রোক্ষ্য পাত্রাণি ত্রীণ্যস্তিস্তৈস্তৈর্দ্রব্যৈশ্চ সাধয়েৎ॥

বেদ-আগম-মন্ত্রে করি' পুন স্নান।
১১ সন্ধ্যা-আদি নিত্যকর্ম্ম করি' সমাধান॥
পূজিব আমাকে, নিত্যকর্ম্ম না তেজিব।
কেবল ঈশ্বর-মাত্র সঙ্কল্পে ভাবিব॥
১২ শিলা-দারুময়ী, হেমময়ী, বিলেপিতা।
চিত্রে লেখিত-মূর্ত্তি, সিকতা-নির্ম্মিতা॥
মনোময়ী, মণিময়ী—প্রতিমা-বিধান।
অষ্ট পরকারে করি প্রতিমা নির্ম্মাণ॥
১৩ চলাচল দুই মূর্ত্তি—প্রভুর মন্দির।
মূর্ত্তি নিরমিঞা কৃষ্ণ পূজিব সুধীর॥
অচলে না করি আবাহন-বিসর্জ্জন।
১৪ চলরূপে বিকল্প করয়ে বুধজন॥
চিত্র-নিরমিত রূপে না করাই স্নান।
অঙ্গ-মারজন কিবা দর্পণ-বিধান॥
১৫ প্রসিদ্ধ উত্তম দ্রব্য আনিব যতনে।
মায়া পরিহরি' পূজা করিব বিধানে॥
ভকতে যে-কিছু লভে; সেই দিয়া পূজে।
হৃদয়ে ধরিয়া ভক্তি সর্ব্বভাবে ভজে॥
১৬ প্রতিমাতে পূজি যদি, দিব্য উপহারে।
মনোহর, অনুপম বস্ত্র-অলঙ্কারে॥
স্থণ্ডিলে পূজিব যদি, তত্ত্বন্যাস ধরি।
আগুনে পূজিয়ে যদি, ঘৃতে হোম করি॥
১৭ সূর্য্যেতে পূজিব অর্ঘ্য কল্পিত উদ্দেশে।
জলময় দ্রব্যে জলে পূজিব বিশেষে॥
ভকতে যে কিছু মোরে করে' সমর্পণ।
জলমাত্র দেই, কিবা পত্র-আরোপণ॥
তাহাতে পীরিতি যত কহিতে না পারি।
ভকতে অলপ দিলে মানি বহু করি'॥
১৮ মেরু-তুল্য হেম দেয় অভকত-জনে।
অশ্রদ্ধায় করে' নানাদ্রব্য-সমর্পণে॥
গন্ধ-পুষ্প, ধূপ-দীপ—নানা উপহার।
তাহাতে নাহিক কিছু পীরিতি আমার॥
১৯ তবে শুন, উদ্ধব! কহিব পূজাবিধি।
যেরূপে পূজিলে জীব লভে সর্ব্বসিদ্ধি॥
স্নান-আচমন করি' হই' শুদ্ধবেশ।
পূজাদ্রব্য লঞা ঘরে করিব প্রবেশ॥
সর্ব্ব-অগ্র করি' কুশে কল্পিব আসন।
পূর্ব্বমুখ হৈয়া তা'থে বসিব ব্রাহ্মণ॥
২০ অঙ্গন্যাস করি' অঙ্গ করিব শোধন।
আমার মুরতি করি' করিব মার্জ্জন॥
২১ পূজাদ্রব্য, পূজাভূমি, নিজ কলেবর।
প্রোক্ষণ করিয়া শোধি দিয়া দিব্য জল॥

২২। পাদ্যার্ঘ্যাচমনীয়ার্থং ত্রীণি পাত্রাণি দেশিকঃ। হৃদা শীর্ষ্ণাথ শিখয়া গায়ত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥
২৩। পিণ্ডে বাযুগ্নিসংশুদ্ধে হৃৎপদ্মস্থাং পরাং মম। অণ্বীং জীবকলাং ধ্যায়েন্নাদান্তে সিদ্ধভাবিতাম্ ॥
২৪। তয়াত্মভূতয়া পিণ্ডে ব্যাপ্তে সংপূজ্য তন্ময়ঃ। আবাহ্যার্চ্চাদিষু স্থাপ্য ন্যস্তাঙ্গং মাং প্রপূজয়েৎ ॥
২৫। পাদ্যোপস্পর্শার্হণাদীন্নুপচারান্ প্রকল্পয়েৎ। ধর্ম্মাদিভিশ্চ নবভিঃ কল্পয়িত্বাসনং মম ॥
২৬। পদ্মমষ্টদলং তত্র কর্ণিকাকেসরোজ্জ্বলম্। উভাভ্যাং বেদতন্ত্রাভ্যাং মহ্যং তুভয়সিদ্ধয়ে ॥
২৭। সুদর্শনং পাঞ্চজন্যং গদাসীষুধনুর্হলান্। মুষলং কৌস্তুভং মালাং শ্রীবৎসঞ্চানুপূজয়েৎ ॥
২৮। নন্দং সুনন্দং গরুড়ং প্রচণ্ডং চণ্ডমেব চ। মহাবলং বলঞ্চৈব কুমুদং কুমুদেক্ষণম্ ॥
২৯। দুর্গাং বিনায়কং ব্যাসং বিষ্বক্সেনং গুরূন্ সুরান্।
স্বে স্বে স্থানে ত্বভিমুখান্ পূজয়েৎ প্রোক্ষণাদিভিঃ ॥
৩০। চন্দনোশীরকর্পূর-কুঙ্কুমাগুরুবাসিতৈঃ। সলিলৈঃ স্নাপয়েন্মন্ত্রৈর্নিত্যদা বিভবে সতি ॥
৩১। স্বর্ণঘর্ম্মানুবাকেন মহাপুরুষবিদ্যয়া। পৌরুষেণাপি সূক্তেন সামনীরাজনাদিভিঃ ॥
৩২। বস্ত্রোপবীতাভরণপত্রস্রগ্গন্ধলেপনৈঃ। অলঙ্কুর্ব্বীত সপ্রেম মদ্ভক্তো মাং যথোচিতম্ ॥
৩৩। পাদ্যমাচমনীয়ঞ্চ গন্ধং সুমনসোঽক্ষতান্। ধূপদীপোপহার্য্যাণি দদ্যান্মে শ্রদ্ধয়ার্চ্চকঃ ॥
৩৪। গুড়পায়সসর্পীংষি শষ্কুল্যাপূপমোদকান্। সংযাব-দধিসূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ ॥

তিন পাত্র সম্মুখে স্থাপিব শুদ্ধ করি'।
২২ পাদ্য-অর্ঘ্য-আচমন-হেতু দ্রব্য ভরি' ॥
নমো-মন্ত্রে পাদ্যপাত্র করিব শোধন।
স্বাহা-মন্ত্রে অর্ঘ্যপাত্র করিব প্রোক্ষণ ॥
শিখা-মন্ত্রে আচমন-পাত্র শুদ্ধ করি'।
সর্ব্বদ্রব্য শোধিব গায়ত্রী-মন্ত্র পড়ি' ॥
২৩ হৃদয়-কমলে তবে করিব ধেয়ান।
দিব্য-মূর্ত্তি আমার চিন্তিব মতিমান্ ॥
২৪ মূর্ত্তিমন্ত হৈঞা পাছে পূজিব মণ্ডলে।
আবাহন করি' স্থাপি' মূর্ত্তি-কলেবরে ॥
ন্যাসমন্ত্র পড়ি' তবে করি মূর্ত্তিন্যাস।
দিব্য-উপহারে পূজা করিব প্রকাশ ॥
২৫ পাদ্য-অর্ঘ্য দিব, দিব্য-জলে আচমন।
তবে নানা-উপহার করি নিবেদন ॥
ধর্ম্ম-আদি অষ্টমূর্ত্তি কল্পিব আসনে।
নবমূর্ত্তি স্থাপি তবে যথাযোগ্য-স্থানে ॥
২৬ অষ্টদল-পদ্ম তা'থে রচিব উজ্জ্বল।
কর্ণিকা-কেসরযুত রচি' মনোহর ॥
বেদমন্ত্রে, তন্ত্রমন্ত্রে পূজিব বিধানে।
২৭ শঙ্খ-চক্র-গদা-পদ্ম পূজি শরাসনে ॥
লাঙ্গল-মুষল-অস্ত্রপূজা নিজ করে।
শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা বক্ষঃস্থলে ॥
২৮-২৯ গরুড় পূজিয়া পূজি নন্দ-সুনন্দ।
বল-মহাবল পূজি, চণ্ড-প্রচণ্ড ॥
কুমুদ-কুমুদেক্ষণে, গণেশ-পার্ব্বতী।
ব্যাস-বিষ্বক্সেন পূজি গুরু, সুরপতি ॥
সব পারিষদ পূজি, নিজ-নিজ স্থানে।
৩০ গন্ধ-চন্দনে পূজা করিব বিধানে ॥
সুগন্ধি-শীতল-জলে করাই মার্জ্জন।
দিব্য উপহারে নিত্য করিব অর্চ্চন ॥
৩১ বেদমন্ত্রে পূজি কিবা পুরাণ-বচনে।
৩২ বস্ত্র-আভরণ-মাল্য-সুগন্ধি-চন্দনে ॥
৩৩ পাদ্য-অর্ঘ্য, আচমন, সুগন্ধি-কুসুমে।
ধূপ-দীপ উপহার দিব মনোরমে ॥
৩৪ পিষ্টক, মোদক, ঘৃতপক্ক গুড়পাক।
বিবিধ ব্যঞ্জন, বহুবিধ সূপ, শাক ॥

৩৫। অভ্যঙ্গোন্মর্দ্দনাদর্শদন্তধাবাভিষেচনম্। অন্নাদ্যগীতনৃত্যানি পর্ব্বণি স্যুরুতাহ্বহম্॥
৩৬। বিধিনা বিহিতে কুণ্ডে মেখলাগর্ত্তবেদিভিঃ। অগ্নিমাধায় পরিতঃ সমূহেৎ পাণিনোদিতম্॥
৩৭। পরিস্তীর্য্যাথ পর্য্যুক্ষেদন্বাধায় যথাবিধি।
প্রোক্ষণ্যাসাদ্য দ্রব্যাণি প্রোক্ষ্যাগ্নৌ ভাবয়েত মাম্॥
৩৮। তপ্তজাম্বূনদপ্রখ্যং শঙ্খচক্রগদাম্বুজৈঃ। লসচ্চতুর্ভুজং শান্তং পদ্মকিঞ্জল্কবাসসম্॥
৩৯। স্ফুরৎকিরীটকটক-কটিসূত্রবরাঙ্গদম্। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভং বনমালিনম্॥
৪০। ধ্যায়ন্নভ্যর্চ্চ্য দারূণি হবিষাভিঘৃতানি চ। প্রাস্যাজ্যভাগাবাঘারৌ দত্ত্বা চাজ্যপ্লুতং হবিঃ॥
৪১। জুহুয়ান্মূলমন্ত্রেণ যোড়শর্চাবদানতঃ। ধর্ম্মাদিভ্যো যথান্যায়ং মন্ত্রৈঃ স্বিষ্টিকৃতং বুধঃ॥
৪২। অভ্যর্চ্চ্যাথ নমস্কৃত্য পার্ষদেভ্যো বলিং হরেৎ। মূলমন্ত্রং জপেদ্‌ব্রহ্ম স্মরন্ নারায়ণাত্মকম্॥
৪৩। দত্ত্বাচমনমুচ্ছেষং বিষ্বক্সেনায় কল্পয়েৎ। মুখবাসং সুরভিমৎ তাম্বূলাদ্যমথার্হয়েৎ॥
৪৪। উপগায়ন্ গৃণন্ নৃত্যন্ কর্ম্মাণ্যভিনয়ন্ মম। মৎকথাঃ শ্রাবয়ন্ শৃণ্বন্ মুহূর্ত্তং ক্ষণিকো ভবেৎ॥
৪৫। স্তবৈরুচ্চাবচৈঃ স্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি। স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ॥
৪৬। শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাঞ্চ পরস্পরম্। প্রপন্নং পাহি মামীশ! ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ॥

দধি-দুগ্ধ-আদি, ঘৃত, বিবিধ সম্ভার।
ধরিব প্রভুর আগে বিভব-বিস্তার॥
প্রেম-অনুবন্ধ করি' সব নিবেদিব।
৩৫ বিচিত্র সুন্দর করি' অঙ্গ বিলেপিব॥
প্রথমে মজ্জন মহা-অভিষেক করি'।
বিধি-অনুসারে তবে মহাপূজা করি॥
ভক্ষ্য-ভোজ্য, নৃত্য-গীত বাদ্য সুমঙ্গলে।
প্রতিদিন পূজিব বৈভব-অনুসারে॥
৩৬ তবে হোম-নিমিত্তক কুণ্ড-নিরমাণে।
কুণ্ডগত বহ্নিমুখে করি ঘৃতদানে॥
৩৭ চিন্তিব আমার রূপ আগুনি-ভিতরে।
৩৮ তপত-কাঞ্চন-তুল্য অঙ্গ মনোহরে॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম শোভে চারিভুজে।
কমল-কেশর-তুল্য পীতবাস সাজে'॥
৩৯ মুকুট-কুণ্ডল, কটিসূত্র বিরাজিত।
কঙ্কণ-কেয়ূর করে, শ্রীবৎস-লক্ষিত॥
বনমালা-বিভূষিত, কৌস্তুভ-ভূষণ।
৪০-৪১ বহ্নিমধ্যে দিব্যরূপ করিব চিন্তন॥
মূলমন্ত্রে বহ্নিমুখে করি' ঘৃত দান।
এইরূপে হোমকর্ম্ম করি সমাধান॥

৪২ পারিষদ-হোম করি নিজ-নিজ নামে।
অর্চ্চন-বন্দন করি, প্রণাম চরণে॥
পারিষদগণে করি বলি সমর্পণ।
মূলমন্ত্র জপি ব্রহ্মে করিয়া স্মরণ॥
৪৩ বুঝিয়া ভোজনশেষ দিব আচমন।
বিষ্বক্সেনে করি নৈবেদ্য সমর্পণ॥
মুখবাস দিব তবে সুগন্ধি তাম্বূল।
অঞ্জলি ভরিয়া দিব কুসুম প্রচুর॥
৪৪ আমার পবিত্র যশো-গুণ-নাম-গান।
উচ্চস্বরে গায়, নাচে, মহিমা বাখান॥
শুনিব আমার কথা, শুনাইব জনে।
কৃষ্ণপূজা করিব সঙরিয়া মনে॥
৪৫ স্তুতি-পাঠ পঢ়িয়া করাইব প্রসন্ন।
বিবিধ স্তবন করি, পুরাণ-পঠন॥
'প্রসীদ কমলাকান্ত কৃষ্ণ ভগবান্।'
প্রদক্ষিণ করি' করে' দণ্ড-পরণাম॥
৪৬ 'ত্রাহি ত্রাহি, কর', প্রভু! ভবসিন্ধু পার।
তোমার পদারবিন্দ—আশ্রয়ের সার॥'

৪৭। ইতি শেষাং ময়া দত্তাং শিরস্যাধায় সাদরম্। উদ্বাসয়েচ্চেতুদ্বাস্যং জ্যোতির্জ্যোতিষি তৎ পুনঃ ॥
৪৮। অর্চ্চাদিষু যদা যত্র শ্রদ্ধা মাং তত্র চার্চ্চয়েৎ। সর্ব্বভূতেষ্বাত্মনি চ সর্ব্বাত্মাহমবস্থিতঃ ॥
৪৯। এবং ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিকতান্ত্রিকৈঃ। অর্চ্চন্নুভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দত্যভীপ্সিতাম্ ॥
৫০। মদর্চ্চাং সম্প্রতিষ্ঠাপ্য মন্দিরং কারয়েদ্দৃঢ়ম্। পুষ্পোদ্যানানি রম্যাণি পূজাযাত্রোৎসবাশ্রিতান্ ॥
৫১। পূজাদীনাং প্রবাহার্থং মহাপর্ব্বস্বথাত্মহম্। ক্ষেত্রাপণপুরগ্রামান্ দত্ত্বা মৎসার্ষ্টিতামিয়াৎ ॥
৫২। প্রতিষ্ঠায় সার্ব্বভৌমং সদ্মনা ভুবনত্রয়ম্। পূজাদিনা ব্রহ্মলোকং ত্রিভির্মৎসাম্যতামিয়াৎ ॥
৫৩। মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি। ভক্তিযোগং স লভত এবং যঃ পূজয়েত মাম্ ॥
৫৪। যঃ স্বদত্তাং পরৈর্দত্তাং হরেত সুরবিপ্রয়োঃ। বৃত্তিং স জায়তে বিড়্ভুগ্ বর্ষাণামযুতাযুতম্ ॥
৫৫। কর্ত্তুশ্চ সারথের্হেতোরনুমোদিতুরেব চ। কর্ম্মণাং ভাগিনঃ প্রেত্য ভূয়ো ভূয়সি তৎফলম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে অর্চ্চনবিধ্যুপদেশো নাম সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

এইরূপে করে' পুনঃপুনঃ পরণাম।
৪৭ শেষ শিরে ধরি' করে' পূজা-সমাধান ॥
বিসর্জ্জন করিব পূজিয়া মতিমান্।
জানিব সাক্ষাতে মূর্ত্তিময় ভগবান্ ॥
৪৮ মূর্ত্তি প্রকাশিব যাঁ'র যাহাতে পীরিতি।
সেই মূর্ত্তি স্থাপিয়া পূজিব নিতি-নিতি ॥
৪৯ এইরূপে যে আমারে পূজে নিরন্তর।
সর্ব্বসিদ্ধি হয় তা'র, সর্ব্বত্র মঙ্গল ॥
৫০ আমার মধুর-মূর্ত্তি করিয়া প্রকাশ।
বিচিত্র মন্দির, পুর, নির্ম্মিব আবাস ॥
পুষ্পবন, ক্রীড়াবন করিব নির্ম্মাণ।
যাত্রাকালে বহুবিধ উৎসব-বিধান ॥
৫১ পর্ব্বে পর্ব্বে মহাযাত্রা করি অনুবন্ধ।
বহুবিধ বলি, পূজা, উৎসব, আনন্দ ॥
কৃষিকর্ম্ম করিব, বাণিজ্য-ব্যবহার।
পুর-গ্রাম সমর্পিব চরণে আমার ॥
মো-সম ঐশ্বর্য্য তা'র, বৈকুণ্ঠ-গমন।
কহিলুঁ আমার পূজা-বিধান-লক্ষণ ॥
৫২ ত্রিভুবনে এক পতি হয় গৃহ-দানে।
সার্ব্বভৌম-পদ লভে প্রতিষ্ঠা-বিধানে ॥
ব্রহ্মলোক পায় নর পূজিয়া আমারে।
সারূপ্য-মুকতি হয় এ তিন প্রকারে ॥
৫৩ নিরপেক্ষ ভক্তিযোগে যে কেবল ভজে।
আমার কারণে সর্ব্ব-লোকধর্ম্ম ত্যজে ॥
সে কেবল আমাকে লভিয়া পূর্ণ হয়।
বিবিধ সন্তাপ-দুঃখ কভু তা'র নয় ॥
এইরূপে যে আমারে পূজে নিরবধি।
ভক্তিযোগ হয় তা'র, লভে সর্ব্বসিদ্ধি ॥
৫৪ স্বদত্ত বা পরদত্ত, হৈয়া অচেতন।
দেব-ব্রাহ্মণের বৃত্তি যে করে' হরণ ॥
বিষ্ঠাকৃমি হৈয়া সে যে পচে নিরন্তর।
বিষ্ঠাভোজী হয় দশ-অযুত বৎসর ॥
৫৫ দেববৃত্তি যেবা হরে', যে হয় সহায়।
হেতু হৈয়া বৃত্তিচুরি যে-জন করায় ॥
দেখিয়া যে-জন হয় মুদিতবদন।
সমভাগী, সমফল হয় চারিজন ॥"

ভাগবত-আচার্য্যের মধুরস-ভাষা।
কৃষ্ণপদ ভজ, ভাই! কৃষ্ণে ধর' আশা ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

অষ্টাবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

১। পরস্বভাবকর্ম্মাণি ন প্রশংসেন্ন গর্হয়েৎ। বিশ্বমেকাত্মকং পশ্যন্ প্রকৃত্যা পুরুষেণ চ ॥
২। পরস্বভাবকর্ম্মাণি যঃ প্রশংসতি নিন্দতি। স আশু ভ্রশ্যতে স্বার্থাদসত্যভিনিবেশতঃ ॥
৩। তৈজসে নিদ্রয়াপন্নে পিণ্ডস্থো নষ্টচেতনঃ। মায়াং প্রাপ্নোতি মৃত্যুং বা তদ্বন্নানার্থদৃক্ পুমান্ ॥
৪। কিং ভদ্রং কিমভদ্রং বা দ্বৈতস্যাবস্তুনঃ কিয়ৎ? বাচোদিতং তদনৃতং মনসা ধ্যাতমেব চ ॥
৫। ছায়াপ্রত্যাহ্বয়াভাসা হ্যসন্তোঽপ্যর্থকারিণঃ। এবং দেহাদয়ো ভাবা যচ্ছন্ত্যা মৃত্যুতো ভয়ম্ ॥
৬। আত্মৈব তদিদং বিশ্বং সৃজ্যতে সৃজতি প্রভুঃ। ত্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হ্রিয়তে হরতীশ্বরঃ ॥
৭। তস্মান্ন হ্যাত্মনোঽন্যস্মাদন্যো ভাবো নিরূপিতঃ। নিরূপিতেয়ং ত্রিবিধা নির্ম্মূলা ভাতিরাত্মনি।
ইদং গুণময়ং বিদ্ধি ত্রিবিধং মায়য়া কৃতম্ ॥
৮। এতদ্বিদ্বান্ মদুদিতং জ্ঞানবিজ্ঞাননৈপুণম্। ন নিন্দতি ন চ স্তৌতি লোকে চরতি সূর্য্যবৎ ॥
৯। প্রত্যক্ষেণানুমানেন নিগমেনাত্মসংবিদা। আদ্যন্তবদসজ্জ্ঞাত্বা নিঃসঙ্গো বিচরেদিহ ॥

শ্রীউদ্ধব উবাচ

১০। নৈবাত্মনো ন দেহস্য সংস্থতির্দ্রষ্টৃদৃশ্যয়োঃ। অনাত্মস্বদৃশোরীশ! কস্য স্যাদুপলভ্যতে?

[কেদার-রাগ]

১ কহিতে লাগিলা তবে প্রভু ভগবান্।
"শুন, হে উদ্ধব! কহি, কর' অবধান ॥
সর্ব্বলোক কর্ম্ম করে' স্বভাব-বিহিত।
না নিন্দে, না প্রশংসে যে, সেই সে পণ্ডিত ॥
জগত দেখিব এক, নাহি নিজ-পর।
প্রকৃতি-পুরুষ-যোগে নির্ম্মিত সকল ॥
২ দেখিয়া পরের কর্ম্ম, স্বভাব, আচার্।
যদি নিন্দা করে', কিবা প্রশংসা তাহার ॥
জ্ঞান ভ্রষ্ট হয় তা'র অসত্য-ধেয়ানে।
৩ নিদ্রাগত জীব যেন হয় অচেতনে ॥
দেখি, শুনি যত-কিছু, সব নহে তত্ত্ব।
৪ ভাল-মন্দ বলি তবে, যদি হয় সত্য ॥
বচনে যে বলি কিছু, দেখিয়ে নয়নে।
মনে ধ্যান করি যত, করি অনুমানে ॥
এ-সব জানিবে তুমি অসত্য কেবল।
ব্যবহার-হেতু মায়া-রচিত সকল ॥
৫ অসত্য-ধেয়ানে মাত্র জন্ম-মৃত্যু লভে।
এ-বোল বুঝিয়া ভ্রম ছাড়' সর্ব্বভাবে ॥
৬ যদি বল',—সব সত্য কহে শ্রুতিগণে।
আত্মা-বিনে সত্য করি' কিছুই না মানে' ॥
আত্মা কর্ত্তা, আত্মা হর্ত্তা, ত্রাতা, মহেশ্বর।
ওহি সৃজে, ওহি পালে, সংহরে সকল ॥
৭ আত্মা-বিনে কিছু সত্য নহে চরাচর।
ত্রিবিধ-বিধানময় নির্ম্মাণ কেবল ॥
ত্রিগুণ-জনিত সব, মায়া-বিলসিত।
৮ বুঝিয়া ছাড়িব ভ্রম, যে হয় পণ্ডিত ॥
স্তুতি-নিন্দা না করিব, কভু নিজ-পর।
লোক-মধ্যে বৈসে, যেন দেখি দিনকর ॥
৯ সাক্ষাতে দেখিয়ে, আর করি অনুমানে।
আগমে বুঝায়, আর আপন-গেয়ানে ॥
আদি-অন্ত অসত্য জানিব ত্রিভুবন।
বুঝিয়া কুসঙ্গ ছাড়ি' রহে বুধজন ॥"
১০ উদ্ধব জিজ্ঞাসে তবে ভাবিয়া বিস্ময়।
"অসত্য সংসার যদি জানিব নিশ্চয় ॥
জীবের সংসার নাহি, নির্গুণ-বিকার।
পঞ্চভূত-বিরচিত শরীর অসার ॥

১১। আত্মাব্যয়োঽগুণঃ শুদ্ধঃ স্বয়ংজ্যোতিরনাবৃতঃ। অগ্নিবদ্দারুবদচিদ্দেহঃ কস্যেহ সংসৃতিঃ?

শ্রীভগবানুবাচ

১২। যাবদ্দেহেন্দ্রিয়প্রাণৈরাত্মনঃ সন্নিকর্ষণম্। সংসারঃ ফলবাংস্তাবদপার্থোঽপ্যবিবেকিনঃ॥
১৩। অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে। ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা॥
১৪। যথা হ্যপ্রতিবুদ্ধস্য প্রস্বাপো বহ্বনর্থভৃৎ। স এব প্রতিবুদ্ধস্য ন বৈ মোহায় কল্পতে॥
১৫। শোকহর্ষভয়ক্রোধ-লোভমোহস্পৃহাদয়ঃ। অহঙ্কারস্য দৃশ্যন্তে জন্ম মৃত্যুশ্চ নাত্মনঃ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে পরমার্থ-নির্ণয়ো নামাষ্টাবিংশোঽধ্যায়ঃ॥ ২৮॥

জনম-মরণ কা'র, কে হয় সংসারী?
কহ, নাথ! কৃপা কর', ভ্রম দূর করি'॥
১১ আত্মা নিরঞ্জন, গুণহীন, ব্রহ্মময়।
সর্ব্বভূতে বৈসে আত্মা, সমান-উদয়॥
কাষ্ঠভেদে অগ্নি যেন ছোট-বড় দেখি।
এইরূপে পূর্ণব্রহ্ম আত্মা, সর্ব্বসাক্ষী॥
কাহার সংসার, নাথ! জনম-মরণ?
আত্মা পরিপূর্ণ ব্রহ্ম, দেহ অচেতন॥"
১২ উদ্ধবের বচন শুনিঞা ভগবান্।
হাসিয়া উত্তর তবে দিলা সমাধান॥
"যাবৎ ইন্দ্রিয়-মন-দেহ-অহঙ্কার।
তাবৎ জানিহ তুমি জীবের সংসার॥
১৩ জীবের সংসার-হেতু না দেখি গঠনে।
তথাপি সংসারে জীব ভ্রমে' অকারণে॥
জাগিতে পুরুষ যেন বিষয় ধেয়ায়।
১৪ বিবিধ অনর্থ যেন স্বপনে দেখায়॥
শয়নে স্বপন যেন সত্য-হেন জানে'।
জাগিলে স্বপন যেন মিথ্যা করি' মানে'॥
১৫ কাম-ক্রোধ, লোভ-মোহ, হরিষ-বিষাদ।
অহঙ্কারে হয় যেন বিবিধ প্রমাদ॥"
এইরূপে জ্ঞানযোগ করিয়া বিস্তার।
দূর কৈলা চিত্তগত যত অন্ধকার॥
জ্ঞান-উপদেশে কৈলা অজ্ঞান খণ্ডন।
চিত্তগত কৈলা সব মোহ নিবারণ॥
অজ্ঞান-কল্পিত সব বুঝাঞা সংসার।
নানা-পরকারে নিবারিলা মোহজাল॥
উদ্ধবে বুঝাঞা হরি জ্ঞান-উপদেশে।
নিজ ভক্তিযোগ কিছু বিস্তারিলা শেষে॥"

ধীরশিরোমণি শ্রীল-গদাধর জান।
ভাবগত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামষ্টাবিংশোঽধ্যায়ঃ॥ ২৮॥

একোনত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

১। সুদুস্তরামিমাং মন্যে যোগচর্য্যামনাত্মনঃ। যথাঞ্জসা পুমান্ সিধ্যেত্তন্মে ব্রূহ্যঞ্জসাচ্যুত!
২। প্রায়শঃ পুণ্ডরীকাক্ষ! যুঞ্জন্তো যোগিনো মনঃ। বিষীদন্ত্যসমাধানান্মনোনিগ্রহকর্শিতাঃ॥

[ভাটিয়ারী-রাগ]

১-২ উদ্ধব শুনিঞা তবে যোগতত্ত্ব-গতি।
মনে ভয় পাঞা জিজ্ঞাসিলা মহামতি॥
"যোগধর্ম্ম তুমি, নাথ! কহিলা বিস্তারি'।
কাহার শকতি যোগ সাধিবারে পারি?

৩। অথাত আনন্দদুঘং পদাম্বুজং, হংসাঃ শ্রয়েরন্নরবিন্দলোচন!
স্বুখং নু বিশ্বেশ্বর! যোগকর্ম্মভি,-স্ত্বন্মায়য়ামী বিহতা ন মানিনঃ॥
৪। কিং চিত্রমচ্যুত! তবৈতদশেষবন্ধো! দাসেষ্বনন্যশরণেষু যদাত্মসাত্ত্বম্।
যোঽরোচয়ৎ সহ মৃগৈঃ স্বয়মীশ্বরাণাং, শ্রীমৎকিরীটতটপীড়িতপাদপীঠঃ?
৫। তং ত্বাখিলাত্মদয়িতেশ্বরমাশ্রিতানাং, সর্ব্বার্থদং স্বকৃতবিদ্বিসৃজেত কো নু?
কো বা ভজেৎ কিমপি বিস্মৃতয়েঽনুভূত্যৈ, কিংবা ভবেন্ন তব পাদরজোজুষাং নঃ?
৬। নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ! ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ।
যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্ব,-ন্নাচার্য্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি॥

শ্রীশুক উবাচ

৭। ইত্যুদ্ধবেনাত্যনুরক্তচেতসা, পৃষ্টো জগৎক্রীড়নকঃ স্বশক্তিভিঃ।
গৃহীতমূর্ত্তিত্রয় ঈশ্বরেশ্বরো, জগাদ সপ্রেমমনোহরস্মিতঃ॥

বহুজন্ম ধরি' সাধে' মহাযোগিগণে।
সমাধি-ধারণা-ধ্যান, চিত্ত-সমাধানে॥
তভু কা'রো যোগসিদ্ধি হয়, বা না হয়।
হেন যোগ-উপদেশ কহ, মহাশয়!
হেন উপদেশ কহ, জগত-নিবাস!
সুখে যেন তরে' লোক, ছিণ্ডে ভব-পাশ॥

৩ অরবিন্দ-লোচন হরি! যদুবর! ধীর!
তোমার পদারবিন্দ আনন্দ-মন্দির॥
আশ্রয় করিয়া, নাথ! চরণ-পঙ্কজে।
সারাৎসার বিচারি' চতুরগণ ভজে॥
সুখে মায়া তরে', নাথ! ভকতি সাধিয়া।
যোগপথে যোগিগণ না যায় তরিয়া॥

৪ এ কোন্ বিচিত্র, নাথ! বুঝিব তোমার।
কৃপা করি' কর', নাথ! ভকত উদ্ধার॥
তোমা-বিনে নাহি আর যাহার শরণ।
তা'র বশ হঞা তুমি থাক অনুক্ষণ॥
এ কোন্ অদ্ভুত, নাথ! চরিত্র তোমার?
বনপশু বানরের সঙ্গে অবতার॥
রঘুবংশ-তিলক, বিধৃত-রাম-তনু।
সুরেন্দ্র-মুকুট-বিঘট্টিত-পদরেণু॥
হেন প্রভু করে' পশু বানর সহায়।
তোমার চরিত্র, নাথ! বুঝন না যায়॥

৫ তুমি, নাথ! প্রাণধন—সভার জীবন।
অখিল-ভুবনপতি, পরম-কারণ॥
ভৃত্য-কৃত্য বুঝ তুমি, সর্ব্বফল-দাতা।
জগতের গতি, পতি, সর্ব্বলোক-পিতা॥
কে হেন বঞ্চিত আছে তোমা পরিহরি'।
যোগপথে যাইব, নাথ! ভবসিন্ধু তরি'?
তোমাকে তেজিয়া, নাথ! অন্যদেব পূজে।
তপ-জপ সাধে' কিবা মোক্ষধর্ম্ম ভজে॥
সে কেবল অচেতন, নহে কোন সিদ্ধি।
মায়া-বিমোহিত, তা'র বাম হয় বিধি॥
যেন-তেন মতে মাত্র ভজুক তোমারে।
তা'র বশ হও তুমি সেই উপকারে॥

৬ আনন্দ-সাগরে ভাসে ব্রহ্ম-ঋষিগণ।
তোমার মহিমাগুণ করিয়া স্মরণ॥
শুধিতে না পারে ধার ব্রহ্মার বয়সে।
কেবল মজিয়া রহে প্রেম-সুধারসে॥
জীব-পরিত্রাণ-হেতু তোমার বিহার।
গুরুরূপ ধরি' কর' জীবের উদ্ধার॥
অন্তর্য্যামিরূপে কর' দুরিত খণ্ডন।
কে, নাথ! বুঝিবে, তুমি সভার শরণ?"

৭ উদ্ধবের বচন শুনিঞা শ্রীনিবাস।
কহিতে লাগিলা তত্ত্ব মন্দ-মধুহাস॥

শ্রীভগবানুবাচ

৮। হন্ত তে কথয়িষ্যামি মম ধর্ম্মান্ সুমঙ্গলান্। যান্ শ্রদ্ধয়াচরন্ মর্ত্ত্যো মৃত্যুং জয়তি দুর্জ্জয়ম্॥
৯। কুর্য্যাৎ সর্ব্বাণি কর্ম্মাণি মদর্থং শনকৈঃ স্মরন্। ময্যর্পিতমনশ্চিত্তো মদ্ধর্ম্মাত্মমনোরতিঃ॥
১০। দেশান্ পুণ্যানাশ্রয়েত মদ্ভক্তৈঃ সাধুভিঃ শ্রিতান্। দেবাসুরমনুষ্যেষু মদ্ভক্তাচরিতানি চ॥
১১। পৃথক্ সত্রেণ বা মহ্যং পর্ব্বযাত্রামহোৎসবান্। কারয়েদ্গীতনৃত্যাদ্যৈর্মহারাজবিভূতিভিঃ॥
১২। মামেব সর্ব্বভূতেষু বহিরন্তরপাবৃতম্। ঈক্ষেতাত্মনি চাত্মানং যথা খমমলাশয়ঃ॥
১৩। ইতি সর্ব্বাণি ভূতানি মদ্ভাবেন মহাদ্যুতে! সভাজয়ন্ মন্যমানো জ্ঞানং কেবলমাশ্রিতঃ॥
১৪। ব্রাহ্মণে পুক্কসে স্তেনে ব্রহ্মণ্যেঽর্কে স্ফুলিঙ্গকে।
অক্রূরে ক্রূরকে চৈব সমদৃক্ পণ্ডিতো মতঃ॥
১৫। নরেষ্বভীক্ষ্ণং মদ্ভাবং পুংসো ভাবয়তোঽচিরাৎ। স্পর্দ্ধাসূয়াতিরস্কারাঃ সাহঙ্কারা বিয়ন্তি হি॥
১৬। বিসৃজ্য স্ময়মানান্ স্বান্ দৃশং ব্রীড়াঞ্চ দৈহিকীম্। প্রণমেদ্দণ্ডবদ্ভূমাবাশ্বচাণ্ডালগোখরম্॥
১৭। যাবৎ সর্ব্বেষু ভূতেষু মদ্ভাবো নোপজায়তে। তাবদেবমুপাসীত বাঙ্মনঃকায়বৃত্তিভিঃ॥
১৯। অয়ং হি সর্ব্বকল্পানাং সধ্রীচীনো মতো মম। মদ্ভাবঃ সর্ব্বভূতেষু মনোবাক্কায়বৃত্তিভিঃ॥
২০। ন হ্যঙ্গোপক্রমে ধ্বংসো মদ্ধর্ম্মস্যোদ্ধবাণ্বপি। ময়া ব্যবসিতঃ সম্যঙ্নির্গুণত্বাদনাশিষঃ॥

---

৮ "কহিব আমার ধর্ম্ম পরম-মঙ্গল।
শুনিলে দুরন্ত মৃত্যু হরে' ভয়ঙ্কর॥
৯ করিব সকল কর্ম্ম আমার কারণে।
বুদ্ধি, মন নিয়োজিব আমার চরণে॥
সাধিব আমার কর্ম্ম, করিব পীরিতি।
১০ পুণ্যভূমি, পুণ্যদেশে করিব বসতি॥
ভকত-আশ্রিত দেশে করিব আশ্রয়।
সে দেশ জানিব ধন্য, সর্ব্বতীর্থময়॥
আমার ভকত-জন যে ধর্ম্ম আচরে।
সেই সেই ধর্ম্ম করি' পূজিব আমারে॥
১১ পর্ব্ব-যাত্রা-মহোৎসব, করিব আনন্দ।
নৃত্য-গীত-কীর্ত্তন, মঙ্গল-অনুবন্ধ॥
মহারাজ-বৈভব করিব মহোৎসবে।
সর্ব্বত্যাগ করিয়া ভজিব সর্ব্বভাবে॥
১২ 'সর্ব্বভূতে বসি আমি'—দেখিব ধেয়ানে।
অন্তরে বাহিরে কিছু নাহি আমা-বিনে॥
সর্ব্বভূতে বসি' নিরালম্ব, নিরাধার।
সর্ব্বত্র আকাশ যেন দেখি নিরাকার॥
'সর্ব্বঠাঞি বসি আমি'—করিব ধেয়ানে।
১৩ সর্ব্বজীবে প্রেম ধরি' করিব সম্মানে॥
১৪ ব্রাহ্মণ, পুক্কস, হীন, পতিত, পামর।
আগুনির কণা, কিবা শশী দিনকর॥
ক্রূর, অক্রূর কিবা, দেখিব সমান।
সেই সে পণ্ডিত, তা'কে বলি বুদ্ধিমান্॥
১৫ সর্ব্বজীবে আমাকে চিন্তিব নিরন্তর।
মদ, মান, অহঙ্কার না রহে সকল॥
১৬ কুক্কুর, চণ্ডাল, খর পর্য্যন্ত দেখিয়া।
দণ্ড-পরণাম হ'ব ভূমেতে পড়িয়া॥
লজ্জা-মান ছাড়িয়া করিব পরণাম।
গুণ-দোষ পরিহরি' দেখিব সমান॥
১৭ যাবৎ ঈশ্বরভাব সর্ব্বভূতে হয়।
তাবৎ সাধিব জীব, না করিব ভয়॥
১৯ আমার সম্মত এহি, সর্ব্বধর্ম্মসার।
এহি সে উত্তম-গতি, ধর্ম্ম নাহি আর॥
২০ সঙ্গে অনুবন্ধ নাহি, তিল-মাত্র ধ্বংস।
এ-ধর্ম্ম আশ্রয় করি' তরে' হীনবংশ॥

২১। যো যো ময়ি পরে ধর্ম্মঃ কল্প্যতে নিষ্ফলায় চেৎ। তদায়াসো নিরর্থঃ স্যাদ্ভয়াদেরিব সত্তম!
২২। এষা বুদ্ধিমতাং বুদ্ধির্মনীষা চ মনীষিণাম্। যৎ সত্যমনৃতেনেহ মর্ত্ত্যেনাপ্নোতি মামৃতম্॥
২৩। এষ তেঽভিহিতঃ কৃৎস্নো ব্রহ্মবাদস্য সংগ্রহঃ। সমাস-ব্যাসবিধিনা দেবানামপি দুর্গমঃ॥
২৪। অভীক্ষ্ণশস্তে গদিতং জ্ঞানং বিস্পষ্টযুক্তিমৎ। এতদ্বিজ্ঞায় মুচ্যেত পুরুষো নষ্টসংশয়ঃ॥
২৫। সুবিবিক্তং তব প্রশ্নং ময়ৈতদপি ধারয়েৎ। সনাতনং ব্রহ্মগুহ্যং পরং ব্রহ্মাধিগচ্ছতি॥
২৬। য এতন্মম ভক্তেষু সম্প্রদদ্যাৎ সুপুষ্কলম্। তস্যাহং ব্রহ্মদায়স্য দদাম্যাত্মানমাত্মনা॥
২৭। য এতৎ সমধীয়ীত পবিত্রং পরমং শুচি। স পূয়েতাহরহর্মাং জ্ঞানদীপেন দর্শয়ন্॥
২৮। য এতচ্ছ্রদ্ধয়া নিত্যমব্যগ্রঃ শৃণুয়ান্নরঃ। ময়ি ভক্তিং পরাং কুর্ব্বন্ কর্ম্মভির্ন স বধ্যতে॥
২৯। অপ্যুদ্ধব! ত্বয়া ব্রহ্ম সখে! সমবধারিতম্? অপি তে বিগতো মোহঃ শোকশ্চাসো মনোভরঃ?
৩০। নৈতত্ত্বয়া দাম্ভিকায় নাস্তিকায় শঠায় চ। অশুশ্রূষোরভক্তায় দুর্বিনীতায় দীয়তাম্॥
৩১। এতৈর্দোষৈর্বিহীনায় ব্রহ্মণ্যায় প্রিয়ায় চ। সাধবে শুচয়ে ব্রূয়াদ্ভক্তিঃ স্যাৎ শূদ্রযোষিতাম্॥

---

২১ ফল উপেক্ষিয়া ধর্ম্ম করিব কেবল।
এই সে আমার ধর্ম্ম জগত-মঙ্গল॥
আছুক আমার ধর্ম্ম করিব আচার।
ব্যর্থ শ্রম করে' যত লোক-ব্যবহার॥
সেহ যদি আমাতে অর্পণ করি' করে'।
তথাপি হেলায় লোক ভবসিন্ধু তরে'॥

২২ এই বুদ্ধিমান্ জন, বুদ্ধির চাতুরী।
এই বুধজন বিচারিব অবধারি'॥
অসত্য সাধিব সত্য মর্ত্ত্য কলেবরে।
কেবল-আনন্দধাম লভিব আমারে॥

২৩ কহিল, উদ্ধব! এহি সর্ব্ববেদসার।
সুরমুনিগণ যা'র নাহি পায় পার॥

২৪ এহি সে পরম-জ্ঞান কহিলুঁ তোমারে।
এ-ধর্ম্ম জানিলে মাত্র ভবসিন্ধু তরে'॥

২৫ এ-ধর্ম্ম জানিব তা'র আছুক মহিমা।
শ্রবণ-সন্ধান মাত্র করয়ে যে-জনা॥
সেহ পরিত্রাণ পায়' কি কহিব আর?
এ-ধর্ম্ম সাধিয়া কেবা নহে ভব পার?
কহিলু পরম-ধর্ম্ম—ব্রহ্ম-নিরূপণ।
পরম-গোপিত, নিত্যশুদ্ধ, সনাতন॥
আছুক জানিতে, মাত্র করিব সন্ধান।
ব্রহ্মময় হৈয়া তা'র ব্রহ্মপদে স্থান॥

২৬ আমার ভকতজনে যে করে' প্রদান।
উপদেশ দেয় ধন্য, এ পুণ্য বাখান॥
আপনে আপনা আমি দিয়ে তা'র তরে।
ব্রহ্মপদে অধিকার, ব্রহ্ম দান করে'॥

২৭-২৮ পরম-পবিত্র, পাপহর উপাখ্যান।
যেবা পঢ়ে, যেবা শুনে, যে করে' বাখান॥
আমাতে ভকতি লভে, ছিণ্ডে কর্ম্ম-পাশ।
পরমগোপিত ধর্ম্ম কৈলে পরকাশ॥

২৯ শুনিলে, উদ্ধব! তুমি কৈলে অবধান?
বুঝিলে কি সকল, খণ্ডিল মদ-মান?
কাম-ক্রোধ ছাড়িলে, খণ্ডিল শোক-ভয়?
দূরে গেল মোহজাল, খণ্ডিল সংশয়?

৩০ দাম্ভিক, নাস্তিক, শঠ, শ্রদ্ধাহীন জনে।
ভক্তিশূন্য, বিনয়বিহীন, মতিহীনে॥
নাহি দিব কদাচিৎ পরতত্ত্ব-জ্ঞান।
কহিলুঁ, উদ্ধব! এই বেদের বিধান॥

৩১ লোকপ্রিয়, সাধু, শুচি, ধন্য, সুচরিত।
ব্রহ্মণ্য-ভকতিযুত, দোষ-বিবর্জ্জিত॥
কহিবে এ-সব জনে এ-ধর্ম্ম-আচার।
ভক্তিপথে স্ত্রী-শূদ্র ধরে অধিকার॥

৩২। নৈতদ্‌বিজ্ঞায় জিজ্ঞাসোর্জ্ঞাতব্যমবশিষ্যতে। পীত্বা পীযূষমমৃতং পাতব্যং নাবশিষ্যতে॥
৩৩। জ্ঞানে কর্ম্মণি যোগে চ বার্ত্তায়াং দণ্ডধারণে। যাবানর্থো নৃণাং তাত! তাবাংস্তেঽহং চতুর্ব্বিধঃ॥
৩৪। মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা, নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো, ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥

শ্রীশুক উবাচ

৩৫। স এবমাদর্শিতযোগমার্গ,-স্তদোত্তমঃশ্লোকবচো নিশম্য।
বদ্ধাঞ্জলিঃ প্রীত্যুপরুদ্ধকণ্ঠো, ন কিঞ্চিদূচেঽশ্রুপরিপ্লুতাক্ষঃ॥
৩৬। বিষ্টভ্য চিত্তং প্রণয়াবঘূর্ণং, ধৈর্য্যেণ রাজন্! বহুমন্যমানঃ।
কৃতাঞ্জলিঃ প্রাহ যদুপ্রবীরং, শীর্ষ্ণা স্পৃশংস্তচ্চরণারবিন্দম্॥

শ্রীউদ্ধব উবাচ

৩৭। বিদ্রাবিতো মোহমহান্ধকারো, য আশ্রিতো মে তব সন্নিধানাৎ।
বিভাবসোঃ কিং নু সমীপগস্থ, শীতং তমো ভীঃ প্রভবন্ত্যজাদ্য?
৩৮। প্রত্যর্পিতো মে ভবতানুকম্পিনা, ভৃত্যায় বিজ্ঞানময়ঃ প্রদীপঃ।
হিত্বা কৃতজ্ঞস্তব পাদমূলং, কোঽন্যৎ সমীয়াচ্ছরণং ত্বদীয়ম্॥
৩৯। বৃক্ণশ্চ মে সুদৃঢ়ঃ স্নেহপাশো, দাশার্হবৃষ্ণ্যন্ধক-সাত্বতেষু।
প্রসারিতঃ স্বষ্টিবিবৃদ্ধয়ে ত্বয়া, স্বমায়য়া হ্যাত্মসুবোধহেতিনা॥
৪০। নমোঽস্তু তে মহাযোগিন্! প্রপন্নমনুশাধি মাম্। যথা ত্বচ্চরণাম্ভোজে রতিঃ স্যাদনপায়িনী॥

ভক্তিযুত স্ত্রী-শূদ্রে দিব উপদেশ।

৩২ এ-ধর্ম্ম জানিলে কিছু নাহি অবশেষ॥
পান কৈলে অমৃত, কি আন রসে কর্ম্ম?
এ-ধর্ম্ম জানিলে, কি জানিব আন ধর্ম্ম?

৩৩ জ্ঞান-কর্ম্ম-ভক্তিযোগ কহিলুঁ সকল।
ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ—চতুর্ব্বিধ ফল॥

৩৪ সর্ব্বধর্ম্ম তেজি' জীব ভজিব যখনে।
সব নিবেদিব জীব আমার চরণে॥
তখনে পরমপদ জানিব তাহার।
আমাকে লভিল সেই, ছুটিল সংসার॥"

৩৫ এতেক বচন যদি বলিলা শ্রীহরি।
শুনিঞা উদ্ধব রহে করজোড় করি'॥
প্রেমে কণ্ঠ রুধিল, না ধরে কলেবর।
পুলকে পূরিল অঙ্গ, না সরে উত্তর॥

৩৬ ক্ষণে চিত্ত নিবারিয়া কৈলা অবধান।
করজোড়ে কহে শিরে করিয়া প্রণাম॥

৩৭ "দূরে গেল সব মোহময় অন্ধকার।
অভয়-পদারবিন্দ-নিকটে তোমার॥

শীতভয় রহে কি অগ্নির সন্নিধানে?
কভু কি অজ্ঞান রহে তোমা'-বিদ্যমানে?

৩৮ ভৃত্য দেখি' অনুগ্রহ কৈলে এত বড়।
জ্ঞানদীপ প্রকাশিলে পরম-উজ্জ্বল॥

তুমি-হেন প্রভু, নাথ! জানিব যে-জনে।
সে কেন ভজিব অন্য, প্রভু! তোমা'-বিনে?

৩৯ দূরে গেল দৃঢ় মোর মায়াময় জাল।
নিজ-পরিজন-গত মোহ-অন্ধকার॥

৪০ নমো নমো মহাযোগী প্রপন্ন-তারণ!
যোগীন্দ্র-মুনীন্দ্রবৃন্দ-বন্দিত-চরণ॥

হেন উপদেশ দিয়া বুঝাইবে মোরে।
নিরন্তর মতি যেন রহে পদতলে॥"

শ্রীভগবানুবাচ

৪১। গচ্ছোদ্ধব ! ময়াদিষ্টো বদর্য্যাখ্যং মমাশ্রমম্। তত্র মৎপাদতীর্থোদে স্নানোপস্পর্শনৈঃ শুচিঃ॥
৪২। ঈক্ষয়ালকনন্দায়া বিধূতাশেষকল্মষঃ। বসানো বল্কলান্যঙ্গ ! বন্যভুক্ সুখনিস্পৃহঃ॥
৪৩। তিতিক্ষুর্দ্বন্দ্বমাত্রাণাং সুশীলঃ সংযতেন্দ্রিয়ঃ। শান্তঃ সমাহিতধিয়া জ্ঞানবিজ্ঞানসংযুতঃ॥
৪৪। মত্তোঽনুশিক্ষিতং যত্তে বিবিক্তমনুভাবয়ন্। ময্যাবেশিতবাক্‌চিত্তো মদ্ধর্ম্মনিরতো ভব।
অতিব্রজ্য গতীস্তিস্রো মামেষ্যসি ততঃ পরম্॥

শ্রীশুক উবাচ

৪৫। স এবমুক্তো হরিমেধসোদ্ধবঃ, প্রদক্ষিণং তং পরিসৃত্য পাদয়োঃ।
শিরো নিধায়াশ্রুকলাভিরার্দ্র ধী,-র্ন্যষিঞ্চদদ্বন্দ্বপরোঽপ্যপক্রমে॥
৪৬। সুদুস্ত্যজস্নেহ-বিয়োগকাতরো, ন শক্নুবংস্তং পরিহাতুমাতুরঃ।
কৃচ্ছ্রং যযৌ মূর্দ্ধনি ভর্তৃপাদুকে, বিভ্রন্নমস্কৃত্য যযৌ পুনঃ পুনঃ॥
৪৭। ততস্তমন্তর্হৃদি সন্নিবেশ্য, গতো মহাভাগবতো বিশালাম্।
যথোপদিষ্টাং জগদেকবন্ধুনা, ততঃ সমাস্থায় হরেরগাদ্গতিম্॥

---

৪১ প্রভু বলে',—"উদ্ধব ! আমার বাণী ধর'।
বদরিকাশ্রমে তুমি শীঘ্র করি' চল'॥
তথা গিয়া আমার চরণ-তীর্থ-জলে।
স্নান, পান করিয়া শোধহ কলেবরে॥
৪২ অশেষ-কল্মষ-নাশ গঙ্গা-দরশনে।
করিয়া শুধিহ চিত্ত স্নান ও মজ্জনে॥
বন্যফল-মূল মাত্র কল্পিবে আহার।
সুখভোগ তেজিয়া পরিহ বৃক্ষছাল॥
৪৩ শীতবাত-জনিত সকল দুঃখ সহিয়া।
সুশীল, সংযত, শান্ত, সমাহিত হৈয়া॥
৪৪ আমার শিক্ষিত ধর্ম্ম সতত ভাবিয়া।
জ্ঞান-বিজ্ঞান-যুত, সমচিত্ত হইয়া॥
বুদ্ধি-মন আমাতে করিহ নিয়োজিত।
সাধিহ আমার ধর্ম্ম হঞা সমুচিত॥
তেজিয়া ত্রিগুণ-গতি লভিবে আমারে।
বদরিকাশ্রমে চল' তীর্থ মনোহরে॥"
৪৫ আজ্ঞা শিরে ধরিয়া উদ্ধব মতিমান্।
প্রদক্ষিণ করি' কৈলা দণ্ড-পরণাম॥
কান্দিতে লাগিলা শিরে ধরিয়া চরণে।
পড়িলা উদ্ধব ভূমে, নাহি বাহ্যজ্ঞানে॥
৪৬ বিরহ-কাতর হৈয়া কান্দে উচ্চস্বরে।
বলিতে না পারে কিছু, বচন না স্ফুরে॥
পুনঃ-পুনঃ আজ্ঞা দেন প্রভু ভগবান্।
উদ্ধবের নাহি কিছু বাহ্য-অবধান॥
বিরহ-কাতর হৈয়া কান্দে উচ্চস্বরে।
পুনঃপুনঃ প্রদক্ষিণ দণ্ডবত করে'॥
উদ্ধব দুঃখিত দেখি' বিরহ-কাতর।
কৃপা করি' দিলা প্রভু পাদুকাযুগল॥
পুনরপি আজ্ঞা যদি দিলেন শ্রীহরি।
পুনঃ-পুনঃ প্রদক্ষিণ দণ্ডবত করি'॥
পাদুকা করিয়া মাথে আকুল-হৃদয়।
ধীরে ধীরে চলিলা উদ্ধব মহাশয়॥
৪৭ হৃদয়-কমলে হরি করি' আরোপণ।
চলিলা উত্তর-দিগে করিয়া রোদন॥
মহাভাগবত, ধীর বিরহ-কাতর।
চলিলা উত্তর-দিগে পরম-বিহ্বল॥
বদরিকাশ্রমে গিয়া হৈলা উপসন্ন।
কৃষ্ণ-উপদেশে কৈলা কৃষ্ণ-আরাধন॥
তপোযোগ সাধিয়া লভিলা কৃষ্ণগতি।
জগতে বিস্তার করি' স্থাপিলা ভকতি॥

৪৮। য এতদানন্দসমুদ্রসম্ভৃতং, জ্ঞানামৃতং ভাগবতায় ভাষিতম্।
কৃষ্ণেন যোগেশ্বরসেবিতাঙ্ঘ্রিণা, সচ্ছ্রদ্ধয়াসেব্য জগদ্বিমুচ্যতে ॥
৪৯। ভবভয়মপহন্তুং জ্ঞানবিজ্ঞানসারং, নিগমকৃদুপজহ্রে ভৃঙ্গবদ্বেদসারম্।
অমৃতমুদধিতশ্চাপায়য়দ্ভৃত্যবর্গান্, পুরুষমৃষভমাদ্যং কৃষ্ণসংজ্ঞং নতোঽস্মি ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রীমদুদ্ধবস্য শ্রীবদর্য্যাশ্রম-প্রবেশো নামৈকোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯ ॥

লোক বুঝাইতে কর্ম্ম উদ্ধবে করায়।
প্রভুর ইঙ্গিত কেবা বিচারিলে পায় ?

৪৮ নিজ-ভৃত্য-হেতু নিজ-গীত, জ্ঞানামৃত।
যে-জন শুনয়ে কৃষ্ণমুখ-মুখরিত ॥
আনন্দ-সমুদ্র, ভক্তিরস-সুধানিধি।
ভক্তি-শ্রদ্ধা করি' যেবা শুনে নিরবধি ॥
এ ভবসাগর পার হয় অনায়াসে।
জগত-নিস্তার তা'র সেই সঙ্গবাসে ॥

৪৯ নিজজন-ভবভয় করিতে নিবার।
ভৃঙ্গবৎ প্রভু উদ্ধারিলা বেদসার ॥
জ্ঞান-বিজ্ঞান-সার, ভক্তি-সুধাসিন্ধু।
ভক্তগণে পিয়াইলা নিজভৃত্য-বন্ধু ॥
পুরুষ-প্রধান, আদি, অনাদি-নিধন।
সে নন্দনন্দনে মোর রহু পরণাম ॥
ভক্তিরস-সুধাসিন্ধু গদাধর জান।
ভাগবত-আচার্য্যের মধুরস-গান ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯ ॥

ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীরাজোবাচ

১। ততো মহাভাগবত উদ্ধবে নির্গতে বনম্। দ্বারবত্যাং কিমকরোদ্ভগবান্ ভূতভাবনঃ।
ব্রহ্মশাপোপসংসৃষ্টে স্বকুলে যাদবর্ষভঃ ?
২। প্রেয়সীং সর্ব্বলোকানাং তনুং স কথমত্যজৎ ?
৩। প্রত্যাক্রষ্টুং নয়নমবলা যত্র লগ্নং ন শেকুঃ, কর্ণাবিষ্টং ন সরতি ততো যৎ সতামাত্মলগ্নম্।
যচ্ছ্রীর্বাচাং জনয়তি রতিং কিং নু মানং কবীনাং, দৃষ্ট্বা জিষ্ণোর্যুধি রথগতং যচ্চ তৎ সাম্যমীয়ুঃ ॥

[পটমঞ্জরী-রাগ—দীর্ঘচ্ছন্দ]

১-২ তবে রাজা জিজ্ঞাসিলা, "উদ্ধব চলিয়া গেলা,
তবে হরি দ্বারকামণ্ডলে।
কোন্ কর্ম্ম কৈলা আন, কালরূপী ভগবান্,
বিস্তারিয়া কহিবে আমারে ॥
দ্বিজ-শাপ-ছলে যদু,- কুল বিনাশন করি',
তবে নিজ যদু-কলেবর।
অশেষ-মঙ্গল-ধাম, কিরূপে তেজিলা শ্যাম,
সকল-লোচন-মনোহর ?

৩ অবলা-নয়ন-কোণ, যে অঙ্গে লাগিলে মন,
নিবারিয়া আনিতে না পারে।
সাধুজন-শ্রুতিগণ, যদি বিনিহিত হ'ন,
পুন আর বিষয় না করে' ॥
যাঁ'র আভা কবিগণ,- বচন-আনন্দকর,
সমর-শমিত শূরগণে।
রথগত দরশনে, তাঁ'র সমরূপ ধরে,
হেন অঙ্গ তেজিলা কেমনে ?"

শ্রীঋষিরুবাচ

৪। দিবি ভুব্যন্তরিক্ষে চ মহোৎপাতান্ সমুত্থিতান্। দৃষ্ট্বাসীনান্ সুধর্ম্মায়াং কৃষ্ণঃ প্রাহ যদূনিদম্ ॥

শ্রীভগবানুবাচ

৫। এতে ঘোরা মহোৎপাতা দ্বার্বত্যাং যমকেতবঃ। মুহূর্ত্তমপি ন স্থেয়মত্র নো যদুপুঙ্গবাঃ!

৬। স্ত্রিয়ো বালাশ্চ বৃদ্ধাশ্চ শঙ্খোদ্ধারং ব্রজন্ত্বিতঃ।
বয়ং প্রভাসং যাস্যামো যত্র প্রত্যক্সরস্বতী ॥

৭। তত্রাভিষিচ্য শুচয় উপোষ্য সুসমাহিতাঃ। দেবতাঃ পূজয়িষ্যামঃ স্নপনালেপনার্হণৈঃ ॥

৮। ব্রাহ্মণাংস্তু মহাভাগান্ কৃতস্বস্ত্যয়না বয়ম্। গোভূহিরণ্য-বাসোভির্গজাশ্ব-রথবেশ্মভিঃ ॥

৯। বিধিরেষ হ্যরিষ্টঘ্নো মঙ্গলায়নমুত্তমম্। দেবদ্বিজগবাং পূজা ভূতেষু পরমো ভবঃ ॥

১০। ইতি সর্ব্বে সমাকর্ণ্য যদুবৃদ্ধা মধুদ্বিষঃ। তথেতি নৌভিরুত্তীর্য্য প্রভাসং প্রযযু রথৈঃ ॥

১১। তস্মিন্ ভগবতাদিষ্টং যদুদেবেন যাদবাঃ। চক্রুঃ পরময়া ভক্ত্যা সর্ব্বশ্রেয়োপবৃংহিতম্ ॥

১২। ততস্তস্মিন্ মহাপানং পপুর্মৈরেয়কং মধু। দিষ্টবিভ্রংশিতধিয়ো যদ্দৈবেভ্রশ্যতে মতিঃ ॥

১৩। মহাপানাভিমত্তানাং বীরাণাং দৃপ্তচেতসাম্। কৃষ্ণমায়াবিমূঢ়ানাং সঙ্ঘর্ষঃ সুমহানভূৎ ॥

১৪। যুযুধুঃ ক্রোধসংরব্ধা বেলায়ামাততায়িনঃ। ধনুভিরসিভির্ভল্লৈর্গদাভিস্তোমরর্ষ্টিভিঃ ॥

---

৪ মুনি বলে',—"বহুমত, উতপাত উপগত,
দেখি' হরি দৈবকীনন্দন।
সুধর্ম্মা-সভাতে বসি', কহিতে লাগিলা হাসি',
'শুন শুন, যদুবীরগণ!

৫ ধূমকেতু-সম মহা,- উৎপাত উপজিল তাহা,
দেখ, যদুগণ! যদুপুরে।
এথাতে রহিতে তাহে, তিলেক উচিত নহে,
চলি' যাই প্রভাসে সত্বরে ॥

৬-৮ প্রাচী সরস্বতী যথা, তীর্থজলে স্নান তথা,
তথা গিয়া করি উপবাস।
বৃদ্ধ-বালক-স্ত্রীগণে, সত্বরে চল' সর্ব্বজনে,
ছাড়', ছাড়' দ্বারকার বাস ॥
তা'থে অভিষেক করি', উপবাস-ব্রত ধরি',
মহাশুচি হঞা সমুচিত।
দেবতা-পূজন করি', সকল যাদব মিলি',
স্নপনালেপন যথোচিত ॥
নানা বলি-উপহারে, দেব-পিতৃ পূজিবারে,
দ্বিজকুলে করি নানা দান।
রজত-কাঞ্চন-দান, গজ-রথ-মহাধন,
গো-ভূমি-মন্দির-পুর-যান ॥

৯ এই সে বিধি উত্তম, সকল-মঙ্গল-ধাম,
পিতৃ-দেব-গো-ব্রাহ্মণ-পূজা।
অরিষ্ট-খণ্ডন-সিদ্ধি, বেদ-বিনিহিত বিধি,
ধন্য হউ দ্বারকার প্রজা ॥'

১০ এতেক বচন শুনে, বৃদ্ধ যত যদুগণে,
ধন্য ধন্য করিয়া বাখানে।
নৌকা-আরোহণে তবে, প্রভাসে চলিলা সভে,
পুণ্যতীর্থে কৈলা স্নান-দানে ॥

১১ কৃষ্ণ-উপদেশ ধরি', ব্রত-উপবাস করি',
সর্ব্বকর্ম্ম কৈলা সমাধান।

১২ ঈশ্বর-নিয়োজিত-মন, বিঘটিত যদুগণ,
মেলিয়া মদিরা কৈলা পান ॥

১৩ কৃষ্ণমায়া-বিমোহিত, মহামত্ত যদু যত,
গালাগালি বাজিল কোন্দল।

১৪ গদা-খড়্গ-মুদ্গরে, তোমর-ধনুক-শরে,
সিন্ধুতীরে তুমুল সমর ॥

১৫। পতৎপতাকৈ রথকুঞ্জরাদিভিঃ, খরোষ্ট্রগোভির্মহিষৈর্নরৈরপি।
মিথঃ সমেত্যাশ্বতরৈঃ সুদুর্ম্মদা, ন্যহন্ শরৈর্দন্তিরিব দ্বিপা বনে॥

১৬। প্রদ্যুম্নসাম্বৌ যুধি রূঢ়মৎসরা,-বক্রূরভোজাবনিরুদ্ধসাত্যকী।
সুভদ্র-সংগ্রামজিতৌ সুদারুণৌ, গদৌ সুমিত্রাসুরথৌ সমীয়তুঃ॥

১৭। অন্যে চ যে বৈ নিশঠোল্মুকাদয়ঃ, সহস্রজিচ্ছতজিদ্ভানুমুখ্যাঃ।
অন্যোহন্যমাসাদ্য মদান্ধকারিতা, জঘ্নুর্মুকুন্দেন বিমোহিতা ভৃশম্॥

১৮। দাশার্হবৃষ্ণ্যন্ধকভোজসাত্বতা, মধ্বর্ব্বুদা মাথুরশূরসেনাঃ।
বিসর্জ্জনাঃ কুকুরাঃ কুন্তয়শ্চ, মিথস্তু জঘ্নুঃ সুবিসৃজ্য সৌহৃদম্॥

১৯। পুত্রা অযুধ্যন্ পিতৃভির্ভ্রাতৃভিশ্চ, স্বস্রীয়দৌহিত্র-পিতৃব্যমাতুলৈঃ।
মিত্রাণি মিত্রৈঃ সুহৃদঃ সুহৃদ্ভি,-র্জ্ঞাতীংস্তহন্ জ্ঞাতয় এব মূঢ়াঃ॥

২০। শরেষু হীয়মানেষু ভজ্যমানেষু ধন্বসু। শস্ত্রেষু ক্ষীয়মাণেষু মুষ্টিভির্জহ্নুরেরকাঃ॥

২১। তা ব্রজকল্পা হ্যভবন্ পরিঘা মুষ্টিনা ভৃতাঃ। জঘ্নুর্দ্বিষস্তৈঃ কৃষ্ণেন বার্য্যমাণাস্তু তঞ্চ তে॥

২২। প্রত্যনীকং মন্যমানা বলভদ্রঞ্চ মোহিতাঃ। হন্তুং কৃতধিয়ো রাজন্নাপন্না আততায়িনঃ॥

২৩। অথ তাবপি সংক্রুদ্ধাবুদ্যম্য কুরুনন্দন! এরকামুষ্টিপরিঘৌ চরন্তৌ জঘ্নতুর্যুধি॥

২৪। ব্রহ্মশাপোপসৃষ্টানাং কৃষ্ণমায়াবৃতাত্মনাম্।
স্পর্দ্ধাক্রোধঃ ক্ষয়ং নিন্যে বৈণবোঽগ্নির্যথা বনম্॥

---

১৫ রথে রথিগণ যুঝে, গো-মহিষ-খর-নরে,
কেহ যুঝে কুঞ্জরবাহনে।
মুষল-মুদ্গর-শরে, বীরগণ রণ করে'
বাজিল তুমুল মহারণে॥

১৬ সাম্ব-প্রদ্যুম্নে রণ, ক্রোধে ঘন গরজন,
ভোজ-অক্রূরে করে' কাটাকাটি।
অনিরুদ্ধ-সাত্যকি, সুভদ্র-সংগ্রামজিতি,
সুদারুণ বাণ-ছুটাছুটি॥

১৭ অন্যেহন্যে বাজিল রণ, আনে-আন জনে-জন,
মদে অন্ধ যদুবীরগণে।

১৮ মাথুর সে শূরসেন, মধু-ভোজ-বৃষ্ণিগণ,
তা'র সঙ্গে যুঝে জনে-জনে॥

১৯ পিতা-পুত্রে, মিত্রে-মিত্রে, সুহৃদে সভাই গোত্রে,
ভাই-ভাই, পিতৃব্য-মাতুলে।
বন্ধু-বন্ধু, জ্ঞাতি-জ্ঞাতি, হানাহানি কাটাকাটি,
কেহ কা'রে পীরিতি না ধরে॥

২০ ক্ষয় গেল শরজাল, অস্ত্র ভাঙ্গি' টুটি' গেল,
খড়্গ-ধনু হৈল খণ্ড খণ্ড।
এরকা ছিণ্ডিয়া আনি', মুঠে মুঠে টানাটানি,
বাজিল সমর পরচণ্ড॥

২১ যেন মুদ্গর বাজে, বজ্রসম পরহারে,
পড়িল সংগ্রামে বীরগণ।
প্রভু গেলা নিবারিতে, বেঢ়িয়া মারিলা তাঁ'তে,
মদে মত্ত, কোপে অচেতন॥

২২-২৩ যদুবর-বলভদ্রে, বেঢ়িয়া বিন্ধিল তাঁ'রে,
নিজ-পর নাহি অবধান।
সবে হৈলা নিপাতে, এরকা-মুষ্টির ঘাতে,
তবে রণ হৈল সমাধান॥

২৪ কৃষ্ণমায়া-বিমোহিত, ব্রহ্মশাপ-উপহত,
পড়িলা সকল বীরগণ।
ক্রোধে কুলক্ষয় করি', বাঁশে বাঁশে অগ্নি জ্বালি',
যেন পোড়ে সব মহাবন॥

২৫। এবং নষ্টেষু সর্ব্বেষু কুলেষু স্বেষু কেশবঃ।
অবতারিতো ভুবো ভার ইতি মেনেঽবশেষিতঃ॥
২৬। রামঃ সমুদ্রবেলায়াং যোগমাস্থায় পৌরুষম্।
তত্যাজ লোকং মানুষ্যং সংযোজ্যাত্মানমাত্মনি॥
২৭। রামনির্যাণমালোক্য ভগবান্ দেবকীসুতঃ। নিষসাদ ধরোপস্থে তূষ্ণীমাসাদ্য পিপ্পলম্॥
২৮। বিভ্রচ্চতুর্ভুজং রূপং ভ্রাজিষ্ণু প্রভয়া স্বয়া। দিশো বিতিমিরাঃ কুর্ব্বন্ বিধূম ইব পাবকঃ॥
২৯। শ্রীবৎসাঙ্কং ঘনশ্যামং তপ্তহাটকবর্চ্চসম্। কৌশেয়াম্বরযুগ্মেন পরিবীতং সুমঙ্গলম্॥
৩০। সুন্দরস্মিতবক্ত্রাব্জং নীলকুন্তলমণ্ডিতম্। পুণ্ডরীকাভিরামাক্ষং স্ফুরন্মকরকুণ্ডলম্॥
৩১। কটিসূত্রব্রহ্মসূত্র-কিরীটকটকাঙ্গদৈঃ। হারনূপুরমুদ্রাভিঃ কৌস্তুভেন বিরাজিতম্॥
৩২। বনমালাপরীতাঙ্গং মূর্ত্তিমদ্ভির্নিজায়ুধৈঃ। কৃত্বোরৌ দক্ষিণে পাদমাসীনং পঙ্কজারুণম্॥
৩৩। মুষলাবশেষায়ঃখণ্ড-কৃতেষুর্লুব্ধকো জরা। মৃগাস্যাকারং তচ্চরণং বিব্যাধ মৃগশঙ্কয়া॥
৩৪। চতুর্ভুজং তং পুরুষং দৃষ্ট্বা স কৃতকিল্বিষঃ। ভীতঃ পপাত শিরসা পাদয়োরসুরদ্বিষঃ॥
৩৫। অজানতা কৃতমিদং পাপেন মধুসূদন! ক্ষন্তুমর্হসি পাপস্য উত্তমঃশ্লোক! নেঽনঘ!
৩৬। যস্যানুস্মরণং নৃণামজ্ঞানধ্বান্তনাশনম্। বদন্তি তস্য তে বিষ্ণো! ময়াসাধু কৃতং প্রভো!
৩৭। তন্মাশু জহি বৈকুণ্ঠ! পাপ্মানং মৃগলুব্ধকম্। যথা পুনরহং ত্বেবং ন কুর্য্যাং সদতিক্রমম্॥

---

২৫ কুলক্ষয় যদি হৈল, পৃথিবীর ভার গেল,
কালরূপী ভগবান্ হরে'।
২৬ বলভদ্র নির্জ্জনে তবে, নিজ-যোগ-অবলম্বে,
তেজিলা মানুষ-অবতারে॥
২৭ নিজ-ধামে রাম গেল, দেখিয়া দৈবকীবাল,
বসিলা অশ্বত্থ-তরুমূলে।
২৮ নিজরূপ প্রকটিত, চারি ভুজ বিরাজিত,
সূর্য্য-কোটি জিনি' কলেবরে॥
নিজ-আভা বিরাজিত, দশদিগ্ প্রকাশিত,
২৯ শ্রীবৎসলক্ষণ, ঘনশ্যাম।
তপ্ত-হাটক-জ্যোতি, পীত-বসন তথি,
সকল-মঙ্গল-গুণধাম॥
৩০ সুন্দর-মধুর-স্মিত,- মুখকমল, কুঞ্চিত
নীল-কুন্তল বিলসিত।
বিকসিত কঞ্জ-বর, মঞ্জু নয়ন-যুগল,
মকর-কুণ্ডল সুশোভিত॥
৩১-৩২ কটিসূত্র, ব্রহ্মসূত্র, কিরীট-কঙ্কণ-যুত,
নূপুর, রতন-হারাঙ্গুরী।
বনমালা বিলসিত, কৌস্তুভ বিরাজিত,
অস্ত্রগণ রহে মূর্ত্তি ধরি'॥
তুলিয়া দক্ষিণ-উরে, বামপদ তরুমূলে,
বসিলা আপনে বনমালী।
৩৩ জরা-নামে ব্যাধ-বেশ, মুষলের অবশেষ,
লোহার নির্ম্মিত শর ধরি'॥
মৃগাকার শ্রীচরণ, দেখি' ব্যাধ কৈল মন,
চরণে বিন্ধিল সেই শরে।
৩৪ দেখি' চতুর্ভুজ হরি, ত্রাসে আত্মা পাসরি',
পড়িলা প্রভুর পদতলে॥
৩৫ 'মুঞি পাপী না জানিঞা, হেন পাপ কৈলুঁ গিয়া,
ক্ষেম ক্ষেম, মুঞি দুরাচার।
৩৬ যাঁ'র নাম-সঙরণে, অজ্ঞান-তিমির হানে,
সংসার-সাগর হয় পার॥
মুঞি ছার কি বলিব, সকল তোমার জীব,
ব্যাধজাতি পতিত, বঞ্চিত।
৩৭ সকালে বধিয়া মোর, এ-ভব-পাতক হর',
যেন হেন না করোঁ দুষ্কৃত॥

৩৮। যস্যাত্মযোগরচিতং ন বিদুর্বিরিঞ্চো, রুদ্রাদয়োঽস্য তনয়াঃ পতয়ো গিরাং যে।
ত্বন্মায়য়া পিহিতদৃষ্টয় এতদঞ্জঃ, কিং তস্য তে বয়মসদ্গতয়ো গৃণীমঃ ?

শ্রীভগবানুবাচ

৩৯। মা ভৈর্জরে ! ত্বমুত্তিষ্ঠ কাম এষ কৃতো হি মে।
যাহি ত্বং মদনুজ্ঞাতঃ স্বর্গং সুকৃতিনাং পদম্ ॥

৪০। ইত্যাদিষ্টো ভগবতা কৃষ্ণেনেচ্ছাশরীরিণা। ত্রিঃ পরিক্রম্য তং নত্বা বিমানেন দিবং যযৌ ॥

৪১। দারুকঃ কৃষ্ণপদবীমন্বিচ্ছন্নধিগম্য তাম্। বায়ুং তুলসিকামোদমাঘ্রায়াভিমুখং যযৌ ॥

৪২। তং তত্র তিগ্মদ্যুভিরায়ুধৈর্বৃতং, হ্যশ্বত্থমূলে কৃতকেতনং পতিম্।
স্নেহপ্লুতাত্মা নিপপাত পাদয়ো, রথাদবপ্লুত্য সবাষ্পলোচনঃ ॥

৪৩। অপশ্যতস্ত্বচ্চরণাম্বুজং প্রভো, দৃষ্টিঃ প্রনষ্টা তমসি প্রবিষ্টা।
দিশো ন জানে ন লভে চ শান্তিং, যথা নিশায়ামুড়ুপে প্রনষ্টে ॥

৪৪। ইতি ব্রুবতি সূতে বৈ রথো গরুড়লাঞ্ছনঃ। খমুৎপপাত রাজেন্দ্র ! সাশ্বধ্বজ উদীক্ষতঃ ॥

৪৫। তমন্বগচ্ছন্ দিব্যানি বিষ্ণুপ্রহরণানি চ। তেনাতিবিস্মিতাত্মানং সূতমাহ জনার্দ্দনঃ ॥

৪৬। গচ্ছ দ্বারবতীং সূত ! জ্ঞাতীনাং নিধনং মিথঃ। সঙ্কর্ষণস্য নির্যাণং বন্ধুভ্যো ব্রূহি মদ্দশাম্ ॥

৪৭। দ্বারকায়াঞ্চ ন স্থেয়ং ভবদ্ভিশ্চ সবন্ধুভিঃ। ময়া ত্যক্তাং যদুপুরীং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥

---

৩৮ যাঁ'র যোগ-লীলাগতি, না বুঝে হর-বিরিঞ্চি,
বেদবিশারদ মুনিগণে।
তোমার মায়াতে, নাথ ! সর্ব্বলোক বিমোহিত,
মুঞি পাপী জানিব কেমনে ?'

৩৯ ব্যাধের বচন শুনি,' আজ্ঞা দিলা চক্রপাণি,
'উঠ, জরা ! পরিহর ভয়।
ইঙ্গিত করিলু আমি, যে কর্ম্ম করিলে তুমি,
স্বর্গে চল' হঞা পুণ্যময় ॥'

৪০-৪১ ইচ্ছা-কলেবর হরি, আজ্ঞা দিলা কৃপা করি',
শিরে ধরি' উঠিল সত্বরে।
প্রদক্ষিণ করি' হরি, দণ্ড-পরণাম করি',
দিব্যরথে গেল সশরীরে ॥
জরা স্বর্গবাসে গেল, দারুক সারথি আইল,
দিব্য গন্ধ-বাত-অনুসারে।

৪২ নিজ-পতি দ্যুতিমন্ত, নিখিল-জগতকান্ত,
দেখিলা অশ্বত্থতরু-তলে ॥
প্রেমভাবে জর-জর, বিগলিত অন্তর,
পড়ে দুই চরণ ধরিয়া।

৪৩ 'হা কৃষ্ণ ! হা নাথ ! বলি', কান্দে লোটাইঞা ধূলি,
'কেন, নাথ ! কর' হেন মায়া ?
আজি আমি অন্ধ হৈলুঁ, অন্ধতমে প্রবেশিলুঁ,
দশদিগ্ না দেখি নয়নে।
কোথা যা'ব, কি করিব, কিরূপে বা আমি জীব',
তুমি প্রভু প্রাণনাথ-বিনে ?'

৪৪ এইরূপে করে' স্তুতি, দারুক সে মহামতি,
রথরাজ উড়িল আকাশে।
ভূষণ-বাহন-যুত, গরুড়-লাঞ্ছন রথ,
চন্দ্রকোটি-সম পরকাশে' ॥

৪৫ তা'র পাছে অস্ত্রগণ, কৈল ধামে আরোহণ,
তবে আজ্ঞা দিলা জনার্দ্দন।

৪৬-৪৭ 'চল', সূত ! যদুপুরে, কহিহ সবার তরে,
যদুগণ হইল নিধন ॥
বলভদ্র-গতিকথা, কহিহ আমার তথা,
কেহ জানি রহে যদুপুরে।
আমি পরিহরি' আসি', নিজপদে পরবেশি,
যদুপুরী মজিব সাগরে ॥

৪৮। স্বং স্বং পরিগ্রহং সর্ব্বে আদায় পিতরৌ চ নঃ। অর্জ্জুনেনাবিতাঃ সর্ব্বে ইন্দ্রপ্রস্থং গমিষ্যথ ॥
৪৯। ত্বন্তু মদ্ধর্ম্মমাস্থায় জ্ঞাননিষ্ঠ উপেক্ষকঃ। মন্মায়ারচনামেতাং বিজ্ঞায়োপশমং ব্রজ ॥
৫০। ইত্যুক্তস্তং পরিক্রম্য নমস্কৃত্য পুনঃ পুনঃ। তৎপাদৌ শীর্ষ্ণ্যুপাধায় দুর্ম্মনাঃ প্রযযৌ পুরীম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে শ্রীযাদবান্তর্দ্ধানং নাম ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩০ ॥

---

৪৮ পুর-পরিজন লঞা, ইন্দ্রপ্রস্থে রহ গিয়া,
অর্জ্জুনে রাখিব নিজ-সাথে।
৪৯ তুমি জ্ঞাননিষ্ঠ হঞা, সর্ব্বধর্ম্ম উপেখিয়া,
থাকিহ আমার ধর্ম্মপথে ॥
জানিহ মোর মায়া-তত্ত্ব, এইসব লোক-মত,
শান্ত হৈঞা চল' নিঃশবদে।'
৫০ প্রভুর এতেক বাণী, দারুক সারথি শুনি',
ভূতলে পড়িলা দণ্ডপাতে ॥
পুনঃ প্রদক্ষিণে হরি, দণ্ড-পরণাম করি',
পদযুগ ধরি' নিজ-শিরে।
দুঃখশোকে বেয়াকুল, চলিলা দ্বারকাপুর,
কান্দিতে কান্দিতে উচ্চস্বরে ॥"
মহাধীর গদাধর, পদযুগে যুড়ি' কর,
যুগে-যুগে আর নাহি আশা।
একাদশ-ভাগবত, মুষল-সমর যত,
ভাগবত-আচার্য্যের ভাষা ॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যাং ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩০ ॥

একত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

১। অথ তত্রাগমদ্ব্রহ্মা ভবান্যা চ সমং ভবঃ। মহেন্দ্রপ্রমুখা দেবা মুনয়ঃ সপ্রজেশ্বরাঃ ॥
২। পিতরঃ সিদ্ধগন্ধর্ব্বা বিদ্যাধরমহোরগাঃ। চারণা যক্ষরক্ষাংসি কিন্নরাপ্সরসো দ্বিজাঃ ॥
৩। দ্রষ্টুকামা ভগবতো নির্য্যাণং পরমোৎসুকাঃ। গায়ন্তশ্চ গৃণন্তশ্চ শৌরেঃ কর্ম্মাণি জন্ম চ ॥
৪। ববৃষুঃ পুষ্পবর্ষাণি বিমানাবলিভির্নভঃ। কুর্ব্বন্তঃ সঙ্কুলং রাজন্! ভক্ত্যা পরময়া যুতাঃ ॥
৫। ভগবান্ পিতামহং বীক্ষ্য বিভূতীরাত্মনো বিভুঃ। সংযোজ্যাত্মনি চাত্মানং পদ্মনেত্রে ন্যমীলয়ৎ ॥

[গান্ধার-রাগ]

১-২ "তবে ব্রহ্মা কৈলা সেবা, শিবানী-শঙ্করদেবা,
ইন্দ্র-আদি দেব-পিতৃগণ।
সিদ্ধ, গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, রক্ষ, বিদ্যাধর,
অহিপতি, গুহ্যক, চারণ ॥
৩-৪ কৃষ্ণের গমন-খেলা, দেখিব উৎসব-লীলা,
দেবগণ আইলা হরিষে।
রথের উপরে রথ, যুড়িয়া আকাশপথ,
ক্ষিতিতলে কুসুম বরিষে' ॥
কেহ স্তুতি-সংকীর্ত্তন, পবিত্র-চরিত্র-গুণ,
কেহ নৃত্য, পুষ্প-বরিষণে।
৫ ভক্তিযুত সুরগণ, পদ্মপত্র-বিলোচন,
দেখিয়া চিন্তিলা মনে-মনে ॥
'যা'র যা'র নিজপুরে, আমাকে নিবার তরে,
সব দেব কৈলা আগমন।
আমি হেন কর্ম্ম করি, কেহ ত' লখিতে নারি,
দেখাইব সমাধি-লক্ষণ ॥'
এতেক বচন বলি', সামাধি ধারণ করি',
রহে প্রভু মুদিত-নয়নে।
আপনাতে আপনে, যোগ করি' যোগাসনে,
দেখায় ব্রহ্মাদি দেবগণে ॥

৬। লোকাভিরামাং স্বতনুং ধারণাধ্যানমঙ্গলম্। যোগধারণয়াগ্নেয্যাঽদগ্ধ্বা ধামাবিশৎ স্বকম্॥
৭। দিবি দুন্দুভয়ো নেদুঃ পেতুঃ সুমনসশ্চ খাৎ। সত্যং ধর্ম্মো ধৃতির্ভূমেঃ কীর্ত্তিঃ শ্রীশ্চানু তং যযুঃ॥
৮। দেবাদয়ো ব্রহ্মমুখ্যা ন বিশন্তং স্বধামনি। অবিজ্ঞাতগতিং কৃষ্ণং দদৃশুশ্চাতিবিস্মিতাঃ॥
৯। সৌদামন্যা যথাকাশে যান্ত্যা হিত্বাভ্রমণ্ডলম্। গতির্ন লক্ষ্যতে মর্ত্ত্যৈস্তথা কৃষ্ণস্য দৈবতৈঃ॥
১০। ব্রহ্মরুদ্রাদয়স্তে তু দৃষ্ট্বা যোগগতিং হরেঃ। বিস্মিতাস্তাং প্রশংসন্তঃ স্বং স্বং লোকং যযুস্তদা॥

১১। রাজন্! পরস্য তনুভৃজ্জননাপ্যয়েহা, মায়াবিড়ম্বনমবেহি যথা নটস্য।
স্বষ্ট্বাত্মনেদমনুবিশ্য বিহৃত্য চান্তে, সংহৃত্য চাত্মমহিনোপরতঃ স আস্তে॥

১২। মর্ত্ত্যেন যো গুরুসুতং যমলোকনীতং, ত্বাঞ্চানয়চ্ছরণদঃ পরমাস্ত্রদগ্ধম্।
জিগ্যেঽন্তকান্তকমপীশমসাবনীশঃ, কিং স্বাবনে স্বরনয়ন্ম্ গয়ুং সদেহম্?

১৩। তথাপ্যশেষস্থিতিসম্ভবাপ্যয়ে,-ষ্বনন্যহেতুর্যদশেষশক্তিধৃক্।
নৈচ্ছৎ প্রগেতুং বপুরত্র শেষিতং, মর্ত্ত্যেন কিং স্বস্থগতিং প্রদর্শয়ন্?

---

৬ ধারণা-আগুনি জ্বালি', দেখাইলা মাত্র হরি,
নিজরূপে গেলা নিজ-ধাম।

লোকের আশ্রয়-গতি, ধ্যান-ধারণা-স্থিতি,
অশেষ-মঙ্গল অভিরাম॥

না দহিল নিত্য-দেহ, তে-কারণে তনু-সহ,
অচ্যুত অচ্যুত-পুরে গেলা।

৭ দুন্দুভি-বাজনা বাজে, সুরবধূগণ নাচে,
পুষ্প-বরিষণ, দিব্যমালা॥

সব সুরগণে বলে', 'এই পথে যাইব হরি,
আমি-সব পূজিব চরণ।'

৮-১০ বিবিধ উৎসব করি', চলিলা ত' দেবপুরী,
আনন্দে পূরিয়া দেবগণ॥

কোন্ পথে গেলা হরি, লখিবারে কেহ নারি,
যেন মেঘে বিজুরী-সঞ্চার।

ব্রহ্মা, ভব, পুরন্দরে, গেলা নিজ-নিজ পুরে,
সভাকে লাগিল চমৎকার॥

১১ আছুক প্রভুর কথা, জীব-জন্ম-মৃত্যু-কথা,
সেহ মায়া, বস্তুগত নহে।

আপনে সৃজিয়া হরি, আপনে প্রবেশ করি',
আপন মহিমাবলে রহে'॥

১২ দেখ, রাজা পরীক্ষিত! যে আনিলা গুরুসুত,
যমলোক-গত চিরকাল।

ব্রহ্ম-অস্ত্রে দগ্ধ তুমি, গর্ভে রাখে চক্রপাণি,
সে কি হয় নর-অবতার?

অন্তকের অন্তকারী, প্রলয়ের সংহারী,
হেন হরি জিনিলা সমরে।

অপরাধী, জরা-ব্যাধ, ক্ষমি' তা'র অপরাধ,
স-দেহ পাঠায় সুরপুরে॥

সে প্রভুর নিজমূর্ত্তি, রাখিতে নহিলা শক্তি,
হেন কি কুমতি মনে লয়?

১৩ সৃষ্টি-পরলয়-লীলা, ইচ্ছামাত্র যাঁ'র খেলা,
তা'থে কুপণ্ডিত-বিপর্য্যয়॥

যদ্যপি প্রকৃতিপর, অশেষ-শকতিধর,
সৃষ্টি-স্থিতি-প্রলয়-কারণ।

তথাপি যাদবকুল, সংহারিয়া বিচারিল,
'আর কিছু নাহি প্রয়োজন॥'

তে-কারণে মর্ত্ত্যভূমি, তেজি' প্রভু যদুমণি,
নিজ-পুরে কৈলা পরবেশ।

দেখাইতে দিব্যগতি, সুরগণে সুরপতি,
নাট্যলীলা কৈলা হৃষীকেশ॥

১৪। য এতাং প্রাতরুত্থায় কৃষ্ণস্য পদবীং পরাম্। প্রযতঃ কীর্ত্তয়েদ্ভক্ত্যা তামেবাপ্নোত্যনুত্তমাম্॥
১৫। দারুকো দ্বারকামেত্য বসুদেবোগ্রসেনয়োঃ। পতিত্বা চরণাবস্ত্রৈর্ন্যষিঞ্চৎ কৃষ্ণবিচ্যুতঃ॥
১৬। কথয়ামাস নিধনং বৃষ্ণীনাং কৃৎস্নশো নৃপ! তচ্ছ্রুত্বোদ্বিগ্নহৃদয়া জনাঃ শোকবিমূর্চ্ছিতাঃ॥
১৭। তত্র স্ম ত্বরিতা জগ্মুঃ কৃষ্ণবিশ্লেষবিহ্বলাঃ। ব্যসবঃ শেরতে যত্র জ্ঞাতয়ো ঘ্নন্ত আননম্॥
১৮। দেবকী রোহিণী চৈব বসুদেবস্তথা সুতৌ। কৃষ্ণরামাবপশ্যন্ত শোকার্ত্তা বিজহুঃ স্মৃতিম্॥
১৯। প্রাণাংশ্চ বিজহুস্তত্র ভগবদ্বিরহাতুরাঃ। উপগুহ্য পতীংস্তাত! চিতামারুরুহুঃ স্ত্রিয়ঃ॥
২০। রামপত্ন্যশ্চ তদ্দেহমুপগুহ্যাগ্নিমাবিশন্। বসুদেবপত্ন্যস্তদগাত্রং প্রদ্যুম্নাদীন্ হরেঃ স্নুষাঃ।
কৃষ্ণপত্ন্যোঽবিশন্নগ্নিং রুক্মিণ্যাদ্যাস্তদাত্মিকাঃ॥
২১। অর্জ্জুনঃ প্রেয়সঃ সখ্যুঃ কৃষ্ণস্য বিরহাতুরঃ। আত্মানং সান্ত্বয়ামাস কৃষ্ণগীতৈঃ সদুক্তিভিঃ॥
২২। বন্ধূনাং নষ্টগোত্রাণামর্জ্জুনঃ সাম্পরায়িকম্। হতানাং কারয়ামাস যথাবদনুপূর্ব্বশঃ॥
২৩। দ্বারকাং হরিণা ত্যক্তাং সমুদ্রোঽপ্লাবয়ৎ ক্ষণাৎ। বর্জ্জয়িত্বা মহারাজ! শ্রীমদ্ভগবদালয়ম্॥
২৪। নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদনঃ। স্মৃত্যাশেষাশুভহরং সর্ব্বমঙ্গলমঙ্গলম্॥
২৫। স্ত্রীবালবৃদ্ধানাদায় হতশেষান্ ধনঞ্জয়ঃ। ইন্দ্রপ্রস্থং সমাবেশ্য বজ্রং তত্রাভ্যষেচয়ৎ॥

---

১৪ উঠিয়া প্রভাতকালে, শ্রবণ-কীর্ত্তন করে',
ভক্তিভাবে যে করে' স্মরণ।
কৃষ্ণের অদ্ভুত-গতি, সে হয় নির্ম্মল-মতি,
বিষ্ণুপদে করে' আরোহণ॥

১৫-১৬ দারুক সারথি আসি', দ্বারকামণ্ডলে পশি',
বসুদেব-উগ্রসেন-আগে।
পড়িলা চরণে ধরি', কান্দে আর্ত্তনাদ করি',
কহিলা সকল মহাভাগে॥

শুনিঞা দারুক-মুখে, সব পুরজন শোকে,
মূরছিত হৈলা অচেতন।

১৭ ত্বরিতে চলিলা লোকে, বিরহে বিহ্বল শোকে,
যথা যদুকুল-বিনাশন॥
আঁখি-মুখ-শির হানি', কান্দে সব রাজরাণী,
ভূমিতলে লোটাঞা লোটাঞা।

১৮ বসুদেব-দৈবকী, আর যত বন্ধু-সখী,
কান্দে, রাম-কৃষ্ণে না দেখিয়া॥

১৯ পত্নীগণ পতি লৈঞা, চিতার উপরে থুঞা,
ভুজপাশে দিয়া আলিঙ্গনে।
নিজ-নিজ তনু ছাড়ি', চলিলা বৈকুণ্ঠপুরী,
প্রবেশিয়া দীপ্ত হুতাশনে॥

২০ কৃষ্ণ-পত্নী অষ্টজন, প্রবেশিলা হুতাশন,
বিদর্ভ-দুহিতা-আদি করি'।

২১ অর্জ্জুন চিন্তিয়া মনে, কৃষ্ণ-গীতা-সঙরণে,
শান্ত হৈলা কৃষ্ণে মন ধরি'॥

২২ হত যত বন্ধুগণ, পিণ্ড-জল-অগ্নিদান,
অর্জ্জুন করায় একে-একে।

২৩-২৪ কৃষ্ণ গেলা পরিহরি', সমুদ্রে দ্বারকাপুরী,
মজিল, দেখএ সর্ব্বলোকে॥
কৃষ্ণের শ্রীঘর ছাড়ি', মজিল দ্বারকাপুরী,
যা'থে হরি নিত্য-সন্নিধান।
স্মরণে দুরিতহর, পুণ্যকর ধন্যতম,
সর্ব্বগুণ-মঙ্গল-বিধান॥

২৫ বজ্র-মাথে ছত্র ধরি', রাজ-অভিষেক করি',
বাল-বৃদ্ধ-স্ত্রীগণ লইয়া।
ইন্দ্রপ্রস্থে নিজ-দেশে, অর্জ্জুন চলিলা শেষে,
দুঃখ-শোকে হতমতি হৈয়া॥

২৬। শ্রুত্বা সুহৃদ্বধং রাজন্নর্জ্জুনাত্তে পিতামহাঃ। ত্বাস্তু বংশধরং কৃত্বা জগ্মুঃ সর্ব্বে মহাপথম্॥
২৭। য এতদ্দেবদেবস্য বিষ্ণোঃ কর্ম্মাণি জন্ম চ। কীর্ত্তয়েচ্ছ্রদ্ধয়া মর্ত্ত্যঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥
২৮। ইত্থং হরের্ভগবতো রুচিরাবতার,-বীর্য্যাণি বালচরিতানি চ শন্তমানি।
অন্যত্র চেহ চ শ্রুতানি গৃণন্মনুষ্যো, ভক্তিং পরাং পরমহংসগতৌ লভেত॥

ইতি শ্রীমদ্ভাগবতে ··· একাদশস্কন্ধে শ্রীযাদবান্তর্দ্ধানং নামৈকত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১॥

---

২৬ তব পিতামহগণে, যত যত বিবরণে,
সকল কহিলা বিদ্যমানে।
'তুমি বংশধর রাজা, রাজ্যভোগে পাল' প্রজা',
তবে কৈলা বৈকুণ্ঠ গমনে॥
২৭ এ-সব কৃষ্ণের লীলা, বিচিত্র-বিহার-খেলা,
শ্রবণ-কীর্ত্তন যেবা করে'।
ত্রিভুবনে সেই ধন্য, ব্রহ্মাদি দেবের মান্য,
কৃষ্ণময় হৈয়া সেই চলে'॥
হেলায়, শ্রদ্ধায় যত, যদি বা শুনয়ে মাত্র,
কৃষ্ণের মহিমা-গুণ-নাম।
কিবা পাপাচারযুত, অশেষ-দুরিত-রত,
সেহ পাপী পায় পরিত্রাণ॥
২৮ জন্ম-কর্ম্ম যেবা শুনে, শ্রীকৃষ্ণের নাম-গুণে,
কৃষ্ণে লভে হৈয়া কৃষ্ণময়।
যথা তথা যেবা নরে, শ্রবণ-কীর্ত্তন করে',
তা'র কৃষ্ণপদে গতি হয়॥"
একাদশ ভাগবত, কৃষ্ণগুণ-সমুদিত,
কহিলুঁ সকল কথা-বন্ধে।
রঘুনাথ-পণ্ডিত, বুদ্ধি-মন নিয়োজিত,
গদাধর-চরণারবিন্দে॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণ্যামেকত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১॥

